একদা মাথুরবিরহে শ্রীরাধা অতিশয় ব্যাকুলা হইয়া সূর্য্যমণ্ডলান্তর্ব্বর্ত্তি বিষ্ণুমূর্ত্তি সন্দর্শন কামনায় খেলানামক তীর্থে অবগাহন করত সূর্য্যমণ্ডলে উপস্থিত হইলেন, তৎকালে সূর্য্যপুত্রী বিশাখা যাঁহার নামান্তর যমুনা, তিনি দিবাকরপত্নী সংজ্ঞাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে মাতঃ। ব্রজদেবীগণ নন্দনন্দনের প্রতি দুর্গম পদসঞ্চারি যে কোন ভাব বিধান করেন, তাহার প্রক্রিয়া (চেষ্টা) অবগত হইতে কোন কৃতীই সক্ষম হন নাই। আশ্চর্য্যের বিষয় এই যে, একদা শ্রীকৃষ্ণ পরিহাসার্থ স্বীয় শরীরে নারায়ণমূর্ত্তি আবিষ্কার করিলে তদ্দর্শনে গোপরামাদিগের রাগোদয় সঙ্কুচিত হইয়াছিল, অতএব তাঁহাদের

র্ষাসাং হন্ত চতুর্ভিরদ্ভুত রুচিং রাগোদয়ঃ কুর্ব্বতি ॥ ৪ ॥
ভুজ চতুষ্টয়ং কাপি নর্ম্মণা দর্শয়ন্নপি।
বৃন্দাবনেশ্বরীপ্রেম্না দ্বিভুজঃ ক্রিয়তে হরিঃ ॥ ৫ ॥

যথা—

রাসারম্ভবিধৌ নিলীয় বসতা কুঞ্জে মৃগাক্ষীগণৈ-

লোচনরোচনী টীকা।

যুষ্টং একং মুখং তদিতোব তাসাং তাৎপর্য্যবিষয়ঃ ৪

অত্র শ্রীরাধায়া বৈশিষ্ট্যং ব্যঞ্জয়িতুমাহ ভুঞ্জেতি ৫

আনন্দচন্দ্রিকা টীকা।

পূর্ব্বমুক্তং অকথতীমুখসতীবৃন্দেন বনোহিতা ইতি ৪।

তা স্বপি শ্রীরাধিকাভাবস্য পরমাদ্ভুতমুৎকর্ষমাহ ভুঞ্জাচতুষ্টয়মিতি ৫।

বৃন্দা পৌর্ণমাসীমাহ। রাসেতি বসন্তকুসুমামোদসুরভীকৃতদিঙ্মুখে। গোবর্দ্ধনগিরৌ বনোদ্ভিতং রাসরসোৎসুকমিতি গৌতমীয়াং লোকে তু গোবর্দ্ধনোপত্যকায়াং পরাসৌলীতি খ্যাতনাম্ন্যাং রাসস্থল্যাং রাসস্য আরম্ভবিধৌ নিলীয়বসতেতি প্রবিষ্টকনামারণ্যে পেঠে ইতি লোকভাষয়া প্রসিদ্ধে স্থলে দৃষ্টং স্বং গোপয়িতুমিতি বহ্বীভিস্তাভিঃ সর্ব্বতঃ আবৃতাৎ তস্মাৎ কুঞ্জাৎ সহসাপসর্পণাসম্ভবাৎ উদ্ধূরধিয়া এবং করোমীতি সদ্যঃ প্রতিভাকৃদ্-বুদ্ধিনা যা চতুর্ভুজা সন্দর্শিতেতি হংহো নাহমং কৃষ্ণঃ কিন্তু চতুর্ভুজো নারা-

পশুপেন্দ্রনন্দন ব্যতীত অন্যত্র প্রীতি সঞ্চার হয় নাই ৪

গোকুলস্থা যে সমস্ত গোপবালিকা নন্দনন্দনের প্রতি প্রীতি বিধান করেন, তাঁহাদিগের মধ্যে শ্রীরাধার নন্দাত্মজবিষয়ক প্রীতির আতিশয্য। একদা পরিহাস ছলে শ্রীকৃষ্ণ কোন স্থানে চতুর্ভুজ মূর্ত্তি প্রকটন করিলেও বৃন্দাবনেশ্বরীর প্রেম তাঁহাকে দ্বিভুজ করিয়াছিল ৫।

উদাহরণ যথা—

গৌতমীয়তন্ত্রে বর্ণিত আছে যে, গোবর্দ্ধনপর্ব্বতের উপত্যকায় পরাসৌলী নাম্নী রাসস্থলীতে শ্রীকৃষ্ণ রাসলীলায় প্রবৃত্ত হন, বিনা বিপ্রলম্ভে সম্ভোগের পুষ্টি হয় না এই বিবেচনায় প্রবিষ্টক অরণ্যে অর্থাৎ পেঠ নামক স্থানের কুঞ্জমধ্যে শ্রীকৃষ্ণ গোপন ভাবে অবস্থিত হইলে, এদিকে

দৃষ্টং গোপয়িতুং সমুদ্ধুরধিয়া যা সুষ্ঠু সন্দর্শিতা।
রাধায়াঃ প্রণয়স্য হন্ত মহিমা যস্য শ্রিয়া রক্ষিতুং

আনন্দচন্দ্রিকা টীকা

ন্মূর্ত্তিরিতি তং প্রণম্য শ্রীকৃষ্ণং দর্শয়েতি প্রার্থ্য গতাসু সর্ব্বাসু অগতায়াং রাধায়াঃ প্রণয়স্য মহিমা হন্তেত্যাশ্চর্য্যেঽদ্ভুতোঽভূদিত্যর্থঃ। যস্য মহিম্নঃ শ্রিয়া শোভাগাত্রেণৈব সা চতুর্ভাহৃতা হরিণা রক্ষিতুং শক্যা নাসীৎ সা কা যা স্বং গোপয়িতুং সন্দর্শিতেত্যন্বয়ঃ অয়মত্র বিবেকঃ যথা ব্রহ্মেন্দ্রাদীনাং সত্যোঽপ্যাপেক্ষিকে অন্যত্র ঐশ্বর্য্যে পরমেশ্বরস্য ভগবতোঽগ্রে ঈশিতব্যত্বমেব ন তত্র ঐশ্বর্য্যলেশোঽপ্যুদ্ভবতি। নচোদ্ভূতশ্চ তিষ্ঠতি নিত্য তদধীনত্বাৎ এবং ভগবতোঽপি প্রেমাধীনত্বাৎ প্রেম্নোঽগ্রে ঐশ্বর্য্যং ন তিষ্ঠতীতি ন শক্যতে বক্তুং তস্য নিত্যত্বাৎ কিন্তু তিরোভবতি সচ প্রেমা জাতো অজাতো ঽপি ক্বাপি পরমাণুমাত্রঃ ক্বাপি পরমমহান্ ক্বাপি মহান্ ক্বাপি আপেক্ষিকন্যূনাধিক্যময় ইতি চতুঃপরিমাণকঃ। তত্রাদ্যো ঽজাতরতিকেষু ভক্তেষু তেষু প্রেম্নো দুর্ল্লক্ষ্যত্বাৎ ভগবতোঽধীনত্বমপি দুর্ল্লক্ষ্যমেব দ্বিতীয়ো বৃন্দাবনেশ্বর্য্যামেব তত্র প্রেম্নঃ সম্পূর্ণতমত্বেন অধীনত্বঃপি সম্পূর্ণতমত্বমেব অত স্তস্যাং তস্যৈশ্বর্য্যং ন প্রকটী ভবতি যচ্চ সমুদ্রবন্ধনঘোষশয্যাদিলীলাপ্রকটনেনৈশ্বর্য্যমুদভূত্তচ্চ তস্যা এব দিদৃক্ষাবশাদিতি তত্তৎপুরাণগতমৈতিহ্যং। অথ তৃতীয়ো ব্রজলোক এব তত্র প্রেম্না মহত্ত্বেন অধীনত্বমপি সম্পূর্ণমেব নতু সম্পূর্ণতমং। অতঃ কদাচিৎ কথংচিদুদ্ভূতমস্যৈশ্বর্য্যং

কুরঙ্গনয়না গোপাঙ্গনাগণ, তাঁহার অন্বেষণ করিতে প্রবৃত্ত হন। শ্রীকৃষ্ণ দেখিলেন গোপী সকল ত চতুর্দ্দিক্ বেষ্টন করিয়া রহিয়াছে, সহসা কুঞ্জ হইতে পলায়ন করার উপায় নাই। অতএব প্রতিভারূঢ় বুদ্ধি দ্বারা অমনি চতুর্ভুজ মূর্ত্তি ধারণ পূর্ব্বক গোপাঙ্গনাগণের অগ্রে অবস্থিত হইলেন, বিরহবিধুরা গোপযোষা অগ্রে নারায়ণ মূর্ত্তি অবলোকন করিয়া কহিলেন, অহো! ইনি ত গোপেন্দ্রনন্দন নহেন, এ যে নারায়ণ মূর্ত্তি দেখি? এইরূপ নিশ্চয় করিয়া সকলে প্রণিপাত পুরঃসর প্রার্থনা করিলেন, ভগবন্! আমরা যাহাতে পশুপেন্দ্রনন্দনের সন্দর্শন পাই এমত অনুগ্রহ বিস্তার করুন, এই বলিয়া গোপরামাগণ প্রস্থান করিলে বৃষভানুজা আসিয়া উপস্থিত হইলেন, কি আশ্চর্য্য! শ্রীরাধার প্রীতির কি বিচিত্র মহিমা, প্রভাবনশালী হরিও তাঁহার অগ্রে

সা শক্যা প্রভবিষ্ণুনাপি হরিণা নাসীচ্চতুর্ব্বাহুতা ॥ ৬ ॥

অপিচ।

সামান্যায়াঃ রসাভাসঃ প্রসঙ্গাত্তাদৃগপ্যসৌ।

লোচনরোচনী টীকা।

তত্রচৈতিহ্যপ্রমাণমাহ যথেতি যা চতুর্ব্বাহুতা ৬

অথ সৈরিন্ধ্র্যামপি রসোদ্বোধং স্থাপয়তি সামান্যায়া ইতি। ন খল্বসৌ সামান্যা বক্তব্যা।

আনন্দচন্দ্রিক টীকা।

তত্র স্থানাং প্রেমাণং সঙ্কোচয়িতুং ন প্রভবতি তত্র পূতনাঘাসুরাদিবধ-জৃম্ভণ-মৃদ্ভক্ষণ-দাম-বন্ধনাদিষু ঐশ্বর্য্যস্য শ্রীকৃষ্ণনিষ্ঠত্বেনানুসন্ধানাভাব এব হেতুঃ ক্বচিচ্চ বরুণলোকগমন-দাবাগ্নিপানশৈলেন্দ্রধারণাদিষু ঐশ্বর্য্যস্য তন্নিষ্ঠত্বেনানুসন্ধানেঽপি স্বসম্বন্ধগমনস্য প্রাবল্যমেব হেতুঃ নত্বন্যত্র বসুদেবদেবকী পাণ্ডবাদিষ্বিব স্বসম্বন্ধগমনস্য শৈথিল্যং। সূতীগৃহে নমু জগাদেতি। সম্বন্ধজাতেন শঙ্কিতাবিতি সখেতি ত্বা প্রসভং যদুক্তমিত্যাদিষু তথা দৃষ্টে-স্তত্র তত্র প্রেম্নঃ সম্পূর্ণকল্পত্বমেব অধীনত্বমপি সম্পূর্ণকল্পমেব। অথ চতুর্থী নারদাদিষু তেষু তেষু প্রেমানুরূপমধীনত্বং। কিঞ্চ অধীনত্বেঽপি যত্র সম্পূর্ত্তিমমধীনত্বং তত্রৈব সাগস্তোনৈশ্বর্য্যং নোদ্ভবতি যথা মণ্ডলেশ্বরেষু মধ্যে কেষাঞ্চিৎ ক্বচিদধীনত্বেঽপি তত্র তত্র ঐশ্বর্য্যপ্রদর্শনে সম্ভবতি অপি মুখচক্রবর্ত্তিনোঽগ্রে ঐশ্বর্য্যলবস্যাপি ন প্রকাশ ইতি নমু পরমেশ্বরস্য অথাতন্ত্র্যং বিগীতমিব জীবসাম্যাপত্তেঃ শাস্ত্রকারাসম্মতঞ্চ। নৈষ দোষঃ। প্রত্যুত মহাগুণ এব যামাহি জীবং দুঃখয়িতুমেব বশীকরোতীতি জীবস্য মায়া পারতন্ত্র্যং দুঃখার্থমেব। ঈশ্বরং তু সুখয়িতুমেব ভক্তি স্বদীয়া শক্তি র্বশীকরোতীতি তৎপারতন্ত্র্যমীশ্বরস্য সুখপ্রয়োজনকমেব বাস্তবমেব যথা বিলাসিনাং স্বপ্রেয়সীপারতন্ত্র্যমিতি ৬

অথ প্রাঞ্চঃ সামান্যা সাধারণস্ত্রীত্যাদিনা স্বকীয়া পরকীয়া সাধারণীতি নায়িকায়া ত্রৈবিধ্যমাহুস্তত্র ব্রজপুরয়োঃ পরকীয়াঃ স্বকীয়াশ্চ দর্শিতাএব কিন্তু তৃতীয়া নায়িকা শ্রীকৃষ্ণে

কোন ক্রমেই চতুর্ভুজ মূর্ত্তি রক্ষা করিতে সমর্থ হইলেন না, অগত্যা তাঁহাকে দ্বিভুজ মূর্ত্তি ধারণ করিতে হইয়াছিল ॥ ৬ ।

আরও ॥

প্রাচীন কবিদিগের মতে নায়িকা তিন প্রকার, স্বকীয়া, পরকীয়া এবং সাধারণী,। বৃন্দাবনে পরকীয়া ও দ্বারকায় স্বকীয়া প্রদর্শিত হইল, অপর সাধারণী নায়িকার বহুনায়কনিষ্ঠ ভাব প্রযুক্ত রসাভাস

ভাবযোগাত্তু সৈরিন্ধ্রী পরকীয়ৈব সম্মতা। ৭॥

তথাচ প্রাঞ্চঃ

সামান্যা বনিতা বেশ্যা সা দ্রব্যং পরমিচ্ছতি।

লোচনরোচনী টীকা।

সামান্যায়াঃ খলু ন ক্বচিদ্ভাবযোগঃ অন্যস্যাস্ত পূর্ব্বং নান্যত্র ভাবো জাতঃ প্রকৌরূপাক্ষুবংশেন তদাচ্ছাদনাৎ উদয়িষ্যমাণশ্রীকৃষ্ণপ্রিয়াত্বপভাবাচ্চ চন্দনদানাদ্যৈব তু শ্রীকৃষ্ণসহিতে রামেঽপানুরাগো বর্ণিতঃ নত্বঙ্গসঙ্গায়। তৎপশ্চাৎ শ্রীকৃষ্ণস্যৈবোত্তরীয়াকর্ষণাৎ। তদেতদভিপ্রেত্যাহ ভাবযোগাদিতি পরকীয়ৈবেত্যেবকারঃ সাদৃশ্যে এব ইবার্থ ইতি কাত্যায়নপরিশিষ্টসূত্রাৎ। অতএব পট্টগহিষীণাং যতেঃ সকাশাৎ তস্যা রতে র্ন্যূনতা বক্তব্যা। পরকীয়েবেতি বা পাঠঃ প্রেয়সীভাবো লোকাদ্গোপ্যত ইতি হেতোরিতি জ্ঞেয়ং। ৭

তত্র সামান্যায়া রসাভাসত্বাকৃত্বং প্রমাণয়তি তথাচ প্রাঞ্চ ইতি। বেশ্যোক্ত্যুপলক্ষণং সৈরিন্ধ্র্যাদীনামপি। ৮॥

আনন্দচন্দ্রিকা টীকা।

বর্ত্ততে নবেত্যাকাঙ্ক্ষায়ামাহ সামান্যায়া ইতি। তস্যা ভাবস্যাবহনায়কনিষ্ঠত্বেন রসাভাসপ্রসঙ্গাৎ কৃষ্ণে সা ন সম্ভবতীতি আক্ষেপলব্ধং। হেত্বর্থকপঞ্চম্যন্তপ্রয়োগান্যথানুপপত্তিরেব লিঙ্গং। যথা প্রবিশ পিণ্ডমিত্যত্র ক্রিয়াপদকর্ম্মপদয়োরন্যথানুপপত্ত্যৈব গৃহং ভক্ষয়েত্যনয়োরাক্ষেপ ইতি। সৈরিন্ধ্রী কুব্জা তু তাদৃগপি সামান্যাসদৃশ্যাপি নতু সামান্যেত্যর্থঃ বহুনায়কনিষ্ঠত্বধর্ম্মাযোগাৎ। সাদৃশ্যং তু পরিণয়সংভাবনাভাবেনাংশেনৈব জ্ঞেয়ং। ভাবযোগাৎ পরকীয়ৈবেতি লোকেভ্যো নিহ্নুত্যৈব কৃষ্ণেন তস্যা রমণাৎ তয়াপি তদেকনিষ্ঠয়া কৃষ্ণএব মে রহস্যএব রমণ ইতি ভাবনাৎ তথা তস্যাঃ পরমসুন্দর্য্যা অপি কুব্জএব পুরুষান্তরেভ্যো রক্ষণে হেতুরাসীৎ অতএবোক্তং আহুয় কান্তাং নবসঙ্গমহ্রিয়েতি তস্যাঃ সঙ্গমস্য নবত্বমিতি। ৭।

সামান্যাং প্রত্যুদাহর্ত্তুং তস্যাং রসাভাসত্বং প্রমাণয়তি তথাচেতি ৮

প্রসঙ্গ হয়। কিন্তু সৈরিন্ধ্রী (কুব্জা) সাধারণী হইলেও তাহার অন্য নায়কের প্রতি প্রীতি সঞ্চার হয় নাই, শ্রীকৃষ্ণাঙ্গে চন্দন দান করিয়া তাঁহার প্রতি প্রীতিমতী হয়, এই কারণে সে শ্রীকৃষ্ণের উত্তরীয় বসন আকর্ষণ করত তাঁহাকে রতি প্রার্থনা করিয়াছিল, অতএব সৈরিন্ধ্রী সামান্যা হইলেও পরকীয়াত্ব রূপে সম্মতা হয়॥ ৭।

অথ প্রাচীনগণের মত যথা।

সামান্যা নায়িকাকে বেশ্যা কহে, তাহার নিষ্ঠা নায়কের প্রতি

গুণহীনে চ নং দ্বেষো নানুরাগো গুণিন্যপি।
শৃঙ্গারাভাস এতাসু ন শৃঙ্গারঃ কদাচন ইতি।
স্বকীয়াশ্চ পরোঢ়াশ্চ যা দ্বিধা পরিকীর্ত্তিতাঃ।
মুগ্ধা মধ্য প্রগল্‌ভেতি প্রত্যেকং তাস্ত্রিধা মতাঃ ৮॥
ভেদত্রয়মিদং কৈশ্চিৎ স্বীয়ায়া এব বর্ণিতং।
তথাপি সৎকবিগ্রন্থে দৃষ্টত্বাৎ তদনাদৃতং ৯।

লোচনরোচনী টীকা

কৈশ্চিদিতি পরকীয়ায়াং রসমমনাগানৈরিত্যর্থঃ। যদুক্তং। পরকীয়া দ্বিধা প্রোক্তা পরোঢ়া কন্যকা তথা। যাত্রাদিনিরতাহদ্যোঢ় কুলটা গলিতত্রপা কন্যা ত্বজাতোপযমা সলজ্জা নবযৌবনেতি সৎকবিগ্রন্থে ইতি পূর্ব্বদঙ্গত্বেন শৃঙ্গারবসস্য নরঙ্গিন ইতি জ্ঞেয়ং অত-এব শ্রীজয়দেবেনাঙ্গিত্বেন তদ্বর্ণনেত্বৌপপত্যং নোট্টঙ্কিতং প্রত্যুত,ত্বামপ্রাপ্য মণি স্বয়ম্বরপরাং ক্ষীরোদতীরোদরে, শঙ্কে সুন্দরি কালকূটমপিবন্মূঢ়ো মৃড়ানীপতিঃ। ইতি প্রচবক্রূপে বাক্যে শ্রীরাধায়া লক্ষ্মীত্বস্থাপনাং তৎসম্ভাবনা প্রত্যাখ্যাতা অতএব গেয়ৈশ্বেদ্বম্বরমিত্যা-দাবপি সা শ্রীকৃষ্ণাৎ কিঞ্চিদেব প্রৌঢ় কুমারীতি মতং ৯

আনন্দচন্দ্রিকা টীকা

স্বীয়ায়া এবেতি পরকীয়ায়াং রসাভাসত্বে ন তদ্ভেদকরণং বিফলমিতি তন্মতং। তন্মত-স্যানুপাদেয়ত্বাৎ তথাপীতি সৎকবিগ্রন্থে দৃষ্টত্বাদবগম্যতে। তদনাদৃতং তৈঃ সৎকবিভি-রনাদৃতং তিরস্কৃতমিতি ইমে পরকীয়ায়াং রসমমনাগানা অসৎকবয় ইতি ভাবঃ ৯।

দ্বেষ অথবা গুণবান্ নায়কের প্রতি অনুরাগ নাই, সে কেবল ধনমাত্রের-রই আকাঙ্ক্ষা রাখে। এমত নায়িকা সকলে শৃঙ্গারের আভাসমাত্র, বাস্তবিক শৃঙ্গাররসের পুষ্টি হয় না

পূর্ব্বে স্বকীয়া ও পরকীয়া এই দুই নায়িকা কীর্ত্তন করা হইয়াছে, তাহাদের আবার প্রত্যেকের মুগ্ধা, মধ্যা ও প্রগল্‌ভা এই তিন ভেদ হইয়া থাকে। ৮।

কতিপয় পণ্ডিতের মত এই যে স্বকীয়ারই উক্ত তিন প্রকার ভেদ হয়, কিন্তু সৎকবিদিগের গ্রন্থে পরকীয়া নায়িকারও ঐরূপ ত্রিবিধ ভেদ দৃষ্ট হওয়াতে উক্ত মত অনাদৃত হইল॥ ৯॥

তথ চ প্রাচীনৈরুক্তং ॥

উদাহৃতিভিদাং কেচিৎ সর্ব্বাসামেব তন্বতে।
তাস্তু প্রায়েণ দৃশ্যন্তে সর্ব্বত্র ব্যবহারতঃ ॥ ১০ ॥

তত্র মুগ্ধা ॥

মুগ্ধা নববয়ঃকামা রতৌ বামা সখীবশা।
রতিচেষ্টাস্বতিব্রীড়চারুগূঢ়প্রযত্নভাক্।
কৃতাপরাধে দয়িতে বাষ্পারুদ্ধাবলোকনা।

লোচনরোচনী টীকা

অন্যেঽপি সনামানামুদ্দিশ্যাহ উদাহৃতিভিদাং কেচিদিতি। তেষামুক্তিমাহ তাস্বিতি ॥১০॥
নববয়ঃকামেত্যাদি লক্ষণানি সমুদিষ্টেত্যেব মুগ্ধাং লক্ষয়ন্তি। উদাহরণান্যপি সমুদিষ্টেত্যেব

আনন্দচন্দ্রিকা টীকা

সংকবীনাং মতং প্রমাণয়তি তথা প্রাচীনৈরিতি ভিদাং ভেদং ১০।

নববয়ঃকামেতি বয়ো যৌবনং কামোরমণেচ্ছা। অত্র বয়ঃকাময়োর্নবীনত্বেন কামকলা চাতুর্য্যসা অল্পত্বমাত্রং লক্ষ্যতে নববয়সোঽপি কস্যাশ্চিৎ প্রাগল্‌ভ্যাদর্শনাৎ পূর্ণযৌবনায়া অপি কস্যাশ্চিৎ মৌগ্ধ্যাদর্শনাৎ তথা কামস্য নবত্বেঽপি বিদগ্ধমাধবাদৌ পাদাঙ্গুষ্ঠ বিলুঠত্যাগৌ ময়ি মুহুর্দৃষ্টাধরায়াং রুষেতি ক্ব বাহং ক্বা বাহং চকর্ত্ত কিমহং বা সখি তদেত্যাদিষু মধ্যালক্ষণস্য দৃষ্টত্বাৎ রতৌ বামেত্যাদিভিরপি বাম্যাদ্যতিশয়ো লক্ষয়িতব্যঃ মধ্যাপ্রগল্ভয়োরপি বাম্যসখীবশত্বব্রীড়াগূঢ়প্রযত্নাদিদর্শনাৎ অতএব বালিকাবকৌস্তুভে বার্ত্তায়ামপি সুরতেঃ

অথ প্রাচীনদিগের উক্তি যথা—

কোন কোন কবি স্বকীয়া বা পরকীয়া সকল নায়িকারই প্রায় সর্ব্ব স্থানে ঐরূপ ব্যবহার দর্শন হেতু উল্লিখিত মুগ্ধাদি তিন প্রকার ভেদ স্বীকার করেন ॥ ১০।

তন্মধ্যে মুগ্ধা যথা—

যে স্ত্রীর নবীন বয়স্, অল্প মাত্র কাম, রতি বিষয়ে বাম্য, সখীজনের অধীনতা, রতিচেষ্টায় অতিশয় লজ্জা অথচ গোপনভাবে যত্নকারিতা, প্রিয়তম অপরাধী হইলে তাঁহার প্রতি সজল-নয়নে অবলো

প্রিয়াপ্রিয়োক্তৌ চাশক্তা মানে চ বিমুখী সদা ॥

তত্র নববয়াঃ ॥

বিরমতি শৈশবশিশিরে প্রবিশতি যৌবনমধৌ বিশাখায়াঃ।
দীব্যতি লোচনকমলং বদনস্থধাংশুশ্চ বিস্ফুরতি ॥ ১১ ॥

যথাবা।

বাল্যধ্বান্ত সখে প্রযাহি তরসা রাধাবপুর্দ্বীপত-

লোচনরোচনী টীকা।

তামুদাহরন্তি। তত্র নববয়ঃকামেতি তু প্রায়িকমেব নববয়স্কেঽপি ক্বচিৎ প্রাগল্ভ্যদর্শনাৎ, এবমুত্তরত্রাপি ১১।

আনন্দচন্দ্রিকা টীকা।

পরাঙ্মুখী সত্রপা। মুগ্ধতি তল্লক্ষণমুক্তং।

স্বমভিসরন্তীং বিশাখাং দূরাদৃষ্ট্বা শ্রীকৃষ্ণো বর্ণয়তি বিরমতীতি। দীব্যতি লোচনপক্ষে ক্রীড়তি কমলপক্ষে লক্ষণয়া বিকসতি অত্র চকারো বিরোধব্যঞ্জকশ্চন্দ্রকমলয়োর্যুগপদুল্লাসাৎ তেন চাত্র বিস্ময়রসোঽঙ্গী শৃঙ্গারোঽঙ্গমিতি ১১ ॥

মুগ্ধালক্ষণে বৃন্দাবনেশ্বরীমপ্যুদাহর্ত্তুং আহ যথাবেতি পরিহসন্তী শ্যামলা রাধাং বর্ণয়তি। বাল্যেতি অত্র ধ্বান্তেতি রূপকেণ বস্তুতো রাধাবপুষি ভাবহাবহেলারতিপ্রেমস্নেহাদীনাং রসোপকরণানাং নিত্যসিদ্ধত্বং স্থাপ্যতে যথা অন্ধকারে স্থিতানাং ঘটপটাদীনাং অদর্শনমাত্রং

কন, প্রিয় ও অপ্রিয় বচনে অশক্তা এবং সতত মান বিষয়ে পরাঙ্মুখী তাহাকেই মুগ্ধা কহে ॥ *

অথ নববয়াঃ

বিশাখা স্বয়ং অভিসার করিতেছেন, দূর হইতে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণ কহিলেন। আহ! বিশাখার শৈশব-শিশির বিরাম হওয়াতে যৌবন মধু (বসন্তের) প্রবেশ হইল, যে হেতু লোচনকমল প্রকাশ এবং বদনবিধু বিস্ফুরিত দেখিতেছি ॥ ১১ ॥

অথবা ॥

একদা পরিহাস করিতে করিতে শ্যামলা শ্রীরাধার রূপ বর্ণন করিতে লাগিলেন যথা—হে সখে! তোমাকে আশু বলিয়া উপদেশ

স্তারুণ্যদ্যুমণের্যদেষ বিজয়ারম্ভঃ পুরো জৃম্ভতে।
কৃষ্ণব্যোম্নি রুচির্দরোত্তরলতা তারাদ্যুতৌ কাপ্যুরঃ

লোচনরোচনী টীকা।

তারাঃ মিক্ষোঃ কনীনিকায়াং পক্ষে নক্ষত্রে রুচিরভিলাষঃ পক্ষে কান্তিঃ। ১২

আনন্দচন্দ্রিকা টীকা।

জ্ঞাপ্যতে নত্বভাবস্তথৈব রাধায়ামস্যাং শৃঙ্গারতৃষ্ণাপূর্ব্বমপ্যাসীদেব কিন্তু বাল্যেনাচ্ছাদিতত্বাল্লোকৈরবিতর্কেতি তাং প্রত্যুপহাসঃ সখে ইত্যনেন মমতু ত্বয়া সহ সখ্যমেবেতি স্বস্মিন্নবহিত্থয়া তারুণ্যানুদ্গমঃ সূচ্যতে তেন চ ইয়মিব কয়াপি নাহং পরিহসিতুং শক্যেতি ব্যজ্যতে। তরসেতি অন্যথা ত্বামসৌ প্রাপ্য বধিষ্যতীতি সখ্যোক্ত হিতোপদেশঃ সূচিতঃ। তেন চ রাধয়া তারুণ্যস্য ঈষৎ প্রবেশমাত্রেণৈব সর্ব্বৈব বাল্যচেষ্টা সহসৈব পরিত্যক্তেতি পুনরপ্যুপহাসঃ। বিজয় আগমনং। স্বশত্রুপরাভবকর্তৃত্বঞ্চ। জৃম্ভতে প্রকাশতে তচ্চিহ্নং দর্শয়তি কৃষ্ণব্যোম্নি কৃষ্ণবর্ণে কৃষ্ণরূপে চ আকাশে রুচিঃ কান্তিরভিলাষশ্চ তারা নক্ষত্রাণি কনীনিকা চ দরোত্তরলতা ত্রাসব্যাকুলত্বং ঈষচ্চাঞ্চল্যঞ্চ উরঃ পূর্ব্বাদ্রাবিতি উরসএব তুঙ্গ-

প্রদান করিতেছি মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর, তুমি বাল্যরূপি অন্ধকার, শ্রীরাধার দেহরূপ দ্বীপ হইতে তারুণ্যতপনের বিজয়ারম্ভ অগ্রে প্রকাশ পাইতেছে, অতএব শীঘ্র প্রস্থান কর। ঐ দেখ কৃষ্ণবর্ণ গগনমণ্ডলে ভাস্করের প্রকাশ, নক্ষত্রের ঈষৎ চাঞ্চল্য, বক্ষঃস্থলরূপী উদয়াচলের শোভোন্নতি ও বদনপদ্মের প্রফুল্লতা আরম্ভ হইল অতএব তোমার আর এখানে থাকা উপযুক্ত নয়।

উদাহরণের তাৎপর্য্য এই যে, অন্ধকারস্থিত ঘট পটাদির অদর্শন মাত্র বোধ হয়, অভাব সিদ্ধ হয় না, তাহার ন্যায় শ্রীরাধার শ্রীঅঙ্গে ভাব, হাব, হেলা, রতি, প্রেম এবং স্নেহাদি রসোপকরণ সকল নিত্য সিদ্ধত্বরূপে অবস্থিত ও শৃঙ্গারবিষয়ক তৃষ্ণাও পূর্ব্বাবধিই বিদ্যমান রহিয়াছে, কিন্তু বাল্যাচ্ছাদিতত্ব হেতুক লোক মধ্যে ঐ সকল ভাব দুর্ব্বিতর্ক। অতএব রূপক ছলে তারুণ্য অবস্থার প্রবেশ বর্ণন, অর্থাৎ শ্রীরাধার বাল্য অতিক্রান্ত হইয়া যৌবনের আরম্ভ হওয়াতে কৃষ্ণরূপ সন্দর্শনে অভিলাষ, লোচনের তারকা দ্বয় ঈষৎ চঞ্চল, বক্ষঃস্থলে

পূর্ব্বাদ্রৌ সুষমোন্নতিঃ স্মিতকলা পশ্চাদ্য বক্ত্রাম্বুজে। ১২।

নবকামা যথা।

বালে কংসভিদঃ স্মরোৎসবরসে প্রস্তূয়মানে ছলাৎ
প্রৌঢ়াভীরবধূভিরানতমুখী ত্বং কর্ণমধ্যস্যসি।
সব্যাজং বনমালিকাং বিরচনে হপুল্লাসমাস্বদ্যসে
রঙ্গঃ কোঽয়মবাতরৎ বদ সখি স্বান্তে নবীনস্তব ॥ ১৩॥

লোচনরোচনী টীকা

বালে ইতি প্রৌঢ়ত্বুভা বচনং রঙ্গঃ কৌতুকং ১৩

আনন্দচন্দ্রিকা টীকা

ঘ দর্শিতং তদানীং স্তনয়ে স্তাদৃশ্যাভাবাদিতি ভেদঃ সুষমোন্নতিঃ কিরণশোভাধিক্যে পক্ষে সুষময়া সহ উন্নতি কচ্চত্বং ॥ ১২।

নান্দীমুখী ধন্যাসীহ বালে ইতি প্রৌঢ়াভীরবধূভিঃ শ্যামা ললিতা রাধাদিভিঃ ছলাদিতি রাধে অদ্য নকুঞ্জ বিলাসগুরোঃ সকাশাৎ কিং কিমধীতং তত্র চিত্রং শ্যামে ময়া মন্দমেধসা তত্র চর্চা২ শ্লিমধোত্তমশকামি ত কৃষ্ণা তমেব তস্য নিত্য ধীতাধীতা তয়া পুরাণস্য কথা কণ্ঠী ৩ বাহং কৃতার্থ ভবেয়ং রাধে হলমুনয়া অবহিত্থয়া স বিলাসগুরুরপি সংগতি ত্বং ধীতে সত্যাধোতুং শ্যামেমাতীত্যাখ্যাভি স্তমুখাদেব কথা শ্রোতব্যা শ্রূয়তে চ নিত্যমিত্যাদি বীক্ষ্য প্রস্তূয়মানে কৃতপ্রস্তাবে সতি আনতমুখী তত্র স্বস্যাঃ সহি ষ্ণুত্ব জ্ঞাপনার্থং ঈষৎ কুঞ্চিতমুখী। ঊর্দ্ধমৎ কুঞ্চিতং নতমিত্যমরঃ সব্যাজমিতি যুয়াকং দেবপূজার্থেয়ং মালা অদ্য কিঞ্চিৎ পুষ্পকাময়া ময়ৈব রচনীয়েতি। রঙ্গঃ কৌতুকং অবাতরৎ আবির্ভবতিস্ম ১৩।

স্ত্রীচিহ্নের, উদ্গম এবং ঐ বক্ষের শোভাতিশয় ইত্যাদি। ১২॥

অথ নবকামা যথা—

নান্দীমুখী কহিলেন, বালে! প্রৌঢ়া আভীরবধূগণ ছল পূর্ব্বক কংসারির কন্দর্পোৎসব রসের প্রস্তাব করিলে তুমি অবনতমুখী হইয়া কর্ণ অধ্যাস কর এবং, ছল করিয়া বনমালা গাঁথিতে বৈশ, অতএব প্রিয়তমে! বল দেখি তোমার হৃদয় মধ্যে এ কোন নবীন রঙ্গ আবির্ভূত হইল। ১৩।

রতৌ বামা যথা—

নববালিকাস্মি কুরু নর্ম্ম নেদৃশং, পদবীং বিমুঞ্চ শিখিপিঞ্ছশেখর।
বিচরন্তি পশ্য পটবস্তটীসিমাসরবিন্দবন্ধুতুহিতুর্নতভ্রুবঃ ॥১৪।

যথা বা—

যমুনাপুলিনে বিলোকনান্মে চলিতাং স্মেরসখীগৃহীতহস্তাং।
অয়ি মুঞ্চ করং ময়েতি খঞ্জদ্বচনাং খঞ্জনলোচনাং স্মরামি ॥

লোচনরোচনী টীকা।

তটীং প্রাপ্য বিচরন্তি ভ্রমন্তি ১৪

গৃহীতত্বমত্র নিরুদ্ধত্বং অয়ীত্যনুনয়ে। অয়ি ইত্যনুনয়য়োরিতি বিশ্বঃ ॥ ১৫

আনন্দচন্দ্রিকা টীকা।

ধন্যা প্রাহ ন বেতি ঈদৃশং নর্ম্মশুষ্কমিষেণ গন্ধীবীগ্রন্থিমোচনরূপং ন কুরু। নমু পলমাত্রং সুরতং দত্ত্বা যাহি ইতি তত্রাহ নববালিকাস্মীতি ত্বয়ি তৎ স্থাসন্তি চেদহমেব গ্রহীষ্যামীত্যত্র আহ বিচরন্তীত্যাদি। তেন কমপি রহঃপ্রদেশং বিনা নাহং সম্মতা ভবিষ্যামীতি ধ্বনিঃ নতভ্রুবস্তা স্তদ্যাঃ সখ্যএব জ্ঞেয়াঃ ১৪

উক্তোদাহরণে বামাতিশয়ে ন ব্যঞ্জিত ইত্যপবিতুষ্যন্নাহ যদা বেতি শ্রীকৃষ্ণঃ সুবলমাহ যমুনেতি। স্মেরেতি বনং প্রত্যাগমনং তে সফলমভূৎ কিং যাসীতি হস্তগ্রহণধ্বনিঃ অয়ি মুঞ্চেতি ত্বং মে ন সখী কিন্তু নৈরিণ্যেব যতোঽস্যাং বিপদি মাং প্রক্ষেপ্তুমিচ্ছসীতি প্রতিধ্বনিঃ খঞ্জং খঞ্জমিবাচরৎ কণ্ঠাদর্দ্ধমুচ্চরদ্বচনং যস্যাস্তাং। স্মরতোদোঽয়ং খঞ্জনেতি

অথ রতৌ বামা অর্থাৎ রতিবিষয়ে পরাঙ্মুখী

দানরসে শ্রীকৃষ্ণ মার্গ অবরোধ করিয়া রহিলে ধন্যা কহিলেন, হে শিখিপিঞ্ছচূড়! আমি নববালিকা আমার সহিত পরিহাস করা উপযুক্ত নয়, ঐ দেখ অরবিন্দবন্ধুনন্দিনীতটে সুনিপুণ ভ্রূগণ বিচরণ করিতেছে, অতএব পথ পরিত্যাগ কর ॥ ১৪ ॥

যথা বা—

শ্রীকৃষ্ণ সুবলকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে বয়স্য! একদা বৃষভানুজা আমাকে যমুনাপুলিনে অবস্থিত দেখিয়া পলায়ন করিতেছিলেন, আমি গিয়া হস্ত ধারণ করিলে ঈষৎ হাস্য করত অতিশয় চঞ্চলনেত্র হইলেন এবং গদ্‌গদ বাক্যে কহিলেন, অয়ি! গোকুলনাথ!

সখীবশা যথা—

ব্রজরাজকুমার কর্কশে সুকুমারীং ত্বয়ি নার্পয়াম্যমুং।
কলভেন্দ্রকরে নবোদয়াং নলিনীং কঃ কুরুতে জনঃ কৃতী॥

যথা বা—

ন স্বীকৃতা সখি ময়া ত্বগিহাস্তি কৌন্দী

আনন্দচন্দ্রিকা টীকা

চাপল্যং চ সাত্ত্বিকসঞ্চারিণাবেতৌ স্থায়িভাবোত্থাবপি ভয়োত্থত্বেন প্রত্যায়িতৌ ইয়ং তু শ্রীরাধৈব বিলাসনামালঙ্কারবতী জ্ঞেয়া।

অভিসারিতাং রাধাং শ্রীকৃষ্ণসমীপে বিলাদাকৃষ্যানীয়াপি তস্য হস্তোদ্যতত্বমালক্ষ্য পুনস্তাং পরাবর্ত্তয়ন্তী ললিতা প্রাহ ব্রজেতি কলভেন্দ্রেতার্থান্তরন্যাসঃ তেন স্বস্য কলভেন্দ্রত্বং পরিত্যজ্য যদি ভ্রমরত্বমঙ্গীকুরুষে তদৈবেমং দাসামীতি ভাবঃ

উক্তোদাহরণে পরং বামায়াস্তস্যাঃ সখ্যাঃ সাহায্যমেব কৃতমিতি সখীবশত্বং ন যথাবদায়াত-

---

আমার কর পরিত্যাগ কর। সখে! অদ্য খঞ্জনাক্ষীকে স্মরণ করিতেছি॥

অথ সখীবশা অর্থাৎ সখীজনের অধীনা॥

একদিবস শ্রীরাধা অভিসার করিয়া শ্রীকৃষ্ণসন্নিধানে উপস্থিত হইলে, ললিতা বলপূর্ব্বক আকর্ষণ করত শ্রীকৃষ্ণের হস্তে নিক্ষেপ করিলেন, শ্রীকৃষ্ণও অমনি হস্ত প্রসারণ পূর্ব্বক গ্রহণ করিতে চেষ্টা করিলে, ললিতা দেখিলেন শ্রীকৃষ্ণের কর দ্বয় অতি কঠিন, আমি ত ভাল করিলাম না বলিয়া শ্রীমতীকে পুনর্ব্বার প্রত্যাকর্ষণ করত কহিলেন, অহে ব্রজরাজকুমার! বল দেখি কোন্ কুশল ব্যক্তি করীন্দ্রের করাল করে নবীনা নলিনী সমর্পণ করিতে ইচ্ছুক হয়! অতএব তোমার কর্কশ করে এই সুকুমারীকে সমর্পণ করিতে পারিলাম না, অর্থাৎ তুমি যদি করীন্দ্রত্ব পরিত্যাগ করিয়া ভ্রমরত্ব অঙ্গীকার কর তাহা হইলে প্রিয়তমাকে অর্পণ করিতে পারি॥

যথা বা—

একদা ধন্যা মানিনী হইয়াছিলেন, শ্রীকৃষ্ণ পুষ্পমালা প্রদানপূর্ব্বক

কিং দীর্ঘরোষবিকটাং ভ্রুকুটীং তনোষি।
ক্ষিপ্তেয়মত্র মম মণ্ডনপেটিকায়াং
চেদ্বৃন্দয়া চটুলয়া কিমহং করিষ্যে॥

সব্রীড়রতপ্রযত্না যথা—

দ্বিত্রাণ্যেত্য পদানি কুঞ্জবসতের্দ্বারে বিলাসোন্মুখী
সদ্যঃ কম্পতরঙ্গদঙ্গলতিকা তির্য্যগ্‌বিবৃত্তা হ্রিয়া।

আনন্দচন্দ্রিকা টীকা

গিত্যপরিতুষ্যন্নাহ যথা বেতি। কদাচিন্মানিনীং ধন্যাং মালাদানমাত্রেণৈব প্রসাদ্য গতে শ্রীকৃষ্ণে আগতায়াং চ মানশিক্ষাকারিণ্যাং প্রৌঢ়সখ্যাং সৈব ধন্যা ততো বিভ্যতী সহসৈব স্বকণ্ঠান্মালামুত্তার্য্য ভূষণমঞ্জুষিকায়াং ক্ষিপ্ত্বা তামাহ ন স্বীকৃতেতি। চটুলয়া মদ্বচনবারণসমানন্ত্যা স্বতঃ প্রাপ্স্যমানতর্জ্জনকারণং সূচয়ন্ত্যা মদ্বৈরিণ্যেবেত্যর্থঃ

সব্রীড়ে বতে রমণবিষয়ে প্রযত্নো যস্যাঃ সা। শ্রীকৃষ্ণঃ প্রাতঃ সুবলমাহ দ্বিত্রেতি। বিলাসোন্মুখী সুরতাভিলাষিণীত্যোৎসুক্যাশ্লেষেণ বিলাসনামালঙ্কারেণ উৎকৃষ্টং সুন্দরং মুখং যস্যাঃ সা কম্পেন তরঙ্গন্তী তরঙ্গায়মানা অঙ্গলতিকা যস্যাঃ সা সদ্যস্তৎক্ষণ এব কান্তকর্ত্তৃক-

---

তাঁহাকে সন্তোষ করিয়া গমন করিলে মান-শিক্ষাকারিণী প্রগল্‌ভা সখী আসিয়া উপস্থিত হইল, ধন্যা তাহাকে অবলোকন করিয়া ভীতচিত্তে-কণ্ঠ হইতে মালা অবতরণ পূর্ব্বক ভূষণ পেটিকার মধ্যে নিক্ষেপ করত কহিলেন, সখি! এই যে কৃষ্ণদত্ত কুন্দমালা দেখিতেছ, ইহা আমি স্বীকার করি নাই, তুমি আমার প্রতি ক্রোধ করিয়া বিকট ভাবে ভ্রুকুটি বিস্তার করিতেছ কেন? বিপক্ষপক্ষপাতিনী চপলস্বভাবা বৃন্দা যদি আমার ভূষণমঞ্জুষায় (প্যাট্‌রায়) নিক্ষেপ করিয়া থাকে, তাহা হইলে আমি কি করিব! এ বিষয়ে আমার কোন অপরাধ নাই।

সব্রীড়রতপ্রযত্না যথা—

অর্থাৎ রমণবিষয়ে যাহার চেষ্টা লজ্জাযুক্ত, তাহার উদাহরণ-

শ্রীকৃষ্ণ প্রাতে সুবলকে কহিলেন, সখে! শ্যামলা রজনীযোগে বিলাসোন্মুখী হইয়া কুঞ্জগৃহের দ্বারে দুই তিন পদ আগমন করাতে সদ্য তাহার গাত্রকম্প উপস্থিত হয় এবং তিনি লজ্জা বশতঃ পরা-

ভূয়ঃ স্নিগ্ধসখীগিরাং পরিমলৈস্তল্লান্তমাসেদুষী
স্বান্তং হন্ত জহার হারিহরিণীনেত্রা মম শ্যামলা। ১৫।

রোষকৃতবাষ্পমৌনা যথা—

স্নিগ্ধাপরাধমপি শুদ্ধমনাঃ সখী মে
ত্বাং বক্ষ্যতে কথমদক্ষিণমুদ্ধতেব।

লোচনরোচনী টীকা

অক্ষমেত্যত্র উদ্ধতেত্যেব বা পাঠঃ ১৬

আনন্দচন্দ্রিকা টীকা

দর্শনাঘাতেনৈব তির্য্যগ্বিবৃত্তা পরাবর্ত্তিতমুখী পৃষ্ঠীকৃতকান্তা বামপাণিনা অবগুণ্ঠনমুৎসারয়ামাসেত্যর্থঃ এবঞ্চ মঙ্কালজ্জাবেগৌৎসুক্যানাং সন্ধিঃ। ততশ্চ ভূয় ইত্যনেন স্নিগ্ধেত্যনেন চ চিরাস্নিগ্ধেতি তাদৃশমৈত্রীতি সহচনাভ্যাং চ তস্যা আনয়নার্থং সখীবিনয়প্রবোধঃ শ্রীকৃষ্ণোক্তচাটুকথনগমনাগমনসামদানাদ্যুপায়া ব্যঞ্জিতাঃ। অত্র পরিমলৈরিত্যনেন শিরাং পুষ্পমঞ্জরীত্বং স্নিগ্ধসখীনাং কোমলবল্লীত্বং তস্যা নায়িকায়া ভ্রমরীত্বং শ্রীকৃষ্ণস্য ভ্রমরত্বং চানীতং তথা সৌরভলোভেনায়াতী ভ্রমরী ভ্রমরেণ সংভুক্তেত্যতিশয়োক্ত্যপ্রস্তুতপ্রশংসে চ ধ্বনিতে। হারিহরিণীতি তদানীন্তন তাদৃশনেত্রান্তচাঞ্চল্যং চ তস্যাস্তেনাস্বাদিতমিতি ১৫

খণ্ডিতায়া ধন্যায়াঃ সখী কৃষ্ণমাহ সিষ্কেতি উদ্ধতেব অধীরেণ ন বিড়ম্বয় প্রাপিতা দিনা নোপহস। বনীত্যত্রবিবক্ষায়াং। ভুজঙ্গ হে কামুক কদম্ববনে রাত্রৌ যা রমিতা তাগিয়ং।

মুখী হইয়া চলিয়া যাইতে ছিলেন, সখীজন তাঁহাকে বিবিধ বিনয়-বাক্যদ্বারা প্রবোধ দিলে পুনরায় তিনি শয্যার সমীপবর্ত্তিনী হইয়াছিলেন, অতএব, হে বন্ধো! সেই হরিণাক্ষী শ্যামলা আমার চিত্ত হরণ করিয়াছেন। ১৫।

রোষকৃতবাষ্পমৌনা যথা—

ধন্যা, খণ্ডিতা অবস্থা প্রাপ্ত হইলে তদীয়া সখী শ্রীকৃষ্ণ সন্নিধানে আগমন করিয়া কহিল, হে কদম্ববনীভুজঙ্গ! অর্থাৎ স্বকীয় কামুক-স্বভাব বশতঃ কদম্ববনে যাহার সহিত রমণ করিয়াছিলে, মদীয়া সখী তাহা অবগত আছেন তুমি অতি অদক্ষিণ [illegible]

নেমাং বিড়ম্বয় কদম্ববনীভুজঙ্গ !
বক্ত্রং পিধায় কুরুতামিয়মশ্রুমোক্ষং ॥

মানে বিমুখী যথা—

মুগ্ধে ! তথাক্ষমা চেতি সা মানে বিমুখী দ্বিধা।

তত্র, মুগ্ধী যথা-রসসুধাকরে ১৬ ॥

ব্যাবৃত্তিক্রমণোদ্যমে ন পদয়োঃ প্রত্যুদ্গতৌ বর্ত্তনং

লোচনরোচনী টীকা।

ব্যাবৃত্তীতি চক্ষুষা ব্যাবি বিস্মাবয়ামাসে চেতসেতি বা পাঠঃ সংঘাতভেদঃ আত্মীয়-গণমধ্যে ভেদো জাত ইত্যর্থঃ ১৭।

আনন্দচন্দ্রিকা টীকা

জানীত ইতি ভাবঃ। কুরুতামিতি রোদনে বিঘ্নং মা কার্ষীরস্যা ললাটে রোদনমেব লিখিত-মস্তীতি ভাবঃ

অত্র প্রিয়াপ্রিয়োক্তৌ চাশক্তেত্যস্য উদাহরণাদানাং রোষকৃতবাষ্পমৌনয়ো দ্বৈবিধ্যং বুধ্যতে। তথাহি। রোষকৃতবাষ্পমৌন দ্বিবিধা ভবতি। পিয়াপ্রিয়োক্তৌ চাশক্তা মানে বিমুখী চেতি অত্র চকারদ্বয়মপি দ্বৈবিধ্যজ্ঞাপকং অত্র প্রথমা সামান্যলক্ষণোদাহরণেনৈব-চরিতার্থেতি তামুল্লঙ্ঘ্য দ্বিতীয়াং ভিনত্তি মুগ্ধী কোমলমানা অক্ষমা মানশূন্যা। আদ্যা কিঞ্চিন্মধ্যা ত্বা অংশস্পর্শিনী দ্বিতীয়া অতিমুগ্ধা ১৬

মানং শিক্ষিতবতীবায়াশ্চী মানস্য ক্ষেমং পৃচ্ছন্তীঃ স্বসখীঃ প্রতি ধন্যা প্রাহ। ব্যাবৃত্যা পরা-বৃত্ত্যা তং পৃষ্ঠীকৃত্য ক্রমণস্য গমনস্যোদ্যমক্রিয়মাণেঽপি প্রত্যুদ্গতৌ বর্ত্তনং ন তস্য সংমুখ এব

হইলেও আমার প্রিয়সখী তোমাকে কিছু বলিতে ইচ্ছা করেন না, তুমি প্রণামাদি দ্বারা উপহাস করিতেছ কেন ? ইনি বদন আচ্ছাদন পূর্ব্বক রোদন করত অশ্রুমোক্ষণ করুন, বিঘ্ন জন্মাইও না।

অথ মানে বিমুখী

মান বিষয়ে বিমুখী দুই প্রকার, মুগ্ধী এবং অক্ষমা।

তন্মধ্যে মুগ্ধী যথা—রসসুধাকরে ॥ ১৬ ॥

পূর্ব্ব দিবস সখীগণ ধন্যাকে উপদেশ করিয়াছিলেন, বয়স্যে ! শ্রীকৃষ্ণ-সমক্ষে অতিশয় মান প্রকাশ করিও, ধন্যাও তাহাতে হইয়াছিলেন, পরদিবস তাঁহারা প্রত্যাগত হইয়া মানের কুশ

ভ্রূভেদোঽপি তদীক্ষণব্যসনিনা ব্যস্মারি মে চক্ষুষা।
চাটূক্তানি করোতি দগ্ধরসনা রূক্ষাক্ষরেঽপ্যুদ্যতা
সখ্যঃ কিং করবাণি মানসময়ে সংঘাতভেদো মম।

অক্ষমা যথা—

আভীরপঙ্কজদৃশাং বত সাহসিক্যং
যাঃ কেশবে ক্ষণমপি প্রণয়ন্তি মানং।

আনন্দচন্দ্রিকা টীকা

অঙ্গ্যুদ্গমে পদয়োর্বৃত্তিঃ স্যাৎ ব্যস্মারি বিস্মৃতঃ ব্যসনিনা আসক্তিমতা তত্রাপি রসনায়া-মেব দগ্ধেতি বিশেষণদানাদিয়মেব সর্ব্বতোঽনর্থকারিণীতি সূচিতং। মম সংঘাতস্য পদচক্ষু-রসনাদিগণস্য ভেদঃ স্বভাবভেদো জাতঃ তত্র পদাদিভি র্ব্যাবৃত্তিভ্রূভেদরূক্ষাক্ষরাণাং চিকী-র্ষিতত্বেঽপি যত্তদ্দর্শনানন্তরং স্ব স্ব ভাব বৈপরীত্যং গৃহীতং তেন কয়াপি বিদ্যয়া বা মন্ত্রাভি-মন্ত্রিতধূলিক্ষেপেণ বা সিদ্ধাঞ্জনেন বা কৃতেন পদাদীন্দ্রিয়াণি তদানীমুন্মাদিতানীতি বিভাবনা-বিশেষোক্তিবিরোধৈর্ব্যঞ্জিতং

মানং শিক্ষয়ন্তীং সখীং কাচিৎ সর্ব্বা মানিনী রাক্ষিপন্ত্যাহ আভীরেতি। সহসা বর্ত্ততে ইতি সাহসিকস্তস্য ভাবঃ সাহসিক্যং। কেশবে দৃষ্টে সতীত্যর্থঃ ন চান্যাঃ কান্তং প্রতি

করিলে ধন্যা কহিলেন, হে সখীবৃন্দ! শ্রীকৃষ্ণ সমীপ হইতে প্রত্যাবৃত্ত অর্থাৎ তাঁহাকে পৃষ্ঠদেশে ধারণ করিয়া আগমনের উপক্রম করিলে আমার পদদ্বয় তাঁহার সম্মুখবর্ত্তী হইয়াই চলিতে লাগিল, ভ্রুকুটী করিতে ইচ্ছা করিলে চক্ষু তাঁহার প্রতিই আসক্তিমান্ হওত বাক্যাদি সকল বিস্মৃত হইয়া গেল, রূক্ষ অর্থাৎ নিষ্ঠুর বাক্য প্রয়োগ করিব বলিয়া মানস করিলে হতভাগ্য জিহ্বা তাঁহারপ্রতিই চাটু অর্থাৎ সন্তো-ষের বাক্যই প্রয়োগ করিতে লাগিল, অতএব, হে সখীগণ! আমার কোন দোষ নাই, মান কালীন আমার নয়ন ও চরণাদির স্বভাব বিপ-রীত হইয়াছিল॥

মানবিষয়ে অক্ষমা যথা—

মানশিক্ষাকারিণী কোন এক সখীকে উপলক্ষ্য করিয়া কোন এক কৃষ্ণবল্লভা সমস্ত মানিনীগণকে আক্ষেপ পূর্ব্বক কহিলেন। উঃ! পদ্ম-লোচনা আভীরললনাগণের কি সাহস। তাহারা ক্ষণকালের নিমিত্তও

মানেতি বর্ণযুগলেঽপি মম প্রযাতে
কর্ণাঙ্গনং বহতি বেপথুমন্তরাত্মা।

অথ মধ্যা॥

সমানলজ্জামদনা প্রোদ্যত্তারুণ্যশালিনী।
কিঞ্চিৎপ্রগল্ভবচনা মোহান্তস্মরতক্ষমা।
মধ্যা স্যাৎ কোমলা ক্বাপি মানে কুত্রাপি কর্কশা।

আনন্দচন্দ্রিকা টীকা

রোষো নাস্তীতি বাচ্যং কৃতাপরাধে দয়িতে বাষ্পরুদ্ধাবলোকনেতি সামান্যলক্ষণে রোষকার্য্যস্য বাষ্পস্যোক্তেঃ (কিন্তু কান্তদর্শনক্ষণ এবানন্দানুভবাৎ মানজন্যানুভাবসহিতস্যাপি শান্তিঃ। প্রথমোক্তায়াস্তু তদ্দর্শনক্ষণে মানজনিতস্য কায়িকবাচিকমানসিকোদ্যমস্য তদ্দর্শনানন্দসম্মর্দাদজাতফলস্যৈব শান্তিস্তদ্বিতীয়ক্ষণে মানস্যাপি শান্তিরিতি সা বাষ্পরোষা কৃষ্ণেন প্রথমং দৃষ্টৈব। মানাক্ষমা তু তথা ভূতেন সম্যক্কৃতয়া দৃষ্টেতি ভেদো বিবেচনীয়ঃ) কিন্তু কান্তদর্শনানন্দস্পর্শমাত্র এব রোষো নিবর্ত্তত ইতি মানোদয়স্তস্যাভাবঃ। প্রথমোক্তায়াস্তু মুগ্ধ্যাঃ তদ্দর্শনানন্দসংমর্দ্দএব রোষো যাতীতি আবদ্ধস্য মানস্যাসিদ্ধিরিতি ভেদো বিবেচনীয়ঃ

সমানৌ তুল্যপ্রমাণৌ লজ্জামদনৌ যস্যাস্তেন মুগ্ধায়া মদনাল্লজ্জাধিক্যং প্রগল্ভায়া লজ্জাতো মদনাধিক্যমিতি জ্ঞেয়ং প্রোদ্যাদিতি তেন মুগ্ধাপ্রগল্ভে ঈষদারুণ্যপূর্ণতারুণ্যে জ্ঞেয়ে। কিঞ্চিদিতি তেন মুগ্ধাপ্রগল্ভে অপ্রগল্ভ পূর্ণ প্রগল্ভবচনে জ্ঞেয়ে। মোহ আনন্দমূর্চ্ছা কামাদ্যুদ্গমজন্যা অন্তে যত্র তথা ভূতে সুরতে ক্ষমা তাবৎ ক্ষণপর্য্যন্ত সুরতে সামর্থ্যবতী তত্র আনন্দমূর্চ্ছানন্তরমশক্তেত্যর্থঃ। তেন মুগ্ধায়া মদনাল্পত্বাদানন্দ এব নতু মূর্চ্ছা তথা বলাল্পত্বাদাদি সুরতাদপ্যক্ষমাত্বং। তথা প্রগল্ভায়া মদনাধিক্যাদাদিসুরত এবানন্দমূর্চ্ছাবলাধিক্যাত্তদনন্তরমপি সামর্থ্যং ততশ্চ নির্ম্মোহসুরতক্ষমা মোহান্তসুরতক্ষমা মোহাদিসুরতক্ষমেতি তিসৃণাং লক্ষণং গতমিতি

কেশবের প্রতি মান বিস্তার করিয়া থাকে, কি আশ্চর্য্য! মান এই দুইটী অক্ষর যদি একবার আমার কর্ণাঙ্গনে প্রবিষ্ট হয় তাহা হইলে আমার অন্তরাত্মা অমনি কম্পিত হইয়া উঠে॥

অথ মধ্যা॥

যে নায়িকার লজ্জা ও মদন দুই তুল্য, তথা নবযৌবন, ঈষৎ প্রগল্‌ভ বাক্য, মূর্চ্ছা পর্য্যন্ত সুরতবিষয়ে ক্ষমতা এবং কোন স্থানে মানে মৃদুতা ও কোন স্থানে বা মানে কার্কশ্য, তাহাকেই মধ্যা কহে।

তত্র সমানলজ্জামদনা যথা—

বিকিরতি কিল কৃষ্ণে নেত্রপদ্মং সতৃষ্ণে
নময়তি মুখমন্তঃস্মেরমুদ্বৃত্য রাধা।
নিদধতি দৃশমন্যস্মিন্নন্যতঃ প্রেক্ষ্যতেঽমুং
তদপি সরসিজাক্ষী তস্য মোদং ব্যতানীৎ॥

প্রোদ্যত্তারুণ্যশালিনী যথা—

ভ্রুবোর্বিক্ষেপস্তে কবলয়তি মীনধ্বজধনুঃ
প্রভারম্ভং রম্ভাপ্রিয়মুপহসত্যূরুযুগলং

আনন্দচন্দ্রিকা টীকা।

নান্দী পৌর্ণমাসীং প্রাহ বিকিরতীতি অন্তঃস্মেরমিতি। স্মিতস্য বহির্নিষ্ক্রমণাবধিং আবৃত্যেতি কটাক্ষস্যাপাভানঃ। কান্তেন পূর্ণনেত্রাভ্যাং দৃষ্টত্বাৎ। তেন প্রগল্ভায়া লজ্জাভ্রষ্টত্বাৎ মুখং সস্মিতং। আনময্য ঈষদাবৃত্য কটাক্ষেণ বীক্ষত ইত্যায়াতং। তথা কান্তেনাপাঙ্গদৃষ্টেঽপ্যন্যাপি কটাক্ষেণেক্ষতে মুং। তত্রোপি লজ্জাধিক্যাদেবগতে ইতি বিবেকঃ। ইয়মেব স্পষ্টীকর্ত্তুমাহ নিদধতীতি। অন্যতঃ অন্যত্র কুঞ্জাদৌ দৃশং দৃষ্টিং সম্পূর্ণাং অর্পয়তি সতি প্রেক্ষতে প্রকর্ষেণ সম্পূর্ণয়ৈব দৃষ্ট্যা ঈক্ষতে কিঞ্চিদপাঙ্গাগমনজ্ঞানে তু ন প্রকর্ষেণেতি ভাবঃ

শ্রীকৃষ্ণ আহ ভ্রুবোরিতি ধনুষঃ প্রভারম্ভং ব্যবস্যতীতি এতদগ্রে তস্য দৃগ্ভোদগম এব ন ভবতি কিং পুনর্বিক্রম ইতি তদ্ধরাদপি কোটিগুণাধিকো ভবত্যাঃ কটাক্ষশরো মাং ও হবিষ্য তীতি ধ্বনিঃ ন জানে তত্রো সে কা দশা ভবিষ্যতীত্যনুধ্বনিঃ রথচরণশ্চক্র-

---

সমানলজ্জামদনা যথা—

নান্দী পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! শ্রীকৃষ্ণ সতৃষ্ণ হইয়া নেত্রপদ্ম নিক্ষেপ করিলে, শ্রীরাধা ঈষৎ হাস্য সম্বরণ করত বদন অবনত করেন, শ্রীকৃষ্ণ অন্যদিকে দৃষ্টিপাত করিলে শ্রীরাধা শ্রীকৃষ্ণের প্রতি প্রীতনেত্র নিক্ষেপ করেন, ইহাতেও সেই সরসিজাক্ষী তাঁহার আমোদ বিস্তার করিয়া থাকেন॥

উদ্যত্তারুণ্য অর্থাৎ নবযৌবন যথা—

শ্রীকৃষ্ণ কহিলেন, হে রাধে! তোমার ভ্রুভঙ্গীর কি আশ্চর্য্য শক্তি, উহার দ্বারা কন্দর্পধনুর প্রভারম্ভ অস্ত হইল, তোমার উরুযুগলের

কুচদ্বন্দ্বং ধত্তে রথচরণযূনোর্বিলসিতং
বরোরূণাং রাধে তরুণি-মণি চূড়ামণিরসি ১৭।
কিঞ্চিৎপ্রগল্ভোক্তির্যথোদ্ধবসন্দেশে ॥
মদ্বক্ত্রাম্ভোরুহপরিমলোন্মত্তসেবানুবন্ধে
পত্যুঃ কৃষ্ণভ্রমর কুরুষে কিন্তুরামন্তরায়ং।

লোচনরোচনী টীকা

দূরতো বংশীধ্বনিং বিধায় পুনঃ সন্ধ্যান্ধকারে এব গুপ্তমাগতং শ্রীকৃষ্ণং প্রতি সঙ্কেতস্থানং

আনন্দচন্দ্রিকা টীকা

বাকো জাতি র্যয়োস্তয়োর্যূনোরিতি শাকপার্থিবাদিঃ বিলসিতং সহভাবক্রীড়াং বিশেষেণ-লসিতং দিপ্তিং তদাকারশোভাঞ্চ। ১৭

অত্যুৎকণ্ঠয়া জটিলাগৃহোপকণ্ঠ এব কস্মিংশ্চিদুদ্যানে বহুক্ষণং মুরলীং বাদয়ন্নপ্যপ্রাপ্তাং রাধামালক্ষ্য তদ্বৃত্তজ্ঞানার্থং শ্রীকৃষ্ণেন প্রেষিতাং কাঞ্চন দূতীং লক্ষীকৃত্য শ্বশ্রাদিগুরুজন-মধ স্থা সা কমপি ভ্রমরমুপদিশ্য ব্রুবাণা দূরতঃ সঙ্কেতস্থলং সূচয়তি মদ্বক্ত্রেতি উন্মত্তেতি-সংবোধনেন গুরুগৃহাতিনিকট এবাস্মিন্নুদ্যানে কথং বিলাসঃ সেৎস্যতীতি তৎপরামর্শাভাবঃ সূচিতঃ। পত্যুঃ সেবানুবন্ধে জলাদ্যাক্ষীকরণ ইতি বাঙ্মাত্রমেব শ্বশ্রূং ননান্দরং চ প্রীণয়িতুং হে কলঙ্কতেতি বংশীবাদ্যশ্রবণেনাবদধদ্ভি গুরুজনৈ র্যদ্যহং নিরুদ্ধ্যেয়। তদা কা গতি র্ভবি-

শোভাসমক্ষে রম্ভাবৃক্ষের শ্রীও বিশ্রী বোধ হয়, অপর তোমার কুচ-দ্বয়রূপ চক্রবাকযুগলের বিলাস ধারণ করিয়াছে, অতএব হে রাধে! হে তরুণিচূড়ামণি! যে সকল রমণীগণের ঊরুদেশ মনোহর, তাহা-দেরও তুমি চূড়ামণি হইয়াছ। ১৭ ॥

কিঞ্চিৎ প্রগল্ভোক্তি যথা-উদ্ধবসন্দেশে।
অর্থাৎ প্রত্যুপন্নমতিত্ব হেতুক উক্তি।

উৎকণ্ঠা বশতঃ শ্রীকৃষ্ণ জটিলার গৃহসমীপবর্ত্তি কোন উদ্যানে বহুক্ষণ যাবৎ মুরলীবাদ্য করিলেও যখন শ্রীরাধা সমাগত হইলেন না, তখন শ্রীকৃষ্ণ তদ্বৃত্তান্ত অবগত হইবার নিমিত্ত কোন এক দূতীকে প্রেরণ করেন, তৎকালীন শ্রীমতী গুরুজন সন্নিধানে অবস্থিতা ছিলেন, স্পষ্টাক্ষরে দূতীকে কিছু বলিতে না পারিয়া দূরবর্ত্তী সঙ্কেত স্থান সূচনা পূর্ব্বক ভ্রমরকে উপলক্ষ করিয়া কহিলেন, অহে কৃষ্ণভ্রমর!

তৃষ্ণাভিস্ত্বং যদি কলরুত ব্যগ্রচিত্তস্তদাগ্রে
পুষ্পৈঃ পাণ্ডুচ্ছবিনবিরলৈ র্যাহি পুন্নাগকুঞ্জং। ১৮॥

মোহান্তস্মরতল্পজা যথা—

---

* লোচনরোচনী টীকা।

কাপি, সূচয়তি মল্লক্রীতি পত্যুঃ সেবানুবন্ধে শাকাদ্যারম্ভে তদেতচ্চ গৃহলোকানাং সুখার্থমেবারোপ্য বদতি শ্ম ১৮।

আনন্দচন্দ্রিকা টীকা

যাতীতি বংশীস্বনং মা কার্ষীরিতি ভাবঃ। পুন্নাগকুঞ্জং দূরস্থং। যদা। যদি কৃষ্ণাক্রান্তো দূরং যাতু ন শক্নোযি তদা উদ্যানং পরিহৃত্য কুঞ্জনিকটস্থমপি। পাণ্ডুচ্ছবিমিতি অস্যাং চন্দ্রিকা-বহুলায়াং রজন্যাং তস্য জনৈর্দুর্লক্ষ্যত্বং। অবিরলৈ র্নিবিড়ৈরিতি দুষ্প্রবেশত্বং। সুরভিত্বাৎ শৃঙ্গারোদ্দীপকত্বং চ ১৮।

তুমি আমার বদনপদ্মের পরিমলে উন্মত্ত হইয়া আমার পতিসেবার বিঘ্ন জন্মাইতেছ কেন? হে কলরুত! তুমি যদি তৃষ্ণা বশতঃ ব্যগ্র-চিত্ত হইয়া থাক, তবে অগ্রে অবিরল পুষ্পসমূহ দ্বারা পাণ্ডুবর্ণ পুন্নাগ কুঞ্জ রহিয়াছে, তথায় গমন করিলে অবশ্য তোমার তৃষ্ণার উপশম হইবে।

উল্লিখিত উদাহরণের তাৎপর্য্য এই যে—

শ্রীরাধা কৃষ্ণপ্রেরিতা দূতীকে অবলোকন করিয়া ভ্রমর উপলক্ষে কহিলেন, সখি! শ্রীকৃষ্ণ অতি মত্ত হইয়াছেন, তাঁহার স্থানাস্থান বিচার নাই গুরুগৃহের সমীপবর্ত্তি উদ্যানে কি প্রকারে বিলাস সম্পন্ন হইবে, আমি গুরুজনকে পাতিব্রত্যধর্ম্ম প্রদর্শন করিতেছি, তাঁহারা আমার প্রতি অতিশয় বিশ্বস্ত চিত্ত আছেন, বারম্বার মুরলীরব করিলে যদি তাঁহারা জানিতে পারেন তাহা হইলে সুমহান্ অনর্থ উপস্থিত হইতে পারে অতএব এস্থান হইতে দূরবর্ত্তী পুন্নাগকুঞ্জে গমন করুন, আমি শীঘ্র তথায় উপস্থিত হইব। ইত্যাদি ভঙ্গীদ্বারা তাহার প্রতি সঙ্কেত করা হইল॥ ১৮॥

অথ গোহান্তস্মরতল্পজা যথা—

শ্রমজলনিবিড়াং নিমীলিতাক্ষীং
শ্লথচিকুরামনধীনবাহুবল্লীং ।
মুদিতমনসমস্মৃতান্যভাবাং
রতিশয়নে নিশি রাধিকাং স্মরামি ।১৯ ॥

মানে কোমলা যথা—

প্রাণাস্ত্বমেব কিমিব ত্বয়ি গোপনীয়ং
মায়ায় কেশিমথনে সখি নাস্মি শঙ্কা ।

লোচনরোচনী টীকা

শ্রমজলনিবিড়াদিতি　শ্রীকৃষ্ণস্য ভাবনাবচনং কিন্তু সোঽপি কাং স্মরামীত্যেব পাঠঃ । মুরজিদমূং নহি বিস্মৃতিং নিনায়　ইতি পাঠে স্বয়মস্য ভাবনাময়ং বচনং　১৯ ।

কেশিমথন ইতি পূর্ব্বগ্রন্থে স্থাপিতায়ামত্রাপি স্থাপয়িষ্যমাণায়াং দ্বারকাতঃ সমাগমাৎ

আনন্দচন্দ্রিকা টীকা

কিং ধ্যায়সীতি সুবলেন পৃষ্টঃ কৃষ্ণ আহ শ্রমেতি　অত্র শ্রমজলানাং নৈবিড্যং চিকুরাণাং শ্লথত্বং বাহুবল্ল্যা দৌর্বল্যঞ্চ সুরতান্তং বানক্তি　ন ত্বতোঽন্যস্য বিষয়াশ্রয়োদ্দীপনাদের্ভাবা ভাবনা যস্যা ইতি　রতিসুখবিশেষ মুভাবা মূর্চ্ছায়ামপি বর্ত্তমানস্তস্যা মুখমাধুর্য্যাত্তদানীমবগত ইতি জ্ঞেয়　অত্র মুদিতমনসমিত্যাপৃষ্টার্থবং বক্তুঃ প্রেমবত্ত্বানুলাপগরবশাৎ সোঢ়ব্যং　সচ চিরান্দ্বিষয়ককামাদিসন্তপ্তমনাঃ সা স্মরতেন ময়াদ্য মুদিতমনাঃ কৃতা ইত্যতঃ কৃতার্থোঽস্মীতি স্বাভিপ্রায়ো দর্শ রময় ইতি　১৯

শ্রীরাধা ললিতাং প্রত্যাহ প্রাণা ইতি । কেশিমথন ইতি কেশিবধাদুত্তরকালভবৈব

চিন্তাকুল শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া সুবল জিজ্ঞাসা করিলেন, সখে ! কি ধ্যান করিতেছ ? শ্রীকৃষ্ণ কহিলেন, বন্ধো ! গত নিশায় রতি শয়নে শ্রীরাধা রতিক্রীড়ায় ক্লান্ত হইলে তাঁহার অঙ্গপ্রত্যঙ্গসকল শ্রমজলে ক্লিন্ন, লোচনদ্বয় নিমিলীত, কেশপাশ (খোঁপা) আলুলায়িত ও বাহুলতা বিবশ হইয়াছিল, তথাচ তাঁহার মনোমধ্যে আনন্দ হয় নাই, কিন্তু অন্যান্য ভাব সমুদায়ই বিনষ্ট হইয়াছিল, আমি কেবল তাঁহাকেই অনুধ্যান করিতেছি　১৯ ॥

মানে কোমলা যথা—

শ্রীকৃষ্ণ দ্বারকা হইতে বৃন্দাবনে সমাগত হইলে ললিতা শ্রীরাধাকে

এহি প্রযাব রবিজাতটনিষ্কুটায়
কল্যাণি ফুল্লকুসুমাবচয়চ্ছলেন ॥
মানে কর্কশা যথা বিদগ্ধমাধবে।
মুধা মানোন্মাহাদুপ্তপয়সি কিমঙ্গানি কঠিনে
রুষং ধৎসে কিম্বা প্রিয়পরিজনাভ্যর্থনবিধৌ।

লোচনরোচনী টীকা

পরত্র জাতায়াং লীলায়াং সম্ভবতি কেশিমথাস্তসঙ্কায়ামেবাত্রুরাগমনেন ব্রজে মহাবৈয়গ্রা-

আনন্দচন্দ্রিকা টীকা

নন্তু তৎপূর্ব্বকালভবেয়ং লীলেতি নাশঙ্কাং বহূনি সন্তি নামানীত্যাদিনা নামকরণকাল এব গর্গেণ তত্রৈব বালিকান্যেব নামানি শ্রীব্রজরাজং প্রতি উক্তানীতি কেশিমথন মুবদমন কংসহে-ত্যাদি নামভির্ব্রজস্থজনৈঃ সর্ব্বদৈব স উচ্যতে অত্র পদ্যে পূর্ব্বার্দ্ধস্থানেন এ সক্তং মুগ্ধাত্বং কিঞ্চিৎপ্রগল্ভবচনেন মধ্যাধর্ম্মেণ ধারয়ন্নাহ এহীতি। এ যাবেতি অনভিপ্রেতং মানং শিক্ষ-য়ন্ত্যপি সে ত্বমেব এ ণাঃ অন্যথা কয়াচিদন্যয়ৈব সখ্যা ত্বাং বঞ্চয়িত্বা তগহমভিসরিষ্যামীতি ভাবঃ নন্থ কিং স্থিরতং ভিক্ষিতুং তৎসমীপং যাসি, নৈবং নৈবং, রুষতীং বাচমবোচ ইত্যাহ কল্যাণীতি।

বিশাখা শ্রীরাধামাহ মুধেতি উন্নাহাৎ উদ্গারাৎ অঙ্গানীতি স্বস্মৈ দুঃখং দদাসি প্রিয়-পরীতি সখীভ্যঃ তাম্যতীতি স্বকান্তয় নন্থ স্বয়ং কৃতং মানং স্বয়ং এব কথং হাতুং

কহিলেন, প্রিয়তমে! শ্রীকৃষ্ণের সহিত আলাপ না করিয়া মান প্রকাশ করিও, এইরূপ শিক্ষা প্রদান করিলেও শ্রীরাধা কহিলেন, ললিতে! তুমি আমার প্রাণসমা, তোমাতে কোন বিষয়ই গোপন নাই, কেশি-মথন শ্রীকৃষ্ণের প্রতি মান করিতে আমি সমর্থা হইব না, অতএব হে কল্যাণি! আমরা দুই জনে ভানুজা যমুনার তটবর্ত্তি উদ্যানে কুসুম চয়ন চ্ছলে প্রস্থান করি।

মানে কর্কশা যথা—বিদগ্ধমাধবে।

বিশাখা বৃষভানুজাকে কহিলেন, হে কঠিনে! তুমি বৃথা মান উদ্গার করিয়া আপনার শরীর শীর্ণ করিতেছ কেন? কেনই বা প্রিয় পরিজনবর্গের অভ্যর্থনা বিধিতে রোষ প্রকাশ করিতেছ? ঐ দেখ

প্রকামং তে কুঞ্জালয়গৃহ° তিস্তাম্যতি পুরঃ
কৃপালক্ষ্মীবন্তং চটুলয় দৃগন্তং ক্ষণমিহ
ত্রিধাসৌ মানবৃত্তেঃ স্যাদ্ধীরাধীরোভয়াত্মিকা।

তত্র ধীরমধ্যা।

ধীরা তু বক্তি বক্রোক্ত্যা সোৎপ্রাসং সাপসং প্রিয়ং ২০ ॥

যথা—

লোচনরোচনী টীকা

জননাৎ। তদেবমন্যত্রাপি জ্ঞেয়ং　নন্থ সপত্ন্যাস্তু পহসিষ্যন্তীতি তত্রাহ এহীতি
তত্র ধীরমধ্যাং বক্তুং মধ্যায়া লক্ষিতত্বাৎ মধ্যামাত্রং লক্ষয়তি ধীরা ত্বিতি ২০

আনন্দচন্দ্রিকা টীকা

প্রভবাণীত্যত আহ কৃপেতি　ইহ প্রণতিপরে প্রিয়ে কৃপাসম্পত্তিপূর্ণং নেত্রান্তং চটুলয় কিঞ্চিচ্চঞ্চলীকুরু বহিঃ প্রসর্ত্তুমাজ্ঞাপয় মা রুন্ধীতি কলহান্তরিতাত্বং তে জ্ঞাত্বৈব ময়ৈব মুচ্যসে ইতি ধ্বনিঃ

মানবৃত্তে র্মানবৃত্তিং প্রাপ্য। তত্র ধীরেত্যেবমেব বক্তব্যোঽপি ধীরমধ্যা অথাধীরমধ্যা-ত্যাদিষু মধ্যাদিপদোপন্যাসঃ সুখবোধনার্থঃ, মধ্যাদেরনুবৃত্ত্যৈব প্রাপ্তত্বাৎ

সোৎপ্রাসং উৎকর্ষেণ উৎকর্ষকথনেনৈব প্রাপ্যতে তিরস্ক্রিয়তে অনেনেতি উৎপ্রাসঃ সোল্লুণ্ঠহাসস্তদ্বিশিষ্টং যথা স্যাত্তথা ২০।

তোমার অগ্রে কুঞ্জালয় গৃহ° তি অত্যন্ত ক্লিষ্ট হইতেছেন, অতএব প্রণতিপরায়ণ প্রিয়তমের প্রতি কৃপাসম্পত্তি পূর্ণ দৃগঞ্চল (কটাক্ষপাত) কিঞ্চিৎ চঞ্চল কর অর্থাৎ উহাঁকে যাইতে অনুমতি দাও, রুদ্ধ করিয়া রাখার প্রয়োজন কি ?

মানপ্রাপ্তা নায়িকা তিন প্রকার হয়, ধীরা, অধীরা এবং ধীরাধীরা।

অথ ধীরমধ্যা।

যে নায়িকা সাপরাধ প্রিয়কে উপহাস সহ বক্রোক্তি প্রয়োগ করে তাহাকে ধীরা কহা যায় ॥ ২০ ॥

যথা—

স্বামিন্ যুক্তমিদং তবাঞ্জন লব ব্যাপ্তৈঃ সর্ব্বতঃ
সংক্রান্তৈস্তু ধৃতং নীলরুচিরং যচ্চন্দ্রলেখা ধৃতিঃ ।

লোচনরোচনী টীকা

স্বামিন্নিত্যত্র স্বামিন্নিতি হলন্তো পুং ইতি হলাদিঃ কিং ব্যবসায়স্তুরচত্বাৎ তেন প্রৌঢ়োদাত্তারুণ্যস্য ব্যক্তত্বং যথা স্যাৎ বাক্যান্তরে দিক্ষু স্পষ্টমেবোক্তি শীর হরু কিমিদং যুক্তমিত্যত্রাহ যচ্চন্দ্রেতি ২১

আনন্দচন্দ্রিকা টীকা

খণ্ডিতা শ্রীরাধা শ্রীকৃষ্ণমাহ স্বামিন্নিতি, হে পুংসাং রতে শ্রেষ্ঠা পক্ষে হে গোপেতা-বৈদগ্ধ্যং শ্লেষেণ প্রতিনায়িকায়াঃ পুংত্বং বহুবচনেন তৎসখীনাং রতে ইতি নায়কস্য চ সূচিতং । স্বস্যা তন্নিন্দনাং শৃঙ্গারবন্ধ ভঙ্গত্বেন দোষত্বং কৃষ্ণস্য দিক্ষু পুংশব্দপ্রয়োগাৎ প্রগল্ভ বচনত্বং শিষ্টোক্তিত্বাৎ প্রগল্ভাতস্যা কিঞ্চিদূনং তেন স্বস্যা ধীরত্বঞ্চ ব্যঞ্জিত যচ্চন্দ্রলেখা-ধৃতিস্তদিদং যুক্তং অতিশয়ে ক্ত্যা নখাঙ্কাবলং সম্ভোগচিহ্নপরীতাসূচকং ব্যাপ্তঃ সর্ব্বাঙ্গে-ষিতি অঞ্জনলিক্তকোরধরালক্তকাদিনা ঔচিত্যোহপি যৎ সর্ব্বাঙ্গলগ্নং তত্তদীয়াঙ্গানাং তব ও ত্যজস্পর্শে ঔৎসুক্যং সূচয়তি আতো ভ্রমেনাগাং সর্ব্বাঙ্গেষু সর্ব্বদৈব ধর্ত্তুমুচিতেত্যাহ

খণ্ডিতা অবস্থাপন্নতা শ্রীরাধা শ্রীকৃষ্ণকে কহিলেন, হে স্বামিন্! সর্ব্বত্র সংক্রামিত কজ্জল সহ অলক্ত দ্রবদ্বারা যে নীললোহিত তনু ধারণ করিয়াছ, ইহা তোমার উপযুক্ত বটে, যে হেতু অঙ্গমধ্যে চন্দ্র-রেখা ধারণ দেখিতেছি, কি কষ্ট! হে পশুপতে! তুমি দেহার্দ্ধে দয়িতা বহন পূর্ব্বক যে আগমন কর নাই, এই একটী কেবল তোমার ত্রুটি দেখিতেছি ।

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে, শ্রীকৃষ্ণ রজনীযোগে চন্দ্রা-বলীর সহিত ক্রীড়া করিয়া প্রাতে শ্রীমতীর সমীপে আগমন করিলে তাঁহার অঙ্গে কজ্জলচিহ্ন, তাম্বূল রাগ, সিন্দূর ও নখক্ষত সকল প্রকাশ পাইতেছিল, শ্রীরাধা অবলোকন করিয়া উপহাস পূর্ব্বক বক্রোক্তি-প্রয়োগ করত কহিলেন, আহা! এ যে নীললোহিত রুদ্রমূর্ত্তি দেখি-তেছি, উৎকৃষ্ট বেশ হইয়াছে, কিন্তু রুদ্রাণীকে সঙ্গে আন নাই কেন,

একং কিন্ত্ববলোচয়ামমুচিতং হুংহো পশূনাং পতে
দেহার্দ্ধে দয়িতাং বহন্ বহুমতামত্রাসি যন্নাগতঃ
অথাধীরমধ্যা
অধীরা পরুষৈর্বাক্যৈর্নির্ভেদ্যোদ্বল্লভং রুষা ॥ ২১

যথা—

উত্তুঙ্গস্তনমণ্ডলীসহচরঃ কণ্ঠে স্ফুরন্নেষ তে
হারঃ কংসরিপো ক্ষপাবিলসিতং নিঃসংশয়ং শংসতি

লোচন-রোচনী টীকা

উত্তুঙ্গেত্যত্রাপি অধীরাত্বাদিদ্বয়ং পূর্ব্ববৎ বিবেচনীয়ং এবমুত্তরত্রাপি কংসরিপো ইতি পূর্ব্ববৎ ২২

আনন্দচন্দ্রিকা টীকা

একমিতি তেন পশুপতিভক্তাং মাং স্বতার্থীকর্ত্তুং পশুপতিশ্চন্দ্রার্দ্ধং ভূষণে লীলয়োহিত স্তমেবায়াতোঽসি অর্দ্ধনারীশ্বরো ভূত্বা চেৎ স্বং অদর্শয়িষ্যস্তদাহং পূর্ণমনোরথৈবাভবিষ্যামিতি ভাবঃ

পরুষৈর্বৈক্যৈরিতি ধৈর্য্যাভাবাদ্বক্রোক্তিবৈদগ্ধ্যস্য সমুত্থানানবকাশাৎ স্পষ্টৈরেব কঠোরৈরিত র্থঃ ২১

উত্তুঙ্গেতি এষ তে হারঃ স্তনসঙ্গী স্তনগন্ধী কুঙ্কুমাভাক্তত্বাদিতি মন্নাসানেত্রাভ্যামেব নিশ্চীয়ত ইতি ভাবঃ নাত্র কোঽপি সন্দেহ ইত্যাহ ক্ষপেত্যাদি হে কংসরিপো ইতি। যথা তব বৈরী কংসো মথুরায়াং বর্ত্ততে তথ সাপি মদ্বৈরিণী গোষ্ঠমধ্যেএবেতি মদসহিষ্ণুতায়াঃ কারণং স্বমুভবেনৈব জানীহীতি ভাবঃ কিঞ্চ ত্বং প্রেমগন্ধেনাপি শূন্যাং তাং মনসা প্রেমবতীমেব

তাহা হইলেই উপযুক্ত হইত, অতএব তুমি পশুপতি অর্থাৎ প্রধান পশু, আমার সমক্ষে এই প্রকার রূপ ধারণ করিয়া আসিতে লজ্জা বোধ হইল না! যাও যাও আর এখানে আসার প্রয়োজন নাই।

অথ অধীরমধ্যা

যে নায়িকা রোষ প্রকাশ পুরঃসর বল্লভকে নিষ্ঠুর বাক্য প্রয়োগ করে তাহাকে অধীরা কহা যায় ॥ ২১ ।

যথা—

অহে কংসরিপো! তুমি আর মিথ্যা কথারূপ ক্ষুদ্রঘণ্টিকার ঝঙ্কার করিও না, ধূর্ত্ত আভীর বধূগণ তোমার বুদ্ধি ভ্রষ্ট করিয়াছে,

ধূর্ত্তাভীরবধূপ্রতারিতমতে মিথ্যাকথাঘর্ঘরী-
ঝঙ্কারোন্মুখর প্রযাহি তরসা যুক্তাত্র নাবস্থিতিঃ

অথ ধীরাধীরমধ্যা।

ধীরাধীরাতু বক্রোক্ত্যা সবাষ্পং বদতি প্রিয়ং ২২

আনন্দচন্দ্রিকা টীকা

জানাসীত্যাহ ধূর্ত্তা আভীরবধূস্তয়া প্রতা রতা কুটকার্য্যাপ্যায়েন স্বকামস্যৈব হেয়ত্ব-খ্যাপনয়া বঞ্চিতা মতি র্যস্য কিঞ্চ। তয়া যথা ত্বং মিথ্যাভাবদর্শনয়া প্রতারিতস্তথা ত্বয়াপি ত্বাং বিনা স্বপ্নেঽপ্যন্যাং ন জানামীত্যাদি মিথ্যাকথাভিরহং প্রতারয়িতুং প্রাপ্ত ইত্যাহ মিথে তি ঘর্ঘরী ক্ষুদ্রঘণ্টিকা ন হ মিথ্যাকথাঘণ্টা ঝঙ্কারেণ মৎসখ্যুক্তপ্রতিনায়িকায়ংরূপসত্য-কথাবজ্রাঘাতেন আচ্ছাদিতো ভবতীতি ভাবঃ পূর্ণবদাপি কিঞ্চিৎপ্রস্তোক্তির্মধ্যা ব্যঞ্জিকা

বক্রোক্ত্যেতি ধীরাধর্ম্মঃ সবাষ্পত্বাধীরাধর্ম্মঃ সমধীরাধর্ম্মো হি প্রকাষাক্তিরুক্ত। স্ত্যং অয়ত্র বিবেকঃ প্রস্তাব বেষম পূর্ণত্বস্তদনঙ্গ মুখ্যং কার্য্যমুদয়তে মধ্যা রোষস্য অপূর্ণত্বাদ্মধ্যমং কার্য্যং পরুষোক্তিঃ মুখ্যায় রোষস্যাল্পত্বাৎ কনিষ্ঠং কার্য্যং রোদনমেব তত্র ধীরমধ্যায়াঃ প্রকাষোক্তি ধূর্ত্তাচ্ছাদিতা সোৎপ্রাসবক্রোক্তিরূপে পরিণতেতি অধী-রায়া ধৃত্যভাবাৎ শুদ্ধৈব প্রকাষোক্তিঃ ধীরাধীরায়াস্তু ধৃত্যধৃত্যো র্যৌগপদ্যেন সম্ভবসম্ভবাৎ ধীরত্বাধীরত্বয়োরসম্পূর্ত্তিমেব ব্যাখ্যেয়ং তেন ধীরাধীরা দ্বিধা ভিদ্যতে ধীরতাংশাধিক্যা অধীরতাংশাধিক্যা চ। তত্র প্রথমায়া ধীরত্বাধিক্যাৎ ধীরাধর্ম্মঃ বক্রোক্তিঃ কেবলৈব ধীর-ত্বস্যাসম্পূর্ণত্বাৎ নতু সোৎপ্রাসা। অধীরাত্বস্য অল্পত্বাৎ অধীরাধর্ম্মোঽপ্যল্পঃ পারুষারহিতে-রোক্তিঃ কিঞ্চ, অধীরত্বাংশেঽপি রোষলক্ষণস্যাবশ্যং সম্ভাবিত্বাৎ কেবলোক্তৌ চ তদসম্ভ-বাৎ তাড়নপারুষয়োশ্চাপ্রাপ্ত্যা পারিশেষ্যাৎ কনিষ্ঠরোষলক্ষণং বাষ্প এব লভ্যতে। নচ মুগ্ধালক্ষণসাঙ্কর্য্যং মুগ্ধায়াং কেবল এব বাষ্পঃ অত্র তু বাষ্পসহিতোক্তিরিতি দ্বিতীয়া তু অত্রো উদাহরিষ্যতে ধীরাধীরায়াস্তু ধৃত্যা বক্রোক্তিরেব কেবলা নতু সোৎপ্রাসা অয়তেঃ

উচ্চকুচের সহচর-হার তোমার গলদেশে দোদুল্যমান হইয়া রজনী-বিলাস প্রকাশ করিতেছে, অতএব শীঘ্র প্রস্থান কর, এস্থানে অবস্থিতি উপযুক্ত নয়, ।

অথ ধীরাধীরমধ্যা ॥

যে নায়িকা অশ্রুবিমোচন পূর্ব্বক প্রিয়তমের প্রতি বক্রোক্তি-প্রয়োগ করে, তাহাকে ধীরাধীরা কহা যায় ॥ ২২ ॥

যথা—

গোপেন্দ্রনন্দন ন রোদয় যাহি যাহি

লোচনরোচনী টীকা

অনেনেতি যাবকপঙ্কমঙ্গুল্যা নির্দ্দিশ্যতে। নতু সমাসেন গুণীভূতং তদাকৃষ্যতে। তস্মা-

আনন্দচন্দ্রিকা টীকা

সত্বাৎ তথা অধৃত্যা রোদনমেব কনিষ্ঠং কার্য্যং নতু পরযোক্তি ধৃতেঃ সত্বাৎ ধৃতিশব্দেনাত্র গাম্ভীর্য্যমুক্তং ২২

শ্রীরাধা এহি গোপেন্দ্রেতি মাদৃশো রুদিত্বা রুদিত্বা ম্রিয়ন্তাং নাম মহারাজপুত্রস্য শতকোটিকোটিকামিনীবল্লভস্য তব কা ক্ষতিরিতি ভাবঃ ন রোদয় যাহি যাহি ইতি ত্বয়ি গতে সতি ত্বাং বিস্মর্ত্তুং যত্নোঽপি মে কর্ত্তুং শক্যো ভবিষ্যতি নতু ত্বয়ি সাক্ষাদ্দৃষ্ট এবেতি ভাবঃ। মদপরাধং ক্ষমস্বেতি প্রণমন্তং তং প্রত্যাহ সা তে ইত্যাদি মাং প্রসাদয়ন্তং ত্বাং সা যদি শ্রোষ্যতি তদা রুষং বিধাস্যতি অতঃ সৌহৃদেন ত্বাং হিতমুপদিশামি মৎপ্রসাদে-নালং অহমরুষ্টৈবাস্মি কিঞ্চ ন শ্রোষ্যতীতি ন বক্তব্যং যতঃ সা তে হৃদয়াধিদেবী হৃদয় এব অধিকৃত্য মমৈবৈতৎ নান্যস্যা ইতি স্বত্বং সমর্প্য দীব্যতি বিরাজতে অতঃ শৃণোতীত্যপ-বাধস্তে জাত এবেতি ভাবঃ। কিঞ্চান্যোঽপি মহাপরাধস্ত্বয়ি প্রকটং দৃশ্যতে তমপি মার্জয়ে-ত্যাহ স্বনস্তকুসুমাল্যেন হৃতশ্চোরিতো যাবকপঙ্কো যস্য তথাভূতমস্যাঃ পাদদ্বয়ং অনেন মৌলিস্থমালাযাবকপঙ্কেনৈব পুনর্ভূষয়েতি স্বয়ং চোরিতস্য বস্তুনঃ স্বয়মেব তৎস্থানে সম-র্পণমেব হ্যস্যামিতি ভাবঃ মাং কিং প্রসীদসি তৎপাদয়োরেব পুনঃ পুনঃ পতেতি ভাবঃ। অত্র হৃদয়াধিদেবত্বস্যা অপরোক্ষত্বপ্রতিপাদনাৎ অস্যা ইতি ইদমশব্দপ্রয়োগো নানুপপন্নঃ তথাত্র বহুব্রীহিসমাসগুণীভূতস্য যাবকপঙ্কপদস্য অনেনেত্যনেন পরামর্শো ন সঙ্গচ্ছত ইত্যভবন্মতযোগনামা দোষঃ স্যাদিতি ব্যর্থান্তরং চিন্ত্যং তচ্চ যথা স্বমৌলিমাল্যেন হৃতং যাবকপঙ্কং বিভূষয় বিশিষ্টভূষাং কুরু মাল্যাদ্য বকপঙ্কমুত্তার্য্য স্বমৌলিলগ্নং কুর্ব্বি-ত্যর্থঃ। চোরিতস্য দুর্ল্লভবস্তুনো ঝটিতি ভোগার্থমেব বিনিযোক্তুং যুক্তত্বাদিতি ভাবঃ পুনরনেন যাবকপঙ্কেন স্বমৌলিলগ্নেন অস্যাঃ পাদদ্বয়ং বিভূষয় অপরাধক্ষমাপণার্থং প্রসীদ বা সম্ভোগমাত্রার্থিনীং তাং কামিনীং সংভুঙ্ক্ষ্ব বা। উভয়োরেব মৌলিপাদশ্লেষসম্ভবাদিতি ভাবঃ চোরিতস্য বস্তুনঃ কিঞ্চিৎকালভোগেন পুনস্তৎস্বামিনে স্বয়ং প্রত্যর্পণেন চ ভোগঃ সিদ্ধ্যতি অধর্মশ্চ তাবন্ন ভবতীতি ধ্বনিতং অত্র পুনঃশব্দবলাদ্ভূষয়েত্যস্যাবৃত্তি র্নানুপপন্না অনে-নেতি যাবকপঙ্কমঙ্গুল্যা নির্দ্দিশ্যতে নতু সমাসেন গুণীভূতং তদাকৃষ্যতে তস্মাৎ অভবন্মত-যোগনামা দোষোনাশঙ্কনীয় ইতি শ্রীজীবগোস্বামিচরণাঃ। ২২।

যথা—

শ্রীরাধা কহিলেন, অহে গোপেন্দ্রনন্দন! যাও যাও, মাদৃশ জনকে

স তে বিধাস্যতি রুষং হৃদয়াধিদেবী।
ত্বন্মৌলিমাল্যহৃত-যাবকপঙ্কমস্যাঃ
পাদদ্বয়ং পুনরনেন বিভূষয়াদ্য

যথা বা—

তামেব প্রতিপদ্য কামবরদাং সেবস্ব দেবীং সদা।
যস্যাঃ প্রাপ্য মহাপ্রসাদমধুনা দামোদরামোদসে।
পাদালক্তচিতং শিরস্তব মুখং তাম্বূলশেষে জ্বলৎ
কণ্ঠশ্চায়মুরোজকুট্মলস্থনির্ম্মাল্যমাল্যাঙ্কিতঃ।

লোচনরোচনী টীকা।

দত্তসম্মতযোগনামা দোষো নাশঙ্কাঃ। ত্বন্মৌলিনা হৃতমং কপঙ্কমস্যাস্তস্যা বিভূষয় পুনস্ত্বমমু অনেন ইতি ঠস্য স্পষ্টঃ ২৩॥

অনন্দচন্দ্রিকা টীকা।

ধীরাধীরাহি শীলতাংশাধিকা অধীরতাংশাধিকেতি দ্বিবিধা সম্ভবতীতি তত্র পূর্ব্বা উদাহৃতা উত্তরামুদাহর্ত্তুমাহ যথা বেতি কামবরদাং নতু প্রেম্ণামুপরিবেষয়িত্রীমিতীয়ংপরুষোক্তিরধীরতাংশাধিক্যেন। অতএব কনিষ্ঠাগণস্য বাম্যতা নাভাবঃ। প্রতিপদ্য স্বাত্মার্পণং নাশ্রিত্য সদেতি চেবনে অবাথকালত্বমুপদিষ্টং তচ্চাত্র ক্ষণমাত্রস্থিত্যাপি ন ভবেদিতি ভাব

আর রোদন করাইও না, তুমি যদি এস্থানে অধিকক্ষণ অবস্থিতি কর, তাহা হইলে তোমার হৃদয়াধিষ্ঠাত্রী দেবী রুষ্টা হইবেন, তোমার শিরোভূষণ মাল্যদ্বারা তাঁহার চরণ পঙ্কজের অলক্তক রাগ যে অপহৃত হইয়াছে, তদ্দ্বারা অদ্য পুনর্ব্বার তাঁহার পাদদ্বয় বিভূষিত কর। অর্থাৎ আমার চরণে প্রণত হইলে কি হইবে, তাহারই পদে পতিত হইয়া পুনঃ পুনঃ প্রণাম কর।

যথা বা—

শ্রীরাধা কহিলেন, হে দামোদর! যাঁহার চরণসংলগ্ন লাক্ষারস, ভুক্তাবশিষ্ট তাম্বূল, কুচকুট্মলান্তর্গত নির্ম্মাল্যমাল্য ইত্যাদি মহাপ্রসাদ প্রাপ্ত হইয়া আপন মস্তক মণ্ডিত, মুখমণ্ডল উজ্জ্বল ও কণ্ঠ বিভূষিত করিয়া আমোদপর হইয়াছ, সেই কামবরদাত্রী দেবীর শরণা-

মধ্যৈব রসোৎকর্ষো মধ্যায়ামেব যুজ্যতে।
যদস্যাং বর্ত্ততে বাক্যা মৌগ্ধ্যপ্রাগল্‌ভ্যয়োর্যুতিঃ। ২৩।

অথ প্রগল্‌ভা।

প্রগল্‌ভা পূর্ণতারুণ্যা মদান্ধোরুরতোৎসুকা।
ভূরিভাবোদ্গমাভিজ্ঞা রসেনাক্রান্তবল্লভা।

লোচনরোচনী টীকা।

প্রগল্ভেতি নন্থ উরুরতোৎসুকত্বাৎ সম্ভোগেচ্ছাসাম্যেবেয়ং রতিঃ স্যাৎ এষা চ পূর্ব্বগ্রন্থে ৮বৎবত্র চ তত্তদ্ভাবেচ্ছাত্মনঃ সকাশাদ্যূনৈবোক্তা সৈবিদ্ধা এব চাত্রোদাহরণমিষ্টং ব্রজদেবীনাং তুক্তবত্র। উচ্যতে রসেনাক্রান্তবল্লভেত্যুক্তেঃ প্রেমাত্মকরসেনৈব তদাক্রমণসম্ভবাৎ

আনন্দচন্দ্রিকা টীকা।

যুতি র্মিশ্রণং। তত্র প্রথমায়াং ধীরাধীরায়াং মৌগ্ধ্যলক্ষণমিশ্রণং স্পষ্টীভবতি দ্বিতীয়ায়াং তু প্রাগল্ভ্যলক্ষণমিশ্রণং অত্র রাধায়া মধ্যাত্বং ধীরাধীরাত্বঞ্চ স্বাভাবিকো ধর্ম্মঃ কেচিত্তু ধীরাত্বমধিত্রয়মপি স্বাভাবিকমেব মানতারতম্যাদুদয়তে। যাহি মাধব যাহি কেশব মা বদ কৈতব-

পন্ন হও এবং সর্ব্বদা তাঁহারই সেবা কর, তাঁহা হইতেই তোমার অভীষ্টসিদ্ধ হইবে॥

মধ্যানায়িকায় সকল রসেরই উৎকর্ষ উপযুক্ত, যেহেতু মধ্যায় মুগ্ধা ও প্রগল্‌ভা এই দুইয়েরই মিশ্রণ আছে।

শ্রীরাধার মধ্যাত্ব ও ধীরাধীরাত্ব স্বাভাবিক ধর্ম্ম, কেহ কেহ কহেন ধীরাদি তিনটীই শ্রীরাধার স্বাভাবিক ধর্ম্ম, মানের তারতম্য বশতঃ সময়ে সময়ে উদয় হইয়া থাকে। যথা-গীতগোবিন্দে খণ্ডিতা প্রকরণে (যাহি মাধব যাহি কেশব, মা বদ কৈতববাদং) ইত্যাদি স্থলে অধীরাত্বেরও উদাহরণ হইয়াছে। ২৩॥

অথ প্রগল্‌ভা॥

যে নায়িকার পূর্ণযৌবন, মদান্ধত্ব, বিপরীত সম্ভোগে ঔৎসুক্য ভূরি ভূরি ভাবোদ্গমে অভিজ্ঞতা, রসদ্বারা বল্লভকে আক্রমণকারিতা, তথা অতিশয় প্রৌঢ়চেষ্টা এবং মানবিষয়ে কার্কশ্য, এই সমস্ত গুণ-

অতিপ্রৌঢ়োক্তচেষ্টাঢ্যো মানে চাত্যন্তকর্কশা ২৪।

তত্র পূর্ণতারুণ্যা যথা—

মুষ্ণাতি স্তনযুগ্মগর্ভমুপতেঃ কুম্ভস্থলীবিভ্রমং
বিস্তারঞ্চ নিতম্বমণ্ডলমিদং বেণ্বঃশ্রিয়ং লুণ্ঠতি
দ্বন্দ্বং লোচনয়োশ্চ লোলশফরী বিস্ফূর্জ্জিতং স্পর্দ্ধতে
তারুণ্যামৃতসম্পদা ত্বমধিকং চন্দ্রাবলি ক্ষালিতা

তথ মদাঘ্রা

নিষ্ক্রান্তে রতিকুঞ্জতঃ পরিজনে শয্যামবাপ্য ত্বাং

লোচনরোচনী টীকা

প্রেয়স্ত বল্লভস্থৈথকোদেশত্বাবল্লভস্থথাথমেবাস্যাঃ প্রযত্নস্তত্তদ্ভানেচ্ছা ময়োবাসাবিতি ২৪

বিস্ফূর্জ্জিতমাটোপঃ অত্র ধাত্বর্থলক্ষণে ভাবে কালাধ্বভাবদেশানি মিত্যাদিনা কর্ম্মত্বং

আনন্দচন্দ্রিকা টীকা

বাদমিত্যাদেবধীরত্বস্যাপি গীতগোবিন্দে দৃষ্টত্বাদিত্যাহুঃ ২৩ ২৪

শ্রীকৃষ্ণ আহ মুষ্ণাতীতি অভ্রমুপতেরৈরাবতস্য বোধঃশ্রিয়ং পুলিনশোভাং বিস্ফূর্জ্জিতমাটোপঃ। অত্র কালভাবাধ্বদেশানামন্তর্ভূতক্রিয়াস্তুরৈঃ। সর্ব্বৈরকর্ম্মকৈর্যোগে কর্ম্মত্বমুপজায়তে ইত্যনেন কর্ম্মত্বং গোদোহমাস্তে ইতিবৎ বিস্ফূর্জ্জিতং লক্ষীকৃত্য স্পর্দ্ধতে ইত্যর্থঃ

প্রাতঃ পৃচ্ছন্তীং ভদ্রাং প্রতি চন্দ্রাবল্যাহ নিষ্ক্রান্তেতি হে গোদালহর্য্যাং বিস্মারিতা আত্মনঃ

শালিনী নায়িকাকে প্রগল্‌ভা কহে ২৪ ॥

তন্মধ্যে পূর্ণতারুণ্যা যথা—

শ্রীকৃষ্ণ কহিলেন, হে চন্দ্রাবলি! স্বদীয় স্তনযুগ্মের গুরুতা সন্দর্শনে করীন্দ্র ঐরাবতের কুম্ভস্থলীয় বিভ্রম অপহৃত হইয়াছে, নিতম্বমণ্ডল এরূপ বিস্তৃত যে নদীর পুলিন শোভাকেও যেন লুণ্ঠিত করিয়া লইয়াছে, লোচনযুগল এরূপ চঞ্চল যে চঞ্চল শফরীদ্বয়ের বিস্ফূর্জ্জিতের অর্থাৎ আটোপের সহিত স্পর্দ্ধা করিতেছে, অতএব হে প্রিয়তমে! তুমি তারুণ্যামৃত সম্পদদ্বারা সমধিক ক্ষালিতা হইয়াছ ॥

অথ মদাঘ্রা ॥

ভদ্রা প্রাতে কুঞ্জবিলাসের বৃত্তান্ত জিজ্ঞাসা করিলে চন্দ্রাবলী

স্বৈরং গৌরি বিরংসয়া ময়ি দৃশং দীর্ঘাং ক্ষিপত্যচ্যুতে।
সদ্যঃপ্রোদ্যদুরুপ্রমোদলহরীবিস্মারিতাত্মস্থিতি-
র্নাহং তত্র বিদাম্বভূব কিমভূৎ কৃত্যং কিলাতঃ পরং। ২৫।

উরুরতোৎসুকং যথ —

উদঞ্চদ্বৈষাত্যাং পৃথুনখপদাকীর্ণমিথুনাং
স্খলদ্ধর্হাকল্পাং দলদমলগুঞ্জাগলিসরাং।

লোচনরোচনী টীকা

বিস্ফূর্জিতৈঃ স্পর্দ্ধত ইতি বা পাঠঃ　সঃ স্বৈরস্থিত্রে তৃতীয়া　২৫

বৈষাত্যাং ধার্ষ্টাং　অন্তস্থয়ধ্যাদং　ধৃষ্টো ধৃষ্ণুশ্চিয়াতশ্চেত্যাদয়ঃ। মণিতং রতিকূজিতং ২৬

আনন্দচন্দ্রিকা টীকা

স্থিতিরিতি তদানীং সন্দেহে আত্মা আসীদেবেতি সংপ্রতি তদুপলম্ভান্যথানুপপত্তে জ্ঞায়তে কিন্তু ময়া তদানীং প্রমোদলহর্ষ্যেব দৃষ্টা নত্বাত্মা নহি লহর্য্যাগ্রস্তং গুরুত্ববদ্বস্তু তদানীং লভ্যতে কিন্তু তয়া বহিঃ ক্ষিপ্তবে দেশান্তরে চ ভাগ্যবশাল্লভ্যত ইতি ভাবঃ　কৃত্যং ন বিদাম্বভূব ন জ্ঞাতবত্যাস্মীতি কৈমুত্যাদানীতং　২৫

উরুরতে উৎসুকেতি সমর্থরতিমতীনাং গোপীনামাসাং রতৌৎসুক্যাদিকমপি সর্ব্বং কৃষ্ণসুখার্থমেব ফলতীত্যুপরিষ্টাদ্ব্যাখ্যাস্যামঃ　পূর্ব্বগ্রন্থে চ কামরূপায়া এব সম্ভোগেচ্ছাময়ী তত্তদ্ভাবেচ্ছাস্বেতি দ্বৈবিধ্যমুক্তং দ্রষ্টব্যং যথৈবানুগানা ধার্ম্মিকত্বাধার্ম্মিকত্বাভ্যাং দৃষ্টাভ্যাং তদ্দৃষ্টেরাজ্ঞোঽপি ধার্ম্মিকত্বাধার্ম্মিকত্বে অবসীয়েতে　এবং কামানুগায়া দ্বৈবিধ্যদর্শনাৎ কামরূপায়া অপি দ্বৈবিধ্যমিতি　অতোঽস্যা নায়িকাত্বাৎ তাদৃশসম্ভোগাভিলাষঃ স্বকান্ততৃপ্তি প্রযোজনকো নানুপপন্ন ইতি

কহিলেন হে গৌরি! কুঞ্জভবন হইতে সখী সকল নিষ্ক্রান্ত হইলে অচ্যুত আমাকে শয্যা প্রাপ্ত করাইয়া স্বেচ্ছা পূর্ব্বক রমণেচ্ছায় আমার প্রতি দীর্ঘ দৃষ্টি নিক্ষেপ করেন তাহাতে তৎক্ষণাৎ এমত প্রমোদলহরী উপস্থিত হইল যে তদ্দ্বারা আমার আত্মস্মৃতি বিস্মৃতি হয়, অতএব হে ভদ্রে! অতঃপর সে স্থানে যে কি কার্য্য উপস্থিত হইয়াছিল আমি তাহা বিদিত নহি　২৫।

উরুরতোৎসুকা অর্থাৎ রতি বিষয়ে অতিশয় উৎসুকা॥

মঙ্গলা নির্জ্জনপ্রদেশে স্বীয় প্রাণসখীর প্রতি কহিলেন, প্রাণয়িনি!

মমানঙ্গক্রীড়াং সখি বলয়রিপীকৃতকরাং
মনস্ত্বামেবোচ্চৈ র্ণিতরসলীয়াং মৃগয়তে ২৬
ভূরিভাবোদ্গমাভিজ্ঞা।

যথা—

সাঁচিপ্রেক্ষণকদপাঙ্গশৃঙ্খলশিখ বিস্ফারিতভ্রূলতা।
সাকূতস্মিতকুট্মলাবৃতমুখী প্রোৎক্ষিপ্তরোমাঙ্কুরা।

লোচনরোচনী টীকা।

বন্ধুং বন্ধেন বশীকর্ত্তুং কৃষ্ণপক্ষে বন্ধেনেন বশীকর্ত্তুং ২৭

আনন্দচন্দ্রিকা টীকা।

মঙ্গলা প্রাণসখীং রহস্যাহ মম মনস্ত্বামেব নকুণ্ঠনীং অনঙ্গক্রীড়ং সদা মৃগয়তে। উদঞ্চৎ স্বয়মেব উদগচ্ছৎ বৈযাত্যং নায়কো নায়িকা নায়িকা নায়ক ইতি উদ্গমনে ধার্ষ্ট্যাৎ স্বাতন্ত্র্যমুক্ত্বা পুরুষায়িতত্বেঽপি স্বস্য দোষঃ পরিহৃতঃ ধৃষ্টো ধৃষ্টধিয়াতশ্চেতামরঃ। অঙ্কস্থগধ্যো যঃ নখপদানি নখাঙ্কাঃ মণ্ডিতং সুরতধ্বনঃ ২৬

বাসকসজ্জাং শ্যামলামভিসরন্তং শ্রীকৃষ্ণমারাদালোক্য বকুলমালা তৎপ্রিয়া তাং স্বগতমেব পরিহসন্ত্যাহ কৃষ্ণ এব হরন্তং শ্লেষেণ কৃষ্ণসারং বন্ধুং বন্ধং কর্ত্তুং শ্লেষেণ প্রিয়ং সাচি বক্রং যথা স্যাদেবং প্রেক্ষণং যোগেন অপাঙ্গএব শৃঙ্খলশিখ পাশকুণ্ডলিকাগ্রং যস্যাঃ সেতি

যে রতিক্রীড়ায় নায়ক নায়িকার পরস্পর বৈযাত্য অর্থাৎ বিপরীত স্থিতি (নায়ক নায়িকা ও নায়িকা নায়ক) ইত্যাদি ভাব স্বয়ং উদ্গত হইয়াছিল, আর যাহাতে উভয়েরই গাত্রে নখক্ষত, ময়ূরপুচ্ছ ও অঙ্গাভরণ সকল স্খলিত হয়, আর কাঞ্চাদি মণিমালা সকল দলিত এবং করন্যস্ত ভূষণে বিরহিত ও সুরতব্যাপারে শব্দ উদ্গত হয়, সতত আমার মনঃ সেই অনঙ্গক্রীড়ারই অন্বেষণ করিতেছে। ২৬

অথ ভূরিভাবোদ্গমাভিজ্ঞা।

অর্থাৎ এককালীন বিবিধ ভাবোদ্গমের অভিজ্ঞতা।

শ্যামলা বাসকসজ্জা অবস্থা প্রাপ্ত হইলে, অভিসারকারি শ্রীকৃষ্ণকে দূর হইতে অবলোকন করিয়া শ্যামলার প্রিয়তমা সখী বকুলমালা স্বগত পরিহাস করত শ্যামলাকে কহিল হে নমিতাঙ্গি! তুমি যে

কুঞ্জে গুঞ্জদলৌ বিরাজসি চিরাৎ কূজদ্বিপঞ্চীস্বরা
বন্ধুং বন্ধুরগাত্রি কৃষ্ণহরিণং শঙ্কে ত্বমাকাঙ্ক্ষসি ২৭

আনন্দচন্দ্রিকা টীকা

কাঞ্চিৎ সংভুজ্যোবায়াতোঽস্যোতাবতা বিলম্বেনৈবানুমীয়ত ইতীর্ষা বিতর্কৌ বিস্ফারিতে ভ্রূলতে যস্যাঃ সা ইতি সত্যমেব ব্রূষে গোসন্তালনার্থমেব বিলম্বোঽভূদিত সর্ব্বং তে জনায়েবেতি গর্ব্ব সূয়ে এবং মৃষামানাভাসেনৈব লব্ধাঙ্গং বিবর্ণং তং কাংস্যমালোক্য স কূতং যৎ স্মিতকুট্মলং যথা কৃত্রিমভাবেনৈবাঃং প্রতা বত ইতি ব্যঞ্জকং তেনাবৃতং মুখং যস্যাঃ সা ইত্যবহিত্থাশান্তিদয়োদ্গমৌ। ততশ্চ গতশঙ্কস্য তস্য মদভীষ্টং সুরতধনং তর্হি দেহীতি প্রার্থনামাকর্ণ্য প্রোৎক্ষিপ্তেতি রত্যাখ্যস্থায়িভাবোদ্বয়ঃ কূজন্ত্যা বিপঞ্চ্যা বীণায়া ইব স্বরো যস্যা ইতি সাম্প্রতং মে সুরতধনং গ্রন্থৌ নাস্তি কিন্তু বহু এব তুভ্যং সুরতং প্রদাতুং শ্রদ্ধাবত্যাঃ পালীরভূতয়ো বর্ত্তন্তে তদস্মাৎ কুঞ্জান্নিঃসৃত্য তাভ্যস্তদ্বাচস্বেত্যোৎসুক্যাচ্চালোথং নর্ম্ম অত্র ভ্রূলতা বিস্ফারণং স্বমুখাচ্ছাদনং চারব্ধরোম স্রুবনিক্ষেপো বিপক্ষীকারণশ্চ হরিণবন্ধনসাধনানি জ্ঞেয়ানি ততশ্চ তবাপ গ্রন্থৌ তং স্থ স্যত্যেব ভবতু স্বয়মেব নীবীগ্রন্থিমুদ্ঘাট্য পশ্যামি অস্ত নাস্তি বেতি শ্রীকৃষ্ণেন তথোপক্রম. কৃত ইতি জ্ঞেয়ং

বসাক্রান্তেতি আক্রমে ঽয়ং ময়া নিরতিশয়সম্ভোগরসেন সন্তর্পিতোঽয়ং মদ মধ্যপে তিষ্ঠত্বিত্যাশংসায়ো জ্ঞেয়ঃ ২৭

আপনার অপাঙ্গ শৃঙ্খল শিথিল, ঈষৎ বক্র ভ্রূলতা বিস্ফারিত, সাভিলষিত হাস্যকলিকাবৃত বদন, উদ্গত রোমাঙ্কুর এবং বীণাজিত কণ্ঠস্বর বিশিষ্ট হইয়া মধুকর-নিকর-গুঞ্জিত কুঞ্জে বহুক্ষণ যাবৎ বিরাজ করিতেছে ইহার কারণ কি? আমার মনে এই আশঙ্কা হইতেছে যে তুমি যেন কৃষ্ণহরিণকে আকর্ষণ করিবা

তাৎপর্য্য হরিণবন্ধনের উপকরণ যথা—

অপাঙ্গ শিখাশব্দে কর্ণস্থিত পাশা ও কুণ্ডল এই দুই সগ্রন্থি পশুবন্ধন রজ্জু, ভ্রূলতা বিস্ফারণ শব্দে মৃগবন্ধনার্থ জাল বিস্তার, আবৃত মৃগীর মর্ম্ম এই যে, আত্ম সংগোপন অর্থাৎ মৃগধারণার্থ ব্যাধ যেমন আপনার অঙ্গ সঙ্গোপন করে, তদ্রূপ, আর প্রোৎক্ষিপ্ত রোমাঙ্কুরা ইহার দ্বারা মৃগলোভনার্থ অঙ্কুর নিক্ষেপ, কূজদ্বিপঞ্চীস্বরা হেতুক হরিণ মুগ্ধকরণার্থ বীণা রব ইত্যাদি ॥ ২৭ ॥

রসাক্রান্তবল্লভা যথা—

অবচিনু কুসুমানি প্রেক্ষ্য চারুণ্যরণ্যে
বিরচয় পুনরেভি র্মণ্ডনান্যুজ্জ্বলানি
মধুমথন মদঙ্গে কল্পয় কল্পমেতৈ-

লোচনরোচনী টীকা।

অবচিনু কুসুমানীত্যাদিযু পণয়বিলাসসারমুদ্দেশ্যং নিজালঙ্করণস্য বাজগাং তাদৃশ্য-

আনন্দচন্দ্রিকা টীকা।

মঙ্গলাপহ্নে অবচিনু স্বয়মেব নতু জনান্তর দ্বারা তত্র হি চারুণি প্রেক্ষ্যেতি মৎপ্রসাধন যোগ্যানি তানি অন্যজনেনৈব নেতুং জানাতীতি ভাবঃ যুবতি ধৃতি তদ্দৃশং স্বদ্রচিতা কল্পং যুবতীর্দর্শিত্বা তাশ্চমৎকৃতিং প্রাপয়ামী তি ভাবঃ নায়িকায়া নিদেশে সদা স্থাতুমাগ্রহ-বান্নায়কশ্চেৎ সন্ততাশ্রবকেশবা নায়কঃ স্বনির্দ্দেশে স্থাপয়িতুমাগ্রহবতী চেৎ রসাক্রান্ত

অথ রসাক্রান্তবল্লভা।

অর্থাৎ নিরতিশয় সম্ভোগদ্বারা সন্তর্পিতাং হইয় কান্ত আমার বশ-বর্ত্তী হউন ইত্যাদি আকাঙ্ক্ষা।

মঙ্গলা কহিলেন, অহে মধুমথন! তুমি স্বয়ং রম্যকাননে গমন করিয়া উত্তমোত্তম কুসুম চয়ন করত তদ্দ্বারা অত্যুৎকৃষ্ট ভূষণ নির্ম্মাণ কর এবং সেই সকল পুষ্পাভরণে আমার অঙ্গ এমত অলঙ্কৃত কর যে যদ্দ্বারা যুবতীগণ মধ্যে আমার সৌভাগ্যভেরী অত্যর্থ শব্দায়মান হয়, অর্থাৎ স্বনির্ম্মিত আকল্প অবলোকন কর ইয়া যুবতীবৃন্দকে বিস্ময় প্রাপ্ত করাইব

উক্ত উদাহরণে রসাক্রান্তবল্লভা, সন্ততাশ্রবকেশবা ও স্বাধীন-ভর্ত্তৃকা এই তিনেরই সন্নিবেশ হওয়া সম্ভব বিধায় ভেদ প্রদর্শিত হই-তেছে। নায়ক যদি সতত নায়িকার নিদেশবর্ত্তী হইয়া অবস্থিতি করিতে আগ্রহান্বিত হন, তাহা হইলে সেই নায়িকাকে সন্ততাশ্রব-কেশবা বলে। আর নায়িকা যদি নায়কে আপনার আজ্ঞানুবর্ত্তী করিয়া রাখিতে আগ্রহান্বিতা হয়েন, তবেই সেই নায়িকাকে রসা-ক্রান্তবল্লভা কহা যায়। তথা অবস্থা বিশেষে নায়ক যদি নায়িকার

যুবতিষু মম ভীমং রৌতু সৌভাগ্যভেরী　২৮ ।
অতিপ্রৌঢ়োক্তি র্যথা পদ্যাবল্যাং
কাকুং করোষি গৃহকোণকরীষপুঞ্জ-
গূঢ়াঙ্গ কিং নন্বু বৃথা কিতব প্রয়াহি
কুত্রাদ্য জীর্ণতরণিভ্রমণাতিভীতি-

লোচনরোচনী টীকা

লাসমাত্র তাৎপর্য্যকত্বাত্তাদৃশীনাং　তথা যুবতিষ্বিত্যাদাবপি জ্ঞেয়ং　২৮
কাকুং করোষীতি সঙ্কেতীকৃতকোকিলাদিবজ্জ্ঞেয়ং　২৯

আনন্দচন্দ্রিকা টীকা

বল্লভা　অবস্থাবিশেষ এব নায়িকায়া নির্দেশবর্ত্তী নায়কশ্চেৎ তদা স্বাধীনভর্ত্তৃকেতি ত্রিস্থলীমাসাং ভেদে বিবেকো জ্ঞেয়ঃ　২৮ ॥

বিনৈব স্বসম্মতমত্যুৎকণ্ঠয়া স্বভবনমাগত্য নিহ্নুত্য সন্তং স্বকান্তমালক্ষ্য মনসাপ্রসীদন্ত্যপি শ্যামলা কৌতুকবতী বহিঃকৃতকোপেন ত্বং চর্বিতমিদং আর্য্যায়ৈ বিজ্ঞাপয়ামীতি ভীষয়মাণা প্রাহ কাকুমিতি। গৃহকোণে বহ্বনার্থমানীতানাং করীষাণাং যঃ পুঞ্জস্তেন গুপ্তীকৃতস্বগাত্র কিমিদানীং মুখমধ্যে অঙ্গুলী নির্ক্ষিপ্য হা হা বৃদ্ধাং মামাজ্ঞাপয়েতিলক্ষণাং

নিদেশবর্ত্তী হন্ তাহা হইলে সেই নায়িকাকে স্বাধীন ভর্ত্তৃকা কহে এই ত্রিবিধ প্রকার ভেদ　২৮

অতিপ্রৌঢ় উক্তি পদ্যাবলীতে যথা—

একদা উৎকণ্ঠা বশতঃ অনুমতি ব্যতিরেকে শ্রীকৃষ্ণ শ্যামলার গৃহে আগমন করিয়া গোপনভাবে অবস্থিত ছিলেন, শ্যামলা অবলোকন করিয়া অতিশয় প্রীতমনাঃ হইলেন কিন্তু কৌশল করিয়া বাহ্যে কোপ প্রকাশ পুরঃসর কহিলেন, থাক থাক তোমার ব্যবহার শ্বশ্রূকে বলিয়াদিতেছি, ইত্যাদি নিষ্ঠুর বাক্যে ভয় দেখাইলে শ্রীকৃষ্ণ শঙ্কিতচিত্তে অঞ্জলি বন্ধন পূর্ব্বক ক্ষমা প্রার্থনা করিলেন, শ্যামলা কহিলেন, অহে কিতব! গৃহকোণস্থিত করীষপুঞ্জে অর্থাৎ শুষ্ক গোময়রাশির মধ্যে অঙ্গ সঙ্গোপন করিয়া রহিয়াছ কেন? মুখমধ্যে অঙ্গুলি দিয়া আর বৃথা মিনতি করিতে হইবে না, যদি আপনার মঙ্গল চাও শীঘ্র পলায়ন

গোপাঙ্গনাগণবিড়ম্বনচাতুরী তে ।

অতিপ্রৌঢ়চেষ্ট যথা—

সখ্যাস্তবানঙ্গরণোৎসবেঽধুনা
মনর্ত্ত মুক্তালতিকা স্তনোপরি ।
উৎপ্লুত্য যস্যাঃ সখি নায়কশ্চলো
ধীরং মুহুর্মে প্রজহার কৌস্তুভং ।

আনন্দচন্দ্রিকা টীকা।

কাকুং করোষি। ইতঃ প্রযাহি যদাশ্বস্তো ভদ্রমিচ্ছসীতি ভাবঃ তস্য পূর্ব্ববৃত্তং স্মরন্তী তত্রাশ্বস্তাং দুরবস্থাং প্রাপ্তাং স্মারয়ন্তী তৎপ্রতিফলমিব দিৎসমানা প্রাহ কুত্রাদ্যেতি

সম্ভোগসমাপ্তানন্তরমায়াতাং পদ্মামালোক্য চন্দ্রাবলীং ক্ষেপয়ন্ শ্রীকৃষ্ণ আহ সখ্যা ইতি উৎপ্লুত্য সম্পং পতিত্বেত্যর্থঃ নায়কঃ হারমধ্যস্থমণিঃ ধীরং নিরপরাধমিতি ভাবঃ। শ্লেষেণ বিদ্বাংসং তত্রাপি মুহুঃ প্রজহার অত্র ত্বমেব সত্যায়ং গ্রহীতি ভাবঃ চল ইতি ধীরমিতি পদাভ্যাং বৈপরীত্যং ব্যঙ্গীকৃতং অত্র যো যং হন্তি স তং হন্যাৎ ইতি ন্যায়েন কৌস্তুভোঽপি তচ্ছতগুণং ত্বমধুনা প্রহরতীতি শ্লীপ্রযুক্তি জ্ঞেয়া

কর, তুমি যে ভীতচিত্তা আভীর বধূগণকে জীর্ণতরীতে আরোহণ করাইয়া ইতস্ততঃ ভ্রমণ করত যে বিড়ম্বিত করিয়াছিলে, সেই চাতুরী আজ কোথায় ? ।

অতিপ্রৌঢ়চেষ্টা যথা—

চন্দ্রাবলীর সহিত সম্ভোগ সমাপ্তির পর সমাগতা পদ্মাকে অবলোকন করিয়া চন্দ্রাবলীকে লজ্জিতা করত শ্রীকৃষ্ণ কহিলেন, প্রিয়ে ! অদ্য অনঙ্গোৎসবে তোমার এই সখীর উচ্চ কুচোপরি মুক্তালতিকা নৃত্য করিয়াছিল, প্রিয়ে ! তন্মধ্যগত নায়ক অর্থাৎ হারমধ্যস্থ মণি চঞ্চল হইয়া সহসা পতিত হওত ধীরতর কৌস্তুভকে প্রহার করিয়াছে। অতএব হে সখি ! তুমি অতি বুদ্ধিমতী বিচার কর "যে যাহাকে বধ করে সেও তাহাকে বধ করিতে পারে" এই ন্যায় প্রযুক্ত কৌস্তুভমণিও এখন উহাকে শতগুণে প্রহার করুক, ইহাই এক্ষণে উপযুক্ত বিবেচনা হইতে পারে ॥

মানেঽত্যন্তকর্কশা যথা—

উদ্ধবসন্দেশে ॥

মেদিন্যাং তে লুঠতি দয়িতা মালতী ম্লানপুষ্পা
তিষ্ঠন্ দ্বারে রমণি বিমনাঃ খিদ্যতে পদ্মনাভঃ।
ত্বঞ্চোন্নিদ্রা ক্ষপাঃ সি নিশং রোদয়ন্তী বয়স্যা-
মানে কস্তে নবমধুরিমা তন্তু নালোচয়ামি ॥ ২৯ ।
মানবৃত্তেঃ প্রগল্‌ভাপি ত্রিধা ধীরাদিভেদতঃ ॥ ৩০ ।

তত্র ধীরপ্রগল্‌ভা ॥

লোচনরোচনী টীকা

মানবৃত্তের্মানিসম্বন্ধিনী প্রগল্ভাপি ধীরাধীরাদিভেদতস্ত্রিধা ভবতি ৩০।

আনন্দচন্দ্রিক টীকা

বকুলমালা শ্যামলাং প্রত্যাহ মেদিন্যামিতি লুঠতি ম্লানপুষ্পেতি মালত্যানয়া কিমপ-
রাদ্ধং যদি মাং পুষ্পাচয়নেন জলাদানেন চ খেদয়সীতি নিরুপাধিকং কার্কশ্যং ব্যঞ্জিতং ২৯।
মানবৃত্তে র্মানবৃত্তিং প্রাপ্য ৩০

মানে অত্যন্ত কর্কশা যথা—

উদ্ধবসন্দেশে।

বকুলমালা শ্যামলাকে কহিলেন, সুন্দরি! তোমার এ দুর্জ্জয় মান কি প্রকারে উপস্থিত হইল? মালতী-লতার অপরাধ কি? উহার মূলে জল সেচন বা পুষ্প চয়ন করিতেছ না কেন? তোমার অনাদরেও যে ম্লানপুষ্পা হইয়া ভূতলে লুণ্ঠিত হইতেছে, আর ঐ দেখ পদ্মনাভও তোমার দ্বারে অবস্থান পূর্ব্বক বিমনস্ক হইয়া খেদ করিতেছেন, অপর তোমাকেও ত রাত্রে নিদ্রা যাইতে দেখি না, বৃথা রজনীযাপন করিয়া থাক এবং সখীজনকেও রোদন কর ইতেছ অতএব তোমার মানের যে কি নবীন মাধুর্য্য তাহা ত আমরা জানিতে পারিলাম না ॥ ২৯ ॥

মানাবস্থায় প্রগল্‌ভা নায়িকাও ধীরাদিভেদে তিন প্রকার হয়। অর্থাৎ ধীর প্রগল্‌ভা ধীরাধীরপ্রগল্‌ভা এবং অধীরপ্রগল্‌ভা। ৩০।

তন্মধ্যে ধীরপ্রগল্‌ভা যথা—

উদাস্তে সুরতে ধীরা সাবহিত্থা চ সাদরা।

যথা—

দেবী নাদ্য ময়ার্চ্চিতেতি ন হরে তাম্বূলমাস্বাদিতং
শিল্পং তে পরিচিন্ত্য তপ্যতি গৃহীত্যঙ্গীকৃতা ন স্রজঃ।
আহূতাস্মি গৃহে ব্রজেশিতুরিতি ক্ষিপ্তং ব্রজন্ত্যা বচ-

লোচনরোচনী টীকা।

তত্র ধীরপ্রগল্ভাং বক্তুং প্রথমায়া লক্ষণত্বাৎ ধীরামাহ লক্ষয়তি উদাস্ত ইতি সাদর সাবহিত্থ চ সন্তীত্যাদবেলোকাবং লোপয়ন্তীত্যর্থঃ। সৈবং ভবন্তী মানবৃত্তিসমন্বিনী সুরতে

আনন্দচান্দ্রিকা টীকা।

উদাস্তে উদাসীনা ভবতি। অত্র চকারাৎ ধীরপ্রগল্ভমানিন্যা লক্ষণস্য দ্বৈবিধ্যং যা মানবৃত্তিং প্রাপ্য সুরতে উদাস্তে সা ধীরা ভবতি। যা অবহিত্থাদরাভ্যাং যুক্তা সাচ ধীরেতি দ্বৈর্য্যস্য পূর্ণত্বাপূর্ণত্বাভ্যাং ব্যাখ্যেয়ং উদাহরন্তি ব্যুৎক্রমেণ পাঠার্থক্রমেণার্থক্রমস্য প্রাবল্যাদিতি দ্বিবিধায়া ধীরপ্রগল্ভায়া লক্ষণোদাহরণে প্রদর্শতানুবোধেনৈবোক্তে স্বমতেতু সম্পূর্ণদৈর্য্যা প্রথমৈব ধীরপ্রগল্ভা। দ্বিতীয়ায়াসসম্পূর্ণদৈর্য্যায়াসত্ত্বাংশস্যাপি সত্ত্বাৎ ধীরপ্রগল্ভা-

ধীরপ্রগল্‌ভা দুই প্রকার, একা মানিনী অবস্থা প্রাপ্ত হইয়া সম্ভোগবিষয়ে উদাসীনা, দ্বিতীয়া অবহিত্থা (আকারসঙ্গোপন) এবং আদরান্বিতা

কোন এক সখী আপনার সখীকে কহিলেন ময়ন্যে! ভদ্রা মানিনী হইলে শ্রীকৃষ্ণ তাঁহাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, ভদ্রে! তাম্বুল ভক্ষণ করনাই কেন? বিনয় পুরঃসর ভদ্রা কহিলেন, অয়ি গোকুলনাথ! আমার এখনও দেবী অর্চ্চনা করা হয় নাই। পুনশ্চ শ্রীকৃষ্ণ কহিলেন, প্রিয়তমে! আমি মালা গ্রন্থন করিয়া আনিয়াছি পরিধান কর, ভদ্রা কহিলেন, কৃষ্ণ! তোমার শিল্প দেখিয়া আমার গৃহপতি পরিতাপ যুক্ত হন, অতএব তোমার গ্রথিত মালা অঙ্গীকার করিতে পারিব না, পুনরায় শ্রীকৃষ্ণ কহিলেন, প্রিয়ে! কিছুকাল অবস্থিতি পূর্ব্বক আমার বাক্য শ্রবণ কর। তাহাতেও আবার ভদ্রা কহিলেন, অহে গোপীনাথ! আমাকে ব্রজেশ্বরী আহ্বান করিয়াছেন, আমি শীঘ্র যাইতেছি, তোমার

শুশ্রূষাশ্রবিধিন ভদ্রয়েতি বিনয়ৈ র্মানঃ প্রমাণীকৃতঃ॥ ৩১ ॥

যথা বা—

কণ্ঠে নাদ্য করোমি দুর্ব্রতহতা রম্যামিমাং তে স্রজং
বক্তুং সুষ্ঠু নহি ক্ষমাস্মি কঠিনৈর্মৌনং দ্বিজৈ র্গ্রাহিতা।

লোচনরোচনী টীকা।

উদাস্তে সা ধীরেত্যর্থঃ ৩১

অথ ধীরপ্রগল্ভামুদাহরতি কণ্ঠে নাদ্যেতি অস্য ধীরাত্বং বাক্যমেব প্রগল্ভাত্বঞ্চ দুর্ব্র-

---

আনন্দচন্দ্রিকা টীকা।

প্রাগল্ভ্যমেব নতু ধীরপ্রগল্ভাত্বমিত্যবগম্যতে যথা বেত্যাদ্যেতন্মাত্রাশ্রয়াৎ পালীঃ সখী স্বসখীং কাঞ্চিৎ প্রত্যাহ দেবীতি স্পষ্টং কাচিকোঽয়ং শ্লোকঃ। ৩১।

তত্র দুর্ব্রতহতেতি এতদ্ব্রতমপি মে ধিক্ যত্র সতি ত্বৎপাণিনির্ম্মিতাং স্রজং কণ্ঠেকর্ত্তুং ন লভেয়েতি আদরাবহিত্থে। কঠিনৈরিতি দ্বিজানপি তান্ বয়াভিজ্ঞান্ ধিক্ যৈ র্ব্রতে মৌন-বিধি র্দত্তঃ। অয়ং মৌনত্যাগস্তু ত্বৎপ্রেমানুরোধেনৈব ক্ষণং নিষিদ্ধোঽপি কৃত ইতি ভাবঃ।

বাক্য শুনিতে আমার অবকাশ নাই। ইত্যাদি বিনয় বচন প্রয়োগ পূর্ব্বক ভদ্রা আপনার মানই প্রমাণ করিলেন ৩১ ॥

পালীর কোন এক সখী আপনার সঙ্গিনীকে কহিলেন, প্রণয়িনি! পালী মানিনী হইলে শ্রীকৃষ্ণ স্বহস্তে মালা গ্রন্থন করিয়া পালীকে কহিলেন, প্রিয়ে! অপূর্ব্ব মালা গ্রন্থন করিয়া আনিয়াছি পরিধান কর, পালী কহিলেন, অহে আমি দুরূহ ব্রত ধারণ করিয়াছি, এক্ষণে তোমার হস্ত-নির্ম্মিতা পুষ্পমালা কণ্ঠে ধারণ করিতে পারিলাম না। পুনর্ব্বার শ্রীকৃষ্ণ কহিলেন, অয়ি প্রিয়তমে! বদনচন্দ্র হইতে বচনামৃত বর্ষণ পূর্ব্বক আমাকে শীতল কর, এই কথা শুনিয়া পালী কহিলেন, হে আভীরবধূবঞ্চক! নির্দ্দয় ব্রাহ্মণেরা আমাকে মৌনব্রত অবলম্বন করাইয়াছেন অতএব আমি স্পষ্টাক্ষরে কোন কথা কহিতে সক্ষম নহি। পুনরায় শ্রীকৃষ্ণ কহিলেন, প্রিয়ে! যদি কথা কহিলে ব্রত হানি হয় তবে কিঞ্চিৎকাল আমার নিকট মৌন হইয়াই অবস্থান কর, তাহাতেও আবার পালী কহিলেন, অহে মধুরভাষিন্! তোমার সন্নিধি

কা ত্বাং প্রোজ্ঝ্য চলেৎ খলেয়মচিরং শ্বশ্রূর্নচেদাহ্বয়ে-
দিত্থং পালিকয়া হরৌ বিনয়তো মন্যুর্গভীরীকৃতঃ ৩২

যথ বা—

কুচালম্ভে পাণি র্ন হি মম ভবত্যা বিঘটিতো

লোচনরোচনী টীকা

তেতি কঠিনেতি খলেতি চ প্রৌঢ়োক্তি ধীরত্বং লক্ষিতত্বেনাবহিত্থাপ্যাদরদানাঙ্গমাং ৩২

কুচালম্ভ ইত্যত্র মানসম্বেঽপি গাম্ভীর্য্যাদবোঽবহিত্থা চ গম্য ইতি ধীরাত্ব' মনে

আনন্দচন্দ্রিকা টীক

তর্হি সংং মৌনিন্যেব মৎসমীপে তিষ্ঠত্যত আহ কা ত্বামিতি অস্য ব্রতেতি কঠিনেবিতি খলেতি প্রৌঢ়োক্তিমত্বাৎ প্রগল্ভাত্বং ইং সুরতমদিং মানা স্বানঞ্চ নিহ্নুবানা ব্রতাদিকং ব্যাজীকরোতীতি ধৈর্য্যপূর্ত্ত্যভাবোঽস্যা জাতঃ ৩২

যথাবেতি অস্যাং পূর্ণধৈর্য্যাং পরিতোষবাঞ্জকো বাকার ইতি দ্বৈবিধ্যং স্বসম্মত-মিতি ভাবঃ। কুচালম্ভ ইতি অত্রেবং জ্ঞেয়' প্রিয়ে চন্দ্রাবলি ত্বং কিং মানিন্যসি নহি নহি

পরিত্যাগ করিয়া যাইতে কাহার অভিলাষ হয় ? যদি খলপ্রকৃতি শ্বশ্রূ আমাকে আহ্বান না করিতেন তাহা হইলে নির্বিঘ্নে অবস্থান করিতে পারিতাম, সখি ! এই প্রকারে পালিকা বিনয় দ্বারা হরির প্রতি ক্রোধই গভীর করিলেন

উক্ত উদাহরণে ব্রতধারণ ও তোমার হস্তনির্ম্মিত পুষ্পমালা পরিধান করিতে পারিলাম না', ইত্যাদি বাক্যে অবহিত্থা ও আদর প্রকাশ হইল। আর দুরূহ ব্রত, কঠিন ব্রাহ্মণ ও খলপ্রকৃতি শ্বশ্রূ ইত্যাদি প্রয়োগে প্রৌঢ় উক্তি প্রযুক্ত প্রগল্ভাত্ব অপর সুরত-বিষয়ে অনিচ্ছা, মান-সঙ্গোপন, ব্রতাদি ছল, এ সকলেও ধীরতা বিষয়ে পূর্ণতার অভাব প্রতিপাদিত হইয়াছে ॥ ৩২ ॥

যথা বা—

এক দিবস শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীকে কহিলেন, প্রিয়ে ! তুমি কি মানিনী হইয়াছ ? চন্দ্রাবলী কহিলেন' না, তুমি আমার কি মানচিহ্ন দেখিলে. তুমি ত আমার কোন অপরাধ কর নাই, তোমাতে মানের অবকাশ

মুহুশ্চুম্বারম্ভে মুখমপি ন সাচীকৃতমভূৎ।
পরীরম্ভে চন্দ্রাবলি ন চ বপুঃ কুঞ্চিতমিদং
ক লব্ধ্বা মানস্য স্থিতিরিয়মনালোকিতচরী ॥

অথাধীরপ্রগল্‌ভা।

সন্তর্য্য নিষ্ঠুরং রোষাদধীরা তাড়য়েৎ প্রিয়ং।

লোচনরোচনী টীকা

কর্কশত্বাৎ পাণিবিঘটনাকরণেন সমর্থতয়া পূর্ণযৌবনত্বাচ্চ ওগস্তু স্তন ৩৩

আনন্দচন্দ্রিকাটীকা

কিং রে মানস্য লক্ষণং পশ্যসি নিরপরাধে ত্বয়ি কো বা মানস্যাবকাশঃ এবং চেৎ স্বাঙ্গস্পর্শং দাস্যসি দাস্যামোব কোঽত্র সন্দেহস্তবৈবেদং অঙ্গমিতি বহির্ব্রূতে। স্বগতং তু মানিন্যা ময়া অস্মিন্ ভাবস্যাক্ত এব কিন্তু অস্মৈ দত্তচরমঙ্গমিদং অয়ং যজ্জানাতি তদেব করোতু মম কিমনেনেত্যৌদাসীন্যং সম্পূর্ণধীরত্বকৃতমিতি ন লব্ধেতি অদ্য ত্বৎসম্ভোগে সুখলেশমাত্রমপি ময়া ন লব্ধমিতি ভাবঃ।

কই, শ্রীকৃষ্ণ কহিলেন, প্রিয়ে! যদি ইহাই হয় তবে স্বীয়াঙ্গ স্পর্শ করিতে দাও। চন্দ্রাবলী কহিলেন, দিচ্ছি ইহাতে সন্দেহ কি? এই আমি আত্মাঙ্গ সমর্পণ করিলাম, তোমার অঙ্গ যাহা জানে তাহাই করুক, এই বলিয়া মান বশতঃ চন্দ্রাবলী ঔদাসীন্য ভাব অবলম্বন করিলে শ্রীকৃষ্ণ যথেচ্ছ আলিঙ্গন করিয়া কহিলেন, প্রিয়ে! ত্বদীয় কুচোপরি আমার হস্ত বিন্যস্ত হইলে তোমা কর্ত্তৃক বিঘটিত হইল না, মুহুর্মুহুঃ চুম্বনেও তোমার মুখ বিমুখ হয় নাই এবং আমি আলিঙ্গন করাতে ত্বদীয় অঙ্গ অসঙ্কুচিতই রহিল, অতএব হে চন্দ্রাবলি! এরূপ মানের স্থিতি কোথা হইতে লাভ করিলে?, ইহা ত কখন অবলোকন করি নাই ॥

অথ অধীরপ্রগল্‌ভা ॥

যে কান্তা ক্রোধ বশতঃ নিষ্ঠুররূপে কান্তকে তাড়না করে তাহকে অধীরপ্রগল্‌ভা কহা যায় ॥

যথা।—

মুগ্ধঃ কংসরিপো বয়ং রচয়িতুং জানীমহে নোচিতং
তাং নীতিক্রমকোবিদাং প্রিয়সখীং বন্দেমহি শ্যামলাং ।
মল্লীদামভিরুচ্ছলন্মধুকরৈঃ সংযম্য কণ্ঠে যয়া
সাক্ষেপং চকিতেক্ষণ ত্বমসকৃৎ কর্ণোৎপলৈস্তাড্যসে
ধীরাধীরপ্রগল্‌ভা
ধীরাধীরগুণোপেতা ধীরাধীরেতি কথ্যতে ॥ ৩৩ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

গৌরীপ্রাহ মুগ্ধ ইতি মুগ্ধমথা শ্যামলাং বন্দেমহীতি তৎকৃতং চেষ্টিতমেব মচ্ছি কীর্ষ্যতমিতি বাক্যেনা তথা মল্লীত্যাদিনা চ বন্ধনতাড়নয়োরসমর্থনাকৃতত্বং সিদ্ধং। সাক্ষাৎ স্বপাদিকৃতত্বন্তু উত্তমাঙ্গনানাং নাতিসুরসনীমিতি ন তদ্বর্ণিতং কেচিত্তু শ্যামলৈ-বোদাহরণমিত্যাহুঃ ৩৩

যথা—

গৌরী কহিলেন, অহে কংসরিপো। আমরা মুগ্ধা, তোমার উচিত বিধান করিতে অদ্যাপি শিক্ষা প্রাপ্ত হইতে পারি নাই, নীতিক্রমকো-বিদা শ্যামলার চরণে প্রণাম করি, 'সে আপনার মধুকরগুঞ্জিত মল্লিকা-দাম দ্বারা যে তোমার কণ্ঠদেশ বন্ধন পূর্ব্বক তিরস্কার ও কর্ণোৎপল দ্বারা যে বারম্বার প্রহার করিয়াছিল আমাদেরও তদ্রূপ ইচ্ছা হয় কিন্তু কোন ক্রমেই সমর্থা হইতেছি না

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে উত্তমা স্ত্রীগণ সাপরাধ কান্তের প্রতি মনঃ ও বাক্য দ্বারা তাড়ন এবং বন্ধন করে কিন্তু হস্ত দ্বারা প্রহার করিতে সক্ষম হয় না, কিন্তু একা শ্যামলাই এ বিষয়ে সমর্থা ॥

অথ ধীরাধীরপ্রগল্‌ভা।

ধীরাধীরা নায়িকার যে সকল গুণ ধীরাধীরপ্রগল্‌ভারও তৎসমুদায় গুণ জানিবে। ৩৩ ॥

যথা—

স্ফুরতি মম ন জাতু ক্রোধগন্ধোঽপি চিত্তে
ব্রতমনু গহনাভূৎ কিন্তু মৌনে মনীষা।
অঘহর লঘু যাহি ব্যাজমাস্তাং যদেতাঃ
কুসুমরসনয়া ত্বাং বন্ধুমিচ্ছন্তি সখ্যঃ ॥ ৩৪

লোচনরোচনী টীকা

স্ফুরতীত্যাদাবস্থাঃ প্রগল্ভাত্বং পূর্ব্ববজ্জ্ঞেয়ং ব্রতমবিত্যত্র মৌনত্যাগোঽয়ং তু ভবৎস্নেহেনৈব ক্রিয়তে ইতি ভাবঃ ব্যাজ ইতি পুংস্ত্বেব ক্লীবত্ব লিখনশ্রমাৎ ৩৪।

আনন্দচন্দ্রিকা টীকা।

মঙ্গলাপ্রাহ স্ফুরতীতি লঘু শীঘ্রং ব্যাজঃ স্বস্য নিরপরাধত্বপ্রকাশনময়ো দম্ভ আস্তাং বিরমতু কুসুমবসনয়া পুষ্পগ্রথনরজ্জ্বা পক্ষে। পুষ্পময়ক্ষুদ্রঘণ্টিকয়া বন্ধুং বধ্বা অত্রৈব স্থাপয়িতুং তথা সতি স্বপ্রেয়সীং তাং দ্রষ্টুং ন প্রাপ্যাসীতি ভাবঃ অত্র পুষ্পকাঞ্চীগাত্রবিশিষ্টাত্বাং বন্ধুং প্রিয়মিচ্ছন্তীতি শ্লিষ্টার্থপ্রতীতাবধীরাত্বস্য বাহুল্যাপত্তের্ধীরেতাস্য চ স্বানভিমতত্বাদপরিতোষপ্রাপ্তেরুদাহরণান্তরমাহ যথা বেতি ৩৪

যথা—

মঙ্গলা কহিলেন, অহে অঘনাশন! আপনার নিরপরাধত্ব প্রকাশনময় দম্ভ করিতেছ কেন, ছল ত্যাগ কর, আমার চিত্তে ক্রোধের গন্ধও উদয় হয় নাই, আমি ব্রতোপলক্ষে মৌনাবলম্বন করিতে অতিশয় অভিলাষিণী হইলেও তোমার স্নেহবশতঃ কহিতেছি, এই দেখ সখীবৃন্দ পুষ্প গ্রন্থন-রজ্জু দ্বারা তোমাকে বন্ধন করিতে ইচ্ছা করিতেছে, অতএব শীঘ্র পলায়ন কর। নতুবা আর আপনার প্রিয়তমাকে দেখিতে পাইবা না ॥

উল্লিখিত উদাহরণে সখীবৃন্দ কেবল পুষ্পময় ক্ষুদ্রঘণ্টিকা দ্বারা শ্রীকৃষ্ণকে বন্ধন করিতে ইচ্ছা করায় অধীরার লক্ষণ স্পষ্ট হইল, ধীরার লক্ষণ সুব্যক্ত না হওয়া প্রযুক্ত গ্রন্থকর্ত্তা অপরিতোষচিত্তে পুনশ্চ দ্বিতীয় উদাহরণ দেখাইতেছেন ॥ ৩৪ ॥

যথা বা—

কৃতাগসি হরৌ পুরঃ স্তবতি তং ভ্রমদ্ভ্রূলতা
তিতাড়য়িষুরুদ্ধুরা শ্রুতিতটাদ্বিকৃষ্যোৎপলং।
ন তেন তমতাড়য়ৎ কিমপি যাহি যাহীতি সা
ব্রুবত্যজনি মঙ্গলা সখি পরং পরাঞ্চন্মুখী ॥ ৩৫ ॥

লোচনরোচনী টীকা।

কৃত গসীত্যাদৌ পূর্ব্বার্দ্ধেন প্রগল্ভাত্বং ৩৫

আনন্দচন্দ্রিকা টীকা

কৃতাগসীতি পাদত্রয়ে অধীরলক্ষণং স্পষ্টং চতুর্থচরণে পরং কেবলং পরাঞ্চন্মুখীত্বেন নায়িকোচিতভাবপ্রদর্শনয়া নায়কং প্রত্যাদরঃ তথ পরাঞ্চন্মুখীত্যুক্ত্যা অকর্দিত্যস্য শত্রন্তত্বেন কিঞ্চিদপাঙ্গদর্শনেন প্রাপ্তেন প্রসাদব্যঞ্জকেন স্বমাননিহ্নুতিরিত্যবহিত্থা চেতি পরাঞ্চন্মুখোব অঞ্জনি ইতি ন প্রাতিকূল্যং নাপ্যানুকূল্যং কিমপি চেষ্টতে স্মেত্যর্থে প্রাপ্তে সতি পুনঃ কৃষ্ণেন চরণয়োঃ প্রণিপত্য স্তুরসার্থকপ্রযত্নে ক্রিয়মাণে সম্মাতিব্যঞ্জকচেষ্টায় অভাবে ধীরা-লক্ষণমপ্যায়াতং। ধীরাধীরা তু সোল্লুণ্ঠভাষিতৈঃ পেদয়েদমুমতি সাহিত্যদর্পনোক্তধীরাধীর-প্রগল্ভালক্ষণং। তথা। অনুসঙ্কতোঽপি সুন্দর, হরসি মতো মে মনঃ প্রসভং। কিং পুন-র্যদ্ধৃতস্ত্বং, সম্প্রতি নখরক্ষতশুভ্র ইতি তদুদাহরণং চ নানুমতং ধীরমধ্যায়ামতিপ্রসক্ত-ত্বাদিতি ৩৫

যথা বা—

কোন এক সখী আপনার সখীর প্রতি কহিলেন, বয়স্যে! একদা শ্রীকৃষ্ণ কৃতাপরাধ হইয়া মঙ্গলার অগ্রে অবস্থান পূর্ব্বক স্তব করিতে-ছিলেন, মঙ্গলা দেখিয়া ভ্রূলতা ঈষৎ কুঞ্চিত করিলেন এবং তাড়নার্থ অত্যন্ত উদ্ধুরা হইয়া শ্রুতিমূল হইতে উৎপল (কর্ণভূষণ পদ্ম) মাত্র আকর্ষণ করিলেন কিন্তু তদ্দ্বারা কিছুমাত্রও প্রহার করিতে পারিলেন না কেবল যাও যাও এই মাত্র বলিয়া বদন প্রত্যাবর্ত্তন করিলেন

উক্ত উদাহরণে যাও যাও এই পর্য্যন্ত অধীরাত্ব, এবং বদন প্রত্যা-বর্ত্তনে ধীরাত্বের লক্ষণ সপ্রমাণ হইল ॥ ৩৫ ॥

কিশোরিকাণামপ্যাসামাকৃতেঃ প্রকৃতেরপি।
প্রাগল্‌ভ্যাদিব কাসাঞ্চিৎ প্রগল্‌ভাত্বমুদীর্য্যতে।
মধ্যা তথা প্রগল্‌ভা চ দ্বিধা সা পরিভিদ্যতে
জ্যেষ্ঠ চাপি কনিষ্ঠা চ নায়কপ্রণয়ং প্রতি. ৩৬॥

যথা—

সুপ্তে প্রেক্ষ্য পৃথক্ পুরঃ প্রিয়তমে তত্রার্পয়ন্ পুষ্পজং

লোচনরোচনী টীকা।

আকৃতেঃ প্রকৃতেরপি প্রাগল্ভ্যাদিবেত্যন্বয়ঃ॥ ৩৬

আনন্দচন্দ্রিক টীকা।

প্রাগল্ভ্যাদিবেতি। কিঞ্চিদ্বয়োঽধিকত্ব এব বস্তুতঃ প্রাগল্ভ্যং সম্ভবেদিতি ভাবঃ। নায়কপ্রণয়ং প্রতি লক্ষীকৃত্য নায়ককর্ত্তৃকপ্রণয়াধিক্যন্যূনতাবত্যৌ ক্রমেণ জ্যেষ্ঠাকনিষ্ঠে স্যাতামিত্যর্থঃ ৩৬

দূরাল্পতাকুঞ্জে নিহ্নুতা বৃন্দা নান্দীমুখীং দর্শয়তি সুপ্তে ইতি অত্র নয়নে বজঃপ্রদানং নিদ্রা-

এই সমস্ত কিশোরিকাগণের আকৃতি প্রকৃতির প্রাগল্‌ভ্য অর্থাৎ কিঞ্চিৎ বয়োঽধিকতা হেতু কাহারও কাহারও প্রগল্‌ভাত্ব কথিত হয়।

জ্যেষ্ঠা কনিষ্ঠা ভেদে মধ্যা এবং প্রগল্‌ভা প্রত্যেকে দুই দুই প্রকার হয় অর্থাৎ জ্যেষ্ঠমধ্যা ও কনিষ্ঠমধ্যা এবং জ্যেষ্ঠপ্রগল্‌ভা ও কনিষ্ঠপ্রগল্‌ভা ইত্যাদি।

নায়ক কর্ত্তৃক প্রণয়ের আধিক্য ও ন্যূনতা হওয়াতে ঐ রূপ জ্যেষ্ঠা কনিষ্ঠা ভেদ হয় অর্থাৎ নায়ক যাহার প্রতি প্রীতিমান্ সে জ্যেষ্ঠা এবং তদপেক্ষা ন্যূন হইলে তাহাকে কনিষ্ঠা কহা যায়। ৩৬

মধ্যার জ্যেষ্ঠাকনিষ্ঠাত্ব যথা—

দূরবর্ত্তি লতাকুঞ্জে গোপনভাবে অবস্থিতা বৃন্দা নান্দীমুখীকে কহিলেন, সখি! অবলোকন কর, কুঞ্জগৃহে লীলা এবং তারা পরস্পর সম্মুখীন হইয়া নিদ্রা যাইতেছে, যদিচ ইহারা দুই জনেই শ্রীকৃষ্ণের প্রিয়-

লীলায়া নয়নাঞ্চলে কিল রজশ্চক্রে প্রবোধোদ্যমং।
কৃষ্ণঃ শীতল-তালবৃন্ত-রচনোপায়েন পশ্যাগ্রত-
স্তারায়াঃ প্রণয় দিব প্রণয়তে নিদ্রাতিবৃদ্ধিক্রমং ৩৭ ॥

যথা বা—

দীব্যন্ত্যৌ দয়িতে সমীক্ষ্য রভসাদক্ষৈস্ত্র্যহাত্মগ্রহৈ-

লোচনরোচনী টীকা

তালবৃন্তং ব্যজনং ৩৭।

ত্র্যহং ব্যাপ্য আত্মা স্বয়মেব গ্রহো দেয়ো যেষু তৈরক্ষৈর্দীব্যন্ত্যৌ সমীক্ষ্য দায়সাক্ষাত্ত-

আনন্দচন্দ্রিকা টীকা

যেষনাশার্থমেব নিদ্রানাশস্তু পার্শ্বকর্ষণমাত্রেণাপি সিদ্ধ্যেত্তেতি ভাবঃ রজসঃ পুষ্পজন্মেন নয়নাপকারকত্বং পরাহৃতং তালবৃন্তবচনা ব্যজনচালনবৈদগ্ধী ৩৭

পূর্ব্বত্র মধ্যায়ো র্জ্যেষ্ঠত্ব কনিষ্ঠত্বে উদাহৃত্য সম্প্রতি প্রাগল্ভয়ো স্তে দর্শয়তি যথা বেতি। বাশব্দশ্চার্থে।

বৃন্দা পৌর্ণমাসীমাহ দিব্যন্ত্যাবিতি অক্ষৈঃ পাশকৈঃ ত্র্যহং ব্যাপ্য আত্মা স্বয়ং

তথা তথাপি শ্রীকৃষ্ণ লীলার নেত্রাঞ্চলে পুষ্পরজঃ নিক্ষেপ করিয়া নিদ্রা ভঙ্গের উদ্যম করিতেছেন এবং প্রীত্যাধিক্য হেতু শীতল তালবৃন্ত-ব্যজন দ্বারা তারার নিদ্রা বৃদ্ধির উপক্রম করিতেছেন

তাৎপর্য্য, লীলা ও তারা দুই জনেই কৃষ্ণপ্রিয়া তন্মধ্যে শ্রীকৃষ্ণের লীলাতেই প্রণয়ের আতিশয্য, কারণ, শ্রীকৃষ্ণের অভিপ্রায় এই যে তারার সমক্ষে লীলার সহিত ক্রীড়া অযোগ্য অতএব তিনি তারার নিদ্রা বৃদ্ধি ও লীলার চৈতন্য সম্পাদন করিলেন। ইহার দ্বারা স্পষ্ট লক্ষিত হইল যে, নায়কের প্রণয়বশতঃ লীলার জ্যেষ্ঠমধ্যাত্ব ও তারার কনিষ্ঠমধ্যাত্ব ॥ ৩৭ ॥

যথা বা ॥

অথ প্রগল্‌ভার জ্যেষ্ঠাত্ব ও কনিষ্ঠাত্ব যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, দেবি! কৌতুক বশতঃ গৌরী ও শ্যামা অক্ষ (পাশক) ক্রীড়া করিতেছিলেন, তাঁহা দের

গৌরীং ঘূর্ণিতয়োপদিশ্য হিতবদ্দায়প্রয়োগং ভ্রুবা।
তস্যাস্তূর্ণমুপার্জয়ন্নিব জয়ং শিক্ষাবশেনাচ্যুতঃ
শ্যামামেব চকার ধূর্ত্তনগরীসঙ্কেতবিজ্জিত্বরাং।

লোচনরোচনী টীকা।

লব্ধস্য স্বোচিতক্রীড়াভাগস্য প্রয়োগং প্রয়োক্তব্যং চালনবিশেষং ঘূর্ণিতয়া ভ্রুবা গৌরীং দয়িতয়োবেকত্তরাং প্রাক্ হিতমেবোপদিশ্য তস্যা গৌর্য্যা জয়মিবোপার্জয়ন্ শিক্ষায়াস্তদ্বিদ্যাভ্যাসস্য বশেনানুগত্যা তল্লব্ধকুচাতুর্য্য শ্যামাং তয়োরন্যতরামেব জিত্বরাং চক্রে ধূর্ত্তা অক্ষ-

আনন্দচান্দ্রিকা টীকা।

শ্রীকৃষ্ণ এব গ্রহো যেষু তৈঃ পাশকৈশ্চ গৌহক্ষেষু গ্রহোহক্ষাস্তি দেবনাঃ পাশকাশ্চ তে ইত্যমীষঃ। ঘূর্ণিতয়া অনুরাগব্যঞ্জিকয়া ভ্রুবা ধূর্ত্তনগরীশব্দেন লক্ষণয়া নানাবিধা ধূর্ত্তা উচ্যন্তে সঙ্কেতস্তচ্ছব্দপ্রবৃত্তিনিমিত্তমসাধারণধর্ম্মবিশেষস্তং বিন্দতি প্রাপ্নোতি বেত্তি স্বস্মিন্নর্পয়িতুং জানাতীতি বা। অত্র প্রকটমেব শ্যামায়াঃ পক্ষপাতত্বব্যঞ্জনয়া তস্যৈ শ্যামলায়ৈ সৌভাগ্য প্রদানং গৌর্য্যা সহ প্রণয়বত্যাস্তস্যা নাভিমতমিতি ন কৃতং তথা সতি গৌর্য্যা মনসি কিঞ্চি-

উভয়ের পণ এই যে যাহার পরাজয় হইবে তাঁহাকে তিন দিবস শ্রীকৃষ্ণকে প্রদান করিতে হইবে, সঙ্গ লাভ করিতে পারিবেন না, এই মত পণ করিয়া ক্রীড়ারম্ভ হইলে ইতোমধ্যে শ্রীকৃষ্ণ আসিয়া মধ্যস্থ হইলেন, কিন্তু তাঁহার আশ্চর্য্য ভঙ্গি পরিজ্ঞাত হওয়া দুঃসাধ্য, তিনি গৌরীকে এরূপ ভ্রূবিক্ষেপ দ্বারা অক্ষচালন প্রকার উপদেশ করিতেছিলেন যে, তদ্দ্বারা গৌরীরই জয় উপস্থিত হইতেছিল, পরন্তু অক্ষ চালনজ্ঞ কৃষ্ণ অর্থাৎ শ্রীকৃষ্ণের অক্ষচালন বিষয়ে এরূপ নৈপুণ্য যে অগ্রে জয় সূচনা করিয়া দিয়া পশ্চাৎ পরাজয় করান, পরিশেষে শ্যামলারই জয় করিয়া দিলেন।

তৎপর্য্য। শ্রীকৃষ্ণের স্পষ্টরূপে শ্যামলার পক্ষপাত করা হইল, যে হেতু তাঁহাকেই সৌভাগ্য প্রদান করিলেন। গৌরীর সহিত শ্যামলার প্রণয় থাকাতে তাঁহারও অনভিমত করা হইল না, ঐরূপ হইলে গৌরীর মনে দুঃখ সম্ভাবনা হইত, গৌরীর পক্ষপাতে শ্যামলার দুঃখের আশঙ্কা নাই, যে হেতু শ্যামলার নিশ্চয় বোধ আছে শ্রীকৃষ্ণ

কাচিৎ কাঞ্চিদপেক্ষ্য স্যাজ্জ্যেষ্ঠেত্যাদে ক্রিকী ভিদা।
অতো ভেদদ্বয়মিদং ন কৃতং গণনান্তরে ॥ ৩৮।
কন্যা মুগ্ধৈব সা কিন্তু স্বীয়ান্যোঢ়ে উভে বুধৈঃ।

লোচনরোচনী টীকা

দেবিনস্তাগর্ব্যাদিযঃ সঙ্কেতঃ যেন চালনেন জয় ইব দৃশ্যমানেঽপি পরাজয়স্তথা তদ্বিপরীতে বিপরীতস্তত্র যঃ সঙ্কেতঃ ছলোনোপদেশ স্তদ্বিৎ ৩৮

পূর্ব্বোক্তান্ প্রোষিতভেদান্ পঞ্চদশত্বেন দর্শয়তি কন্যা মুগ্ধৈবেত্যাদিনা পঞ্চদশ ভেদা ইহাখিলা ইত্যন্তেন তত্র কন্যা মুগ্ধৈবেত্যেকঃ। কিন্তু স্বীয়ান্যোঢ়ে ইতি স্বীয়ায়াঃ সপ্ত ভেদা স্তাবদ্দর্শ্যন্তে মুগ্ধা একঃ ধীরপ্রগল্ভা অধীরপ্রগল্ভা ধীরাধীরপ্রগল্ভা ইতি ত্রয়ঃ ধীরমধ্যা অধীরমধ্যা ধীরাধীরমধ্যেতি মধ্যাশ্চ ত্রয়ঃ ইতি স্বীয়ায়াঃ সপ্ত এবান্যোঢ়ায়াঃ সপ্ত ভেদাঃ পূর্ব্ববজ্জ্ঞেয়াঃ তদেবং কন্যায়া একোভেদঃ স্বীয়ান্যোঢ়য়োঃ সপ্ত সপ্তেতি পঞ্চদশৈব স্থিতাঃ

আনন্দচন্দ্রিকা টীকা

দুঃখং তাৎ। গৌর্য্যাঃ পক্ষপাতেতু স্যাদ্যস্যা ন দুঃখং স্বস্মিন্ সৌভাগ্যস্য নিশ্চয়জ্ঞানেন তৎপক্ষপাতস্য বাহ্যত্বমননাৎ অতস্তয়োর্মিথঃ প্রীতিঃ শ্রীকৃষ্ণস্যাপি তাদৃশলীলাসিদ্ধ্যর্থমভীষ্টেতি জ্ঞেয়ং এবং পূর্ব্বত্র তাবল্লীলয়োরপি বিবেচনীয়ং

ন কৃতং গণনান্তর ইতি যৈব জ্যেষ্ঠা যৈব তদানীমেব কনিষ্ঠা চেতি কিং ধর্ম্মবত্ত্বেন গণনীয়েতি ভাবঃ। অতএব বক্ষ্যমাণোঽপি কাদিভেদোঽত্র নাত্র গণনায় মানীতঃ। ৩৮

কন্যা মুগ্ধৈবেতি তস্যা এক এব ভেদঃ। স্বীয়াপরোঢ়ে যদ্ভেদে ইতি স্বীয়ামুগ্ধা স্বীয়ামধ্যা

কখন আমার বিপরীত আচরণ করিবেন না, গৌরীর পক্ষপাত বাহ্যমাত্র অতএব শ্রীকৃষ্ণ পরস্পর প্রীতি সম্পাদন পূর্ব্বিক আপনারই অভীষ্টসিদ্ধি করিলেন।

অপর কোন নায়িকা কাহাকে অপেক্ষা করিয়া জ্যেষ্ঠা এবং কাহাকে অপেক্ষা করিয়া কনিষ্ঠ হয়, এই দুই প্রকার ভেদ এ স্থানে বর্ণন করা হইল না, পরে প্রদর্শিত হইবে অতএব ঐ দুই প্রকার ভেদ গণনার মধ্যে পরিগৃহীত হইল না ৩৮।

কন্যা সর্ব্বদাই মুগ্ধা হয়, তাহার অবস্থান্তর নাই কিন্তু ঐ মুগ্ধার স্বীয়া ও পরোঢ়া এই দুই ভেদ হয়। আর মুগ্ধা, মধ্যা, প্রগল্‌ভা ইহারা প্রত্যেকে স্বীয়া ও পরোঢ়া ভেদে ষড়্‌বিধ হয়। এবং মধ্যা ও

মুগ্ধা মধ্যাদিভেদেন ষড়্‌ভেদে পরিকীর্ত্তিতে
মধ্যাপ্রৌঢ়ে দ্বিষড়্‌ভেদে প্রোক্তে ধীরাদিভেদতঃ।
কন্যা স্বীয়া পরোঢ়েতি মুগ্ধা চ ত্রিবিধা মতা।
ইতি তাঃ কীর্ত্তিতা পঞ্চদশ ভেদা ইহাখিলাঃ।

লোচনরোচনী টীকা

পঞ্চদশত্বে চ মধ্যাপ্রগল্ভয়ো র্ভেদান্ বিবিনক্তি ' মধ্যা প্রৌঢ়ে ইতি। প্রৌঢ়া-প্রগল্ভা-ধীরাদি-ভেদতঃ দ্বিষড়্‌ভেদ ইতি ষট্‌সু দ্বিত্বং। স্বীয়াত্বপরকীয়াত্বদ্বিত্বেন জ্ঞেয়ং পুনঃ পঞ্চদশত্বেব মুগ্ধায়া ভেদান্ বিবিনক্তি। কন্যা স্বীয়েতি। কন্যামুগ্ধা স্বীয়ামুগ্ধা পরোঢ়ামুগ্ধেতি ত্রিধা মতেত্যর্থঃ। ৩৯।

আনন্দচন্দ্রিকা টীকা

স্বীয়াপ্রগল্ভেতি এবং পরোঢ়ামুগ্ধেত্যাদি এবং কন্যাস্বীয়াপরোঢ়ানাং স্থূলতঃ সপ্তভেদাঃ মধ্যাদিভেদেন তু পঞ্চদশৈবেত্যাহ মধ্যাপ্রৌঢ় ইতি মধ্যা প্রথমং স্বীয়া পরোঢ়েতি দ্বিবিধা ততঃ প্রত্যেকং ধীরা অধীরা ধীরাধীরেতি ত্রিবিধা ততো মধ্যা ষড়্‌বিধা প্রৌঢ়া চ ষড়্‌বিধেতি মধ্যাপ্রৌঢ়ে দ্বিষড়্‌ভেদে মুগ্ধা চ ত্রিবিধা কন্যা স্বীয়া পরোঢ়েতি মিলিত্বা পঞ্চদশ ভেদাঃ

প্রগল্‌ভার ধীরাদি তিন ভেদে ছয় প্রকার ভেদ হয়। অপর কন্যা, স্বীয়া ও পরোঢ়া ভেদে মুগ্ধা তিন প্রকার, এই সকলের সম্মিলনে নায়িকার সংখ্যা পঞ্চদশ। তন্মধ্যে কন্যা মুগ্ধা এক, আর স্বীয়া ও পরোঢ়া ভেদে চতুর্দ্দশ অর্থাৎ স্বীয়া সপ্ত ও পরোঢ়াও সপ্ত প্রকার।

বিস্তার যথা—

স্বীয়া মুগ্ধা ১ স্বীয়া ধীরমধ্যা ২ স্বীয়া অধীরমধ্যা ৩ স্বীয়া ধীরাধীর-মধ্যা ৪ স্বীয়া ধীরপ্রগল্‌ভা ৫ স্বীয়া অধীরপ্রগল্‌ভা ৬ স্বীয়া ধীরাধীর-প্রগল্‌ভা ৭। পরোঢ়া মুগ্ধা ১ পরোঢ়া ধীরমধ্যা ২ পরোঢ়া অধীর মধ্যা ৩ পরোঢ়া ধীরাধীর মধ্যা ৪ পরোঢ়া ধীরপ্রগল্‌ভা ৫ পরোঢ়া অধীর প্রগল্‌ভা ৬ পরোঢ়া ধীরাধীর প্রগল্‌ভা ৭। আর কন্যা মুগ্ধা ১। সাকল্যে নায়িকার সংখ্য পঞ্চদশ ১৫॥

অথাবস্থাষ্টকং সর্ব্বনায়িকানাং নিগদ্যতে।
তত্রাভিসারিকা বাসসজ্জা চোৎকণ্ঠিতা তথা।
খণ্ডিতা বিপ্রলব্ধা চ কলহান্তরিতাপি চ।
প্রোষিতপ্রেয়সী চৈব তথ স্বাধীনভর্ত্তৃকা।

তত্রাভিসারিকা যথা—

যাভিসারয়তে কান্তং স্বয়ং বাভিসরত্যপি।
সা জ্যোৎস্নী তামসী যানযোগ্যবেশাভিসারিকা।
লজ্জয়া স্বাঙ্গলীনেব নিঃশব্দাখিলমণ্ডনা।
কৃতাবগুণ্ঠা স্নিগ্ধৈকসখীযুক্তা প্রিয়ং ব্রজেৎ ৩৯॥

আনন্দচন্দ্রিকা টীকা।

জ্যোস্নী-তামস্যোঃ শুক্লকৃষ্ণপক্ষবর্ত্তিন্যোর্যানমভিসারস্তদ্যোগ্যঃ শুক্লকৃষ্ণবর্ণ পরিচ্ছদসম্পন্না বেশো যস্যাঃ স

স্বাঙ্গুলীনেন স্বাঙ্গেনৈব স্বাঙ্গমাচ্ছাদয়ন্তী বেত্যর্থঃ ৩৯

অপর সকল নায়িকার আট প্রকার অবস্থা হয় যথা—

অভিসারিকা, বাসকসজ্জা, উৎকণ্ঠিতা, খণ্ডিতা, বিপ্রলব্ধা, কলহান্তরিতা, প্রোষিতভর্ত্তৃকা ও স্বাধীনভর্ত্তৃকা ইত্যাদি অষ্ট।

অথ অভিসারিকা

যে নায়িকা কান্তকে অভিসার করায় অথবা স্বয়ং অভিসার করে তাহাকে অভিসারিকা কহা যায়, কিন্তু ঐ অভিসারিকা জ্যোৎস্না ও অন্ধকার গমনযোগ্য বেশ দ্বারা জ্যোৎস্নী ও তামসী ভেদে দুই প্রকার হয় অর্থৎ শুক্লপক্ষে শুভ্রবর্ণ পরিচ্ছদ ধারণপূর্ব্বক গমনকারিণীকে জ্যোৎস্নাভিসারিকা আর কৃষ্ণপক্ষে কৃষ্ণবর্ণ বসন ভূষণ পরিধান পূর্ব্বক গমনকারিণীকে তমোভিসারিকা বলিয়া নির্দ্দেশ করা যায়। যৎকালীন অভিসারিকার কান্ত-সমীপে গমন হয় তখন লজ্জা বশতঃ স্বীয় অঙ্গ দ্বারা অঙ্গ সঙ্গোপন, ভূষণ সকলের নিঃশব্দ ও অবগুণ্ঠন করিয়া একটী মাত্র সখী সঙ্গে থাকে। ৩৯॥

অত্রাভিসারয়িত্রী যথা—

জানীতে ন হরির্যথা মম মনঃ কন্দর্পকণ্ডূমিমাং
মাং প্রত্যাভিসরত্যয়ং সখি যথা কৃত্বা ত্বয়ি প্রার্থনা।
চাতুর্য্যং ভরসা প্রসারয় তথা সস্নেহমাসাদ্য তং

লোচনরোচনী টীকা

কয়াচিৎ প্রাণসখ্যা অন্বয়ব্যতিরেকাভ্যাং নির্ণীয় যত্নতস্তস্যা মুখাৎ কিঞ্চিন্নিষ্কাসিতে তাদৃগুৎকণ্ঠিতে স্বয়মেব চ দূত্যায় কৃতে প্রারম্ভে তস্যা এব বাক্যং জানীত ইতি　মনসঃ কন্দর্পরূপং যা কণ্ডূস্তদ্বৎ তচ্ছান্তিকরস্পৃশাং সেতি যা উৎকণ্ঠা তাং যথা ন জানীত ইত্যত্র মনঃশব্দপ্রয়োগঃ শমেঽপগতেঽপি দমস্য মম দৃঢ় এবাস্তীতি ধৈর্য্যমিব ব্যঞ্জয়িতুং কৃতং

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধা বিশাখামাহ জানীত ইতি　মম কন্দর্পকণ্ডূয়ায়াং তেন জ্ঞাতায়াং কুলাঙ্গনায়াঃ পরং লজ্জাবত্যা মমাপ্রতিষ্ঠা স্যাৎ তস্য চ মাং প্রত্যুপহাসঃ স্বাবাম্যপ্রকটনং চ ভবিষ্যতি অতো মৎসৌন্দর্য্যসৌশীল্যাদিকমেব তদগ্রে ত্বং বর্ণনীয়মিতি ভাবঃ　নন্বস্য মমানঃকন্দর্পকণ্ডূং জানাস্যেব তদপি কিঞ্চিদ্বিবৃণোমি শৃণ্বিত্যাহ যাবদিতি　অদ্য কৃষ্ণচতুর্থীতিথিঃ

অথ অভিসারয়িত্রী অর্থাৎ কান্তকে অভিসার কারয়িত্রী॥

শ্রীরাধা বিশাখাকে কহিলেন, সখি! শীঘ্র শ্রীকৃষ্ণ সমীপে গমন কর, তিনি যেন আমার মনস্থ কন্দর্পকণ্ডূয়ন জানিতে না পারেন, অথচ তোমাকে অত্যন্ত প্রার্থনা করিয়া আমার প্রতি প্রীতিমান্ হওত স্বয়ং অভিসার করেন, এরূপ সস্নেহ চাতুর্য্য বিস্তার পূর্ব্বক যাবৎ প্রাণহর নিশাকর প্রাচীমুখ (পূর্ব্বদিক্) চুম্বন না করেন অর্থাৎ পূর্ব্বদিকে উদিত না হন, তাবৎ প্রাণনাথকে অভিসার করাও

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে, শ্রীরাধা কহিলেন, বিশাখে! আমি কুলাঙ্গনা অতিশয় লজ্জাবতী, তুমি যেন কৃষ্ণাগ্রে আমার অনঙ্গকণ্ডূয়ন প্রকটন করিও না, তাহা হইলে আমার অতিশয় অপ্রতিষ্ঠা হইবে এবং তাঁহারও সম্প্রতি উপহাস ও অবাম্য প্রকাশ হইবার সম্ভব অতএব তদগ্রে আমার সৌন্দর্য্য ও শীলতাদি গুণ বর্ণন করিও। অপর তুমি আমার মনস্থ কন্দর্পপীড়া অবগত আছ, তথাপি তোমার অগ্রে

যাবৎ প্রাঙ্ হরো ন চন্দ্রহৃতকঃ প্রাচীমুখং চুম্বতি। ৪০।

অথ জ্যোৎস্নায়াং স্বয়মভিসারিকা যথা—

ইন্দুস্তন্দিলমণ্ডলঃ প্রণয়তে বৃন্দাবনে চন্দ্রিকাং
সান্দ্রাং সুন্দরি নন্দনো ব্রজপতেস্ত্বদ্বীথিমুদ্বীক্ষতে।
ত্বং চন্দ্র স্থিতচন্দনেন খচিতা ক্ষৌমেণ চালঙ্কৃতা

লোচনরোচনী টীকা

পুনস্তত্রির্ব্বাহস্তু দুষ্করঃ স্যাদিতি ত্বয়াবশ্যং গন্তব্যমিতি ব্যঞ্জয়িতুমাহ যাবদিতি মনঃ কন্দর্পকণ্ডূ গিমাগিত্যত্র মনস্তৃষ্ণা ধৃষ্টজাগিতি বা পাঠঃ ৪০

ক্ষৌমেণ সূক্ষ্মাহতসীতন্তুসম্ভবেন বস্ত্রেণ তচ্চ প্রায়শুক্লমেব ভবতীতি তদুপাত্তং। ৪১

আনন্দচন্দ্রিকা টীকা।

সম্প্রতি সায়ং ত্বং চলসি প্রাহরপর্য্যন্তং মে প্রাণাঃ স্থাসান্তি ন ততঃ পরমিতি অবধিরুক্তঃ; চন্দ্রনামা হৃতক ইতি সাকপার্থিবাদিঃ ক্ষুৎসিতো হতকঃ পরদুঃখদত্বেন ব্যর্থজীবনত্বাজ্জীবন্মৃত ইত্যর্থঃ ৪০

বিশাখা শ্রীরাধামাহ চন্দ্রিকাং প্রণয়তে তেন চন্দ্রিকা প্রণতে প্রশস্তীভবতি প্রথথাতো। ত্বদ্দর্শনরসাস্বাদমপ্রাপ্য তথাভূতাপি সা ব্যর্থায়াতীতি হেতোস্ত্বদ্বীথিং উচ্চীভূয় দূরপর্য্যন্তং বীক্ষতে চন্দ্রাঙ্কিতেন কর্পূরবতা ক্ষৌমেণ সূক্ষ্মাতসীতন্তুসংভবেন বস্ত্রেণ।

কিঞ্চিৎ প্রকাশ করিতেছি মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। অদ্য কৃষ্ণপক্ষীয় চতুর্থী তিথি, তোমাকে সায়ং কালে প্রেরণ করিলাম যাবৎ বিরহিণীপ্রাণনাশক নিশাকর পূর্ব্বদিকে উদিত না হন্ তাবৎ তাঁহাকে অভিসার করাইয়া আনিবা কিন্তু প্রাহরাতিরিক্ত হইলে আমাকে আর জীবিত দেখিতে পাইবা না॥ ৪০॥

অথ জ্যোৎস্নায় স্বয়ং অভিসারিকা যথা—

বিশাখা শ্রীরাধাকে কহিলেন, সুন্দরি! অদ্য রাকাপতি উদিত হইয়া বৃন্দারণ্যে নিবিড় চন্দ্রিকা বিস্তার করিতেছেন দেখিয়া ব্রজরাজ নন্দন উচ্চ স্থানে আরোহণ পূর্ব্বক তোমার বর্ত্ম নিরীক্ষণ করিতেছেন অতএব তুমি আপনার অঙ্গে সকর্পূর চন্দন লেপন ও শুভ্রবর্ণ ক্ষৌম-

কিং বর্ত্মান্যরবিন্দচারুচরণদ্বন্দ্বং ন সন্ধিৎস্যসি ॥
তামস্যাং যথা বিদগ্ধমাধবে ॥
তিমিরমসিভিঃ সম্বীতাঙ্গ্যঃ কদম্ববনান্তরে
সখি বকরিপুং পুণ্যাত্মানঃ সবন্ত্যভিসারিকাঃ।
তব তু পরিতো বিদ্যুদ্বর্ণাস্তনুদ্যুতিসূচয়ো
হরি হরি ঘনধ্বান্তান্যেতাঃ স্ববৈরিণি ভিন্দতে ॥ ৪১ ॥

অথ বাসকসজ্জা।

স্ববাসকবশাৎ কান্তে সমেষ্যতি নিজং বপুঃ।

লোচনরোচনী টীকা

স্ববাসকবশাৎ স্ববসববশাৎ ৪২

আনন্দচন্দ্রিক টীকা।

শুক্লপট্টদুকূলে ক্ষৌমশব্দপ্রসিদ্ধিরিতি কেচিৎ

ললিতা শ্রীরাধামাহ তিমিরেতি তনুদ্যুতয় এব সূচয়ঃ বস্ত্রসূক্ষ্মরন্ধ্রনির্গচ্ছন্ত্যঃ ঘনধ্বান্তানি পবনমিত্রস্থিতান্যপি ভিন্দতে বিদারয়ন্তি অতো হেতোঃ স্ববৈরিণি তব বৈরিত্বমেবেতি ব্যাজস্তুত্যা সর্ব্বতোঽপি সৌন্দর্য্যাতিশয় উক্তঃ ৪১ ॥

স্বং বাসয়তীতি স্ববাসকঃ বশঃ কান্তিরিচ্ছেতি যাবৎ। ত্বং কুঞ্জে তাবদ্বস অহং শীঘ্রমেষ্যা-

---

বসন পরিধান পূর্ব্বক তদীয় পথে চরণপদ্ম সন্ধান করিতেছ না কেন? অতএব শীঘ্র প্রস্থান কর

অথ তমোঽভিসারিকা।

ললিতা শ্রীমতীকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, প্রিয়তমে! গোকুলমধ্যে গোপাঙ্গনাগণ কি পুণ্যবতী, ঐ দেখ তাহারা তিমিরময় নীল বসন দ্বারা আত্মাঙ্গ সম্বরণ করত কদম্ববনস্থ বকরিপুর সমীপে অভিসার করিতেছে। হা কষ্ট! তুমি যে আপনার বৈরী আপনি হইলে, তোমার বিদ্যুদ্বর্ণ অঙ্গকান্তি যদিচ নীল বসন দ্বারা আবরণ করিয়াছ তথাপি তাহার রন্ধ্র দিয়া নির্গত হওত তোমার পরম হিতকারিণী তামসী নিশার ভেদ করিতেছে, অতএব তুমি অল্পপুণ্যা ॥ ৪১।

অথ বাসকসজ্জা।

"প্রিয়ে! কিঞ্চিৎকাল কুঞ্জে অবস্থান কর আমি শীঘ্র আসিতেছি"

সজ্জীকরোতি গেহঞ্চ যা সা বাসকসজ্জিকা।
চেষ্টা চাস্যাঃ স্মরক্রীড়াসঙ্কল্পো বর্ত্মবীক্ষণং।
সখীবিনোদবার্ত্তা চ মুহুর্দূতীক্ষণাদয়ঃ।

যথা—

রতিক্রীড়া কুঞ্জং কুসুমশয়নীয়োজ্জ্বলরুচিং
বপুঃ সালঙ্কারং নিজমপি বিলোক্য স্মিতমুখী।
মুহুর্ধ্যায়ং ধ্যায়ং কমপি হরিণা সঙ্গমবিধিং
সমৃদ্ধ্যন্তী রাধা মদনমদমাদ্যন্মতিরভূৎ। ৪২।

আনন্দচন্দ্রিকা টীকা

গীতি নায়কস্তেচ্ছৈব নায়িকাং কুঞ্জে বাসয়তীত্যর্থঃ। ততো হেতো সমেষ্যতি কান্তে য বপুর্গেহঞ্চ সজ্জীকরো'তি শৃঙ্গ'রোচিতবস্তুবিশিষ্টং করো'তি সা বাসকসজ্জেতি তেন বাস ক্ষেতোঃ সজ্জয়তী'তি ব্যুৎপত্তেরব বি শেষ্যপদস্য নায়কস্য তদিচ্ছায়াশ্চ তদাগমনভাবিত্বস চ তৎকালস্য চ দেহগেহয়োঃ কর্ম্মণোশ্চাক্ষেপাদেব লাভশ্চ ব্যঞ্জিতঃ॥

শ্রীরাধাং দূরাদ্বিলোকয়ন্তী শ্রীরূপমঞ্জরী স্বসখীমাহ রতিক্রীড়েতি। স্মিতমুখীতি স্বমদ স্বকান্তং প্রমোদয়িতুং যোগ্যতাং ধাস্যতীতি স্বরূপঃপ্রত্যুক্তিব্যঞ্জকং স্মিতং ৪২

এই বলিয়া কান্ত গমন করিলে, যে কান্তা কান্তের ইচ্ছা বশতঃ কুঞ্জ ভবনে অবস্থান পূর্ব্বক তদীয় আগমন প্রতীক্ষ এবং আত্মদেহ ও বাস-গৃহ সুসজ্জিত করে তাহাকে বাসকসজ্জিকা কহা যায়।

অপর এই বাসকসজ্জিকা নায়িকার স্মরক্রীড়াসঙ্কল্প, কান্তপথ-নিরীক্ষণ, সখীসহ বিনোদবার্ত্তা এবং মুহুর্মুহুঃ দূতীর প্রতি অবলোকন, ইত্যাদি বিবিধ প্রকার চেষ্টা হইয়া থ কে।

যথা—

দূর হইতে শ্রীরাধাকে অবলোকন করিয়া শ্রীরূপমঞ্জরী আপনার সখীর প্রতি কহিলেন, সুন্দরি! ঐ দেখ শ্রীরাধা রতিক্রীড়া যোগ্য কুঞ্জগৃহ, পুষ্পশয্যার উজ্জ্বল রুচি ও সালঙ্কার আত্মশরীর সন্দর্শন করিয়া হাস্য করিতেছেন এবং মুহুর্মুহুঃ ধ্যানপরায়ণা হইয়া হরির সহিত কোন এক প্রকার সঙ্গমবিধিকে সমৃদ্ধি করিতে ইচ্ছা করত মদনমদে উন্মত্ত-

অথোৎকণ্ঠিতা

অনাগসি প্রিয়তমে চিরয়ত্যুৎসুকা তু যা।
বিরহোৎকণ্ঠিতা ভাববেদিভিঃ সা সমীরিতা।
অস্যাস্তু চেষ্টা হৃত্তাপো বেপথুর্হেতুতর্কণং।
অরতির্বাষ্পমোক্ষশ্চ স্বাবস্থাকথনাদয়ঃ ৪৩।

যথা—

সখি কিমভবদ্বদ্ধো রাধাকটাক্ষগুণৈরয়ং
সমরমথবা কিং প্রারব্ধঃ সুরারিভিরুদ্ধুরৈঃ।

লোচনরোচনী টীক।

অনাগসীতি। সাগসি তু মান এব ভবতি নতূৎকণ্ঠেতি জ্ঞাপকং বিরহোৎকণ্ঠিতেতি পর্য্যায়াপ্তবং ৪৩

আনন্দচন্দ্রিকা টীকা।

অনাগসীতি জ্ঞাত ইতি শেষোঽত্র দেয়ঃ নায়কস্য সাপরাধত্বেঽপি নিরপরাধত্বজ্ঞান-এবোৎকণ্ঠা ভবেৎ নিরপরাধত্বেঽপি সাপরাধত্বজ্ঞানে মানবিপ্রলম্ভ ইতি বিবেচনীয়ং ৪৩। চন্দ্রাবলী পদ্মামাহ সখীতি বহুলাষ্টম্যাং কৃষ্ণাষ্টম্যাং। ন সম্মারেতি মন্মাধুর্য্যস্য

বুদ্ধি হইয়া রহিয়াছেন, কি আশ্চর্য্য! শ্রীকৃষ্ণের প্রতি উঁহার কি অলৌকিক ভাব! ৪২॥

অথ উৎকণ্ঠিতা

নিরপরাধ প্রিয়তম বহুক্ষণ যাবৎ সমাগত না হইলে, বিরহ বশতঃ নায়িকা অত্যন্ত উৎসুকচিত্তা হন, রসজ্ঞেরা তাহাকেই উৎকণ্ঠিতা কহেন। হৃত্তাপ, গাত্রকম্পন, কারণের প্রতি বিতর্ক, অস্বাস্থ্য, বাষ্প-মোচন এবং আপনার অবস্থাদি কথন ইত্যাদি সমস্ত উৎকণ্ঠিতা নায়িকার চেষ্টা॥ ৪৩॥

যথা—

চন্দ্রাবলী পদ্মাকে কহিলেন, সখি! অদ্য ব্রজরাজনন্দন শ্রীরাধার কটাক্ষগুণে অর্থাৎ রজ্জুতে বদ্ধ হইলেন নাকি?, না অসুরগণ সহ

অহহ বহুলাষ্টম্যাং প্রাচীমুখেঽপ্যুদিতে বিধৌ
বিধুমুখি ন যস্যাং সস্মার ব্রজেশ্বরনন্দনঃ। ৪৪
বাসসজ্জাদশাশেষে মানস্য বিরতাবপি।
পারতন্ত্র্যে তথা যূনোরুৎকণ্ঠা স্যাদসঙ্গমাৎ।

অথ খণ্ডিতা

উল্লঙ্ঘ্য সময়ং যস্যাঃ প্রেয়ানন্যোপভোগবান্।

লোচনরোচনী টীকা।

বহুলাষ্টম্যাং কৃষ্ণাষ্টম্যাং ৪৪

মানস্য বিরতাবপীত্যত্রাপি পূর্ব্বোক্তেনানাগসীত্যনেন ন বিরোধঃ তদাপ্যনা ত্মমনাৎ। ৪৫।

আনন্দচন্দ্রিকা টীকা।

স্মৃতিবিষয়ীভূতত্বে তস্য ব পি স্মাতুমশক্তেরিতি ভাবঃ যস্যা মম স্মরণমপি ন বরোতি যস্যাং ইতি নির্ব্বেদো ব্যঞ্জিতঃ ৪৪

বাসসজ্জেত্যাদিনা সঙ্গেন উৎকণ্ঠিতাত্বস্য সময়ত্রা মুক্তং। মানস্য বিরতৌ তু সৈবোৎকণ্ঠিতা কলহান্তরিতাশব্দেনোচ্যত ইতি সম্প্রদায়ঃ

সময়ং উল্লঙ্ঘ্য পূর্ব্বসঙ্কেতিতাগমনক মং ব্যতীত্য যস্যাঃ প্রেয়ান্ প্রাতরাগচ্ছেৎ সা খণ্ডিতা। অত্র রাত্রেঃ প্রথম প্রহরমধ্যে এবাগ মিষ্যতীত্যুক্ত্বা কদাচিদর্দ্ধরাত্রমধ্যেঽপ্যাগমনে খণ্ডিতা মা ভূদিতি প্রাতরিতি পদং তথা নায়কস্য সুপ্তাপভোগচিহ্নয়ে দৃষ্টে সা ম ভূদিতি

যুদ্ধারম্ভ হইল? কিছুই যে অনুমান করিতে পারিতেছি না, হা কষ্ট। আজি যে কৃষ্ণাষ্টমী, ঐ দেখ নিশানাথ পূর্ব্বদিকে উদিত হইলেন, প্রাণনাথ এখনও যে আমাকে স্মরণ করিলেন না কারণ কি? ৪৪।

বাসকসজ্জা দশার শেষে, মানের বিরতিতে অর্থাৎ কলহান্তরিতা অবস্থায় এবং নায়ক নায়িকার পরাধীনত্ব প্রযুক্ত সঙ্গমের অভাব হইলে এই তিন সময়ে উৎকণ্ঠা হয়

অথ খণ্ডিতা।

পূর্ব্ব সঙ্কেতিত কাল ব্যত্যয় করিয়া যাহার প্রিয়তম অন্য প্রেয়সীর সহ নিশাযাপন করত তদীয় ভোগ চিহ্ন ধারণ পূর্ব্বক যদি প্রাতঃ-

ভোগলক্ষ্মাঙ্কিতঃ প্রাতরাগচ্ছেৎ সা হি খণ্ডিতা ॥
এষ তু রোষনিশ্বাসতূষ্ণীম্ভাবাদিভাগ্ভবেৎ ॥ ৪৫ ।

যথা—

যাবৈধূ্লিতং শিরো ভুজতটীং তাড়ঙ্কমুদ্রাঙ্কিতাং
সংক্রান্তস্তনকুঙ্কুমোজ্জ্বলমুরো মালাং পরিম্লাপিতাং।
ঘূর্ণাকুট্টুলিতে দৃশৌ ব্রজপতের্দৃষ্ট্বা প্রগে শ্যামলা
চিত্তে রুদ্রগুণং মুখে তু সুমুখী ভেজে মুনীনাং ব্রতং ॥ ৪৬ ।

লোচনরোচনী টীকা

ব্রজপতেরিত্যত্র মুররিপোরিতি বা পাঠঃ　　প্রগে প্রাতঃ　৪৬।

আনন্দচন্দ্রিকা টীকা

ভোগলক্ষ্মাঙ্কিত ইতি পদং　ভোগলক্ষ্মণামপি স্বপরিহাসার্থকত্বেন কৃত্রিমত্বে জ্ঞাতে খণ্ডিতা ন ভবেদিত্যন্যো ভোগবানিতি পদং　নায়িকয়া স্বকান্তস্যান্যসম্ভোগো যদি সম্ভাব্যতে তদৈব নান্যথেত্যর্থঃ　৪৫

শ্যামাসখী বকুলমালাসখীং পৃচ্ছন্তীং কাঞ্চিদাহ যাবৈরিতি। ধূমলিতং কৃষ্ণলোহিতী-কৃতং। তাড়ঙ্কং কুণ্ডলং　ব্রজপতেরিতি প্রকৃতং বশাদ্ব্রজশব্দোঽয়ং সমূহবাচী। পরঃসহস্র-স্ত্রীজনোপভোক্তুরিত্যর্থঃ　তস্মিন্নেতৎ সর্বং নাশ্চর্যমিতি ভাবঃ　রুদ্রগুণং ক্রোধং তেন তৎসূচকং মুখবৈবর্ণ্যং নয়নারুণ্যঞ্চ তস্যাস্তদাবির্ভূতমিতি ভাবঃ। মুনীনাং ব্রতং মৌনং। ইয়ং ধীরাধীরপগল্ভা জ্ঞেয়া। ৪৬।

কালে সমাগত হয়েন, তদ্দর্শনে পূর্ব্ব নায়িকা খণ্ডিতা অবস্থা প্রাপ্ত হয়। ক্রোধ, দীর্ঘনিশ্বাস পরিত্যাগ ও তূষ্ণীম্ভাব অবলম্বন ইত্যাদি খণ্ডিতা নায়িকার চেষ্টা ॥ ৪৫

যথা—

শ্যামার বকুলমালা নাম্নী সখী কোন এক সখী জিজ্ঞাসা করিলে তাহার প্রতি কহিলেন, বয়স্যে! অদ্য প্রাতে গোপাঙ্গনারতিতস্করের শিরোদেশ অলক্তক রাগদ্বারা নীললোহিত, বাহুমূল কুণ্ডলাঙ্কিত, স্তন-সম্বন্ধীয় কুঙ্কুমে বক্ষঃস্থল সমুজ্জ্বল, পুষ্পমালা সংঘৃষ্ট এবং নেত্রদ্বয় বিঘূর্ণিত ও ঈষন্মীলিত অবলোকন করিয়া শ্যামলা চিত্তমধ্যে রুদ্রগুণ (ক্রোধ) ও মুখে সুমুখী হইয়া মুনিব্রত অবলম্বন করিয়াছিলেন।৪৬॥

অথ বিপ্রলব্ধা

ব্যস্বা সঙ্কেতমপ্রাপ্তে দৈবাজ্জীবিতবল্লভে।
ব্যথমানান্তরা প্রোক্তা বিপ্রলব্ধা মনীষিভিঃ
নির্ব্বেদচিন্তাখেদাশ্রুমূর্চ্ছানিশ্বসিতাদিভাক্।

যথা—

বিন্দতি স্ম দিবমিন্দুরিন্দিরা, নায়কেন সখি বঞ্চিতা বয়ং।

লোচনরোচনী টীকা।

বিপ্রলব্ধা কান্তেন কারণান্তরাদ্বঞ্চিতেতি যৌগিকার্থঃ ৪৭

আনন্দচন্দ্রিকা টীকা।

অপ্রাপ্তে ইতি অপ্রাপ্তে নির্দ্ধারে জাতে সতীতি ব্যাখ্যেয়ং
শ্রীরাধা বিশাখাসম্বোধ্য বিলক্ষীতি তেনান্যধিসম্ভোগো ব্যক্তীকৃত ইতি ভাবঃ ইন্দিরা লক্ষ্মী
কেনেতি কাচিল্লক্ষ্মীস্তেনাদ্য প্রাপ্তা ততঃ কিমস্মাভিস্তস্যেতি ভাবঃ সাদরং যথা স্যাত্তথা

অথ বিপ্রলব্ধা॥

সঙ্কেত করিয়া যদি প্রাণনাথ অনাগত হন্ তাহা হইলে যে নায়িকার অন্তর অতিশয় ব্যথিত হয়, পণ্ডিতগণ তাহাকেই বিপ্রলব্ধা কহেন। নির্ব্বেদ (বৈরাগ্য), চিন্তা, খেদ, অশ্রু, মূর্চ্ছা ও দীর্ঘনিশ্বাস ত্যাগ ইত্যাদি সকল বিপ্রলব্ধা নায়িকার চেষ্টা॥

শ্রীরাধা বিশাখাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, সখি! ঐ দেখ আকাশে নিশানাথের উদয় হইল কিন্তু আমরা রমানাথ কর্ত্তৃক বঞ্চিতা হইলাম, এখন কি করি? সাদরে উপদেশ দাও বিলম্ব করিও না। এই কথা বলিতে বলিতে অমনি মৃগেক্ষণা মূর্চ্ছিতা হইয়া পড়িলেন॥

তাৎপর্য্য॥

শ্রীমতী বিশাখাকে কহিলেন, সখি! নিশানাথের উদয় হওয়াতে শ্রীকৃষ্ণের আগমন কাল অতীত হইল, বোধ করি তিনি কোন লক্ষ্মীলাভ করিয়া থাকিবেন, আর বনচরী গোপনারীতে কোন প্রয়োজন নাই বলিয়া হয় ত আমাকে উপেক্ষা করিলেন, অতএব প্রিয়তমে!

কুর্ম্মহে কিমিহ শাধি সাদরং,দ্রাগিতি ক্লমমগাদ্মৃগেক্ষণা। ৪৭

অথ কলহান্তরিতা

যা সখীনাং পুরঃ পাদপতিতং বল্লভং রুষা।
নিরস্য পশ্চাত্তপতি কলহান্তরিতা হি সা।
অস্যাঃ প্রলাপ-সন্তাপ গ্লানি-নিশ্বসিতাদয়ঃ।

যথা—

স্রজঃ ক্ষিপ্তা দূরে স্বয়মুপহৃতাঃ কেশিরিপুণা।

লোচনরোচনী টীকা

সখীনাং পুরঃ ইতি নির্জ্জনে তু মানঃ স্থাতুং ন শক্নোতীত্যভিপ্রায়াৎ ৪৮

আনন্দচন্দ্রিকা টীকা

শাধি যত্র শিক্ষণে মম আদরো নোত্তিষ্ঠতি তদ্ব্রূহীতি ভাবঃ। তেনাতঃ পরং প্রাণধারণে মমানাদর এবেতি মরণমেব জ্ঞাপয় নতু জীবন মিতি ভাবঃ ৪৭।

কলহান্তরিতা কলহাদ্বহির্ভূতা ত্যক্ত কলহেত্যর্থঃ। অন্তরমবকাশাবধিপরিধানান্তর্দ্ধি ভেদস্তাদর্থ্যে ছিদ্রাত্মীয়বিনাবহিরবসরমধ্যে হন্তরাত্মনি চেত্যমরঃ। কলহেন অন্তরং ভেদো জাতো যস্যা ইত্যর্থে ইতি চ ত্যক্তকলহেত্যর্থঃ

রাধা স্বগতমাহ স্রজ ইতি পুটে মুষ ইতি খ্যাতে মৃণ্ময়পাত্রে পাকার্থমর্পিতং স্বর্ণরজতাদি

প্রাননাথ কর্ত্তৃক অনাদৃতা হইয়া জীবনধারণের প্রয়োজন কি! শীঘ্র মরণের উপায় বল, এই বলিয়া তৎক্ষণাৎ মৃগাক্ষী মূর্চ্ছিতা হইয়া পড়িলেন ॥ ৪৭ ॥

অথ কলহান্তরিতা।

যে নায়িকা সখীজনের সমক্ষে পদানত বল্লভকে পরিত্যাগ করিয়া পশ্চাৎ অতিশয় তাপ অনুভব করে, তাহাকে কলহান্তরিতা কহা যায়। প্রলাপ, সন্তাপ, গ্লানি ও দীর্ঘনিশ্বাস-ত্যাগ প্রভৃতি কলহান্তরিত নায়িকার চেষ্টা ॥

যথা—

শ্রীরাধা কহিলেন, অহে সখীগণ! আমার কি দুরদৃষ্ট দেখ, কেশি-

পিয়া বাচস্তস্য শ্রুতিপরিসরান্তেঽপি ন কৃতাঃ ।
নমন্নেষ ক্ষৌণীবিলুঠিতশিখং প্রেক্ষি ন ময়া ।
মনস্তেনেদং মে স্ফুটতি পুটপাকার্পিতমিব ৪৮ ।

অথ প্রোষিতভর্তৃকা

দূরদেশং গতে কান্তে ভবেৎ প্রোষিতভর্তৃকা ।

লোচনরোচনী টীকা

প্রোষিতভর্তৃকাদিদ্বয়ে ভর্তৃশব্দপ্রয়োগে দাম্পত্যতাত্ত্বৈবাঙ্গিনি রসে রসশাস্ত্রকর্তৃভি স্বীকৃতত্বাদ্যুক্ত এব অতএব বাসকসজ্জায়াং গেহশব্দঃ প্রযুক্তঃ নহি ভর্তৃশব্দেন জাবোঽপি

আনন্দচন্দ্রিকা টীকা ।

বস্ত্বিবেত্যর্থঃ ৪৮

দূরদেশং মথুরাং দ্বারকাঞ্চ অত্র প্রোষিতভর্তৃকাস্বাধীনভর্তৃকয়োঃ পরকীয়াত্বং কেচিন্ন মন্যন্তে ভর্তৃশব্দেন জারস্য বাচয়িতুমশক্যত্বাত্তথৈকত্র তচ্ছব্দলিঙ্গেনাষ্টাবপ্যবস্থাঃ স্বকীয়ায়া এবাভিপ্রেতা ইতি বাচঙ্গতে তদসঙ্গতং পূর্ব্বং যাঃ পঞ্চদশধা প্রোক্তাস্তাসাং শতং তথা । বিংশতিশ্চাভিবক্ষ্যন্তে তাদবস্থাভিঃ কিল ষ্টভিঃ ইত্যত্রো পঞ্চদশানামেবাবস্থাষ্টকস্য পরিগণনাৎ পরকীয়াং বিনা পঞ্চদশত্বাযোগাৎ নচ পরকীয়ামাত্রপ্যাসাং রাধাচন্দ্রাবল্যাদীনাং কৃষ্ণেন সহ বিবাহস্য ভাবিত্বাৎ ভর্তৃশব্দপ্রয়োগ ইতি বাচ্যং । বিবাহস্য ভাবিত্বে স্পষ্টতয়া কাপ্যার্ষস্য প্রমাণস্যাভাবাৎ নচ পাদ্মে উত্তরখণ্ডে দত্তমুক্তবধান্তঞ্চ করং দৃষ্ট্বা তথা যদুবংশে ক্ষাপসসার ভো ভবান্ কুরূন্ মধূন্ বাথ সুহৃদি দূষয়েতি প্রথমস্কন্ধোক্ত্যা চ ব্রজাগতস্য কৃষ্ণস্য পিত্রো

মথন স্বয়ং গালা আনিয়া উপহার দিয়াছিলেন কিন্তু আমি তাহা অবজ্ঞা পূর্ব্বক দূরে নিক্ষেপ করিয়াছি, তাঁহার চাটুবচনে কর্ণপাত করি নাই, তিনি আমার চরণোপান্তে শিখা বিলুঠিত করিয়া নমস্কার করিয়াছিলেন তাহাতেও একবার দৃক্‌পাত করি নাই, অতএব সেই সকল অপরাধে আমার মন পুটপাকার্পিত অর্থাৎ মুষা (মুচী) মধ্যগত ধাতুর ন্যায় স্ফুটিত হইতেছে ॥ ৪৮ ॥

অথ প্রোষিতভর্তৃকা

শ্রীকৃষ্ণ দূরদেশে অর্থাৎ মথুরা বা দ্বারকায় গমন করিলে যে কান্তা তাঁহার আগমনপথ নিরীক্ষণ করেন, তাঁহাকে প্রোষিতভর্তৃকা বলে ।

প্রিয়সঙ্কীর্ত্তনং দৈন্যমস্যাস্তনবজাগরৌ।
মলিন্যমনবস্থানং জাড্যচিন্তাদয়োমতাঃ

যথ —

বিলাসী স্বচ্ছন্দং বসতি মথুরায়াং মধুরিপু-
র্বসন্তঃ সন্তাপং প্রথয়তি সমন্তাদনুপদং

লোচনরোচনী টীকা।

বাচ্যতে চৌরস্বামিনোরেকার্থত্বাসম্ভবাৎ অন্যথা স্বাধীনপতিকাদিশব্দবৎ ক্বচিৎ স্বাধীনজারেত্যপি প্রযুজ্যতে অশ্লীলত্বাজ্জারেঽপি তচ্ছব্দো ন প্রযুজ্যতে কিন্তু ভর্ত্রাদি-শব্দ ইতি চেৎ হন্ত হন্ত যস্য শব্দপ্রয়োগেণ প্রাচীনতাপদ্যতে তদর্থপ্রয়োগস্য সুতরামেব বিব-সতাপাদকত্বং স্যাৎ নচ বক্তব্যং দাম্পত্যেঽপ্যভিসারো ন সম্ভবতি গৃহ এব মিথোনিত্য-প্রাপ্তেঃ বহুপ্রবলসপত্নীসংরূঢ়ত্বে দক্ষিণস্য নায়কস্য বহুলগুর্ব্বাদিজনসঙ্কটত্বেন লজ্জালোঃ

আনন্দচন্দ্রিকা টীকা।

বভিলাষপূর্ত্ত্যর্থং বিবাহ আবশ্যক ইতি বাচ্যং পূর্ব্বমক্রূরাগমনকালে শ্রীকৃষ্ণস্য শৈশ-কৈশোরে স্থিতস্যাপি পিতৃভ্যাং যথা তস্য পৌগণ্ডানতিক্রম এব দৃষ্ট আসীত্তথৈব দন্তবক্রবধা-নন্তরমপি আগচ্ছ তত্ত তস্মিন্নেব বয়সি দৃষ্টেনাধুনাপি অস্ত বিবাহে সময় ইতি তদানীমপি পিত্রোর্বিবাহদানানভিলাষস্যৈব যুক্তিসিদ্ধত্বাৎ। অতএব কৃষ্ণোঽপি তং হত্বা যমুনামুত্তীর্য্যেতি-গদ্যান্তে গোপনারীভিরনিশং ক্রীড়য়ামাস মাধব ইত্যাদিষু গোপনারীপদপ্রয়োগ ইতি। তর্হি স্বাধীনভর্তৃকা প্রোষিতভর্তৃকয়োর্ভর্তৃশব্দপ্রয়োগে কিং বীজমিতি চেৎ উচ্যতে সর্ব্বত্রৈবালঙ্কারশাস্ত্রে প্রাচীনে অর্ব্বাচীনে বা পত্যুঃ পত্যোরেব ভর্তৃশব্দপ্রয়োগো দৃষ্টএব যথা রসমঞ্জর্য্যাং ইয়ং পরকীয়া স্বাধীনভর্তৃকেতি ইয়ং বেশ্যা স্বাধীনভর্তৃকেত্যাদি বহুতরমেবাস্তি যুক্তিস্তু দেবো-

---

প্রিয়সঙ্কীর্ত্তন, দৈন্য, কৃশতা, জাগরণ, মালিন্য, অনবস্থান এবং জাড্য প্রভৃতি প্রোষিতভর্তৃকা নায়িকার চেষ্টা॥

যথা—

শ্রীরাধা কহিলেন, ললিতে! এখন কি করি উপায় বল, মধুরিপু ত স্বচ্ছন্দে বিলাসপরতন্ত্র হইয়া মধুপুরীতে অবস্থান করিতে লাগিলেন, আমি যে আর বসন্তের সন্তাপ সহ্য করিতে পারিতেছি না, সে আমাকে সর্ব্বতোভাবে পদে পদে যাতনা দিতেছে। হা কষ্ট! আমি

দুরাশেয়ং বৈরিণ্যহহ মদভীষ্টোদ্যমবিধৌ
বিধত্তে প্রত্যূহং কিমিহ ভবিতা হন্ত শরণং ॥
অথ স্বাধীনভর্তৃকা।
স্বায়ত্তাসন্নদয়িতা ভবেৎ স্বাধীনভর্তৃকা।
সলিলারণ্যবিক্রীড়া-কুসুমাবচয়াদিকৃৎ ৪৯।

লোচনরোচনী টীকা

কস্যাশ্চিদনুরাগিণ্যা একান্তে সমাহ্বানং তাং তাং প্রতি গমনন্তু সম্ভবতীতি নচ বক্তব্যং স্বগৃহাৎ সমাহ্বানং সর্ব্বৈঃ। জ্ঞায়তে ইত্যাদুং তৎপ্রক্রিয়য়েতি। পরগৃহাস্তদাধিক্যাপত্তেঃ যং। চাতুর্য্যা তত্র গোপনং স্যাত্তয়ৈবাপ্তবাচ্চ তস্মাদ্ জয়ুবরাজস্য সমৃদ্ধিমদাখ্যসম্ভোগ-লীলায়ামপ্যভিসারলীলা সম্ভবত্যেব যৎ ললিতমাধবে চন্দ্রাবলীকৃতঃ কক্ষয়া শ্রীরাধায়াঃ শ্রীকৃষ্ণপার্শ্বায় গুপ্ত্যা মুহুর্গমনং বর্ণিতং তস্মাদ্ভর্তৃত্বে চৌপপত্ত্যাভাসে চাস্ত্যেব তাদৃশলীলেতি নান্যথা মন্তব্যং ৪৯

আনন্দচন্দ্রিকা টীকা

পদেষেষু পূজয়িতব্যেষু দেবেভ্যো নম ইতিবদিতি পূর্ব্বমুক্তেরেব তথা লোকে প্রকৃত্যোঽপি নায়িকা যোঽহং মে গৃহে বর্ত্ততে স এষ মদ্যৌবনরূপলাবণ্যবৈদগ্ধ্যাদভ্যধিকো নান্যৈব ভর্ত্তা স্বয়া স্থানেষ্বাগো মে সত্যা এব ভর্ত্তুঃ প্রীতিঃ স্বাগীত্যাদিকং দূতীং প্রতি যদস্তি তথ উপায়-কথা পরোক্ষং তস্মিন্নার্য্যপুত্রাদিপ্রয়োগং অপি কুর্ব্বন্তীতি দিক্

শ্রীরাধা ললিতামাহ বিম গীতি তত্র বিলাসস্য সদা প্রাধুর্য্যে কথং গতাগতিঃ স্যাতীতি ভাবঃ অতোঽভীষ্টং মে মবণং। প্রত্যূহং বিঘ্নং

স্বায়ত্তঃ স্বাধীনঃ আসন্নঃ নিকটবর্ত্তী দয়িতো যস্যাঃ সা ॥ ৪৯ ॥

মরণার্থ উদ্যম করিলেও এই দুরাশা (শ্রীকৃষ্ণ শীঘ্র আগমন করিবেন) অন্তরায় উদ্ভাবন করিয়া দিতেছে অতএব হে প্রিয়তমে! আর আমি কাহার আশ্রয় গ্রহণ করি উপদেশ দাও।

অথ স্বাধীনভর্তৃকা।

কান্ত যাহার অধীন হইয়া সতত সমীপে অবস্থান করেন তাহাকে স্বাধীনভর্তৃকা বলে। ৪৯।

যথা—

মুদা কুর্ব্বন্ পত্রাঙ্কুরমনুপমং পীনকুচয়োঃ
শ্রুতিদ্বন্দ্বে গন্ধ হৃতমধুপমিন্দীবরযুগং।
সখেলং ধম্মিল্লোপরি চ কমলং কোমলমসৌ
নিরাবাধাং রাধাং রময়তি চিরং কেশিদমনঃ

যথা বা—শ্রীগীতগোবিন্দে,

রচয় কুচয়োঃ পত্রং চিত্রং কুরুষ্ব কপোলয়ো-
র্ঘটয় জঘনে কাঞ্চীমঞ্চস্রজা কবরীভরং।
কলয় বলয় শ্রেণীং পাণৌ পদে কুরু নূপুরা-
বিতি নিগদিতঃ প্রীতঃ পীতাম্বরোঽপি তথাকরোৎ॥

লোচনরোচনী টীকা

কেশিদমন ইতি পূর্ব্ববৎ ৫০

আনন্দচন্দ্রিকা টীকা

পৌর্ণমাসীং প্রতি বৃন্দাহ। মুদেতি অত্র নায়িকাধীনত্বং ন শঙ্কোত্তমিত্যত আহ যথা বেতি ৫০

সখি! অদ্য কেশিদমন শ্রীরাধার প্রেমাধীন হইয়া তদীয় পীন-পয়োধরদ্বয়ে অনুপম পত্রাবলী বিরচন করিতেছেন, শ্রুতিদ্বন্দ্বে "যাহার গন্ধে পুঞ্জ পুঞ্জ মধুপবৃন্দ আহৃত হয়" এমত ইন্দীবরযুগল পরিধাপন করিতেছেন এবং সকৌতুকে ধম্মিল্লোপরি (ঝুঁটির উপরে) কোমল কমল সমর্পণ করত নির্ব্বাধে তাঁহাকে সমাধিক রমণ করিলেন।

যথা বা—শ্রীগীতগোবিন্দে।

শ্রীমতী কহিলেন, কৃষ্ণ! তুমি আমার কুচদ্বন্দ্বে কস্তূরীপত্র বিরচন কর, কপোলদ্বয়ে চন্দন চিত্রিত কর, জঘনে মণিময় মেখলা দাও, পুষ্প-মালা দ্বারা কবরী শোভিত কর, করযুগলে বলয়া সকল পরিধান করাও এবং চরণে নূপুর সমর্পণ কর, শ্রীমতী এই প্রকার আজ্ঞা করিলে প্রীত হইয়া পীতাম্বরও তাহাই করিলেন।

চেদিয়ং প্রেয়সা হাতুং ক্ষণং নপ্যতি দুঃশকা ।
পরমপ্রেমবশ্যত্বান্নাধবীতি তদোচ্যতে ।
হৃষ্টা স্বাধীনপতিকা বাসকসজ্জাভিসারিকা ॥
মণ্ডিতাশ্চ পরাঃ পঞ্চ খণ্ডিতা কলহান্তরিতা ।
বাগদণ্ডাশ্রিতকরাশ্চিন্তাসন্তপ্তমানসঃ ৫০ ।
উত্তমা মধ্যমা চাত্র কনিষ্ঠা চেতি তাস্ত্রিধা ।
ব্রজেন্দ্রনন্দনে প্রেম তারতম্যেন কীর্ত্তিতাঃ ।

লোচনরোচনী টীকা

উত্তমাদিত্রয়ে ভেদা বস্তুবিচারেণ [illegible] পূর্ব্বোক্তং জ্যেষ্ঠাদি ভেদদ্বয়ন্তু

আনন্দচন্দ্রিকা টীকা

উক্তানাং সর্ব্বাসাং পুনর্ভেদত্রয়মাহ উত্তমেতি প্রেমতারতম্যেনেতি প্রেমশব্দেনাত্র স্নেহ-পরিণামাঃ স্নেহাদয়ো মহাভাবপর্য্যন্তা অপ্যুচ্যন্তে নমু জ্যেষ্ঠ কনিষ্ঠে পূর্ব্বং ন নায়িকাগণ্যা গণিতে ইদানীমুক্তা। মধ্যা কনিষ্ঠা চ তে ব্রজেন্দ্রনন্দনে প্রেমতারতম্যেনেত্যাসাং লক্ষণং। তত্রাপি নায়কগণ্যং প্রতীত্য ক্রমতো লক্ষণবৈষম্যাদুভয়োরপি তে এতাসাং গণনেচ কিং বীজমিতিচেৎ উচ্যতে ইয়ানয়ং সর্ব্বাসু প্রেম্না জ্যেষ্ঠা ইয়তঃ প্রেম্না কনিষ্ঠেতি পরস্পরাপেক্ষাচ্ছেদিবক্ষ্যতে তদা সর্ব্বাসাং এবাপেক্ষিকং জ্যেষ্ঠত্বং কনিষ্ঠত্বং চেতি ন গণনমস্তবঃ অতএব তত্রোদাহরণং ফলদর্শনেন জ্যেষ্ঠত্ব কনিষ্ঠত্ব জ্ঞাপনার্থং দ্বে দ্বে এব নায়িকে উপন্যস্তে অন্য

শ্রীকৃষ্ণ যদি প্রেমবশ্য হইয়া ক্ষণকাল পরিত্যাগ করিতে সমর্থ না হন, তাহা হইলে এই স্বাধীনভর্তৃকাকে মাধবী কহা যায় ।

অষ্ট নায়িকার মধ্যে স্বাধীন ভর্তৃকা, বাসকসজ্জিকা ও অভিসারিকা এই তিন নায়িকা সতত হৃষ্টচিত্তা এবং ভূষণাদি দ্বারা মণ্ডিতা হয়, আর বিপ্রলব্ধা, খণ্ডিতা, উৎকণ্ঠিতা, প্রোষিতভর্তৃকা ও কলহান্তরিতা এই পাঁচ নায়িকার অঙ্গে ভূষণ শূন্য, বামগণ্ডে হস্তপ্রদান, খেদ ও অন্তঃকরণ, চিন্তায় সন্তপ্ত হয়, ৫০ ।

পূর্ব্বোক্ত নায়িকা সকলের ব্রজেন্দ্রনন্দনে প্রেমের তারতম্য প্রযুক্ত উত্তমা, মধ্যমা ও কনিষ্ঠা ইত্যাদি ত্রিবিধ ভেদ হয় ॥

ভাবঃ স্যাদুত্তমাদীনাং যস্যা যাবান্ প্রিয়ে হরৌ।
তস্যাপি তস্যাং তাবান্ স্য দিতি সর্ব্বত্র যুজ্যতে॥

তত্রোত্তমা যথা—

কর্ত্তুং শর্ম্ম ক্ষণিকমপি মে সাধ্যমুজ্ঝত্যশেষং
চিত্তোৎসঙ্গে ন ভজতি ময়া দত্তখেদাপ্যসূয়াং।

লোচনরোচনী টীকা

পারম্পরিকাপেক্ষয়া সর্ব্বেষ্বপি তেষু সম্ভবতীতি ব্যবহারমাত্রাত্মকত্বাদিতি জ্ঞেয়ং ৫১

আনন্দচন্দ্রিকা টীকা

তু প্রেয়া ইয়মুত্তমত্ব জাতিমতী ইয়ং মধ্যাত্ব জাতিমতীত্যেবং বিবক্ষ্যতে নতু ইয়মিতঃ সকাশাৎ উত্তমেতি মধ্যমায়াং তথা বিবক্ষানুপপত্তেঃ নহীয়মিতঃ সকাশান্মধ্যমেতি কেন চিৎ প্রযুজ্যতে নন্বিয়মাভ্যামাপেক্ষিকোত্তমা কনিষ্ঠাভ্যাং সকাশাৎ মধ্যমেতি শক্যতে এব বক্তুং নৈবং তদপি মধ্যমায়া উত্তমাতঃ কনিষ্ঠত্বং কনিষ্ঠায়া উত্তমত্বমবশ্যমেব বক্তব্যং তথা সতি মধ্যমায়া বৈযর্থ্যমেবাতোঽত্র মধ্যমাপদপ্রয়োগ আপেক্ষিকত্ববিবক্ষা নিরস্তেত্যেতাঃ যুজ্যন্তে এব নায়িকাভেদগণনা ইতি সর্ব্বমবদাতং

যাবানিতি ভাবস্য প্রমাণমুক্তং জাতিমপি ক্রোড়ী কুর্য্যাদেব যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতি শ্রীমুখবাক্যপ্রসিদ্ধেঃ

শ্রীকৃষ্ণঃ সুবলং প্রত্যাহ কর্ত্তুমিতি মে মম এক ক্ষণপর্য্যন্তমপি সুখং আত্মনোঽদ্বেষং ব্যাবহারিকং ন তু প্রতিষ্ঠাদৈহিক সুখশয়নভোজনাদি প্রাণধারণপর্য্যন্তং পারমার্থিকং দেব ব্রাহ্মণসেবাদিকং সাধ্যং ত্যজতীত্যয়ং রাগঃ যদুক্তং স্নেহঃ সরাগো যত্র স্যাৎ সুখং দুঃখমপি স্ফুটং তৎসম্বন্ধনবেপ্যত্র প্রীতিঃ প্রাণব্যয়েঽপি ইতি ময়া দত্তখেদা প্রীতিঃ প্রেমা যদুক্তং

উত্তমাদি নায়িকাগণের মধ্যে শ্রীকৃষ্ণের প্রতি যাঁহার যেমন ভাব শ্রীকৃষ্ণেরও তাঁহার প্রতি তদ্রূপ প্রীতি॥

উত্তমা যথা—

'শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, সখে! আমার প্রতি শ্রীরাধার কি আশ্চর্য্য প্রীতি, ক্ষণকালের নিমিত্ত যদি আমায় সুখবিধান করিতে আপনার অখিল ব্যবহার্য্য কার্য্য বিসর্জন দিতে হয়, তাহাও করিয়া থাকেন, আমি তাঁহাকে খেদান্বিতা করিলে তাঁহার মনোমধ্যে অসূয়ার

শ্রুত্বা চ স্তর্ব্বিদলতি মৃষাপ্যার্ত্তিবার্ত্তালবং মে
রাধা মূর্দ্ধ্নিন্যখিল সুদৃশং র জতে সদ্গুণেন ৫১।

মধ্যমা যথা—

দুর্ম্মানমেব মনসা বহুমানয়ন্তী
কিং জ্ঞাত কৃষ্ণ হৃদয়ার্ত্তিরপি প্রযসি

লোচনরোচনী টীকা।

হে রঙ্গে যঙ্গানাম্নি ৫২

আনন্দচন্দ্রিকা টীকা

সর্ব্বথা ধ্বংসরহিতং সত্যপি ধ্বংসকারণে যদ্ভাবস্থনং যূনোঃ স প্রেমেতি নিগদ্যতে অন্তর্বিদলতি বিদীর্য্যতীতি ঝাঢ়োভাবঃ যদুক্তং তমেব ধিক্কৃত্য তৎ সৌখ্যা হপ্যার্ত্তিবার্ত্তয়া খিন্নত্বমিতি ক্রমেণাত্র পদ্যে রাগ প্রেম মহাভাবানামশেষমিতি ময়েতি মৃষেতি পদৈ র্জাত্যাধিক্যং অপি ত্রয়ং প্রমাণাধিক্যঞ্চ বিবেচনীয়ং ৫১।

রঙ্গানাম্ন্যা যূথেশ্বর্যাঃ সখী কাচিত্তাম হ হে রঙ্গে তবঙ্গন্তি রোষাত্তরঙ্গায়মাণানি অখিলানি অঙ্গানি যস্যাঃ হে তথাভূতে ইতি শ্রীকৃষ্ণস্য কষ্টাংশজ্ঞানেঽপি অস্যাশ্চিত্তদ্রবাভাব এব প্রেম্নো মধ্যমত্বং ব্যনক্তি ইতি ভাবঃ বস্তুতস্ত্বস্যাশ্চিত্তে এবং বিচারঃ। অহন্তু অস্য কষ্টশ্রবণকাল এব মানং সংপূর্ণমত্যজং এব। কিন্তু দ্বিত্রক্ষণানন্তরমেব স্বপ্রসাদং ব্যক্তী করিষ্যামীতি ভাবঃ ৫২।

উদ্গম হয় না, আর যদি কেহ তাঁহার অগ্রে মিথ্যা করিয়া আমার কিঞ্চিন্মাত্র পীড়ার কথা বলে তাহাতেও তাঁহার হৃদয় বিদীর্ণ হইতে থাকে; অতএব হে বন্ধো! এই সকল গুণেই শ্রীরাধা মৃগাক্ষীসকলের শিরোপরি অত্যর্থ বিরাজ করিতেছেন ॥ ৫১ ॥

মধ্যমা যথা—

রঙ্গা নাম্নী কোন যূথেশ্বরীর প্রতি তদীয়া সখী কহিলেন, রঙ্গে! ক্রোধ বশতঃ তোমার অঙ্গ সকল তরঙ্গের ন্যায় কম্পমান দেখিতেছি, বোধ হয় দুষ্ট মানকেই বহুতর সম্মান করিতেছ। প্রিয়তমের হৃদয় ব্যথা অবগত হইয়াও চলিয়া যাইতেছ! কি আশ্চর্য্য ইহাই কি বরাঙ্গনার অনুরাগ চিহ্ন! কদাপি এ প্রকার ব্যবহার উচিত নয়।

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে শ্রীকৃষ্ণের পীড়াবার্ত্তা শ্রবণে

রঙ্গে তরঙ্গদখিলাঙ্গি বরাঙ্গনানাং
নাসৌ প্রিয়ে সখি ভবত্যনুরাগমুদ্রা ৫২

কনিষ্ঠা যথা—

দনুজভিদভিসারপ্রস্তুতৌ বৃষ্টিমুগ্রাং
জনগমনবিরামাদন্যদা স্তৌষি তুষ্টা।

লোচনরোচনী টীকা

উচ্চকৈবিতাত্রান্যদেতি পাঠান্তরং অথে ত্যাদি ত্রয়স্যোদাহরণত্রয়মিদং বিপ্রতি পদ্যান্তে তত্রোত্তমোদাহরণে যথা নন্বু কর্ত্তুং শর্ম্মেত্যন্যেষং রতিমাত্রেঽপি সম্ভবতি যথোক্তং পূর্ব্বগ্রন্থে রতি লক্ষণে ক্ষোভহেতাবপি প্রাপ্তে শান্তিরক্ষুভিতাত্মতা যথা প্রথমে।

আনন্দচন্দ্রিকা টীকা

ত্যাগি তাবদয়ং মদ্বিচ্ছেদদুঃখমনুভবতু যথা পুনর্নৈবং করোতীত্যতোঽস্য ন সমর্থায়াং বতৌ ব্যভিচারঃ শঙ্কনীয়ঃ কিন্তু স্নেহস্য জাতিপ্রমাণাভ্যামত্যাধিক্যে সতি এষ বিচার এব মনসি নোদ্ভবতীত্যতোঽস্যা ন মধ্যাত্বমেব ৫২

কাঞ্চিদভিসর্ত্তুমিচ্ছন্তীং স্বয়ং স্থী বৃন্দাপ্রাহ দনুজেতি জৃম্ভিতে মেঘডিম্ভ ইত্যাদিভি-স্তস্যা রাগ ব্যভিচারব্যঞ্জক উপালম্ভো বামাবিষ তার্থ ইতি জ্ঞেয়ং বস্তুতস্তস্যা মনস্যেবং বিচারঃ প্রত্যাসন্নোঽয়ং বর্ষুকে মেঘডিম্ভঃ ক্ষণমাত্রমেব স্থাস্যতি অতোঽনেন দিব্যবস্ত্র-ভূষাদ্যার্দ্রীকরণেন মৎ কান্তসঙ্গে গ প্রতিকূলেনালং ইতি অত্রায়ং বিবেকঃ প্রেমস্নেহ-

চিত্তের অদ্রবত্ব হেতু ইহাঁকে মধ্যা বলা যায়। উল্লিখিত নায়িকার মনে এ প্রকার বিচার উপস্থিত হইল যে আমি ত শ্রীকৃষ্ণের পীড়া শ্রবণ-মাত্রই সম্পূর্ণ ভাবে মান বিসর্জন করিয়াছি কিন্তু দুই তিন ক্ষণ পরে প্রসন্নতা প্রকাশ করিব, এতাবৎকাল উনি আমার বিচ্ছেদ দুঃখ অনু-ভব করুন, আর যেন এ প্রকার অন্যায় না করেন। ৫২

অথ কনিষ্ঠা॥

কোন গোপাঙ্গনা শ্রীকৃষ্ণ-সমীপে অভিসার করিতে ইচ্ছা করিলে শীঘ্র গমনার্থ বৃন্দা কহিলেন, সখি! দনুজদমনকারির প্রতি অভি-সারার্থ উদ্যতা হইয়া "পাছে কোন ব্যক্তি পথে বহির্গত হয়" এই আশঙ্কা করিয়া অতিশয় বৃষ্টি কামনা করিতে, এখন তোমার এ

লোচনরোচনী টীকা।

তং মেঘাগমং প্রতিস্তব্ধ বিহ্বলা হর্ষাদি তত্ত্বাবেশে হর্ষাদীনাং প্রেমমাত্রেহপি ঘটতে হর্ষ শঙ্কাচুম্বনাদিনা প্রেমবর্দ্ধনমুক্তং। তথা ধৃতি অভিলাষাদি সৌখ্যাবীচি-মর্যাদাং দুঃখপ্রবহং বা নয়মং বিশ্বতমর্যাদে প্রেমণি সাধিকমনোবিকারাণাং সম্ভবেতি স্পষ্টার্থ স্তদ্বৃত্তি স্নেহমানপ্রেমাণি যুজ্যন্তে সান্দ্রমিচ্ছতরং কুর্বন্ প্রেম স্নেহ ইত্যাদি গ্রন্থে। অভিলাষাদি স্নেহ স্তাদ্বিশ্লেষসহ মহিষ্ণুতা যথা দগ্ধেন বাষ্পাম্বু প্রোক্তা দিতি। তদেবং স্বভাবত এবাত্রেদৃশো বিকারশ্চেদস্তি বক্তা শ্রবণে তু কৈমুত্যমেবাপদ্যতে তথা মধুমোদাহরণে দুর্ম্মাংসবেত্যাদি দর্শিতং গানচরিত্রং স্ত্রীস্বভাবাদপি দৃশ্যতে যথা বিদগ্ধমাধবে তদ্ভাবাং কর্ণান্তেন কৃতা প্রেম্ণো রচনা কিন্তু মায়া দুরতো নারায়ণকামপ্যবচঃ সত্যং ব্রুবঃ কল্পিতাঃ ক্ষৌণীগণিথণ্ডেথবমসৌ নাভ্যর্থমিক্ষিতঃ স্বাপং হন্ত মদাদ্য তেন বিধি-রাজ্ঞাবেং দন্দহ্যতে ইতি নাহত্র মনস্যমংসা বহং নানং কিন্তু বহিশ্চেষ্টায়ন যতঃ স্বান্ত-মিত্যনেন স্বান্তস্য তু লোহস্যতৈব প্রতিপাদিতঃ যদ্যেবং তর্হি পরমপ্রেমবতীনাং সর্ব্বাসা-

*আনন্দচন্দ্রিকা টীকা

রাগাদিষু বিচারোহি তেষাং গাঢ়ত্বমেব ব্যনক্তি রাগাদিকোহু স্বীয়াকৃতি দীপ্তৈত-বসিলতাধারাকব লাশ্রিভি র্মাণ্ডতোপমণ্ডনৈঃ স্ফুটিতেহপ্রেস্ফোট তুষ্যা পশ্যন্তী পশু-পেন্দ্রনন্দনমগাবিন্দীবরৈরাকুতে তন্মে গুপ্ত পদাম্বুজব মুদিতা স্পন্দতে সাধিকেত্যত্র প্রিয়-দর্শনগমনকালে শিরাগণ্ডপং তপ্তুম স্তপ্তং বা ২ৎ স্থিরত্বে গোহহং স্ফুরিরাদেহঃ সন্নহো বা ভবেদিতি নৈবাস্তি কোহপি বিচারঃ কিন্তু যোগাদৈন শক্ত্য সদ ভাগস্বকয়া তত্তৎ সর্ব্বসাধানং অত এব বৃষ্টিমুগ্রাং জনগমনস্থিরাদিস্তদা স্তৌতীত্যেতদপি সবিচারমাজ্ঞাং অ-ন্যূনজাতীয়ত্বং ধ্বনক্তি যথা অহো মৎ ভাগ্যাদিভস সকালে বৃষ্টিরিয়মাগতা। অতো গৃহাৎ কোহপি ন নিঃসরিষ্যতি স্বচ্ছন্দং প্রিয়মভিসরিষ্যামীত্যেতাবানেব মধ মায়া বিচ রো-নাধিকঃ। কনিষ্ঠায়াস্তু স্বদেহপরিচ্ছদাদ পেক্ষাপর্য্যন্তো ব্যাপার এব। তদেবং বৃষ্টিমুগ্রা-মস্তদা স্তৌতীতি কনিষ্ঠাং প্রত্যুক্তিঃ কটাক্ষ এব সচ স্বমাত্মনি মধ্যায় সম্ভবং যদা নয়সি-তদাচৈব ক্রিয়ায়াস্তু স্বমি কনিষ্ঠ স্বমুপলভ্যত ইত্যাকারঃ। ততশ্চ বর্ষাদীনাং মহাভাব-পর্য্যন্তানাং স্থায়িনাং জাতিপ্রমাণাধিক্যে দৃষ্ট উত্তমা। তদভাবে মধ্যমা জাতিপ্রমাণযো-রল্পত্বে কনিষ্ঠেতি ব্যবস্থেয়ং তত্র তত্তদুদয়কালে অন্যানুসন্ধানমাত্রাভাবে জাতিপ্রমাণাধিক্যং ঈষদন্যানুসন্ধানে তদল্পত্বং অধিকানুসন্ধানে তদন্যত্বমিতি। নন্দ মুহুস্তোহভিযযুঃ কাশ্চি-দ্দোহং হিত্বা সমুহদুকা ইত্যাদৌ রাগাভিসারে সর্ব্বা এবান্যানুসন্ধানাভাববত্যো দৃষ্টা অত কিং মধ্যমা কনিষ্ঠয়োর্ভেদেন সত্যং উচ্যতে ছত্রিণো গচ্ছন্তীতি ন্যায়েন তত্র তত্রোত্তমা এব উপলক্ষ্যন্তাঃ কিন্তু মধ্যমা কনিষ্ঠয়োরপি তত্র সম্ভাবোহবগন্তব্য এব পতিসুতাদয়ঃ জাতুরাদ্ধমা-

কথয় কথমিদানীং জুষ্যতে মেঘভিস্তে
কৃতকিনি বত কৃচ্ছ্রে প্রস্থিতৌ বন্ধুবাসি ৫৩

লোচনরোচনী টীকা।

মেব ব্রজদেবীনাং তাদৃশমেব সম্ভবতি নতু মানিন্যা মনসি বহুমানেন তথা দুর্মানিনিত্যাদি সখীনাং শিক্ষাচরণমিদং ইদানীমধিরূঢ়ং কিঞ্চিদধিরূঢ়মপ্যাবোঢ়ুং প্রবৃত্তং ততো হস্যা ন তাদৃশত্বং মন্তব্যং তথা কনিষ্ঠোদাহরণে দুষ্টজাতিরিত্যাদিরীতিঃ শ্রীব্রজদেব্যাং কস্যাঞ্চিদপি ন যুজ্যতে। রাগমাত্রোদাহরণে ভক্তান্তরেষ্বপি তদসম্প্রতিপত্তেঃ। যথোক্তং স্নেহঃ সরাগো যত্র স্যাৎ সুখং দুঃখমপি স্ফুটং তৎসম্বন্ধ লবেনাত্র প্রীতিঃ প্রাণব্যয়েরপি। যথা গুরুরপি ভুজঙ্গস্তীক্ষ্ণকাৎস্ন্যাদাজ্যাচ্ছুতরঙ্গিণী চ প্রায়চষ্যাচ গুর্ব্বী। অতএব মুদমুচ্চৈঃ কৃষ্ণলীলা সুধাম্ভোধিহরণসচিবত্বাদৌত্তরেয়স্য রাজ্ঞ ইতি তস্মাদধিরূঢ়ে মহাভাবপর্য্যন্তগতানাং তাসাং তত্তদুদাহরণং নোচিতমিতি। উচ্যতে আবদ্ধজিজ্ঞাসা-

আনন্দচন্দ্রিকা টীকা

নস্তিলজ্জাতেঽস্যাচ্ছুতাং তা ইতি কাসাঞ্চিদুক্তং তাদৃগ্লজ্জনানুসন্ধানং অভিসারকালে তমেব মন্তব্যং সুখমহং স্বাপ্সমিতিবৎ লজ্জয়া স্বাঞ্জলীনেব নিঃশব্দং দমগুনেত্যভিসারিকালক্ষণে গুরুজনাদিভয়কৃৎমন্যানুসন্ধানং প্রসক্তমেব নতু তর্হি কথমেতল্লক্ষণমুত্তমাং লক্ষী করিষ্যতি সত্যং যত্রাভিসারসময়ে রাগনাম্না স্থায়ী সম্পূর্ণতয়োদেতি তৎ সঞ্চারী সম্ভ্রমশ্চ তদৈব অন্যানুসন্ধানাভাব উত্তমাত্বলক্ষকঃ সম্ভবতি। যদুক্তং বিদগ্ধমাধবে কংসারেরভিসার-সম্ভ্রমভব নাথে জগদ্বিস্মৃতমিতি যদাতু রাগো নোদেতি তদা জানীহি ভ্রমবাক্ষি কুত্র গুরবঃ পশ্য প্রদোষোদ্গমে কুঞ্জাদ্যেকক্রমং মাং ত্বরয়ন্তি ক্ষণাদ্ধকারাবলীত্যুত্তমায়াঃ শ্যামায়া অপ্যন্যানুসন্ধানরূপং মধ্যমালক্ষণমুদ্ভাবতি তত্রৈবমত্র ব্যবস্থা যত্তু বহুত্র উত্তমালক্ষণং

প্রকাশ ভাব কেন? যৎকিঞ্চিৎ মেঘাগম দেখিয়া গমনে পরাঙ্মুখী হইতেছ! যাহা হউক ইহা তোমার প্রেমের লক্ষণ নয়

তাৎপর্য্য

অভিসারিকা নায়িকার মনোমধ্যে এরূপ ভাব উপস্থিত হইল যে বর্ষুক মেঘডিম্ভ ক্ষণকাল মাত্র অবস্থিত হইবে, বৃষ্টি দ্বারা কেন বসন ভূষণকে আর্দ্র করি, কিঞ্চিৎ বিলম্বে যাইলেও কোন হানি হইবে না, ইত্যাদি ভাব হেতু শ্রীকৃষ্ণের প্রতি প্রীতির অল্পতা প্রমাণ হইল, অতএব ইনি কনিষ্ঠা ৫৩।

পূর্ব্বং যাঃ পঞ্চদশধা প্রোক্তাস্তাসাং শতং তথা
বিংশতিশ্চাভিরত্র স্যাদবস্থাভিঃ কিলাষ্টভিঃ।
পুনশ্চ ত্রিবিধৈরেভিঃ প্রভেদৈরুত্তমাদিভিঃ।
ত্রিশতীস্পষ্টমুক্তাত্র যষ্ট্যা যুক্তা মনীষিভিঃ ৫৪।

লোচনরোচনী টীকা।

নাগাপাতবোধার্থমেব তত্তদ্ভেদ হরণং বিশেষজিজ্ঞাসানাং স্থায়িপ্রকরণ এব তত্তত্তারতম্যং সুষ্ঠু ব্যক্তী কর্ত্তব্যমিতি তত্রোত্তমাদাহরণং প্রেমৈকাংশমবলম্ব্য কৃতং মধ্যমোদাহরণং সখ্যু-পালম্ভাংশমবলম্ব্য কনিষ্ঠোদাহরণং তদ্ধাম্যবাঞ্ছিতাংশমবলম্বাতি জ্ঞেয়ং ৫৩

পূর্ব্বং যাঃ পঞ্চদশেত্যাদিকং ন বিস্তরভিয়া বিবিয়তে ৫৪

আনন্দচন্দ্রিকা টীকা।

দৃষ্টং কদাপি মধ্যা কনিষ্ঠয়োরপি লক্ষণং দৃশ্যতে সা উত্তমৈব মন্তব্যা রাজনি সেনানীত্বাদিনং যস্যামুত্তমালক্ষণং কদাপি ন দৃষ্টং অথচ মধ্যা কনিষ্ঠয়ো লক্ষণং দৃশ্যতে সা মধ্যৈব এবং উত্তমা মধ্যমা লক্ষণাভাবে কনিষ্ঠৈব এবঞ্চ পূর্ব্বরাগপ্রসঙ্গে সা কল্যাণী কুলযুবতিভিঃ শীলিতা ধর্ম্মশৈলী দ্রাগস্মাভিঃ কথমবিনায়েঽমুয়ামুদ্বহনীয়েতি শ্রীবৃন্দাবনেশ্বর্য্যাযি অন্যানুসন্ধান-গাঢ়ত্বং ন কনিষ্ঠাত্বং লক্ষয়তীত্যবধেয়ং ৫৩

পূর্ব্বং যা ইতি নন্বত্র ধীরাহধীরা ধীরাধীরাণাং কথং তাসামবস্থা সম্ভবেৎ। কেবলমেকং খণ্ডিতাত্বমেব তাসাং সম্ভবতি খণ্ডিতায়া এব মানসংভবাৎ ন নবোঢ়ত্বাদৌ ধীরত্বাদীনাং লক্ষিতত্বাৎ উচ্যতে ধীরত্বাদকং নায়িকাভেদোৎপত্তিকঃ সার্ব্বকালিক এব স্বভাবো-মান কালে তৎকার্য্যং সোৎপ্রাসবক্রোক্ত্যাদিকং স্মরসনীতি তু তদানীমেব তল্লক্ষণং কৃতং অতো বসন্তর্যাদৌ স্বাধীনভর্তৃকাভিসারিকা মধ্যাধিরোঢ়া প্রোষিতভর্তৃকেত্যাদ্যুক্তং ন। ধীরাভিসারিকেত্যাদ্যপি জ্ঞেয়ং যথা ধৃতা দুরধ্বগাভিসারা ধীরাভিসারিকা অধৃত্যা স্বাভি-সারং স্পষ্টয়ন্তী অধীরাধৃত ধৃতিভ্যাং ঈর্ষ্যাক্ষ্যাভিসারা ধীরাধীরেত্যেব সর্ব্বত্র বিবে-চনীয়ং। ৫৪

অপর পূর্ব্বে যে নায়িকার সংখ্যা পঞ্চদশ বর্ণন করিয়াছি, তাহারা আবার প্রত্যেকে অভিসারাদি অষ্ট ভেদে একশতবিংশতি সংখ্যা হয় পুনরায় ঐ সকলের উত্তমা মধ্যমা কনিষ্ঠা ভেদে নায়িকার সংখ্যা তিন শত ষাইট হয় ॥ ৫৪ ॥

কিঞ্চ

যথা স্যুর্নায়কাবস্থা নিখিল এব মাধবে।
তথৈতা নায়িকাবস্থা রাধায়ং প্রায়শোমতাঃ।
* ইতি নায়িকাভেদবিবৃতিঃ *

লোচনরোচনী টীকা

প্রায়শ ইতি সরসতানুসারেণৈব নচাস্যাপেক্ষত র্থঃ

* ইতি নায়িকাভেদবিবৃতিঃ *

আনন্দচন্দ্রিকা টীকা

প্রায়শ ইতি যথা অনুকূল *ঠশাদ্যা অবস্থা সর্ব্বাএব সর্ব্বথৈব মাধবে সম্ভবন্তি তথা ধীরপ্রগল্ভাদয়ো রাধায়াং সর্ব্বদা সর্ব্বথা ন কিন্তু কিঞ্চিদেব কেনাপ্যংশেনৈবেত্যর্থঃ

* ইতি নায়িকাভেদবিবৃতিঃ *

আরও।

যেমন শ্রীকৃষ্ণে নিখিল নায়কের অবস্থা বিদ্যমান, তদ্রূপ শ্রীরাধাতেও মধ্যা কনিষ্ঠা অবস্থা ব্যতীত সকল নায়িকার অবস্থাই অবস্থিত॥

*। ইতি উজ্জ্বলনীলমণৌ শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায়াং নায়িকাভেদবিবৃতিঃ *

অথ যূথেশ্বরীভেদঃ।

এতাসাং যূথমুখ্যানাং বিশেষো বর্ণিতোঽপ্যসৌ
সুহৃদাদৌ ব্যবহৃতিব্যক্তয়ে বর্ণ্যতে পুনঃ ॥ ১ ॥
সৌভাগ্যাদেরিহাধিক্যাদধিকা সাম্যতঃ সমা।
লঘুত্বাল্লঘুরিত্যুক্তা স্ত্রিধা গো কুলমুদ্ভবঃ ২।
প্রত্যেকং প্রখরা মধ্যা মৃদ্বীচেতি পুনস্ত্রিধা।
প্রগল্‌ভবাক্যা প্রখরা খ্যাতা দুর্ল্লঙ্ঘ্যভাষিতা।

কে চনারাচনী টীকা।

সৌভাগ্যং নায়কস্নেহ লব্ধসন্মত্বং অধিগ্রহণাৎ গুণরূপাদি তদাধিক্যং ১ ২
ব কাস্য দুর্ল্লঙ্ঘ্যত্বং চেষ্টাদীনামুৎকর্ষঃ দুর্লঙ্ঘ্যঃ গুরুভিরপি গ্রহবতীং ভর্ত্রেতং যয়াঃ
সেতি কেবলপ্রগল্‌ভবাক্যে বৈকল্যমেব স্যান্নতু বয়োপযোগি বাগ্মিত্ব ভাবঃ তদুনত্বে
হত্যত্রোনত্বং রিক্তত্বং বিশতাদিনা রিক্ত হ্যনবিংশত্যা উচ্যতে তত্তচ্চ সংখ্যক গুণা-

---

আনন্দচন্দ্রিকা টীকা

সুহৃদাদৌ সুহৃত্তটস্থ বিপক্ষ স্বপক্ষেষু ১
সৌভাগ্যং নায়কস্নেহ বিশেষীভূতত্বং আধিগ্রহণং যৎ গুণাদি ২।

অথ যূথেশ্বরীভেদ

উল্লিখিত প্রধান প্রধান যূথেশ্বরীর সবিশেষ বর্ণন হইলেও পুনর্ব্বার তাঁহাদের সুহৃদাদি ব্যবহার অর্থাৎ তটস্থ বিপক্ষ ও স্বপক্ষ ভেদ স্পষ্টরূপে বর্ণিত হইতেছে। ১।

উক্ত যূথেশ্বরী সকলের সৌভাগ্যাদির অর্থাৎ নায়কের প্রেম ও রূপ গুণাদির আধিক্য সাম্য এবং লঘুতা বশতঃ অধিকা, সমা ও লঘ্বী এই তিন প্রকার ভেদ হয় ২।

পুনর্ব্বার প্রত্যেকের প্রখরা, মধ্যা ও মৃদ্বী এই ত্রিবিধ ভেদ হয়। তন্মধ্যে যিনি প্রগল্‌ভ বাক্য অর্থাৎ সদম্ভ বাক্য প্রয়োগ করেন এবং যাহার বাক্য কেহ খণ্ডন করিতে পারে না তাহাকে প্রখরা কহে।

তদূনত্বে ভবেন্মুগ্ধী মধ্যা তৎসাম্যমাগতা।
তত্র ধিকাত্রিকং
আত্যন্তিকী তথৈবাপেক্ষিকী চেত্যধিকা দ্বিধা ॥ ৩ ॥

লোচনরোচনী টীকা

স্তবেষু তেন প্রাথর্য্যেণৈব রিক্তত্বে মুগ্ধী ভবেদিত্যর্থঃ　মধ্যেতি স সাম্যমৈক্যং　রূপাভ্যাং নোণঃ সম নপদ ইত্যত্র সমানত্ববৎ　ততশ্চ তৎসাম্যং তয়োঃ প্রাথর্য্যমার্দ্দবয়োঃ সাম্যং সময়োঃ শীতোষ্ণয়োরিব মিলিতয়োঃ পরস্পরোপমর্দ্দেন পরস্পরসাৎ সম্পত্তা। ঘয়োরেকত্ব প্রাপ্তত্বাদ্বা প্রাথর্য্যাগিত্যর্থঃ তদাগতা প্রাপ্তা মধ্যা ভবেৎ মধ্যাবস্থত্বাৎ মধ্যা ভণ্যত ইত্যর্থঃ

আত্যন্তিকাধিকেতি　অত্যন্তিকশ্চাসৌ অধিকশ্চেতি কর্ম্মধারয়ে কৃতে পশ্চাৎ স্ত্রীত্বে বিবক্ষিতে চ টাপ্প্রত্যয়াৎ কোপধত্বেঽপি পূর্ব্বপদস্য পুংস্ত্বং সিদ্ধ্যতি। এবমুত্তরেষ্বপি ৩ ৪

আনন্দচন্দ্রিক টীকা

দুর্লঙ্ঘ্যমন্যাভিঃ খণ্ডয়িতুমশক্যং ভাবিতং যস্যাঃ সা　অত্র বাক্যপদোপাদানাৎ তদ্ব্যাখ্যায়াং চ ভাবিতশব্দপ্রয়োগাৎ　অত্র লক্ষণে আকৃতিচেষ্টাদেঃ প্রাগুক্তাং নোপলক্ষণীয়ং অতঃ পূর্ব্বলক্ষিতাভ্যঃ ত্রিগুণা মধ্যা মুগ্ধাভ্যঃ এতাঃ প্রায়েণ ভিদ্যন্তে　তদূনত্বে প্রাথর্য্যস্য অল্পত্বে মুগ্ধী নতু তস্যা অভাব এবেতি ব্যাখ্যায়াং ঊনপদস্য তদর্থত্বেঽনভিধানাৎ প্রাথর্য্যং মার্দ্দবং চাপি যদাপ্যাপেক্ষিকং ভবেদিত্যত্রেতনবাক্যাৎ মুগ্ধ্যাঃ কিঞ্চিৎ প্রাথর্য্যস্য প্রাপ্তেশ্চ তৎ সাম্যং প্রাথর্য্যস্য তুল্যত্বং ঈষদল্পত্বং অগতা প্রাপ্তা মধ্যা চ্যতে　চন্দ্রসমং মুখমিত্যুক্তে চন্দ্রাদীষদল্পং মুখমিতি প্রতীয়তে ঈষদসমাপ্তৌ কল্পদেশ্যদেশীয়া ইতি সূত্রে তথা ব্যখ্যানাৎ

ত্রিকমিত সংখ্যায়াঃ সংজ্ঞ সঙ্ঘেত্যাদিনা সঙ্ঘে কন্

আত্যন্তিকীতি অত্র অধিকেতি পদস্য ধর্ম্মিবাচকত্বাৎ আত্যন্তিক্যাপেক্ষিকীতোতয়োস্তদ্বিশেষণত্বে আধিক্যস্য আত্যন্তিকত্বং আপেক্ষিকত্বং ন লভ্যত ইত্যভবন্মতযোগঃ স্যাৎ নৈবং ইয়মধিকা অত্যন্তং অন্তসীমাতিক্রমং তথা অপেক্ষাং গচ্ছন্তীত্যুক্তে কেনাপ্যংশেনেত্যপেক্ষায়াং প্রত্যাসত্তি ন্যায়েন আধিক্যেনেতি লব্ধে সতি ন কিঞ্চিদসামঞ্জস্যং　গচ্ছতৌ পরদার দিভ্য ইতি ঠক্ ৩

ইহার ন্যূন হইলে মুগ্ধী ও সমতা হইলে মধ্যা বলিয়া অভিহিত হয়

তিন প্রকার অধিকা যথা—

অধিকা পুনর্ব্বার দুই প্রকার আত্যন্তিকী-অধিকা ও আপেক্ষিকী-অধিকা। ৩ ॥

তত্রাত্যন্তিকাধিকা

সর্ব্বথৈবাসমোর্দ্ধ্বা যা সা স্যাদাত্যন্তিকাধিকা ৪

স রাধা সাতু মধ্যৈব যস্মান্যা সদৃশী ব্রজে ৫

যথা—

তাম্বদ্রা বন্দতি চটুলং ফুল্লতামেতি পালী

শালীনত্বং ত্যজতি বিমলা শ্যামলাহঙ্করোতি।

লোচনরোচনী টীকা

সা রাধেত্যত্র সাতু মধ্যৈবেত্যত্র চ হেতু র্যদিতি তত্র পূর্ব্বত্র পুরাণাদিকন্তু প্রমাণিতমেব উত্তরত্র চ তদেব প্রমাণং মধ্যাত্বস্যৈব রসাতিশয়াধায়কত্বাত্তস্যা স্তত্রাত্যসাধারণত্বমুপপদ্যত ইতি ৫

তত্রোত্তমাপ্যুদাহরণং তাম্বদ্রেতি। অত্র রাধেতি নাম্নঃ প্রভাবোদর্শিতঃ সাক্ষা

আনন্দচন্দ্রিকা টীকা

সাতু মধ্যৈবেতি যূথাদিভেদে প্রথবাদিভেদে চ সা মধ্যৈব ইত্যর্থঃ রাধৈবাত্যন্তাধিকেত্যত্র হেতু র্যস্মাৎ ব্রজে সা অন্যা সদৃশী অন্যগ্যাঃ সদৃশী ন ভবতি কিন্তু স্বসদৃশ্যেবেত্যর্থঃ। যদ্বা অন্যাঃ সদৃশী ঈষদল্পাপি নান্যা কাপি ইতি সর্ব্বা এবাত্যন্তন্যূনা ইত্যর্থঃ ৪ ৫

কদাচিৎ সমাজমিলিতাসু গোপীষু আরভ্য পারস্পরিকসম্বাদাসু ব্যাজস্তুত্যাদিভিঃ প্রতি স্বযূথসৌভাগ্যং অভিব্যঞ্জয়ন্তীষু তাসু ব্রজদেব্যঃ পরমার্থন্তু স্পষ্টং শৃণুতেতি শ্যামলা প্রাহ।

আত্যন্তিকাধিকা যথা—

যাহার সর্ব্বতোভাবে সম অথবা অধিক কেহ নাই তাহাকে আত্যন্তিকাধিকা কহে। ৪

শ্রীরাধাই আত্যন্তিকাধিকা, শ্রীরাধাই মধ্যা যে হেতু ব্রজমধ্যে তাঁহার সদৃশী অন্য কোন গোপাঙ্গনা প্রধানা নাই অতএব শ্রীরাধাই সর্ব্ব প্রধানা ৫

যথা—

কদাচিৎ ব্রজমধ্যে গোপীসমাজ উপস্থিত হওয়াতে যূথেশ্বরীগণ তথায় আগমন করিয়াছিলেন, তাঁহাদের পরস্পর সম্বাদে ব্যাজস্তুতি দ্বারা স্বস্ব যূথের গৌরব প্রকাশ করিতে আরম্ভ করিলে, তন্মধ্যে শ্যামলা

স্বৈরং চন্দ্রাবলিরপি চলত্যুন্নমযোত্তমাঙ্গং
যাবৎ কর্ণে নহি নিবিশতে হন্ত রাধেতি মন্ত্রঃ ॥ ৬

অথাপেক্ষিকাধিকা।

মধ্যে যূথাধিনাথানামপেক্ষৈকতমাগিহ।
যা স্যাদন্যতমা শ্রেষ্ঠা সা প্রোক্তাপেক্ষিকাধিকা ৭

লোচনরোচনী টীকা

শৌক্ষ্যান্তু নদর্শিতমিতি মধ্যত্বঞ্চ　শালীনত্বমধৃষ্টত্বং ৬

আপেক্ষিকাধিকাদিষু যস্যা বাক্যং তৈব জ্ঞেয়া ৭

আনন্দচন্দ্রিকা টীকা

তাবদিতি। শালীনত্বমধৃষ্টত্বং ত্যজতি কিন্তু ধার্ষ্ট্যং প্রাগস্ত্যমেব করোতীত্যর্থঃ উত্তমাঙ্গং শিরঃ অত্র শ্যামলাহংকরোতীতি স্বনামোল্লেখতঃ স্বমাধ্যক্ষকথনেন তাসু সর্ব্বাসু স্বস্যা সত্যবাদিত্বং ব্যঞ্জিতং তত্রাপ্যহং করোতীতি মম রাধা সুহৃদ্বত্বেঽপি পৃথক্ যূথেশ্বরীত্বাদন্যাভাবেচ্চ ৎকর্ষদার্ঢ্যোহংকারঃ স্থাতুমুচিত এব সচাপি ন তিষ্ঠতীতি প্রত্যায়িতঞ্চ। রাধেতি মন্ত্র ইতি রাধেতি শ্রবণস্য এবাস্য জনপরাভাবকত্ব লিঙ্গদর্শনেন মন্ত্রত্বমুক্তীত্যুৎপ্রেক্ষা অথবা নাম ন ভবতীদং কিন্তু মন্ত্র এবেত্যপহ্নুতিঃ। এতৎ পদ্যস্য সখীজনবক্তৃকত্বে বৃন্দাদি বক্তৃকত্বে বা শ্যামলাহংকরোতীত্যনুপপত্তেঃ শ্যামলাবক্তৃকত্বমেব সুবচং ৬ ৭

কহিলেন, অহে ব্রজদেবীগণ! আমি বস্তুতঃ সত্য বলিতেছি, মিথ্যা জ্ঞান করিও না যাবৎ পর্য্যন্ত রাধা এই দুইটী অক্ষর কর্ণবিবরে প্রবিষ্ট না হয়, তাবৎ ভদ্রার চপল বাক্য প্রয়োগ, পালীর প্রফুল্লতা এবং বিমলার অধৃষ্টত্ব দেখিতে পাই, আর আমি যে শ্যামলা আমারও কি না অহঙ্কার উপস্থিত হয়, অধিক কি বলিব চন্দ্রাবলীও তাবৎ শির উন্নত করিয়া স্বচ্ছন্দে গমন করিয়া থাকেন, হা কষ্ট! রাধা নাম উপস্থিত হইলেই যে সকলকে বদন অবনত করিতে দেখি ?। ৬।

অথ আপেক্ষিকাধিকা।

যূথেশ্বরীগণ মধ্যে এককে অপেক্ষা করিয়া অন্যতমা শ্রেষ্ঠা হইলে তাহাকেই আপেক্ষিকাধিকা কহে। ৭।

তত্র অধিকপ্রখরা যথা—

পশ্য ক্ষৌণিধরাদুপৈতি পুরতঃ কৃষ্ণোভুজঙ্গাধিপী-
স্তূর্ণং ভীরুভিরালিভিঃ সগমিতস্ত্বং যহি মন্ত্রং ন জ্ঞাসে ।
আচার্য্যাহমগদস্য ভোগিরমণীবৃন্দস্য বৃন্দাটবীং
কিং নঃ কার্ম্মিনি কার্ম্মণেন বশতাং নীতঃ করিষ্যত্যসৌ ৮ ।

লোচনরোচনী টীকা

কার্ম্মণেন তৎ প্রাভাবকমূলকর্ম্মণা । মূলমৌষধং তেন ৮

আনন্দচন্দ্রিকা টীকা

অত্র প্রকরণে যূথেশ্বরীণামেব পরস্পরোক্তিঃ তাসাঞ্চ নামাজ্ঞানাৎ কাচিৎ কাঞ্চিদাহেতি সর্ব্বত্রাবতারিকা জ্ঞেয়া পশ্যেতি ভুজঙ্গঃ সর্পঃ কামুকশ্চ ত্বমিতো যাহি অন্যথা কামসৌদঙ্ক্ষাতে হে মন্ত্রোজ্ঝিতে ত্বং মন্ত্রং ন্যস্তং ন জানাসীত্যর্থঃ ভোগী সর্পঃ কৃষ্ণশ্চ আচার্য্য। সর্পমোহনশাস্ত্রাবদ্বয়ী আহিতুণ্ডিকাস্মি গে পীনং রসবৈদগ্ধ্যাদেবধা স্মি কাচাস্মি কার্ম্মণেন বশীকারৌষধেন কর্ম্মসমূহেন দৈহিক বাচিকচেষ্ট বৃন্দেন চ বশতাং নীত ইতি সৌভাগ্যাধিক্যং প্রখর্য্যঞ্চ স্পষ্টমিতি অধিকপ্রখরেয়ং দুর্জ্ঞেয়ং ৮

তন্মধ্যে অধিকপ্রখরা যথ —

কাচিৎ যূথেশ্বরী কোন যূথেশ্বরীকে কহিলেন, সুন্দরি ঐ দেখ ভূধরগহ্বর হইতে কৃষ্ণ ভুজঙ্গরাজ অগ্রবর্ত্তী হইয়া আসিতেছে, তুমি মন্ত্র জান না, অতএব ভীরু সখীগণ সহ শীঘ্র পলায়ন কর। যদি বল তুমি কেন রহিয়াছ, উত্তর এই যে, আমি আহিতুণ্ডিকী, সর্পের চিকিৎসা ভাল জানি, সর্ব্বদা ভোগি (সর্প) রমণীবৃন্দের বৃন্দাটবী ভ্রমণ করিয়া বেড়াই। তথা আমার কার্ম্মণে অর্থাৎ ভুজঙ্গবশীকরণার্থ মন্ত্রৌষধি প্রয়োগ কর্ম্মে বিলক্ষণ পটুতা আছে। অতএব হে কামিনি! আমি কার্ম্মণ দ্বারা কৃষ্ণভুজঙ্গকে বশতাপন্ন করিয়াছি, সে আমার কি করিতে পারে ?।

অথবা প্রকারান্তর অর্থ যথা—

কোন এক যূথেশ্বরী কহিলেন, সখি! ঐ দেখ ভুজঙ্গরাজ (কামুক-

অথাধিকমধ্যা

আলীভির্ম্মে ত্বমসি বিদিতা পূর্ণিমায়াঃ প্রদোষে
রোষেণাসৌ প্রথয়সি কথং পাটবেনাবহিত্থাং।

লোচনরোচনী টীকা

আলীভিরিতি পূর্ব্বং ত্বমাগচ্ছন্তমপি কৃষ্ণং দৃষ্ট্বা সঙ্কোচমবিধায়ান্যাং পরাবর্ত্তয়িতুং প্রৌঢ়

আনন্দচন্দ্রিকা টীকা।

আলীভিরিত্যত্র বক্তব্যা যা গোপী সৈব উদাহরণং তে তব বর্ত্ম প্রেক্ষী কুঞ্জরাজো জাগরং অভ্যাস্যত্বিত্যনেন তস্যা এব সৌভাগ্যাধিক্যং অবহিত্থাং প্রথয়সীত্যনেন সঙ্কোচ প্রাপ্ত্যা প্রাখর্য্যাভাবঃ পাটবেত্যনেন মৃদুত্বস্যাপ্যভাবঃ অতো মধ্যাত্বঞ্চ। বক্ষ্যাস্ত ত্বাং নিরুদ্ধ্যা-

শ্রেষ্ঠ) কৃষ্ণ আগমন করিতেছেন, তুমি মন্ত্রে জ্ঞাতা অর্থাৎ ভাল মন্ত্রণা করিতে জান না, অতএব ভীরু স্বভাবা সখীগণ সঙ্গে শীঘ্র পলায়ন কর, তবে যে আমি আছি তাহার কারণ এই, আমি আচার্য্যা অর্থাৎ গোপাঙ্গনাগণের রসবৈদগ্ধ্যাদির অধ্যাপিকা, সতত ভোগি (কৃষ্ণ) রমণীবৃন্দের বৃন্দাটবী পর্য্যটন করিয়া থাকি, অতএব হে কামিনি! আমি কার্ম্মণ দ্বারা অর্থাৎ দৈহিক বাচিক চেষ্টা সমূহে উহাঁকে বশীভূত করিয়াছি, আর উনি আমার কি করিতে পারেন?

উল্লিখিত উদাহরণে সৌভাগ্যের আধিক্য এবং প্রাখর্য্য প্রযুক্ত প্রখরা অতএব ইনি দুর্হৃৎ অর্থাৎ শত্রুতুল্য দুষ্টচিত্তা। ৮

অথ অধিকমধ্যা॥

কোন যূথেশ্বরী কহিলেন, বয়স্যে! আমি তোমাকে চিনিতে পারিয়াছি, তুমি আপনার পটুতা প্রদর্শন পূর্ব্বক অবহিত্থা (আকার সংগোপন) করিতেছ কেন? হে ধূর্ত্তে! আমি আলীগণ সহ পূর্ণিমার প্রদোষে (সায়ং সময়ে) রোষ বশতঃ সপরিজনে তোমাকে ধারণ পূর্ব্বক আমার গৃহে রুদ্ধ করিয়া রাখিব, কুঞ্জরাজ (কৃষ্ণ) তোমার বর্ত্ম নিরীক্ষণ পূর্ব্বক জাগরণ অভ্যাস করুন।

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে, কুঞ্জরাজ তোমার পথের প্রতি

ধৃত্বা ধূর্ত্তে সহ পরিজনাং মদ্গৃহে ত্বাং নিরুদ্ধ্যাং
বর্ত্মপ্রেক্ষী গুণয়তু স তে জাগরং কুঞ্জরাজঃ
অথাধিকমুদ্বী ॥
ন্যঞ্চন্মূর্দ্ধা সহ পরিজনৈ র্দূরতো মা প্রযাসী-
র্মামালোক্য প্রিয়সখি যতঃ প্রেমপাত্রী মমাপি ।
মালামৌলৌ তব পরিচিতা মৎকলা কৌশলাঢ্যা

লোচনরোচনী টীকা

মুক্তবতী এষাতু কৃষ্ণাদ্ভুবত এবাস্যাং পরিহসিতবতীতি ধ্বা পরিহ সশ্চ গৃহে নীত্বা তস ।
বন্ধনং ন সম্ভবতীতি ব্যক্তএব ৯

আনন্দচন্দ্রিকা টীকা

মিত্যানেন প্রাথর্য্যং তথা সৌভাগ্যাধিক্যব্যঞ্জকপদাভাবাৎ লঘুত্বমিতি লঘুপ্রথবৈরেয়ং দুহৃৎ হৃদ্যদিত্যত্রাপি যা বক্তব্যা সৈবোদাহরণং । হৃদ্যদিত্যনেন মৃদুত্বাৎ মালা সৌভা-বিত্যাদিনা সৌভাগ্যাধিক্যাচ্চ বক্তীতু লঘু ধৈরেয়ং সুহৃৎ ॥ ৯ ।

দৃষ্টি নিক্ষেপ করত জাগরণ অভ্যাস করুন, ইহার দ্বারা সৌভাগ্যের আধিক্য প্রকাশ হইল, অপর অবহিত্থা করিতেছ কেন ? এতদ্দ্বারা সঙ্কোচ প্রাপ্তিতে প্রাখর্য্যের অভাব হইল, আর পটুতা দ্বারা মৃদুত্বের অভাব বশতঃ মধ্যাত্বের লক্ষণ অভিব্যক্ত হইল ।

আর যে যূথেশ্বরী রোষ পূর্ব্বক তোমাকে ধরিয়া রাখিব এই বাক্য কহিলেন, তাঁহার প্রাখর্য্য এবং সৌভাগ্যের অভাব বশতঃ লঘুত্ব, অতএব ইনিও সুহৃৎ ।

অথ অধিকমৃদ্বী ।

কোন যূথেশ্বরী কহিলেন, সখি ! দূর হইতে আমাকে অবলোকন করিয়া পরিজন সহ অবনত বদনে পলায়ন করিতেছ কেন ? হে প্রিয়তমে ! তুমি ত আমার প্রণয়পাত্রী, আর গোপনভাবে গমন করিও না তুমি আপনার চূড়ায় ঐ যেপুষ্পমালা বিন্যস্ত করিয়াছ উহা আমারই গেথিতা, আমি দনুজদমনের সহিত দ্যূতক্রীড়ায় ঐ মালা পণ রাখিয়া-

দ্যূতে জিত্বা দনুজদমনং য ত্বয়া স্বীকৃতাস্তি ॥

অথ সমাক্রিকং

সাম্যং ভবেদধিকয়োস্তথা লঘুযুগস্য চ　৯ ॥

তত্র সমগ্রথরা।

ন ভবতি তব পার্শ্বে চেৎসখী কাপি মাভূৎ
পরিহর হৃদি কম্পং কিং হরিস্তে বিধাতা।
অহমতিচতুরাভির্বেষ্টিতালীঘটাভিঃ

আনন্দচন্দ্রিকা টীকা।

ন ভবতীতি কেযং মমোদ্যানস্য পুষ্পাণি ত্রোটয়তীতি দূরাদ্ধাবন্নপি হরিস্তে কিং বিধাতা কিং করিষ্যতি যতোঽহং ইত্যাদি　শ্লেষেণ বাহুদা নদীবিশেষঃ　অত্রাগচ্ছতো হরে র্ঘো-

---

ছিলাম, তিনি আমাকে জয় পূর্ব্বক তোমাকে অর্পণ করিয়াছেন।

তাৎপর্য্য।

অঙ্গ সঙ্গোপন পূর্ব্বক গমন করাতে সৌভাগ্যের আধিক্য অতএব এই নায়িকা অধিক মুগ্ধা, আর যিনি কহিতেছেন তিনি লঘুমধ্যা প্রযুক্ত সুহৃৎ ॥

অথ সমাক্রিক।

দুই অধিকা এবং দুই লঘু ইহাদের পরস্পর সমতা হয় ॥ ৯।

অথ সমগ্রথরা

কোন এক যূথেশ্বরী শ্রীকৃষ্ণের কাননে কুসুম চয়ন করিতে ছিলেন শ্রীকৃষ্ণ দূর হইতে অবলোকন করিয়া "কে আমার কাননে পুষ্প ত্রোটন করিতেছে" এই বাক্য বারম্বার উচ্চারণ করিতে ২ ধাবমান হইয়া আসিতে লাগিলেন, তদ্দর্শনে কুসুমচয়নকারিণী গোপী সঙ্কিত চিত্ত হওয়াতে অভয় প্রদান পূর্ব্বক কোন সখী কহিলেন, প্রাণয়িনি! যদিচ তোমার পার্শ্বে অন্য কোন সখী নাই, না থাকুক্ ভয় কি? হৃৎ-কম্প পরিত্যাগ কর, হরি তোমার কি করিতে পারেন, আমি চতুরা

প্রিয়সখি পুরতস্তে দুস্তরা বাহুদাস্মি ১০।

অথ সমমধ্যা।

লোলে ন স্পৃশ মাং তবালিকতটে ধাতুর্গদা লক্ষ্যতে
ত্বং স্পৃশ্যাসি কথং ভুজঙ্গরমণী দূরাদতস্ত্যজ্যসে
ধিগ্‌বামং বদসি ত্বমেব কুহকপ্রেষ্ঠাসি ভোগাঙ্কিতে

লোচনরোচনী টীকা।

শ্লেষে বাহুদা নদীবিশেষঃ ১০

লোলে ইতি বক্রোক্যাং কুহকো মায়াবী পক্ষে নাগবিশেষঃ শুষিরতঃ শুষির-বিশেষ বংশীতোতঃ পক্ষে বিলাৎ সর্পস্থি অভিসরন্তি পক্ষে সর্পাসন্তে কিং অত্র বক্তৃ-

আনন্দচন্দ্রিকা টীকা

বেব সঙ্কাল্লক্ষ্যত্বাদ্ভবোরেনাধিক্যেন সাম্যং অহং ইত্যাদিনা বক্তুঃ প্রাখর্য্যাদিয়মেবোদা-হরণং সুহৃৎ ১০

লোল ইতি সংভুক্তাভুক্তয়োঃ পরস্পর সুহৃদোক্তি প্রত্যুক্তী। প্রথমা প্রাহ তব ললাট-তটে ধাতু র্গৈরিকরাগঃ অতস্ত্বং কুহকোচ্ছিষ্টা অং বিরাগীতার্থঃ। দ্বিতীয়া প্রাহ ত্বং ভুজঙ্গ-

---

সখীগণ সঙ্গে তোমার অগ্রে বাহুদা নদী রূপে অবস্থিতি করিতেছি, কাহার সাধ্য আমাকে অতিক্রম করিয়া আসিতে পারে? স্থির হও।

তাৎপর্য্য॥

আগমনকারি হরির সহিত দুই যূথেশ্বরীর সাক্ষাৎ লক্ষ্যহেতু দুই-য়েরই সাম্যত্ব এবং বক্ত্রী যূথেশ্বরীর প্রাখর্য্য নিমিত্ত সুহৃত্ত্ব ১০

অথ সমমধ্যা।

শ্রীকৃষ্ণের সহিত সম্ভুক্তা এবং অসম্ভুক্তা সখী দ্বয়ের পরস্পর মিত্রতা প্রযুক্ত উক্তি প্রত্যুক্তি। সম্ভুক্তা সখী কিঞ্চিৎ কোপ প্রকাশ পূর্ব্বক কহিলেন, হে চলচিত্তে! আমাকে স্পর্শ করিওনা, তোমার ললাটে গৈরিক দেখিতেছি অতএব তুমি অস্পৃশ্যা, দ্বিতীয়া কহিলেন, তুমিও ত ভুজঙ্গরমণী, একারণ তোমাকে দূরে পরিত্যাগ করিলাম, পুন-র্ব্বার প্রথম কহিলেন; হে ভোগাঙ্কিতে। তুমি যে স্বয়ং কুহক (নাগ) প্রিয়া, আত্মদোষ অনুসন্ধান না করিয়া বক্রোক্তি করিতেছ? ঐ দেখ

যেনাদাচ্যুতকঞ্চুকাঃ শুষিরতঃ সখ্যোঽপি সর্পন্তি তে। ১১

লোচনরোচনী টীকা

শ্রোতৃভেদেন বাক্যভেদ সংপ্রতিপত্তে র্বক্তুঃ শ্রোতুশ্চাত্র শ্রীকৃষ্ণপ্রেয়সীজনত্বাদ্ধাতুরাগাদীনা তদ্বিশেষপর্য্যবসানমেবাবগন্তব্যং এবমন্যত্রাপি ১১

আনন্দচন্দ্রিকা টীকা

ষমণী সর্পী * ক্ষে ভুজঙ্গং কামুকং কৃষ্ণং রময়সীতি প্রসিদ্ধা ত্বদীয়-রমণস্য প্রযোজিকা অহন্তু তেন বল দর্পেণ অনিচ্ছন্ত্যেব সংভুক্তা অতঃ মত্তোপ্য * বিত্রেতি ভাবঃ পুনঃ প্রথমামাহ ধিগিতি কুহকস্য নাগবিশেষস্য * ক্ষে মায় বিনঃ কৃষ্ণস্য প্রেষ্ঠাসি অত্র ত্রিগশব্দস্য ইগুপধ-জ্ঞাপ্রী কিরঃ ক ইতি কর্ত্তৃবাচক ক প্রত্যয়ান্তত্বাত্তত্রাপীষ্টনা চ অতিশয় রমণেচ্ছাবতীত্যর্থঃ। ভোগোঽহিফণঃ সম্ভোগশ্চ। শুষিরতো বিলাৎ পক্ষে শুষিরবিশেষবংশীহেতোঃ। চ্যুত-কঞ্চুকাঃ ত্যক্তনির্ম্মোকাঃ সর্পন্তি সর্প্য ইবাচরন্তি * ক্ষে স্পষ্টং অত্র প্রথমায়াং মাস্পৃশেতি তিরস্কারকথাং প্রকটহান্যাং সৌভাগ্যমূহনীয়, দ্বিতীয়ায়াস্তু সংভোগচিহ্নেন ব্যঞ্জিতং সৌভাগ্যং স্পষ্টমেব মধ্যাত্বস্তু দ্বয়োরেব শ্লিষ্টোক্তেঃ। ১১

তোমার অঙ্গবিবর হইতে নির্ম্মুক্ত কঞ্চুক রূপা সখী সকল বহির্গত হইতেছে অতএব তোমা কে ধিক্।

অর্থান্তর যথা।

প্রথমা সক্রোধে কহিলেন, হে চলচিত্তে! তুমি আমাকে স্পর্শ করিও না, তোমার ললাটে গৈরিকের রাগ দেখিতেছি অতএব তুমি কৃষ্ণ কর্ত্তৃক উচ্ছিষ্ট সুতরাং অপবিত্রা হইয়াছ দ্বিতীয়া কহিলেন, ভাল। তুমিও ত ভুজঙ্গরমণী অর্থাৎ কামুকচূড়ামণি শ্রীকৃষ্ণের সহিত সতত ক্রীড়া করিয়া থাক, আমি কিন্তু তদ্রূপ নহি, শ্রীকৃষ্ণসহ ক্রীড়া করণে অনিচ্ছা প্রকাশ করিলেও তিনি বলপূর্ব্বক একবার মাত্র আমার সঙ্গে সঙ্গত হইয়াছিলেন, ইহাতে তুমি আমা অপেক্ষাও অধিক অস্পৃশ্যা অতএব তোমা কে দূরে ত্যাগ করিলাম। পুনর্ব্বার প্রথমা কহিলেন, সখি! ছি ছি, এত কুটিল বাক্য বলিতেছ কেন? তুমি যে কুহক (হরি) প্রিয়া, তোমার অঙ্গে ভোগ চিহ্ন সকল দেখিতেছি, ঐ দেখ তাঁহার মুরলীরবে কঞ্চুলিকা বিচ্যুত হওয়াতে তোমার বক্ষঃস্থলে দুইটী

অথ সমমৃদ্বী ॥

প্রত্যাখ্যাতু সুহৃজ্জনঃ কপময়ং তারাভিধস্তে গিরং
প্রাণস্ত্বং হি মমেচ্চকৈরসি শপে ধর্ম্মায় লীলাবতি।
কিন্তু ত্বন্মহমর্থয়ে পরমিদং কল্যাণি তং বল্লভং

লোচনরোচনী টীকা

প্রত্যাখ্যাতু পরিহরতু তারাভিধ ইতি স্বয়মেব স্বনাম গৃহ্লাতি প্রতিজ্ঞা দার্ঢ্যবোধনায়

আনন্দচন্দ্রিকা টীকা

প্রত্যাখ্যাতিতি। তারাভিধে মল্লক্ষণ্ডে জনস্তে গিরং মানং মুঞ্চেতি বচং কথং প্রত্যাখ্যাতু স্বীয়ং বল্লভং কৃষ্ণং শাধি শিক্ষাদানেন বোধয় অত্র মানবতস্তারায়া মানভঙ্গার্থং কৃষ্ণেনৈব তৎ সুহৃদো লীলাবত্যাঃ প্রেষণাৎ তারায়াঃ সৌভাগ্যাধিক্যং তথা স্বীয়ং

সখী উদ্গত হইতেছে।

তাৎপর্য্য

আমাকে স্পর্শ করিও না ইত্যাদি প্রকট হাস্য প্রযুক্ত প্রথমার সৌভাগ্য অনুমিত, দ্বিতীয়ার ভোগ চিহ্নপ্রকাশ নিমিত্ত সৌভাগ্যাধিক্য স্পষ্ট লক্ষিত হইল। অতএব দুইনায়িকারই মধ্যাত্ব। ১১।

অথ সমমৃদ্বী।

একদা তারা মানিনী হইলে তদীয়া পরমপ্রেয়সী লীলাবতী শ্রীকৃষ্ণকর্ত্তৃক মানভঙ্গার্থ প্রেরিতা হইয়া বিবিধ প্রকার বিনয় করিতে আরম্ভ করিলে, তারা কহিলেন, বয়স্যে! আমি ধর্ম্মতঃ শপথ করিয়া কহিতেছি তুমি আমার প্রাণ সমা, তারা নামক মল্লিকা জন তোমার বাক্যে অর্থাৎ মান ত্যাগ কর, ইত্যাদি উক্তিতে কি প্রকারে প্রত্যাখ্যান করিবে, অতএব অঞ্জলি বন্ধন পূর্ব্বক একটী প্রার্থনা করিতেছি, তুমি আপন বল্লভকে এরূপ শিক্ষা দাও যে, তিনি যেন আর সরলার প্রতি ছল না করেন

তাৎপর্য্য মানভঙ্গার্থ লীলাবতীর গমন হেতুক তারার সৌভাগ্যাধিক্য, আর আপন কান্তকে উপদেশ দাও এতদ্দ্বারা লীলাবতীরও

স্বীয়ং শাধি যথা ন গৌরি সরলে কুর্য্যাজ্জনে ন চ্ছলং ১২

যথা ব —

প্রহিত্য কঠিনে নিজং পরিজনং মদার্য্যা ত্বয়া
নিকামমুপজপ্যতাং কিমুবিভীষিকাড়ম্বরৈঃ।
ব্রজামি রবিজাতটং গুরুগিরা মুষা শঙ্কিনি

লোচনরোচনী টীকা

সরলে মদ্বিধে জনে চ্ছলং ন কুর্য্যাৎ ১২

প্রহিত্য প্রস্থাপ্য মদার্য্যা মম শ্বশ্রূঃ উপজপ্যতাং ভেদ্যতাং গুরুগিরা ব্রজামি ১৩

আনন্দচন্দ্রিকা টীকা

শাধীতি পদাভ্যাং লীলাবত্যাশ্চ তৎ তাব ত্বা মৃদুত্বং স্পষ্টং লীলাবত্যাস্তু শাধীতি শাসন-কর্ত্তৃত্বযোগ্যতায়া হেতোঃ প্রাখর্য্যং ১২

সাম্যং ভবেদধিকয়ো স্তথা লঘুযুগস্য চেতি অধিকয়োঃ সাম্যং শ্লোকত্রয়েণোক্তং। লঘু-যুগস্য সাম্যং বক্তুমাহ যথাবেতি সুন্দরি কিং ত্বং গুরুজনান্ন বিভেষি যতঃ সায়ং স্পষ্টমেব বনং গচ্ছসীতি বদন্তীং কাঞ্চিদপি মুগ্ধীং কাচিদপি প্রখরা দুর্হৃৎ প্রতি বদতি প্রহিত্যেতি প্রহিত্য প্রস্থাপ্য মদার্য্যা মম শ্বশ্রূ উপজপ্যতাং ভেদ্যতাং গুরুগিরা গুরোস্তস্যা এব গিরা

ইত্যর্থঃ　ততশ্চাহং পৃচ্ছামিমাত্রং কিমতি কুপ্যসি প্রসীদেতি পুনস্তস্যাঃ প্রতিবচনং জাতমিতি

সৌভাগ্যের আতিশয্য। এই দুই জনের মধ্যে তারার মৃদুতা এবং শাসন করণে যোগ্যতা হেতু লীলাবতীর প্রাখর্য্য ১২

পূর্ব্বোক্ত শ্লোক ত্রয়ে অধিকা দ্বয়ের সাম্য প্রদর্শিত হইল, এক্ষণে লঘুদ্বয়ের সাম্য দেখাইতেছেন যথা—

দুর্হৃৎ কোন প্রখরা সখী কহিল, সুন্দরি! তোমার কি গুরুজনের ভয় নাই, সায়ংকালে স্পষ্ট রূপে বনে গমন করিতেছ? ইত্যাদি বাক্যে গমনকারিণী সখী কহিলেন, হে কঠিনে! এত বিভীষিকা দেখাইতেছ কি! তোমার আড়ম্বরে কি হইবে? আপনার সখী প্রেরণ করিয়া যথেচ্ছ রূপে আমার শ্বশ্রূর বুদ্ধি ভেদ কর, তাহাতে কোন হানি নাই। হে বৃথাশঙ্কিনি! আমাকে গুরুজনেরা প্রদোষ সময়ে শিবা-সেবনার্থ আজ্ঞা করিয়াছেন, এনিমিত্ত সখীসঙ্গে রবিজাতটে যাইতেছি, তুমি অন্য

প্রদোষসময়ে সখং সবয়সা শিবাং সেবিতুং ॥

অথ লঘুত্রিকং।

লঘুরাপেক্ষিকী চাত্যন্তিকী চেতি দ্বিধোদিতা ॥

তত্রাপেক্ষিকীলঘুঃ ॥

সখ্যে যূথাধিনাথানামপেক্ষৈকতমাগমিহ।

যা স্যাদন্যতমা ন্যূনা সা প্রোক্তাপেক্ষিকীলঘুঃ।

তত্র লঘুপ্রখরা ॥

ত্বং মিথ্যাগুণকীর্ত্তনেন চটুনো বৃন্দাটবীতস্করে

আনন্দচন্দ্রিক টীক

জ্ঞেয়ং অত্র দ্বয়োরেব সৌভাগ্যাধিক্যদ্যোতকপদাভাবাৎ লঘুত্বে সাম্যং।

লঘুবিতি অপেক্ষাং গচ্ছতি তথা অন্যং সীমাতিক্রমং গচ্ছতি কেনাংশেনেত্যপেক্ষায়াং প্রত্যাসত্ত্যালাঘবেনেতি ব্যাখ্যেয়ং পূর্ব্ববৎ অন্যথা অভবন্ন তয়োর্গো নাম দোষো দুর্ব্বারঃ স্যাৎ।

কাচিন্মানবতী অস্মদমুপলভতে ত্বমিতি অস্যা ধৈর্য্যধনানী ত ধৈর্য্যঞ্চ ধনত্বেন বহুত্বেন চ

কোন আপত্তি করিও না

উক্ত উদাহরণে সৌভাগ্যাধিক্য সূচক পদের অভাব হেতু দুইয়েরই লঘুত্বের সাম্য ॥

অথ লঘুত্রিক ॥

আপেক্ষিকী ও আত্যন্তিকী ভেদে লঘু দুই প্রকার অর্থৎ আত্যন্তিকী লঘু ও আপেক্ষিকী লঘু ॥

আপেক্ষিকী লঘু যথা—

যূথেশ্বরী গণ মধ্যে একজনকে অপেক্ষা করিয়া অন্যের লঘুতা হইলে তাহাকেই আপেক্ষিকী লঘু কহে ॥

অথ লঘুপ্রখরা ॥

কাচিৎ যূথেশ্বরী মানিনী হইয়া আপন প্রিয়তমা সখীকে নিন্দা করিয়া কহিলেন, হে চপলে! তুমি কতকগুলা মিথ্যা গুণ কীর্ত্তন করিয়া বৃন্দাটবী তস্করে আমাকে দৃঢ় নিবদ্ধ করত সন্তোষ লাভ করিয়া-

গাঢ়ং দেবি নিবধ্য মাং কিমধুনা তুষ্টা তটস্থায়সে ।
হৃত্বা ধৈর্য্য ধনানি হন্ত রভসাদাচ্ছিদ্য হ্রীবৈভবং
যেনায়ং সখি বঞ্চিতোঽপি বহুধা দুঃখী জনো বঞ্চ্যতে ।

অথ লঘুমধ্যা ।

গোষ্ঠাধীশসুতস্য সা নব-নব-প্রেষ্ঠস্য যাবদ্দৃশোঃ
পন্থানং বৃষভানুজা সখি বশীকারৌষধিজ্ঞা যযৌ ।

আনন্দচন্দ্রিকা টীকা

হ্রী বৈভবমিতি হ্রিয়োপ্যাপেক্ষিক্যাধিক্যেন পরমধৈর্য্যলজ্জাবত্ত্বং তথাভূতয়ো ধৈর্য্য-লজ্জয়োঃ সাকল্যেন হরণাদভিব্যঞ্জিতেন প্রেমাধিক্যেন সৌভাগ্যাধিক্যং । বঞ্চিতোঽপি বঞ্চ্যত ইতি মানিন্যাঃ স্বাভাবিকং বচনং তু নলঘুত্বব্যঞ্জকং ব্যক্তব্য ন্যস্ত মিথ্যা গুণকীর্ত্তনে-নেতি চটুলে ইতি পদাভ্যাং প্রাখর্য্যং সৌভাগ্যাধিক্যব্যঞ্জকপদাভাবাৎ লঘুত্বমিতি বক্তব্যো-দাহরণং অস্যাঃ পুনঃ পুনর্বঞ্চনাৎ সৌভাগ্যস্য অল্পত্বং চটুল ইত্যাদি পদৈঃ প্রাখর্য্যমিতি বক্ত্রী এবোদাহরণত্বং

ছিলে, এখন যে তোমার তটস্থার ন্যায় ব্যবহার দেখিতেছি ? হে দেবি ! ঐ বনতস্কর বেগে আমার ধৈর্য্যধন ও লজ্জা সম্পদ-হরণ করিয়া আত্মসাৎ করিয়াছে, হা ! মাদৃশ দুঃখিজন যৎ কর্ত্তৃক বঞ্চিত হইয়াও পুনরায় বঞ্চিত হইতেছে, তুমি আমার প্রণয়পাত্রী হইয়া তাহারই পক্ষ অবলম্বন করিতেছ ? কি আশ্চর্য্য ! ইহাই কি বন্ধুজনের উচিত ॥

তাৎপর্য্য ।

লজ্জা ও ধৈর্য্যের সামস্ত্য হরণ দ্বারা প্রেমের আধিক্য, অপর বঞ্চিত জন পুনরায় বঞ্চিত হইতেছে ইত্যাদি উক্তি প্রযুক্ত লঘুত্বের অভাব । আর মিথ্যা গুণকীর্ত্তন ও চটুলে এই দুই পদ প্রযোগ হেতু বক্ত্রী সখীর প্রাখর্য্য এবং সৌভাগ্য সূচক পদের অভাব বশতঃ লঘুত্ব ॥

অথ লঘুমধ্যা ।

কোন এক সখী চন্দ্রাবলীকে কহিলেন, দেবি ! শ্রীরাধার মন্ত্রৌ-ষধি প্রয়োগ বিষয়ে পটুতা দেখ, যদিচ ব্রজরাজ তনয় নব নব প্রেয়সী-প্রিয় সত্য, কিন্তু যাবৎ পর্য্যন্ত ঐ রাধা তাঁহার নেত্রে পতিতা হইলেন

তাবত্ত্বয়াপি কৃষ্ণমস্য বলবদ্দাক্ষিণ্যমেবেক্ষ্যতে
কা চন্দ্রাবলি দেবি দুর্ভগতয়া দূনাত্মনাং নঃ কথ ॥ ১৩ ॥

অথ লঘুমধ্যা

অপসরণমিতোনঃ সাম্প্রতং সাম্প্রতং স্যাৎ
যদপি হরিচকোরং চিত্রমালোচয়ামঃ ।
কলয়ত সহচর্যাঃ পর্য্যটদ্গৌরদীপ্তি-
স্তটভুবি নবশোভাং সৌতি চন্দ্রাবলীয়ং ।

অথাত্যন্তিকী লঘুঃ

অন্যা যতোঽস্তি ন ন্যূনা সা স্যাদাত্যন্তিকীলঘুঃ ।

লোচনরোচনী টীকা ।

সৌতি জনয়তি প্রাতীতি বা পাঠঃ প্রা পূরণে ১৪

আনন্দচন্দ্রিকা টীকা

সোষ্ঠেতি শ্লোকদ্বয়ং স্পষ্টং সৌতি জনয়তি প্রতীতি পাঠে প্রা পূরণে ১৩ ১৪

তাবৎ তে মাতেও তাঁহার বলবদ্দাক্ষিণ্য (সারল্য) দেখিতেছি, আমার কথা আর কি জিজ্ঞাসা কর ? দুরদৃষ্ট বশতঃ কেবল ক্লেশ ভোগ করিতেছি ॥ ১৩ ॥

অথ লঘু মধ্যা ।

শ্রীরাধার পক্ষপাতিনী কোন এক যূথেশ্বরী আপনার সখীগণকে সম্বোধন করিয়া কহিলেন, অহে সুন্দরীবৃন্দ ! যদিচ আমরা কৃষ্ণচকোররাজকে আশ্চর্য্যরূপে সন্দর্শন করিতেছি বটে, তথাপি সম্প্রতি এখানে আমাদের অবস্থান উপযুক্ত নয়, ঐ দেখ চন্দ্রাবলী ইতস্ততঃ ভ্রমণ করিয়া আপনার গৌরদীপ্তি দ্বারা রবিজাতটের শোভা বিস্তার করিতেছে অতএব শীঘ্র প্রস্থান কর ।

অথ আত্যন্তিকী লঘু ।

অন্য নায়িকা সকল যাহা অপেক্ষা ন্যূন নয় তাহাকেই আত্যন্তিকী

ত্রৈবিধ্যা সম্ভবেপ্যস্যা মৃদুত্বেবোচিতা ভবেৎ ॥ ১৪ ॥

যথা—

নিজনিখিলসখীনামাগ্রহেণাঘবৈরী
কথমপি সময়াদ্য ব্যক্তমামন্ত্রিতোঽস্তি।
ক্ষণমুরুকরুণাভিঃ সম্বরীতুং প্রপাং মে
মদুদবসিত লক্ষ্মীং গোষ্ঠদেব্যস্তনুধ্বং ॥

লোচনরোচনী টীকা।

উদবসিতং গৃহং ১৫

আনন্দচন্দ্রিকা টীকা

নিজেতি। স অঘবৈরী আমন্ত্রিতঃ অদা মজ্জন্মতিথৌ মৎ পিতৃভ্যাং কৃতমহোৎসবাহূত-ভোজিতোঽপি সায়ং মদীয়কুঞ্জে আগত্য কিঞ্চিৎ ভুঙ্ক্ষ্বেতি নিবেদিতঃ। কিন্তু তস্য যুষ্মদধীনত্বাৎ যুষ্মৎসাহায্যং বিনা স মে মনোরথো ন স্যাদিত্যাহ ক্ষণমিতি। উদবসিতলক্ষ্মীং গৃহশোভাং গৃহগেহোদবসিতমিত্যমরঃ। যূয়মপ্যাগত্য কিঞ্চিদ্ভুক্ত্বা মাং কৃতার্থাং কুরুতেতি ভাবঃ। অত্র সখীনামাগ্রহেণেতি স্বস্যাযোগ্যতা ব্যঞ্জনয়া তথা সখীজনপ্রেষণং বিনা সর্ব্বযূথেশ্বরীসংসদি স্বয়মাগমনেন ক্ষণমিত্যাদিভি র্বিনয়ৈশ্চ তাঃ সর্ব্বা এব প্রসন্না স্তস্যা দূত্যং তদ্দিনে চক্রুরিতি জ্ঞেয়ং। ১৫

লঘু কহে। এই নায়িকার অধিকাদি ভেদত্রয় সম্ভব হইলেও ইহার মৃদুতাই উচিত হয় ১৪

যথা—

কোন এক যূথেশ্বরী কহিলেন, অহে গোষ্ঠদেবী সকল! অদ্য আমার জন্মতিথি মহোৎসবে আমার পিতা মাতা অঘবৈরিকে ভোজনার্থ আহ্বান করিয়াছিলেন, আমিও আপনার নিখিল সখীজনের আগ্রহে তাঁহাকে সায়ংকালে কুঞ্জগৃহে ভোজনার্থ স্পষ্টরূপে নিমন্ত্রণ করিয়াছি, অতএব তোমাদের নিকট প্রার্থনা এই যে, তোমরা ক্ষণকাল অধিকতর করুণা বিস্তার করিয়া আমার গৃহশোভা সম্পাদন কর, নতুবা আমি অতিশয় লজ্জিতা হইব।

ন সমা ন লঘুশ্চাদ্যা ভবেন্নৈবাধিকান্তিমা।
অন্যাস্ত্রিধাধিকাশ্চ স্যুঃ সম শ্চ লঘবশ্চ তঃ ১৫।
বিনাত্যন্তাধিকাং তেন সর্ব্বাসু লঘুতা ভবেৎ।
সর্ব্বাস্বধিকতাচ স্যাদ্বিনৈবাত্যন্তিকীং লঘুং ॥ ১৬ ॥
আদ্যৈকৈবান্তিমা দ্বেধা মধ্যস্থা নবধোদিতাঃ।

লোচনরোচনী টীকা

ন সমেত্যুক্তমেব বিশদয়তি বিনেতি ১৬

আদ্যেতি আদ্যা আত্যন্তিকাধিকা অন্তিম আত্যন্তিকীলঘুঃ এষাত্বধিকা ন ভবেদেব তেন সমা লঘুশ্চেতি দ্বেধা আদ্যায়া সহ ক্রমঃ মধ্য স্যাত্বধিকপ্রখরাদিভেদেন মিলিত্বা দ্বাদশ-

আনন্দচন্দ্রিকা টীকা

আদ্যা আত্যন্তাধিকা একবিধা এব অন্তিমা আত্যন্তিকী লঘুঃ ন অধিকা ন কস্যা অপি অধিকা তেন সা লঘুরেব কিন্তু তৎসদৃশ্যো হন্যা অপি বহ্ব্যোবর্ত্তন্ত ইতি তাভিঃ সমাচেতি দ্বিবিধা। অন্যা মধ্য স্থিতাঃ আপেক্ষিকাধিকা সমা আপেক্ষিকলঘুশ্চেতি যৈব স্বলঘুং অপেক্ষ্য অধিকা সৈব তৎক্ষণএব স্বাধিকামপেক্ষ্য লঘুঃ স্বসদৃশীমপেক্ষ্য সমেত্যেবং মধ্যাস্থানাং ত্রৈবিধ্যং

উক্ত উদাহরণে আমি সখীজনের আগ্রহে নিমন্ত্রণ করিয়াছি এতদ্দ্বারা আপনার অযোগ্যতা প্রকাশ। আর প্রত্যেক যূথেশ্বরীর নিকট সখী প্রেরণ না করিয়া বিনয় পূর্ব্বক গৃহশোভার্থ স্বয়ং প্রার্থনা করায় ইহার দ্বারা আত্যন্তিকী লঘুত্বের প্রমাণ হইল ॥ ১৫ ॥

আত্যন্তিকা অধিকা ব্যতীত সকল নায়িকারই লঘুতা সম্ভব এবং আত্যন্তিকী লঘু ব্যতিরেকে সকল নায়িকারই অধিকাত্ব উপযুক্ত। ১৬॥

আত্যন্তিকাধিকার সমত্ব ও লঘুত্বের সম্ভাবনা নাই এবং আত্যন্তিকী লঘুরও অধিকাত্ব নাই, আর মধ্যস্থার অধিক প্রখরাদি ভেদে নয় প্রকার ভেদ হয়। অতএব রসজ্ঞেরা যূথেশ্বরীদিগের দ্বাদশ প্রকার ভেদ বর্ণন করেন ॥

অর্থাৎ আত্যন্তিকাধিকা ১ আত্যন্তিকী লঘু ২ সমা লঘু ৩ অধিকমধ্যা ৪ সম মধ্যা ৫ লঘু মধ্যা ৬ অধিক প্রখরা ৭ সম প্রখরা ৮ লঘু-

ইত্যসৌ যূথনাথানাং ভিদা দ্বাদশধোদিতা। ১৭

। * । ইতি যূথেশ্বরীভেদবিবৃতিঃ ॥ * ॥

লোচনরোচনী টীকা

ভিদামতাঃ ১৭।

* ইতি যূথেশ্বরীভেদবিবৃতিঃ *

আনন্দচন্দ্রিকা টীকা

স্পষ্টয়তি বিনেতি। ১৭।

* । ইতি সর্ব্বযূথেশ্বরীভেদবিবৃতিঃ *

প্রখরা ৯ অধিক মৃদ্বী ১০ সম মৃদ্বী ১১ এবং লঘু মৃদ্বী ১২ ১৭

। * ইতি উজ্জ্বলনীলমণৌ শ্রীরামনারায়ণ-বিদ্যারত্ন-কৃত ব্যাখ্যায়াং যূথেশ্বরীবিবৃতিঃ * ॥

অথ দূতীভেদঃ।

অথাশ্রিতসহায়ানাং কৃষ্ণসঙ্গমতৃষ্ণয়া।
ঐতাসাং পূর্ব্বরাগাদৌ দূত্যযুক্তি র্বিলিখ্যতে।
দূতী স্বয়ং তথাপ্তা চ দ্বিধাত্র পরিকীর্ত্তিতা ১।
তত্র স্বয়ং দূতী
অত্যোৎসুক্য ক্রটদ্ব্রীড়া যাচ রাগাতিমোহিতা।
স্বয়মেবাভিযুঙ্‌ক্তে সা স্বয়ংদূতী ততঃ স্মৃতা।

লোচনরোচনী টীকা।

অত্যোৎসুক্য ক্রটদ্ব্রীড়া যা রাগাতিমোহিতা চ যেতি যাঃ পদস্য দ্বিরাবৃত্ত্যান্বয়ঃ। পূর্ব্বা

আনন্দচন্দ্রিকা টীকা

যথা পূর্ব্বং নায়কভেদানন্তরং তস্য দূত্যাদ্যর্থং নায়কস্য সহায়া উক্তা স্তথৈব নায়িকাভেদানন্তরং তস্যাঃ সহায়ানাং বক্তব্যত্বে মুখ্যং সাহায্যং হি দূত্যমিতি প্রথমং দূত্য এবোচ্যন্তে তদ্বচনেনৈব সর্ব্বাএব সহায়া উক্তা ভবিষ্যন্তীত্যভিপ্রায়েণাহ অথেতি ১

যাচেতি চকারাৎ যা অত্যোৎসুক্যক্রটদ্ব্রীড়েতি যা পদস্যাবৃত্ত্যান্বয়ঃ স্বয়মেবাভিযুঙ্‌ক্তে

অথ দূতীপ্রকরণ।

আশ্রিত সহায়া যূথেশ্বরীদিগের পূর্ব্বরাগাদি অবস্থায় কৃষ্ণসঙ্গমার্থ অভিলাষ হওয়াতে তাহাদের দূত্যযুক্তি বিলিখিত হইতেছে। অর্থাৎ যেমন নায়ক ভেদানন্তর ঐ নায়কের দূত্যাদি নিমিত্ত তাহার সহায় সকলের নিরূপণ করা হইয়াছে, তদ্রূপ নায়িকাভেদ করণানন্তর সেই নায়িকাদিগের সহায়গণ বক্তব্য হইলে তাহার মুখ্য সহায়ই দূতী, এ নিমিত্ত প্রথমে দূতীভেদ কথিত হইতেছে ১

দূতী দুই প্রকার, স্বয়ংদূতী ও আপ্তদূতী।

তন্মধ্যে স্বয়ং দূতী যথা—

ঔৎসুক্য বশতঃ যাহার লজ্জা খণ্ডিত হইয়াছে, আর যে অনুরাগে অতিশয় বিমোহিতা এবং স্বয়ং অভিযোগ করে পণ্ডিতগণ তাহাকে

স্বাভিযোগা স্ত্রিধা প্রোক্তা বাচিকাঙ্গিকচাক্ষুষাঃ। ২

তত্র বাচিকঃ॥

বাচিকো ব্যঙ্গ এবাত্র স শব্দার্থভবোদ্বিধা

উক্তৌ ব্যঙ্গৌ চ তৌ কৃষ্ণপুরস্থবিষয়ৌ দ্বিধা।

তত্র কৃষ্ণবিষয়ঃ

স সাক্ষাৎ ব্যপদেশাভ্যাং স্যাৎ কৃষ্ণবিষয়োদ্বিধা॥

লোচনরোচনী টীকা

চেৎ স্বয়মভিযুঙ্‌ক্তে নায়কং প্রতি ভাবং প্রকাশয়তি তদোত্তরাতু সুতরামেবেতি ভাবঃ ঔৎসুক্যং রিরংসাময়ত্বেঽপি সম্ভবতি রাগস্তু রতিময়ত্ব এবেতি বিশিষ্টতয়া পৃথগুক্তিঃ ১ ২

ব্যঙ্গ এবেতি বাচ্যত্বেতু রসবিঘাতঃ স্যাদিত্যভিপ্রায়াৎ তদুক্তং রসস্য স্বশব্দেন শৃঙ্গারাদিশব্দেন বাচ্যত্বদোষ ইতি ৩।

আনন্দচন্দ্রিক টীক

স্বাভিপ্রায়ং প্রকাশয়তি সা স্বয়ং দূতী তত্র প্রথমা অলঙ্কাঙ্গসঙ্গা প্রায়েণ পূর্ব্বরাগবতী দ্বিতীয়া লঙ্কাঙ্গসঙ্গাপি রাগেণানুরাগেণাতৃপ্তা অতিমোহিতা স্থায়িভাবেনৈব বিস্মাবিতলজ্জাধৈর্য্যশঙ্কা চ জ্ঞেয়া আত্মানমলঙ্কাঙ্গসঙ্গমিব মন্যমানেত্যর্থঃ ২

বাচিকাঙ্গিকাবধ্যাত্মাদিত্বাৎ ঠগন্তৌ

ব্যঙ্গ এব ব্যঞ্জনাবৃত্তি গম্য এব অভিধাবৃত্তিগম্যত্বে রসাভাসাপত্তেঃ যদুক্তং রসাভাসমধিকৃত্য প্রকটপ্রার্থনাদিঃ স্যাৎ সম্ভোগাদেশ্চেতি *ব্দার্থভবঃ *ব্দশক্ত্যুত্থঃ অর্থশক্ত্যুত্থশ্চ

তৌ *ব্দার্থভবৌ ব্যঙ্গ্যৌ দ্বিধা ভবতঃ। কৃষ্ণশ্চ তৎপুরস্থপদার্থবিশেষশ্চ তৌ বিষয়ে যয়োস্তৌ ৩

স্বয়ংদূতী বলিয়া স্মরণ করিয়াছেন॥

অভিযোগ তিন প্রকার কায়িক, বাচিক ও চাক্ষুষ॥ ২॥

তন্মধ্যে বাচিক যথ —

বাচিকের নামই ব্যঙ্গ অর্থাৎ শব্দের গূঢ় তাৎপর্য্য, ঐ ব্যঙ্গ *ব্দ এবং অর্থভেদে দ্বিবিধ। অর্থাৎ শব্দব্যঙ্গ ও অর্থব্যঙ্গ ঐ দুই ব্যঙ্গ আবার শ্রীকৃষ্ণ এবং অগ্রবর্ত্তি দ্রব্য বিশেষে দুই প্রকার

তন্মধ্যে শ্রীকৃষ্ণ বিষয়ক ব্যঙ্গ সাক্ষাৎ এবং ব্যপদেশ (আরোপ) হেতুক দ্বিবিধ॥

তত্র সাক্ষাৎ।

সাক্ষাৎ বহুবিধো গর্ব্বাক্ষেপযাচ্ঞাদিভি র্ভবেৎ ৩॥

তত্র গর্ব্বেণ শব্দোত্থোব্যঙ্গে যথা—বিদগ্ধমাধবে।

সাধ্বীনাং ধুরি ধার্য্যা ললিতাসঙ্গেন গর্ব্বিতাচাস্মি।
হিতমালপামি মাধব পথি মাদ্য ভুজঙ্গতাং রচয় ৪

লোচনরোচনী টীকা

সাধ্বীনাং পতিব্রতানাং *ক্ষে সুন্দরীণাং ধুরি বোঢ়বো মস্তকো*পরীত্যর্থঃ। ললিতায়াঃ সঙ্গেন পক্ষে ললিতাখ্য ভাবস্য ভুজঙ্গতাং খিড়*তাং পক্ষে ভুজমিতি পৃথক্ *দং মা নিষেধে। পক্ষে মা মাং ৪

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধা প্রাহ। সাধ্বীনাং *তিব্রতানাং সুন্দরী*াঞ্চ ধুরি চিন্তনে গণনায়ামিতি যাবৎ ধুঃ স্যাৎ ভারচিন্তয়োঃ যদ্বা ধুরি মস্তকোপরি বোঢ়ব্যবস্তু মধো যা ধার্য্য। ধর্ত্তুমর্হ ইত্যর্থঃ ললিতায়াঃ সঙ্গেন পক্ষে ললিতাখ্যা যো ভাববিশেষস্তস্যাসঙ্গেন কিম্বা ললিতেনাসাঙ্গেন সর্ব্বোৎকৃষ্টয়া ত্বয়াসক্ত্যা ভুজঙ্গতাং লাম্পট্যং *ক্ষে মা মাং ভুজঙ্গতাং প্রাগ্ভাং রচয় অ ধিঙ্গিতা* কুর্ব্বিত্যর্থঃ ততশ্চ তদহং নাপরাধ্যামি ইত্যাদিনা বিদগ্ধমাধবোক্তে শ্রীকৃষ্ণোক্তি-চেষ্টিত জ্ঞেয়ং অত্র সাধ্বীনামিতি ললিতাসঙ্গেনেতি ভুজঙ্গতামিত্যেষাং পদানাং পরিবৃত্ত্যাসহত্বাৎ শব্দভবত্বং ৪।

তন্মধ্যে সাক্ষাৎ কৃষ্ণবিষয়ক যথা—

গর্ব্বি আক্ষেপ ও যাচ্ঞাদিভেদে সাক্ষাৎ বহু প্রকার হয় ৩।

তন্মধ্যে গর্ব্ব হেঁতুক শব্দোদ্ভব ব্যঙ্গ যথা—বিদগ্ধমাধবে

শ্রীরাধা সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে মাধব। আমি ব্রজমধ্যে সাধ্বীগণের শিরোধার্য্যা, ললিতার সঙ্গবশতঃ অতিশয় গর্ব্বিতা হইয়াছি, অতএব তোমাকে হিতোপদেশ করি আজি পথি মধ্যে ভুজঙ্গতা (কামুকতা) রচনা করিও না, ক্ষান্ত হও॥

উক্তোদাহরণে সাধ্বীগণের শিরোধার্য্যা, ললিতার সঙ্গ বশতঃ গর্ব্বিতা এবং ভুজঙ্গতা এই তিন শব্দের তাৎপর্য্য এই যে, শ্রীরাধা কহিলেন, হে শ্রীকৃষ্ণ! আমি সুন্দরীগণ মধ্যে পরিগণিতা, ললিতাখ্য রস বশতঃ আমার গর্ব্ব উৎপন্ন হইয়াছে, অতএব তোমার ভুজঙ্গতা

অর্থোত্থো যথা—

তমালশ্যামাঙ্গ ক্ষিপসি কিমপাঙ্গশ্রিয়মিতঃ
প্রসিদ্ধাহং শ্যাম ত্রিজগতি সতীনাং কুলগুরুঃ।
সমারব্ধে যস্যাঃ কথমপি মনাগ্বাধনবিধৌ
মৃগীমালাপ্যেষা প্রসভমভিতো হন্তি কুপিতা ৫।

লোচনরোচনী টীকা

মনাগ্বাধনবিধাবিত্যেব পাঠঃ সম্মতঃ ৫

আনন্দচন্দ্রিকা টীকা

ইতঃ ইহ ময়ি মৃগীমালাপীত্যনেন মম সখ্যোপ্যত্র ন সন্তীতি স্বচ্ছন্দং একাকিনীং প্রাপ্তাং মাং যথেচ্ছসি তথা কুর্ব্বিতি ভাবঃ ততশ্চ এবঞ্চেৎ তব পাতিব্রত্যপ্রভাবমদ্য পরীক্ষিষ্যে কথং মৃগ্যো মাং হনিষ্যন্তীতি শ্রীকৃষ্ণেন বলাত্তস্যাঃ কুচৌ স্পৃষ্টৌ অত্র মৃগীমালেত্যাদি পদানাং * পবিবৃত্তিসহত্বাত্তদর্থানাঞ্চ পবিবৃত্ত্যসহত্বাদর্থভবত্বং জ্ঞেয়ং ৫।

অর্থাৎ ত্বদীয় ভুজদ্বয়ের অভ্যন্তরবর্ত্তিনী হওয়াতে আমাকে যথেষ্ট রূপে আলিঙ্গন কর, তাহা হইলে আর আমি তোমার নিকট অপরাধিনী হইব না। ৪।

অর্থোত্থব্যঙ্গ যথা—

শ্যামা কহিলেন, অহে তমালশ্যামাঙ্গ! আমি শ্যামা, জগতীস্থ সতী বৃন্দের কুলগুরুরূপে প্রসিদ্ধা, অতএব আমার প্রতি অপাঙ্গ ভঙ্গি করিও না, যৎকিঞ্চিৎ যদি আমার বাধা উপস্থিত হয়, তাহা হইলে এই সকল মৃগীমালা (সখীসমূহ) সহসা কুপিতা হইয়া আগমন পূর্ব্বক সর্ব্বতোভাবে তাহা বিনষ্ট করে অতএব ক্ষান্ত হও॥

উক্ত উদাহরণের অর্থোত্থ ব্যঙ্গ এই যে; এখানে কোন সখীজন উপস্থিত নাই, আমি একাকিনী রহিয়াছি অতএব তুমি যথেচ্ছ ব্যবহার করিতে পার। ৫॥

* "পর্য্যায় শব্দোপাদানেঽপি প্রকৃতোপযোগিত্বং পবিবৃত্তিসহত্বং" ইতি সাহিত্যদর্পণ সিদ্ধান্তাৎ "ভুজঙ্গকুণ্ডলীব্যক্তঃ শশিশুভ্রাংশুশীতলঃ"। ইত্যত্র স্ফুটীকৃতমেতৎ। (অর্থান্তর করিয়াও) যে খানে এক শব্দের পর্য্যায় (শ্রেণী) ভুক্ত অন্য শব্দ দিলেও প্রবৃত্ত অর্থের উপযোগিতা থাকে অথচ ব্যতিক্রম হয় না, তাহাকে "পরিবৃত্তিসহত্ব" বলে।

অথাক্ষেপেণ শব্দোত্থো ব্যঙ্গো যথা—

অধ্বানং ব্রজধূর্ত্ত মা বৃণু পুরঃ পশ্যাম্বরান্তে দৃশং
নিক্ষিপ্যোরুপয়োধরোন্নতিমিমাং নষ্টেন্দুলেখাশ্রিয়ং।
নব্যা কঞ্চুলিকোজ্জ্বলা তনুরিয়ং রাগেণ বল্গুশ্রিয়া

লোচনরোচনী টীকা।

অধ্বানং ব্রজধূর্ত্ত মা আবৃণু পক্ষে অধ্বানমশব্দং যথা স্যাত্তথা ম মাং বৃণু অঙ্গীকুরু অম্বর মাকাশং পক্ষে বস্ত্রং ইন্দুলেখা চন্দ্রকলা পক্ষে নখাঙ্কঃ। নব্যা নূতনা পক্ষে স্তব্যা বল্গু-

আনন্দচন্দ্রিকা টীকা।

কাচিৎ প্রখরা যূথেশ্বর্য্যাহ অধ্বানং মার্গং মা বৃণু কিন্তু ব্রজ ইতোঽপসর। পক্ষে অধ্বানং নঃশব্দং যথা স্যাত্তথা মাং আবৃণু কুরু হে ব্রজধূর্ত্তেতি তৎফলং ত্বং জানাস্যেবেতি ভাবঃ। অম্বরমাকাশং বস্ত্রঞ্চ পয়োধরো মেঘঃ স্তনশ্চ নষ্টেতি স্পষ্টং পক্ষে নষ্টা বহু-দিনসম্ভোগাভাবাৎ লুপ্তা ইন্দুলেখা শ্রীঃ নখাঙ্কশোভা যস্যাং তাং নব্যা নবীনা রাগেণ রক্তিম্না উজ্জ্বলা তনুঃ সূক্ষ্মা কঞ্চুলিকা স্তিমিতা আর্দ্রা সতী বৈবর্ণ্যং বৈরূপ্যং পক্ষে নব্যা স্তব্যা কঞ্চুলিকয়া উজ্জ্বলা তনুর্দেহঃ রাগেণ প্রেম্না স্তিমিতা স্তব্ধ সতী বৈবর্ণ্যং সাত্ত্বিকভাব-

আক্ষেপ বশতঃ শব্দোত্থ ব্যঙ্গ যথা—"

কোন এক যূথেশ্বরী কহিলেন, অহে ব্রজধূর্ত্ত! বর্ত্ম রোধ করিও না, আকাশে দৃষ্টি নিক্ষেপ করিয়া দেখ, সম্মুখে নিবিড় পয়োধরের উন্নতি হইয়াছে, ইন্দুরেখা আর লক্ষ্য হইতেছে না, মেঘাচ্ছাদনে উহার শ্রীভ্রষ্ট হইয়া গিয়াছে অতএব হে কুটিল! আমি লোহিত বর্ণ সূক্ষ্ম নূতন কঞ্চুলিকা পরিধান করিয়াছি, যাবৎ পর্য্যন্ত আর্দ্র হইয়া বৈবর্ণ প্রাপ্ত না হয়, তাবৎ মার্গ পরিত্যাগ করিয়া দূরবর্ত্তী হও।

উক্ত উদাহরণে আক্ষেপ হেতু শব্দোৎপন্ন ব্যঙ্গ এই যে, অহে কুটিল-চিত্ত! আমার অম্বরান্তে (কঞ্চুলিকার মধ্যে) অক্ষি নিক্ষেপ পূর্ব্বক অবলোকন কর, সম্মুখে পয়োধরের অতিশয় উন্নতি হইয়াছে, বহু দিবস যাবৎ ত্বদীয় অঙ্গের সঙ্গ লাভ করিতে না পারায় ইহার নখ-চিহ্ন সকল বিলুপ্ত হইয়া গিয়াছে, অতএব পুনরায় নখাঙ্ক দ্বারা ইহাকে বিভূষিত কর, অপর কঞ্চুলিকায় সমুজ্জ্বল এই যে আমার ভব্য তনু (দেহ) যাবৎ প্রেম বশতঃ স্তিমিত হইয়া বৈবর্ণ্য অর্থাৎ সাত্ত্বিকাদি

যাবন্ন স্তিমিতা সতী কুটিল মে বৈবর্ণ্যমাপদ্যতে। ৬ ॥

অর্থোত্থো যথা—

কদম্বারণ্যানী কিতব বিকচং লুঞ্চসি নবং
মদুৎসঙ্গাদ্দিষ্ট্যা বরপরিমলং মল্লিপটলং।
রুচিস্ফারং হারং হরসি যদি মে কোঽত্র শরণং
বিদূরে যদ্গোষ্ঠং জনবিরহিতা চেয়মটবী ॥

লোচনরোচনী টীকা

শ্রিয়া রাগেণ রক্তিমা　পক্ষে রাগেণ উজ্জ্বলা কুঙ্কুমিকয়োজ্জ্বলা তনুঃ সূক্ষ্মা পক্ষে তনুঃ গভীরং　স্তিমিতা আর্দ্রা পক্ষে শুষ্কা বৈবর্ণ্যং তুভয়ত্র সমানং ৬।

কদম্বারণ্যানীত্যাদৌ যদ্যপি তেন স্বয়ং মহানুদ্যমঃ কৃতঃ তথাপি তস্যাঃ স্বয়মভিযোগস্যৌৎসুক্যস্বভাবাদেব মন্তব্যঃ ৭ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

বিশেষং। ততশ্চ কিং ব্যগ্রাসি পয়োধরৌ তে স্পষ্টেন্দুলেখাশ্রিয়ৌ কুর্ব্বিতি তথা চক্রে ৬

হে কদম্ববনশ্রেণ্যাং কিতব এতদ্বনপালকোঽহমিতি কৈতবেন চৌরেত্যর্থঃ বিকচং ফুল্লং মল্লিকাখ্যিকা বিদূর ইত্যাদিনা স্বসম্ভোগস্যৌচিত্যং নির্ব্বিঘ্নত্বঞ্চ জ্ঞাপিতং। ততশ্চ দূরে গোষ্ঠঞ্চেত্তর্হি মমৈবাদ্য আতিথ্যং গৃহাণেতি তাং পাণৌ ধৃত্বা উপবেশয়ামাসেতি জ্ঞেয়ং ॥ ৭ ॥

ভাব বশতঃ বিবশ না হয় তাবৎ আমাকে রোধ করিয়া রাখ ৬ ॥

আক্ষেপ হেতু অর্থোত্থব্যঙ্গ যথা—

অহে কদম্বারণ্য-কিতব! তুমি যে আপনাকে বনপালক বলিয়া পরিচয় দাও, ইহা কেবল ছলমাত্র, বস্তুতঃ তুমি অরণ্যতস্কর, আমার ক্রোড় হইতে যে কেবল সুগন্ধ মল্লিকা মাত্র লুণ্ঠন করিয়া লইলা, ইহা আমার অতিশয় সৌভাগ্য, কারণ এখান হইতে গোষ্ঠ অতি দূর, বনও জনশূন্য, বল পূর্ব্বক যদি মনোহর হার হরণ করিয়া লইতে, তাহা হইলেই বা আমার রক্ষক কে? ॥

অর্থোক্ত ব্যঙ্গ এই যে, গোষ্ঠ অতি দূর, বনও অতিনির্জন, আমিও কাকিনী, অন্য কোন মান্য লোকের এস্থানে আসার সম্ভাবনা নাই, অতএব তুমি যদৃচ্ছা ব্যবহার করিতে পার।

অথ যাচ্ঞা

যাচ্ঞা স্বার্থা পরার্থেতি দ্বিধাত্র পরিকীর্ত্তিতা ৭।

তত্র স্বার্থযাচ্ঞা শব্দোত্থোব্যঙ্গো যথা—

পুষ্পমার্গণ-মনোরথোদ্ধতা কৃষ্ণ মঞ্জুলতয়া তবান্তিকম্।
রুদ্ধিতাস্মি সবিকাশয়া পুরে বিস্ফুরৎ সুমনসং কুরুষ্ব মাং।

লোচনরোচনী টীকা

পুষ্পমার্গণং পুষ্পান্বেষণং পক্ষে পুষ্পমার্গণঃ কামঃ মঞ্জুলতয়া মনোরময়া লতয়া পক্ষে

আনন্দচন্দ্রিকা টীকা

পুষ্পমার্গণং পুষ্পান্বেষণং পক্ষে পুষ্পমার্গণঃ কামঃ মঞ্জুর্মনোরমা যা লতা তয়া অত্র রুদ্ধিতাস্মি স্থাপিতাস্মি পক্ষে মঞ্জুলতয়া সৌন্দর্য্যেণ বিস্ফুরৎ সুমনসং প্রাপ্তবিরাজমানপুষ্পাঃ পুষ্পমবচিন্বিত্যাজ্ঞাপয়েত্যর্থঃ পক্ষে বিস্ফুরৎ সানন্দং প্রাপ্তসম্ভোগমিতি যাবৎ শোভনং মনো যস্যাস্তং তত্শ্চ শ্রীকৃষ্ণঃ স্বামেব পুষ্পাণ্যবচিত্য তস্যাঃ কঞ্চুলিকাস্তধারয়ন্মাসেতি জ্ঞেয়ং

অথ যাচ্ঞা যথ —

স্বার্থ এবং পরার্থ ভেদে যাচ্ঞা দুই প্রকার অর্থাৎ আত্মার্থ যাচ্ঞা ও পরার্থ যাচ্ঞা। ৭ ॥

তন্মধ্যে আত্মার্থ যাচ্ঞা শব্দোত্থব্যঙ্গ যথা—

শ্রীরাধা কহিলেন, হে গোবিন্দ! আমি পুষ্পান্বেষণ-মনোরথে উদ্ধতা হইয়া এস্থানে আসিয়াছি, তোমার এই পুষ্পিতা লতা আশ্চর্য্য রূপে শোভা বিস্তার করাতে আমার গতি রোধ করিল, অতএব আজ্ঞা কর, লতাতে শোভমান বিকচ (প্রস্ফুটিত) কুসুমচয় চয়ন করি

উক্ত উদাহরণের শব্দোৎপন্ন ব্যঙ্গ এই যে পুষ্পমার্গণ শব্দের দুইটী অর্থ, পুষ্পের অন্বেষণ এবং কাম। মঞ্জুলতা এই শব্দটী পৃথক্ করিলে মঞ্জু এবং লতা অর্থাৎ মনোহারিণী লতা অথবা মঞ্জুলতা এক শব্দ করিলে অর্থ সৌন্দর্য্য। আর সুমনস শব্দের অর্থ পুষ্প ও প্রশস্ত মনঃ। অর্থাৎ শ্রীমতীর প্রার্থনা এই যে, অহে গোবিন্দ! আমি কামে উদ্ধত বুদ্ধি হইয়া এস্থানে আসিয়াছি, তোমার সৌন্দর্য্য সন্দর্শনে

অর্থোত্থে যথা—

বৃন্দারণ্যং ভুজগনিকরাক্রান্তমশ্রান্তমস্মা-
কাত্যায়ন্যৈ কুসুমপটলীং জাতভীর্নাহরামি
তেন ক্রীড়োদ্ধতফণিপতে শ্রদ্ধয়াস্মি প্রপন্ন

লোচনরোচনী টীকা

মনোহরতয়া বিস্ফুরৎ সুগমসং বিবাজমানশোভনচিত্তং পক্ষে বিবাজৎ সুষ্ঠু পুষ্পাং ৮

আনন্দচন্দ্রিকা টীকা

একান্ত ইতি তবাত্র সখ্যায়ো মম চ সখ্যশ্চ ন সন্তীতি ভাবঃ। দিশ দেহি বিষহরমিতি কন্দর্পসর্পেণ দষ্টাস্মীতি দ্যোতয়তি ততশ্চ মন্ত্রস্যোচ্চৈরুচ্চারণমনুচিতমিতি মন্মুখসমীপে স্বদক্ষিণং কর্ণমর্পয়েতি তথা কুর্বতীং তাং মন্ত্রে প্রদেশমিষেণ গণ্ডে চুম্বিত্বা দক্ষিণার্থং কঞ্চুকীং জগ্রাহেতি জ্ঞেয়ং। ৮।

গতিরোধ হইল, অতএব আমাকে এই প্রকার অঙ্গসঙ্গ সমর্পণ কর যে যাহাতে হর্ষমনে গমন করিতে পারি

স্বর্থযাক্রা অর্থে থব্যঙ্গ যথা—

শ্রীমতী কহিলেন, হে কেশিনিসূদন! সম্প্রতি বৃন্দারণ্য ভুজগ-নিকরে আক্রান্ত হওয়ায় আমার চিত্তে অতিশয় ভয় জন্মিয়াছে, একারণ কাত্যায়নীর কুসুম চয়ন করা হয় না, অতএব, হে কালিয়ফণানর্ত্তক! আমি শ্রদ্ধান্বিত হইয়া তোমার শরণ লইলাম, প্রসন্ন হও এই নির্জন প্রদেশে এমত একটী বিষহর মন্ত্র উপদেশ কর যে তদ্দ্বারা যেন আর সর্প ভয় না হয়।

উক্ত উদাহরণের অর্থোৎপন্ন ব্যঙ্গ এই যে,-শ্রীমতী কহিলেন, শ্রীকৃষ্ণ! বৃন্দারণ্য অতিনির্জন, এখানে আমার কোন সখী অথবা তোমার কোন সখা উপস্থিত নাই, আমি কন্দর্পসর্পে দষ্টা হইয়াছি, অতএব কোন একটী বিষহর মন্ত্র প্রদান কর ইত্যাদি প্রার্থনায় শ্রীকৃষ্ণ কহিলেন, প্রিয়ে! উচ্চরূপে মন্ত্রোচ্চারণ করা অনুচিত, অতএব আমার বদন সন্নিধানে আপন দক্ষিণ কর্ণ সমর্পণ কর, বিষহর মন্ত্র উপদেশ করি, এই বাক্যে শ্রীমতী দক্ষিণ কর্ণ প্রদান করিলে শ্রীকৃষ্ণ মন্ত্রোপ-

ত্বামেকান্তে দিশ বিযহরং মন্ত্রমেকং প্রসীদ ৮।

যথা বা ॥

সমস্তমভিরক্ষিতুং জনমরন্ধ্রবীরুদ্বনে
বনে চরসি কীর্ত্যসে ত্বমুরুকীর্ত্তিভাজাং ধুরি।
প্রসীদ করুণাং কুরু ত্বরিতমুদ্দিশাধ্বক্রমং

লোচনরোচনী টীকা

সমস্তং গোগোপালহরিণাদিকং অরন্ধ্রত্বং নিশ্ছিদ্রত্বং যদুদ্বহেতি ব্রজেন্দ্রস্যাপি যদু-

আনন্দচন্দ্রিকা টীকা

মন্ত্রজিঘৃক্ষায়াং স্বাভিপ্রায়ঃ প্রায়েণোদ্ঘটিতো ভবতীত্যপরিতুষ্যন্নাহ যদ্বা। প্রগল্ভায়াঃ স্বাভিযোগমুদাহৃত্য মুগ্ধায়া আহ যথা বেতি সমস্তেতি। অরন্ধ্রাভি নিশ্ছিদ্রাভি বীরুদ্ভি-র্ঘনে নিবিড়ে বুরি চিন্তে গণনায়ামিতি যাবৎ যদুদ্বহেতি ব্রজরাজস্য যাদবত্বং যাদবানাং হিতার্থায় ধৃতো গোবর্দ্ধনো ময়েতি শ্রীহরিবংশোক্তেঃ বিস্মৃতাধ্বেতি অতএব ত্বৎসমীপগন্ধবা-নমেব প্রষ্টুমায়াতাস্মীতি ভাবঃ ততশ্চানেন পথা আগচ্ছেতি তাং কিয়দ্দূরগামীয় সংপ্রত্য

দেশ ছলে তদ্রীয় গণ্ডে চুম্বন এবং দক্ষিণার্থ কঞ্চুলিকা গ্রহণ করিলেন ॥

উল্লিখিত উদাহরণে মন্ত্রগ্রহণার্থ স্বীয় অভিপ্রায় প্রকাশ হেতু অথবা প্রগল্ভার আত্ম প্রার্থনা উদাহরণানন্তর মুগ্ধার স্বাভিলাষ প্রকাশ করত উদাহরণ করিতেছেন। ৮ ॥

যথা বা ॥

শ্রীমতী কহিলেন, হে যদুনাথ! তোমাকে সামান্য ব্যক্তি বলিতে পারি না, কীর্ত্তিশালি মানবদের গণনায় তোমাকে কীর্ত্তিমান্ বলিয়া গণ্য করে, তুমি নিখিল জন রক্ষণার্থ এই নিবিড়ারণ্যে ভ্রমণ করিতেছ, আমি অবলা গোপবধূ, আমার প্রতি প্রসন্ন হও, পথভ্রমে এই বিজন বিপিনে ভ্রমণ করিতেছি, করুণা প্রকাশ পূর্ব্বক শীঘ্র বর্ত্ম উপদেশ কর, যাহাতে এই বধূজন বৃন্দাবন প্রাপ্ত হইতে পারে ॥

উক্ত উদাহরণের অর্থোৎপন্ন ব্যঙ্গ এই যে শ্রীমতী কহিলেন, যদু-নাথ! আমি পথ বিস্মৃত হইয়া নিবিড়ারণ্যে পরিভ্রমণ করিতেছি,

যদুবহ বধূজনঃ শ্রয়তু বিস্মৃতাধ্বা ব্রজং ॥ ৯ ।

পরার্থযাচ্ঞ্যা শব্দোত্থে যথা—

সকৃৎ পীত্বা বংশীধ্বনিনরসুধাং কর্ণচুলুকৈ-
র্মদালী বিভ্রান্তা লঘিমনি করোত্তালিতমতিঃ।

লোচনরোচনী টীকা।

বংশজত্বাৎ তদেতদ্বৈষ্ণবতোষণ্যাখ্যদশমটিপ্পন্যাং শ্রীকৃষ্ণসন্দর্ভে চ প্রকাশিতমস্তি ॥ ৯ ।

সুধাং পীযূষং পক্ষে দগ্ধশঙ্খাদিচূর্ণং মদালী মম সখী পক্ষে মদশ্রেণী সদাহং

আনন্দচন্দ্রিকা টীকা।

গ্রেতনুঃ কুটিলবল্লীবেষ্টিতঃ পন্থ ত্বয়া দুর্ব্বলয়া পদ্ভ্যামুল্লঙ্ঘয়িতুমশক্য ইতি সমন্তমভিরক্ষিতুং জনমিত্যাদি তস্যা বচঃ সত্যাপয়ন্নিব তাং বলাদুত্থাপ্য স্ববক্ষসা উবাহেতি জ্ঞেয়ং ৯

সকৃদিতি সুধাং দগ্ধশঙ্খাদিচূর্ণং সুধং অমৃতঞ্চ মদালী মম সখী বিভ্রান্তা বিশিষ্টা ভ্রমিযুক্তা সদাহং দাহেন সহবর্ত্তমানং। পক্ষে মুহীদুগ্ধং বা মদালী মদশ্রেণী সদাহং সদৈবাহং সুধাস্ত্রী-লেপনে। মুর্ব্যাং মুহীদুগ্ধেষ্টিকামুতে ইতি মেদনী। গদং রোগং কামপীড়াঞ্চ। ততশ্চ তাদৃশ-

করুণা প্রকাশ পূর্ব্বক বর্ত্ম উপদেশ কর, ইত্যাদি প্রার্থনায় শ্রীকৃষ্ণ কহিলেন, আইস আমি সঙ্গে করিয়া লইয়া যাইতেছি, অনন্তর শ্রীমতী সঙ্গে সঙ্গে চলিতে লাগিলে ধূর্ত্তরাজ কৃষ্ণ বক্রবল্লী-বেষ্টিত দুর্গম স্থান প্রাপ্ত করাইয়া কহিলেন, প্রিয়ে! এ অতি কণ্টকাকীর্ণ স্থল, স্বয়ং পদ-ব্রজে গমন করিতে পারিব না, আমার ক্রোড়ে আরোহণ কর, পার-করিয়া দিতেছি এই বলিয়া বলপূর্ব্বক তাঁহাকে ক্রোড়ে করত বহন করিতে লাগিলেন ৯ ॥

অথ পরার্থযাচ্ঞা শব্দোত্থব্যঙ্গ যথা—

কোন এক সখী শ্রীকৃষ্ণ সমীপে আগমন করিয়া কহিল, হে আর্ত্তি-নাশন! তোমার বংশীধ্বনি রূপ শঙ্খচূর্ণ (চুং) কর্ণাঞ্জলি দ্বারা একবার মাত্র পান করিয়া আমার প্রিয়সখী ভ্রমিরোগে পীড়িতা হইতেছেন, আবার ক্ষুদ্র লোকেরা উহাঁর বুদ্ধির উত্তেজনা করিয়া দিতেছে, রোগ অতি উৎকট, সর্ব্বদা গাত্র দাহ হওয়াতে বর্ণের বৈবর্ণ্য জন্মিয়াছে, অত-এব হে কংসনিসূদন! আমি তোমাকে ধন্বন্তরি বলিয়া নিশ্চয় করিয়াছি, যাহাতে প্রিয়সখীর রোগ উপশম হয় এমত কোন মহৌষধ প্রদান কর।

সদাহং কংসারে কমপি গদমাসাদ্য নিগমং
বিবর্ণা ত্বাং ধন্বন্তরিমিহ পরং নিশ্চিতবতী

অর্থোত্থো যথা—

অসূর্য্যম্পশ্যাপি প্রিয়সহচরী প্রেমভিরহং

লোচনরোচনী টীকা

সর্ব্বদৈবাহং পক্ষে দাহসহিতং ১০ ॥

আনন্দচন্দ্রিকা টীক

সহং মন্ত্রমৌষধঞ্চ জানামি যথ ত্বদঙ্গেষ্বেষ মন্ত্রপূতেন কবচেন কৃতরক্ষেষু তথা তন্মুখনেত্রাদিষু কেনাপি প্রলেপবিশেষেণ লিপ্তেষু তস্যাঃ ক্রমেণ বহিরন্তর্দাহস্য প্রশমো ভবিষ্যতীতি শ্রীকৃষ্ণস্য প্রতু ক্তিরেষা।

অসূর্য্যম্পশ্যেত্যনেন স্বস্যা দুর্ল্লভদর্শনত্বং রাজকন্যাত্বঞ্চ শশিমিয়েত্যাদিনা পরমসৌন্দর্য্যং

শব্দার্থ ব্যঙ্গ এই যে আমার প্রিয়সখী কর্ণাঞ্জলি দ্বারা একবার মাত্র তোমার বংশী নাদামৃত পান করিয়া উন্মত্তচিত্ত হইয়াছেন, আমার ক্ষুদ্র লোকের উত্তেজনাতে বুদ্ধির অতিশয় ভ্রম জন্মিতেছে, রোগ অতি উৎকট, সর্ব্বদা গাত্রদাহ হওয়াতে পূর্ব্ববৎ রূপলাবণ্য নাই, বর্ণ বিবর্ণ হইয়াছে, অতএব হে অঘনাশন ! তোমাকে কাগোপশমক ধন্বন্তরিরূপে নিশ্চয় করত তোমার সমীপে আগমন করিলাম, যাহাতে আমার প্রিয়সখী শীঘ্র সুস্থ হইতে পারেন, এমত কোন অনঙ্গ পীড়ার মহৌষধি প্রদান কর। সখীর ঐরূপ প্রার্থনায় শ্রীকৃষ্ণ কহিলেন, দুতি ! আমি এক প্রকার মন্ত্র ও ঔষধ জানি যে তোমার অঙ্গে মন্ত্রপাঠ পূর্ব্বক কবচ দ্বারা রক্ষ বন্ধন করিলে তৎ। তে মার মুখ নেত্রাদি অঙ্গবিশেষে প্রলেপ দিলে ক্রমশঃ তোমার প্রিয়সখীর অন্তর ও বাহ্যের দাহ উপশম প্রাপ্ত হইবে ॥

পরার্থ যাক্রা অর্থোদ্ভব ব্যঙ্গ যথা—

কোন যুথেশ্বরী কহিলেন, হে মধুসূদন ! আমি অসূর্য্যম্পশ্যা অর্থাৎ দিবাকরের খরতর করে দেহ উত্তপ্ত হইবার আশঙ্কায় তাঁহার প্রতি

তবাভ্যর্ণং লব্ধা মধুমথন দূত্যং বিদধতী।
দ্রুতং তস্যাঃ স্নেহং নিশময় ন যাবচ্ছশিধিয়া॥

আনন্দচন্দ্রিকা টীকা।

মাধুর্য্যঞ্চাভিব্যজ্য অহমেব তে সম্ভোগযোগ্যেতি দ্যোতিতং　ততশ্চ তস্যাঃ স্নেহং পশ্চাৎ শ্রোষ্যামি প্রথমং ভবত্যা রক্ষণোপায়ং চিন্তয়ামি তত্র যদি বহিরিহ তিষ্ঠসি তদা দুষ্টচকোরো-ঽয়ং ন ত্বাং ত্যক্ষ্যতি ইহৈব গিরিগহ্বরং চান্ধতমসব্যাপ্তমেকাকিনী এবেষ্টুং বিভেষি অতো-ঽহমেব ত্বামতিভীতাং স্ববক্ষসোঽন্তরে নিহ্নুত্য ক্বাপি ক্ষণং স্থিত্বা চকোরং বঞ্চয়ামি তস্যাঃ স্নেহঞ্চ শৃণোমীতি শ্রীকৃষ্ণোক্তি জ্ঞেয়া। আদিশব্দাদ্দৈন্যেনাপি　সখ্যো যযুর্গৃহমহং কলসীং বহন্তী পূর্ণামতীব মহতীমনুলম্বিতাস্মি　একাকিনীং স্পৃশসি মাং যদি নন্দসূনো ত্যক্ষ্যামি জীবনমিদং সহসা পুরস্তে　অত্র জীবনং পক্ষে জলঞ্চ　অত্র হন্ত কথং জীবনং ত্বং ত্যক্ষ্যসি কিন্ত্বহমেব ত্যক্ষ্যামীত্যুক্ত্বা তন্মূর্দ্ধ্নঃ কলসীং গৃহীত্ব তস্যা জলমপসারয়ামাস শ্রীকৃষ্ণ ইতি

নেত্র নিক্ষেপ করি না, কি করি সাধ্য নাই, প্রিয়সখীর প্রণয়বশতই দৌত্য স্বীকার করিয়া তোমার নিকটে আসিতে হইল, কিন্তু আমি অধিকক্ষণ বাহিরে থাকিতে পারিব না, যাবৎ রজনীযোগে উদয়শীল শশিভ্রমে দগ্ধ চকোর আমার বদনচন্দ্রের চন্দ্রিকা পান করত পীড়া না দেয় তাবৎ শীঘ্র তোমার প্রেয়সীর স্নেহ শ্রবণ কর

অর্থোৎপন্ন ব্যঙ্গ এই যে, আমি অসূর্য্যম্পশ্যা এতদ্দ্বারা নিজের দর্শনের দুর্ল্লভত্ব এবং রাজকন্যাত্ব ব্যক্ত করা হইল, আর শশিভ্রমে পোড়া চকোর আমাকে পান করিবে ইত্যাদি উক্তি বশতঃ নিজের সৌন্দর্য্য ও মাধুর্য্য প্রকাশ করত একা আমিই তোমার সম্ভোগ যোগ্যা ইত্যাদি ভাব ব্যক্ত করা হইল। উক্ত বিষয়ে শ্রীকৃষ্ণের অভিপ্রায় এই যে, হে প্রিয়তমে! তোমার প্রিয়সখীর স্নেহ পশ্চাৎ শ্রবণ করিব, প্রথমতঃ তোমার রক্ষার উপায় চিন্তা করি। হে সুধাংশুবদনে! তুমি যদি বাহিরে অবস্থিতি কর তাহা হইলে দুষ্ট চকোর তোমাকে ত্যাগ করিবে না নিশ্চয় পান করিবে, অতএব সম্মুখবর্ত্তি গিরিগহ্বরে প্রবেশ কর, যদি অন্ধকার দেখিয়া একাকিনী যাইতে ভীতা হও, তবে আমি

ধয়ন্ বক্ত্রজ্যোৎস্নাং নিশি হতচকোরস্তুদতি মাং ১০।

অথ ব্যপদেশঃ।

জল্পব্যাজেন কেনাপি ব্যপদেশোঽত্র কথ্যতে ১১।

তেন শব্দেনার্থেন যথা—

ত্যজন্ কুবলয়াধিকাং ঘনরসশ্রিয়োল্লাসিনীং

লোচনরোচনী টীকা

ব্যপদেশ ইতি রসশাস্ত্র এবাস্যাপদেশস্য পারিভাষিকী সংজ্ঞা অন্যস্য স্ববিধেবোচ্যতে। ব্যপদেশস্তু ব্যাজ এবেতি ব্যাজশ্চান্যবর্ণনেনাভীষ্টার্থবোধনং। অয়মনাপ্রস্তুতপ্রশংসানামালঙ্কারঃ ১১

ত্যজন্নিত্যত্র শ্লেষাঃ স্পষ্টাএব তত্র বক্ত্র্যাঃ স্বাংঙ্গে গামিতি গম্যতে ঈমামিত্যনেন

আনন্দচন্দ্রিকা টীকা

জ্ঞেয়ং স্বামী মুগ্ধতরো বনং ঘনমিদং বালাহমেকাকিনী ক্ষৌণীমাবৃণুতে তমালমলিনচ্ছায়া তমঃসন্ততিঃ তন্মে সুন্দর কৃষ্ণ মুঞ্চ সহসা বর্ত্মেতি রাধাগিরঃ শ্রুত্বা তাং পরিবর্ত্ত্য মন্মথকলা-সক্তে হরিঃ পাতু বঃ ইতি শব্দার্থভববাচিকোদাহরণদ্বয়ং জ্ঞেয়ং ১০

জল্প ইতি শ্রীকৃষ্ণং প্রত্যাবোক্তিঃ কিন্তু কেনাপি ব্যাজেনাপ্রস্তুতপ্রশংসয়োক্ত্যর্থঃ ১১

কাচিৎ প্রগল্ভা কাঞ্চিৎ স্ববিপক্ষামবলোক্যন্তং শ্রীকৃষ্ণং প্রতি স্বমভিযুঞ্জানা তদপকর্ষ-স্বোৎকর্ষৌ ব্যঞ্জয়তি ত্যজন্নিতি। কুবলয়ং নীলোৎপলং ভূমণ্ডলঞ্চ ঘনরসো জলং শৃঙ্গার-

তোমাকে বক্ষে করিয়া লইয়া যাইতেছি, অঙ্গসঙ্গোপন পূর্ব্বক কিয়ৎ-ক্ষণ অবস্থান করিলে অসংশয় ধূর্ত্ত চকোর বঞ্চিত হইবে এবং আমিও ঐ অবকাশে তোমার প্রিয়সখীর স্নেহ শ্রবণ করিব, ইত্যাদি ছলপূর্ব্বক শৈলগহ্বরে প্রবেশ করাইয়া শ্রীকৃষ্ণ যথেচ্ছ ক্রীড়ায় রত হইলেন। ১০॥

অথ ব্যপদেশ।

ছল পূর্ব্বক কথনের নাম ব্যপদেশ। অর্থাৎ অন্য বর্ণন দ্বারা স্বাভিলাষ প্রকাশ করণ ১১

তন্মধ্যে শব্দোদ্ভব ব্যঙ্গ ব্যপদেশ যথা—

কোন যূথেশ্বরী আপনার বিপক্ষা কোন এক সখীকে শ্রীকৃষ্ণের প্রতি স্বীয় অভিযোগ করত আপনার উৎকর্ষ প্রকাশ পূর্ব্বক কহিলেন,

পুরঃ সুরতরঙ্গিণীং মধুরমত্তহংসস্বনাং।
মলীনসপয়োধরামপি মদান্ধ পদ্মিনিমাং

লোচনরোচনী টীকা।

নায়িকান্তরস্য চ তত্র গমনং ব্যজ্যতে নদীপক্ষে সুরতরঙ্গিণী গঙ্গা কর্ম্মনাশা নাম কাচিন্মগধদেশসমীপবাহিনী। যদ্যপ্যত্র শ্লেষোঽস্তি তথাপ্যসৌ ব্যাজময় এবেতি ব্যপ-

আনন্দচন্দ্রিকা টীকা।

মথী দর্শয়তি তদুপলক্ষিতত্বেন সর্ব্বং ব্রজস্থং স্ত্রীমণ্ডলমিত্যর্থঃ ত্বয়া ত্বং ন শোচামি যতঃ ত্বয়া স্বেচ্ছয়ৈব স্ত্রীবধো গৃহ্যত এব আত্মনঞ্চ ন শোচামি যতোঽহং তাং সুখয়িষ্যামে বেতি ভাবঃ॥

তদ্দূত্যং তস্যাঃ সখ্যা দূত্যং উভয়ো র্নায়িকানায়কয়োর্নিষ্ঠয়োরিত্যর্থঃ ৩৪

তুঙ্গবিদ্যা শ্রীরাধামাহ এবমগ্রেপ্যবতারিকা জ্ঞেয়া। শপেতি। সা ন খলিতু মিচ্ছা -

---

করেন, করুন, তাহাতে আমার শোক নাই, পরন্তু অতিশয় দুঃখের বিষয় এই যে, তাঁহার দৃষ্টি ব্যতীত এই সমস্ত জগৎ নেত্র হীন হইয়া পড়িবে অতএব যত শীঘ্র পার গমন করিয়া প্রিয়সখীর জীবন রক্ষা কর

উল্লিখিত সখীদূত্য নায়ক ও নায়িকা উভয়নিষ্ঠ প্রযুক্ত বাক্য এবং ব্যঙ্গ্য ভেদে দুই প্রকার অর্থাৎ বাচ্যদূত্য ও ব্যঙ্গ্যদূত্য। ৩৪॥

তন্মধ্যে কৃষ্ণপ্রিয়ায় বাচ্যদূত্য যথা—

তুঙ্গবিদ্যা শ্রীরাধাকে কহিলেন, সখি! তোমাদের নবা সঙ্গতি যে অনুভব করে নাই তাহার জীবনের প্রয়োজন কি। বরং মৃত্যুই ভাল, হে প্রণয়িনি! তুমি আমাকে শাপ দাও বা প্রহারই কর, অথবা তর্জ্জন গর্জ্জনই কর, কিম্বা নিক্ষেপ অথবা বাহির করিয়াই দাও, আমি সত্য

ন সা শশিভূ যা ন বামনুভবেন্নবাং সঙ্গতিং ৩৫

ব্যঙ্গ্যং যথ —

সখি তর্কিতাসি কামিতকৃষ্ণাগুরুসৌরভা ত্বমিহ।
ভবদভিমতার্থবিধয়ে নৈগমসবিধং গমিষ্যামি।

লোচনরোচনী টীকা।

প্রথমপক্ষে কামিতকৃষ্ণাগুরুসৌরভেত্যেকং পদং। দ্বিতীয়ে কামিতকৃষ্ণেতি গুরু সৌরভেতি পদদ্বয়ং নৈগমো বণিক্ নাগরশ্চ। তত্র দ্বিতীয়ে নাগরে বিদগ্ধসামান্যবাচ্যপি তৎকামিতত্বেন প্রস্তুতত্বাৎ শ্রীকৃষ্ণমেব বোধয়তি ৩৬

আনন্দচন্দ্রিকা টীকা

মিত্যর্থঃ যা বাং যুবয়ো র্নবাং নিত্যানূতনাং সঙ্গতিং ৩৫ .

কামিতং কৃষ্ণাগুরোঃ সৌরভং যয়া। পক্ষে কামিতকৃষ্ণা অগুরুসৌরভেতি পদদ্বয়ং। নৈগমো বণিক্ নাগরশ্চ নৈগমঃ স্যাদ্বণিগ্বিষয়ভিজ্ঞোনাগরেঽপি চেতি বিশ্বঃ সচাত্র প্রত্যাশক্যা শ্রীকৃষ্ণ এব সবিধং নিকটং

বলিতেছি, তোমাদের এই অভিনব সঙ্গতির আগ্রহ হইতে কদাচ আমার চিত্ত ক্ষান্ত হইতেছে না অতএব আমি হরি উপাসনা করিবার নিমিত্ত গমন করিতেছি ॥ ৩৫ ।

কৃষ্ণপ্রিয়ায় ব্যঙ্গ্যদূত্য যথা—

কোন এক সখী শ্রীমতীকে সন্দর্শন করিয়া কহিলেন, সুন্দরি! তোমাকে অবলোকন করিয়া আমার মনে এরূপ বিতর্ক হইতেছে, তুমি যেন কৃষ্ণাগুরু সৌরভ কামনা করিতেছ? অতএব তোমার অভিমত অর্থ সাধনার্থ নৈগম (বণিক্) সমীপে গমন করিব ॥

ব্যঙ্গ্যার্থ এই যে, কামিতকৃষ্ণাগুরুসৌরভা এই পদে তুমি অগুরু সৌরভ-শালিনী হইয়া শ্রীকৃষ্ণকে কামনা করিতেছ, দ্বিতীয় পক্ষে কৃষ্ণবর্ণ অগুরুর সৌরভ কামনা করিতেছ। নৈগম শব্দের অর্থ নাগর এবং বণিক্ ॥

পক্ষান্তরের অর্থ এই যে, সখি! তোমাকে দেখিয়া আমার মনে এরূপ বিতর্ক হইতেছে, তুমি যেন অগুরুসৌরভশালিনী হইয়া শ্রীকৃষ্ণের

যথা বা—

ত্বমসি কিমিব বালে ব্যাকুলা তৃষ্ণয়োচ্চৈঃ
শৃণু হিতমবিলম্বাং তত্র যাত্রাং বিধেহি।
বিলসদমলরাগঃ পূর্ব্বশৈলস্য তিষ্ঠন্
বিধুরুপরি চকোরি ত্বৎ প্রতীক্ষাং করোতি ৩৬।

অথ কৃষ্ণে বাচ্যং

আনন্দচন্দ্রিকা টীকা

*শব্দশক্ত্যুত্থং ব্যঙ্গ্যমুদাহৃত্য অর্থশক্ত্যুত্থং বক্তুমাহ যথাবেতি পূর্ব্বশৈলস্যোপরি অত্র বিধুং দদৃষ্ট্বা শব্দশক্ত্যুত্থং ব্যঙ্গ্যমিদমিতি ন সম্ভাবনীয়ং চকোরীতি সম্বোধনপদবশাদতি-শয়োক্ত্যৈব চন্দ্রপদেনাপি ব্যঙ্গ্যসিদ্ধেঃ নাপি রাগশালকস্য পরিবৃত্ত্যসহত্বে তৎত্বং বাচ্যং ভূম্না ব্যপদেশা ভবন্তীতি ন্যায়েনৈকস্য পদাংশমাত্রস্য পরিবৃত্ত্যসহত্বে তদ্ব্যপদেশাযুক্তেঃ॥ ৩৬॥

প্রতি কামনা করিতেছ, অতএব তোমার অভিমত অর্থ সাধনার্থ আমি সেই নাগর সমীপে গমন করিব

অথ ব্যঙ্গ্য দূত্য যথা—

এক দিবস শ্রীমতী কৃষ্ণসঙ্গার্থ উৎকণ্ঠিতা হইলে কোন এক সখী শীঘ্র অভিসারার্থ ছলপূর্ব্বক কহিল, হে বালে! হে চকোরি! তুমি কি গুরু পিপাসা বশতঃ অতি ব্যাকুল হইয়াছ? আমি হিতোপদেশ করি শ্রবণ কর, ঐ দেখ পূর্ব্ব (উদয়) শৈলোপরি বিমল রাগশালী বিধু উদিত হইয়া চকোরীর প্রতীক্ষা করিতেছেন অতএব শীঘ্র তৎ-সমীপে প্রস্থান কর অবশ্যই তৃষ্ণার উপশম হইবে॥

অর্থোদ্ভব ব্যঙ্গ্য দূত্য এই যে,—

সখী কহিল, প্রিয়সখি! পূর্ব্বপার্শ্বস্থ গোবর্দ্ধনোপরি শ্রীকৃষ্ণ আরো-হণ পূর্ব্বক তোমাতে অনুরক্ত হইয়া স্বদীয় আগমন প্রতীক্ষা করিতে-ছেন অতএব শীঘ্র অভিসার কর আর বিলম্ব করিও না॥ ৩৬॥

শ্রীকৃষ্ণের প্রতি বাচ্যদূত্য যথা—

তয়াস্মি কৃষ্ণ প্রহিতা তবাগ্রে
সৌন্দর্য্যসারোজ্জ্বলয়া ত্রিলোক্যাং।
অভূতপূর্ব্বাং রচয়ন্ বিধির্যাং
স্বস্যাপি বিস্মাপকতাময়াসীৎ॥

অথ ব্যাজ্যং॥

তৎপ্রিয়ায়াঃ পুরঃ পশ্চাৎ কৃষ্ণে ব্যাজ্যং দ্বিধা ভবেৎ

লোচনরোচনী টীকা।

তয়াস্মীত্যত্র তদভিলষিত-বিশেষরূপং বিলক্ষিতং সৌন্দর্য্যোত্যাদিনা ব্যাজ্যমেব জাতমিতি ন সাক্ষাদুক্তং। তথাপি তৎপ্রহিতেত্যুক্তাংশেন বাচ্যং জাতমিতি বাচ্যেনোদাহৃতং। স্বস্যেতি স্বয়ং স্বমপি বিস্মাপয়ামাসেত্যর্থঃ ৩৭।

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীবিশাখা প্রাহ তয়েতি। স্বস্যাপি অন্যস্য বিস্মাপকেঽহমিতি কিং বক্তব্যং। স্বস্যাপি স্বমপি স্বয়ং বিস্মাপয়ামাস নহীদৃশী শক্তিঃ কুতোঽস্মদ্বয়দেবসরচয়মিতি বিস্মিতোঽভূদিত্যর্থঃ। তেন তাং সংভূয়ৈব ত্বং স্বজন্মা সফলয়েতি ব্যাজ্যমেবেদং তথাপি তয়াস্মি প্রহিতা

বিশাখা শ্রীকৃষ্ণ সমীপে গমন পূর্ব্বক কহিলেন, ব্রজসুন্দর! শ্রীমতীর সৌন্দর্য্যের কথা আর কি বলিব ত্রিভুবন মধ্যে তাঁহার তুল্য রূপবতী আর দৃষ্ট হয় না, তদীয় উজ্জ্বল সৌন্দর্য্যেই এই বিশ্বপ্রকাশিত হইতেছে। অধিক কি বিধাতাও যাঁহাকে অভূতপূর্ব্ব রচনা করিয়া স্বয়ং বিস্ময়াপন্ন হইয়াছিলেন অর্থাৎ বিধাতা যখন তাঁহাকে নির্ম্মাণ করিয়া অবলোকন করেন তখন তাঁহার মনে এরূপ বিস্ময় জন্মিয়াছিল যে, অহো! আমার কি বিচিত্র শক্তি, কি প্রকারে এরূপ রূপবতী সৃজন করিলাম, এই বলিয়া বিস্ময়প্রকাশ পূর্ব্বক মুগ্ধ হইয়াছিলেন। হে কৃষ্ণ! তথাপি সেই রাধা আমাকে তোমার সমীপে প্রেরণ করিলেন, তুমি তদঙ্গ সঙ্গ লাভ করত আপনার জন্ম সফল কর॥

অথ ব্যাজ্য

প্রেয়সীবর্গের অগ্র পশ্চাৎ ভেদে শ্রীকৃষ্ণের প্রতি ব্যাজ্য দুই প্রকার হয়, ঐ দুই আবার সাক্ষাৎ এবং ব্যপদেশ ভেদে দ্বিবিধ। সাকল্যে

তৎ সাক্ষাদ্ব্যপদেশাভ্যাং দ্বিবিধঞ্চ দ্বিধোদিতং ॥ ৩৭ ॥
তত্র তৎপ্রিয়ায়াঃ পুরঃ কৃষ্ণে সাক্ষাৎ ব্যঙ্গ্যং যথা—
মাধব কলাপিনীয়ং ন সন্নিধমায়াতি মেদুরারাধা।
নিজপাণিনা তদেনাং প্রসীদ তূর্ণং গৃহাণাদ্য ৩৮।

লোচনরোচনী টীকা

কলাপিনী বর্হিণী পক্ষে ভূষণবতী। কলাপো ভূষণে বর্হ ইত্যমরনানার্থাৎ মে ময়া দুরারাধা কৃচ্ছ্রেণারাধ্যা সম্বন্ধবিবক্ষয়া কর্তরি ষষ্ঠী তৃতীয়ার্থগব্যয়বা পক্ষে মেদুরা স্নিগ্ধা ৩৮।

আনন্দচন্দ্রিকা টীকা

ইত্যনেন দূত্যাং বাচ্যমেব জাতমিতি বাচ্যত্রয়েদমুদাহৃতং। শ্রীকৃষ্ণাগ্রে নায়িকা দূত্যাশ্চ সখী-কৃত্যাশ্চ সর্ব্বথা বাচ্যত্বে বৈদগ্ধ্যাসিন্ধোরসৌরম্যং স্যাৎ ॥ ৩৭

বিশাখাহ মাধবেতি। কলাপিনী ময়ূরী পক্ষে ভূষণবতী কলাপো ভূষণে বর্হে ইত্যমরঃ মে মম সমীপং নায়াতি যতো দুরারাধা ন বশ্যা ইত্যর্থঃ। পক্ষে মেদুরা স্নিগ্ধা ৩৮

ব্যঙ্গ্য সংখ্যা চারি প্রকার। অর্থাৎ কৃষ্ণপ্রিয়ার অগ্রে কৃষ্ণের প্রতি সাক্ষাৎ ব্যঙ্গ্য। ১। কৃষ্ণপ্রিয়ার অগ্রে কৃষ্ণের প্রতি ব্যপদেশ ব্যঙ্গ্য। ২। কৃষ্ণপ্রিয়ার পশ্চাৎ অর্থাৎ অসাক্ষাতে শ্রীকৃষ্ণে সাক্ষাৎ ব্যঙ্গ্য। ৩। এবং কৃষ্ণপ্রিয়ার পশ্চাৎ শ্রীকৃষ্ণে ব্যপদেশ ব্যঙ্গ্য। ৪ ৩৭

তন্মধ্যে কৃষ্ণপ্রিয়ার অগ্রে শ্রীকৃষ্ণের প্রতি সাক্ষাৎ ব্যঙ্গ্য যথা—

এক দিবস বিশাখা শ্রীরাধাকে অবলোকন করাইয়া কহিলেন, হে নবঘনাকৃতে! এই কলাপিনী (ময়ূরী) আমার সমীপে আসিতেছে না, কোন ক্রমেই উহারে বশীভূত করিতে পারিলাম না, অতএব হে মাধব! আমার প্রতি প্রসন্ন হইয়া স্বীয় করদ্বারা অদ্যই উহাকে ধারণ কর।

ব্যঙ্গ্য এই যে, কলাপিনী শব্দের অর্থ ময়ূরী এবং সালঙ্কৃতা স্ত্রী। মেদুরারাধা এই শব্দে আমার দুরারাধা অর্থাৎ অবশীভূতা, দ্বিতীয় পক্ষে মেদুরা (স্নিগ্ধ) এবং রাধা ॥

বিশাখা শ্রীরাধাকে দেখাইয়া কহিলেন, মাধব! এই ভুবিতাঙ্গী রাধা আমার সমীপে আসিতেছেন না ইনি অতিস্নিগ্ধা আমার প্রতি প্রসন্ন হইয়া শীঘ্র ইহাঁকে স্বহস্তে ধারণ কর? ॥ ৩৮ ॥

যথাবা উদ্ধবসন্দেশে ॥

সন্তি স্ফীতা ব্রজযুবতয়স্তদ্বিনোদানুকূলা
রাগিণ্যগ্রে মম সহচরী ন ত্বয়া ঘট্টনীয়া।
দৃষ্ট্বাভ্যর্ণে শঠকুলগুরুং ত্বাং কটাক্ষার্দ্ধচন্দ্রান্
ভ্রূকোদণ্ডে ঘটয়তি জবাৎ পশ্য সংরম্ভিণীয়ং ৩৯।

লোচনরোচনী টীকা।

সন্তি স্ফীতা ব্রজযুবতয় ইতি পরিহাস এব। ন ঘট্টনীয়া ন ক্ষোভণীয়া নন্থ কুতঃ শঙ্কা তত্রাহ। ত্বামভ্যর্ণে দৃষ্ট্বা রাগিণী রক্তিমা যুক্ত সতী ভ্রূকোদণ্ডে কটাক্ষার্দ্ধচন্দ্রান্ জবাৎ জবং কৃত্বা ঘটয়তি কুত এবং তত্রাহ সংরম্ভিণী কোপাবেশবতী পশ্যেতি বাক্যার্থকর্ম্মকং নন্থ হর্ষদানেনৈবাহং ক্ষোভয়ন্নস্মি নতুদ্বেগদানেনেতি কুতঃ কোপ ইত্যাশঙ্ক্য তং বিশিনষ্টি শঠকুলগুরুমিতি। অয়ঃ শাঠ্যমেব তবেতি ভাবঃ ৩৯

আনন্দচান্দ্রিকা টীকা।

শব্দমূলং ব্যঙ্গ্যমুদাহৃত্য পূর্ব্ববদর্থমূলমুদাহর্ত্তুমাহ যথাবেতি বিশাখা শ্রীকৃষ্ণমাহ গন্তীতি স্ফীতাঃ পীনাঙ্গ্যস্তব বিনোদানুকূলাঃ ক্রীড়াযোগ্যাঃ। ব্যঙ্গ্যপক্ষে ক্রীড়ায়ামনুকূলাঃ বামাশূন্যাঃ। রাগিণী সাৎসর্য্যবতী অনুরাগিণী চ রাগোঽনুরাগে সাৎসর্য্যে ইতি বিশ্বঃ। ন ঘট্টনীয়া ন ছাদনীয়া। সংরম্ভিণী কোপনা তেনাস্যাস্থ যুবতিষু তব কামবিলাসো নির্ব্বিঘ্ন এব স্যাৎ মম সহচরীং ঘট্টয়সি চেৎ কামসংগ্রামো ভাবী যদীয়ং কন্দর্পশাস্ত্রাস্ত্রেষু মহাপ্রবীণা ত্বয়া পরমবীরেণাপীয়ং দুর্জ্জয়েবেতি জানীহি ইতি ভাবঃ অত্রাপি রাগিণী পদদৃষ্টৈব ন শব্দমূলত্বং বাচ্যং তদ্বিনাপি ব্যঙ্গ্যসিদ্ধেঃ ॥ ৩৯

যথা বা উদ্ধবসন্দেশে।

শব্দ মূল ব্যঙ্গ্য উদাহরণানন্তর অর্থ মূল ব্যঙ্গ্য এই যে, বিশাখা কহিলেন, মাধব! ব্রজমধ্যে বহু বহু পীনাঙ্গী যুবতী আছে তাহারা তোমার ক্রীড়ানুকূপা, সেই সকলেই স্বদীয় বিলাস স্নিগ্ধ হইবে অতএব মদগ্রবর্ত্তিনী এই কোপনা সহচরীকে ক্ষুব্ধা করিও না, ইনি অতি মৎসরস্বভাবা অর্থাৎ অন্যের শুভবিষয়ে দ্বেষ করিয়া থাকেন, সমীপবর্ত্তি তোমাকে শঠকুলের গুরুরূপে নিশ্চয় করত আপনার ভ্রূধনুতে কটাক্ষ স্বরূপ অর্দ্ধচন্দ্র শর সকল সংযোজন করিতেছেন, বোধ হয় ইনি কোন কারণ বশতই তোমার প্রতি কুপিতা হইয়া থাকিবেন ॥

ব্যপদেশেন যথা—

ধবমুপেক্ষ্য কঠোরমিয়ং পুরঃ
পরিমলোল্লসিতা কিল মাধবী।
শ্রয়িতুমুৎকলিকাবলিতাদ্ভুতং
ননু ভবন্তমুপৈতি হলিপ্রিয়　৪০

লোচনরোচনী টীকা

ধবং পতিং পক্ষে বৃক্ষবিশেষং। মাধবী বাসন্তী পক্ষে বশীকৃতস্বকান্তা　উৎকলিকা উৎকৃষ্টকলিকা পক্ষে উৎকণ্ঠা　হলিপ্রিয় হে বলদেবপ্রিয়　পক্ষে হে কদম্ব　৪০

আনন্দচন্দ্রিকা টীকা

বিশাখা আহ ধবং তন্নাম বৃক্ষং পতিঞ্চ　মাধবী বাসন্তী বশীকৃতস্বকান্তা চ। উৎকলিকা উৎকৃষ্টা কলিকা উৎকণ্ঠা চ তয়া বলিতা যুক্তা। হলিপ্রিয় হে কদম্ববৃক্ষ পক্ষে হে বলদেবপ্রিয়　৪০ ॥

উক্ত উদাহরণের অর্থ মূল ব্যঙ্গ্য এই যে, বিশাখা কহিলেন, কৃষ্ণ! গোকুলমধ্যে বহু বহু স্থূলাঙ্গী যুবতী আছে তাহারা তোমার ক্রীড়ানুকূলা অর্থাৎ তাঁহাদের বাগ্য বৈদগ্ধ্যাদি কিঞ্চিন্মাত্রও নাই সুতরাং সেই সকলে নির্ব্বিঘ্নে তোমার বিলাস সিদ্ধি হইবে, আর এই মদগর্ব্বিনী সহচরীকে বিচলতা করিও না, ইনি অতিকোপনা, যদি তুমি ইহাঁকে ক্ষুভিতা কর নিশ্চয়ই কামসংগ্রাম সমুপস্থিত হইবে, কারণ ইনি কন্দর্প, শাস্ত্র ও অস্ত্রসমূহে প্রবীণা, তুমি মহাবীর হইলেও কদাচ ইহাঁকে জয় করিতে পারিবে না ॥ ৩৯।

ব্যপদেশ ব্যঙ্গ্য যথা—

অর্থাৎ ছলপূর্ব্বক অন্য বস্তু লক্ষ্য করিয়া স্বগত ভাব প্রকাশ ॥

বিশাখা কহিলেন, হে হলধরপ্রিয়! (কদম্ব) এই মাধবী (বাসন্তী লতা) ত্বদীয় পরিমলে উল্লসিতা হইয়া প্রকৃষ্ট কলিকা সকল বহন করিতেছে এবং কঠোর ধব (বৃক্ষ বিশেষ) পরিত্যাগ পূর্ব্বক তোমারই আশ্রয় লইতে আসিতেছে

উক্ত উদাহরণে ব্যপদেশ ব্যঙ্গ্য এই যে, ধব শব্দে বৃক্ষ বিশেষ এবং

তৎ প্রিয়ায়াঃ পশ্চাৎ সাক্ষাৎ ব্যঙ্গ্যং যথা—

স্ফুরৎ সুরমণিপ্রভঃ সুরমণীঘটাসেবিতাং
সদাভিমতসৌরভঃ প্রকটসৌরভোদ্ভাসিনীং।
মুকুন্দ মুদিরচ্ছবি র্নবতড়িচ্ছ্রিয়ং তামসৌ
ভবানপি ন চম্পাকাবলিমৃতে কিল ভ্রাজতে ॥ ৪১ ।

লোচনরোচনী টীকা

চম্পকাবলিং তন্নায়ীং বিনা ভবানপি ন বিরাজতে তস্মা হি ত্বয়ি তাদৃশতায়াং যোগ্যতা-স্তীতি শ্লেষোঽহ স্ফুরতঃ সুরমণেঃ কৌস্তভস্য প্রভা যত্র সঃ। সৌরভং সুরভীগমূহঃ। দ্বিতীয়ং তৎসৌগন্ধং পুনস্তেনাপি যোগ্যতামাহ মুদিরেতি ৪১

আনন্দচন্দ্রিকা টীকা

চম্পকবল্যাঃ সখী প্রাহ স্ফুরদিতি স্ফুরতঃ সুরমণেঃ কৌস্তভস্য প্রভা যত্র সঃ শোভ-নানাং রমণী নাং ঘটয় শ্রাধিতাং স্তুতাং অভিমতং সৌরভং সুরভীগমূহো যত্র সঃ চম্পকা-বলিমৃতে ইতি তস্যাস্তব চ নিরূপণগাম ত্তা। সাহিত্যেনৈব তব স্থিতিরুচিতেতি ভাবঃ ৪১

পতি। মাধবী শব্দে মাধবী লতা এবং বশীকৃত কান্তা, উৎকলিকা শব্দে উৎকৃষ্ট কলিকা এবং উৎকণ্ঠিতা, আর হলিপ্রিয়ে হে কদম্ব বৃক্ষ! এবং হলধরপ্রিয়া অর্থাৎ বলদেবপ্রিয়া কৃষ্ণ।

প্রকারান্তর ব্যাখ্যা এই যে, বিশাখা কহিলেন, হে হলধরপ্রিয়া! এই মাধবী তোমার পরিমলে অতিশয় উল্লাসপ্রাপ্ত হইয়া আপনার নিষ্ঠুর পতি পরিত্যাগ করিয়াছে এবং অতীব উৎকণ্ঠ চিত্তে তোমারই আশ্রয় লইতে আসিতেছে ৪০

কৃষ্ণপ্রিয়ার পশ্চাৎ (পরোক্ষে) শ্রীকৃষ্ণে সাক্ষাৎ ব্যঙ্গ্য যথা—

চম্পকাবলির কোন সখী শ্রীকৃষ্ণের সম্মুখে আসিয়া কহিল, মুকুন্দ! এই সকল ব্রজাঙ্গনাগণ মধ্যে একা চম্পকাবলিই তোমার অনুরূপা, কারণ তুমি যেমন দীপ্যমান সুরমণির (কৌস্তভের) প্রভাশালী, তিনিও তেমনি সুরমণী (পদ্মিনী) বৃন্দের সেবনীয়া, তুমি যেমন সুরভীগণ পরিবৃত, তিনিও তেমনি সৌরভবতী॥ তোমার নবজলধর

ব্যপদেশেন ব্যঙ্গ্যং যথা—

শৈলস্তুঙ্গশিরা বিরাজতি সরস্তস্যোত্তরে বিস্তৃতং
তত্তীরে বনমুন্নতং তদুদরে হারী লতামণ্ডপঃ।
তস্য দ্বারি গভীরসৌরভভরৈরাহ্লাদয়ন্তী দিশঃ
ফুল্লা তে মধুসূদনাদ্য পদবীমালোকতে মালতী ॥ ৪২ ॥

লোচনরোচনী টীকা।

মালতী লতাবিশেষঃ পক্ষে তন্নায়ী কাচিৎ। ৪২ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

শৈলোঽত্র গোবর্দ্ধনঃ সরো রাধাকুণ্ডং হে মধুসূদন হে ভ্রমর পক্ষে কৃষ্ণ মালতী প্রসিদ্ধা পক্ষে অতিশয়োক্ত্যা শ্রীরাধা ॥ ৪২ ॥

কান্তি, তাঁহারও বিদ্যুত্তুল্য দ্যুতি, অধিক কি! চম্পকাবলি ব্যতিরেকে তোমারও শোভা প্রকাশ পায় না, অতএব হে মুররিপো! তোমাদের পরস্পর মিলন হওয়াই উচিত ॥ ৪১ ॥

ব্যপদেশ ব্যঙ্গ্য যথা—

ললিতা কহিলেন, হে মধুসূদন! (ভ্রমর) দেখিতেছ এই যে উচ্চ-শিরা শৈলরাজ বিরাজ করিতেছে, উহার উত্তরদিকে বিস্তৃত সরোবর আছে, ঐ সরোবরের তীরে উন্নত বন বিরাজমান, তাহার মধ্যবর্ত্তী মনোহর লতামণ্ডপের দ্বারে মালতী আপনার সৌরভ বিস্তার পূর্ব্বক তদীয় বর্ত্ম নিরীক্ষণ করিতেছে, অতএব শীঘ্র ঐ স্থানে গমন কর।

ছলপূর্ব্বক ব্যঙ্গ্য এই যে, মধুসূদন শব্দের অর্থ ভ্রমর এবং শ্রীকৃষ্ণ, মালতী শব্দে বাসন্তীলতা এবং শ্রীরাধা ॥

ললিতার স্বগত ভাব এই যে, শ্রীকৃষ্ণকে কহিলেন, হে মধুসূদন! ঐ যে তুঙ্গ-শৃঙ্গ গোবর্দ্ধন দেখিতেছ, উহার উত্তরদিকে রাধাকুণ্ড আছে তাহার তটবর্ত্তী বনমধ্যে মনোহর লতামণ্ডপের দ্বারে অবস্থিতি পূর্ব্বক শ্রীমতী তোমার পথ-নিরীক্ষণ করিতেছেন, অতএব শীঘ্র অভিসার কর ॥

যথা নায়িকয়া দূত্যে বয়স্যায়া নিয়োজনং
কৃষ্ণায় ক্রিয়তে তস্য প্রকারোঽয়ং বিলিখ্যতে
নিয়োজনং ক্রিয়াসাধ্যং বাচিকঞ্চেতি তদ্দ্বিধা ৪২।
তত্র ক্রিয়াসাধ্যং
দিবি বীক্ষ্য নব স্মুদং তথাসৌ
পরিরম্ভোদ্যম মাততান তথী।
অপি কিঞ্চিদিহানুদীর্য্য বাচা
প্রজিঘায়াঘভিদে যথা বয়স্যাং। ৪৩॥

লোচনরোচনী টীকা

পরিরম্ভোদ্যমং নাট্যশাস্ত্রোক্তং লতুলযুতদনুকরণং। প্রজিঘায় প্রহিতবতী॥ ৪৩।

আনন্দচন্দ্রিকা টীকা

নান্দী পৌর্ণমাসীমাহ দিবীতি অসৌ শ্রীরাধা পরিরম্ভোদ্যমং বাহুদ্বয়প্রসারণেন তদনুকরণং। বাচা অনুদীর্য্য অনুক্ত্বাপি প্রজিঘায় প্রহিতবতী ৪৩

শ্রীকৃষ্ণের প্রতি নায়িকাগণ যেরূপে দূতী নিয়োগ করেন, তাহার প্রকার এই যে উল্লিখিত দূতী নিয়োগ করণ দুই প্রকার অর্থাৎ ক্রিয়াসাধ্য এবং বাচিক॥ ৪২।

ক্রিয়াসাধ্য দূতী নিয়োগ যথা—

অর্থাৎ উৎকণ্ঠাদি ক্রিয়া অবলোকন করিয়া দূতী স্বয়ং গমন করে॥

নান্দী পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! অদ্য কৃশাঙ্গী রাধা গগনমণ্ডলে নব স্মুদ দেখিয়া এমত রূপে বাহু প্রসারণ করিয়া আলিঙ্গনে উদ্যতা হইলেন যে, বাক্যদ্বারা নিয়োগ না করিলেও সহচরী স্বয়ং অঘভিদ্‌সমীপে যাইতে পারে। অর্থাৎ শ্রীরাধা কোন আজ্ঞা করেন নাই কিন্তু তাঁহার বাহুক্রিয়া অবলোকন করিয়া দূতী স্বেচ্ছা পূর্ব্বক স্বয়ং শ্রীকৃষ্ণ-সমীপে গমন করিল॥ ৪৩॥

যথা বা ॥

মুহুরপি বিধুরান্তর্বেণুমাকর্ণ্য মুগ্ধা
স্বয়মিহ ন বয়স্যাং মাধবায় ন্যযুঙ্ক্ত।
অপিতু বিষদমস্যাঃ স্বেদশালিন্যরুদ্ধা
তনুমনু বিকশন্তী কণ্টকশ্রেণিরেব

লোচনরোচনী টীকা।

অরুদ্ধা রোদ্ধুমশক্যেত্যর্থঃ　　°রাগোরসোঢ়ে ইত্যত্র অসোঢ়ঃ সোঢ়ুমশক্য ইতিবৎ। কণ্টকাঃ পুলকাঃ　৪৪।

আনন্দচন্দ্রিকা টীকা।

ক্রিয়াসাধ্যমিতি　ক্রিয়াহ্যুৎকণ্ঠ কার্য্যজ্ঞাপনরূপ।। তৎকার্য্যঞ্চ দ্বিবিধং অনুভাবরূপং সাত্ত্বিকরূপঞ্চ। পূর্ব্বমুদাহৃতং উত্তরমুদাহর্ত্তুমাহ যথাবেতি। মুগ্ধা নববয়াঃ সখীং প্রতি স্পষ্টং বক্তুমসমর্থেতি ভাবঃ　অরুদ্ধা কিঞ্চিদুত্রোদ্ঘটনেনাচ্ছাদিতা সখী মে কণ্টকশ্রেণিং পশ্যতু যৎ। মদোৎসুক্যজ্ঞানেন শ্রীকৃষ্ণমানয়েদিতি অবোধনমেবাত্র নিযোজনসাধনং জ্ঞেয়ং। স্বেদশালিনী প্রস্বেদযুক্তা কণ্টকাঃ পুলকাঃ

ক্রিয়াসাধ্য দুই প্রকার, অনুভব এবং সাত্ত্বিক। পূর্ব্বোদাহরণে অনুভব প্রদর্শন করাইয়া সাত্ত্বিকের উদাহরণ করিতেছেন ॥

যথা বা ॥

এক দিবস শ্রীরাধা শ্রীকৃষ্ণের মুরলীরব শ্রবণ করিয়া অত্যন্ত ব্যথিত হৃদয়া হইতে ছিলেন, এতন্নিবন্ধন তাঁহার অঙ্গ হইতে স্বেদোদ্গম হইতে লাগিল কিন্তু তিনি মুগ্ধা প্রযুক্ত মাধবের প্রতি স্বয়ং সখী নিয়োগ না করিয়া আপনার স্বেদশালিনী তনু যাহা কণ্টকশ্রেণীর ন্যায় আকার ধারণ করিয়াছিল, তাহা স্বীয় সখীকে প্রদর্শন করাইলেন অর্থাৎ ঐ তনুই যেন সখীকে দৌত্য কার্য্যে নিযুক্ত করিল ॥

অর্থাৎ পূর্ব্বরাগাবস্থায় শ্রীকৃষ্ণের মুরলীরব শ্রবণ করিয়া শ্রীরাধার অঙ্গ হইতে ঘর্ম্মোদ্গম হইতে ছিল কিন্তু অল্পবয়াঃ প্রযুক্ত লজ্জা বশতঃ স্বয়ং, সখীকে কিছু বলিতে না পারিয়া আপনার স্বেদশালিনী পুলকাকুল কলেবর হইতে কিঞ্চিৎ বসন উদ্ঘাটন পূর্ব্বক কিয়দংশ আচ্ছাদন করিলেন। এতদ্দ্বারা এই অভিপ্রায় প্রকাশ করা হইল যে,

অথ বাচিকং ॥

বাচ্যং ব্যঙ্গ্যমিতি প্রোক্তং পূর্ব্ববদ্বাচিকং দ্বিধা ।

তত্র বাচ্যং যথা—

ত্বমসি মদসবো বহিশ্চরস্তু-
স্ত্বয়ি মহতী পটুতা বাগ্মিতা চ ।

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধা বিশাখামাহ ত্বমসীতি। অসবঃ প্রাণাঃ। অতএব ত্বয়ি বিশ্বসিষীতি ভাবঃ। পটুতা চাতুর্যং বাগ্মিতা বাবদূকতা তেচৈবং জ্ঞেয়ে ত্বয়া পুষ্পাবচয়নমিষেণ বনং ভ্রমন্ত্যা-স্তস্য নিকটএব তমদৃষ্টবত্যৈব তং শ্রাবয়িত্বা স্বসখীভিঃ সহ কথোপকথাসু বধূজনপ্রসঙ্গে সর্ব্বাভ্যঃ সকাশাদপি মদ্রূপগুণপ্রেমাদয় আধিক্যেন বর্ণনীয়াঃ। ততশ্চ তেনাগত্য ত্বন্নি-কটে এবং বক্তব্যং সখি কামেবমদ্ভুতমাধুর্য্যাং বর্ণয়সীতি। ততশ্চ ত্বয়া সাশঙ্কং সসম্ভ্রমং বক্তব্যং ন কাপীতি সখি মা ভৈষীঃ কোঽত্র দোষো ন ভবিষ্যতিযামবোচস্তাং পরিচায়য়া-মীতি মাধব তয়া জ্ঞাতয়া তব কিং কার্য্যমিতি সখি অস্তি মহদেব রহস্যং কার্য্যমিতি মাধব ইতোঽপসর তস্যাস্তবচ মহদেব বৈসাদৃশ্যং স্বভাব বৈজাত্যাৎ অতস্তব তয়া ন কিমপি কার্য্য-মিতি সখি কিং তৎ স্বভাববৈজাত্যং ব্রূহীতি। মাধব ত্বং স্ত্রীলম্পটঃ সা পতিব্রতা ত্বং চঞ্চলঃ সা পরমধীরা ত্বং ধর্ম্মকর্ম্মহীনঃ সা দেবপূজাপরা। ত্বং অশুচিঃ সা ত্রিযবস্নানপরা ধৌত-বস্ত্রালঙ্কারবতীতি সখি অহমপি ব্রহ্মচারীত্যত্র দুর্ব্বাসামুনিরেব প্রমাণং অহং চঞ্চল ইত্যত্র সপ্তদিনপর্য্যন্তমেকহস্তেন গোবর্দ্ধনধারণমেব প্রমাণং। অহং সাম্প্রতং পিত্রাজ্ঞয়া শ্রীভাগুরে-ওঁরুদেবাল্লব্ধবিষ্ণুমন্ত্রদীক্ষাক ইত্যত্র গার্গী-নান্দীমুখী-পৌর্ণমাস্য এব প্রষ্টব্যাঃ। অহং শুচিঃ

সখী যদি আমার কণ্টকিত তনু নিরীক্ষণ করে, তবেই আমার উৎকণ্ঠা জানিয়া শীঘ্র মুরহরকে আনয়ন করিবে

উক্ত উদাহরণে স্বেদোদ্গমই সাত্ত্বিক ॥

অথ বাচিক ॥

বাচ্য এবং ব্যঙ্গ্য ভেদে, বাচিকও পূর্ব্বের ন্যায় দুই প্রকার হয় ॥

তন্মধ্যে বাচিকবাচ্য যথা—

শ্রীরাধা বিশাখার প্রতি কহিলেন, সহচরি ! তুমি আমার বহিশ্চর প্রাণস্বরূপা, তোমাতে মহতী পটুতা এবং বাগ্মিতা (বাচালতা)

লঘুরপি লঘিমা ন মে যথা স্যা-
ন্ময়ি সখি রঞ্জয় মাধবং তথাদ্য ।

আনন্দচন্দ্রিকা টীকা।

সাক্ষাদ্মূর্ত্ত এবাসি ত্বদনুভব এব প্রমাণমিতি মাধব তদপি ত্বং পুরুষজাতিঃ সা কুলজা ন ত্বাং দ্রক্ষ্যতীতি। সখি সা মাং মা পশ্যতু অহন্তু তাং পরমধর্ম্মবতীং দূরাদপি দৃষ্ট্বা কৃতার্থীবুভূষা-মীতি মাধব কস্তত্রোপায় ইতি। সখি অত্রৈব গোবর্দ্ধনকন্দরামন্দিরে অদ্যৈব ময়া একা সূর্য্য-দেবমূর্ত্তিঃ স্থাপনীয়া স্বহস্তেন মন্দিরলেপনাদিকমপি কৃত্বা দূরে স্থাস্যামি। ত্বয়া অদৃষ্টচরস্য দেবস্য দর্শনপূজনাদ্যর্থং সাত্র আনেতব্যা ততশ্চ তস্যাঃ পূজার্থমত্রোপবিষ্টায়াঃ পৃষ্ঠদেশদর্শনে-নাপি কৃতার্থীভবিষ্যামি যদিচ তব কৃপয়া সম্মতির্ভাবিনী তদা অলক্ষিতমাগত্য শনৈঃ পাদ-পীঠঞ্চ প্রষ্টব্যা ইতি। মাধব অত্র কমপ্যুৎকোচং দাস্যসীতি। সখি আত্মানমেব তব হস্তে বিক্রেষ্যামি উৎকোচস্য কা বার্ত্তেতি। মাধব সমাশ্বসিহি মনোরথমিমং তে সম্পাদয়িষ্যামি ইত্যুক্ত্বা আগতা মাং তত্র নয়েতি শ্রীরাধায়া মনোগত এবোপদেশঃ স্বসখ্যৈ বিশাখায়ৈ জ্ঞেয় ইতি ৪৪

উভয়ই বিদ্যমান অতএব হে সখি! যাহাতে আমার লঘু অপেক্ষাও লঘুতা না হয় এরূপ করিয়া আজি আমাতে মাধবকে অনুরক্ত কর॥

উক্ত উদাহরণে বাচ্য ব্যঙ্গ্য এই যে,—শ্রীরাধা বিশাকে কহিলেন, প্রিয়সখি! তুমি আমার বহিশ্চর প্রাণ, একারণ তোমাকে আমি অতিশয় বিশ্বাস করি, অপর তোমাতে চাতুর্য্য ও বাক্‌পটুতাও বিদ্যমান অতএব আমার প্রার্থনা এই যে, তুমি পুষ্পচয়ন ছলে বনভ্রমণ করিতে করিতে শ্রীকৃষ্ণের নিকট গমন কর, কিন্তু তাঁহাকে অদৃষ্টের ন্যায় করিয়া অথচ তাঁহাকে শুনাইয়া শুনাইয়া স্বীয় সখীর সহিত কথোপ-কথন করিও, কিন্তু ঐ সকল কথাতে যেন অন্যান্য বধূজনের প্রসঙ্গে সর্ব্বাপেক্ষা আমার রূপ গুণ প্রেমাদির আধিক্য বর্ণন হয়, তাহা হই-লেই শ্রীকৃষ্ণ তোমার নিকট আগমন করিয়া জিজ্ঞাসা করিবেন, সখি! কাহাকে অদ্ভুত মাধুর্য্যবতী বলিয়া কীর্ত্তন করিতেছ, অনন্তর তুমি আশঙ্কা ও সম্ভ্রমপ্রকাশ পূর্ব্বক জিহ্বা দংশন করিয়া কহিবা, না আমি কাহারও বর্ণনা করি নাই শ্রীকৃষ্ণ কহিবেন, সখি! ভয় কি। বলিলে কোন দোষ হইবে না? আমাকে না বল কিন্তু আমি তাহার পরিচয়

হইয়াছি। অনন্তর তুমি কহিবা, মাধব! তাঁহার পরিচয়ে তোমার প্রয়োজন কি? এই বাক্য শুনিয়া তিনি কহিবেন, সখি! তাঁহার সহিত মহৎ রহস্য-কার্য্য আছে, তখন তুমি বলিবা, মাধব। অপসৃত হও, তুল্য স্বভাবের বৈজাত্য হেতুক তাঁহাতে ও তোমাতে অনেক বৈসাদৃশ্য দেখিতেছি, অতএব তাঁহার সহিত তোমার কোনই কার্য্য নাই এতচ্ছ্রবণে শ্রীকৃষ্ণ কহিবেন, সখি! স্বভাবের কি বৈজাত্য দেখিলে বল? তুমি তখন বলিও, মাধব! তুমি স্ত্রীলম্পট তিনি পতিব্রতা, তুমি চঞ্চল, তিনি অতিধীরা, তুমি ধর্ম্ম-কর্ম্ম-হীন, তিনি দেবপূজাদিরতা, তুমি অশুচি, তিনি ত্রিসন্ধ্যা-স্নান এবং ধৌতবস্ত্রালঙ্কারাদি পরিধান করেন। এই সকল শুনিয়া শ্রীকৃষ্ণ কহিবেন, বিশাখে! আমিও ব্রহ্মচারী, এ বিষয়ে দুর্ব্বাসা মুনিই প্রমাণ, তিনি গোপালতাপনীতে আমাকে ব্রহ্মচারী রূপে বর্ণন করিয়াছেন, আর তুমি যে, আমাকে চঞ্চল বলিলে ইহা কিরূপে সম্ভব হয়, আমি সপ্তাহ যাবৎ এক হস্তে গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিয়া অচঞ্চল ভাবে অবস্থিত ছিলাম। অপর আমি ধর্ম্ম-কর্ম্ম পরিত্যাগ করিয়াছি, ইহাই বা কি প্রকারে নিশ্চয় করিলে? আমি পিতৃ আজ্ঞায় শ্রীভাণ্ডরি গুরুদেবের নিকট হইতে বিষ্ণুমন্ত্র দীক্ষিত হইয়াছি, গার্গী, নন্দী কিম্বা পৌর্ণমাসীকে জিজ্ঞাসা করিয়া জানিতে পার, তাঁহারাই আমার ধার্ম্মিকত্বের প্রমাণ, অপর আমি অশুচি নহি, সাক্ষাৎ শুচি মূর্ত্তিমান্ হইয়া অবতীর্ণ হইয়াছি, এ বিষয়ে তোমার অনুভবই সুস্পষ্ট প্রমাণ, তদনন্তর হে সখি। তুমি কহিবা, মাধব! তথাচ তুমি পুরুষ জাতি, তিনি কুলজা কদাচ তোমাকে অবলোকন করিবেন না। এই কথা শুনিয়া শ্রীকৃষ্ণ কহিবেন, সখি! তিনি আমাকে না দেখুন কিন্তু আমি সেই ধর্ম্মবতীকে দূর হইতে অবলোকন করিয়া কৃতার্থ হইব। তখন তুমি কহিও, মাধব! দেখাইবার উপায় কি? শ্রীকৃষ্ণ বলিবেন, সখি। এই এক উপায় আছে, আমি গোবর্দ্ধনকন্দরে অদ্য একটী সূর্য্যমূর্ত্তি স্থাপন পূর্ব্বক স্বহস্তে মন্দির-

অথ ব্যঙ্গ্যং।

অত্র শব্দার্থমূলত্বাদ্ ব্যঙ্গ্যঞ্চ দ্বিবিধং ভবেৎ ॥ ৪৪

তত্র শব্দমূলং যথা—

ন হি শিক্ষিতুং বরকলাসু কৌশলং
গুণচাতুরীঞ্চ ন মৃগাক্ষি কাময়ে।
তমহং সমভ্যসিতুমেব সুভ্রুবাং
সখি কেশবন্ধনবিশেষমর্থয়ে ৪৫ ॥

লোচনরোচনী টীকা।

সমভ্যসিতুমনুশীলয়িতুং　　সুভ্রুবাং ধনবিশেষং কেশবমিতি তু ব্যঙ্গ্যং ৪৫

আনন্দচন্দ্রিকা টীকা।

সুভ্রুবাং কেশানাং বন্ধনবিশেষং বেণীকরণ্যাদিরূপ তারয়ন্তার্থঃ　　পক্ষে সুভ্রুবাং ধনবিশেষং কেশবং অভ্যাসিতুং অনুশীলয়িতুং অত্র কেশবপদস্য বিশেষ্যত্বাত্তস্যৈব ধনবিশেষত্বস্য তাৎ-

লেপনাদি করত দূরে অবস্থিতি করিব, তুমি সেই অদ্ভুত দেবতার দর্শন ও পূজনার্থ তাঁহাকে লইয়া আইস, পরে তিনি যখন ঐ দেবমন্দিরে পূজার্থ উপবিষ্টা হইবেন, আমি তখন তাঁহার পৃষ্ঠদেশ অবলোকন করিয়া কৃতার্থ হইব, অনন্তর তোমার যদি কৃপা এবং সম্মতি হয়, তাহা হইলে অলক্ষিতে ধীরে ধীরে আসিয়া একবারমাত্র তাঁহার পাদপীঠ স্পর্শ করিব। তৎপরে তুমি কহিবা, মাধব! উৎকোচ কি দিবা বল? তিনি কহিবেন, সখি! উৎকোচের কথা কি। আত্ম পর্য্যন্ত তোমার হস্তে বিক্রয় করিব, অনন্তর তুমি বলিও, মাধব! আশ্বস্ত হও, তোমার মনোরথ সম্পন্ন করিয়া দিতেছি এই বলিয়া আগমন করত আমাকে তথায় লইয়া যাইবা। এইরূপে শ্রীমতী আপন মনোরথ বিশাখার প্রতি উপদেশ করিলেন।　　অথ ব্যঙ্গ্য ॥

ব্যঙ্গ্য দুই প্রকার শব্দমূল ও অর্থমূল। ৪৪ ॥

তন্মধ্যে শব্দমূল যথা—

শ্রীরাধা বৃন্দাকে কহিলেন, হে মৃগাক্ষি! আমি প্রধান প্রধান কলা-কৌশল অথবা গুণ চাতুর্য্যাদি কিছুই শিক্ষা করিতে কামনা করি না।

যথা বা

পউমরাঅ-প্পমুহং রঅণং কামেই গোই মে হিঅআং।
কিন্তু সদাহীরবরং বাঞ্ছই হারাত্তবে কাতুং।

কৌ চ কৌ চ টীকা

ণ পউমেত্যাত্র. ন পদ্মরাগপ্রমুখং রত্নং কাময়তে গোপি মে হৃদয়ং কিন্তু সদাহীরবরং বাঞ্ছতি হারান্তরে কর্ত্তুমিতি বাচ্যং সদাভীরবরং শ্রীগোপ লমিতি তু বাচ্যং ৪৬

আনন্দচন্দ্রিকা টীকা

পর্য্যবিষয়ীভূতমাং তন্মাত্রপরিত্যাগসহত্বেঽপি শব্দশক্ত্যুদ্ভবনিবিশেষো নানুপপন্নঃ ৪৫

মুগ্ধায়া নিযোজনমুল্লঙ্ঘ্য প্রৌঢ়ায়া লক্ষ্মাহ যথা বেতি ণ পউমেতি ন পদ্মরাগপ্রমুখং রত্নং কাময়তে গোপি মে হৃদয়ং কিন্তু সদাহীরবরং বাঞ্ছতি হারান্তরে কর্ত্তুং হীরবরং হীরকশ্রেষ্ঠং ণক্ষে আভীরবরং শ্রীকৃষ্ণং ৪৬

পরন্তু কেবল সুন্দরীবৃন্দের কবরী প্রভৃতি নির্ম্মাণ বিশেষ অভ্যাসার্থ অভিলাষ করি॥

উক্ত উদাহরণের শব্দমূল ব্যঙ্গ্য এই যে, কেশবন্ধনং এই শব্দকে ভিন্ন করিলে কেশবং এবং ধনং। আর অভ্যাস শব্দের অর্থ অনুশীলন এবং অভ্যাস শ্রীরাধা কহিলেন, বৃন্দে! আমি অন্য কোন কলাকৌশল অথবা চাতুর্য্যাদি শিক্ষা করিতে ইচ্ছা করি না, সুজ্ঞগণের কেশবরূপি ধনকে অনুশীলন করিতে কামনা করি। ৪৫।

মুগ্ধার নিয়োগ করণ উদাহরণানন্তর প্রৌঢার উদাহরণ যথা বা—

কোন এক যূথেশ্বরী কোন গোপাঙ্গনাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, সুন্দরি! পদ্মরাগাদি মণি প্রভৃতি ধারণ করিতে আমার চিত্তে অভিলাষ হইতেছে না কিন্তু হীরকশ্রেষ্ঠকে হারমধ্যগত করিয়া সতত ধারণ করি এমত বাসনা হইতেছে।

উল্লিখিত উদাহরণের শব্দগত ব্যঙ্গ্য এই যে, সদাহীরবর এই শব্দটী ভিন্ন করিয়া সন্ধি বিচ্ছেদ করিলে, সদা এবং আহীরবর। সদার অর্থ সর্ব্বদা ও আহীরবরের অর্থ গোপশ্রেষ্ঠ কৃষ্ণ। অর্থাৎ হে সখি! সর্ব্বদা আহীরবরকে (শ্রীকৃষ্ণকে) হারমধ্যগত (বুকবুকি) করিয়া ধারণ করিতে ইচ্ছা হইতেছে॥

অর্থার্থমূলং।

আক্ষেপেণ স্বপত্যাদে র্গোবিন্দাদেঃ প্রশংসয়া।
বৈশিষ্টেনচ দেশাদেরর্থমূলমনেকধা। ৪৬॥

তত্র স্বপত্যাদ্যাক্ষেপেণ যথা—

বিধাতুর্দৌরাত্ম্যান্মহি বহতি ঘোরপ্রকৃতয়ে
রুচিং চেতঃ পত্যে হতবপুরিদং দীব্যতি রুচা।

লোচনরোচনী টীকা।

বিধাতুরিতি জাতপূর্ব্বানুরাগায়া কস্যাশ্চিদ্বচনং। তত্র বিধাতুর্দৌরাত্ম্যাদ্যোঘোর-প্রকৃতিঃ পতির্জাতস্তদর্থং চেতো রুচিং ন বহতীত্যেতাবত্যুক্তিঃ সখ্যা বিপ্রতিপত্তিং বিতর্ক্য সমাধাতুমেব বস্তুতস্তু পত্যে চেতো রুচিং ন বহতীত্যেতাবন্মাত্রং বিবক্ষিতং তদেতদুক্ত্বা বিধাতু র্দৌরাত্ম্যাদেবেত্যনুগময্য হতবপুরিত্যাদিকং যদুক্তং তত্তু বপুরযোগাত্তা যদি স্যাত্তদা নির্ব্বিদ্যাপি স্থাতুং শক্তা স্যাৎ তচ্চ বিপরীতং জাতমিতি বিবক্ষয়া। তত্রচ যমীতীরারণ্যমুদ্দে-

---

আনন্দচন্দ্রিকা টীকা।

পূর্ব্বরাগবতী শ্রীরাধা বিশাখামাহ বিধাতুরিতি ময়া কোঽপ রাধঃ কৃতো যদ্ঘোরপ্রকৃতিঃ পতির্ম্মহ্যং বিধাত্রা দত্ত ইতি তস্যৈব দৌরাত্ম্যমিতি তত্র চেতসোরুচ্যভাবে মম কো দোষঃ ইতি সখীপ্রত্যায়নৈব বস্তুতস্তু যদি সুন্দর প্রকৃতিরপি পতিরদাস্যৎ তদপি রুচির্নাভবিষ্যৎ মচ্চেতসঃ শ্রীকৃষ্ণৈকগ্রাহিত্বাদিত্যভ্যন্তরো বিচারঃ। নন্বু পত্যে রুচির্নোৎপদ্যতাং নাম তদপি কুলাঙ্গনয়া ত্বয়া অস্মিন্ পুরুষে রুচিস্তু ন কার্য্যৈব তত্রাহ হতবপুরিতি রুচা যৌবনোথ-কান্ত্যা দীব্যতি দিনে দিনে সখেলমেব ভবতীতি। তত্রৈতাদৃগ্‌যৌবনবতো বপুষ এব দোষো ন মচ্চেতস ইতি ভাবঃ। নন্বু তথাপি সুপ্রতিষ্ঠয়া ত্বয়া পরমলজ্জাবত্যা স্বধর্ম্মমবেক্ষ্য

অথ অর্থমূলব্যঙ্গ্য যথা—

অর্থমূল ব্যঙ্গ্য স্বীয় পতি প্রভৃতির প্রতি আক্ষেপ, গোবিন্দাদির প্রশংসা তথা দেশাদিবৈশিষ্ট্য নিমিত্ত বহু প্রকার হয়। ৪৬॥

তন্মধ্যে স্বীয় পত্যাদির প্রতি আক্ষেপ যথা—

পূর্ব্বরাগবতী শ্রীরাধা বিশাখাকে কহিলেন; সখি! বিধির বিড়ম্বনা বশতঃ মদীয় চিত্তে ঘোরপ্রকৃতি পতির প্রতি কোনক্রমে রুচি বহন করিতেছে না, কিন্তু পোড়া দেহ রুচি (যৌবন) শীল হইয়া দিন দিন

ভজৎ কক্ষাগর্ভক্রোর্বিষমমিদমুগ্রং প্রহরতে
যমীতীরারণ্যং কিমিহ সখি শিক্ষাং ন তনুষে ৪৭।

লোচনরোচনী টীকা।

অকং জাতমিত্যাহ ভজদিতি। প্রহরতে তত্র প্রাহাবিষ্কেন প্রসিদ্ধং কমপি নায়কং প্রত্যা-কর্ষণায় মম হৃদয়ং তাড়য়তি। তস্মাত্বং কিং কিমিতি শিক্ষাং ন তনুষে। যয়া পূর্ব্বমদত্তাপি নির্ব্বিণ্ণা স্যামিতি শেষঃ। প্রহারোঽয়ং তু দুঃসহ ইতি তত্র বিহ্বলং তমেবং যোজয়েতি গূঢ়োঽভিপ্রায়ঃ ৪৭।

আনন্দচন্দ্রিকা টীকা।

ধৈর্য্যমেব কার্য্যং তত্রাহ ভজদিতি। যমাক্ষোঃ কক্ষাং প্রাপ্নুবৎ যমী যমভগিনী তস্যাস্তীরারণ্যং প্রহরতে কন্দর্পাগ্নিমুদ্দীপাতে-মাত্রং ন মাং জ্বালয়তি নচ কয়াপি যুক্ত্যা শামাস্তীত্যাহ উগ্রমিতি নাপ্যত্র মণিমন্ত্রমহৌষধাদয়ঃ প্রভবন্তীত্যাহ বিষমমিতি ইহ বিপক্ষে কিং শিক্ষাং ন তনুষে ইতি নাত্র শিক্ষাবকাশ ইতি ভাবঃ তেন কুলধর্ম্মলজ্জা প্রতিষ্ঠাভ্যো জলাঞ্জলিং দত্ত্বা শ্রীকৃষ্ণং শীঘ্রমানয় যদি মৎপ্রাণানুক্ষিতুমিচ্ছসীতি ধ্বনিঃ ৪৭

বিলাস-পারতন্ত্র হইতেছে। আবার যমানুজার তীরারণ্য নেত্রদ্বয়ের অন্তর্গতি হইয়া আমাকে বিষম উগ্রপ্রহার করিতেছে, অতএব হে সখি! এ সময়ে কোন উত্তম শিক্ষা প্রদান করিতেছ না কেন? ॥

উক্ত উদাহরণের অর্থোদ্ভব ব্যঙ্গ্য এই যে পূর্ব্বরাগবতী শ্রীমতী বিশাখাকে কহিলেন, প্রণয়িনি! আমার অপরাধ কি, বিধাতার দৌরাত্ম্য দেখ? তিনি যে আমাকে ঘোরপ্রকৃতি পতি প্রদান করিয়াছেন, তাহাতে কোন ক্রমেই আমার চিত্ত রুচিশীল হইতেছে না, ইত্যাদি বাক্যদ্বারা সখীর বিশ্বাস উৎপাদন করিয়া আন্তরিক ভাব প্রকাশ করিতেছেন যথা—

হে সখি! বস্তুতঃ বিধাতা যদি আমাকে সুন্দরপ্রকৃতি পতিও প্রদান করিতেন তথাপি তাহাতে আমার রুচি হইত না, যে হেতু আমার চিত্ত শ্রীকৃষ্ণেই একান্ত অনুরক্ত হইয়াছে। অপর হে সখি! তুমি যদি এরূপ বল, পতির প্রতি রুচি না হয় না হউক, কিন্তু কুলাঙ্গনাগণের পরপুরুষে রুচি বহন অকর্ত্তব্য, তাহার উত্তর এই যে আমার

গোবিন্দাদেঃ প্রশংসয়া যথা—

কুলস্ত্রীণাং নেষ্টা পরপুরুষরূপস্তুতিকথা
তথাপি ত্বং প্রাণাঃ সখি মম বহিষ্ঠাঃ স্বয়মসি।
কিয়ানাস্তে তস্মিন্ ব্রজপতিকুমারে মধুরিমা

লোচনরোচনী টীকা

তথাপীত্যাদৌ তস্মাৎ কথয়ামীতি শেষঃ　আরাদ্দূরাৎ　অমৃতৈস্তেবিব দৃশোর্দ্বন্দ্বং

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধা বিশাখামাহ কুলেতি　তথাপীতি ত্বাং কথয়াম্যেবেত্যাক্ষেপলব্ধং যতস্ত্বং প্রাণা ইতি যুক্তমযুক্তং নহি প্রাণেষু গোপ্যত ইতি ভাবঃ। ছটাপি আরাদ্দূরাদপি মম

এই পোড়া দেহ যৌবনভরে দিন দিন কুর্দ্দন করিতেছে, অতএব যৌবনবিশিষ্ট দেহেরই দোষ, চিত্তের বলিতে পারি না। অপিচ হে সখি! তুমি যদি এরূপ আশঙ্কা কর, সুপ্রতিষ্ঠিতা লজ্জাবতী কুলাঙ্গনার স্বধর্ম্মের প্রতি দৃষ্টিনিক্ষেপ পূর্ব্বক ধৈর্য্যাবলম্বন করা উচিত, তাহারও উত্তর এই যে, দৃশ্যমান যমভগিনীর তীরারণ্য আমার নেত্রগত হইয়া কন্দর্পাগ্নি উদ্দীপন করিতেছে কিন্তু সম্পূর্ণরূপে দগ্ধ করিতেছে না। হে সখি! ঐ অগ্নি অতিশয় ভয়ঙ্কর, না কোন যুক্তিদ্বারাই শান্ত হইতেছে, না কোন ইহাতে মণিমন্ত্রাদির প্রভাব দেখিতেছি, না এই বিপৎকালে তোমাদেরই কোন সদুপদেশের অবকাশ পাইতেছি। অতএব হে সখি! যদি আমাকে জীবিত দেখিতে ইচ্ছা কর, তবে কুল, ধর্ম্ম, লজ্জা, প্রতিষ্ঠাদিতে জলাঞ্জলি দিয়া শীঘ্র শ্রীকৃষ্ণকে আনয়ন কর, নতুবা আর জীবন রক্ষার উপায় নাই ॥ ৪৭ ॥

অথ গোবিন্দাদির প্রশংসা।

শ্রীরাধা বিশাখাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, প্রণয়িনি! যদিচ কুলাঙ্গনাগণের পরপুরুষের রূপ প্রশংসা ইষ্টা নয়, তথাপি তোমাকে আমার বহিশ্চরপ্রাণ জানিয়া বিশ্বস্ত চিত্তে বলিতেছি, সখি! ব্রজরাজতনয়ে যে কি অদ্ভুত মধুরিমা আছে, তাহা ত নিশ্চয় করিতে পারিলাম

ছটাপ্যারাদ্যস্য শ্রদয়তি দৃশোর্দ্বন্দ্বমমৃতৈঃ ॥ ৪৮ ॥

যথা বা—

দূত্যচক্রচতুরাসি চঞ্চলে

লোচনরোচনী টীক

শ্রদয়তি মৃদু করোতি স্নেহয়তি ॥ ৪৮ ॥

শ্রীকৃষ্ণমাধুরীং ভঙ্গ্যা ব্যঞ্জয়ন্তীং কাঞ্চিৎ কাপি সরোষমিবাহ দূত্যেতি প্রমাদিতাং

আনন্দচন্দ্রিকা টীকা

দৃশোর্দ্বন্দ্বং অমৃতৈঃ সুধাভিরিব শ্রদয়তি তয়োঃ কঠিনতাং বিলোপ্য মৃদু করোতি স্নেহয়তীতি যাবৎ। তেন ন তং দ্রক্ষ্যামীতি কৃতপ্রতিজ্ঞায়া অপি মম দৃশৌ তস্মিন্নেব স্নেহবত্যৌ তৎপক্ষপাতিন্যাবেব বভূবতুরিতি ভাবঃ ৪৮

গোবিন্দাদেঃ প্রশংসয়েত্যাদিশব্দাদ্দূত্যা অপি প্রশংসার্থমাহ যথাবেতি। হে চঞ্চলে

না, উঁহার রূপের ছটামাত্র দূর হইতে আমার নেত্রপথে পতিত হইয়া ঐ নেত্রকে মৃদুতা প্রাপ্ত করাইয়াছে, যাহা হউক, হে সখি! এরূপ রূপ অতি বিরল তাৎপর্য্য।

শ্রীরাধা বিশাখাকে কহিলেন, সখি! তুমি আমার বহিশ্চর-প্রাণ, প্রাণের নিকট যুক্ত অযুক্ত কিছুই গোপন থাকে না, অতএব তোমাকে বিশ্বস্তচিত্তে বলিতেছি, যদিচ কুলকামিনী গণের পরপুরুষের রূপবর্ণন অযোগ্য সত্য, তথাপি তোমাকে না বলিয়া ধৈর্য্য ধারণ করিতে সমর্থা হইতেছি না, হে সখি! ব্রজরাজতনয়ের রূপের ছটা দূর হইতে আমার নেত্রকক্ষায় প্রবেশ করিয়া ঐ নেত্রের কাঠিন্য বিলোপ করত স্বীয় সুধারস দ্বারা স্নেহান্বিত করিতেছে। আমি তাঁহাকে দেখিব না বলিয়া প্রতিজ্ঞা করিলেও মদীয় নেত্র তাঁহাতেই প্রীত হইয়া তাঁহারই পক্ষ আশ্রয় করিতেছে, আমার নিবারণেও প্রত্যাবৃত্ত হইতেছে না, অতএব হে সখি! এ বিষয়ে আমার কোন অপরাধ নাই ॥ ৪৮।

যথা বা—

ভঙ্গি দ্বারা শ্রীকৃষ্ণ মাধুর্য্য বর্ণনকারিণী কোন এক সখীকে কোন সখী রোষ প্রকাশ পুরঃসর কহিলেন, চঞ্চলে! তুমি দৌত্যকার্য্য-

নন্দনো ব্রজপতেঃ স নাগরঃ।
মাং জহাতি শিশুতা চ রক্ষিণী
মা কৃথাঃ সখি ততঃ প্রমাদিতাং ॥ ৪৯ ॥

লোচনরোচনী টীকা।

অনবধানতাং পরিণামদর্শিত্বাভাবেনেদৃশপ্রলাপিতামিত্যর্থঃ। ৪৯

আনন্দচন্দ্রিকা টীকা।

ইতি তব দুষ্ট জোঽয়ং স্বভাবো যৎ দূত্যকর্ম্মণি চাতুর্য্যং। স নাগর ইতি তত্রাপি যে কাপি ক্ষতি র্ন ভবিষ্যৎ যদি স নাগরো ন অজনিষ্যৎ। কিঞ্চাত্রাপি মম স্বনিষ্ঠারক্ষণে যস্যা বলেন সাহসমাগীৎ সাপি শিশুত চ মাং জহাতি অতঃ প্রমাদিতাং অনবধানতাং তেন ভ্রমেণাপি মদগ্রতো দূত্যচাতুর্য্যে প্রস্তুতে মম সতীত্বং ন স্থাস্যতি মম তব চ লোকে কলঙ্কো ভবিষ্যতি অতঃ পরিণামদর্শিন্যা ভবত্যাঃ স্বস্বভাবং সংগোপ্যৈব স্থেয়মিতি ভাবঃ আন্তরো ভাবস্তু ত্বং দূত্যচক্রচতুরাগীতি প্রশংসয়ৈব তব চাতুর্য্যং চ ফলিষ্যত্যেব যতঃ স নাগর এব সম্প্রতি মমাপি কাচন বামতা নাস্তি অতঃ প্রমাদিতাং দূত্যে শৈথিল্যং মা কৃথাঃ অন্যথা কামশরপ্রহারপৌনঃপুন্যেন মম প্রাণোপগমে কস্যৈ স্ত্রীবধো লগিষ্যতি ন তাবৎ কন্দর্পায় তস্য ব্যাধবত্তদেকবৃত্তিত্বাৎ, নাপি শ্রীকৃষ্ণায় তস্য নাগরত্বেন মৎসঙ্গমে বৈমুখ্যাভাবাৎ, নাপি শিশুতায়ৈ যৌবনেন বলবতা রাজ্ঞা তস্যা অপগারিতত্বাৎ, নাপি যৌবনায় তস্য তদর্থমেবাগতস্যাতিতিতত্বাৎ, অতো মৎসমীপবর্ত্তিন্যৈ দূত্যকর্ম্মণা মদ্রক্ষাং কর্ত্তুং সমর্থায়ৈ ধার্ম্মিকায়ৈ তুভ্যমেব লগিষ্যতীতি স্বয়মেব বিচার্য্য তামিতি ৪৯।

সকলে অতিচতুরা, ব্রজপতি নন্দনও অতিশয় নাগর, কিন্তু যে শিশুতা আমাকে রক্ষা করিতেছিল সে এখন আমাকে পরিত্যাগ করিয়াছে অতএব হে সখি! তুমি যেন আমার রক্ষণবিষয়ে আর অনবধানতা প্রকাশ করিও না, যাহাতে ঐ নাগরের হস্তে পরিত্রাণ পাই এমত যত্ন প্রকাশ কর ॥

গোবিন্দাদির প্রশংসায় আদিশব্দ প্রয়োগ হেতু কোন কোন স্থানে দূতীরও প্রশংসা করা হয়। যথা—

কোন এক যূথেশ্বরী কৃষ্ণমাধুর্য্য বর্ণনকারিণী কোন সখীকে সক্রোধ বচনে কহিলেন, চঞ্চলে! তোমার দৌত্যচাতুর্য্য অতি ভয়ানক, কোন

দেশ দিবৈশিষ্টেন যথা—

বৃন্দারণ্যে ব্রততিপটলীসঙ্কটে পুষ্পহেতো-
র্ভ্রামং ভ্রামং সহচরি চিরং শ্রান্তিমভ্যাগতাস্মি।
তদ্বিশ্রান্তিং ক্ষণমিহ করোম্যেকিকাহং নিকুঞ্জে
ত্বং কালিন্দীতটপরিসরাদাহরেথাঃ প্রসূনং ৫০

লোচনরোচনী টীকা

পুষ্পাহরণব্যাজেন সখ্যাভিসারিতা সৌরভ্যেণাগিগতশ্রীকৃষ্ণসারিণ্যা কাচিদ্বাং প্রতি ওহে বৃন্দাবনা ইতি ৫০

আনন্দচন্দ্রিকা টীকা

সঙ্কটে ব্যাপ্তে পুষ্পাহরণেতি ভ্রামং ভ্রামমিতি তেনাভিলষণীয়ং পুষ্পমত্র ন লক্ষ্যং। কালিন্দীতি যথা তেন প্রসূনেন ইহ একিকা কুচযোর্মণ্ডনং করোমীতি ভাবঃ। ততশ্চ ত্বং প্রসূনমাহরেথা ইতি তদুক্তিভঙ্গীং জ্ঞাত্বা তব তয়া শ্রীকৃষ্ণ আনীত ইতি বিবেচনীয়ং। ৫০।

ক্রমেই ঐ চাতুর্য্য ত্যাগ করিতেছ না, ব্রজরাজনন্দন যদি নাগর রূপে জন্মগ্রহণ না করিতেন তাহা হইলে আমার কোন ক্ষতি হইত না, কিন্তু আমি যাহার বলে এরূপ সাহস করিতেছি সেই শিশুতা আমাকে এখন ত্যাগ করিয়াছে, কিন্তু তুমি যেন আর চাতুর্য্য বিস্তার করিও না, তাহাতে আমার সতীত্ব একবারেই বিনষ্ট হইবে, অধিকন্তু লোক-মধ্যে তোমারও কলঙ্ক এবং আমারও কলঙ্ক রটনা হইবে অতএব পরিণাম দর্শিনী হইয়া স্বীয় স্বভাব সংগোপনপূর্ব্বক তোমার অবস্থান করা উচিত।

এতদ্দ্বারা সখীর দৌত্য কর্ম্মের প্রশংসা করা হইল। ৪৯।

অথ দেশবৈশিষ্টে প্রশংসা যথ —

শ্রীরাধা কহিলেন, সহচরি! এই দেখ বৃন্দারণ্য, লতা জালে সঙ্কট স্থান হইয়াছে, আমি এখানে পুষ্পচয়ন করিতে আসিয়া ভ্রমণ করিতে করিতে অত্যন্ত ক্লান্তা হইয়াছি অতএব হে সখি। কিয়ৎক্ষণ যাবৎ আমি একাকিনী হইয়া এই কুঞ্জে বিশ্রাম করি, তুমি কালিন্দীকুল হইতে পুষ্প আহরণ কর॥

যথা বা—

মধুরিতা মধুনা বিধুনাপ্যসৌ
সখি পতঙ্গসুতা পুলিনাটবী

লোচনরোচনী টীকা

একা সখী যাং বিভূষ্য যেন সখ্যান্তরেণ পুষ্পাদ্যাহরণমিষাৎ প্রস্থাপ্য স্বয়ং শ্রীকৃষ্ণমানেতুং গতাপি শীঘ্রং নাগতেতি স তদৈব সখ্যন্তরমাহ মধুরিতেতি সবয়সা সখ্যা বয়সা নব-যৌবনেন ক্ষমমুচিতং ৫১

আনন্দচন্দ্রিকা টীকা

তত্র নিযোজনপ্রকারস্য দূত্যার্থতা অসাধারণতয়া ন সম্যক্ উদ্ভূতেত্যপরতুষ্যন্নাহ যথা-বেতি। সখি তবাদ্যবুদ্ধিকৌশলং পরীক্ষিষ্যে ইতি শ্রীরাধা বিশাখায়াহ মধুরিতেতি মধুনা বসন্তেন বিধুনা চন্দ্রেণাপীতি যথা বস্তুদ্বয়েনাটবীয়ং মধুরীকৃতা তথৈব বস্তুদ্বয়েন মম তনুশ্চে-ত্যাহ সবয়সা সখ্যা তিলকাঞ্জনাদিভি বয়সা যৌবনেন চ হাবভাবাদিভৈদগ্ধ্যাঃ অটব্যা-মধুবিধূ ইব তনোঃ স্বথীযৌবনে ক্রমেণ তটস্থস্বরূপলক্ষণাভ্যাং সৌন্দর্য্যসাধনে জ্ঞেয়ে ইহ

উক্ত উদাহরণে দেশের প্রশংসা এই যে, ছলপূর্ব্বক সখীর প্রতি এই অভিপ্রায় প্রকাশ করা হইল, কালিন্দীকুল-কুসুম-সমূহে রমণীয়তা প্রযুক্ত শ্রীকৃষ্ণ তথায় অবস্থিত আছেন, অতএব হে সখি! শীঘ্র তাঁহাকে অভিসার করাইয়া এস্থানে আনয়ন কর। ৫০।

উক্ত উদাহরণে নিয়োগ করণ প্রকারের দূত্যতা অসাধারণ না হওয়াতে অপরিতোষ চিত্তে পুনর্ব্বার কহিলেন॥

যথা বা—

শ্রীরাধা বিশাখাকে কহিলেন, সখি! এই তপনতনয়ার পুলিনাটবী যদ্রূপ বসন্ত ও চন্দ্রচন্দ্রিকায় মধুরা দেখিতেছ, তেমনি আমারও এই তনু, সবয়স্ অর্থাৎ বয়স্যা (সখী) এবং বয়সের (যৌবনের) সহিত বিভূষিতা হইয়াছে অতএব এ বিষয়ে যাহা সমুচিত হয় আদেশ কর॥

সবয়সা বয়সাচ বিভূষিতা
তনুরিয়ং কিমিহ ক্ষমমুচ্যতাং । ৫১ ।
* । ইতি দূতীপ্রকরণং । *

লোচনরোচনী টীকা

* ইতি দূত্যঃ *

আনন্দচন্দ্রিকা টীকা

কিং ক্ষণং উচিতং অন্যদপেক্ষিতং বস্তিত্যর্থঃ ততশ্চ তদ্বস্তু সাক্ষাদেবানীয় ত্বামহং দর্শয়িষ্যামীত্যুক্ত্বা সখী শ্রীকৃষ্ণমানেতুং গতা ইতি জ্ঞেয়ং ৫১

* ইতি দূত্যভেদাঃ *

শ্রীমতীর ছলপূর্ব্বক আদেশ অবগত হইয়া তদীয়া সখী শ্রীকৃষ্ণকে আনয়ন করিবার জন্য যাত্রা করিলেন ৫১ ।

। * ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নানুবাদিতে উজ্জ্বলনীলমণৌ দূতীভেদপ্রকরণং সমাপ্তং *

অথ সখীপ্রকরণং ।

প্রেমলীলাবিহারাণাং সম্যগ্বিস্তারিকা সখী ।
বিশ্রম্ভরত্নপেটী চ ততঃ সুষ্ঠু বিবেচ্যতে
একযূথানুযক্তানাং সখীনামেব মধ্যতঃ
অধিকাদের্ভিদা জ্ঞেয়া প্রখরাদেশ্চ পূর্ব্ববৎ ।
প্রেমসৌভাগ্যসাদ্গুণ্যাদ্যাধিক্যাদধিকা সখী ।

আনন্দচন্দ্রিকা টীকা

অথ সখীনাং স্বভাবভেদেন পারস্পরিক্যা ব্যবহৃত্যা প্রাপ্তেন স্বরূপভেদেন চ বৈবিধ্যাত্তদীয়দূত্যস্যাপি বৈবিধ্যং নিরূপয়িষ্যন্ প্রথমং তাসাং মাহাত্ম্যমাহ প্রেমেতি। ন কেবলং দূত্য এব তাসাং সখীনাং প্রাধান্যং কিন্তু রসস্য সর্ব্বস্যৈব নির্ব্বাহস্তাসামধীনঃ এবেত্যাহ প্রেমেতি। সখীতি জাত্যেকবচনং বিস্তারোহত্র বিখ্যাপনং বিবর্দ্ধনঞ্চ তত্র নায়িকস্য প্রেম্না নায়িকায়াঃ, নায়িকায়াঃ প্রেম্না নায়কে সখ্যা বিখ্যাপ্যতে তত এব বিবর্দ্ধতে চ। তাসাং সারাদিভিঃ প্রাপ্তমিলনয়োর্নায়কয়োঃ স্বস্থত্যা নায়িকা ভাগ্যাতিশয়োত্থাপনেন চ হাসং হাসাদিভিশ্চ বিবর্দ্ধতে স্থানান্তরে সময়ান্তরে চ বিখ্যাপ্যতে চ বিহারশ্চ সংপ্রয়োগাত্মকো

অথ সখী প্রকরণ ।

প্রেম লীলা ও বিহারাদির বিস্তার কারিণীকে সখী কহে, ঐ সখী বিশ্বাসরত্নের পেটিকা (পেটরা) স্বরূপা অর্থাৎ বিশেষ বিশ্বাসের পাত্রী, একারণ সুন্দর রূপে সখীভেদ বিবেচিত হইতেছে ॥

সখীগণ মধ্যে যে সখী এক যূথে অনুরক্তা তাহারও অধিকাদি ভেদ পরিজ্ঞাত হইতে হইবে, কিন্তু এই সখীর প্রখরাদি ভেদও পূর্ব্ববৎ জ্ঞাতব্য ।

অধিকা যথা—

সখীগণ মধ্যে সর্ব্বাপেক্ষা যাহার প্রেম সৌভাগ্য ও সাদ্গুণ্যের

সমা তৎসাম্যতো জ্ঞেয়া তল্লঘুত্বাত্তথা লঘুঃ।
দুর্লঙ্ঘ্যবাক্যপ্রখরা প্রখ্যাতা গৌরবোচিতা।
তদূনত্বে ভবেন্মৃদ্বী মধ্যা তৎসাম্যমাগতা।
আত্যন্তিকাধিকত্বাদিভেদঃ পূর্ব্ববদত্র সঃ।
স্বযূথে যূথনাথৈব স্যাদসাবাত্যন্তিকাধিকা।
সা ক্বাপি প্রখরা যূথে ক্বাপি মধ্যা মৃদুঃ ক্বচিৎ ১।
তত্রাত্যন্তিকাধিকাত্রিকং।

অ নন্দচন্দ্রিকা টীকা

গুরুপ্রত্যাদিসর্ব্বসমাধনাঙ্গীকারেণ সাহসদানাদিবর্দ্ধিতে সময়ান্তরে চ সংভুক্তয়া নায়িকয়া সহ রসোদ্গারাদ্বিথ্যাপ্যতে চেতি সম্যগিতি স্বাভিযোগাদৌ বিনাপি সখীং তত্তৎসিদ্ধেরসম্যক্ত্বমিত্যর্থ পারম্পরিকব্যবহৃত্যা তাসাং স্বরূপভেদঃ স্বতশ্চ স্বভাবভেদো দুত্যর্থং জিজ্ঞাশু ইত্যত আহ একেতি যূথনাথেতি। সাপি স্বসখ্যা দূত্যং কুর্ব্বাণা সখীভাবমাপদ্যতে ইত্যত্র সখীপ্রকরণে গাপি গ্রিয়তে ইতি ভাবঃ ১

আধিক্য তাহাকে অধিকা, আর ঐ প্রেমাদির সমতা প্রযুক্ত সমা ও লঘুতা নিমিত্ত লঘু বলিয়া অভিহিত হয়

অপর যাহার বাক্য কেহ লঙ্ঘন করিতে পারে না তাহাকে প্রখরা কহে, ঐ প্রখরা সতত গৌরবান্বিতা হয়। কিন্তু ঐ গৌরবের আবার ন্যূনতা হইলে মৃদ্বী এবং সমতা হইলে মধ্যা বলিয়া উক্তি করা যায়। আর ঐ সকল সখীতে আত্যন্তিকাধিকাত্বাদিরও ভেদ জানিতে হইবে॥

অথ আত্যন্তিকাধিকা যথা—

যিনি আপন যূথ মধ্যে যূথেশ্বরী তাঁহাকে আত্যন্তিকাধিকা কহে। ইনি কদাচিৎ কোন যূথে প্রখরা, কোন যূথে মৃদ্বীরূপে কথিতা হয়েন॥ ১॥

তন্মধ্যে আত্যন্তিকাধিকাদি ত্রয় যথা—

তত্রিকং সকলাপেক্ষ্যং নাতীবান্যবশং তথা ।
স্বযূথে তদ্ব্যবহৃতিব্যক্তয়ে পুনরুচ্যতে । ২ ।
তত্রাত্যন্তাধিকপ্রখরা
নীলে নীলনিচোলমর্পয় মঘে দেহি স্রজং দামনীং
ত্বং কালাগুরুকর্দ্দমৈঃ সখি তনুং লিম্পাস্ব চম্পে মম ।
জানীহি ভ্রমরাক্ষি কুত্র গুরবঃ পশ্য প্রদোষোদ্গমে
কুঞ্জাভিক্রমণায় মাং ত্বরয়তে স্ফারান্ধকারাবলী ।
অধিকপ্রখরাঃ শ্যামা মঙ্গলাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ । ৩ ।

লোচনরোচনী টীকা

সকলানাং স্বযূথ্যসখীনামপেক্ষণীয়ং ১ ২
দামনীং দমনকসম্ভবাং ৩

আনন্দচন্দ্রিকা টীকা

সকলাভিঃ স্বযূথ্যসখীভিঃ অপেক্ষ্যং পরমাদরণীয়মিত্যর্থঃ। নাতীবেতি কদাচিদ্দেশ কালাদিবৈশিষ্ট্যে মার্দ্দবে চ পরমস্বাতন্ত্র্যেঽপি সখীনাং অধীনমপি ভবতীত্যর্থঃ ২
শ্যামলা প্রাহ নীলেত্যাদিভিঃ সখীনাং প্রসাধনাদিকং কৃত মুক্তং অর্পয়েত্যাদিভিরাজ্ঞা প্রদানাৎ অত্যন্তাধিকায়াঃ সকলাপেক্ষাস্বমন্যানধীনত্বঞ্চোক্তং। দামনীং দমনকপুষ্পজত্বাং ৩।

উল্লিখিত আত্যন্তিকাধিকাদি ভেদ ত্রয় স্বীয় যূথমধ্যে সকলকে অপেক্ষা করিয়া হয়, এই অধিকা কখন কাহারও বশীভূতা হয় না। অতএব উক্ত ভেদ সকল পুনরায় বিশেষরূপে বর্ণিত হইতেছে। ২

অথ আত্যন্তিকাধিকপ্রখরা যথা—

এক দিবস শ্যামলা নিবিড় অন্ধকার নিরীক্ষণ করত অভিসারার্থ ব্যগ্রচিত্তে কহিলেন, নীলে! শীঘ্র নীল নিচোল আনয়ন কর, মঘে! দমনক পুষ্পের মালা দাও, অহে প্রিয়সখি চম্পে! কালাগুরু-কর্দ্দম দিয়া এই মদীয় তনু লেপন কর, হে ভ্রমরাক্ষি! জান দেখি কোথাও গুরুজন আছেন কি না? আমাকে এই প্রদোষীয় ঘনতিমির অভিসারার্থ ত্বরা করিতেছে অতএব বিলম্ব করিও না শীঘ্র জানিয়া আসিয়া সম্বাদ দাও॥

বর্ণিত যূথমধ্যে শ্যামা ও মঙ্গলা প্রভৃতি অধিকপ্রখরা। ৩।

অথাত্যন্তাধিকমধ্যা

অনঙ্গশরজর্জ্জরং স্ফুটতি চেন্মনো বস্তথা
মদর্থনং কদর্থনৈঃ কৃতমিতঃ স্বয়ং গচ্ছত।
দৃশাং পথি ভবাদৃশী প্রণয়িতানুরূপঃ সুখং
যদত্র রতহিণ্ডকঃ স কিল পাতি গোমণ্ডলং। ৪ ॥
ভবন্ত্যধিকমধ্যাস্তু শ্রীরাধাপালিকাদয়ঃ ৫

লোচনরোচনী টীকা

কৃতমিত্যলমিত্যর্থে। রতহিণ্ডকঃ রতিচৌরঃ ৪

অধিকমধ্যা ইত্যাত্যন্তিকাধিকমধ্যা ইত্যর্থঃ প্রকরণবলাৎ আপেক্ষিকশব্দস্য উত্তরোত্তর-প্রয়োগাচ্চ এবমুত্তরত্র পি ৫

আনন্দচন্দ্রিকা টীকা।

অভিসারে সখি মাবিলম্বস্বেতি মুহুর্ব্বাণাঃ সখীঃ প্রতি শ্রীরাধা সস্মিতগর্ভং গৃহণয়-কোপমাহ অনঙ্গেতি অত্র প্রতীতমপ্যুক্তিপ্রাথর্য্যমবহিত্থয়ৈব সিধ্যতীতি মধ্যাত্বমেব। কৃতং অলং দৃশাং পথি অবিদূর ইত্যর্থঃ রতহিণ্ডকঃ স্ত্রীলম্পটঃ গোমণ্ডলং শ্লেষেণে-ন্দ্রিয়বৃন্দং চারয়তি ৪ ৫।

অথ অত্যন্তাধিকমধ্যা যথা—

সখি! অভিসারার্থ বিলম্ব করিতেছ কেন? শীঘ্র প্রস্থান কর ইত্যাদি উক্তিকারিণী সখীবৃন্দের প্রতি হাস্যগর্ভ প্রণয়কোপ প্রকাশ পুরঃসর শ্রীরাধা কহিলেন, অহে সখীবৃন্দ! যদি তোমাদের চিত্ত অনঙ্গশরে জর্জ্জরিত হইয়া স্ফুটিত হইতে থাকে, তাহা হইলে তোমরাই অভি-সার কর, আমাকে কেন বৃথা কদর্থন করিতেছ? ঐ রতহিণ্ডক (স্ত্রী-লম্পট) এ যাবৎ গোমণ্ডল (ইন্দ্রিয়বর্গ) চালন করিতেছেন, তিনিই তোমাদের নেত্রপথের প্রণয়পাত্র, অতএব শীঘ্র প্রস্থান কর ॥ ৪ ॥

উক্ত যূথমধ্যে শ্রীরাধা এবং পালিকা প্রভৃতিকে অধিক মধ্যা বলা যায় ॥ ৫ ॥

অথাত্যন্তাধিকমৃদ্বী ॥

শৃণু সখি বচস্তথ্যং মানগ্রহে মম কা ক্ষতিঃ ।
স্ফুরতি মুরলীনাদে কে বা শ্রমঃ শ্রবণামৃতে ।
অতিকঠিনতাদুর্ব্বাদং তে নিশম্য ন্যমীলয়ং
দময়িতুমমুং কিন্তু ক্ষিপ্তং দৃগর্দ্ধমঘদ্বিষি ।
অধিকা মৃদবশ্চন্দ্রাবলীভদ্রাদয়ো মতাঃ ॥

অথাপেক্ষিকাধিকাত্রিকং ।

যৌথিকীষু সখীষ্বেব যূথেশাতো লঘুষ্বিহ ।
যাধিকৈকামপেক্ষ্যান্যা সা স্যাদাপেক্ষিকাধিকা ॥

লোচনরোচনী টীকা

ব্রজে সখীসমূহে সখীশব্দানুক্তিস্তু গোষ্ঠত্ববাক্যা তস্যাশ্চ সঙ্কোচাধিক্যায় যত্র ত্রিলোকাদিশব্দা অপি প্রযুক্তা বসাধিক্যং ব্যঞ্জয়ন্তি ৬

আনন্দচন্দ্রিকা টীকা

কলহান্তরিতা চন্দ্রাবলী পদ্মাং প্রত্যাহ শৃণ্বিতি ব্রজে যা কাপি স্যা কঠিনাপি কঠিনাগীতুচ্যতে তস্যেন তে স্বদ্দাস্তমানং দুর্ব্বাদং দময়িতুং সঙ্কুচিতীকর্ত্তুমিতি বস্তুতঃ কণ্ঠে স্বয়ং ন ময়া দূরীকৃতং দৃগর্দ্ধমাত্রার্পণাৎ সম্ভাষাদ্যকরণাৎ তদপি কিমিতি ক্ষম্যসীতি ভাবঃ

অথ আত্যাধিক্যমৃদ্বী

কলহান্তরিতা চন্দ্রাবলী পদ্মাকে কহিলেন, সখি ! সত্য বলিতেছি শ্রবণ কর, মান গ্রহণ করিতে আমার ক্ষতি কি ? স্ফূর্ত্তিশালিনী মুরলীর রবে কর্ণরোধ করিতেই বা আমার শ্রম কি ? কিন্তু ব্রজমধ্যে কঠিনা বলিয়া যে একটী আমার দুর্ব্বাদ উপস্থিত হইয়াছে তাহারই সঙ্কে চার্থ অঘনাশনের প্রতি একবার মাত্র অর্দ্ধনেত্র নিক্ষেপ করিয়াছিলাম তথাচ তুমি আমার প্রতি কোপ করিতেছ

উক্ত যূথমধ্যে চন্দ্রাবলী ও ভদ্র প্রভৃতি অধিক মৃদ্বী

অথ আপেক্ষিকাধিকা ত্রয় ॥

যূথেশ্বরী অপেক্ষা লঘু যে সকল যৌথিকী সখী তাহাদের মধ্যে এককে অপেক্ষা করিয়া অন্যা অধিকা হইলে আহাকে আপেক্ষিকা-

তত্রোধিকপ্রখরা।

সুমধ্যে মা যাসীস্তমধিকমমীভির্মৃদুলতাং
মদস্যোপাদানৈঃ শঠকুলগুরোর্জল্পমধুভিঃ।
অয়ি ক্রীড়ালুব্ধে কিমু নিভৃতভৃঙ্গেন্দ্রভণিতে
কুড়ুঙ্গে রাধায়াঃ ক্লমমপি বিসস্মার ভবতী

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধা মানভঞ্জনার্থং শ্রীকৃষ্ণেন চাটুভির্বশীকৃতাং সুমধ্যানাম্নীং প্রিয়সখীং ললিতা সোপালম্ভমাহ ক্রীড়ালুব্ধ ইতি মন্যে তুভ্যং তেন নিভৃতং সংপ্রয়োগাৎ কোচোৎপীকৃত ইতি ভাবঃ। নিতরাং ভৃতং পূর্ণং ভৃঙ্গেন্দ্রাণাং ভণিতং যত্র তস্মিন্ কুড়ুঙ্গে কুঞ্জে

ধিকা কহে

তন্মধ্যে আপেক্ষিকাধিকা অধিকপ্রখরা যথা—

এক দিবস শ্রীরাধা মানিনী হওয়াতে শ্রীকৃষ্ণ চাটুবাক্যে সুমধ্যা নাম্নী সখীকে বশীভূত করিয়া শ্রীরাধার সমীপে প্রেরণ করেন, ললিতা কৃষ্ণপ্রেরিতা ঐ সুমধ্যাকে দেখিয়া তিরস্কার করত কহিলেন, দূতি! তোমার কি শ্রীকৃষ্ণের গুণ পরিজ্ঞাত নাই, তিনি শঠকুলের গুরু, তুমি যেন তাঁহার মত্ততাজনক মধুরবাক্যে আলীগণসহ আপনার মৃদুতা স্বীকার করিও না। হে ক্রীড়ালুব্ধে! তোমার কি স্মরণ হইতেছে না, ঐ শঠের বাগ্‌জালে মুগ্ধা হইয়া শ্রীমতী যে কুড়ুঙ্গে (কুঞ্জে) গমনি যুক্তা হইয়াছিলেন, তাহা কি একেবারে বিস্মৃতা হইয়াছ। ॥

উক্ত উদাহরণে ক্রীড়ালুব্ধে! এইপদ প্রয়োগহেতু অর্থাৎ হে ক্রীড়ালুব্ধে! তোমাকে দেখিয়া আমার মনে এরূপ আশঙ্কা হইতেছে যেন শ্রীকৃষ্ণ তোমাকে নিভৃত সম্প্রয়োগ (অঙ্গসঙ্গ) রূপ উৎকোচ দিয়া বশীভূত করিয়াছেন, ইত্যাদি ব্যঙ্গ্যার্থ প্রকাশ নিমিত্ত অধিকমধ্যার লক্ষণ অভিব্যক্ত হইল অতএব অপরিতোষ চিত্তে পুনরায় কহিলেন।

যথা বা —

মুগ্ধে তূষ্ণীং ভব শঠকলা মণ্ডলাখণ্ডলেন
ত্বং মন্ত্রেণ স্ফুটমিহ বশীকৃত্য তেনানুশিষ্টা।
কুঞ্জে গোবর্দ্ধনশিখরিণো জাগরেণোচ্চ রাধাং
দৃষ্ট্বাপ্যুচ্চৈঃ সখি যদসি মে চাটুবাদে প্রবৃত্তা॥

ললিতাদ্যাস্তু গান্ধর্ব্বাযূথেঽত্র প্রখরাধিকাঃ।

অথাধিকমধ্যা

দামার্পয়িতাং প্রিয়সখী প্রহিতং ত্বয়ৈব
দামোদরে কুসুমমত্র ময়াবচেয়ং।

আনন্দচন্দ্রিকা টীকা।

ক্রীড়ালুব্ধে ইতি ব্যঙ্গগর্ভয়া পরিহাসোক্ত্যা মধ্যাধমেন আদিতঃ পরিতুষ্যন্নাহ মৎ-বেতি। ললিতা চিত্রামাহ মুগ্ধ ইতি শঠানাং যৎ কলাসমূহং তন্মণ্ডলেন তেন শ্রীকৃষ্ণেনানুশিষ্টা ললিতাং প্রসাদয়েতি শিক্ষিতা জাগরেণ সহ শ্রীরাধাং দৃষ্ট্বা।

বিশাখা চতুরিকা নাম্নীং সখীমাহ দামেতি

যথা বা—

ললিতা চিত্রাকে কহিলেন, মুগ্ধে! তূষ্ণীম্ভূত হও, নিশ্চয় জানিলাম শঠরাজ তোমাকে বশীকরণ করিয়া অনুশাসন করিয়াছেন, কি আশ্চর্য্য! তোমার স্বভাবের বলিহারি যাই। এযাবৎ শ্রীরাধা গোবর্দ্ধনোপরি কুঞ্জালয়ে গুরুতর জাগরণ করিতেছেন দেখিয়াও তুমি চাটুবাক্য প্রয়োগ করিতেছ! যাহা হউক এই পর্য্যন্তই ভাল, আর অনুনয় করিও না প্রস্থান কর।

শ্রীরাধার যুথগং মধ্যে ললিতাদিকে অধিকপ্রখরা কহা যায়।

অথ আপেক্ষিকাধিকা অধিকমধ্যা যথা—

বিশাখা নান্দীমুখীকে কহিলেন, প্রাণসিনি। প্রিয়সখীপ্রেরিত পুষ্পদাম দামোদরে তুমি সমর্পণ কর, আমি কেবল কুসুম মাত্র চয়ন করি।

নাহং ভ্রম চ্চতুরিকে সখি সূচনীয়া।
দৃষ্টাং কদর্থয়তি মামধিকং যদেষঃ।
যথা বা ॥
গিরো গম্ভীরার্থাঃ কথমিব হিতাস্তে ন শৃণুয়াং
নিগূঢ়ো মাং কিন্তু ব্যথয়তি মুরারেরবিনয়ঃ।
ময়োল্লাসাত্তস্মৈ স্বয়মুপহৃতা হন্ত সখি যা।

আনন্দচন্দ্রিকা টীকা।

অত্র কদর্থয়তীত্যনেন সম্ভোগস্পৃহাপি ব্যঞ্জিতা স্যাৎ সত্যাঞ্চ তস্যাং নায়িকাত্বমেব প্রসজ্যেদথা নতু সখীত্বমিত্যপরিতুষ্যন্নাহ যথাবেতি বিশাখা চম্পকলতামাহ গির ইতি। গম্ভীরার্থা ইতি বিশাখে শ্বঃ সৌভাগ্যপৌর্ণমাসী ভবিত্রী অদ্য রাধায়া মানস্থিতি র্যুষ্মং প্রতিপক্ষ সখীঃ সুখয়তীতি গম্ভীরার্থা হিতা গিরস্তে কথং ন শৃণুয়ুঃ অপি তু যথা তথাদ্য মানং

হে চতুরিকে! দেখিও যেন ভ্রমবশতঃ কৃষ্ণাগ্রে আমার অবস্থিতি প্রকাশ করিও না, নতুবা ঐ দামোদর দেখিলেই আমাকে অতিশয় বিড়ম্বিতা করিবেন, অতএব আমি সঙ্গোপনে অবস্থিতি করি।

উক্ত উদাহরণে আমাকে কদর্থন করিবেন, এই উক্তি হেতুক সম্ভোগ স্পৃহা অভিব্যক্তি হওয়ায় সখীত্বের প্রকাশ হইল না, বরং নায়িকাত্বের প্রসক্তি হইল, এ প্রযুক্ত পুনশ্চ কহিলেন।

যথা বা —

বিশাখা চম্পকলতাকে কহিলেন, সখি! তোমাদের গম্ভীরার্থ বাক্য অর্থাৎ হে বিশাখে! কল্য সৌভাগ্য পৌর্ণমাসী, এযাবৎ শ্রীরাধার মান অবস্থিতি করিতেছে কিন্তু তাঁহার ঐ মান প্রতিপক্ষ সখীগণকে সুখ প্রদান করিবে ইত্যাদি রচনাবলি কেন না শ্রবণ করিব, পরন্তু মুরারির গূঢ় অবিনয় আমাকে অত্যন্ত ব্যথা প্রদান করিতেছে, কি আশ্চর্য্য! আমি উল্লাস বশতঃ স্বয়ং গ্রন্থন করিয়া যে মালা শ্রীকৃষ্ণকে উপহার

কুরঙ্গাক্ষী কেশোপরি ৎরিচিতা সা স্রগধুনা ৬
অত্র যূথে বিশাখাদ্যা ভবন্ত্যধিকমধ্যমাঃ ৭ ।

অথাধিকমৃদ্বী

দরাপি ন দৃগর্পিতা সখি শিখণ্ডচূড়ে ময়া
প্রসীদ বত মা কৃথা ময়ি বৃথা পুরোভাগিতাং ।

লোচনরোচনী টীকা

তত্র শ্রীরাধাসম্বন্ধিনি যূথে ৭
দোষৈকদৃক্ পুরোভাগী তদ্ধপতাং ৮ ।

আনন্দচন্দ্রিকা টীকা

ভঞ্জয়িষ্যামোবেতি ভাবঃ কুরঙ্গাক্ষীং কাচিদ্যূথেশ্বরী চন্দ্রাবল্যা বা সখী শ্রীকৃষ্ণাৎ কাপি পতিতাং স্রজং শ্রীরাধা সখীঃ ক্ষোভয়িতুং স্বশিরসি ধৃতবতীতি জ্ঞেয়া ৬ ৭

সখি চিত্রে শ্রীরাধা মানভঙ্গপ্রসঙ্গে ত্বয়ৈব দত্তাশ্বাসোঽয়ং শ্রীকৃষ্ণ ইত এব যাতায়াতং করোতি তদিদং তে চরিতং সর্ব্বং ললিতায়ৈ বিজ্ঞাপয়িষ্যামীতি ভীষয়মাণাং কাঞ্চিৎ প্রখরাং শ্রীরাধাপ্রাং সখীং চিত্রা সানুনয়মাহ দরাপীতি ময়া দৃগপি দর ঈষদপি ন অর্পিতা দূরে অস্তু সম্ভাষণাশ্বাসাদের্বার্ত্তা পুরো ভাগিতা দোষভাগিত্বং দোষৈকদৃক্ পুরোভাগীত্যমরঃ ।

দিয়াছিলাম তাহাই এখন চন্দ্রাবলীর সখী কুরঙ্গাক্ষীর কেশোপরি দেখিতেছি, উহা আমারই গ্রথিতা, বিশেষরূপে পরিজ্ঞাত হইলাম ।৬॥

শ্রীরাধার যূথমধ্যে বিশাখা প্রভৃতিকে অধিকমধ্যা বলা যায় ৭ ॥

অথ অধিকমৃদ্বী ॥

হে সখি চিত্রে ! শ্রীরাধার মানভঙ্গার্থ শ্রীকৃষ্ণকে তুমিই আশ্বাস দিয়াছ, নতুবা তিনি এ স্থানে যাতায়াত করিবেন কেন ? অতএব তোমার সমস্ত চরিত্র ললিতাকে নিবেদন করিতেছি, ইত্যাদি ভীষণ উক্তিদ্বারা ভয় প্রদর্শনকারিণী কোন এক শ্রীরাধার প্রখরা সখীকে চিত্রা অনুনয় করিয়া কহিলেন, সখি ! তুমি আমার প্রতি বৃথা কোপ করিতেছ, প্রসন্না হও, শিখণ্ডচূড়ের প্রতি সম্ভাষা বা আশ্বাস প্রদানের

নটন্মকরকুণ্ডলং স যদি চণ্ডি লীলাগতিং
তনোত্যয়মদূরতঃ কিমিহ সংবিধেয়ং ময়া ।
অধিকা মৃদবশ্চাত্র চিত্রা মধুরিকাদয়ঃ ॥

অথ সমাত্রিকং ॥

গাঢ়বিস্রম্ভনির্ভেদপ্রেমবন্ধং সমাত্রিকং ॥ ৮ ।

তত্র সমপ্রখরা ।

আনন্দচন্দ্রিকা টীকা

স যদীতি যদৈব ত্বমিহায়াতা তদৈবাস্তদৈব ইত্যর্থঃ লীলাগতিং শীলয়া গমনং ইতো দূরে কস্মৈ স্বকৃত্যায় তনোতি তদহং কিং জ্ঞাতুমীশে ইতি ভাবঃ চণ্ডি হে কোপনে। অস্য স্বচ্ছন্দচরিতস্য রাজপুত্রস্য কিমহং শাস্ত্রী কিবা ইতঃ পলায্য তিষ্ঠামীতি ভাবঃ

গাঢ়ঃ সৌভাগ্যস্য ন্যূনাতিরেকাভাবাদতিনিবিড়ো যো বিশ্রম্ভঃ সখ্যং তেন নির্ভেদ একাত্মকঃ প্রেমা তেন বন্ধঃ পরস্পরাত্তাসক্তং ॥ ৮

কথা দূরে থাকুক্ আমি তাঁহার প্রতি ঈষৎ দৃষ্টি মাত্রও নিক্ষেপ করি নাই, তুমি কেন আমাকে অনর্থক দোষভাগিনী করিতেছ হে কোপনে! শ্রীকৃষ্ণ যদি অদূরে আপনার নর্ত্তনশীল মকরকুণ্ডলের লীলাগতি বিস্তার করেন, তাহা হইলে আমি কি বিধান করিব উপদেশ দাও, তিনি স্বচ্ছন্দচারী রাজপুত্র, তাঁহাকে আমি শাসন করিতে সমর্থা হইব না, অতএব আমার এ স্থান হইতে দূরে পলায়ন করাই উচিত।

উক্ত যূথমধ্যে চিত্রা এবং মধুরিকা প্রভৃতিকে অধিক মৃদ্বী বলিয়া নির্দ্দেশ করা যায় ॥

অথ সমাত্রিক ॥

সৌভাগ্যে ন্যূন অথবা আধিক্যের অভাব বশতঃ যে গাঢ়সখ্য হয়, তদ্দ্বারা একাত্মতা প্রযুক্ত পরস্পরের আসক্তিই সমাত্রিক ॥ ৮ ॥

এতন্মধ্যে প্রখরা ॥

প্রবিশতি হরিরেষ প্রেক্ষ্য নৌ হৃষ্টচেতাঃ
সখি সপদি মুধা ত্বং সংভ্রমাখ্যা প্রযাসীঃ।
পৃথুভুজপরিঘাভ্যাং স্কন্ধয়োরর্পিতাভ্যাং
তটভুবি সুখমাবাং মণ্ডিতে পর্য্যটাবঃ ৯।

অথ সমমধ্যা।

শ্যামে গৌরি হরিঃ ক্ব দীব্যতি সখি ক্ষৌণীভৃতঃ কন্দরে

লোচনরোচনী টীকা

পৃথুভুজপরিঘাভ্যামিত্যত্র শ্রীকৃষ্ণস্যেতি গম্যত এব। ৯।

শ্যামে গৌরি ইতি মিথঃ সম্বোধনক্রমঃ তত্র শ্যামাহ হরিঃ ক্ব দীব্যতি সখীতি।

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধয়ৈব কৃতদূত্যয়োঃ স্বপ্রাণসখ্যোস্তৎপ্রীত্যনুরোধেনৈবাভিসরন্ত্যোঃ সময়োর্মধ্যে প্রখরা প্রাহ প্রবিশতীতি পৃথুভুজপরিঘাভ্যামিতি পৃথুভুজপরিঘপদেন শ্রীকৃষ্ণস্যেতি গম্যতে তদপ্যস্যেতি সম্বন্ধিপদানুপাদানং লজ্জাসম্বহিত্থাদি ব্যঞ্জয়তি ৯

প্রিয়সখ্যোর্মিথঃ পরিহাসস্যোক্তিপ্রত্যুক্তী। প্রথমং শ্যামে গৌরীতি মিথঃ সম্বোধনমাসীৎ শ্যামাহ হরিঃ ক্ব দীব্যতি গৌরী তু বক্রোক্ত্যা হরিশব্দস্য সিংহবাচকত্বং খ্যাপয়ন্তী শ্রীশ্বয়ং

পরস্পর তুল্য অথচ সমপ্রখরা দুইজন প্রাণসখী আপনার দৌত্য-কার্য্যে নিযুক্ত থাকাতে শ্রীরাধা প্রীত্-চিত্তে ঐ দুইজন সখীকে অনুরোধ করত শ্রীকৃষ্ণের নিকট অভিসারার্থ অনুমতি প্রদান করিয়াছিলেন। অনন্তর ঐ তুল্যসখীদ্বয়ের মধ্যে কোন এক প্রখরা কহিল সখি। আমাদের দুই জনকে দেখিয়া ঐ দেখ হর্ষচিত্তে হরি আসিতেছেন, অতএব তুমি আর মিথ্যা সম্ভ্রম প্রকাশ পূর্ব্বক পলায়ন করিও না, চল, আমরা উহাঁর পরিঘতুল্য বাহুযুগল স্কন্ধে ধারণ করিয়া মনোহর যমুনা-তটে পর্য্যটন করি ॥ ৯ ॥

অথ সমমধ্যা ॥

দুই জন তুল্যা সখীর পরস্পর উক্তি প্রত্যুক্তি যথা—

শ্যামা কহিলেন, হে গৌরি! গৌরী কহিলেন, হে শ্যামে! অনন্তর শ্যামা জিজ্ঞাসা করিলেন, গৌরি! হরি কোথায় ক্রীড়া করিতে-

কিং পঞ্চাস্যনখাঃ স্ববিক্রমমধুর্বক্ষোজকুম্ভে তব।

লোচনরোচনী টীকা।

গৌর্য্যাহ গৌণীভূত ইত্যাদি তত্র * দচ্ছলং প্রাপ্য সিংহবাচকেন শব্দান্তরেণ পরিহসন্তী শ্যামাহ কিং পুঞ্চেত্যাদি। অত্রাস্য পঞ্চ নখা ইতি তু প্রতিপাদ্যং। অধুর্ধৃতবন্তঃ। পূর্ব্ববৎ

আনন্দচন্দ্রিকা টীকা।

তু ন জানাসীতি ব্যঞ্জয়ন্তী প্রাহ ক্ষৌণীভৃতঃ কন্দর ইতি। ততশ্চ সত্যং সিংহমেব পৃচ্ছামীতি ব্যঞ্জয়ন্তী শ্যামা সভয়াভিনয়ং প্রাহ পঞ্চাস্যস্য সিংহস্য নখাস্তব বক্ষসি জাতে কুম্ভে করিকুম্ভ-স্থলে স্ববিক্রমং কিং অধুর্ন বা যদ্যপ্যধুস্তর্হি বস্ত্রমুদ্ঘাট্য দর্শয় কীদৃশী ব্যথা জাতা তস্যাশ্চি-কিৎসাং যতস্ততঃ স্পৃষ্ট্বা করিষ্যামীতি ভাবঃ। পক্ষে অস্য শ্রীকৃষ্ণস্য পঞ্চ নখা অত্র কুম্ভে

ছেন? গৌরী কহিলেন, গোবর্দ্ধনকন্দরে, পুনরায় শ্যামা জিজ্ঞাসা করিলেন প্রিয়সখি! তোমার বক্ষোজকুম্ভে পঞ্চাস্যের (সিংহের) নখর কি আপনার বিক্রম প্রকাশ করিয়াছে? গৌরী কহিলেন, সুন্দরি! দেখিতেছি যে,সেই নাগমথন (সিংহ) গর্জ্জন পূর্ব্বক তোমাকেই আক-র্ষণ করিতেছে, শ্যামা কহিলেন, হে মিথ্যালাস্য-নটি (মৃষাভাষিণি।) সেই সুকণ্ঠীরবে (সিংহে) তুমিইত রমণ করিতেছ। এই প্রকারে শ্যামা ও গৌরী পরস্পর পরিহাস করিতে আরম্ভ করিলেন॥

তাৎপর্য্য। প্রথমতঃ শ্যামা ও গৌরীর পরস্পর সম্বোধন মাত্র। অনন্তর শ্যামা গৌরীকে জিজ্ঞাসা করিলেন সখি! হরি কোন্ স্থানে ক্রীড়া করিতেছেন, এই প্রশ্নে গৌরী বক্রোক্তি দ্বারা হরিশব্দের সিংহ-বাচকত্ব প্রকাশ করত কহিলেন, হরি ভূধরগহ্বরে অর্থাৎ গোবর্দ্ধন-কন্দরে ক্রীড়া করিতেছে, অনন্তর শ্যামা এই কথা শুনিয়া নিশ্চয় করি-লেন, গৌরী ত আমার সহিত ছল আরম্ভ করিল, অতএব আমিও তদ্রূপ জিজ্ঞাসা করি, এই স্থির করিয়া সন্তুষ্টচিত্তে বিনয় করিয়া কহি-লেন সখি! তোমার বক্ষোজকুম্ভোপরি করিকুম্ভ ভ্রমে পঞ্চাস্যের (সিংহের) নখর সকল কি আপনার বিক্রম ধারণ করিয়াছে, যদি তাহাই

আকর্ষত্যভিতঃ স নাগমথনস্ত্বামেব কৃত্বা রবং
মিথ্যালাস্যনটিং ত্বমেব রমসে তস্মিন্ সুকণ্ঠীরবে ১০ ॥

লোচনরোচনী টীকা।

গৌর্য্যাহ আকর্ষতীত্যাদি। তত্র নাগমথনঃ সিংহঃ কালিয়দমন ইতি প্রতিপাদ্যং, শ্যামাহ মিথ্যেতি। মিথ্যৈব লাস্যং তত্র হে নটি সুকণ্ঠীরবে সৌষ্ঠববতি সিংহে। সুকণ্ঠীত্বমিত্যাদি

আনন্দচন্দ্রিকা টীকা।

ইত্যেকবচনেন নখানাং পঞ্চসংখ্যাকত্বেন শ্রীহরের্দ্দক্ষিণহস্তেন বামস্তনগ্রহণং বামহস্তেন শিরোবগুণ্ঠনাপসারণং গম্যতে অন্যে নামাস্তু নাস্তু বা এতন্মাত্রসম্ভোগস্তবস্তুমেবাভূদিতি ভাবঃ ততশ্চ সিংহস্য চরিতং যৎ পৃচ্ছসি তন্মন্যে ত্বয়া তন্মুহুরনুভূতমিতি ব্যঞ্জয়ন্তী গৌরী প্রাহ আকর্ষতীতি নাগমথনোঽস্তিদমনঃ তেন ত্বামেব হস্তিনীমাকর্ষতি ন তু মাং মৃগীমিতি ভাবঃ পক্ষে নাগঃ কালিয়ঃ রবং মুরলীরবং পুনঃ শ্যামা প্রাহ মিথ্যৈব লাস্যং তত্র হে নটি অহং হস্তিনী ত্বং মৃগীতি ত্বদুক্তমেতদ্বয়মপি মিথ্যৈবেত্যর্থঃ কিন্তু শোভনে কণ্ঠীরবে সিংহে তস্মিন্ ত্বমেব রমসে অতস্ত্বং সিংহী ভবসি তন্মুখস্পর্শেঽপি তব স্ব স্তিমত্বাদেবানুমীয়ত ইতি ভাবঃ। পক্ষে ত্বং সুকণ্ঠী অতো গানবিজ্ঞত্বাত্তস্মিন্

হয় তবে আপনার বস্ত্র উদ্ঘাটন করিয়া দেখাও কিরূপ ব্যথা জন্মিয়াছে দেখি, যাকে তাকে জিজ্ঞাসা করিয়া ঐ ব্যথার উপশম করিব, গৌরী কহিলেন, প্রিয়সখি! সেই নাগমথন (হস্তিদমন) গর্জ্জন করিয়া করিণীরূপা তোমাকেই সর্ব্বতোভাবে আকর্ষণ করিতেছে, পুনর্ব্বার শ্যামা কহিলেন, হে নটি! তোমার এ মিথ্যানাট্য, আমি হস্তিনী আর তুমি যে মৃগী এ দুইটী মিথ্যা, কিন্তু দেখিতেছি যে, সুকণ্ঠীরবে (সিংহে) তুমিই রমণ করিতেছ অতএব তোমাকে সিংহী বলিয়া অনুমিত হইতেছে, কেন না পঞ্চাস্যের নখাঘাতে তোমারই রমণ দেখিতেছি? ॥

নন্থ শোকামর্য্যাদিভির্ভাবৈরাক্রান্তং যস্য মানসং কথং তত্র মুকুন্দস্য স্ফূর্ত্তিসম্ভাবনা ভবেদিতি সাধকানামপি ভক্তিপ্রতিকূলত্বেনোক্তা দ্বেষাদয়ঃ কথং সিদ্ধানাং প্রেম্নামনুকূলা ভবন্তিতি সত্যং সাধকত্বদশায়াং তে রাগদ্বেষাদয়ো মনোবিকারাঃ প্রাকৃতাঃ ভক্তৌ বিরুদ্ধ্যন্ত এব সিদ্ধদশায়াস্তু অন্তঃকরণস্য প্রেমাকরত্বাত্তদ্বৃত্তয়োঽপি যঃ শোক-মোহ-রাগ-দ্বেষাদয়স্তদাকারাঃ প্রেম্নো ন ভিদ্যন্তে ইতি ভক্তিরসামৃতসিন্ধৌ উন্মজ্জন্তি নিমজ্জন্তি স্থায়িন্য মৃতবারিধৌ। ঊর্ম্মিবদ্বর্দ্ধয়ন্ত্যেনং যান্তি তদ্রূপতাঞ্চ ত ইতি নির্ব্বেদাদ্যাঃ সঞ্চারিণো মনো ধর্ম্মা অপি সাত্ত্বিকরাজসতামসাকারত্বেন প্রতীয়মানা অপি নির্গুণা এব ব্যাখ্যাতাঃ প্রেম্ন এব স্থায়িভাবত্বাৎ স্থায়িন এব তত্তদ্রূপেণাবির্ভাবাৎ নন্থ প্রেমৈব কথং প্রাকৃতো নাস্তু তস্যাপি নির্গুণত্বে কিং প্রমাণং উচ্যতে লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্যেত্যুদাহৃতমিতি শ্রীভাগবতমেব তস্যা এব ভক্তেঃ পরিণতিদশায়াং প্রেমেতি নাম ভক্ত্যা সংজাতয়া ভক্ত্যা বিএত্যুৎপুলকাং তনুমিত্যুক্তেঃ কিঞ্চ প্রেম্নো গুণময়ত্বে সর্ব্বশাস্ত্রেষু শ্রীভগবতঃ প্রেমাধীনত্বপ্রথা অপলপিতা এব স্যাৎ। হরির্হি নির্গুণঃ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতেঃ পর ইত্যুক্তে র্নহি নির্গুণস্য প্রকৃতেঃ পরস্য শ্রীভগবতো গুণময়প্রেমাধীনত্বং যুজ্যেত নন্বস্তু প্রেমা নির্গুণঃ কথং মনোবৃত্তীনামপি তন্ময়তা আধারাধেয়সম্বন্ধেন চেদজাতরতীনামাবদ্ধভজনগন্ধানামপি ভক্তানামন্তঃকরণস্য ভক্ত্যধিকরণত্বে তদ্বৃত্তীনামপি তন্ময়ত্বে কথং রাগদ্বেষাদয়ে ভক্তেঃ প্রতিকূলায়ন্তাং সত্যং নাত্রাধারাধেয়সম্বন্ধেনৈক্যমুচ্যতে কিন্তু তং বিনৈব তথাহি প্রথমং স্বানামিত্যাদিরীত্যা ভক্তেঃ কর্ণপ্রবেশমাত্রেণৈব ঝটিতি ন তেন মেলনং স্যাৎ কিন্তু নিরন্তরমন্তঃকরণেন সহ ভক্তেরভ্যাসপৌনঃপুন্যেনানর্থনিবৃত্তিনিষ্ঠারুচ্যাসক্তিভূমিকারোহানন্তরমেব যাবচ্চ তয়া ন মেলনং স্যাৎ তাবন্মনোবৃত্তয়ো রাগদ্বেষাদয়ঃ প্রাকৃতা অনর্থকরা এব যথা গন্ধকচূর্ণেষু পারদস্য প্রবেশমাত্রেণৈব ন মেলনং কিন্তু সংমর্দ্দপৌনঃপুন্যেন চিরেণৈব মেলনে চ যথা গন্ধকস্য স্বাকারাপগমো রূপান্তরপ্রাপ্তিস্তথৈবান্তঃকরণস্য প্রাকৃতধ্বংসশ্চিন্ময়ত্বাবাপ্তিঃ যথৈব পারদগন্ধয়োরৈকরূপ্যং কজ্জলীভাবস্তথৈব ভক্ত্যন্তঃকরণয়োরৈকরূপ্যং প্রেমা যথৈব পারদঃ সর্ব্বত্রালিপ্তোঽপ্যহন্তর্ভূতপার্ব্বতীপ্রীতিকং গন্ধকমেব স্বসংঘর্ষেণ স্বরূপান্তরং নয়ন্ স্বয়মনষ্টস্বরূপ এব তদুপরক্তত্বেনৈব কিমপি পরিপাকবিশেষেণ নামরূপবৈলক্ষণ্যং স্বীয়মেব ভজতে তথৈব কর্ণরন্ধ্রাদিদ্বারা শ্রবণ কীর্ত্তনাদিরূপো ভগবানন্তর্ত্রালিপ্তোঽপি প্রীতিমদন্তঃকরণং প্রবিশ্য স্বশক্ত্যা স্বসংঘর্ষণেন তাং চিদ্রূপতাং নয়ন্ তদুপরক্ততয়া তদৈক্যেনোত্তরোত্তরপরিপাকবিশেষেণ প্রেমস্নেহপ্রণয়াদিনামরূপবৈলক্ষণ্যং প্রাপ্নোতি যথা চ তচ্চ পুনর্বন্ধুকুলবস্তুসংযোগেনানেকান্ ভেদান্ ধত্তে তথৈব প্রেমাপি শ্রীভগবতো দাসসখি গুরু কান্তাভাবমিশ্রণেন দাস্যাদিপ্রভেদং এবঞ্চ সাধনসিদ্ধানামপি প্রেমা যদ্যেতাদৃশত্বেন নিরূপিতস্তদা নিত্যসিদ্ধানাং নিত্যসিদ্ধ এব প্রেমণি কঃ সন্দেহ ইতি। অথ প্রকৃতমনুসরামঃ নন্বস্তু হরিপ্রিয়জনে সিদ্ধে দ্বেষাদীনামনৌচিত্যাভাবঃ

যথা—

সম্মোহনস্য কন্দর্পবৃন্দেভ্যোঽপ্যঘবিদ্বিষঃ।
মূর্ত্তো নম্রপ্রিয়সখঃ শৃঙ্গারো বর্ত্ততে ব্রজে
ক্ষিপেন্মিথো বিজাতীয়ভাবয়োরেষ পক্ষয়োঃ।

লোচনরোচনী টীকা।

অত্র সাধারণস্যাপি শৃঙ্গারবসস্য ঔজ্জ্বল্যং সাপত্ন্যাদিময়ত্বেনৈব তচ্ছাস্ত্রে মতং কিমুত শ্রীকৃষ্ণলীলাময়স্য তস্যেত্যাহ সম্মোহনস্যেতি কন্দর্পবৃন্দান্যপ্যতিক্রম্য সম্মোহনস্যেতি সর্ব্বাসামেব পৃথক্ পৃথক্ তত্র গাঢ়সম্ভোগলালসা দর্শিতা সাক্ষান্মন্মথমন্মথ ইতি শ্রীভাগবতোক্তং তস্য মহামন্মথত্বং সূচিতং মহামন্মথত্বেচ শৃঙ্গারপবিকরত্বে চ সতি তাসাং সম্ভোগশ্চ ভক্তান্তরাণাং সেবকাদিকমিব যৌগপদ্যেন ন সম্ভবতি তস্মাদীর্ষ্যাদিকং জায়তে এবেতি ভাবঃ। কিঞ্চ অঘবিদ্বিষ ইতি অঘস্যাপি মোক্ষদাতৃত্বেন সর্ব্বাশ্রয়পরমপাবমৈশ্বর্য্যাৎ। দেবত্বে দেবদেহা সা মানুষত্বে চ মানুষীতি দিশা প্রেগসীগণবিশেষত্বেন লক্ষ্যাদিবচ্ছৃঙ্গারোঽপি প্রিয়নর্ম্মসখত্বেন ব্রজেঽপি বর্ত্তত এব যদি চাসৌ বর্ত্ততে তদীর্ষ্যাদিসপবিবাবান্ ক্ষিপেৎ তত্র তত্র প্রবর্ত্তয়ত্যেব নত্বীর্ষ্যাদীন্ বিশেষেণ ক্ষিপতি চেত্তর্হি সখীস্থহৃদ্বর্গৌ কথং দর্শিতৌ তত্রাহ মিথোবিজাতীয়ভাবয়োঃ পরপক্ষয়োঃ ক্ষিপতীতি। লোকে যথা ব্যাবহারিকমিথো-

আনন্দচন্দ্রিকা টীকা।

তদপ্যেষ শৃঙ্গাররসস্তান্ বিনৈব কথং নির্বহতু ইত্যত আহ সংমোহনস্যেতি। একঃ কন্দর্প এব লোকে সম্মোহয়তি তৎ সম্বন্ধিনোঽপি শৃঙ্গারবসস্য কবিভির্ভবতপ্রণীতরসশাস্ত্রদৃষ্ট্যা খণ্ডিতাবিপ্রলব্ধাদিবর্ণনে প্রাকৃতৈরপীর্ষ্যাদ্বেষাদিভাবৈরেব নির্বাহপরিপোষৌ বর্ণিতৌ তাদৃশানাং কন্দর্পাণাং বৃন্দেভ্যোঽপি সকাশাৎ সম্মোহনস্যাঘবিদ্বিষঃ শৃঙ্গারস্য চিন্ময়ৈস্তৈর্বিনা তৌ কথং ভবেতামিতি ভাবঃ। শ্লেষো স্বরসাস্বাদয়িতৃণাং সর্ব্বস্যাপ্যঘস্য বিদ্বেষ্টুঃ খণ্ডকস্য লৌকিকঃ কন্দর্পস্তু তেষাং পাপবর্দ্ধক এব ভবতীতি ভাবঃ। তথাভূতস্য শ্রীকৃষ্ণস্য শৃঙ্গারো রসো নাম ব্রজে মূর্ত্তো মূর্ত্তিমানেব বর্ত্ততে তদবতারত্বেন উজ্জ্বলশৃঙ্গারনামৈবেত্যর্থঃ। সপরস্পরবিজাতীয়ভাববতোঃ পক্ষয়োঃ পরস্পরবৈরিণোরিত্যর্থঃ। স্বস্য স্থায়িরূপস্য

যথা।

কন্দর্পবৃন্দের সম্মোহক অঘরিপুর প্রিয়নর্ম্মসখা স্বরূপ শৃঙ্গাররস মূর্ত্তিমান্ হইয়া ব্রজমধ্যে বিরাজ করিতেছে। কিন্তু ঐ শৃঙ্গার-রস

ঈর্ষ্যাদীন্ স্বপরিবারান্ যোগে স্বপ্রেষ্ঠতুষ্টয়ে
অতএব হি বিশ্লেষে স্নেহস্তাসাং প্রকাশতে ॥ ২৮ ।
যথা ললিতমাধবে ।

লোচনরোচনী টীকা

বিজাতীয়ভাবযোর্মিথো বিপক্ষত্বং তথা তাস মাং শ্রীকৃষ্ণবিষয়ে বিজাতীয়ভাবানাং মিথো-বিপক্ষত্বং স্যাৎ পরস্পরমরোচকত্বাৎ তা সামেব মিথোঽসাবীর্ষ্যাদীন্ ক্ষেপ্তুং শক্নোতি। যূনামেব কামঃ কামমিবেতি তত্র ভাবানাং সাজাত্যবৈজাত্যে দর্শয়িষ্যতে নচ বক্তব্যং তেন শ্রীকৃষ্ণস্য তাস্বিয়সহনং স্যাৎ ইত্যালোচ্যাহ প্রেষ্ঠস্য শ্রীকৃষ্ণস্য তুষ্টয় এব ক্ষিপতীতি পরস্পরমীর্ষ্যাদয়ঃ শ্রীকৃষ্ণরাগমেব পুষ্ণন্তি পুষ্ণে চ রাগে তস্য তুষ্টিরেব জায়তে ইত্যর্থঃ। বিরুদ্ধায়মানত্বেঽপি ব্যভিচারিণঃ স্থায়িপোষকা ভবন্তীতি তাসাং তে চের্ষ্যাদয়ো বহির্বৃত্তা-বেবোদীয়ন্তে নান্তর্বৃত্তৌ সর্ব্বাসাং ত্বদেকজীবনত্বাদাত্মৈকজীবনানাং চক্ষুরাদীনামিব ততশ্চ যোগ এব তাসু সোঽসৌ তান্ ক্ষেপ্তুং শক্নোতি ন বিয়োগে নহি যথা জাগরে স্বস্ববিষয়া-নাস্বাদয়িতুং মিথঃ স্পর্দ্ধমানানি চক্ষুরাদীনি প্রত্যেকমাত্মানুগতিং বাঞ্ছন্তি। তথা সুষুপ্তা-বপি কিন্তু আত্মন ঔদাসিন্যময্যাং সুষুপ্তৌ সর্ব্বাণ্যপি মিলিত্বাত্মমাত্রানুগতানি তিষ্ঠন্তি নতু মিথঃ স্পর্দ্ধমানানি তদ্বদত্রাপীত্যাহ ঈর্ষ্যাদীনিতি তত্র যোগে যুগপৎ প্রোষিতভর্তৃকা-বস্থাত্বং বিনান্যাবস্থত্বে বিশ্লেষে যুগপৎ প্রোষিত ভর্তৃকাবস্থত্বে ইত্যর্থঃ ২৮

আনন্দচন্দ্রিকা টীকা

পরীবারান্ পোষকান্ সঞ্চারিরূপান্ ঈর্ষ্যাদীন্ ক্ষিপেৎ অর্পয়েৎ প্রযোজনমাহ স্বপ্রেষ্ঠস্য শ্রীকৃষ্ণতুষ্টয়ে তত্তদ্ভূতস্বীয় ধৃষ্টত্বাদিকৌতুকবিলাসসুখায়েত্যর্থঃ যোগে যোগমাত্রে যস্যাঃ কস্যা অপি নায়িকায়াঃ সংযোগসম্ভাবনায়ামপীত্যর্থঃ তেন স্ববিরহেঽপি তস্যা অমূনি নঃ ক্ষোভমিতীর্ষ্যা দৃষ্টা। বিশ্লেষে যুগপৎ সর্ব্বাসাং সংযোগসম্ভাবনায়ামভাবে ইত্যর্থঃ তেন দদৃশুঃ প্রিয়বিশ্লেষান্মোহিতাং দুঃখিতাং সখীমিতি সখীপদোপন্যাসঃ ততশ্চ যুগপৎ সম্ভোগ-শৃঙ্গারসধর্ম্মা এব দ্বেষের্ষ্যাদয়ো ভাবাঃ নতু হরিপ্রিয়জনাঃ সদা পরস্পরদ্বেষের্ষ্যাদিমন্ত ইতি ভাবঃ ২৮।

আপনার পরমপ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের তুষ্টি নিমিত্ত স্বীয় পরিবারবর্গ ঈর্ষ্যা-দিকে সংযোগ সময়ে পরস্পর বিজাতীয় ভাব পক্ষদ্বয়ে নিক্ষেপ করে, পরন্তু ঐ পরস্পর বিপক্ষভাবদিগের বিশ্লেষদশাতে স্নেহভাব প্রক-টিত করিয়া দেয় ॥ ২৮ ॥

যথা ললিতমাধবে ॥

স ত্বৈঃ সুন্দরি বৃন্দশো হরিপরিষ্বঙ্গৈরিদং মঙ্গলং
দৃষ্টং তে হত রাধয়াহঙ্গময়া দিষ্ট্যাদ্য চন্দ্রাবলি।
দ্রাগেনাং নিহিতেন কণ্ঠমভিতঃ শীর্ণেন কংসদ্বিষঃ
কর্ণোত্তংসসুগন্ধিনা নিজভুজদ্বন্দ্বেন সঙ্কুক্ষয় ॥ ২৯

লোচনরোচনী টীকা।

তত্রোদাহরণমাহ যথেতি। তত্র সাত্রৈঃ সুন্দরীতি বিরহাবস্থায়াং শ্রীরাধিকাবচনং সঙ্কুক্ষয় জীবয় তদেবং শ্রীরাসপঞ্চাধ্যায্যামপি বর্ণ্যতে তস্যা অমূনি নঃ ক্ষোভং কুর্ব্বন্ত্যঙ্গৈঃ পদানি যৎ ইত্যেকাসাং বিশ্লেষে উভয়াসান্তু বিশ্লেষে দদৃশুঃ প্রিয়বিশ্লেষাদুঃখিতাং মোহিতাং সখীমিতি। ২৯

আনন্দচন্দ্রিকা টীকা।

মথুরাবিরহে বিষীদন্তী শ্রীরাধা স্বমূর্ত্তিং গোবর্দ্ধনশিলায়াং প্রতিবিম্বিতাং চন্দ্রাবলীত্বেন নিশ্চিন্বতী প্রাহ সাত্রৈরিতি। বৃন্দশো বহুবারান্ এনাং রাধাং 'মাং কণ্ঠমভিতঃ কণ্ঠস্য সর্ব্বদিক্ষু নিহিতেনার্পিতেন শীর্ণেন শ্রীকৃষ্ণবিরহাৎ ক্ষীণেন সঙ্কুক্ষয় জীবয়। কংসদ্বিষঃ শ্রীকৃষ্ণস্য কর্ণাবতংসসুগন্ধধারিণা ইত্যনেন ত্বৎসম্ভোগানন্তরং স্বভুজদ্বন্দ্বমুপাধায় ক্রমেণদক্ষিণ বামপার্শ্বসোত্তেন শয়িতমিত্যভিব্যজ্য তাদৃশসৌভাগ্যভাজন স্বভুজাশ্লেষেণাহমপি পরস্পরয়া তদীয়াশ্লেষসুখমেবানুভবানীতি ধ্বনিতং ২৯

মাথুরবিরহে খেদান্বিতা শ্রীরাধা গোবর্দ্ধনশিলায় স্বীয় মূর্ত্তি প্রতিবিম্বিতা দেখিয়া চন্দ্রাবলীত্ব রূপে নিশ্চয় করত কহিলেন সুন্দরি! তুমি হরিসহ বহুবার আলিঙ্গন করিয়াছ, তাহাতেই তোমার এই অঙ্গ মঙ্গল যুক্ত হইয়াছে, যাহাহউক সৌভাগ্যের বিষয় এই যে, তোমার এই অঙ্গ আমার নেত্রগোচর হইল, অতএব হে সখি! ত্বদীয় ঐ শীর্ণ বাহু যাহা কংসরিপুর কর্ণোৎপলের সৌরভ বহন করিতেছে, উহা দ্বারা আমার কণ্ঠদেশ সর্ব্বতোভাবে বেষ্টন করিয়া আমাকে জীবিতা কর॥

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে, শ্রীকৃষ্ণের সহিত সংযোগ সময়ে রাধা এবং চন্দ্রাবলীর পরস্পর বিপক্ষতা ঘটে, কিন্তু ঐ শ্রীকৃষ্ণের সতি বিশ্লেষদশা উপস্থিত হইলেই ঐ দুই-জনের আবার পরস্পর স্নেহভাব সম্পন্ন হয়॥

যূথেশাযাঃ স্বপক্ষাদিভেদহেতুরথোচ্যতে।
ভাবস্য সর্ব্বথৈবাত্র সাজাত্যে স্যাৎ স্বপক্ষতা

লোচনরোচনী টীকা।

স্বজাতীয়বিজাতীযভাবভ্যাং মিথঃস্বপক্ষাদিভেদং বিবৃণোতি যথেশাযা ইতি ভাবস্য প্রেমবিশেষ ভাবস্য সাহং কৃষ্ণস্যেতি মমায়ং কৃষ্ণ ইতি দ্বিধাভিন্নস্য মিথঃ সাজাত্যে সতি চক্ষুষোরিব কর্ণযোরিব চ মিথঃ সপক্ষতা স্যাৎ এবং মনাগেতস্যেতি সাজাত্যস্য তথাত্বে

আনন্দচন্দ্রিকা টীকা।

নন্থ রসোঽপ্যেকঃ শৃঙ্গার এব বিষয়োঽপ্যেবঃ শ্রীকৃষ্ণ এব তদপি তদাশ্রয়ালম্বনানাং ব্রজসুন্দরীণাং পরস্পরবিপক্ষসুহৃৎপক্ষাদিত্বং কথমিত্যত আহ যূথেতি অয়মত্র বিবেকঃ বিনযবতান্তঃকরণেন মধুরাখ্যস্য প্রীতিবস্তুনো মেলনে বিনয়াৎ সকাশাৎ প্রীতেরতিতমাং জাতিপ্রমাণাভ্যামাধিক্যে বিনযস্য প্রীতিনিগীর্ণত্বে মমায়ং কৃষ্ণ ইতিপ্রকারকো মদীয়তাময়ো মধুস্নেহাখ্যো ভাবঃ স্থাযী আদরপ্রাকট্যশূন্যো ভবতি তথা বিনয়াৎ সকাশাৎ

অপর পূর্ব্বে কথিত হইয়াছে যে, হরিপ্রিয় জনে দ্বেষাদি প্রতিকূল ভাব উচিত নয, এই কথা যাহারা বলে তাহাদের রসজ্ঞান নাই। কারণ উক্ত বাদিদিগের মত এই যে "শোকামর্ষাদিভির্ভাবৈরাক্রান্তং যস্য মানসং কথং তত্র মুকুন্দস্য স্ফূর্ত্তিসম্ভাবনা ভবেৎ" অর্থাৎ শোক ও অমর্ষাদি ভাব দ্বারা যাহার চিত্ত আক্রান্ত হয়, তাহার ঐ চিত্তে কি প্রকারে মুকুন্দের স্ফূর্ত্তি সম্ভবিবে, ইত্যাদি বচন হেতু দ্বেষাদি ভাবসাধক ভক্তদিগের যখন ভক্তিপ্রতিকূল বলিয়া উক্ত করা হইয়াছে তখন ঐ ভাব কি প্রকারে সিদ্ধগণের প্রেমাবস্থায় অনুকূল হইবে? সত্য, তাহার উত্তর এই যে, সাধক দশায় রাগ দ্বেষাদি মনোবিকার হেতু প্রাকৃত, সুতরাং ভক্তিযোগে বিরুদ্ধ হয়, আর সিদ্ধ দশায় অন্তঃকরণের প্রেমাকার হেতু তদুৎপন্ন রাগ দ্বেষাদিরও প্রেমময়ত্ব হইয়া থাকে অতএব ঐ ভাব প্রেমকে আর ভেদ করিতে পারে না। ২৯।

অনন্তর যূথেশ্বরীদিগের স্বপক্ষাদি ভেদের যে কারণ, তাহা প্রদর্শিত হইতেছে। ভাবের সর্ব্বপ্রকার সাজাত্য অর্থাৎ সমান জাতিত্ব হইলেই স্বপক্ষতা হয়। আর যদিচ ঈষৎ বৈজাত্য থাকে তাহা হইলে

মনাগেতস্য বৈজাত্যে সুহৃৎপক্ষত্বমীরিতং ॥
সাজাত্যস্য তথাল্পত্বেঽসতি জ্ঞেয়া তটস্থতা।
সর্ব্বথা খলু বৈজাত্যে নিশ্চিতা প্রতিপক্ষতা ॥ ৩০ ॥

লোচনরোচনা টীকা।

একত্র সজাতীয়তা তস্যাগমে নান্যত্র প্রাচুর্য্যে মিথঃ প্রবেশো ন জায়তে তদল্পতাময়্যা অবজ্ঞাবিষয়ত্বাৎ তৎপ্রাচুর্য্যময়্যা সঙ্কোচবিষয়ত্বাৎ তাটস্থ্যং জায়ত ইত্যর্থঃ এবং সর্ব্বথেতি। ৩০

আনন্দচন্দ্রিকা টীকা

প্রীতেরাধিক্যাভাবে প্রীতিময়ানাং বিনয়ানি মুদ্ভাসন্তে প্রাকট্যে কৃষ্ণস্যাহং কান্তেতিপ্রকারকাভিমানেন তদীয়তাময়ো ঘৃতস্নেহাখ্যোভাবঃ স্থায়ী আদরময়ো ভবতি ভাবয়োবনয়োর্মধুঘৃতয়োরিব পরস্পরসাজাত্যাভাবাত্তুল্যপ্রমাণয়োর্মেলনে বিসদৃশধর্ম্মকত্বাচ্চ তত্তদ্ভাবত্যোঃ কান্তয়োরপি পরস্পরভাবাবোচকত্বাৎ পরস্পরবিপক্ষতৈব স্যাৎ তে চ কান্তে মুখ্যত্বাৎ রাধাচন্দ্রাবল্যাবেব জ্ঞেয়ে কিন্তু তুল্যপ্রমাণকবিনয়বত্যোরপি রাধাচন্দ্রাবল্যোর্মধ্যে শ্রীরাধাবিনয়স্যোক্তিযুক্ত্যা প্রীত্যা নিগীর্ণত্বেনৈব ন বহিঃ প্রাকট্যং। ন পুনশ্চন্দ্রাবল্যাঃ সকাশাৎ বিনয়োঽল্প ইতি জ্ঞেয়ং এবঞ্চ ললিতাবিশাখাদীনাং শ্রীরাধাচন্দ্রাবলীভ্যাং সকাশাদ্বিনয়স্যাল্পত্বেঽপি বিনয়াপেক্ষয়া প্রীতেরতিতরামাধিক্যে বিনয়স্য প্রীতিনিগীর্ণত্বে মধুস্নেহ এব তদ্বত্যো ললিতাদয়ঃ শ্রীরাধায়াঃ সকাশাদল্পপ্রমাণকপ্রেমবত্যোঽপি সর্ব্বথা ভাবসাজাত্যবত্যস্তস্যাঃ স্বপক্ষ এব সখীত্বযূথেশ্বরীত্বয়োস্তু প্রেমতারতম্যমেব সর্ব্বত্র কারণং জ্ঞেয়ং এবমেব শ্রীরাধাচন্দ্রাবলীভ্যাং সকাশাৎ পদ্মাদীনাং বিনয়স্যাল্পত্বে বিনয়াপেক্ষয়া প্রীতেরাধিক্যাভাবে ঘৃতস্নেহ এব তদ্বত্যস্তাশ্চন্দ্রাবল্যাঃ স্বপক্ষঃ ললিতাদীনান্তু বিপক্ষ এব। মনাগিতি এতস্য ভাবস্য মনাগ্বৈজাত্যে বহুতরসাজাত্যেন তদভাবেঽপ্যল্পমাত্রবৈজাত্যপ্রক্ষেপে সতীত্যর্থঃ তথাহি বিনয়স্য প্রীত্যা নিগীর্ণপ্রায়ত্বে ঈষদ্বিনয়োদ্ভাসে ঈষদ্ঘৃতস্নেহসম্পৃক্তোমধুস্নেহো ভবতি তদ্বতী শ্যামল শ্রীরাধায়াঃ সুহৃৎপক্ষঃ তথা সাজাত্যস্যাল্পত্বে সতি বহুতর বৈজাত্যসদ্ভাবেঽপ্যহল্পমানসাজাত্যপ্রক্ষেপে সতীত্যর্থঃ। তথাহি বিনয়স্য প্রীত্যা ঈষন্নিগীর্ণত্বে ঔষ সম্পূর্ণবিনয়োদ্ভাসে ঈষন্মধুস্নেহসম্পৃক্তো ঘৃতস্নেহো ভবতি তদ্বতীঃ ভদ্রা শ্রীরাধায়াস্তটস্থপক্ষশ্চন্দ্রাবল্যাস্তু সুহৃৎপক্ষঃ। ৩০।

ঐ ভাব সুহৃৎপক্ষত্ব রূপে কীর্ত্তিত হয়। তথা সাজাত্যের অল্পতা হইলেই ঐ ভাবকে তটস্থ বলা যায়। আর যদি সর্ব্বথা বৈজাত্য ঘটে তাহা হইলে নিশ্চয়ই প্রতিপক্ষতা ঘটে। ৩০ ॥

মিথোভাবস্য বৈজাত্যে ন ভাবো রোচতে মিথঃ।
অরোচকতয়ৈবায়মক্ষান্তিং জনয়েৎ পরাং ৩১ ॥

যথা—

যা মধ্যস্থপদেন সঙ্কুলতরা শুদ্ধা প্রকৃত্যা জড়া

লোচনরোচনী টীকা।

অত্র সর্ব্বথা বৈজাত্যে বিপক্ষত্বং বিবৃত্য স্থাপয়তি মিথ ইতি ৩১।

তত্র বাধায়াঃ বচনং যেতি মধ্যস্থস্য তটস্থস্য যৎপদং ব্যবসায়স্তেন সঙ্কুলতরেতি তস্যাঃ শ্রীকৃষ্ণে আদরবাহুল্যমেব তাটস্থ্যেন মন্যতে চন্দ্রশ্রেণ্যাঃ পক্ষে মধ্যবর্ত্তিনা পাদেন লক্ষ-

আনন্দচন্দ্রিকা টীকা।

মিথো বৈজাত্যে সর্ব্বথা বিপরীতজাতিত্বে ৩১

নন্থ শ্রীকৃষ্ণায় সুখদানমেব তবোদ্দেশ্যং তচ্চ সুখং চন্দ্রাবলীসম্ভোগে যদি শ্রীকৃষ্ণো লভতে তদা তাং ত্বং কথং দ্বেষ্কি কথং বা খণ্ডিতাদশায়াং কৃতসঙ্গায় শ্রীকৃষ্ণায়চ কুপ্যসীতি পৃচ্ছন্তীং প্রেমসিদ্ধান্তজিজ্ঞাসুং কামপি বৃন্দাসঙ্গিনীং বনদেবতাং বৃন্দাবনেশ্বরী শ্রীরাধা তত্ত্বং বোধয়ন্ত্যাহ যা মধ্যস্থেতি। যা চন্দ্রাবলী চন্দ্রশ্রেণী দ্বাদশানামেব মাসানাং চন্দ্রা ইত্যর্থঃ। মধ্য-স্থিতেন পদেন মালিন্যময়েন চিহ্নেন সঙ্কুলতরা সর্ব্বথা যুক্তা পক্ষে মধ্যস্থস্য যৎ পদং ব্যবসায় স্তেন শ্রীকৃষ্ণে তস্যা আদরবাহুল্যমেব তাটস্থ্যং ব্যনক্তি অশুদ্ধা অবিশদা মধ্যস্থিতকলঙ্ক স্থাৎ। পক্ষে শুদ্ধা অহেরিব গতিঃ প্রেম্নঃ স্বভাবকুটিলা ভবেদিতি সাহজিকবক্রতাময়প্রেম-

অপিচ পরস্পরের ভাব বিজাতীয় হইলে পরস্পরের রুচিকর হয় না, কিন্তু ঐ অরোচক ভাব অতিশয় অক্ষান্তি (ঈর্ষ্যা) উৎপাদন করিয়া দেয় ॥ ৩১ ॥

যথা—

হে রাধে! যদি শ্রীকৃষ্ণকে সুখ প্রদান করাই তোমার উদ্দেশ্য হয়, আর ঐ সুখ যদি শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীর সম্ভোগে লাভ করেন, তবে তুমি কেন বৃথা ঐ চন্দ্রাবলীকে দ্বেষ কর? কেনই বা খণ্ডিতা দশায় চন্দ্রাবলীর সঙ্গ করাতে শ্রীকৃষ্ণের প্রতি কুপিতা হও, ইত্যাদি প্রেমসিদ্ধান্তকারিণী কোন এক বৃন্দাসঙ্গিনী বনদেবতাকে শ্রীরাধা প্রেমতত্ত্ব উপদেশ করত কহিলেন, সখি! চন্দ্রাবলী শ্রীকৃষ্ণের প্রতি অতিশয় আদর প্রকাশ করাতে তাহার তটস্থতাই প্রকাশ পায়, কারণ ঐ চন্দ্রাবলী স্বয়ং শুদ্ধা অর্থাৎ তাহার কিছু মাত্র বাম্যাদি নাই এবং

বৈদগ্ধীনলিনীনিমীলনপটুর্দোষান্তরোল্লাসিনী।
আশায়াঃ স্ফুরণং হরের্জনয়িতুং যুক্তাত্র চন্দ্রাবলী
সাপি স্যাদিতি লোচয়ন্ সখি জনঃ কো সোঢ়ুমীষ্টে ক্ষিতৌ ॥৩২॥

লোচনরোচনী টীকা।

বৈদগ্ধীতি শুদ্ধা মাধুর্য্যবিশেষরহিতা পক্ষে শ্বেতা জড়া প্রণয়িপ্রণয়োচিতবুদ্ধিরহিতা। পক্ষে শীতল দোষান্তরং উত্তমজাতীয়স্বভাবেষন্যবর্গেষু দ্বেষঃ। পক্ষে দোষা রাত্রিঃ তন্মধ্যোল্লাসিনী হরেঃ শ্রীকৃষ্ণস্য আশায়াস্তৃষ্ণায়াঃ। পক্ষে ইন্দ্রস্য দিশঃ লোচয়ন্ বিচারয়ন্। ৩২

আনন্দচন্দ্রিকা টীকা।

রীতিশূন্যা। প্রকৃত্যা স্বভাবেনৈব জড়া শৈত্যদুঃখদা। পক্ষে আদবেগ সখ্যং নির্ব্বাতীত্যপি বুদ্ধিরহিতা বৈদগ্ধীতি রূপকেণ পক্ষদ্বয়নির্ব্বাহঃ। যদ্বা। বৈদগ্ধ্যা বিপরীতলক্ষণয়া অবৈদগ্ধ্যা হেতুনা নলিন্যানিমীলনে মুদ্রণে পটুঃ। পক্ষে বৈদগ্ধ্যেব নলিনী শ্রীকৃষ্ণভ্রমরস্য সুখদা তস্যা নিমীলনে লোপে। দোষা রাত্রিঃ তদন্তর এব উল্লসিতুং শোভাং প্রাপ্তুং শীলং যস্যাঃ নতু দিবসে ইত্যর্থঃ। পক্ষে দোষৈরুক্তলক্ষণৈরপি গুণৈরন্তরেষ্বমনসি উল্লসনশীলা স্বতাটস্থ্যাদিদোষান্ দোষত্বেন ন জানাতীতি ভাবঃ যা খল্বেবমেবম্ভূতা সাপি হরেরিন্দ্রস্য আশায়া দিশঃ স্ফুরণং প্রকাশং পক্ষে হরের্ব্রজেন্দ্রসুনোরাশায়া অভিলাষস্য স্ফুরণং স্ফূর্ত্তিমাত্রমপি কিং পুনঃ প্রাদুর্ভাবং কিন্তমাং মূর্ত্তিং জনয়িতুং যুক্তা উচিতা স্যাদিতি সোঢ়ুং কো জনঃ লোচয়ন্ বিচারয়ন্ বিচারবানিত্যর্থঃ। ক্ষিতৌ পৃথ্বীমধ্যেঽপি ঈষ্টে শক্নোতি অপিতু সর্ব্ব এবের্ষ্যামাবিষ্করোতি ন পুনরহমেব ত্বয়োপালম্ভনীয়েতি ভাবঃ সা তাবদাস্তাং তৎসঙ্গিনং শ্রীকৃষ্ণমপি খণ্ডিতা ভবতী যদহমীর্ষ্যামি তদপি নাযুক্তং যং ভোজয়িতুং অতিযত্নতো রোচকং বোচকং বস্তু সংগৃহ্য সংগৃহ্য প্রস্তুতীক্রিয়তে স যদি ক্বচিদন্যত্রাবোচকৈর্বিবিধৈরেব বস্তুভিঃ সংভুক্তৈঃ সময়ং গময়িত্বা আযাতি তদা তস্মৈ কুপ্যতে ন বেতি ত্বমেব তৎ বিবিচ্য ব্রূহীতি প্রেমতত্ত্বং সা জ্ঞাপিতা ৩২

সে স্বভাবতই জড়া অর্থাৎ বৈদগ্ধীরূপা পদ্মিনীমুদ্রণে পটীয়সী ও বাম্যাদিশূন্য দোষেই উল্লাসবতী হয়, অতএব হে দেবি! ঐ চন্দ্রাবলীই হরির আশা পূর্ণ করিতে সমর্থা হইল? হা কষ্ট। আলোচনা করিয়া দেখিলে পৃথ্বীতলে এই সকল কষ্ট কে সহ্য করিতে পারে? ॥ ৩২ ॥

ষোড়শ্যাস্ত্বমুড়োর্বিমুঞ্চ সহসা নামাপি বামাশয়ে
তস্যা দুর্ব্বিনয়ৈর্মুনেরপি মনঃ শান্তাত্মনঃ কুপ্যতি।
ধিগ্‌গোষ্ঠেন্দ্রসুতে সমস্তগুণিনাং মৌলৌ ব্রজাভ্যর্চ্চিতে

লোচনরোচনী টীকা

অথ চন্দ্রাবল্যা বচনং ষোড়শ্যা ইতি ষোড়শ্যাস্ত্বমুড়োরিতি তৎসনাম্ন্যা রাধায়া ইত্যর্থঃ সাক্ষাত্তন্নামাগ্রহণং ব্রীর্য্যয়া মন্তব্যং তয়ৈব মধ্যাযা অপি তস্যাঃ প্রখরাত্বং প্রখ্যাপিতং।

আনন্দচন্দ্রিকা টীকা

চন্দ্রাবল্যা ভাবঃ শ্রীরাধায়ৈ ন রোচত ইতি দর্শিতং শ্রীরাধাভাবোঽপি চন্দ্রাবল্যৈ ন রোচত ইতি দর্শয়িতুমাহ যোড়শ্যা ইতি কামপি স্বসখীং প্রসঙ্গোপগতং শ্রীরাধাচরিত্রং ব্রুবাণামাক্ষিপন্তী চন্দ্রাবল্যাহ যোড়শ্যা উড়োরিতি তৎসনাম্ন্যাঃ শ্রীরাধায়া ইত্যর্থঃ সাক্ষাত্তন্নামস্পর্শেঽপি মজ্জিহ্বা কটুর্ভবতীতি ভাবঃ। সহসাপি কিং পুনঃ প্রকরণেন নামাপি কিং পুনশ্চরিত্রং বিমুঞ্চ ত্যজ বামাশয়ে ইতি সংপ্রতি তব বুদ্ধিভ্রষ্টা জাতেতি বুধ্যে যতস্যাঃ প্রসঙ্গমকস্মাদুত্থাপয়সীতি ভাবঃ। নন্বু ত্বং জগত্যস্মিন্ কমপি জনং ন দ্বেষ্ঠি ন নিন্দসীতি পরম-দক্ষিণায়াস্তে সৌশীল্যং প্রসিদ্ধং সত্যং তদপি তন্নিন্দা মযা দুস্ত্যজৈবেত্যাহ যস্যা ইতি পরস্বভাবকর্ম্মাণি ন প্রশংসেন্ন গর্হযেদিতি শান্তস্য স্বাভাবিকো ধর্ম্মঃ তস্যাপি মুনেমৌনশীলস্যাপি অহন্তু গোপকন্যা ব্যবহারমার্গস্থা অসংযতবাক্ কথং ন কুপ্যামি ন বা নিন্দামীতি ভাবঃ কে তে দুর্বিনয়া ইতি চেত্তত্রাহ ধিগিতি সামান্যাকারেণোক্তেস্তাং ধিক্ তস্যা অপি

চন্দ্রাবলীর ভাব যেরূপ শ্রীরাধার অরোচক হয়, শ্রীরাধার ভাবও সেইরূপ চন্দ্রাবলীর রুচিকর হয় না যথা—

কোন এক স্বীয়া সখী প্রসঙ্গাধীন শ্রীরাধার চরিত্র বর্ণন করিতেছিলেন তৎ শ্রবণে চন্দ্রাবলী অসহমানা হইয়া তিরস্কার করত ঐ সখীকে কহিলেন হে বামাশয়ে! শ্রীরাধার সাক্ষাৎ নাম ত দূরে থাকুক, তুমি যোড়শ নক্ষত্রের নামও পরিত্যাগ কর, কারণ "অনুরাধা" একটী নক্ষত্রের নাম, ঐ শ্রীরাধার এরূপ দুর্ব্বিনয় যে, যদবলোকনে শান্তাত্মা মুনিজনেরও মন কুপিত হয়। কি আশ্চর্য্য! ব্রজেন্দ্রনন্দন, যিনি সমস্ত মুনিজনের শিরোভূষণ এবং ব্রজপূজিত। তিনি

পাদান্তে পতিতেঽপি নৈব কুরুতে ভ্রূক্ষেপমপ্যত্র যা ৩৩॥
যত্র স্যান্নিজভাবস্য প্রায়স্তুল্যপ্রমাণতা।
পক্ষঃ স এব মৈত্রায় বিদ্বেষায় চ যুজ্যতে। ৩৪

লোচনরোচনী টীকা।

মুনেরিতি মৌনীলজ্জাপি তত্র দোষোদ্গারং সম্ভাব্যত ইত্যর্থঃ ৩৩

নিজভাবস্য শ্রীকৃষ্ণবিষয়কস্বপ্রেয়ঃ তুল্যপ্রমাণতা রতিপ্রেমপ্রণয়াদি নামভির্বক্ষ্যমাণৈ-রুত্তরোৎকর্ষৈঃ সদৃশতা। প্রায় ইতি কচিত্তু সাদৃশ্যাতিশয়াভাবেঽপি সদৃশম্মন্যতা চ তত্র হেতুরিতি জ্ঞাপিতং ৩৪

আনন্দচন্দ্রিকা টীকা

তচ্চেষ্টিতং ধিক্ ত্বামপি তৎপ্রসঙ্গকারিণীং ধিক্ ইতি পাদান্তে পতিতেঽপীতি সা খলু কা ভাবিনী ভবেৎ যা স্বকান্তং স্বপাদতলগতং কুর্য্যাৎ মানিনী হি কান্তস্য সামদানভেদাঞ্জলি-কিঞ্চিন্মৌলিমাত্রাবনতিখেদান্ বিলোক্য প্রসীদেদিত্যেব প্রেমরসপরিপাটী ভবেদিতি ভাবঃ। ভবতু বা কান্তঃ স্বয়ং পাদান্তপতিতঃ তথাভূতং তং দৃষ্ট্বা ভাববতী মনসাপি বিষীদেদেব হন্ত হন্ত যা ক্রূরঃ ক্ষেপমপি ন কুরুতে সা কথং প্রেম্নে গন্ধমপি ধত্তামিতি ভাবঃ মাস্তু বা প্রেম তদপি ব্রজেন্দ্রস্য সুনৌ তত্রাপি সগন্তেতি তত্রাপি ব্রজেতি বুদ্ধিমতা জনেনাদরঃ কর্ত্তুমুচিত এবেতি ভাবঃ। নয়েবঞ্চেৎ প্রেমশূন্যাং তাং ত্বৎকান্তঃ স্বেচ্ছয়ৈব কথং মুহুর্মুহুর্গচ্ছেৎ তস্য চ তস্যামিচ্ছা চেৎ কথং বা ত্বং প্রেমবতী তাং বেত্থ। সত্যং তস্যাঃ সৌন্দর্য্যমস্তি কামমত্ত-তাধিক্যঞ্চ অতঃ সম্প্রয়োগসুখমাত্রার্থং স্বস্য সঙ্গত্যা শিক্ষয়া চ সদ্ভাবপ্রাপনার্থঞ্চ স তস্যাঃ পার্শ্বং গচ্ছতি তস্যাশ্চ স্বভাবো মুর্দ্ধ্নি বর্ত্তত ইতি ন্যায়েন সদ্ভাবঃ কদাপি ন ভাবী তদভাব-কলুষিতেন তস্যাং সম্প্রয়োগেন চ তস্য কিং সুখং স্যাদিতি পরামৃষ্য তামহং দেষ্মীত্যাদি স্বরসতত্ত্বমপি সা বোধিতেতি জ্ঞেয়ং॥ ৩৩

নন্বু শ্রীরাধায়াঃ সর্ব্বথা বিজাতীয়ভাবাঃ স্বতস্নেহবত্যো গোপ্যঃ কিমন্যা ন সন্তি যত-শ্চন্দ্রাবল্যামেব তস্যা দ্বেষপ্রসিদ্ধিঃ এবং চন্দ্রাবল্যা অপি শ্রীরাধায়ামেব নান্যাস্বিত্যত্র কো হেতুস্তত্রাহ যত্র স্যাদিতি যত্র যদীয়ভাবে প্রায়োগ্রহণাদ্যৎকিঞ্চিন্মাত্রন্যূনপ্রমাণত্বেঽপি যৎকিঞ্চিদ্বৈজাত্যস্পৃষ্টসাজাত্যে মৈত্রায় সর্ব্বথা বৈজাত্যে বিদ্বেষায় যুজ্যত ইতি প্রাকৃত-লোকেঽপি তথা দর্শনাদিত্যর্থঃ। ৩৪।

উঁহার চরণোপান্তে পতিত হইয়াছিলেন, কিন্তু ঐ শ্রীরাধা একবারও তাঁহার প্রতি ভ্রূক্ষেপ করেন নাই অতএব উহাঁকে ধিক্ ৩৩।

যে স্থানে স্বীয় ভাবের প্রায় তুল্য প্রমাণতা, তাহাকেই পক্ষ বলে, ঐ পক্ষ মিত্র এবং বিদ্বেষের নিমিত্ত উপযুক্ত হয়। ৩৪॥

নাংশোঽপ্যন্যত্র রাধায়াঃ প্রেমাদিগুণসম্পদাং ।
রসেনৈব বিপক্ষাদৌ মিথঃ সাম্যমিবার্প্যতে ৩৫ ।
ভাবস্যাত্যন্তিকাধিক্যে সাজাত্যং সর্ব্বথা দ্বয়োঃ ।

লোচনরোচনী টীকা

অত্র শ্রীরাধামহিমমহোদধিমবগাহমানানাং মতমাশ্রিত্যাহ নাংশোঽপীতি বিপক্ষাদৌ বিপক্ষস্বপক্ষসুহৃৎপক্ষ ইতি ত্রয়ে রসেনৈবেতি যথা হনুমদাদিচরিতশ্রবণেন বীররস-মুল্লাসে সমুদ্রলঙ্ঘনোদ্যমাদয়ঃ সমীক্ষ্যন্তে মন্যন্তে চ রসবিদ্ভিঃ তথাত্রাপীতি ভাবঃ ৩৫

নন্বত্যন্তাধিকয়োরপি কয়োশ্চিদ্ভাবসাজাত্যং ভবতু তত্রশ্চ স্বপক্ষত্বমপি স্যাৎ। তত্রাহ ভাবস্যেতি দ্বয়োঃ স্বতন্ত্রযূথাধিপয়োঃ স্বস্য যূথমন্যত্যন্তাধিকত্বে সতি ভাবস্য কৃষ্ণে

আনন্দচন্দ্রিকা টীকা

নন্বু শ্রীরাধায়া ভাবস্য তুল্যপ্রমাণকভাববত্যো কিং চন্দ্রাবলীশ্যামলে ভবেতাং যত-স্তয়োরেব দ্বেষমৈত্র্যো দৃশ্যেত ইত্যত আহ নাংশোঽপ্যন্যত্রেতি তদপি রসেনৈব কর্ত্রা স্বপুষ্ট্যর্থং মিথঃ পরস্পরসাম্যং রাধা চন্দ্রাবল্যোর্ভরতোর্মিথঃ পরমবৈজাত্যেঽপি তুল্যপ্রমাণতায়ামেব সাম্যমিব ॥ ৩৫ ।

নন্বু সর্ব্বথা বৈজাত্যে তুল্যপ্রমাণকভাববত্বে বৈষম্যমিব কয়োশ্চিদ্যূথৈশ্বর্য্যোঃ সর্ব্বথা ভাবসাজাত্যে কিং মিথঃ স্বপক্ষত্বমন্যো বা কশ্চন ব্যপদেশঃ স্যাদিত্যপেক্ষয়ামাহ ভাবস্যেতি। দ্বয়োরাত্যন্তিকাধিক্যে যূথেশ্বরীত্বে ইত্যর্থঃ সর্ব্বথা সাজাত্যং তু দুর্ঘটং অবশ্যমেব কিঞ্চিদ্বৈ-জাত্যং বিনা পৃথগ্‌যূথেশ্বরীত্বং ন সম্ভবেৎ। সর্ব্বথা ভাবসাজাত্যং হি পরস্পরাতিপ্রীতেঃ কারণং অতিপ্রীতিশ্চ নিরন্তরসহাবস্থিতিঃ পরস্পরসুখদানানুগতীনাং তাসু সহাবস্থিত্যা-দিষু সতীষু কথং পার্থক্যমভিমতং ভবতি তন্ন চেয়ং ব্যবস্থা। পরস্পরভাবসাজাত্যবতীষু বহ্বীষু মধ্যে যস্যা ভাবস্য প্রমাণাধিক্যং সৈবৈকা যূথেশ্বরী ভবতি অন্যাস্তৎসখ্যো ভবন্তীতি। যদুক্তং যূথাধিপাত্বেঽপ্যৌচিত্যং দধানা ললিতাদয়ঃ। স্বেষ্টরাধাদিভাবস্য লোভাৎ সখ্য রুচিং দধুরিতি নন্বু সর্ব্বথা যূথাধিপাসু মধ্যে শ্রীরাধাচন্দ্রাবল্যোরেব পরমাত্যন্তাধিক্যে অতস্তাভ্যাঃ সকাশাৎ অল্পপ্রমাণকভাববত্যো ললিতাপদ্মাদয়স্তয়োঃ সখ্যে বভূবুরিত্যুচিত-মেব কিন্তু তাভ্যামন্যা যূথেশ্বর্য্যো বহ্ব্যো যাস্তাসু কাশ্চিত্তুল্যপ্রমাণকভাবসাজাত্যবত্যঃ কিং ন সম্ভবন্তি সম্ভবন্তি বেত্যপেক্ষয়ামাহ তথা তুল্যপ্রমাণত্বমিতি বহ্বীনাং কা কথা দ্বয়োরেব

শ্রীরাধার প্রেমাদি গুণসম্পদের একাংশও অন্যত্র নাই কিন্তু রস স্বয়ং আপনার পুষ্টি নিমিত্ত বিপক্ষাদিতেও পরস্পর সমতা অর্পণ করে । ৩৫ ।

অপর দুই আত্যন্তিকাধিক্যে অর্থাৎ যূথেশ্বরীতে সর্ব্ব প্রকারে

তথা তুল্যপ্রমাণত্বমেবং প্রায়ঃ সুদুর্ঘটং ৩৬ ॥
স্যাচ্চেদ্ঘুণাক্ষরন্যায়াৎ সুহৃত্তৈবেহ সম্মতা

লোচনরোচনী টীকা

স্বদীয়তাসমস্য মদীয়তাসমস্য চ সাজাত্যং সর্ব্বথা সুদুর্ঘটং কিন্ত্বংশেনৈব তৎ স্যাৎ। সর্ব্বথা সাজাত্যে সতি কস্যাঞ্চিৎ কস্যাশ্চিৎ প্রবেশে যূথাধিপাত্বং ন স্যাৎ নন্থ প্রেয়স্তুল্যপ্রমাণত্বে স্বতন্ত্রতৈব স্যাৎ তত্রাহ তথা সর্ব্বথা তুল্যপ্রমাণত্বমিত্যেবমপি সুদুর্ঘটমিতি প্রায় ইতি ললিতাবিশাখাদিষু দৃশ্যতে ইতি চেদ্বিবলচারিত্বমেবেত্যর্থঃ ৩৬।

নন্থ রাধাচন্দ্রাবল্যো বিনান্যত্র সাজাত্যং ক্রমঃ তে হি পরমাত্যন্তিকাধিকে ইতি স্বস্ব-যূথাত্যন্তিক ধিকানাং ললিতাপদ্মাদীনামপি তত্তদ্বিষয়ং সখ্যং সম্ভবত্যেব। অন্যত্র তু

আনন্দচন্দ্রিকা টীকা।

যূথেশ্বর্য্যোঃ সর্ব্বথা ভাবস্য সাজাত্যং তথা তুল্যপ্রমাণত্বঞ্চেতি সুদুর্ঘটং সর্ব্বথা সাজাত্যে সতি ভাবস্য কিঞ্চিন্মাত্রন্যূনাধিকপ্রমাণত্বেঽপি সতীত্ব যূথপাত্বে এব ভবতঃ বৈজাত্যে বৈজাত্যস্যৈব ভেদকত্বাৎ দ্বয়োর্যূথাধিপাত্বে কারণত্বং ন তত্র তুল্যপ্রমাণত্বাপেক্ষা সাজাত্যেতু সাজাত্যস্য ভেদকত্বাভাবাৎ সর্ব্বথা তুল্যপ্রমাণত্বস্যৈব কারণতা তচ্চ যুগপৎ সুদুর্ঘটমিতি স্বযূথ এব সাজাত্যং পৃথগ্‌যূথ এব সাজাত্যং নির্ণীতমিতি ৩৬

প্রায়ঃগ্রহণং স্বয়মেব ব্যাচষ্টে স্যাচ্চেদিতি ঘুণাক্ষরং জীর্ণকাষ্ঠাদৌ ঘুণাখ্যকীটবিশেষেণোৎকীর্ণং দৈবাদক্ষরাকারাবাক্ষরবৃন্দমেবাক্ষরাভাসত্বাদক্ষরং তন্ন্যায়াত্তদিবেত্যর্থঃ ইহ ঈদৃশ্যাং যূথেশ্বর্য্যাং সুহৃত্তৈব সর্ব্বথা সাজাত্যেঽপি ন স্বপক্ষত্বং সদা সহাবস্থিত্যাদীনাং তৎ কার্য্যাণামসম্ভবাদিতি ভাবঃ স্বমতং সমাপ্য পরমতমাহ রসস্বভাবাদিতি নন্থ তত্র প্রেমাপেক্ষেতি ভাবঃ অত্রাপি অপিকারাৎ সুহৃৎপক্ষে স্বপক্ষেঽপি সর্ব্বত্র স্বস্মাদন্যত্রৈব বৈপক্ষ্যং। অথ সংক্ষেপেণ প্রকরণার্থনিদ্ধিলেখঃ। অনন্তকোটিগোপীষু যা যাঃ শুদ্ধঘৃতস্নেহবত্যস্তাসু মুখ্যা একৈব চন্দ্রাবলী অন্যাস্তৎসখ্যঃ পদ্মাদয়স্তাস্বেব শ্রীরাধাললিতাদীনাং দ্বেষো নান্যত্র কাস্বপি যূথপাসু সর্ব্বথা ভাববৈজাত্যাভাবাৎ এবং চন্দ্রাবলীপদ্মাদীনা-

ভাবের পরস্পর সাজাত্য তথা ঐ ভাবের তুল্য প্রমাণত্ব প্রায়ই দুর্ঘট হইয়াথাকে ॥ ৩৬ ॥

যদিচ হয় তাহা হইলে ঘুণ নামক কীটে যেমন জীর্ণ কাষ্ঠ কর্ত্তন করিতে থাকিলে দৈবাৎ তাহাতে অক্ষরাকার হয় তাহার ন্যায়, ঐ যুথেশ্বরীদ্বয়ের কথঞ্চিৎ সৌহৃদ্য সম্মত হইতে পারে, কোন কোন রসজ্ঞ

বসস্বভাবাদত্রাপি বৈপক্ষমিতি কেচন ৩৭ ।

। * ইতি হরিবল্লভাপ্রকরণং । *

লোচনরোচনী টীকা

ক বার্ত্তেত্যাশঙ্ক্যাহ স্যাচ্ছেদিতি ৩৭

। * ইতি হরিবল্লভাপ্রকরণং *

আনন্দচন্দ্রিকা টীকা

মপি শুদ্ধমধুস্নেহবতীষু শ্রীরাধাললিতাদিষ্বেব নান্যত্র শ্রীরাধাললিতাদীনাং সৌহার্দ্দন্তু বহ্বীষ্বেব যূথপাসু অশুদ্ধমধুস্নেহাসু শ্যামলামঙ্গলাদিষল্পাম্লতবাল্পতমঘৃতস্নেহসম্পর্কাদশুদ্ধি বৈবিধ্যাৎ এতাসু চন্দ্রাবল্যাদীনাং তাটস্থ্যং এবমশুদ্ধঘৃতস্নেহবতীষু ভদ্রাদিষু বহ্বীষু শ্রীরাধাদীনাং তাটস্থ্যং চন্দ্রাবল্যাদীনাং তু সৌহার্দ্দ এবং শ্যামলাদীনাং পাল্যাদিষু বিপক্ষত্বাদিভেদা জ্ঞেয়াঃ এবঞ্চ স্বপক্ষতা স্বযূথেষ্বেব বিপক্ষতা একস্যামেব যূথপায়াং ঘুণাক্ষরন্যায়তঃ সাজাত্যে বহ্বীষ্বাপ সৌহার্দ্দ্যতাটস্থ্যেব বহ্বীষ্বেব যূথপাস্বিতি দিক্ ৩৭

। * । ইতি স্বপক্ষবিপক্ষাদিভেদঃ বিবৃতিঃ *

কহেন, রসের স্বভাব বশতই বিপক্ষতা ঘটে । ৩৭

॥ * ॥ ইতি হরিবল্লভাপ্রকরণ ॥ * ॥

অথ উদ্দীপনপ্রকরণং।

অথ বিভাবেষূদ্দীপনাঃ ॥ ১ ॥

উদ্দীপনা বিভাবা হরেস্তদীয়প্রিয়াণাঞ্চ

কথিত গুণ-নাম-চরিত্র-মণ্ডন সম্বন্ধিনস্তটস্থাশ্চ ।

তত্র গুণাঃ ॥

গুণাস্ত্রিধা মানসাঃ স্যু র্বাচিকা কায়িকাস্তথা

লোচনরোচনী টীকা।

রসস্বভাবাদিতি শৃঙ্গারবসস্য স্বভাবোঽয়ং যত্র পরস্পরং বৈপক্ষ্যং ভবতীতি। কেচনেতি সখ্যাদিদর্শনাত্তন্ন ঘটত ইতি ভাবঃ যদুক্তং শ্রীদশমে কাশ্চিৎ পরোক্ষং কৃষ্ণস্য স্বসখীভ্যোঽন্ববর্ণয়ন্নিতি ১।

তদীয়প্রিয়াণাঞ্চেতি যদ্যপ্যুজ্জ্বলরসেঽস্মিন্ রসান্তরবৎ শ্রীকৃষ্ণবিষয়িকায়া রতে রসত্বং প্রতিপাদ্যং নতু তৎপ্রেয়সীবিষয়িকায়াঃ ততশ্চ শ্রীকৃষ্ণগুণা এবোদ্দীপকত্বেন বাচ্যাঃ নতু তাসাং গুণাঃ তথাপি তাসাং স্বস্মিন্ স্বীয়রূপযৌবনাদয়োঽপ্যুদ্দীপনা ভবন্তীতি তন্ত্রান্তরভাবিতেষ্বাধুনিকেষ্বপি তদ্বদেব তে স্ফুরন্তীত্যভিপ্রায়েণোক্তং। ২ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

তদেবং নায়কনায়িকাতৎপরিকরাদ্যালম্বনবিভাবং পরিসমাপ্যেদানীমুদ্দীপনবিভাবানাহ উদ্দীপনা ইতি তদীয়প্রিয়াণাঞ্চেতি রসেঽস্মিন্নায়িকানায়কয়োঃ পরস্পরবিষয়াশ্রয়ভাবাৎ পরস্পরগুণাদয়ঃ পরস্পরোদ্দীপনা ভবন্তীতি জ্ঞাপিতং অনুগামিনঃ সাধকভক্তাস্তু শ্রীকৃষ্ণবিষয়কং ব্রজদেবীনাং ভাবং স্বরূপলক্ষণেন ব্রজদেবীবিষয়কং শ্রীকৃষ্ণস্য ভাবন্তু তটস্থলক্ষণেনাস্বাদয়ন্তীত্যত্র সমাধানঞ্চ জ্ঞেয়ং ১

অথ বিভাব সকলে উদ্দীপন যথা। ১

হরি এবং হরিপ্রিয়া সকলের গুণ, নাম, চরিত্র ও ভূষণ সম্বন্ধি তথা তটস্থ অর্থাৎ উদাসীন বা অস্থায়ী ভাব সকলকে উদ্দীপনবিভাব বলা যায় ॥

তন্মধ্যে গুণ সকল যথা—

মানসিক, বাচিক ও কায়িক ভেদে গুণ তিন প্রকার ॥

তত্র মানসাঃ ।

গুণাঃ কৃতজ্ঞতাক্ষান্তিকরুণাদ্যাস্তু মানসাঃ । ২ ॥

যথা—

বশমল্পিকয়াপি সেবয়াহমুং
বিহিতেঽপ্যাগসি দুঃসহে স্মিতাস্যং ।
পরদুঃখলবেঽপি কাতরং মে
হরিমুদ্বীক্ষ্য মনস্তনোতি তৃষ্ণাং ॥

লোচনরোচনী টীকা ।

বশমল্পিকয়েতি বাক্যমেব পুরবাসিন্যা পূর্ব্ববাগময়মিতি জ্ঞেয়ং তত্তদ্গুণানুভবসাতত্যাৎ রগতেঃ । হরিমুদ্বীক্ষ্যেতি প্রথমায়া রুচেঃ প্রতিপত্তেশ্চ । এষা চ শ্রীসত্যভামাবগম্যতে ।

আনন্দচন্দ্রিকা টীকা ।

শ্রীরাধায়াঃ সখী কাচিদসমস্নেহা কৈঙ্কর্য্যাংশপ্রধানা সজাতীয়াশয়াং কাঞ্চিদন্যাং সখীং প্রত্যাহ বশমিতি বিশেষণত্রয়েণ কৃতজ্ঞত্বস্য ক্ষমিত্বস্য কারুণ্যস্য পরাবধিত্বং তেন চাস্য দ্বিধ-বালাজুন সুখসেব্যত্বং তেন চ শৃঙ্গারবসশ্চান্তর্ভাবিতঃ ২ ৩ ।

তন্মধ্যে মানসিক যথা—

কৃতজ্ঞতা (প্রত্যুপকার করণেচ্ছা) ক্ষান্তি (ক্ষমা) ও করুণাদি গুণ সকলকে মানসিক বলে ॥ ২ ॥

যথা—

কোন এক অসমস্নেহা কৈঙ্কর্য্যাংশে প্রধানা শ্রীরাধার সখী কোনও সজাতীয়া সখীর প্রতি কহিলেন, হে প্রণয়িনি ! হরির আশ্চর্য্য গুণের কথা আর কি বলিব, তিনি অত্যল্প সেবাতেই বশীভূত হয়েন, গুরুতর অপরাধ আচরিত হইলেও তাঁহার বদন হইতে হাস্য উদ্গত হয় এবং যৎকিঞ্চিৎ পরের দুঃখ দেখিলেই অমনি কাতরতা প্রকাশ করেন, অতএব হে সখি ! ঐ হরিকে অবলোকন করিয়াই আমার মনঃ অতিশয় তৃষ্ণা বিস্তার করিতেছ ॥

অথ বাচিকাঃ ॥

বাচিকাস্তু গুণাঃ প্রোক্তাঃ কর্ণানন্দকতাদয়ঃ ॥ ৩ ॥

যথা

কর্ণাপহারিবর্ণমশ্রুতচরমাধুরীভিরভ্যস্তাং।

আলি রসালাং মাধববাচং নাচম্য তৃপ্যামি　৪ ॥

লোচনরোচনী টীকা

কিন্তু মধুরাখ্যরসস্যাধাবশতোদ্দীপনগুণানুক্তিঃ সখীং প্রতি কঞ্চিদবহিথার্থমিতি জ্ঞেয়ং। ৩।

কর্ণাপহারিবর্ণামিত্যত্র চ তদ্বৎ। শ্রীব্রজকুমার্য্যাঃ কস্যাশ্চিত্তদ্রূপাবেশেন স্থানাদচলায়াঃ পৃচ্ছন্তীং সখীং প্রতি হি বচনমিদং　মাধুরীভিরর্থবৈচিত্রীভিঃ　রসং আলাতি আদত্তে ইতি রসালাং ন তৃপ্যামীত্যন্বয়ঃ　৪

আনন্দচন্দ্রিকা টীকা।

সখি লতান্তরিতাসীত্যতঃ স্বকান্তমপি ন পশ্যন্তী কিমত্র বিলম্বসে ইতি পৃচ্ছন্তীং বিশাখাং শ্রীরাধা প্রাহ কর্ণেতি　তেন যাবদত্র শ্রীকৃষ্ণঃ সুবলেন সমং সঙ্কথয়ন্নাস্তে তাবদহমত্রৈব স্থাস্যামীতি ভাবঃ　রসালা পানকভেদঃ　তামিবেতি উপমৈবেয়ং নতু রূপকং। কর্ণাপহারি　বর্ণামিতি। বিশেষণং মাধববাচ্যে বানুকূলং নতু রসালায়ামসম্ভবাদিতি রূপকস্য বাধকং　যদুক্তং কাব্যপ্রকাশে। পাদাম্বুজং ভবতু নো বিজয়ায় শম্ভু মঞ্জীরশিঞ্জিতমনোহরমিত্যত্র মঞ্জীরশিঞ্জিতমম্বুজে প্রতিকূলমসম্ভবাদিতি বাধকং রূপকস্যেতি। ৪

অথ বাচিক ॥

যে বাক্য কর্ণের আনন্দজনক হয়, তাহাকেই বাচিক গুণ কহে ॥৩॥

যথা—

হে সখি! তুমি লতার অন্তরালে রহিয়া আপন কান্তকেও দেখিতেছ না এ বিষয়ে বিলম্ব কি? ইত্যাদি জিজ্ঞাসাকারিণী বিশাখাকে শ্রীরাধা কহিলেন, হে সহচরি! শ্রীকৃষ্ণ যাবৎ সুবল সহ কথোপকথন করিবেন, তাবৎ আমি এই স্থানেই অবস্থিতি করিব, কারণ মাধবের মধুর বাক্য যাহার বর্ণ গুলি কর্ণরসায়ন এবং অশ্রুতমাধুরী যুক্ত ও রসপ্রদ, তাহা শ্রবণ করিয়া কোনক্রমেই আমার পরিতৃপ্তি জন্মিতেছে না অতএব হে সখি! আমি অন্তরালে থাকিয়াই ঐ সমস্ত বচনাবলী কর্ণগোচর করিব। ৪।

অথ কায়িকাঃ।

তে বয়োরূপলাবণ্যে সৌন্দর্য্যমভিরূপতা।
মাধুর্য্যং মার্দ্দবাদ্যাশ্চ কায়িকাঃ কথিতা গুণাঃ॥

তত্র বয়ঃ॥

বয়শ্চতুর্ব্বিধং ত্বত্র কথিতং মধুরে রসে।
বয়ঃ সন্ধিস্তথা নব্যং ব্যক্তং পূর্ণমিতিক্রমাৎ।
বয়োমুখা গুণাঃ পূর্ব্বমুক্তাঃ কেশবসংশ্রয়াঃ।
তেন তেঽত্র প্রবক্ষ্যন্তে প্রায়শস্তৎপ্রিয়ানুগাঃ ৫।

লোচনরোচনী টীকা।

রূপলাবণ্যাদীনামপি ভেদাঃ স্বয়মেব বক্ষ্যন্তে॥ ৫।

আনন্দচন্দ্রিকা টীকা

বয়োযৌবনং বয় ইতি পৃথক্ পদং উক্তা ভক্তিরসামৃতে " কিন্তু সংজ্ঞান্তরেণেতি জ্ঞেয়ং তত্র যৎ প্রথমৈকশোরশব্দেনাভিহিতং তস্যৈব পূর্ব্বাপরভাগৌ বয়ঃসন্ধিনব্যশব্দা-ভ্যামত্রোচ্যেতে তথা মধ্যৈকশোরশেষয়ৈকশোরে ব্যক্তপূর্ণশব্দাভ্যামিতি প্রায়শ ইতি তদপি তত্তৎ স্মারয়িতুং শ্রীকৃষ্ণস্যাত্রাপি কিঞ্চিদুচ্যতে ইত্যর্থঃ ৫ ৬

অথ কায়িক।

বয়স, রূপ, লাবণ্য, সৌন্দর্য্য, অভিরূপতা, মাধুর্য্য ও মার্দ্দব (মৃদুতা) ইত্যাদিকে কায়িক গুণ বলে।

তন্মধ্যে বয়স্ যথা।

মধুররসে বয়স্ চারি প্রকার হয় বয়ঃসন্ধি, নব্যবয়স্, ব্যক্তবয়স্ ও পূর্ণবয়স্। অপর কেশবাশ্রিত যে সমস্ত বয়ঃপ্রধানাদি গুণ, তাহা পূর্ব্বে উক্ত করা হইয়াছে, এক্ষণে প্রায়ই তদীয় প্রেয়সীবর্গের যে সমস্ত গুণ ও শ্রীকৃষ্ণের ঐ সকল গুণ কিঞ্চিৎ কিঞ্চিৎ স্মরণ করিয়া কীর্ত্তন করিতেছি॥ ৫।

তত্র বয়ঃসন্ধিঃ ॥

বাল্যযৌবনযোঃ সন্ধির্ব্বয়ঃসন্ধিরিতীর্য্যতে　৬।

স কৃষ্ণস্য যথা।

যান্তী শ্যামলতাং বিমুচ্য কপিশচ্ছায়াং স্মরক্ষ্মাপতে-
রদ্যাজ্ঞালিপিবর্ণপঙ্‌ক্তিপদবীমাপ্নোতি লোমাবলী।
বাঞ্ছত্যুচ্ছলিতুং মনাগভিনবাং তারুণ্যনীরচ্ছটাং

লোচনরোচনী টীকা

বাল্যযৌবনযোঃ সন্ধিবিতি কৈশোরস্য প্রথমভাগতাৎপর্য্যকং সর্ব্বস্যাপি কৈশোরস্য-তৎসন্ধি রূপত্বাৎ　বাল্যমত্র পৌগণ্ডং　৬

যান্তীতি　কস্যাঞ্চিদ্দ্রুমকুমার্য্যাং শ্রীকৃষ্ণেন সহ তস্যাঃ পরস্পরমিথুনতাস্পৃহিণ্যা বচনং। লিপির্লিখিতাক্ষরবিন্যাসঃ　ততশ্চাজ্ঞালিপিং বর্ণয়তি জ্ঞাপয়তি যা পঙ্‌ক্তিস্তস্যা পদবীং

আনন্দচন্দ্রিকা টীকা।

কস্যাপি তরোর্মূলে তিষ্ঠন্তং শ্রীকৃষ্ণং দূরাল্লতারন্ধ্রনিহিতাক্ষীং শ্রীরাধাং দর্শয়ন্তী দূতী বর্ণয়তি যান্তীতি　কংসদ্বিষঃ শ্রীকৃষ্ণস্য রোমাবলী কপিশচ্ছায়াং কৃষ্ণপীতমিশ্রধূরবকান্তিং বিমুচ্য ত্যক্ত্বা আজ্ঞালিপিঃ অতঃ পরং কুলজানাং লজ্জাধৃতিপাতিব্রত্যাদি ধর্ম্মধ্বংসনীয়াঃ গুরুপত্ন্যাদিবঞ্চন র্য্যপথত্যাগবলাভিসারচাপল্যাধৃত্যুন্মাদাদিধর্ম্মাঃ প্রবর্ত্তনীয়াঃ　ইত্যেবং লক্ষণঃ শাসনলেখঃ তস্য যে বর্ণা অক্ষরাণি তৎপঙ্‌ক্তি সারূপ্যং তেন দুরন্তশাসনস্য রাজ্ঞ আজ্ঞা নুরূপমেব ত্বয়া বর্ত্তিতব্যমিতি ব্যঞ্জিতং　তথা হ্যুক্তং বর্ণস্যোজ্জ্বলতা কাপি নেত্রান্তেচারুণ-চ্ছবিঃ। রোমাবলীপ্রকটতা কৈশোরে প্রথমে সতীতি। উচ্ছলিতুং অভিতঃ প্রসর্ত্তুং। তথাহি

তন্মধ্যে বয়ঃসন্ধি যথা।

বাল্য অর্থাৎ পৌগণ্ড ও যৌবন এতদুভয়ের সন্ধি অর্থৎ প্রথম কৈশোরকে বয়ঃসন্ধি কহে ॥ ৬ ॥

অথ শ্রীকৃষ্ণের বয়ঃসন্ধি যথা ॥

কোন এক তরুমূলে শ্রীকৃষ্ণ অবস্থিত ছিলেন, দূর হইতে লতারন্ধ্র নিহিতাক্ষী শ্রীরাধাকে অবলোকন করাইয়া দূতী বর্ণন করিতেছে, হে প্রিয়সখি! ঐ দেখ কংসারির লোমাবলী পিঙ্গলতা পরিত্যাগ করিয়া শ্যামত্ব লাভ করিয়াছে, বোধ করি লোমাবলী স্মরভূপতির আজ্ঞা-লিপির বর্ণপদবী প্রাপ্ত হইয়া থাকিবে। আর উহাঁর অভিনব তারু-

লব্ধৃ। কিঞ্চিদধীরগঞ্জিশফরদ্বন্দ্বঞ্চ কংসদ্বিষঃ। ৭।

তন্মাধুর্য্যং ৮॥

দশার্দ্ধশরলুব্ধকং চলমবেক্ষ্য লক্ষ্যেচ্ছয়া
বিশন্তমিহ সাম্প্রতং ভবদপাঙ্গশৃঙ্গোপরি।
সদাশ্রুনিকরোক্ষিতা ব্রজমহেন্দ্র বৃন্দাবনে
কুরঙ্গনয়নাবলী দরপরিপ্লবত্বং গতা। ৯।

লোচনরোচনী টীকা

পরিপাটীং কংসদ্বিষ ইতি সামর্থ্যমপি দ্যোতিতং ৭

তন্মাধুর্য্যমিতি তস্যাবোচকমেত্যর্থঃ এষৈবোদ্রিক্তা ক্বচিন্মোহনমেত্যুচ্যতে ৮

লক্ষ্যং বেধ্যং কুরঙ্গনয়নানামাবলী পক্ষে কুরঙ্গাণাং নয়নাবলী ঈষদর্থে দরাব্যয়ং পক্ষে দরং ভয়ং ৯

আনন্দচন্দ্রিকা টীকা

ঋষতাত্র নথাগ্রাণাং ধনুষাঙ্গোপিতা ভ্রুবোরিতি। কংসদ্বিষ ইতি সামর্থ্যাধিক্যং। ৭ ৮।

তন্মাধুর্য্যং তদ্রূপাস্বাদকজনদর্শনসূচিতঃ স্বাদবিশেষঃ কথং ময়া ব্রজসুন্দর্য্যো লব্ধা ভবেয়ুরিতি ধ্যানগতং পূর্ব্বরাগবন্তং শ্রীকৃষ্ণং নান্দীমুখী ভঙ্গ্যা সমাশ্বসত্যাহ দশার্দ্ধেতি। দশার্দ্ধশরঃ পঞ্চেষুরেব লুব্ধকস্তং লক্ষ্যেচ্ছয়া শরৈর্বিদ্ধা লক্ষ্যং লব্ধুমিত্যর্থঃ ভবতোঽপাঙ্গ এব শৃঙ্গমণিময়পর্ব্বতাগ্রং তদুপরি বিশন্তং অবেক্ষ্য কুরঙ্গাণাং নয়নাবলী পক্ষে মৃগাঙ্গীততিঃ। দরং ভয়ং পক্ষে ঈষদর্থে দরাব্যয়ং পরিপ্লবত্বং চাপল্যং ৯ ১০

গ্যের কিঞ্চিৎ ছটা লাভ করিয়া তদীয় নেত্র-শফরীদ্বয় উচ্ছলিত হইতে বাঞ্ছা করিতেছে, অতএব হে সখি! কংসরিপুর মনোহর মধুররূপ সন্দর্শন কর। ৭॥

শ্রীকৃষ্ণের মাধুর্য্য যথা॥ ৮॥

আমি কি প্রকারে ব্রজসুন্দরীগণকে লাভ করিতে পারি ইত্যাদি ধ্যানকারি পূর্ব্বরাগান্বিত শ্রীকৃষ্ণকে নান্দীমুখী কহিলেন, হে ব্রজ-মহেন্দ্র! চিন্তা পরিত্যাগ কর, সম্প্রতি তোমার অপাঙ্গ-শৃঙ্গে ঐ যে লুব্ধক পঞ্চবাণ চাঞ্চল্য প্রকাশ পূর্ব্বক প্রবেশ করিতেছে, ও ব্যক্তি সামান্য নয়, উহার স্থিরলক্ষ্য দেখিয়া এই বৃন্দাবনস্থ কুরঙ্গনয়না গোপাঙ্গনাগণের নেত্রাবলী সর্ব্বদা অশ্রুসিক্তা এবং ভয়ে কম্পিতা হইতেছে, অতএব শীঘ্রই তোমার মনোরথ সিদ্ধ হইবে, আর ভাবনা কি?। ৯॥

তৎপ্রিয়াণাং যথা । ১০ ॥

বাদ্যং কিঙ্কিণিমাহরত্যুচপয়ং জ্ঞাত্বা নিতম্বো গুণী
স্বস্য ধ্বংসমবেত্য বষ্টি বলিভির্যোগং হ্রসন্মধ্যমং ।
বক্ষঃ সাধুফলদ্বয়ং বিচিনুতে রাজোপহারক্ষমং
রাধায়াস্তনুরাজ্যমঞ্চতি নবে ক্ষৌণীপতৌ যৌবনে ॥ ১১ ॥

লোচনরোচনী টীকা ।

তৎপ্রিয়াণাং যথেতি বয়ঃসন্ধির্যথেত্যর্থঃ ১০

বাদ্যং কিঙ্কিণিমিতি কস্যাশ্চিদ্দূত্যাঃ শ্রীকৃষ্ণং প্রতি বচনং তেন বয়সা শ্রীরাধায়া ভাবোদ্রেকং বোধয়তি এবমুত্তরেষ্বপি জ্ঞেয়ং কিঙ্কিণিরূপং বাদ্যং গুণীতি রাজযোগ্যত্বং ব্যনক্তি পক্ষে গুণী বস্ত্রবন্ধডোরকবান্ । মধ্যমমিতি ততো ন্যূনত্বাত্তত্রাযোগ্যমিত্যর্থঃ । পক্ষে অবলগ্ননামকমুদরনিতম্ববয়োঃ সন্ধিঃ সাধ্বিতি বক্ষোবিশেষণং । অঞ্চতি গচ্ছতি । নবযৌবনে ক্ষৌণীপতৌ চ নব ইত্যন্বয়ঃ ১১

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধাং দূরাদালোক্য শ্রীকৃষ্ণঃ সুবলমাহ বাদ্যমিতি যৌবনে যৌবনাখ্যে নবে রাজনি অঞ্চতি স্বরাজ্যং প্রাপ্নুবতি সতি গুণী নিতম্বঃ তং ব্যঞ্জয়িতুমিব কিঙ্কিণিবাদ্যং আহরতি কৌশলেন বাদয়ামাসেত্যর্থঃ উপচয়ং জ্ঞাত্বা অস্মিন্ গুণজ্ঞে রাজনি মম সম্পত্তির্ভবিষ্যতীতি বিভাব্যেত্যর্থঃ পক্ষে গুণো বসনাডোরী উপচয়ং স্থৌল্যং তথা মধ্যমং মধ্যদেশঃ স্বস্য ধ্বংসমবেক্ষ্য নিতম্বস্যেব মম গুণাভাবাৎ বক্ষস ইব দ্রব্যাভাবাৎ কদাপ্যনাশঙ্কেশ্চাস্মিন্নরাজনি মম ধ্বংস এব ভবিষ্যতি যতোঽহং মধ্যমং উত্তমং ন ভবামীত্যর্থঃ তদহং বলিভিঃ কৃতসাহায্যং সদৈব যথাকথঞ্চিজ্জীবামীতি পক্ষে ত্রিবল্যা হ্রসৎ হ্রাসং প্রাপ্নুবৎ ১১

কৃষ্ণপ্রিয়ারবর্গের বয়ঃসন্ধি যথা ॥ ১০ ॥

দূর হইতে শ্রীরাধাকে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন বন্ধো ! দেখ দেখ নবযৌবনভূপাল শ্রীরাধার তনুরাজ্য অধিকার করাতে গুণশালী নিতম্ব স্বীয় উন্নতি জানিয়া উল্লাস পূর্ব্বক কিঙ্কিণিবাদ্য করিতে আরম্ভ করিল, বক্ষঃ যৌবনরাজকে উপহার দিবার নিমিত্ত দুইটী সৎ-ফল সঞ্চয় করিতে লাগিল এবং মধ্যদেশ আপনার ধ্বংস সম্ভাবনা আশঙ্কা করিয়া ত্রিবলীর সাহায্য অবলম্বন করিল, অতএব হে সখে ; নবযৌবনরাজের কি অদ্ভুত প্রভাব । ১১ ।

তন্মাধুর্য্যং

আশাস্তে পতিতুং কটাক্ষমধুপোমন্দং দৃগীন্দীবরে
কিঞ্চিদ্ব্রীড়বিষাঙ্কুরং মৃগয়তে চেতোমরালার্ভকঃ।
নর্ম্মালাপমধুচ্ছটাদ্য বদনাম্ভোজে তবোদীয়তে
'শঙ্কে সুন্দরি মাধবোৎসবকরীং কাঞ্চীদ্দশামঞ্চসি।

অথ নব্যং।

দরোদ্ভিন্নস্তনং কিঞ্চিচ্চলাক্ষং মন্থরস্মিতং।
মনাগভিস্ফুরদ্ভাবং নব্যং যৌবনমুচ্যতে॥

লোচনরোচনী টীকা।

আশাস্তে ইতি সখ্যাঃ সখীং প্রতি ভাবোদ্দীপনং বচনং মন্দমীশদযথাস্থাত্তথা শাস্তে উদী-

আনন্দচন্দ্রিকা টীকা

বিশাখা শ্রীরাধাং পরিহসন্ত্যাহ আশাস্ত ইতি তব দৃগেবেন্দীবরং তত্র কটাক্ষ এব ভ্রমরঃ পতিতুমাশাস্তে ইচ্ছতি এতাবৎকালং তব নয়নং কটাক্ষং কর্ত্তুং ন জানীতেস্ম সংপ্রতি জ্ঞাস্যতীত্যর্থঃ। ব্রীড়ো লজ্জাব্রীড়োহক্লীব ইতি রভসঃ। ব্রীড়মেতি নতবক্ষসঃ প্রিয়েতি যাদবঃ মাধবো বসন্তঃ শ্রীকৃষ্ণশ্চ

দবেতি তেন বয়ঃসন্ধৌ স্তনস্থানস্য স্নিগ্ধত্ব মাংসলত্বে এব নতু তদাকার ইতি জ্ঞেয়ং কিঞ্চিচ্চলাক্ষমিতি বয়ঃসন্ধি নব্যযৌর্নযনচাঞ্চল্যস্যালক্ষ্যত্ব লক্ষ্যত্বাভ্যাং ভেদঃ মন্থরং মুখান্নির্গচ্ছং বিলম্বমানং স্মিতং যত্র ইতি বয়সন্ধৌ মুখমধ্য এবাসীদিত্যর্থঃ অভি সর্ব্বতোভাবেন স্ফুরন্ ভাবো যত্রেতি প্রথমবিক্রিয়ারূপস্য ভাবস্য তয়োরলক্ষ্যত্বলক্ষ্যত্বাভ্যাং ভেদঃ

অথ কৃষ্ণপ্রিয়াবর্গের মাধুর্য্য যথা।

বিশাখা শ্রীরাধাকে পরিহাস পূর্ব্বক কহিলেন সুন্দরি! তোমার রূপমাধুর্য্য অতি চমৎকার, ঐ দেখ ত্বদীয় নয়নরূপ ইন্দীবরে কটাক্ষরূপ মধুকর অল্পে অল্পে পতিত হইতে অভিলাষ করিতেছে, তোমার চিত্তরূপী হংসশাবক ঈষৎ লজ্জা স্বরূপ মৃণালাঙ্কুর অন্বেষণ করিতেছে। অতএব হে রাধে! আমার বোধ হয় তুমি মাধবের উৎসবপ্রদ কোন দশা-বিশেষকে অন্বেষণ করিতেছে?।

অথ নব্যবয়স্।

যে বয়সে স্তন ঈষৎ উদ্ভিন্ন, লোচনের কিঞ্চিৎ চঞ্চলতা, মন্দহাস্য এবং অত্যল্প মনের বিক্রিয়া হয়, তাহাকেই নবযৌবন বলে।

যথা—

উরঃ স্তোকোচ্ছূনং বচনমুদয়দ্বিক্রমলবং
দরোদ্ঘূর্ণা দৃষ্টির্জঘনতটমীষদ্ঘনতরং।
মনাগ্ব্যক্তা রোমাবলিরুপচিতং কিঞ্চিদুদরং
হরেঃ সেবৌচিত্যং তব সুবদনে বিন্দতি বয়ঃ॥
তন্মাধুর্য্যং॥
বারং বারং বিচরসি হরেরদ্য বিশ্রামবেদ্যা-
মুদ্ভ্রান্তাসি স্ফুরতি পবনে তদ্বপুর্গন্ধভাজি।

লোচনরোচনী টীকা

যত ইতি কর্ত্তর্য্যেব প্রয়োগঃ　ঈঙ্ গতাবিতি দৈবাদিকস্য　১২

আনন্দচন্দ্রিকা টীকা

বৃন্দাহ উর ইতি কিঞ্চিদপচিতং ঈষৎ ক্ষীণং।

কাচিৎ প্রৌঢ়বধূঃ স্বননান্দরং পরিহসন্তী তদ্দৌত্যং বিধিৎসন্ত্যাহ বারমিতি। বিচরসীতি চাপল্যং　উদ্ভ্রান্তাসীত্যাবেগঃ। বিকিরসীত্যৌৎসুক্যং　১২।

যথা—

বৃন্দা শ্রীমতীকে কহিলেন, হে প্রিয়সখি! সম্প্রতি তোমার বক্ষঃস্থল কিঞ্চিৎ উন্নত দেখিতেছি, বাক্য ঈষৎ বক্রিমভাব অবলম্বন করিল, নেত্রদ্বন্দ্ব অল্প অল্প ঘূর্ণিত হইতে লাগিল, লোমাবলী ঈষৎ অভিব্যক্ত হইতেছে এবং উদরের কিঞ্চিৎ ক্ষীণতা দেখিতেছি, সে যাহাহউক হে সুবদনে! তোমার এই অভিনব বয়স্ হরিসেবায় যোগ্যতা লাভ করিয়াছে, অতএব তুমি আর হরিসেবায় বিলম্ব করিও না॥

অথ কৃষ্ণপ্রিয়াবর্গের বয়োমাধুর্য্য যথা॥

কোন এক প্রৌঢ় বধূ আপনার ননান্দাকে পরিহাস পূর্ব্বক তদীয় দৌত্য বিধান করিতে ইচ্ছা করিয়া কহিল, হে সুন্দরি! তুমি কেন বারম্বার হরির বিশ্রামবেদীতে বিচরণ করিতেছ? কেনই বা তুমি শ্রীকৃষ্ণের অঙ্গপরিমলবাহি স্ফূর্ত্তিশালি পবনে উদ্ভ্রান্তা হইতেছ? এবং কি নিমিত্তই

বালে নেত্রং বিকিরসি মুহুর্নৈচিকীনাং পদব্যাং
ভাবাগ্নিস্তে স্ফুটমিহ মনোধাম্নি ধূমায়িতোঽস্তি ॥

অথ ব্যক্তং ॥

বক্ষঃ প্রব্যক্তবক্ষোজং মধ্যঞ্চ সুবলিত্রয়ং।
উজ্জ্বলানি তথাঙ্গানি ব্যক্তে স্ফুরতি যৌবনে ॥ ১২ ॥

যথা—

রথাঙ্গমিথুনং নবং প্রকটয়ত্যুরোজদ্বয়ং তি-
র্য্যনক্তি যুগলং দৃশোঃ শফরবৃত্তিমিন্দ্রাবলি।
বিভর্ত্তি চ বলিত্রয়ং তব তরঙ্গভঙ্গোদ্গমং

আনন্দচন্দ্রিকা টীকা।

নান্দীমুখ্যাহ রথাঙ্গমিথুনং চক্রবাকদ্বয়ং শফরয়োরিব বৃত্তিং চরিত্রং পক্ষে শফরবত্তাং।

বা নৈচিকী (উত্তমা গো) সকলের পদবীতে নয়ন নিক্ষেপ করিতেছ ? অতএব হে বালে ! ইত্যাদি কারণে আমি পরিজ্ঞাত হইলাম, নিশ্চয়ই তোমার মনোমধ্যে কোন ভাবাগ্নির উদ্দীপন হইয়া রাশি রাশি ধূম উদ্গার করিতেছে, নতুবা তোমার স্বভাবের এ প্রকার বৈপরীত্য হইবে কেন ? ॥

অথ ব্যক্তযৌবন ॥

যে সময়ে স্পষ্টরূপে বক্ষঃস্থলে বক্ষোজের (স্তনের) উদ্গম, মধ্যদেশ ত্রিবলি, তথা অঙ্গ সকলের উজ্জ্বলতা প্রকাশ হয়, তাহাকে ব্যক্তযৌবন বলে ॥ ১২ ॥

যথা—

নান্দীমুখী কহিলেন, হে ইন্দ্রাবলি ! তোমার দুইটী পয়োধর উচ্চ হইয়া নবীন চক্রবাক যুগলকেই যেন প্রকটিত করিতেছে, নয়নযুগ যেন দুইটী মীনের বৃত্তি অভ্যাস করিতেছে, তথা ত্রিবলি আশ্চর্য্যবিলাসশালিনী হইয়া তরঙ্গের ভঙ্গিমাই যেন ধারণ করিয়াছে, অতএব

ত্বমত্র সরসীকৃতা তরুণিমশ্রিয়া রাজসি ॥ ১৩ ॥

তন্মাধুর্য্যং ॥

ভ্রাজন্তে বরদন্তি মৌক্তিকগণ যস্যোল্লিখদ্ভির্নখৈঃ

লোচনরোচনী টীকা

সরসীকৃতেতি পূর্ব্বমসরসা সংপ্রতি তু তাদৃশী কৃতেত্যর্থঃ। পক্ষে সরসী সুরঃ। ১৩

হে বরদন্তি শ্রেষ্ঠদশনে। পক্ষে ববদন্তীনাং শ্রেষ্ঠহস্তিনাং মৌক্তিকগণাঃ পুষ্করমালা

আনন্দচন্দ্রিকা টীকা।

হে ইন্দ্রাবলি সবসী সরোবরং পক্ষে পূর্ব্বমসবসা ত্বং সম্প্রতি রসিকাভূরিত্যর্থঃ ১৩ ॥

শ্যামলা শ্রীরাধামাহ স হরিঃ কথং ত্বয়া নেত্রেণ বদ্ধঃ হে হরিণেক্ষণে ইতি একমেব হরিণং প্রহিত্য তদ্দাবৈব ভবতী সিংহমবধ্নাদিতি বিস্ময়ঃ। শ্লেষেণতু নেত্রেণ মন্থানডোরকেণ সিংহং বন্ধুমিচ্ছন্ত্যাস্তব গোপীত্বাত্তদেব বন্ধনসাধনমুচিতমেবেতি ভাবঃ। কিমর্থং উরোজ এব পঞ্জরং তত্তটে সম্বেশয়ন্ত্যা শায়য়ন্ত্যা হেতৌ শতৃপ্রত্যয়ঃ স্যান্নিদ্রা শয়নং স্বাপঃ স্বপ্নঃ সংবেশ ইত্যমরঃ। নচ স সিংহোঽপি সাধারণধর্ম্মেত্যাহ শৌটীর্য্যং পরাক্রমঃ তস্যাক্ষিরিতি। পক্ষে পরমসুকুমারয়া ত্বয়া তস্য মহাবলস্য শ্রীকৃষ্ণস্য শৃঙ্গারবসম্মর্দ্দঃ কথং সোঢ়ব্য ইতি নর্ম্ম ধ্বনিতং যস্য হরেঃ সিংহস্য পক্ষে শ্রীকৃষ্ণস্য উল্লিখদ্ভিরুচ্চৈর্লিখদ্ভিঃ পক্ষে উচ্চৈরেখাঙ্কবদ্ভির্নখৈঃ ক্ষিপ্তাঃ বরদন্তি-মৌক্তিকগণাঃ শ্রেষ্ঠগজমুক্তারাশয়ঃ পক্ষে হে বরদন্তীতি পৃথক্ পদং।

হে সুন্দরি! তুমি কি সরোবর সদৃশী হইয়া তারুণ্য-সম্পদে অত্যর্থ বিরাজ করিতেছ? ॥ ১৩ ॥

অথ যৌবন-মাধুর্য্য যথা ॥

শ্যামলা শ্রীরাধাকে কহিলেন, হে হরিণেক্ষণে! যে হরির (সিংহের) স্বীয় নখদ্বারা করিকুম্ভ বিদীর্ণ হওয়াতে প্রশস্ত গজমৌক্তিক সকল তদীয় পুষ্করমালায় অর্থাৎ করিশুণ্ডাগ্রশ্রেণী দ্বারা ছন্নপ্রভ হইয়া কুঞ্জে কুঞ্জে পতিত হওত শোভা বিস্তার করিতেছে এবং যে স্বয়ং পরাক্রমে সমুদ্র তুল্য, তুমি তাহাকে বক্ষোজপঞ্জরে (স্তনতটে) বন্ধন করিতে ইচ্ছ করাতেই সেই শ্রীমান্ হরি কি প্রকারে তোমার নেত্র (মন্থানরজ্জু) দ্বারা বদ্ধ হইল।

উক্ত উদাহরণের অর্থান্তর যথা ॥

হে বরদন্তি! অর্থাৎ হে শোভনদশনে! যিনি কামিনীগণের কুচোপরি নখাঘাত করাতে, তত্রস্থ প্রশস্ত মৌক্তিক সকল তদীয় পদ্ম-

ক্ষিপ্তাঃ পুষ্করমালয়াবৃতরুচঃ কুঞ্জেষু কুঞ্জেষমী।
শৌটীর্য্যাব্ধিরুরোজপঞ্জরতটে সংবেশয়ন্ত্যা কথং
স শ্রীমান্ হরিণেক্ষণে হরিরভূন্নেত্রেণ বদ্ধস্ত্বয়া॥

অথ পূর্ণং।

নিতম্বো বিপুলো মধ্যং কৃশমঙ্গং বরহ্যতি।
পীনৌ কুচাবূরুযুগ্মং রম্ভাভং পূর্ণযৌবনে॥

যথা—

দৃশোর্দ্বন্দ্বং বক্ত্রাং হরতি শফরোল্লাসলহরী-

লোচনরোচনী টীকা

পদ্মমালা। পক্ষে করিশুণ্ডাগ্রসমূহঃ সংবেশয়ন্ত্যা শায়য়ন্ত্যা নেত্রেণ চক্ষুষা পক্ষে মধ্যনডোব-কেণ। ১৪।

আনন্দচন্দ্রিকা টীকা।

অত্রোভয়পক্ষেঽপি কবিকুম্ভস্তনৌ কর্ম্মভূতাবাক্ষেপলব্ধৌ প্রবিশ পিণ্ডমিত্যত্র গৃহং ভক্ষয়েতি-বজ্জ্ঞেয়ৌ। কীদৃশাঃ পুষ্করমালয়া ছিন্নকরিশুণ্ডাগ্রশ্রেণ্যা পক্ষে নির্ম্মাল্যকমলমালয়া আবৃতা রুচঃ কান্তয়ো যেষাং তে পুষ্করং করিহস্তাগ্র ইত্যমরঃ।

বৃন্দাহ দৃশোরিতি কন্দলয়তঃ অঙ্কুরয়তঃ প্রকাশয়ত ইতি যাবৎ। বয়সি যৌবনে। ১৪॥

মালায় ছন্নরুচি হইয়া কুঞ্জে কুঞ্জে পতিত হওত শোভা বিস্তার করিতেছে এবং যিনি স্বয়ং শৌটীর্য্যাব্ধি অর্থাৎ শৃঙ্গাররস সুখপ্রদ, তাঁহাকে তুমি স্তনান্তরে শয়ন করাইতে ইচ্ছা করাতে, সেই শ্রীমান্ হরি কি প্রকারে তোমার নেত্র দ্বারা বদ্ধ হইলেন॥

অথ পূর্ণযৌবন।

যে বয়সে কামিনীগণের নিতম্বের বিপুলতা, মধ্যদেশের ক্ষীণতা, অঙ্গ সকলের উজ্জ্বলকান্তি, স্তনদ্বয়ের স্থূলতা ও ঊরুযুগ রম্ভাবৃক্ষ সদৃশ হয়, তাহাকেই পূর্ণ যৌবন বলে।

যথা—

বৃন্দা কহিলেন, হে লীলাবতি! তোমার এই যে অক্ষিদ্বন্দ্ব মীনযুগলের বক্র-উল্লাস-লহরী হরণ করিয়াছে, তোমার বদনসৌন্দর্য্য সন্দ-

মখণ্ডং তুণ্ডশ্রীর্বিধুমধুরিমাণং দময়তি।
কুচৌ কুম্ভভ্রান্তিং মুহুরবিকলাং কন্দলয়ত-
স্তবাপূর্ব্বং লীলাবতি বয়সি পূর্ণে বপুরভূৎ॥
তন্মাধুর্য্যং॥
ন বিত্রস্তা কা তে প্রতি যুবতিরাসীন্মুখরুচা
দধার স্তৈমিত্যং প্রণয়ঘনবৃষ্ট্যা তব ন কা।
ব্রজে শিষ্যা কাভূন্নহি তব কলায়ামিতি হরে-
র্নিকুঞ্জস্বারাজ্যে ত্বমসি রসিকে পট্টমহিষী॥ ১৪॥
তারুণ্যস্য নবত্বেঽপি কাসাঞ্চিদ্ভ্রূজস্ভ্রুবাং।

লোচনরোচনী টীকা।

তারুণ্যস্য তৎসময়স্য শোভাপূর্ত্তির্দৃশোবিত্যাদি বর্ণিতা পূর্ণতরবতি যথান্যত্র পূর্ণতাবস্থা তথেত্যর্থঃ। ১৫।

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধাসৌভাগ্যাদ্বিষীদন্তীং চন্দ্রাবলীং পদ্মা সমাশ্বসিতি ন বিত্রস্তেতি প্রতিযুবতিঃ প্রতিপক্ষ গোপী

র্শন করিয়া অখণ্ড বিধুমণ্ডলের মধুরিমা দমিত হইতেছে এবং তদীয় ঐ ভুজদ্বয় মুহুর্মুহুঃ অবিকল করিকুম্ভ ভ্রান্তির অঙ্কুর জন্মাইতেছে, সে যাহাহউক, হে সুন্দরি। পূর্ণযৌবনে তোমার এই বপুঃ অপূর্ব্ব শোভা বিস্তার করিতে লাগিল॥

অথ পূর্ণযৌবনমাধুর্য্য যথা।

শ্রীরাধার সৌভাগ্যে দ্বেষকারিণী চন্দ্রাবলীকে পদ্মা আশ্বাস প্রদান পূর্ব্বক কহিলেন, হে প্রিয়সখি! তোমার এই বদনসৌন্দর্য্য সন্দর্শন করিয়া কোন্ প্রতিপক্ষ যুবতি না ত্রাসিত হইতেছে, তোমার প্রণয় ঘনের (মেঘের) বর্ষণে কোন্ রমণীইবা স্তম্ভিতা না হইয়াছে এবং ত্বদীয় বৈদগ্ধীকলায় এই ব্রজমণ্ডলে কোন্ যুবতিই না তোমার শিষ্যা হইয়াছে? অতএব হে রসিকে! হরির নিকুঞ্জরাজ্যে তুমিই কেবল একাকিনী পট্টমহিষীরূপে বিরাজ করিতেছ। ১৪॥

কোন কোন ব্রজসুন্দরীর তারুণ্যের অল্পতা হইলেও শোভার

শোভাপূর্ত্তিবিশেষেণ পূর্ণতেব প্রকাশতে।

অথ রূপং ॥

অঙ্গান্যভূষিতান্যেব কেনচিদ্ভূষণাদিনা।
যেন ভূষিতবদ্ভাতি তদ্রূপমিতি কথ্যতে ॥

যথা দানকেলিকৌমুদ্যাং ॥

ত্রপতে বিলোক্য পদ্মা ললিতে রাধাং বিনাপ্যলঙ্কারং।
তদলং মণিময়মণ্ডনমণ্ডলরচনাপ্রয়াসেন ১৫ ॥

যথা বা বিদগ্ধমাধবে ॥

নীতং তে পুনরুক্ততাং ভ্রমরকৈঃ কস্তূরিকাপত্রকং

লোচনরোচনী টীকা

পুনরুক্তাদিশব্দা ব্যর্থীকৃতবাচকাঃ শব্দভেদবিন্যাসভঙ্গ্যা সরসাঃ ১৬।

আনন্দচন্দ্রিকা টীকা।

বৃন্দাহ ত্রপত ইতি। মম সখী চন্দ্রাবলী এবং সৌন্দর্য্যবতী ন ভবতীতি স্বপ্রাৎকর্ষ-চ্যুতিজনিতেয়ং লজ্জা ১৫

ভূষিতবদ্ভাতীত্যেষোঽর্থো নাত্র শব্দোপাত্তোঽভূদিত্যপবিভুষ্যন্নাহ যথা বেতি। শ্রীকৃষ্ণঃ

পূর্ত্তি বিশেষ দ্বারা পূর্ণতার ন্যায় প্রকাশ পায় ॥

অথ রূপ ॥

শরীরে কোন ভূষণাদি না থাকিলেও যদ্দ্বারা অঙ্গ সকলকে ভূষিতের ন্যায় দেখায় তাহাকেই রূপ কহে ॥

যথা দানকেলিকৌমুদীতে।

বৃন্দা কহিলেন, হে ললিতে! শ্রীরাধার অনলঙ্কৃত অঙ্গ দেখিয়াই যখন চন্দ্রাবলীর সখী পদ্মা লজ্জিতা হয়, তখন তাঁহার শরীরে মণিময় ভূষণ সকল রচনার প্রয়াস বৃথা ॥ ১৫।

অপর, পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে যে, বিনা ভূষণেও অঙ্গ সকলকে ভূষিতের ন্যায় দেখায়, কিন্তু ইহা উক্ত উদাহরণে শব্দ দ্বারা সুন্দররূপে সপ্রমাণ না হওয়াতে পুনরায় কহিলেন, উদাহরণ যথা—বিদগ্ধমাধবে।

এক দিবস শ্রীকৃষ্ণ শ্রীমতীকে প্রসন্ন করাইতে করাইতে কহিলেন,

নেত্রাভ্যাং বিফলীকৃতং কুবলয়দ্বন্দ্বঞ্চ কর্ণার্পিতং।
হারশ্চ স্মিতকান্তিভঙ্গিভিরলং পিষ্টানুপেষীকৃতঃ
কিং রাধে তব মণ্ডনেন নিতরামঙ্গৈরসি দ্যোতিতা। ১৬॥

অথ লাবণ্যং

মুক্তাফলেষু ছায়ায়াস্তরলত্বমিবান্তরা।
প্রতিভাতি যদঙ্গেষু লাবণ্যং তদিহোচ্যতে॥ ১৭॥

লোচনরোচনী টীকা

ছায়ায়াঃ কান্তেস্তরলত্বমিবেতি তরঙ্গায়মানত্বমিত্যর্থঃ। লাবণ্যশব্দঃ খলু লবণাশব্দ-প্রকৃতিকঃ লবণাহি কান্তিরুচ্যতে লবণো রসভেদঃ স্যাল্লবণাতু নদীত্বিষোরিতি মেদিনী-করকোষাৎ। ততশ্চ লবণাস্মিন্নস্তীতি লবং:। অর্শ আদ্যচ্। তস্য ভাবো লাবণ্যং লবণি-মা চেতি সিদ্ধং ১৭

আনন্দচন্দ্রিকা টীকা

প্রসাধ্যমানাং শ্রীরাধামাহ নীতমিতি ভ্রমরকৈরলকৈঃ ১৬

ছায়ায়াঃ কান্তেস্তবলত্বং তবঙ্গায়মাণত্বং যথা তথা যদন্তরা মধ্যে এবাঙ্গেষু প্রতিভাতি প্রতিভানং ভবেদিত্যর্থঃ অতিস্বচ্ছত্বাদাধিক্যাচ্চ প্রতিক্ষণমুদ্গচ্ছন্ত্য ইব কান্তয়ো যতো লক্ষ্যন্তে তল্লাবণ্যমুচ্যত ইত্যর্থঃ ১৭

হে প্রিয়তমে! তুমি যে আপনার ললাটদেশে কস্তূরী দ্বারা তিলক রচনা করিয়াছ তাহা তোমার চূর্ণকুন্তলে পৌনরুক্ত অর্থাৎ পণ্ডিতগণ যেমন গ্রন্থের কোন স্থান অশুদ্ধ হইলে তাহাকে বলয়াকৃতি রেখা দ্বারা বেষ্টন করেন, তাহার ন্যায় ব্যর্থীকৃত হইল। তথা তোমার কর্ণার্পিত কুবলয় নয়নযুগলের দ্বারা বৈফল্য লাভ করিল এবং ত্বদীয় হাস্যচন্দ্রিকার তরঙ্গ নিমিত্ত হারেরও মনোহরত্ব পিষ্টপেষণ হইতে লাগিল, অতএব হে রাধে! তোমার অঙ্গ সকল বিনা ভূষণেই যখন শোভা ধারণ করিল, তখন আর ভূষণ পরিধানের প্রয়োজন কি?। ১৬॥

অথ লাবণ্য।

যেমন প্রশস্ত মুক্তাকলাপের অন্তর হইতে ছটা বহির্গত হয়, তাহার ন্যায়, স্বচ্ছতা প্রযুক্ত অঙ্গ সকলে যে চাক্‌চিক্য প্রতীয়মান হইয়া থাকে তাহাকেই লাবণ্য বলে। ১৭॥

যথা বা—

জগদমলরুচী র্বিচিন্ত্য রাধে
ব্যধিত বিধিস্তব নূনমঙ্গকানি ।
মণিময়মুকুরং কুবঙ্গনেত্রে
কিবণগণেন বিড়ম্বয়ন্তি যানি । ১৮

যথা বা—

শৃণু সখি তব কর্ণে বর্ণয়াম্যত্র নীচৈ-

লোচনরোচনী টীকা

ব্যধিত অকরোৎ বিড়ম্বয়ন্তি নিন্দয়ন্তি তত্রেদৃশলাবণ্যভরাত্তিবক্ষুর্ব্বন্তীব ১৮
শৃণু সখীতি পরম লাবণ্যযুক্ত স্বপ্রতিবিম্বেন স্বসদৃশী কাচিদন্যাপ্যস্যাস্তীতি সমৎসরাং

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণ আহ জগৎসু যা যা অমলা রুচয আসংস্তা এব সর্ব্বা বিচিত্য ততস্ততঃ সমাহৃত্যৈব ব্যধিত অকরোৎ অতএব জগৎসু ত্বদঙ্গসাদৃশ্যং ন দৃশ্যতে ইতি ভাবঃ অঙ্গকানীত্যনুকম্পার্থ কপ্রত্যয়েনাঙ্গানাং সুভগত্বং সুকুমারত্বঞ্চোক্তং ১৮

শ্রীরাধাঙ্গনিষ্ঠং লাবণ্যমুদাহৃত্য শ্রীকৃষ্ণনিষ্ঠমপি তদুদাহর্ত্তুমাহ যথারেতি এবমগ্রেঽপি যথা রেত্যস্যৈবমেবাবতারিকা জ্ঞেয়া শ্রীকৃষ্ণস্যাগ্রত এবোপবিশ্য খেলন্তীমকস্মাদন্তর্ম্মানোদয়াৎ শ্রীরাধাং পরামৃশ্যোপরিষ্টাদস্যামুপহস্যমানত্বাদিতি বিশাখা বোধয়ন্তী তামাহ শৃণ্বিতি

যথা—

শ্রীরাধাকে সম্বোধন পূর্ব্বক শ্রীকৃষ্ণ কহিলেন, সুন্দরি । জগৎবিধানকর্ত্তা বিধাতা জগতীতলে সমস্ত সৌন্দর্য্য অবচয়ন করিয়া নিশ্চয়ই তোমার অঙ্গ প্রত্যঙ্গ নির্ম্মাণ করিয়াছেন, যেহেতু হে কুরঙ্গনেত্রে ! ত্বদীয় অঙ্গ সকল স্বীয় কিরণ সমূহে মণিময় মুকুর (দর্পণ) কেও বিড়ম্বিত করিতেছে, অতএব হে প্রিয়তমে ! এই ত্রিভুবন মধ্যে তোমার অঙ্গের সাদৃশ্য আর দেখা যায় না । ১৮ ॥

শ্রীরাধার অঙ্গনিষ্ঠ লাবণ্য উদাহরণ করণানন্তর শ্রীকৃষ্ণেরও অঙ্গলাবণ্য বর্ণনা করিতেছেন, যথা বা ॥

এক দিবস শ্রীরাধা শ্রীকৃষ্ণাগ্রে উপবেশন পূর্ব্বক খেলা করিতেছিলেন, অকস্মাৎ তাঁহার মনোমধ্যে মানের উদয় হওয়াতে বিশাখা অবগত হইয়া বিবেচনা করিলেন, হায় ! পাছে বা ইহাঁকে উপহাস

র্বিরচয় মুখচন্দ্রং মা ম্বথারাদ্বিবর্ণং।
ইয়মুরসি মুরারেরস্তি নান্যা মৃগাক্ষী
মরকত,মুকুরাভে বিম্বিতাসি ত্বমেব।
অথ সৌন্দর্য্যং।
অঙ্গপ্রত্যঙ্গকানাং যঃ সন্নিবেশো যথোচিতং।
সুশ্লিষ্টসন্ধিবন্ধঃ স্যাওৎ সৌন্দর্য্যমিতীর্য্যতে ॥ ১৯ ॥
যথা—
অথণ্ডেন্দোস্তুল্যং মুখমুরুকুচদ্যোতিতমুরো

লোচনরোচনী টীকা।

শ্রীরাধাং প্রতি সখীসান্ত্বনং　১৯

আনন্দচন্দ্রিকা টীকা

অঙ্গানাং বাহ্বাদীনাং প্রত্যঙ্গকানাং প্রগণ্ডপ্রকোষ্ঠমণিবন্ধাদীনাং যথোচিতং স্থৌল্য-কার্শ্যবর্ত্তুলত্বাদিকং যত্র যত্র যদ্যদুচিতং ভবতি তদনতিক্রম্য সন্নিবেশঃ সুশ্লিষ্টঃ যথোচিতং মাংসলত্বেনৈক্যমাপ্তঃসন্ধীনাং কফোণ্যাদীনাং বন্ধে যস্মিন্ সঃ　১৯

শ্রীকৃষ্ণ আহ অথণ্ডেন্দোরিতি　অংসে স্কন্ধে ন্যস্তৌ নতাবিত্যর্থঃ　মধ্যগর্ভিতঃ মধ্যস্থ সর্ব্ব-

স্পদ হইতে হয়, অতএব অগ্রেই কিঞ্চিৎ উপদেশ দিতেছি এই নিশ্চয় করত বিশাখা কহিলেন, সখি। ধীরে ধীরে তোমার কর্ণে কহিতেছি, মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর, নতুবা পশ্চাৎ হাস্যাস্পদ হইবা　হে সুন্দরি! হঠাৎ কেন আপনার বদনচন্দ্র বিবর্ণ করিলে? এই ব্রজপুরে মুরহরের মরকত মুকুর (দর্পণ) তুল্য উরঃস্থলে (বক্ষে) অন্য কোন মৃগাক্ষী ত নাই, তোমাকেই ত প্রতিবিম্বিতা দেখিতেছি, অতএব বদন প্রসন্ন কর॥

অথ সৌন্দর্য্য॥

অঙ্গ প্রত্যঙ্গাদির যে যথোচিত সন্নিবেশ এবং সন্ধি সকলের যথা-যথ মাংসলত্ব তাহাকেই সৌন্দর্য্য বলে॥ ১৯॥

যথা—শ্রীকৃষ্ণ কহিলেন হে রাধে! তোমার সৌন্দর্য্যের কথা অধিক আর কি বলিব, ত্বদীয় মুখমণ্ডল সাক্ষাৎ ইন্দুমণ্ডল তুল্য, উচ্চ কুচযুগে

ভুজৌ স্রস্তাবংসে করপরিমিতং মধ্যমভিতঃ।
পরিস্ফারা শ্রোণী ক্রমলঘিমভাঁগূরুযুগলং
তবাপূর্ব্বং রাধে কিমপি কমনীয়ং বপুরভূৎ॥

অথাভিরূপতা॥

যদাত্মীয়গুণোৎকর্ষৈর্বস্ত্বন্যন্নিকটস্থিতং।
সারূপ্যং নয়তি প্রাজ্ঞৈরাভিরূপ্যং তদুচ্যতে॥

যথা,—মগ্না শুভ্রে দশনকিরণে স্ফাটিকীব স্ফুরন্তী
লগ্না শোণে ফরসরসিজে পদ্মরাগীব গৌরী।
গণ্ডোপান্তে কুবলয়রুচা বৈন্দ্রনীলীব জাতা

লোচনরোচনী টীকা।

অংসে স্কন্ধে স্রস্তৌ নতাবিত্যর্থঃ নম্রাবিতি বা পাঠঃ। ২০।

আনন্দচন্দ্রিকা টীকা।

দিক্ষু করেণ করবিস্তারেণ পরিমিতং করেণৈব গ্রহিতুং শক্যমিত্যর্থঃ অভিতঃ পরিতঃ সমগে-ত্যাদিনা দ্বিতীয়া

যদিতি কর্ত্তৃপদং অন্যদ্বস্তু কর্ম্মভূতং সারূপ্যং স্বতুল্যরূপত্বং।

শ্রীকৃষ্ণেন বাদ্যমানাং বংশীং দূরাদ্দর্শয়ন্তী বিশাখা শ্রীরাধামাহ মগ্নেতি শ্লোকে

বক্ষঃস্থল অতি সুদৃশ্য, ভুজদ্বয় স্কন্ধদেশে নত, মধ্যভাগ মুষ্টিপরিমিত, নিতম্ব অতিশয় বিশাল ও ঊরুযুগ ক্রমশঃ লঘু হইয়া অদ্ভুত শোভা বিস্তার করিতেছে, যাহা হউক হে প্রিয়তমে! তোমার এই বপুঃ অপূর্ব্ব কমনীয়ত্বরূপে প্রকাশশীল হইয়াছে।

অথ অভিরূপতা।

যে বস্তু স্বীয় গুণের উৎকর্ষ নিমিত্ত সমীপস্থ অন্য বস্তুকে আপনার সারূপ্য প্রাপ্ত করায়, পণ্ডিতেরা তাদৃশ গুণকে আভিরূপ্য বলিয়া কীর্ত্তন করেন॥

যথা,—বিশাখা শ্রীকৃষ্ণকর্ত্তৃক বাদ্যমানা বংশী দূর হইতে শ্রীরাধাকে দেখাইয়া কহিলেন, হে গৌরি! ঐ দেখ বংশী শ্রীকৃষ্ণের দশন-জ্যোৎস্নায় নিমগ্ন হইয়া স্ফটিকের ন্যায় স্ফূর্ত্তি পাইতেছে, লোহিতবর্ণ করসরোরুহে সংলগ্ন হইয়া পদ্মরাগ মণির তুল্য শোভা ধারণ করিয়াছে এবং কুবলয়কান্তিতুল্য কপোলপ্রান্তে মিলিত হইয়া ইন্দ্রনীলমণির প্রভা

স্যূতে রত্নত্রয়শ্রিয়মসৌ পশ্য কৃষ্ণস্য বংশী ॥

যথা বা ॥

বক্ষোজে তব চম্পকচ্ছবিমবস্তম্ভোরুকুম্ভোপমে
রাধে কোকনদশ্রিয়ং করতলে সিন্দূরতঃ সুন্দরে ।
দ্রাগিন্দীবরবন্ধুরেষু চিকুরেষ্বিন্দীবরাভাং বহ-
ন্নেকঃ কৈরবকোরকো বিতনুতে পুষ্পত্রয়ীবিভ্রমং ॥ ২০ ॥

অথ মাধুর্য্যং ।

আনন্দচন্দ্রিকা টীকা ।

জনয়তি

যথা বেতি । অত্র নায়কনায়িকয়োঃ শৃঙ্গারবসস্য পরস্পরবিষয়াশ্রয়ত্বে পরস্পররূপাদীনাং পরস্পরোদ্দীপনত্বে বর্ণনং পূর্ব্বপশ্চাদ্ভাবো ন নিয়ম্যত ইতি জ্ঞেয়ং

শ্রীকৃষ্ণ আহ বক্ষোজ ইতি । কৈরবকোরকঃ শ্বেতোৎপলকলিকা অবস্তম্ভঃ স্বর্ণং কোক-নদং রক্তোৎপলং ইন্দীবরো ভ্রমরঃ ইন্দীবরং নীলোৎপলং ২০ ॥

বিস্তার করিতেছে, অতএব হে সুন্দরি ! আশ্চর্য্য ! অবলোকন কর, ঐ কৃষ্ণমুরলী তিনটী রত্নের বিভ্রম জন্মাইতে লাগিল ।

যথা বা—

শ্রীকৃষ্ণ কহিলেন রাধে ! কি আশ্চর্য্য ! এই একটী শ্বেতোৎপল-কলিকা তোমার স্বর্ণকলস তুল্য উচ্চ কুচকুম্ভে সংলগ্ন হইয়া চম্পক-কোরকের কান্তি ধারণ করিতেছে, সিন্দূর অপেক্ষাও সুন্দর ত্বদীয় করতলে কোকনদের (রক্তপদ্মের) শোভা বিস্তার করিতেছে এবং ইন্দীবরতুল্য অতিসুন্দর তোমার কেশকলাপে সংলগ্ন হইয়া নীলোৎ-পলের আভা বহন করিতেছে, যাহা হউক হে প্রিয়তমে ! এই এক কৈরবকোরক (কলিকা) তোমার অঙ্গসঙ্গে তিনটী পুষ্পের বিভ্রম জন্মাইতে লাগিল ॥ ২০ ॥

অথ মাধুর্য্য ।

রূপং কিমপ্যনির্ব্বাচ্যং তনোর্মাধুর্য্যমুচ্যতে ২১।

যথা—

কিমপি হৃদয়মন্ত্রুশ্যামলং ধাম রুন্ধে
দৃশমহহ বিলুণ্ঠত্যাঙ্গিকী কাপি মুদ্রা।
চটুলয়তি কুলস্ত্রীধর্ম্মচর্য্যাং বকারেঃ
সুমুখি নববিবর্ত্তঃ কোঽপ্যসৌ মাধুরীণাং।

অথ মার্দ্দবং॥

লোচনরোচনী টীকা

বিশাখা কলহান্তরিতাং শ্রীরাধামাহ রাকেতি তানি মানরূপাণি তমাংসি হে রাকা-

---

বসন্ত যথা—

কোন এক বিরহিণী গোপনারী জিজ্ঞাসা করিলেন সখি! আজি নির্ব্বিবেক বসন্তঋতু ভুবনমধ্যে অবতীর্ণ হইতে ইচ্ছা করিল না কি? যে হেতু বৃন্দাবন মধ্যে অলি সকল আর কুন্দের প্রতি আদর প্রকাশ করিতেছে না, অতএব নিশ্চয় বোধ হইতেছে, ঐ ঋতুরাজ সমাগত হইয়া থাকিবেন॥

শরৎ যথা—

বিরহিণী কোন গোপী কহিলেন, সখি! শরৎ কি আমার ধৈর্য্য হরণ করিবার নিমিত্ত হরির দূতী সদৃশী হইয়া আসিয়া উপস্থিতা হইল? কারণ ঐ শরৎঋতু বৃন্দাবনের মহামাধুর্য্য প্রকটন পূর্ব্বক কলহংসগণের শব্দচ্ছলে বিবিধ জল্পনা করিতে করিতে আসিয়া উপস্থিত হইতেছে॥৫৪

পূর্ণসুধাংশু যথা—

কলহান্তরিতা শ্রীরাধাকে বিশাখা কহিলেন, হে রাকাসুধাংশুমুখি! রাকাসুধাংশু (পূর্ণচন্দ্র) এ যাবৎ বৃন্দাটবী জঠরগত তমঃ সকল হরণ

বৃন্দাটবীজঠরগাণ্যধুনাপি শক্তঃ।
রাকাসুধাংশুমুখি তানি তবোন্নতানি
হৃৎকন্দরান্তরচরাণি কথং জহার।
　গন্ধবাহো যথা শ্রীগীতগোবিন্দে।
মনোভবানন্দন চন্দনানিল
প্রসীদ রে দক্ষিণ মুঞ্চ বামতাং।

লোচনরোচনী টীকা।

দ্বিগুণযতি　যস্যা ঈদৃশং মুখং তস্যা হৃদি তম এব ন সুঙ্গচ্ছত ইত্যভিপ্রায়াৎ　৫৫।

আনন্দচন্দ্রিকা টীকা।

সুধাংশুমুখীতি ত্বন্মুখমাধুর্য্যেণৈবানুমীয়ত ইতি ভাবঃ

বিপ্রলব্ধা শ্রীরাধিকা বিলপতি　মনোভবং কন্দর্পমানন্দয়সি ত্বচ্ছবলক্ষ্যভূতায়া মম প্রাণাকর্ষণেন তৎসাহায্যকরণাৎ হে চন্দনানিল মলয়শৈলোদ্ভবত্বাৎ হে চন্দনবন্ধিন্ প্রসীদ কিং তাপয়সি চন্দনমিব　কিমিতি ন শিশিরয়সীতি ভাবঃ　নন্বহং সম্প্রতি মনোভবরাজসেবকঃ স যথা মামাদিশতি তথৈব কর্ত্তুং শরোমি নতু তদন্যথা ইতি চেত্তত্রাহ　রে ইত্যাক্রোশাগম্যতে যদি ত্বং মাং জিঘাংসস্যেব তদা সম্প্রতি ত্বয়ি কো বা বিনয় উচিত ইতি ভাবঃ রে দক্ষিণ দক্ষিণদেশোদ্ভবত্বাৎ শ্লেষেণ হে সরল ক্ষণং ক্ষণমাত্রং ময়ি বামতামিদক্ষিণত্বাং মুঞ্চ যদি কন্দর্পসেবায়াং প্রবৃত্তঃ তদপি স্বধর্ম্মমাভিজাত্যঞ্চ মা ত্যাক্ষীরেব ক্ষণমপি তং কুর্ব্বিতি ভাবঃ　নন্বু কং স্বধর্ম্মমাচরাণীতি ব্রূহীত্যাহ হে জগৎপ্রাণ　সমীর-মারুত-মরুন্নগৎপ্রাণ সমী-

---

করিতে সমর্থ হন নাই, যে হেতু ঐ সকল. উন্নত তমঃ মানরূপে পরিণাম প্রাপ্ত হওত ত্বদীয় হৃদয়-কন্দরাশ্রিত হইয়া বিচরণ করিতেছে, অতএব হে সখি! পূর্ণচন্দ্র কি প্রকারে মান-তিমির হরণ করিতে সমর্থ হইবে? ॥

গন্ধবাহ অর্থাৎ দক্ষিণবায়ু যথা—

গীতগোবিন্দে।

বিপ্রলব্ধা শ্রীরাধা বিলাপ করিতে করিতে, কহিলেন, হে চন্দনস্পর্শি মলয়ানিল! তুমি কন্দর্পের আনন্দপ্রদ, অতএব আমারও প্রতি তোমার প্রসন্ন হওয়া উচিত। হে দক্ষিণ! (সরল) বামতা পরিত্যাগ কর, হে জগৎপ্রাণ! আমার প্রাণহরণ করাই যদি তোমার অভিপ্রেত

ক্ষণং জগৎপ্রাণ বিধায় মাধবং
পুরো মম প্রাণহরো ভবিষ্যসি।
খগা যথা—
মানেন সার্দ্ধং পশুপালসুভ্রুবাং
মরালমালা চলিতা ঘনাগমে
কদম্বকুঞ্জে বিজিহীর্ষয়া সমং
সমাগতা নাগরি চাতকাবলী ॥
আদিশব্দাৎ সখীস্নেহ আত্মন্যুদ্দীপনো বরঃ ॥ ৫৫ ।
যথা—
হরিমবেক্ষ্য পুরো গুরুতো ভিয়া

লোচনরোচনী টীকা

হরিমবেক্ষ্যেতি লজ্জিতয়েত্যনয়োর্ভিন্নসময়ত্বং জ্ঞেয়ং আধিত হবাবর্পিতবতী ৫৬

আনন্দচন্দ্রিকা টীকা

রণা ইত্যভিধানাৎ তব জগৎপ্রাণরূপত্বে মম চ জগন্মধ্যবর্ত্তিত্বেঽপি যদি মম প্রাণহরো ভবিষ্যসি তদা মম পুরঃ ক্ষণং মাধবং বিধায়ৈব তব মাধবসখত্বাৎ তদানয়নে সামর্থ্যং মাধবো বসন্তঃ শ্রীকৃষ্ণশ্চ নত্ববিধায়ৈব ইতি যথাহমেকবারমপি অন্তকালে তং পশ্যেয়মিতি ভাবঃ॥
শ্রীকৃষ্ণো রাধামাহ মানেনেতি ৫৫।
রূপমঞ্জরী স্বসখীমাহ হরিমবেক্ষ্যেতি গুরুশঙ্করেতি শ্বশ্রূপতির্বা কদাচিদাগচ্ছেদিতি

হয় তাহা হইলে ক্ষণকালের নিমিত্ত একবার প্রাণনাথ মাধবকে আমার অগ্রবর্ত্তী কর, পশ্চাৎ প্রাণ হরণ করিও।

খগ অর্থাৎ পক্ষী যথা—

শ্রীকৃষ্ণ শ্রীমতীকে কহিলেন, হে নাগরি! জলদাবলীর সমাগম হওয়াতে পশুপাল সুভ্রূগণের মান সহ হংসশ্রেণী প্রস্থান করিয়াছে, কিন্তু সম্প্রতি বিহারেচ্ছা সহকারে চাতকাবলী কদম্বকুঞ্জে আসিয়া উপস্থিত হইল।

আদিশব্দ প্রয়োগ হেতু আপনাতে যে সখীস্নেহ তাহাও উদ্দীপন সকলের মধ্যে প্রধান ॥ ৫৫ ॥

যথা—

রূপমঞ্জরী আপনার সখীকে কহিলেন, সুন্দরি! শ্রীরাধা হরিকে

মুহুরভুন্মুকুলনববিভ্রমা ।
ললিতয়া বিবৃতে নিজসৌহৃদে
চলদৃগঞ্চলমাধিত রাধিকা । ৫৬ ।
। * । ইত্যুদ্দীপনভাববিবৃতিঃ ॥ * ।

লোচনরোচনী টীকা ।

* । ইত্যুদ্দীপনভাববিবৃতিঃ *

আনন্দচন্দ্রিকা টীকা

ভাবনয়া গুরোর্যে শঙ্কা তয়েতি বা মুকুলন্ মকুলমিবাচরন্ অস্পষ্টবিভ্রমেত্যর্থঃ ললিতয়েতি তদীয়াস্পষ্টবিভ্রমস্য শ্রীকৃষ্ণদিদৃক্ষিতত্বং জ্ঞাত্বেত্যর্থঃ হে প্রিয়সখি পিত্রাদিস্নেহং তথাপ্রাপ্তামপি চন্দ্রাবলীং পরিত্যজ্য তদেকতানমানসোঽয়ং ত্বৎসৌহার্দ্দস্থানমহমিতি মামেবাশ্রিতবান্ অহঞ্চাখ্যায় ত্বদন্তিকমিমমলন্তয়ং অতোঽদ্য মামবেক্ষ্য গুরুভয়মপ্যনপেক্ষ্য কৃপাপাঙ্গেনৈনমঙ্গীকুর্ব্বিতি সৌহার্দ্দে বিবৃতে আধিত অর্পিতবতী ৫৬

* ইত্যুদ্দীপনবিভাববিবৃতিঃ । * ।

অবলোকন করিয়া গুরুজন হইতে ভীতা হওত মুহুর্মুহুঃ আপনার নববিভ্রম সঙ্কুচিত করিতে লাগিলেন, ললিতা ঐ বিষয় অবগত হইয়া স্বীয় সৌহার্দ্দ বিস্তার করায় অমনি আবার শ্রীরাধা আপনার চঞ্চল দৃগঞ্চল হরির প্রতি সমর্পণ করিলেন । ৫৬ ।

। * । ইতি উদ্দীপনভাব বিবৃতি ॥ * ॥

অথানুভাবাঃ

অনুভাবাস্ত্বলঙ্কারাস্তথৈবোদ্ভাস্বরাভিধাঃ ।
বাচিকাশ্চেতি বিদ্বদ্ভিস্ত্রিধাগী পরিকীর্ত্তিতাঃ ।

অত্রালঙ্কারাঃ

যৌবনে সত্ত্বজাস্তাসামলঙ্কারাস্তু বিংশতিঃ ।
উদয়ন্ত্যদ্ভুতাঃ কান্তে সর্ব্বথাভিনিবেশতঃ ।
ভাবো হাবশ্চ হেলাচ প্রোক্তাস্তত্র ত্রয়োঽঙ্গজাঃ ।

লোচনরোচনী টীকা ।

অলঙ্কারাদিসংজ্ঞা কৃত্বা প্রযুক্তা যথা কথঞ্চিদেব যৌগিকার্থং ভজন্তে ৫৭

আনন্দচন্দ্রিকা টীকা

অথানুভাবাঃ অলঙ্কারাভাবাদিচকিতাস্তা দ্বাবিংশতিঃ । উদ্ভাস্বর নীব্যুত্তরীয়ভ্রংসনাদয়ঃ সপ্ত বাচিকা আলাপাদয়ো দ্বাদশ

কৃষ্ণসম্বন্ধিচেষ্টোত্থভাবৈরাক্রান্তং চিত্তং সত্ত্বং তস্মাজ্জাতাঃ সত্ত্বজাঃ ।

অঙ্গজা ইতি । নেত্রান্তশ্রীবাভঙ্গ্যাদীনাং তৎসূচকত্বাত্তেভ্য এবাঙ্গেভ্যো জাতাঃ

অথ অনুভাব ॥

অলঙ্কার, উদ্ভাস্বর (নীবী ও উত্তরীয় ভ্রংশনাদি সপ্ত) এবং বাচিক (আলাপাদি দ্বাদশ) এই ভেদে পণ্ডিতগণ অনুভাব তিন প্রকার কীর্ত্তন করেন ॥

তন্মধ্যে অলঙ্কার যথা—

যৌবন অবস্থায় কামিনীগণের সত্ত্বগুণ জনিত অলঙ্কার বিংশতি প্রকার, কিন্তু কান্তের প্রতি সর্ব্ব প্রকারে অভিনিবেশ হেতু ঐ সকল অলঙ্কার সময়ে সময়ে প্রকাশ হইয়া থাকে ।

উক্ত নায়িকাদিগের যৌবন অবস্থায় কান্তের প্রতি সর্ব্ব প্রকারে অভিনিবেশ জন্য যে সকল সত্ত্বগুণ জনিত অলঙ্কার উদিত হয়, তাহাদের সংখ্যা বিংশতি । তন্মধ্যে ভাব, হাব, হেল এই তিনটী অঙ্গজ ।

শোভা কান্তিশ্চ দীপ্তিশ্চ মাধুর্য্যঞ্চ প্রগল্‌ভতা।
ঔদার্য্যং ধৈর্য্যমিত্যেতে সপ্তৈব স্যুরযত্নজাঃ
লীলা বিলাসো বিচ্ছিত্তি র্বিভ্রমঃ কিলকিঞ্চিতং।
মোট্টায়িতং কুট্টমিতং বিব্বোকো ললিতং তথা।
বিকৃতং চেতি বিজ্ঞেয়া দশ তাসাং স্বভাবজাঃ। ৫৭ ॥

তত্র ভাবঃ ॥

প্রাদুর্ভাবং ব্রজত্যেব রত্যাখ্যে ভাব উজ্জ্বলে।

লোচনরোচনী টীকা

উজ্জ্বল ইতি নিমিত্ত সপ্তমী চর্ম্মণি দ্বিপিনং হন্তীতি বৎ　ততশ্চ উজ্জ্বলাখ্যং রসং সাধয়িতুং রত্যাখ্যে রতিতথান্যত্র প্রসিদ্ধে মধুরেতি নাম্না ত্বত্র পরিভাষিতে ভাবে সত্যপি গাম্ভীর্য্যলজ্জাদিনা যন্নির্ব্বিকারং ব্যঞ্জনাশূন্যং চিত্তং তত্র যা প্রথমা বিক্রিয়া সম্বরীতুমশক্যতয়া নেত্রাদিভঙ্গ্যা তস্য ভাবস্য কিঞ্চিদ্ব্যঞ্জনা প্রাদুর্ভাবং ব্রজতি সা ব্যঞ্জনা ভাবাখ্যোঽনুভাব ইত্যর্থঃ নত্বয়ং স্থায়ী ভাবো ব্যভিচারী ভাবো বা। বিকারো মানসো ভাবোঽনুভাবো ভাবপ্রতীতা ইত্যর্থঃ　নতু বস্তুতোঽঙ্গজা সত্ত্বজা ইত্যুক্তত্বাৎ

অযত্নজা ইতি শোভাদ্যর্থং বেশাদিপ্রযত্নাভাবেঽপি শোভাদয়ঃ স্যুরিত্যর্থঃ

স্বভাবজা ইতি　লীলাদ্যর্থপ্রযত্নবত্ত্বেঽপি যুবতীনাং লীলাদয়ঃ স্বাভাবিকপ্রযত্নাদেবোৎপদ্যন্ত ইতি ৫৭।

তত্র ভাব ইতি উজ্জ্বলে শৃঙ্গারে রসে রত্যাখ্যো রতিনামা যো ভাবঃ স্থায়ী তস্মিন্ প্রাদুর্ভাবং ব্রজতি প্রাপ্নুবতি সতি চিত্তে যা প্রথমবিক্রিয়া বয়ঃসন্ধৌ অভূতপূর্ব্বঃ প্রথমো যঃ কন্দর্পক্ষোভানুভবঃ স ভাবঃ　চিত্তে কীদৃশে। নির্ব্বিকারাত্মকে পৌগণ্ডবয়স্ত্বেন কন্দর্পপ্রবেশা-

আর শোভা, কান্তি, দীপ্তি, মাধুর্য্য, প্রগল্‌ভতা, ঔদার্য্য ও ধৈর্য্য এই সাতটী অযত্নজ অর্থাৎ শোভা নিমিত্ত বেশাদি প্রযত্নের অভাবেও স্বতঃ প্রকাশ পায়।

অপর লীলা, বিলাস, বিচ্ছিত্তি, বিভ্রম, কিলকিঞ্চিত, মোট্টায়িত, কুট্টমিত, বিব্বোক, ললিত এবং বিকৃত এই দশটী স্বভাবজ অর্থাৎ নায়িকাদিগের স্বভাবতই ঘটিয়া থাকে ॥ ৫৭ ।

অথ ভাব

শৃঙ্গাররসে নির্ব্বিকার চিত্তে রতিনামক স্থায়িভাবের প্রাদুর্ভাব.

নির্ব্বিকারাত্মকে চিত্তে ভাবঃ প্রথমবিক্রিয়া। ৫৮।

তথাহ্যুক্তং

লোচনরোচনী টীকা

বোধক ইতি বিভাগলব্ধেঃ কিন্তত্র ভাব্যতে ব্যজ্যতেঽনেনেতি করণে ঘঞ্ ৫৮

আনন্দচন্দ্রিকা টীকা

ভাবাৎ তদ্বিকারহীন ইত্যর্থঃ নন্থ তর্হি কথমস্যানুভাবত্বং বহির্বিকারস্যৈব ভাববোধকত্বে-সম্ভবাৎ যদুক্তং অনুভাবাস্তু চিত্তস্থভাবানামববোধকা ইতি সত্যং সাত্ত্বিকানাং স্তম্ভস্বেদা-নামনুভাবত্ব দীনামিবৈষাং ভাবহাবাদীনামপি যুগপদন্তর্ব্বহির্বিকাররূপত্বমনুভাবত্বঞ্চ বয়ঃসন্ধ্যা-বস্তে যদৈব শ্রীকৃষ্ণদর্শনশ্রবণাদিভিরদ্ভুতচরঃ কন্দর্পক্ষোভানুভবো ভবেত্তদৈবাস্তশ্চিত্তং বিকৃতং স্যাৎ বহিরপি তদ্ব্যঞ্জিকানেত্রাদিভঙ্গী স্যাদিতি অতএবৈতল্লক্ষণমেবং ব্যাখ্যেয়ং চিত্তে নির্বিকারাত্মকে সতি রত্যাখ্যোভাবোদয়াদ্বা প্রথমবিক্রিয়া অর্থাচ্চিত্তস্য যথাসম্ভবং তনোশ্চ স্বভাব ইতি সর্ব্বথা চিত্তবিকারস্যৈব বিবক্ষিতত্বে চিত্তস্য নির্বিকারত্বেতি যষ্ঠ্যন্তমেব প্রযু-জ্যেত অলঙ্কারকৌস্তুভকৃদ্ভিস্ত্বনুভাবাদিমেব পৃথগিতি লক্ষিতং। নন্বেবং লিখিতলক্ষণোঽয়ং ভাবস্তথাত্বেব পরিণামবিশেষো হাবো হেলা চেত্যেতত্ত্রিতয়ং বয়ঃসন্ধ্যুত্তরকালে তরুণীনাং ন সম্ভবেৎ সতাং ন সম্ভবেদেব যদুক্তং সাহিত্যদর্পণকৃদ্ভিরপি জন্মতঃ প্রভৃতির্নির্ব্বিকারে মন-স্যুদ্ভুদ্ধমাত্রে বিকারো ভাব ইত্যেকে অন্যে পুনরেবমাহুঃ আসাং ব্রজসুন্দরীণাং সর্ব্বাসামেবাবস্থানাং নিত্যত্বাৎ প্রকটতাকণ্যেঽপি গূঢ়ো বয়ঃসন্ধিঃ সদাস্ত্যেবেতি কশ্চি-দত্রৈবং ব্যাচষ্টে প্রথমবিক্রিয়েতি ন কেবলমাত্যন্তিকমেব প্রথমত্বং ব্যাখ্যেয়ং কিন্তু বার্ত্তা-ন্তরাসক্তত্বেন কাদাচিৎকেঽপি নির্বিকারত্বে শ্রীকৃষ্ণদর্শনাদিভিঃ স্থায়িনি রত্যাখ্যে ভাবে প্রাকট্যং প্রাপ্তে যা প্রথমা ঈষন্মাত্রা বিক্রিয়া স ভাব ইতি অপরেতু ন হ্যভাবাদ্ভাবো-জায়তে ইত্যতো গাম্ভীর্য্যলজ্জাদিনা যন্নির্বিকারং তদ্ব্যঞ্জনাশূন্যং চিত্তং তত্র যা প্রথমা বিক্রিয়া সম্বরীতুং দুঃশকতয়া বহির্নেত্রাদিভঙ্গীভাবব্যঞ্জিকা স্যাৎ স ভাব ইত্যাহুঃ বস্তুতস্তু শ্রীমদ্গুরুকৃষ্ণবর্ণানামস্য এবাশয়ঃ তঞ্চ পিতুর্গোষ্ঠে স্ফীত ইত্যাদ্যুদাহরণাদবগম্যৈবং ব্যাখ্যেয়ং প্রাকৃতগুণরহিতত্বেন নির্গুণস্য ভগবতো গুণা ইব শ্রীকৃষ্ণব্যতিরিক্তপুরুষান্তরাদবিক্রিয়-মাণত্বেন নির্বিকারাত্মকে চিত্তে সতি যা প্রথমা বিক্রিয়া শ্রীকৃষ্ণস্য দর্শনাদ্য ঈষন্মনসস্তনোশ্চ বিকারঃ স ভাব ইত্যর্থঃ ৫৮

হইলে যে প্রথম বিক্রিয়া তাহাকে ভাব বলিয়া কীর্ত্তন করা যায় ।৫৮॥

প্রাচীনের উক্তি যথা—

চিত্তস্যাবিকৃতিঃ সত্ত্বং বিকৃতেঃ কারণে সতি।
তত্রাদ্যা বিক্রিয়া ভাবো বীজস্যাদিবিকারবৎ ॥ ৫৯ ॥

যথা—

পিতুর্গোষ্ঠে স্ফীতে কুসুমিনি পুরা খাণ্ডববনে

লোচনরোচনী টীকা।

বিকৃতের্ভাবব্যঞ্জনায়াঃ কারণে ভাবোৎপত্তিলক্ষণে সত্যপি চিত্তস্যাবিকৃতির্বহির্ব্যক্তি-শূন্যত্বং সত্ত্বমুচ্যতে তত্র সত্ত্বে সতি আদ্যা বিক্রিয়া প্রথমা কিঞ্চিদ্ব্যঞ্জনাদিভাবতয়া সংজ্ঞাপ্যতে সচ রতিস্থানীয়স্য বীজস্যাদি বিকারবদিত্যর্থঃ ৫৯।

পিতুর্গোষ্ঠে স্ফীত ইত্যাদিকং পরিহাসায় সম্ভাবিতমিতি কৃত্বা পুরো বৃন্দারণ্য ইত্যাদিকং

আনন্দচন্দ্রিকা টীকা।

নচালঙ্কারবিকারেবং ন ব্যাখ্যাতমিতি বাচ্যং প্রাচীনৈরুক্তত্বাদিত্যাহ তথাহীতি। বিকৃতেঃ কারণে সুন্দরপুরুষদর্শনে সত্যপি চিত্তস্যাবিকৃতিশ্চেৎ সত্ত্বং রজস্তমঃ স্পর্শশূন্যং শুদ্ধং সত্ত্বং তস্যৈবাবিক্রিয়মাণত্বভাবাৎ তত্র সতি যা আদ্যা বিক্রিয়া শ্রীকৃষ্ণদর্শনোত্থা অপ্রাকৃতা চিদানন্দময়ীত্যর্থঃ স ভাবঃ বীজস্য বীজবিশেষস্য বাস্তুকাদের্বিকারকারণে বর্ষাবৃষ্ট্যাদাবপ্য-বিক্রিয়মাণস্য হৈমন হিমস্পর্শে যথা আদিবিকার ইতি প্রাকৃতবস্তুনাপ্যপ্রাকৃতপদার্থস্যোপ-মানাসঙ্গসা মেবাদিনেব শ্রীকৃষ্ণস্য অপ্রাকৃতবস্তূনাং লোকে সাক্ষাদনুপলব্ধেরিতি। নন্থ তত্রৈতল্লক্ষণং প্রাকৃতনায়িকাসু দময়ন্তীশালত্যাদিষব্যাপ্তমিতি চেদিষ্টাপত্তিরেবং রসো বৈ স বসং হ্যেবায়ং লব্ধানন্দী ভবতীতি শ্রুতিপ্রতিপাদিতস্য সাক্ষাচ্চিদানন্দঘনস্য রসস্য বিবৃত্তি-র্ভরতাদিভিরপ্রাকৃতীর্ভগবৎপ্রেয়সীরালক্ষ্যৈব কৃতা। তত্র মুহ্যন্তিঃ কবিভির্যদি প্রাকৃতাদিষু পিশিতাসৃগ্বিণ্মূত্র জরামরণাদিমতীষু স্ত্রীষু সরসঃ পর্য্যাপয়িষ্যতে তর্হি বসং কিং মুর্খাঃ। তথাহ্যুক্তং রসপক্ষব্যাখ্যায়াং। তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে মুহ্যন্তি যৎ সূরয়ঃ। তেজো বারিমৃদাং যথা বিনিময় ইতি য আদ্যস্য রসস্য ব্রহ্ম তত্ত্বং আদিকবয়ে ভরতায় তেনে বেদ-স্তত্ত্বং তপো ব্রহ্ম ইত্যমরঃ। যত্র রসতত্ত্বে কবয়ঃ কাব্যকৃতো মুহ্যন্তি ভ্রমেণালক্ষ্যেঽপি প্রাকৃতরসলক্ষণস্য সঙ্গমনাৎ তত্র দৃষ্টান্তস্তেজোবারীতি ৫৯

কাচিৎ সখী জ্ঞাততত্ত্বাপি হৃদয়োদ্ঘাটনপটবতী স্বযূথেশ্বরীমজানতীব পৃচ্ছতি পিতু-

বিকারের কারণ সত্ত্বে চিত্তের যে অবিকৃতি তাহাকে সত্ত্ব বলে এবং ঐ সত্ত্বে যে আদ্যা বিকৃতি তাহার নাম ভাব; যেমন বীজের আদি বিকৃতি অঙ্কুর তদ্রূপ ॥ ৫৯ ॥

যথা—

কোন সখী তত্ত্ব অবগত হইয়া হৃদয়োদ্ঘাটনে পটুতা প্রকাশ পূর্ব্বক

ন তে দৃষ্ট্বা সংক্রন্দনমপি মনঃ স্পান্দনমগাৎ।
পুরো বৃন্দারণ্যে বিহরতি মুকুন্দে সখি মুদা।
কিমান্দোলাদক্ষঃ শ্রুতিকুমুদমিন্দীবরমভূৎ ॥ ৬০ ।

অথ হাবঃ ॥

গ্রীবারেচকসংযুক্তো ভ্রূনেত্রাদিবিকাশকৃৎ।
ভাবাদীষৎ প্রকাশো যঃ স হাব ইতি কথ্যতে ৬১ ॥

লোচনরোচনী টীকা।

সাশ্চর্য্যমিবোক্তং অপীতি সম্ভাবনায়াং বস্তুতস্তু সংক্রন্দনং দৃষ্ট্বা মনঃকর্ত্তৃ স্পন্দনং নাগাৎ মুকুন্দেতু বিহরতি কিমিত্যাদিবাগ্ভঙ্গ্যা মুকুন্দস্যৈব মাধুর্য্যমাধিক্যেন স্থাপিতং ৬০
গ্রীবারেচকো গ্রীবায়াস্তির্য্যক্করণবিশেষঃ ৬১।

আনন্দচন্দ্রিকা টীকা।

গোষ্ঠ ইতি সম্প্রতি ত্বং দ্বিত্রদিনানি খাণ্ডবপ্রস্থনিবাসিনঃ পিতুর্গৃহাৎ শ্বশুরগৃহং নন্দগোষ্ঠমাগতাসীত্যর্থঃ অত পুরা কুসুমিনীত্যুদ্দীপনবিভাবো দর্শিতঃ। সংক্রন্দনমিন্দ্রমতিসুন্দরমপি দৃষ্ট্বা মনো ন স্পন্দনমগাৎ ঈষদপি নাচলদিতি তত্র সঙ্গিন্যা ময়া তৎ লক্ষিতেত্বাসীবিতি বিকৃতেঃ কারণেঽপি বিকারাভাব উক্তঃ পুরোঽগ্রে মুকুন্দে বিহরতীতি ভঙ্গ্যাঙ্গেন দৃষ্টবত্যাস্তবাক্ষস্তথা আন্দোলো জাতো যথা শ্রুতাববতংসিতং শ্বেতোৎপলমপি নীলোৎপলমভূৎ ইতি প্রথমবিকারো নয়নচাঞ্চল্যং ভাবলক্ষণং ৬০

ভাবাৎ নয়নচাঞ্চল্যমাত্র সূচ্যাদ্ভাবাৎ সকাশাদীষদধিকঃ প্রকাশো যস্য সঃ ততোঽপি বিকারাধিক্যাৎ ইত্যর্থঃ। গ্রীবায়া রেচকঃ তির্য্যক্করণং। ৬১ ॥

অনভিজ্ঞার ন্যায়, আপনার যূথেশ্বরীকে জিজ্ঞাসা করিল সখি। তোমার পিতার গোষ্ঠ, যাহাতে পুষ্প সকল প্রস্ফুটিত হইয়া শোভাবিস্তার করিতেছিল, সেই খাণ্ডববনে দেবরাজ ইন্দ্রকে অবলোকন করিয়াও তোমার মনঃ বিচলিত হয় নাই, আমি স্বচক্ষে দেখিয়াছি কিন্তু এক্ষণে তুমি শ্বশুরালয়ে আসিয় সম্মুখবর্ত্তি বৃন্দাবনে সহর্ষে বিহারশীল মুকুন্দের প্রতি কেন আপনার চক্ষুঃ আন্দোলিত করিতেছ এবং তোমার কর্ণস্থ ~~নবমুৎপল~~ কেন ইন্দীবর সদৃশ হইল.॥ ৬০ ॥

অথ হাব।

যাহা গ্রীবা তির্য্যক্করণ ও ভ্রূ নেত্রাদির বিকাশকারী তথা ভাব হইতে কিঞ্চিৎ প্রকাশক, তাহাকে হাব কহা যায় ॥ ৬১ ॥

যথা—

সাচিস্তস্তিতকণ্ঠিকুট্টলবতীং নেত্রালিরভ্যেতি তে
ঘূর্ণন্ কর্ণলতাং মনাগধিকসিতা ভ্রূবল্লরী নৃত্যতি।
অত্র প্রাদুরভূত্তটে সুমনসামুল্লাসকস্ত্বৎপুরো
গৌরাঙ্গি প্রথমং বনপ্রিয়বধূবন্ধুঃ স্ফুটং মাধবঃ।

অথ হেলা॥

হাব এব ভবেদ্ধেলা ব্যক্তঃ শৃঙ্গারসূচকঃ। ৬২॥

লোচনরোচনী টীকা।

সুমনসাং সুচিত্তানাং পক্ষে পুষ্পাণাং বনপ্রিয়া যা বন্ধুঃ শ্রীবৃন্দাবনবিহারিণ্যঃ তাসাং বন্ধুঃ পক্ষে কোকিলবধূনাং বন্ধুঃ। মাধবঃ শ্রীকৃষ্ণঃ পক্ষে বসন্তঃ স্ফুটমিত্যুৎপ্রেক্ষায়াং। তস্মাদত্রেত্যাদিকং সম্ভাবয়ামীত্যর্থঃ ৬২

আনন্দচন্দ্রিকা টীকা

শ্যামা শ্রীরাধামাহ সাচি বক্রীকৃতস্তম্ভিতঃ স্তম্ভতাং নীতঃ কণ্ঠোযয়েত্যৌৎসুক্যাধিক্যাদপাঙ্গদর্শনেনাতৃপ্যন্ত্যা ত্বয় গ্রীবা তিরশ্চিনীকৃতা সাচানন্দজাড্যাভ্যাং স্তব্ধীভূতাস্তথৈব স্থিতেত্যুপহাসঃ কর্ণ এব "লতা তাং নেত্রালিরভিমুখমেতি যতঃ কুট্টলবতীং মুকুলাধিতাং পক্ষে সাবক্রংসাং। তত্র কারণমাহ অত্রেত্যাদি। সুমনসাং মালতীনাং অতিশয়োক্ত্যাসুন্দরীণাং সুমনা মালতীজাতিরিতামরঃ। শ্লেষেণ সুচিত্তানাং পুষ্পাণাঞ্চ বনপ্রিয়ঃ কোকিলঃ পক্ষে বনমেব প্রিয়ং যাসাং তাসাং বধূনাং বন্ধুঃ মাধবো বসন্তঃ শ্রীকৃষ্ণশ্চ স্ফুটং তস্মাদেবং সম্ভাবয়ামীতি ভাবঃ ৬২

যথা—

হে গৌরাঙ্গি! তুমি যে বামদিকে কণ্ঠ স্তম্ভিত করিয়াছ তাহাতেই তোমার নয়নভ্রমর ঘুরিতে ঘুরিতে কর্ণলতার দিকে যাইতেছে, ভ্রূবল্লী ঈষৎ বিকশিতা হইয়া নৃত্য করিতেছে, অতএব হে সখি! বোধ হয় এই যমুনাতটে সুমনস (পুষ্প) সকলের উল্লাসকারি বনপ্রিয়বধূবন্ধু অর্থাৎ কোকিলীপ্রিয় মাধব (বসন্ত) স্পষ্টই তোমার অগ্রে এই প্রথম আবির্ভূত হইলেন॥

অথ হেলা॥

ঐ হাব যদি স্পষ্ট রূপে শৃঙ্গার সূচক হয়, তবে তাহাকে হেলা বলে॥ ৬২।

যথা—

শ্রুতে বেণৌ বক্ষঃ স্ফুরিতকুচমাঘ্রাতমপি তে
তিরোবিক্ষিপ্তাক্ষং পুলকিতকপোলঞ্চ বদনং
স্খলৎকাঞ্চিস্বেদার্দ্রলিতসিচয়ঞ্চাপি জঘনং
প্রমাদং মা কার্ষীঃ সখি চরতি সব্যে গুরুজনঃ ॥ ৬৩ ।

অথাযত্নজাঃ।

তত্র শোভা ॥

সা শোভা রূপভোগাদ্যৈর্যৎ স্যাদঙ্গবিভূষণং ॥

যথা —

লোচনরোচনী টীকা।

আখ্যাতং ভস্ত্রাবৎ শ্বাসং বায়ুগত্যা গতিপ্রকারেণৈব নতোন্নতং জঘনমপীত্যন্বয়ঃ। প্রমাদমনবধানং। ৬৩।

ভোগঃ সম্ভোগঃ ৬৪

আনন্দচন্দ্রিকা টীকা

বিশাখা শ্রীরাধামাহ শ্রুত ইতি আঘ্রাতং ভস্ত্রাবৎ শ্বাসগত্যা গতিপ্রকারেণ নতোন্নতং জঘনমপীত্যন্বয়ঃ প্রমাদমনবধানং সব্যে গুরুজনশ্চরতীতি তেন ত্বং দক্ষিণে প্রদেশে পক্ষদ্বারাগ্নিঃসৃত্য শীঘ্রমেবাভিসর অহন্তু গুরুজনং সমাধায় পশ্চাদায়াস্যে ইতি ধ্বনিতং। ৬৩।

যথা—

বিশাখা শ্রীরাধাকে কহিলেন, হে প্রিয়সখি! বেণুরব কর্ণগোচর হওয়াতে তোমার স্ফুরিত কুচশালি বক্ষঃ নতোন্নত হইতেছে, তির্য্যক্-নেত্র ও পুলকিতগণ্ডে স্বদীয় বদন শোভমান দেখিতেছি, তথা তোমার জঘন দেশে নিবী স্খলিত হইলেও স্বেদ-জলে বসন আর্দ্র হইয়া লিপ্ত হইয়া রহিয়াছে, অতএব হে রাধে! তুমি আর প্রমাদান্বিতা হইও না, ঐ দেখ বামদিকে গুরুজন অবস্থিত রহিয়াছেন। ৬৩।

অথ অযত্নজা তন্মধ্যে শোভা যথা—

রূপ ও ভোগাদি দ্বারা অঙ্গের যে বিভূষণ তাহাকেই শোভা কহে।

যথা—

ধৃত্বা রক্তাঙ্গুলিকিশলয়ৈর্নীপশাখাং বিশাখ
নিষ্ক্রামন্তী ব্রততিভবনাৎ প্রাতরুদ্ঘূর্ণিতাক্ষী।
বেণীমংসোপরি বিলুঠতীমর্দ্ধমুক্তাং বহন্তী
লগ্না স্বান্তে মম নহি বহিঃ সেয়মদ্যাপ্যয়াসীৎ। ৬৪।

অথ কান্তিঃ।

শোভৈব কান্তিরাখ্যাতা মন্মথাপ্যায়নোজ্জ্বলা

যথা—

প্রকৃতিমধুরমূর্ত্তির্বাঢ়মত্রাপ্যুদঞ্চ-
ত্তরুণিমনবলক্ষ্মীলেখয়ালিঙ্গিতাঙ্গী।
বরমদনবিহারৈরদ্য তত্রাপ্যুদারা

লোচনরোচনী টীকা।

প্রকৃত্যা গাঢ়ানুরাগ স্বাভাব্যেন মধুরা মূর্ত্তির্যস্যাঃ সা ৬৫

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণো বিশাখাসখীমাহ ধৃত্বেতি তেন দিনেঽপ্যত্র পুনস্তামেবাভিসারয়েতি ধ্বনিঃ ৬৪
শ্রীকৃষ্ণঃ সুবলমাহ প্রকৃতীতি মম হৃদয়ং রুণদ্ধীতি সম্প্রতি নাহমন্যস্যৈ কস্যৈ অপি স্পৃহয়ামীতি ভাবঃ নন্থ কামগহোদধেস্তব কথমেকয়া অনয়ৈব নির্ব্বাহস্তত্রাহ উদারেতি

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, সখে! বিশাখা প্রাতঃকালে ঘূর্ণিত-নেত্রা হইয়া লোহিত অঙ্গুলি কিশলয়ে নীপশাখা ধারণ করিয়া লতা মণ্ডপ হইতে নির্গতা হইতেছেন এবং অংসদেশে বিলুঠিতা অর্দ্ধমুক্তা বেণী বহন করিতেছেন, কিন্তু হে বন্ধো! বিশাখা ঐ রূপে আমার হৃদয়ে লগ্না হইয়া রহিয়াছেন, অদ্যাপি নির্গত হইতেছেন না। ৬৪॥

অথ কান্তি॥

যদি শোভাই মন্মথের বৃদ্ধি বশতঃ উজ্জ্বলা হয় তবে তাহাকে কান্তি বলা যায়।

যথা—

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, সখে! এই রাধা স্বভাবতই মধুরমূর্ত্তি, তাহাতে আবার ঈষৎ উদিত-তারুণ্য লক্ষ্মীর রেখায় আলিঙ্গিতাঙ্গী হইয়াছেন, অধিকন্তু গুরুতর মদনবিহারে উদারা দেখিতেছি, অতএব

মদয়তি হৃদয়ং মে রুন্ধতী রাধিকেয়ং ॥

অথ দীপ্তিঃ

কান্তিরেব বয়োভোগদেশকালগুণাদিভিঃ ।
উদ্দীপিতাতিবিস্তারং প্রাপ্তা চেদ্দীপ্তিরুচ্যতে ।।

যথা—

নিমীলন্নেত্রশ্রীরচটুলপটীরাচলমরু-
ন্নিপীতস্বেদাম্বুস্ফুটদমলহারোজ্জ্বলকুচ
নিকুঞ্জে ক্ষিপ্তাঙ্গী শশিকিরণকির্ম্মীরিততটে
কিশোরী স তেনে হরিমনসি রাধা মনসিজং ।

আনন্দচন্দ্রিকা টীকা

ইয়মেকৈব মম মনোরথং সর্ব্বমেব পূরয়তীতি ভ বঃ

রূপমঞ্জরী স্বসখীম্প্রত্যাহ নিমীলদিতি নিদ্রাণেত্যর্থঃ পটীরাচলো মলয়পর্ব্বতঃ স্ফুটদিতি ক্ষিপ্তাঙ্গীত্যাভ্যাং সম্প্রয়োগাধিক্যজনিতঃ শ্রমো ব্যঞ্জিতঃ লতাজালরন্ধ্রাৎ-পতিতেন শশিকিরণেন কির্ম্মীরিতং চিত্রিতং তটং যস্য তস্মিন্নিত্যনেন তদঙ্গদর্শনমেভা-ধিক্যং মনসিজং তেনে ইতি পুনরপি সম্প্রয়োগার্থং শ্রীহরিস্তাং জাগরাদ্বভূবেতি রাত্রাবদ্য সা নিদ্রাং ন লেভে ইতি সম্প্রতি তাং ক্ষণং শায়য়িতুং শীঘ্রং যাম ইতি ধ্বনিঃ

হে বয়স্য ! ইনি আমার হৃদয় অবরোধ করিয়া রাখিলেন

অথ দীপ্তি ।

বয়স্, ভোগ, দেশ, কাল ও গুণাদি দ্বারা যে কান্তি অতিশয়রূপে' বিস্তৃত হয় তাহাকে দীপ্তি বলে

যথা—

রূপমঞ্জরী আপনার সখীর প্রতি কহিলেন, সুন্দরি ! গত নিশায় নিদ্রা না হওয়াতে ঐ দেখ শ্রীরাধার নেত্রদ্বয় নিমীলিত হইতেছে, অচ-ঞ্চল মলয়াচল-সম্বন্ধি বায়ু ইহাঁর গাত্রের স্বেদাম্বু একেবারেই পান করিয়া ফেলিয়াছে, স্ফুটিত অমল হারে কুচযুগ উজ্জ্বল হইয়া রহিয়াছে, অতএব চন্দ্রকিরণে চিত্রিত-তট কুঞ্জগৃহে অঙ্গ নিক্ষেপ পূর্ব্বক এই কিশোরী হরির মনোমধ্যে মনসিজকেই (কন্দর্পকেই) বিস্তার করিতেছেন ॥

অথ মাধুর্য্যং

মাধুর্য্যং নাম চেষ্টানাং সর্ব্বাবস্থাসু চারুতা।

যথা—

অন্যব্যং কংসারের্ভুজশিরসি ধৃত্বা পুলকিনং
নিজশ্রোণ্যাং সব্যং করমলঘুজুর্বিক্ষিপ্তপদা
দধানা মূর্দ্ধানং লঘুতরতিরঃস্রংসিনমিয়ং
বভৌ রাসোদ্গীর্ণা মৃদুবলসমূর্ত্তিঃ শশিমুখী

অথ প্রগল্‌ভতা।

নিঃশঙ্কত্বং প্রয়োগেষু বুধৈরুক্তা প্রগল্‌ভতা।

যথা বিদগ্ধমাধবে

আনন্দচন্দ্রিকা টীকা

রতিমঞ্জরী দূরাৎ স্বসখীং দর্শয়তি　অসব্যং দক্ষিণকরং　ভুজশিরসি স্কন্ধে　শশিমুখী শ্রীরাধা তস্যাঃ সখী বা

প্রয়োগেষু সম্প্রয়োগেষু প্রগল্‌ভতা ধৈর্য্যং

অথ মাধুর্য্য।

সর্ব্বাবস্থায় চেষ্টা সকলের যে মনোহারিত্ব তাহাকে মাধুর্য্য বলে।

যথা—

রতিমঞ্জরী দূর হইতে আপনার সখীকে দেখাইয়া কহিলেন, সখি! অবলোকন কর, শশিমুখী কংসারির স্কন্ধদেশে আপনার পুলকিত দক্ষিণ কর সমর্পণ করিয়াছেন, স্বীয় শ্রোণীদেশে বাম হস্ত প্রদান পূর্ব্বক অনৃজু-পদ দ্বারা অবস্থান করত স্বীয় শিরোদেশ ঈষৎ বক্র করিয়া ধারণ করিয়াছেন, অতএব বোধ হইতেছে রাসক্রীড়া হেতুক ঐ শশিমুখী অলসাঙ্গী হইয়া থাকিবেন

অথ প্রগল্‌ভতা॥

সম্ভোগ বিষয়ে যে নিঃশঙ্কত্ব, পণ্ডিতগণ তাহাকেই প্রগল্‌ভতা কহেন।

যথা বিদগ্ধমাধবে॥

প্রাতিকূল্যমিব যদ্বিবৃণ্বতী রাধিকা রদনখার্পণোদ্ধুরা।
কেলিকর্ম্মণি গতাং প্রবীণতাং তেন তুষ্টিমতুলাং হরির্যযৌ।

অথৌদার্য্যং

ঔদার্য্যং বিনয়ং প্রাহুঃ সর্ব্বাবস্থাগতং বুধাঃ। ৬৫।

যথা বিদগ্ধমাধবে

ন্যবিশত নয়নান্তে কাপি সারল্যনিষ্ঠা
বচসি চ বিনয়েন স্তোত্রভঙ্গী ন্যবাৎসীৎ।
অজনি চ ময়ি ভূয়ানু সম্ভ্রমস্তেন তস্যা
ব্যবৃণুত হৃদি মন্যুং সুষ্ঠু দাক্ষিণ্যমেব

লোচনরোচনী টীকা

সুষ্ঠ্বিতি স্বাভাবিকং দাক্ষিণ্যমতিক্রম্যাবোপিতমিত্যর্থঃ তজ্জাতং মন্যুমেব ব্যবৃণুতেত্যর্থঃ সুষ্ঠু তামেব দর্শয়তি কপীত্যাদিভিঃ ৬৬

আনন্দচন্দ্রিকা টীকা

বৃন্দাহ প্রাতীতি তেন তচ্ছোভাদর্শনেন ইত্যর্থঃ অপ্রাগল্ভ্যস্বভাবায়া অপি শ্রীরাধায়াঃ প্রাগল্ভ্যং কামোন্মাদাদযত্নজমিদমিতি জ্ঞেয়ং ৬৫

শ্রীকৃষ্ণো মধুমঙ্গলমাহ ন্যবিশতেতি তস্যাশ্চন্দ্রাবল্যাঃ

বৃন্দা কহিলেন, সখি! শ্রীরাধা কেলি-কর্ম্মে প্রবীণতা লাভ করিয়া উদ্ধত স্বভাবে কৃষ্ণাঙ্গে দশন ও নখাঘাত দ্বারা যে প্রাতিকূল্য বিস্তার করিয়াছিলেন, তাহাতেই হরির অতুল্য তুষ্টি লাভ হইয়াছিল।

অথ ঔদার্য্য।

সকল অবস্থাতেই যে বিনয় প্রদর্শন করা, বুধগণ তাহাকে ঔদার্য্য বলেন। ৬৫।

যথা বিদগ্ধমাধবে।

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে কহিলেন বয়স্য! অবলোকন কর চন্দ্রাবলীর যে কোন সারল্যের পরাকাষ্ঠা তাহা তদীয় নেত্রান্তে প্রবেশ করিয়াছে, বিনয়বশতঃ স্তোত্রভঙ্গী তাঁহার বাক্য মধ্যে বাস করিতেছে এবং আমাতে যে তাঁহার ভূরি ভূরি সম্ভ্রম তদ্দ্বারা তাঁহার সুস্পষ্ট দাক্ষিণ্য তদীয় হৃদয়স্থ মন্যুকে আবরণ করিয়াছে।

যথাব ।

কৃতজ্ঞোঽপি প্রেমোজ্জ্বলমতিরপি স্ফারবিনয়ো-
ঽপ্যভিজ্ঞানাং চূড়ামণিরপি কৃপানীরধিরপি।
যদন্তঃস্বচ্ছোঽপি স্মরতি ন হরির্গোকুলভুবং
মমৈবেদং জন্মান্তরদুরিতদুষ্টদ্রুমফলং ॥

অথ ধৈর্য্যং ।

স্থিরা চিত্তোন্নতির্যাতু তদ্ধৈর্য্যমিতি কীর্ত্ত্যতে ॥

আনন্দচন্দ্রিকা টীকা

চন্দ্রাবল্যা দক্ষিণায়াঃ প্রায়ঃ স্বভাব এবায়ং কিন্তু তদানীং স্ববিনয়সিদ্ধ্যর্থং নেত্রান্তসারল্যাদীনাং কিঞ্চিদযত্নকৃতত্বেন কৃত্রিমত্বাদযত্নজশ্চ বিনয়োঽয়ং সম্যঙ্ন সম্ভবে-দিত্যপবিতুষ্যন্নাহ যথা বেতি

প্রোষিতভর্ত্তৃকা শ্রীরাধা প্রাহ কৃতেতি স্বভাবতো বামায়া অপি শ্রীরাধায়াঃ প্রেয়সি বিনয়োঽয়ং তদানীং দৈন্যনির্ব্বেদাদিভিরযত্নজ এবাভূৎ পূর্ব্বত্র যত্নেনৈবাবহিত্থা সিদ্ধ্যতি নত্ববহিত্থয়ৈব যত্ন ইতি বিনয়স্য যত্নজত্বমেব

দক্ষিণা নায়িকা চন্দ্রাবলীর প্রায়ই ঐ প্রকার স্বভাব, পরন্তু চন্দ্রা-বলীর তৎকালীন স্বীয় বিনয় সিদ্ধির নিমিত্ত নেত্রান্তের সারল্যাদির কিঞ্চিৎ যত্নকারিত্ব প্রযুক্ত ইহা কৃত্রিম, সুতরাং অপরিতোষ চিত্তে পুন-র্ব্বার কহিলেন

যথাবা ।

প্রোষিতভর্ত্তৃকা শ্রীরাধা কহিলেন সখি ! শ্রীকৃষ্ণ কৃতজ্ঞও বটেন, তাঁহার বুদ্ধিও প্রেম বশতঃ উজ্জ্বলা, তিনি স্বয়ং বিনয়ী ও অভিজ্ঞ জনের চূড়ামণি, কৃপাসমুদ্র ও নির্ম্মল হৃদয় হইয়াও যখন এই গোকুল ভূমিকে আর স্মরণ করিতেছেন না তখন এ আমারই জন্মান্তরীয় পাপবৃক্ষের ফল ভিন্ন আর কিছুই নয় ॥

অথ ধৈর্য্য

উন্নতি অবস্থায় চিত্তের যে স্থিরতা তাহাকে ধৈর্য্য বলে

যথা ললিতমাধবে।

ঔদাসীন্যধুরাপরীতহৃদয়ঃ কাঠিন্যমালম্বতাং
কামং শ্যামলসুন্দরো ময়ি সখি স্বৈরী সহস্রং সমাঃ।
কিন্তু ভ্রান্তিভরাদপি ক্ষণমিদং তত্র প্রিয়েভ্যঃ প্রিয়ে
চেতো জন্মনি জন্মনি প্রণয়িতা দাস্যং ন মে হাস্যতি॥

অথ স্বভাবজাঃ তত্র লীলা।

প্রিয়ানুকরণং লীলা রম্যৈর্বেশক্রিয়াদিভিঃ॥ ৬৬।

যথা বিষ্ণুপুরাণে।

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধা নবৃন্দামাহ ঔদাসীন্যেতি প্রণয়িতয়া প্রেম্না দাস্যং কৈঙ্কর্য্যং ন হাস্যতি ন ত্যক্ষতি অত্র বিরহবৈবশ্যে নাবীবস্বভাবাপ্যা অপি শ্রীরাধায়াস্তদানীং রত্যাখ্যসঞ্চারি প্রাবল্যোদয়াদ্বৈকর্য্যমিদমযত্নজং এবং শোভাদয়ো মাধুর্য্যান্তাস্তত্তদ্দেহস্বভাবজা অপি শোভার্থং প্রযত্নাভাবাদযত্নজশব্দেনৈবোচ্যন্তে প্রগল্‌ভতাদয় স্ত্রয়োঽলঙ্কারাস্তু ন স্বভাবজঃ তত্র তত্রোক্তযুক্ত্যা নাপি প্রযত্নজা ইত্যযত্নজা এব।

স্বভাবজ ইত্যেযু কাপি যত্নস্য বুদ্ধিপূর্ব্বকত্বং কাপি সঞ্চারি ভাবোত্থত্বেনাবুদ্ধি পূর্ব্বকত্বং কিন্তু সর্ব্বত্র স্বভাবো জাগর্ত্তি ইতি স্বভাবজশব্দেনৈবোচ্যতে ইতি প্রিয়স্যানুকরণং বুদ্ধিপূর্ব্বকমবুদ্ধিপূর্ব্বকং বা প্রেমবতীনাং স্বাভাবিকমেব ৬৬॥

যথা ললিতমাধবে।

শ্রীরাধা নবৃন্দাকে কহিলেন, সখি! শ্যামসুন্দর ঔদাসীন্যভরে পরিপ্লুত হৃদয় হইয়া স্বচ্ছন্দ রূপে আমাতে সহস্র বৎসর যাবৎ কাঠিন্য অবলম্বন করুন কিন্তু তিনি আমার সকল প্রিয় অপেক্ষাও প্রিয়, তাঁহাতে আমার প্রেমনিবন্ধন এই চিত্ত ক্ষণকালের নিমিত্ত দাস্য ত্যাগ করিতেছে না।

অথ স্বভাবজ তন্মধ্যে লীলা যথা—

রমণীয় বেশ ও ক্রিয়া দ্বারা প্রিয়ব্যক্তির যে অনুকরণ তাহাকে লীলা বলে॥ ৬৬

যথা বিষ্ণুপুরাণে॥

দুষ্টকালিয় তিষ্ঠাদ্য কৃষ্ণোঽহমিতি চাপরা।
বাহুমাস্ফোট্য কৃষ্ণস্য লীলাসর্ব্বস্বমাদদে ॥

যথা বা ছন্দোমঞ্জর্য্যাং।

মৃগমদকৃতচর্চ্চা পীতকৌষেয়বাসা-
রুচিরশিখিশিখণ্ডা বদ্ধধম্মিল্লপাশা।
অনৃজু নিহিতসংসে বংশমুৎকাণয়ন্তী
কৃতমধুরিপুবেশা মালিনী পাতু রাধা ॥

অথ বিলাসঃ।

লোচনরোচনী টীকা।

লীলাসর্ব্বস্বং তস্যা লীলায়া যাবান্ পরিকরস্তাবন্তমাদদে গৃহীতবতী। অনুকৃতবতী-ত্যর্থঃ ৬৭

আনন্দচন্দ্রিকা টীকা

পরাশরো মৈত্রেয়ং প্রত্যাহ দুষ্টেতি আস্ফোট্য শৌর্য্যদ্যোতনার্থং বামবাহুপ্রগণ্ডে করতলপ্রহারেণ শব্দমুত্থাপ্য লীলেয়ং বিপ্রলম্ভজবেনোন্মাদোত্থত্বাদবুদ্ধিপূর্ব্বকযত্নবতী।

বুদ্ধিপূর্ব্বকযত্নবতীমপি তামুদাহর্ত্তুমাহ যথ বেতি রতিমঞ্জরী স্বসখীমাহ মৃগেতি। মালিনী মালাবতী তন্নামচ্ছন্দশ্চ ॥

পরাশরঋষি মৈত্রেয়কে কহিলেন, মুনে! কৃষ্ণবিরহে উন্মত্তা হইয়া কোন এক গোপযোষা কহিলেন, অরে দুষ্ট কালিয়! থাক এই আমি কৃষ্ণ, এই বলিয়া বাহু আস্ফোটন পূর্ব্বক শ্রীকৃষ্ণের লীলানুকরণে প্রবৃত্ত হইলেন ॥

যথাবা গঙ্গাদাস কৃত ছন্দোমঞ্জরীতে

রতিমঞ্জরী আপনার সখীকে কহিলেন, সুন্দরি! ঐ দেখ শ্রীকৃষ্ণ বিরহে উন্মত্তা হইয়া শ্রীরাধা গাত্রে মৃগমদ লেপন, পীত-পট্টাংশুক পরিধান, কেশপাশে রুচিকর ময়ূরপুচ্ছ বন্ধন, তথা গলদেশে বনমালা ধারণ পূর্ব্বক কুটিল অংস (স্কন্ধ) দেশে সরল বংশী অর্পণ করিয়া মধুর মধুর বাদ্য করিতেছেন অতএব হে সখি! ঐ কৃষ্ণতুল্য বেশধারিণী রাধা আমাদিগকে রক্ষা করুন ॥

অথ বিলাস ॥

গতিস্থানাসনাদীনাং মুখনেত্রাদিকর্ম্মণাং।
তাৎকালিকস্তু বৈশিষ্ট্যং বিলাসঃ প্রিয়সঙ্গজং। ৬৭ ॥

যথা—

রুচং পুরতঃ স্ফুরত্যঘহরে কথং নাসিকা
শিখাগ্রথিতমৌক্তিকোন্নমনকৈতবেন স্মিতং।
নিরাস্থদচিরং সুধাকিরণকৌমুদীমাধুরীং
মনাগপি তবোদ্গতা মধুরদন্তি দন্তদ্যুতিঃ। ৬৮।

যথাবা ॥

লোচনরোচনী টীকা

নিরাস্থৎ নিরস্তবতী ৬৮

আনন্দচন্দ্রিকা টীকা।

তাৎকালিকমিত্যনেন প্রিয়সঙ্গারম্ভকাল এব লক্ষ্যতে ৬৭

অভিসার্য্যানীতাং শ্রীরাধাং শ্রীকৃষ্ণাগ্রে ধাম্যং কুর্ব্বাণাং বীরা প্রাহ স্মিতং রুচংসীতি। স্মিতেন মুখচন্দ্রব্যাপারবৈশিষ্ট্যং নিরাস্থৎ তিরস্কৃতবতী ৬৮

গতি, স্থান, আসন, মুখ ও নেত্রাদি কর্ম্ম সকলের প্রিয়সঙ্গম জন্য যে তাৎকালিক বৈশিষ্ট্য তাহাকে বিলাস বলে ॥ ৬৭ ।

যথা—

অভিসার করাইয়া শ্রীকৃষ্ণাগ্রে শ্রীরাধাকে আনয়ন করায় ঐ শ্রীরাধা শ্রীকৃষ্ণ মুখাবলোকন করিয়া ধাম্য প্রকাশ করিতেছিলেন, এমত সময়ে বীরা কহিলেন, হে মধুরদন্তি ! অগ্রে স্ফূর্ত্তিশীল অঘহরকে দেখিয়া তোমার যে হাস্য উদ্গত হইতেছে তাহা কেন তুমি নাসাগ্র-গ্রথিত মৌক্তিকের উন্নমনচ্ছলে অবরোধ করিতেছ ? কেনই বা তুমি আপনার ঈষৎ উদ্গত দন্তদ্যুতি দ্বারা সুধাকিরণের (চন্দ্রের) কৌমুদী মাধুরীকে নিরাশ করিতেছ ? হে শোভনদশনে ! আর আপনার ভাব সঙ্গোপন করিও না ॥ ৬৮ ॥

নেত্রব্যাপারের বৈশিষ্ট্য দেখাইবার নিমিত্ত পুনরায় কহিলেন—

যথাবা ॥

অধ্যাসীনমমুং কদম্বনিকটে ক্রীড়াকুটীরস্থলী-
মাভীরেন্দ্রকুমারমত্র রভসাদালোকয়ন্ত্যাঃ পুরঃ।
দিগ্ধ দুগ্ধসমুদ্রমুগ্ধলহরীলাবণ্যনিঃস্যন্দিভিঃ
কালিন্দী তব দৃক্তরঙ্গিতৈস্তন্বঙ্গি গঙ্গায়তে

অথ বিচ্ছিত্তিঃ

আকল্পকল্পনাল্পাপি বিচ্ছিত্তিঃ কান্তিপোষকৃৎ

যথা—

মাকন্দপত্রেণ মুকুন্দচেতঃপ্রমোদিনা মারুতকম্পিতেন

লোচনরোচনী টীকা

দুগ্ধেত্যাদিনা স্মিতমেব ব্যঞ্জিতং　তত্তশ্চ কালিন্দ্যা গঙ্গায়মানত্বং ব্যক্তং　৬৯

আনন্দচন্দ্রিকা টীকা

নেত্রব্যাপারবৈশিষ্টং দর্শয়িতুমাহ যথাবেতি　অভিসার্য্যানীতাং শ্রীরাধাং বৃন্দা প্রাহ অধ্যাসীনমিতি　দুগ্ধসমুদ্রস্য সুন্দরলহরীণামিব লাবণ্যং নিষ্যন্দয়িতুং শীলং যেষাং তৈর্দিগ্ধা নিচিতেতি স্মিতং ব্যঞ্জিতং

বৃন্দা নান্দীমুখীমাহ মাকন্দেতি

বৃন্দা শ্রীরাধাকে অভিসার করাইয়া লইয়া গিয়া কহিলেন, হে তন্বঙ্গি! এই কদম্ব সমীপবর্ত্তি ক্রীড়া-কুটিরস্থলীতে গোপেন্দ্রনন্দন আসীন আছেন, তুমি কৌতুকবশতঃ তাঁহাকে অগ্রে অবলোকন করিয়া আপনার যে নেত্রের তরঙ্গভর যাহা হইতে সর্ব্বতোভাবে ক্ষীরোদসাগরের লাবণ্য ক্ষরিতেছে, তাহা বিস্তার করাতেই এই কলিন্দজা গঙ্গাতুল্য ধবলবর্ণা হইয়াছেন।

অথ বিচ্ছিত্তি॥

যে বেশরচনা অল্প হইয়াও দেহকান্তির পুষ্টি সাধন করিয়া থাকে, বিচ্ছিত্তি বলে॥

যথা—

বৃন্দা নান্দীমুখীকে কহিলেন, দেবি! শ্রীরাধা মুকুন্দের চিত্ত-প্রমোদকারী একটী অভিনব লোহিত আম্রপল্লবে কর্ণ ভূষণ করিয়া

রক্তেন কর্ণাভরণীকৃতেন বাধামুখাম্ভোরুহমুল্ললাস।
যথা বা হরিবংশে॥
একেনামলপত্রেণ কণ্ঠসূত্রাবলম্বিনা।
রবাজ বর্হিপত্রেণ মন্দমারুতকম্পিনা ৬৯
সখীযত্নাদিব ধৃতির্মণ্ডনানাং প্রিয়াগসি।
সের্ষাবজ্ঞা বরস্ত্রীভির্বিচ্ছিত্তিরিতি কেচন।
যথা—

লোচনরোচনী টীকা

প্রিয়াগসি প্রিয়কর্ত্তৃকেঽপরাধে সতি ৭০

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীকৃষ্ণেঽপ্যুদাহর্ত্তুমাহ যথা বেতি বৈশম্পায়নো ব্রজবিহারিণং শ্রীকৃষ্ণং বর্ণয়তি বর্হিপত্রেণ ময়ূরপক্ষেণ কীদৃশেন অমলানি পত্রাণি ধাত্র্যাদিদলানি যদা আমলানি আমলক্যা এব দলানি তচ্চতুর্দ্দিক্ষু শোভার্থং বল্লীসূত্রেণ প্রোতানি যত্র তেন আমলং কমলং কুষ্ঠমিতি বৈদ্যকদৃষ্টেঃ ৬৯।

প্রিয়াগসি প্রিয়কর্ত্তৃকেঽপরাধে সতি ঈর্ষাবজ্ঞাভ্যাং সহ বর্ত্তমানা

ছেন, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে উহা বায়ু দ্বারা ঈষৎ কম্পিত হইয়া স্বদীয় বদনেরই মনোহরত্ব বিস্তার করিতেছে

শ্রীকৃষ্ণবিষয়ক উদাহরণ করিবার নিমিত্ত কহিলেন—

যথা বা হরিবংশে॥

বৈশম্পায়ন ঋষি ব্রজবিহারি শ্রীকৃষ্ণের বর্ণন পূর্ব্বক কহিলেন, কি আশ্চর্য্য! লতাসূত্র গ্রথিত আমলকী পত্র সকলের সহিত শোভমান একটী ময়ূরপুচ্ছই সুমন্দ সমীরণে কম্পিত হওয়াতে শ্রীকৃষ্ণ অতিশয় রূপে বিরাজ করিতেছেন ৬৯

কোন কোন রসজ্ঞদিগের মত এই যে, প্রিয়ব্যক্তি অপরাধ করিলে ঈর্ষা ও অবজ্ঞান্বিতা উত্তমা স্ত্রী সকলের সখী-প্রযত্নেই যেন অলঙ্কার সকলের ধারণ হয়, এমত স্থলে তাহাকেও বিচ্ছিত্তি বলে॥

যথা—

মুদ্রাং গাঢ়তরাং বিধায় নিহিতে দূরীকুরুষ্বাঙ্গদে
গ্রন্থিং ন্যস্য কঠোরমর্পিতমিতঃ কণ্ঠান্মণিং ভ্রংশয
মুগ্ধে কৃষ্ণভুজঙ্গদৃষ্টিকলয়া দুর্ব্বারয়া দূষিতে
রত্নালঙ্করণে মনাগপি মনস্তুষ্ণাং ন পুষ্ণাতি মে ।

অথ বিভ্রমঃ ।

বল্লভপ্রাপ্তিবেলায়াং মদনাবেশসম্ভ্রমাৎ ।
বিভ্রমো হারমাল্যাদিভূষাস্থানবিপর্য্যয়ঃ ।

যথ বিদগ্ধমাধবে ।

আনন্দচন্দ্রিকা টীকা

মানিনী শ্রীরাধা বিশাখামাহ গাঢ়তরামিতি কঠোরমিত্যাভ্যাং স্বয়ং দূরীকরণাসামর্থ্যং দ্যোতিতং তেন চ ত্বমেব মল্লাঘবং কুর্ব্বতী বিপক্ষায়সে ইতি ধ্বনিঃ নন্বলঙ্কারেণ কিমপরাদ্ধং তত্রাহ মুগ্ধে ইতি তব জ্ঞানং নাস্তীতি ভাবঃ কৃষ্ণভুজঙ্গেতি দৃষ্টেব বিষবর্ষণাদেষু বিষং লগ্নমিতি ভাবঃ তদ্দৃষ্টিবিষদিগ্ধেষু মদঙ্গেষু পুনর্বিষদাহার্পণমযুক্তমিতি ভাবঃ

বল্লভপ্রাপ্ত্যর্থং বল্লভনিকটস্থানগমনার্থং যা বেলা অভিসারসময়স্তস্যাং হারাদীনাং স্থান-বিপর্য্যয়ঃ অযথাস্থানধৃতিরিত্যর্থঃ

মানিনী শ্রীরাধা বিশাখাকে কহিলেন, সখি ! এই দুইটী অঙ্গদ গাঢ়রূপে নিবদ্ধ হইয়াছে, শীঘ্র ইহা দূরে নিক্ষেপ কর, মণিময় হার কণ্ঠে দৃঢ়তর সংলগ্ন হইয়াছে, ইহার গ্রন্থি খুলিয়া কণ্ঠ হইতে ভ্রংশিত কর, যদি বল অলঙ্কারের অপরাধ কি, তাহার কারণ এই, তুমি অতি মুগ্ধা, তোমার কিঞ্চিন্মাত্র জ্ঞান নাই, এই সকল আভরণ কৃষ্ণভুজঙ্গের দুর্ব্বার বিষদৃষ্টিতে দূষিত হইয়াছে, এ কারণ এ সমুদায় দেখিয়া আমার মন কিছু মাত্রও তুষ্টি অবলম্বন করিতেছে না, শীঘ্র খুলিয়া ফেল ॥

অথ বিভ্রম ।

বল্লভ সমীপে অভিসার কালীন প্রবল মদনাবেগ বশতঃ হার মাল্যাদির যে অযথা স্থানে ধৃতি তাহার নাম বিভ্রম ॥

যথা বিদগ্ধমাধবে ॥

ধম্মিল্লোপরি নীলরত্নরচিতো হারস্তথারোপিতো
বিন্যস্তঃ কুচকুম্ভয়োঃ কুবলয়শ্রেণীকৃতো গর্ভকঃ
অঙ্গে চর্চ্চিতমঞ্জনং বিনিহিতা কস্তূরিকা নেত্রয়োঃ
কংসারেরভিসারসম্ভ্রমভরান্মন্যে জগদ্বিস্মৃতং ॥

যথা বা শ্রীদশমে।

লিম্পন্ত্যঃ প্রমৃজন্ত্যোঽন্য অঞ্জন্ত্যঃ কাশ্চ লোচনে।
ব্যত্যস্তবস্ত্রাভরণাঃ কাশ্চিৎ কৃষ্ণান্তিকং যযুঃ ৭০।
অধীনস্যাপি সেবায়াং কান্তস্যানভিনন্দনং

লোচনরোচনী টীকা

কান্তস্যেতি মনসাভিনন্দনন্তু বর্ত্তত এবেতি ভাবঃ তর্হি কথং তত্রাহ বামতোদ্রেকাৎ

আনন্দচন্দ্রিকা টীকা

ললিতা শ্রীরাধামাহ ধম্মিল্লেতি গর্ভকঃ কেশোচিতমাল্যং ৭০
আর্যমুদাহর্ত্তুমাহ যথা বেতি
বামতোদ্রেকাদনভিনন্দনং বস্তুতস্তু মনসা ত্বভিনন্দনমস্ত্যেবেতি ভাবঃ কশ্চনাধ্যা-

ললিতা শ্রীরাধাকে কহিলেন, সখি! আজি যে তোমার ধম্মিল্লে (কেশপাশ—খোঁপাতে) নীলরত্ন রচিত হার অর্পণ, কুচকলস-যুগলে কুবলয়শ্রেণী নির্ম্মিত গর্ভক (কেশোচিত মাল্য) বিন্যাস, অঙ্গে অঞ্জনের চর্চ্চা তথা নেত্র দ্বন্দ্বে কস্তূরিকা ধারণ দেখিতেছি? ইহার কারণ কি? বোধ করি কংসারির অভিসার সম্ভ্রমভরেই জগৎ বিস্মৃত হইয়াছ॥

যথা বা শ্রীদশমে॥

কোন কোন গোপী অঙ্গে অঙ্গরাগ লেপন করিতেছিলেন, কেহ কেহ বা অঙ্গোদ্বর্ত্তনাদি কর্ম্ম করিতেছিলেন, কতকগুলি নয়নে অঞ্জন দিতেছিলেন, তাঁহারাও মুরলীরব শ্রবণ করিয়া সেই সকল কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক শ্রীকৃষ্ণ সমীপে গমন করিলেন, ব্যস্ততা প্রযুক্ত তাঁহাদের বসন ভূষণের স্থান বিপর্য্যয় হইয়াছিল। ৭০

বামতার (কৌটিল্যের) আতিশয্য প্রযুক্ত সেবাতৎপর কান্তের প্রতি যে অভিনন্দন অর্থাৎ তাঁহার প্রতি যে আদর প্রকাশ না করা,

বিভ্রমো বামতোদ্রেকাৎ স্যাদিত্যাখ্যাতি কশ্চন ॥

যথা—

ত্বং গোবিন্দ ময়াহসি কিং নু কবরীবন্ধার্থমভ্যর্থিতঃ
ক্লেশেনালমবদ্ধ এব চিকুরস্তোমোমুদং দোগ্ধি মে।
বক্ত্রস্যাপি ন মার্জ্জনং কুরু ঘনং ঘর্ম্মাম্বু মে রোচতে
লোচনরোচনী টীকা।

বাম্যাত্রেণ কৌটিল্যাতিশয়াৎ, প্রণয়বিশেষস্য তথৈব স্বভাব ইতি ভাবঃ তদুক্তং। অহে-

আনন্দচন্দ্রিকা টীকা।

তীতি অন্যে বিব্বোকোযমিত্যাচক্ষতে ইত্যর্থঃ

ময়া কিমর্থমভ্যর্থিত ইতি মমৈবানভিজ্ঞত্বং ত্বাং প্রযুঞ্জানায়া দোষ ইতি ভাবঃ ক্লেশে-নালমিতি বহুতরপ্রযত্নপৌনঃপুন্যেনাপি মদ্দাসীভিরিব ত্বয়া কবরীনির্ম্মাণমশক্যমিতি ভাবঃ অত্র হেতুর্গোবিন্দেতি ত্বয়া গোচারণশ্রমেব অবাধ্যমভ্যস্তং নত্বেতৎকলাশস্ত্রমিতি ভাবঃ গোবিন্দো গোবিচারণাদিতি ক্রমদীশ্বরোক্তেঃ নন্বু তর্হি দাশুএব করণীয় তত্রাহ অবদ্ধ এবেতি ত্বৎপ্রেযান্নিদমপি নু জানাতীতি ত্বাং মাঞ্চ হসিষ্যন্তীতি তানাহুয়স্ত ইতি ভাবঃ মুদং দোগ্ধীতি ত্বৎকৃতপ্রসাধনাদপ্রসাধনমেব বরং শোভতে ইতি ভাবঃ মার্জ্জনং ন কুর্ব্বিতি মুখমার্জ্জনপ্রকারস্তাবদন্য এব স চ ত্বয়া দুর্জ্ঞেয় এবেতি ভাবঃ তত্রাপি হেতু-র্গোবিন্দেতি ত্বং গবাং মুখপৃষ্ঠপুচ্ছাদিমার্জ্জনকণ্ডূয়নাদিবিদ্যায়াং পারং গতোঽসি নতু নবা-ঙ্গনাঙ্গমার্জ্জনকলায়ামিতি ভাবঃ। গাং বিন্দতীতি তৎপদব্যুৎপত্তেঃ মালতীর্বহ্বীর্ন উত্তংসয় শিরোভূষণং ন কুরু তত্র হেতুর্মমেত্যাদি খেদং ভবেণেতি নহি গুরুত্ববানবতংসঃ প্রশস্যতে মদ্দাসীভির্হি কৃতবৃত্তাভির্মালতীভিরবতংসবিরচনান্ন তেন মম ভার ইতি ভাব ইতি অত্রাপি হেতুর্গোবিন্দেতি গোবর্দ্ধনধারণাৎ প্রাপ্তগোবিন্দাভিধানাৎ ত্বমতি মহাঁল্লোকো

কাহারও কাহারও মতে ইহাকেও বিভ্রম বলে।

যথা—

মানিনী শ্রীরাধা শ্রীকৃষ্ণের প্রতি কহিলেন, গোবিন্দ! আমি ত তোমাকে প্রার্থনা করি নাই, তবে কেন তুমি আমার কবরীবন্ধন করিতেছ, আর ক্লেশের প্রয়োজন নাই, অবদ্ধ চিকুরই আমার আনন্দ বিস্তার করিতেছে, মুখ মার্জ্জনারও প্রয়োজন করে না, ঘর্ম্মাম্বু আমাকে রুচিকর বোধ হইতেছে, মালতীমাল্যদ্বারা শিরোভূষণও করিতে হইবে

নৈবোত্তংসয় মালতীর্মম শিরঃ খেদং ভরেণাপ্যতি ॥

অথ কিলকিঞ্চিতং ॥

গর্ব্বাভিলাষরুদিত-স্মিতাসূয়াভয়ক্রুধাং।
সঙ্করীকরণং হর্ষাদুচ্যতে কিলকিঞ্চিতং ॥ ৭১ ।

যথা—

ময়া জাতোল্লাসং প্রিয়সহচরী লোচনপথে
বলান্ন্যস্তে রাধাকুচমুকুলয়োঃ পাণিকমলে।

লোচনরোচনী টীকা

বিব গতিঃ প্রেয় ইতি ৭১

তথৈবোদাহরন্নাহ যথেতি অবষ্টম্ভি তির্য্যক্তয়া সখীমবলম্বমানমিতি গর্ব্বঃ। সপুলক-মিত্যভিলাষঃ। স্মিতরুদিতাভ্যাং কান্তদ্যুতিকং মুখং যত্রেতি। স্মিতরুদিতে শাব্দে এব।

আনন্দচন্দ্রিকা টীকা

গোবর্দ্ধনপর্ব্বতমপি স্বশিরসি ভারং ন মন্যসে মম তু নিকৃষ্টায়া শিরো মালতীকুসুমস্তোম-ভরেণাপি ব্যথত ইতি ভাবঃ। গোবিন্দেতি চাভ্যধাদিতি স্মৃতেঃ।

গর্ব্বাদীনাং সপ্তানাং সঙ্করীকরণং মিশ্রণং যুগপৎ প্রাকট্যমিত্যর্থঃ। হর্ষাদিতি তত্র হর্ষ এব হেতুরিত্যর্থঃ ৭১

শ্রীকৃষ্ণঃ সুবলমাহ ময়েতি। উদঞ্চদ্ভ্রূভেদমিত্যসূয়াক্রোধৌ সপুলকমিত্যভিলাষঃ অব-ষ্টম্ভি তির্য্যক্তয়া স্তব্ধমিতি গর্ব্বঃ বলিতং কিঞ্চিৎ পরাবৃত্তমিতি ভয়ং স্মিতরুদিতাভ্যাং

না, উহার গুরুতর ভার ক্লেশকর হইতেছে ॥

অথ কিলকিঞ্চিত ॥

গর্ব্ব, অভিলাষ, রোদন, হাস্য, অসূয়া, ভয় ও ক্রোধ হর্ষ হেতুক এই সাতটীর এককালীন প্রাকট্যকরণ তাহার নাম কিলকিঞ্চিত ॥ ৭১ ॥

যথা—

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, বন্ধো! আমি উল্লাস বশতঃ প্রিয় সহ-চরীদিগের লোচন-গোচরে শ্রীরাধার কলিকাসদৃশ কুচযুগলোপরি বল পূর্ব্বক করকমল বিন্যস্ত করিয়াছিলাম তন্নিবন্ধন তিনি যে আপ-নার সপুলকে ভ্রূভঙ্গি, তির্য্যক্‌ভাবে স্তব্ধ ও ঈষৎ পরাবৃত্ত হইয়া হাস্য আর যে রোদন করিয়াছিলেন তাহাতেই তাঁহার মুখপদ্মের সাতিশয়

উদঞ্চদ্ভ্রূভেদং সপুলকমবষ্টম্ভি বলিতং ·
স্মরাম্যন্তস্তস্যাঃ স্মিতরুদিতকান্তদ্যুতিমুখং ॥ ৭২ ॥
যথাবা দানকেলিকৌমুদ্যাং ।
অন্তঃস্মেরতয়োজ্জ্বলা জনকণব্যাকীর্ণপক্ষ্মাঙ্কুরা
কিঞ্চিৎ পাটলিতাঞ্চলা রসিকতোৎসিক্তা পুরঃ কুঞ্চতী ।

লোচনরোচনী টীকা।

উদঞ্চদ্ভ্রূভেদমিত্যসূয়াক্রুধৌ বলিতং কিঞ্চিৎ পরাবৃত্তমিতি ভয়ং তস্যা ইতি সমাসেনো-পসর্জ্জনীভূতামপি শ্রীরাধামেব গৃহ্লাতি অন্যস্যা অতিবিপ্রকৃষ্টত্বাৎ । ৭২

রসিকোৎসিক্তেতি গর্ব্বঃ। উৎসেকোহত্র চিত্তৌন্নত্যং। মধুবেত্যভিলাষঃ। ব্যাভু-

আনন্দচন্দ্রিকা টীকা

কান্তা দ্যুতির্যস্যেতি স্মিতরুদিতে শাব্দে এবেতি সপ্ত । ৭২ ॥

ন কেবলমঙ্গস্পর্শ এব কিলকিঞ্চিতং স্যাৎ কিন্তু বর্ত্মরোধনাদাবপি স্যাদিত্যাখ্যাতুমাহ যথাবেতি কোঽপি নটেন্দ্রো রসিকসভ্যান্নান্দীপ্রয়োগেণানন্দয়তি অন্তরিতি পথি দানঘট্ট-মার্গে শ্রীমাধবেন শুল্কগ্রহণমিষেণ রুদ্ধায়াঃ শ্রীরাধায়াঃ দৃষ্টির্বো যুষ্মাকং শ্রিয়ং প্রেমোত্থস্তম্ভ-কম্পাদি শোভাং ক্রিয়াৎ কীদৃশী দৃষ্টিঃ কিলকিঞ্চিতমেব স্তবকনানাভাবপুষ্পগুচ্ছঃ তদ্বতীতি দৃষ্টে র্বল্লিত্বং আরোপিতং তত্রাপি শ্রিয়ং ক্রিয়াদিতি কল্পবল্লীত্বং অন্তঃস্মেরতয়েতি স্মিতং জল-

শোভা হইয়াছিল, অতএব হে সখে ! শ্রীরাধার ঐ বদনই আমার স্মৃতিপথে উদিত হইতেছে ।

উক্ত উদাহরণে ভ্রূভেদ হেতু অসূয়া আর ক্রোধ, অপর সপুলক হেতু অভিলাষ, তির্য্যক্‌ভাবে স্তব্ধ হওয়াতে গর্ব্ব, ঈষৎ পরাবৃত্ত প্রযুক্ত ভয়, তথা হাস্য ও রোদন এই সাতটীর এককালীন প্রাকট্য হইল ॥৭২

যথাবা দানকেলিকৌমুদীতে ॥

কেবল অঙ্গ স্পর্শাদিতে যে কিলকিঞ্চিত হয় এমত নহে, বর্ত্ম-রোধনাদিতেও কিলকিঞ্চিত সম্ভব হইতে পারে ॥

যথা—

কোন নটশ্রেষ্ঠ নান্দী প্রয়োগ দ্বারা রসিক সভ্যগণকে আনন্দ প্রদান পূর্ব্বক কহিলেন, অহে রসিকবৃন্দ ! এক দিবস শ্রীকৃষ্ণ দানঘট্টে

রুদ্ধায়া পথি মাধবেন মধুরব্যাভুগ্নতারোত্তরা
রাধায়াঃ কিলকিঞ্চিতস্তবকিনী দৃষ্টিঃ শ্রিয়ং বঃ ক্রিয়াৎ।

অথ মোট্টায়িতং।

কান্তস্মরণবার্ত্তাদৌ হৃদি তদ্ভাবভাবতঃ।
প্রাকট্যমভিলাষস্য মোট্টায়িতমুদীর্য্যতে।

লোচনরোচনী টীকা।

শ্বেত্যসূয়া। স্মিতরুদিতে স্পষ্টে। পুরোগীলিতেতি ভয়ং কিঞ্চিৎ পাটলিতাঞ্চলেতি ক্রুৎ কিলকিঞ্চিতরূপো যঃ স্তবকঃ গাম্ভীর্য্যময়ত্বাদস্ফুটো ভাববিশেষস্তদ্বতী ৭৩

আনন্দচন্দ্রিকা টীকা

কণেতি রুদিতং কিঞ্চিৎ পাটলিতেতি ক্রোধঃ শ্বেতরক্তস্য পাটল ইত্যমরঃ। অত্র শ্বেতিমা স্বাভাবিক এব রক্তিমা ক্রোধাৎ রসিকতয়া উৎকর্ষেণ সিক্তেত্যভিলাষঃ পুরঃ কুঞ্চতীতি ভয়ং মধুরং যথা স্যাৎ তথা ব্যাভুগ্না বক্রা যা তারা কনীনিকা তয়া উত্তরা শ্রেষ্ঠা ইতি গর্ব্বাসূয়ে উপর্য্যুদীচ্য শ্রেষ্ঠেষপুস্তকং ইতি নানর্থঃ

তদ্ভাবঃ স্থায়ী রতিঃ তস্য ভাবতো ভাবনাতঃ

উপবিষ্ট আছেন ইতোমধ্যে ঐ পথ দিয়া শ্রীরাধা দধি বিক্রয়ার্থ যাইতেছিলেন, শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে অবলোকন করিয়া শুল্কগ্রহণ ছলে পথ অবরোধ করিলে তৎক্ষণাৎ শ্রীরাধার নেত্র অন্তর্গত হাস্যে উজ্জ্বল, পক্ষ্ম সকল জলে আকীর্ণ, অন্তভাগ পাটলবর্ণ, তথা রসিকতায় উৎসিক্ত, অগ্রভাগ কুঞ্চিত এবং কুটিল ও উত্তার হইয়া যে কিলঞ্চিত স্তবকবিশিষ্ট হইয়াছিল, সেই নেত্র তোমাদের মঙ্গলবিধান করুক॥

তাৎপর্য্য, অন্তঃস্মের পদে হাস্য, জলকণা হেতুক রোদন, পাটলবর্ণ প্রযুক্ত ক্রোধ, রসিকতায় উৎসিক্ত নিমিত্ত অভিলাষ, অগ্রে কুঞ্চিত হেতু ভয়, কুটিল ও উত্তার নিমিত্ত গর্ব্ব এবং অসূয়া এই সপ্তভাব প্রকাশ হইল

অথ মোট্টায়িত।

কান্তের স্মরণ ও তদীয় বার্ত্তাদি শ্রবণে কান্তবিষয়ক স্থায়ীভাবের ভাবনা হেতুক হৃদয়মধ্যে যে অভিলাষের প্রাকট্য হয়, তাহাকে মোট্টায়িত বলে

যথা—

ন ব্রূতে ক্লমবীজমালিভিরলং পৃষ্টাপি পালী যদা
চাতুর্য্যেণ তদগ্রতস্তব কথা তাভিস্তদা প্রস্তুতা।
তাং পীতাম্বর জৃম্ভমাণবদনাম্ভোজ ক্ষণং শৃণ্বতী
বিম্বোষ্ঠী পুলকৈর্বিড়ম্বিতবতী ফুল্লাং কদম্বশ্রিয়ং।

অথ কুট্টমিতং

স্তনাধরাদিগ্রহণে হৃৎপ্রীতাবপি সম্ভ্রমাৎ।
বহিঃক্রোধো ব্যথিতবৎ প্রোক্তং কুট্টমিতং বুধৈঃ

যথা—

করৌদ্ধত্যং হন্ত স্থগয় কবরী মে বিঘটতে

আনন্দচন্দ্রিকা টীকা

বৃন্দা শ্রীকৃষ্ণমাহ ন ব্রূত ইতি

স্তনাধরাদীত্যত্র বিবিক্ত ইতি　শেষে দেয়ঃ সখীদৃষ্টিপথেতু বিলক্ষিত এব স্যাদিতি জ্ঞেয়ং

সম্ভুক্তপ্রসাধিতা শ্রীরাধা পুনরপি সম্ভুক্তবন্তং শ্রীকৃষ্ণমাহ করৌদ্ধত্যমিতি। ৭৩

যথা—

বৃন্দা কহিলেন, হে পীতাম্বর! আলীগণ পালীকে বারম্বার স্বদীয় দুঃখবীজ জিজ্ঞাসা করিলে যখন তিনি কিছুই কহিলেন না, তখন ঐ সখীবৃন্দ চাতুর্য্য প্রকাশ পূর্ব্বক তদগ্রে তোমার কথারই প্রস্তাব আরম্ভ করিল, কিন্তু তাহা বিম্বোষ্ঠী পালী ক্ষণকাল শ্রবণ করিয়া ঈষৎ ফুল্লিত বদনে এমত পুলক বিস্তার করিলেন যে তদ্দ্বারা ফুল্ল কদম্বও বিড়ম্বিত হইয়াছিল।

অথ কুট্টমিত॥

স্তন ও অধরাদি গ্রহণ করায় হৃদয়ের প্রীতি হইলেও সম্ভ্রমবশতঃ ব্যথিতের ন্যায় যে বাহ্যে ক্রোধ প্রকাশ করণ, বুধগণ তাহাকে কুট্টমিত বলেন।

যথা—

সম্ভোগানন্তর পুনরায় সম্ভোগ করিতে প্রবৃত্ত মাধবকে শ্রীরাধা

দুকূলঞ্চ স্খলত্যঘহর তবাস্তাং বিহসিতং।
কিমারব্ধঃ কর্ত্তুং ত্বমনবসরে নির্দ্দয় মদাৎ
পতাম্যেযা পাদে বিতব শয়িতুং মে ক্ষণমপি ৭৩॥

যথা বা।

ন ভ্রূলতাং কুটিলয় ক্ষিপ নৈব হস্তং
বক্তুঞ্চ কণ্টকিতগণ্ডমিদং ন রুন্ধি।
প্রীণাতু সুন্দরী তবাধরবন্ধুজীবে
পীত্বা মধূনি মধুবে মধুসূদনোঽসৌ ৭৪॥

অথ বিব্বোকঃ

লোচনরোচনী টীকা

ন ভ্রূলতামিতি কৃষ্ণস্যৈব বচনং ৭৪

আনন্দচন্দ্রিকা টীকা

অত্রোদাহরণে রতিশ্রান্তায়াঃ শিশয়িষোস্তস্যা হৃৎপ্রীত্যভাবঃ সম্ভবেদিত্যপরিতুষ্যন্নাহ যথাবেতি শ্রীকৃষ্ণঃ কদাচিদ্রহঃপ্রাপ্তাং শ্রীরাধাং কণ্ঠে গৃহীত্বাহ ন ভ্রূলতা ইতি। কণ্টকিতগণ্ডমিতি হৃৎপ্রীতিচিহ্নং অসৌ মধুসূদনো মল্লক্ষণভ্রমরঃ ৭৪

কহিলেন, হে অঘহর! কি আশ্চর্য্য! তুমি আপনার করের ঔদ্ধত্য স্থগিত কর, ইহার চাঞ্চল্যে কবরী ও দুকূল স্খলিত হইয়া পড়িতেছে, আর হাস্য করিতে হইবে না, এই পর্য্যন্তই ভাল, অহে নির্দ্দয়! মত্ততা প্রযুক্ত অনবসরে এ কি করিতে আরম্ভ করিলে, তোমার চরণে পতিত হই, ক্ষণকাল আমাকে নিদ্রা যাইতে অবকাশ দাও॥ ৭৩॥

উক্ত উদাহরণে রতিশ্রান্তার শয়নেচ্ছা হেতুক প্রীতির অভাব সম্ভাবনায় অপরিতোষ-চিত্তে পুনরায় কহিলেন যথাবা।

এক দিবস বিজন-প্রদেশে আগতা শ্রীরাধার কণ্ঠ গ্রহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণ কহিলেন, প্রিয়ে! ভ্রূ-লতা কুটিলী করিতেছ কেন? কেনই বা আমার হস্ত দূরে নিক্ষেপ করিতেছ? হে সুন্দরি! আর পুলকিত সকপোল বদন রোধ করিও না, বন্ধুজীব সদৃশ ত্বদীয় মধুর অধরে এই মধুসূদন মধুপান করিয়া প্রীতিযুক্ত হউক। ৭৪।

অথ বিব্বোক।

ইষ্টেঽপি গর্ব্বমানাভ্যাং বিব্বোকঃ স্যাদনাদরঃ ॥

অত্র গর্ব্বেণ যথা—

প্রিয়োক্তিলক্ষেণ বিপক্ষসন্নিধৌ
স্বীকারিতাং পশ্য শিখণ্ডমৌলিনা।
শ্যামাতিবামা হৃদয়ঙ্গমামপি
স্রজং দরাঘ্রায় নিরাস হেলয়া।

লোচনরোচনী টীকা

ইষ্টেঽপি কান্তার্পিতবস্তুন্যপি কান্তে বা অধীনস্যাপীতি বিভ্রমলক্ষণস্য পরমতত্ত্বাখ্যানেন সাঙ্কর্য্যং ৭৫

আনন্দচন্দ্রিকা টীকা

ইষ্টেঽপি কান্তদত্তবস্তুনি কান্তে বা

পুষ্পমবচিন্বতী রূপমঞ্জরী কুবলয়মালাং দৃষ্বাদর্শয়ন্ত্যাহ বিপক্ষসন্নিধৌ সন্ধ্যাদেবীপূজাপর্ব্বণি শ্রীরাধায়াশ্চন্দ্রাবল্যাশ্চ বিনাভূতে সর্ব্বব্রজসুন্দরীণাং সংসদি ইত্যর্থঃ প্রিয়োক্তিলক্ষেণেতি প্রিয়তমে শ্যামে অদ্ভুতশিল্পময়ীয়ং মৎপাণিনির্ম্মিতা মাল তবৈব কণ্ঠদেশে স্থিতিমবাপ্য সফলা ভবত্বিত্যাদিনা হৃদয়ঙ্গমামপীতি একান্তে চেৎ প্রাপ্তা ভবিষ্যত্তদা ইয়ং মালা হৃদয় এব শ্যামায়া অধাবয়িষ্যতে ইতি ভাবঃ। দরাঘ্রায়েতি আঘ্রাণমপি ত্বদনুবোধেনৈব কৃতং বস্তুতস্ত্বীদৃশো মালা মৎকিঙ্করীভিরপি ন পরিধীয়ন্ত ইতি জ্ঞাপয়ামাস। নিরাস চিক্ষেপ।

গর্ব্ব ও মান নিমিত্ত ইষ্ট অর্থাৎ কান্তদত্ত বস্তুর প্রতি যে অনাদর, তাহার নাম বিব্বোক।

গর্ব্ব হেতু বিব্বোক যথা।

পুষ্পচয়ন করিতে করিতে রূপমঞ্জরী বকুলমালাকে দেখাইয়া কহিলেন, সখি! অবলোকন কর, বিপক্ষ রমণীর সন্নিধানে অর্থাৎ সন্ধ্যাদেবীর পূজাপর্ব্বাহে রাধা ও চন্দ্রাবলী ব্যতীত ব্রজসুন্দরীদিগের সভায় শিখণ্ডচূড় শ্রীকৃষ্ণ লক্ষ লক্ষ চাটুবচন প্রয়োগ করিয়া শ্যামাকে স্বহস্ত নির্ম্মিতা একগাছী পুষ্পমালা স্বীকার করাইয়াছিলেন, যদিচ ঐ মনোজ্ঞা মালা শ্যামার হৃদ্যা হইয়াছিল, তথাচ ঈষৎ আঘ্রাণ করিয়াই দূরে নিক্ষেপ করিয়া দিলেন ॥

যথা বা

স্ফুরত্যগ্রে তিষ্ঠন্ সখি তব মুখক্ষিপ্তনয়নঃ
প্রতীক্ষাং কৃত্বায়ং ভবদবসরস্যাঘদমনঃ।
দৃশোশ্চৈর্গাম্ভীর্য্যগ্রথিত-গুরুহেলাগহনয়
হসন্তীব ক্ষীবে ত্বমিহ বনমালাং রচয়সি

মানেন যথা—

হরিণা সখি চাটুমণ্ডলীং ক্রিয়মাণামনমন্য মন্যুতঃ।

আনন্দচন্দ্রিকা টীকা

কান্তে চানাদরং দর্শয়িতুমাহ যথা বেতি শ্যামলা শ্রীরাধামাহ স্ফুরতীতি বনাদপবাহ্যে আগত্য নিঃসঙ্গ এব তমুদ্যানং প্রবিশ্য কদা বা বনমালা পূর্ণা ভবিষ্যতি কদা বা ক্ষণমবসরং প্রাপ্স্যামি প্রাপ্তেঽবসরে মম মনোরথং পূরয়িষ্যতি নবেতি ধ্যায়ন্নিত্যর্থঃ ত্বন্ত দৃশা হসন্তীব অহো কামিনো কস্য কামাতুরত্বমিতি শ্রীকৃষ্ণমবজানতীবেত্যর্থঃ দৃশা কীদৃশ্যা গাম্ভীর্য্য-পুষ্পৈর্গ্রথিতা গুরুহেলৈব মালা তয়া গহনয়া দুর্গময়া কিমিয়ং ময়ি কৃপাবতী কঠোরা বেতি তেন দুর্জ্ঞেয়ভাবয়া ক্ষীবে হে মত্তে ইতি মত্তানাং হি দয়া নোৎপদ্যতে এবেতি ভাবঃ। কথাভ্যাং পুষ্পমালাং রচয়সি দৃশা দুর্জ্ঞেয়ভাবমালাং সৃজসি শ্রীকৃষ্ণেতু দয়াং ন প্রকটয়সি। কিন্তে চরিতমিদমসমঞ্জসমিতি ব্যাজস্তুতিঃ

কলহান্তরিতাং গৌরীং প্রতি তৎসখী প্রাহ হরিণেতি। তেন গতে সতি হে শারিকে হরে কৃষ্ণ গোবিন্দেতি বদেতি শারিকাধ্যাপনমিষেণ পশ্চাত্তাপজর্জ্জরিতা স্বপ্রাণরক্ষার্থং

কান্তবিষয়ে অনাদর প্রদর্শন নিমিত্ত কহিলেন, যথা বা—

শ্যামলা শ্রীরাধাকে কহিলেন, সখি! এই অঘদমন তোমার অবসর প্রতীক্ষা করিয়া তোমারই বদনপদ্মে আপন নয়ন নিক্ষেপ পূর্ব্বক অগ্রে দণ্ডায়মান রহিয়াছেন, হে প্রমত্তে! কি আশ্চর্য্য! তুমি অতিশয় গাম্ভীর্য্য-গ্রথিত গুরুহেলায় দুর্গম নেত্র দ্বারা হাস্য প্রকাশের ন্যায় বনমালা গ্রন্থন করিতেছ?

মান হেতুক বিবেকি যথা—

কলহান্তরিতা গৌরীর প্রতি ত্বদীয়া সখী কহিল, হে গৌরি! তুমি মন্যু বশতঃ হরিকৃত চাটু সকলে অনাদর করিয়াছিলে, এখন বৃথা কেন

ন বৃথাদ্য সুশিক্ষিতামপি স্বয়মধ্যাপয় গৌরি শারিকাং।

অথ ললিতং

বিন্যাসভঙ্গিরঙ্গানাং ভ্রূবিলাসমনোহরা
সুকুমারা ভবেদ্যত্র ললিতং তদুদীরিতং ৭৫

যথা—

সদ্ভ্রূভঙ্গমনঙ্গবাণজননীরালোকয়ন্তী লতাঃ
সোল্লাসং পদপঙ্কজে দিশি দিশি প্রেঙ্খোলয়ন্ত্যুজ্জ্বলা।
গন্ধাকৃষ্টধিয়ঃ করেণ মৃদুনা ব্যাধুন্বতী ষট্পদান্।

লোচনরোচনী টীকা

প্রেঙ্খোলয়ন্তী চালয়ন্তী ৭৬

আনন্দচন্দ্রিকা টীকা

তন্নামামৃতমেবাবলম্বসে ইতি সুশিক্ষিতামিতি স্বয়মিতি পদয়োর্ধ্বনিঃ ৭৫

শ্রীব ধাপ্রসাধনার্থং পুষ্পান্যবচিন্বন্ শ্রীকৃষ্ণো দূরাত্তামবলোক্য বর্ণয়তি লতাঃ স এভঙ্গং সাসূয়ং পশ্যন্তী অত্র হেতুঃ অনঙ্গেতি যুষ্মাকমেব পুষ্পাণি বাণান্ কৃত্বা তৈরনঙ্গো মাং প্রহরতীতি যূয়মেব মদ্বৈরিণ্য ইতি ভাবঃ প্রেঙ্খোলয়ন্তী চালয়ন্তী বৃন্দাবনস্য শ্রীঃ সম্পত্তি-বিব ॥ ৭৬।

আর সুশিক্ষিতা শারীকে হবে কৃষ্ণ গোবিন্দ বলিয়া পড়াইতেছ ?।

অথ ললিত

যাহাতে অঙ্গ সকলের বিন্যাসভঙ্গি, সৌকুমার্য্য ও ভ্রূ-বিক্ষেপের মনোহারিত্ব প্রকাশ পায়, তাহাকে ললিত কহা যায় ৭৫ ॥

যথা—

শ্রীরাধাকে প্রসন্ন করাইবার নিমিত্ত পুষ্পচয়ন করিতে করিতে ঐ শ্রীরাধাকে দূর হইতে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণ কহিলেন, অহো! শ্রীরাধা লতা সকলকে কন্দর্পের জননী জানিয়া, অর্থাৎ কন্দর্প এই সকল লতার পুষ্পসমূহে শর নির্ম্মাণ করত আমার উপরে নির্দ্দয়রূপে প্রহার করে অতএব ইহারাই আমার বৈরিণী এই বলিয়া তদুপরি দৃষ্টিপাত করিতেছেন, উল্লাস বশতঃ চরণপঙ্কজ দিকে দিকে চালিত

রাধা নন্দতি কুঞ্জকন্দরতটে বৃন্দাবনশ্রীরিব ৭৬ ॥

অথ বিকৃতং ॥

হ্রীমানের্য্যাদিভির্যত্র নোচ্যতে স্ববিবক্ষিতং।
ব্যজ্যতে চেষ্টয়ৈবেদং বিকৃতং তদ্বিদুর্ব্বুধাঃ ॥

তত্র হ্রিয়া যথা—

নিশময্য মুকুন্দ মন্মুখাদ্ভবদভ্যর্থিতমত্র সুন্দরী।
ন গিরাভিননন্দ কিন্তু সা পুলকেনৈব কপোলশোভিনা। ৭৭।

লোচনরোচনী টীকা।

বিবক্ষিতমিতি পূর্ব্বং গোট্টায়িতেঽভিলাষস্য ব্যক্তিরত্রতু বিবক্ষিতমাত্রস্থেতি ভেদঃ। কিন্তূদাহরণেষু ভাবব্যক্তিরেব যদ্দৃশ্যতে তদ্বিবক্ষিতান্তর্গতত্বাত্তেনাংশেনৈবেতি জ্ঞেয়ং। কেবলবিবক্ষিতোদাহরণন্তু ময্যাসক্তবতীত্যেব ৭৭।

আনন্দচন্দ্রিকা টীকা।

বিবক্ষিতমিতি পূর্ব্বং গোট্টায়িতে কান্তবার্ত্তাশ্রবণেনাভিলাষব্যক্তিঃ স্বয়মেব ভবেদত্র তু ন ব্যক্তং বস্তুচেষ্টয়া ব্যজ্যতে ইতি ভেদঃ।

সুবলঃ শ্রীকৃষ্ণমাহ ভবতোঽভ্যর্থিতং হে প্রেয়সি হে রাধে অদ্য গোবর্দ্ধনকন্দরায়াং মন্মিস্মিতং চিত্রং দ্রষ্টুমবশ্যমেবাবগন্তব্যং যদি মামনুগৃহ্লাসীতি পুলকেনৈব কস্মাচ্চিন্নযাদর্শিতেন ভদ্রমাগমিষ্যামি ইতি জ্ঞাপয়ামাসেত্যর্থঃ। ৭৭।

করিয়া গন্ধাকৃষ্ট মধুপবৃন্দকে কোমল কর-কমল দ্বারা নিরাশ করিতেছেন, কি চমৎকার! ইনি যেন বৃন্দাবনীয় লক্ষ্মীর ন্যায় নিকুঞ্জ-কন্দর-তটে বিরাজ করিতেছেন ॥ ৭৬ ॥

অথ বিকৃত ॥

লজ্জা, মান, ঈর্ষ্যা ইত্যাদি দ্বারা যে স্থানে বিবক্ষিত বিষয় প্রকাশিত হয় না, পণ্ডিতগণ তাহাকে বিকৃত বলিয়া নির্দ্দেশ করেন ॥

তন্মধ্যে লজ্জা যথা—

সুবল শ্রীকৃষ্ণকে কহিলেন, মুকুন্দ! শ্রীরাধা আমার বাচিক ত্বদীয় প্রার্থনা অর্থাৎ হে প্রিয়তমে! অদ্য অনুগ্রহ প্রকাশ পুরঃসর গোবর্দ্ধন-কন্দরে মন্মিস্মিত আশ্চর্য্য চিত্র দর্শনার্থে গমন করিও, এই কথা শুনিয়া বাক্য দ্বারা কিঞ্চিন্মাত্রে অভিনন্দনা করিলেন না, কিন্তু তাঁহার পুলক-শালি কপোলেই আনন্দ বিস্তার করিতে লাগিল ॥ ৭৭ ॥

যথা বা—

ন পরপুরুষে দৃষ্টিক্ষেপো বরাঙ্গি তবোচিত-
স্ত্বমসি কুলজা সাধ্বী বক্ত্রং প্রসীদ্ব বিবর্ত্তয়।
ইতি পথি ময়া নর্ম্মণ্যুক্তে হরের্নববীক্ষণে
সদয়মুদয়ৎ কার্পণ্যং মামবৈক্ষত রাধিকা॥

গানেন যথা—

ময্যাসক্তবতি প্রসাধনবিধৌ বিস্মৃত্য চন্দ্রগ্রহং

লোচনরোচনী টীকা।

ইতি নর্ম্মণ্যুক্তে সতি　সদয়ং দয়াসহিতং দয়াবিষয়ং যথা স্যাত্তথা　উদয়ৎ কার্পণ্যং যথা স্যাত্তথা মামবৈক্ষত　৭৮।

আনন্দচন্দ্রিকা টীকা।

অত্র পুলকস্য সাত্ত্বিকত্বেন স্বভাবোত্থত্বাদস্পষ্টচেষ্টাভাবাৎ তেন নায়িকাকর্ত্তৃকং বিজ্ঞাপনমস্পষ্টং নৈত্যাহ যথাবেতি।

বিশাখা ললিতাং প্রতি শ্রীরাধাচরিত্রং বিজ্ঞাপয়ন্ত্যাহ ন পরেতি। বক্ত্রং বিবর্ত্তয় পরাবর্ত্তয় নর্ম্মণি তস্যা হৃদয়জ্ঞাপনার্থমুক্তে সতি সদয়মানন্দয়ন্নেতি প্রার্থ্যমানত্বেন দয়া বর্ত্তত যত্র তদযথা স্যাত্তথা উদয়ৎ কার্পণ্যমিতি বিশেষণসাহচর্য্যাৎ ঐক্ষতেতি তথা ভূতেক্ষণক্রিয়ৈব চেষ্টা তয়াচ একবারমপি শ্রীকৃষ্ণমবলোকিতুমাজ্ঞাপয়তাস্যথা জীবিতুমহং ন প্রভবিষ্যামি ইতি স্ববিবক্ষিতং ব্যঞ্জিতং

শ্রীকৃষ্ণ উদ্ধবং প্রত্যাহ ময্যেতি　তস্য চন্দ্রগ্রহণস্য বিজ্ঞপ্তৌ সম্প্রতি চন্দ্রগ্রহণং বর্ত্ততে

যথা বা॥

বিশাখা ললিতার প্রতি শ্রীরাধার চরিত্র বিজ্ঞাপন করিয়া কহিলেন, সখি! আজি আমি শ্রীরাধাকে কহিলাম হে বরাঙ্গি! তুমি কুলজা পরমা সাধ্বী, পরপুরুষের প্রতি দৃষ্টি নিক্ষেপ করা তোমার উচিত হয় না, আমার প্রতি প্রসন্ন হইয়া বদন প্রত্যাবর্ত্তন কর, হে ললিতে! নর্ম্মবশতঃ পথমধ্যে এই প্রকার কহিলে তিনি হরির প্রতি নব ঈক্ষণে কাতর হইয়া আমার প্রতিই দৃষ্টিপাত করিতে লাগিলেন॥

গান হেতু বিবেক যথা—

শ্রীকৃষ্ণ উদ্ধবকে কহিলেন, সখে! সত্য মানিনী হইলে আমার

তদ্বিজ্ঞপ্তিসমুৎসুকাপি বিজহৌ মৌনং ন সা মানিনী।
কিন্তু শ্যামলরত্নসংপুটদলেনাবৃত্য কিঞ্চিন্মুখং
সত্যা স্মারয়তিস্ম বিস্মৃতমসৌ মামোপরাগীং শ্রিয়ং। ৭৮॥

ঈর্ষ্যয়া যথা—

বিতর তস্করি মে মুরলীং দ্রুতামিতি মধুদ্ধুরজল্পবিবৃত্তয়া।
ভ্রুকুটিভঙ্গুরমর্কসুতাতটে সপদি রাধিকয়াহমুদীক্ষিতঃ।

লোচনরোচনী টীকা

বিবৃত্তয়া পরাবৃত্তয়া ৭৯

আনন্দচন্দ্রিকা টীকা

তদিতো বহির্নিঃসৃত্য স্নানদানাদিকাঃ ক্রিয়াঃ কুর্ব্বিতি বিজ্ঞাপনে সমুৎসুকোঽপি মুখমাবৃত্যেতি মুখস্য চন্দ্রত্বং সম্পুটস্য রাহুত্বং তেন চ দর্শিতেন ইত্যর্থঃ। বিস্মিতমিতি অহো বুদ্ধেরস্যাঃ পরাকাষ্ঠা এতজ্জ্ঞাপনমিষেণ সম্প্রসাধনং নিরাকৃতবতীতি মাং পরাস্তীভূতং কৃতং ৭৮

শ্রীকৃষ্ণঃ সুবলমাহ বিতরেতি ভ্রুকুটিভঙ্গুরমিতি যৎ ত্বং মে চৌরিকাপবাদং দদাসি তদহমার্য্যায়ৈ সর্ব্বমিদমুক্ত্বা সুষ্ঠু ভুভ্যমেতৎফলং দাস্যামীতি ভ্রূকুট্যা ব্যঞ্জিতং।

চিত্তে আমি তাঁহার প্রসন্নত করাইতেছিলাম, এমত সময়ে দৈবাৎ চন্দ্রগ্রহণ উপস্থিত হওয়ায়, ঐ সত্যা আমাকে উপরাগ (গ্রহণ) জানাইবার জন্য উৎসুকা হইয়াও মৌনত্যাগ করিলেন না, অধিকন্তু আমি চন্দ্রোপরাগ বিস্মৃত হইয়াছি মনে করিয়া শ্যামবর্ণ রত্নসম্পুট-দলে স্বীয় বদনচন্দ্র ঈষৎ আবরণ করত আমাকে ঐ উপরাগ স্মরণ করাইয়া দিলেন॥ ৭৮॥

ঈর্ষ্যা হেতু বিব্বোক যথা—

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, সখে! শ্রীরাধা যমুনার তটে বিহার করিতেছিলেন তাঁহাকে দেখিয়া কহিলাম হে তস্করি! তুমি আমার মুরলী চুরী করিয়াছ, কল্যাণ ইচ্ছা কর ত শীঘ্র আনিয়া দাও, বক্কো! আমার এই প্রকার তর্জ্জন বাক্য শুনিয়া তৎক্ষণাৎ ঐ শ্রীরাধা ভ্রূভঙ্গি করিয়া আমার প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন অর্থাৎ নেত্রভঙ্গি দ্বারা আমাকে কহিলেন, কৃষ্ণ! থাক থাক তুমি আমাকে চৌরাপবাদ

অলঙ্কারা নিগদিতা বিংশতির্গাত্রচিত্তজাঃ।
অমী যথোচিতং জ্ঞেয়া মাধবেঽপি মনীষিভিঃ॥
কৈশ্চিদন্যেঽপ্যলঙ্কারাঃ প্রোক্তা নাত্র ময়োদিতাঃ।
মুনৈরসম্মতত্বেন কিন্তু দ্বিতয়মুচ্যতে॥
মৌগ্ধ্যঞ্চ চকিতঞ্চেতি কিঞ্চিন্মাধুর্য্যপোষণাৎ।
তত্র মৌগ্ধ্যং॥
জ্ঞাতস্যাপ্যজ্ঞবৎ পৃচ্ছা প্রিয়াগ্রে মৌগ্ধ্যমীরিতং।
যথ মুক্তাচরিতে।
কান্তা লতাঃ ক্ব বা সন্তি কেন বা কিল রোপিতাঃ।

আনন্দচন্দ্রিকা টীকা।

কৈশ্চিৎ সাহিত্যদর্পণকৃদাদিভিঃ অন্যেঽপি তপনবিক্ষেপ কুতূহলাদ্যাঃ মুনের্ভরতস্য। শ্রীসত্যভামা শ্রীকৃষ্ণমাহ কান্তা ইতি ৎ৯

প্রদান করিলে, আমি আর্য্যাকে সমস্ত নিবেদন করিয়া তোমার সমুচিত শাস্তি দিতেছি, ইত্যাদি ভাব অভিব্যক্ত করিলেন॥

অপর এই যে বিংশতি প্রকার আঙ্গিক ও চিত্তজ অলঙ্কার কীর্ত্তন করিলাম, পণ্ডিতগণ মাধববিষয়েও ঐ সকল যথোচিত দর্শাইয়া থাকেন॥

অপর যদিচ অন্যান্য পণ্ডিতগণ এ স্থলে অনেক প্রকার অলঙ্কার উল্লেখ করেন, তথাপি ভরতমুনির অভিপ্রায় না থাকায় আমি তাহা প্রকাশ করিতে পারিলাম না, কিন্তু তন্মধ্যে কিঞ্চিৎ মাধুর্য্যের পোষণ হেতুক মৌগ্ধ্য ও চকিত এই দুইটী অলঙ্কার কীর্ত্তন করিতেছি॥

মৌগ্ধ্য যথা—

প্রিয়তমের অগ্রে জ্ঞাত বস্তুর প্রতি অজ্ঞের ন্যায় যে জিজ্ঞাসা তাহাকে মৌগ্ধ্য বলে॥

যথা মুক্তাচরিতে।

সত্যভামা জিজ্ঞাসা করিলেন কৃষ্ণ! আমার কঙ্কণস্থ মুক্তাফলের

কৃষ্ণ মৎকঙ্কণন্যস্তং যাসাং মুক্তাফলং ফলং ।

চকিতং ॥

প্রিয়াগ্রে চকিতং ভীতেরস্থানেঽপি ভয়ং মহৎ ৭৯ ।

যথা—

রক্ষ রক্ষ মুহুরেষ ভীষণো ধাবতি শ্রবণচম্পকং মম।
ইত্যুদীর্য্য মধুপাদ্বিশঙ্কিতা সস্বজে হরিণলোচনা হরিং ॥

॥ * । ইত্যলঙ্কারবিবৃতিঃ । * ।

লোচনরোচনী টীকা

চম্পকস্য মধুপা স্পৃহণীয়ত্বেঽপি বিলাসাদেব তথোক্তিরিত্যস্থানত্বমিতি স্পষ্টং হল্লক-মিতি বা পাঠঃ ৮০

। * ইত্যলঙ্কারবিবৃতিঃ *

আনন্দচন্দ্রিকা টীকা

কাচিৎ সখী কাঞ্চিদাহ রক্ষ রক্ষেতি। এষ মধুপঃ যদ্যপি মধুপ শ্চম্পকং ন ধাবতি তথাপি স্বমুখামোদেনাগতস্য তস্য তথাবগমাত্তথোক্তং

* ইত্যলঙ্কারবিবৃতিঃ ॥ *

ন্যায় যাহাদের ফল দেখিতেছি ঐ সকল লতার নাম কি ? উহা কোন্ স্থানে আছে, কেই বা উহা রোপণ করিয়াছে ? ॥

অথ চকিত।

প্রিয়তমের অগ্রে ভয়ের অস্থানে যে গুরুতর ভয়, তাহার নাম চকিত ৭৯।

কোন সখী কোন এক সখীকে কহিলেন, প্রণয়িনি! আমাকে রক্ষা কর রক্ষা কর, এই ভয়ঙ্কর মধুকর আমার কর্ণস্থ চম্পকের প্রতি মুহুর্মুহুঃ ধাবমান হইয়া আসিতেছে, এই বাক্য উচ্চারণ পুরঃসর মধুপ ভয়ে ভীতা হইয়া হরিণাক্ষী হরিকে গিয়া আলিঙ্গন করিলেন ॥

। * ইতি অলঙ্কারবিবৃতি ॥ * ।

অথোদ্ভাস্বরাঃ ।

উদ্ভাসন্তে স্বধাম্নীতি প্রোক্তা উদ্ভাস্বরা বুধৈঃ ।
নীব্যুত্তরীয়ধম্মিল্লভ্রংসনং গাত্রমোটনং
জৃম্ভা ঘ্রাণস্য ফুল্লত্বং নিশ্বাসাদ্যাশ্চ তে মতাঃ ৮০ ।
তত্র নীবিভ্রংসনং যথা বিদগ্ধমাধবে ॥
নৈরঞ্জন্যমুপেয়তুঃ পরিগলন্মোদাশ্রুণী লোচনে
স্বেদোদ্ধূতবিলেপনং কিল কুচদ্বন্দ্বং জহৌ রাগিতাং ।

লোচনরোচনী টীকা

নৈরঞ্জন্যমিতি অত্র শ্লেষপক্ষে তেষামধিকারিণাং ক্রমান্ন্যূনত্বমবগতং । তচ্চ নীব্যাঃ

আনন্দচন্দ্রিকা টীকা

উদ্ভাসন্তে প্রকাশন্তে স্থেশভাসেত্যাদিনা বরচ্ স্বধাম্নি ভাববজ্জনদেহে আদ্যশব্দেন বিলুণ্ঠিতগীতক্রোশনলোকানপেক্ষিতা ঘূর্ণাহিক্কাদয়ো জ্ঞেয়াঃ ৮০

গৌরীতীর্থে শ্রীকৃষ্ণেন সহ বিহরন্তীং শ্রীরাধাং দূরাদালোক্য বৃন্দা তাং নীচৈঃ সম্বোধ্য বর্ণয়তি নৈরঞ্জন্যং অঞ্জনমুপাধিরবিদ্যা তদ্রাহিত্যং সংসারান্মোক্ষমিত্যর্থঃ । পক্ষে নিষ্কজ্জলত্বং তত্রোভয়ত্র হেতুঃ পরিগলদিতি মোদাশ্রূণি ভক্তিসুখোত্থানি কামসুখোত্থানি চ ।

অথ উদ্ভাস্বর ॥

ভাব বিশিষ্ট জনের দেহে যাহা২ প্রকাশ পায়,পণ্ডিতগণ তাহাকে উদ্ভাস্বর কহেন ॥

করিতে দেখিতেছি, তখন আমি একান্তে এই নিশ্চয় করিলাম, অসংশয় তোমার করতলে নীলনিধি প্রপন্ন হইয়াছেন, সে যাহা হউক, হে কমলমুখি। তোমার অদৃষ্ট অতিশয় সুপ্রসন্ন॥ ২৬।

অথ দীপ্তা।

তিন চারি অথবা পাঁচটী প্রৌঢ়ভাব এককালীন্ উদয় হইলে, যদি তাহা সম্বরণ করিতে অসমর্থ হয়, তবেই তাহাকে দীপ্তা বলে॥ ২৭।

যথা—বিদগ্ধমাধবে

বিশাখা শ্রীরাধাকে কহিলেন, হে পাণ্ডুবদনে। তোমার কমলরুচি নয়নযুগল হইতে বিন্দু সকল পতিত হইয়া ভূমিকে পঙ্কিল করিতেছে, শ্বাস নির্গত হইয়া দূর হইতে কুচদ্বন্দ্বের অংশুক (কঞ্চুলিক)

উদ্দীপ্তাঃ ॥

স্নাতা নেত্রজনির্ঝরেণ দধতী স্বেদাম্বুমুক্তাবলিং
রোমাঞ্চোৎকরকঞ্চুকেন নিচিত শ্রীখণ্ডপাণ্ডুদ্যুতিঃ।
খঞ্জখঞ্জুলভাবতী সবয়সাযুক্ত স্ফুরন্তীত্যসৌ
সজ্জা তে নবসঙ্গমায় ললিতা স্তম্ভাশ্রিতা বর্ত্ততে।

লোচনরোচনী টীকা।

উদ্দীপ্তা ইতি। একদা ব্যক্তিমাপন্নাঃ পঞ্চযাঃ সর্ব্ব এব বা আরূঢ়াঃ পরমোৎকর্ষমুদ্দীপ্তা ইতি কীর্ত্তিতাঃ ॥

স্তম্ভশব্দঃ শ্লিষ্টঃ ২৯।

আনন্দচন্দ্রিকা টীকা।

উদ্দীপ্তা ইতি। একদা ব্যক্তিমাপন্নাঃ পঞ্চযা সর্ব্ব এব ব আরূঢ়াঃ পরমোৎকর্ষমুদ্দীপ্তা ইতি কীর্ত্তিতাঃ

বিরহিণ্যা ললিতায়া দশামুদ্ধবঃ শ্রীকৃষ্ণমাহ স্নাতেতি সম্প্রতি তাং প্রোষিতভর্ত্তৃকাং বাসকসজ্জাত্বেনোৎপ্রেক্ষতে তব নবসঙ্গমায় সজ্জা তত্র বাসকসজ্জায়াঃ স্বতনোঃ প্রিয়সঙ্গমোচিতভূষণবস্ত্রাদিকৃতা অপেক্ষিতেতি প্রথমং স্নানমাহ স্নাতেতি স্বেদাম্বুন্যেব মুক্তাবলীত্যঙ্গারপরিধানং শ্রীখণ্ডেন চন্দনচর্চ্চয় পাণ্ডুবর্ণা দ্যুতির্যস্যাঃ সা পক্ষে স্বদ্বিরহেণ শ্রীখণ্ডস্যেব দ্যুতির্বৈবর্ণ্যং। খঞ্জন্তী অর্দ্ধার্দ্ধং নিঃসরন্তী মঞ্জুলা যা ভারতী স্ফূর্ত্তিপ্রাপ্তেন ত্বয়া সহ বাণী সৈব সবয়াঃ সখী তয়া যুক্তেতি সখী সাহিত্যং স্তম্ভঃ সাত্ত্বিকঃ কুঞ্জগৃহস্থণা চ

নৃত্য করাইতেছে, তথ রোমাঞ্চপুঞ্জ স্বদীয় মূর্ত্তিকে দন্তুর (নতোন্নত) করিতেছে, অতএব হে সখি! আমার নিশ্চয় বোধ হইল, মাধবের অদ্ভুত মাধুরী তোমার শ্রবণসমীপে আগমন করিয়া থাকিবে ॥ ২৮ ॥

অথ উদ্দীপ্তা ॥

পাঁচ ছয় অথবা সমস্ত ভাব যদি এককালীন উদিত হইয়া প্রেমের পরমোৎকর্ষায় আরূঢ় হয়, তাহা হইলে তাহাকে উদ্দীপ্তা বলে।

বিরহিণী ললিতার দশা উদ্ধব শ্রীকৃষ্ণকে নিবেদন পূর্ব্বক কহিলেন, সখে! তোমার বিরহে ললিতা এরূপ কাতর হইয়াছেন যে, অনবরত নেত্র-নির্ঝরে স্নান করিতেছেন, স্বেদাম্বু সকল মুক্তাকলাপের ন্যায় তদীয় গাত্রের শোভা বিস্তার করিতেছে, রোমাঞ্চকঞ্চুকে তিনি আপনার অঙ্গ আবরণ করিয়া রাখিয়াছেন, হে সখে! আর অধিক

উদ্দীপ্তানাং ভিদা এব সুদ্দীপ্তাঃ সন্তি কুত্রচিৎ।
সাত্ত্বিকাঃ পরমোৎকর্ষকোটিমত্রৈব বিভ্রতি। ২৯॥

যথা—

স্বেদৈর্দর্শিতদুর্দ্দিনা বিদধতী বাষ্পাম্বুভির্নিস্তৃষো-
বৎসীরঙ্গরুহালিভির্মুকুলিনী ফুল্লাভিরামূলতঃ।

লোচনরোচনী টীকা

স্বেদৈরিত্যাদ্যুক্তিকদম্বালঙ্কারময়ী সুদীপ্তভামাত্র তাৎপর্য্য　৩০

আনন্দচন্দ্রিকা টীকা

গৃহাদভিসৃত্য পূর্ব্বাহ্নে বনপথে চলন্ত্রীমকস্মান্মুরলীনাদেন সুদীপ্তসাত্ত্বিকভাবাং শ্রীরাধা-মালোক্য দূতী জবেন শ্রীকৃষ্ণান্তিকমাসাদ্য তমাহ　স্বেদৈরেব দর্শিতং দুর্দ্দিনং যয়া ইতি স্বেদানাং সেঘত্বং নিরন্তরতদ্বিন্দুপাতানাং বৃষ্টিত্বং। বাষ্পাম্বুভিরশ্রুজলৈ র্বৎসী স্তৃণকান্ নিস্তৃষো বিগততৃষ্ণাঃ কুর্ব্বতীত্যশ্রুণাং নির্ঝরজলপ্রবাহত্বং　বৎসীরিত্যাখ্যায়াং স্ত্রীপ্রত্যয়ঃ　স্ত্রী স্যাৎ কাচিন্নৃণাল্যাদির্বিবক্ষাপচয়ে যদীত্যমরঃ　অঙ্গরুহালিভিঃ রোম শ্রেণিভিঃ　তদৈব তে মুকলীনাদং শ্রুত্বা অতিজাড্যেনাতিস্তব্ধ অতিবিবর্ণাচাভূদিত্যাহ

কি বলিব, তিনি আপনার চন্দনতুল্য পাণ্ডুবর্ণ অঙ্গদ্যুতি প্রকাশ করত গদ্গদবাক্যরূপা সখীকে সঙ্গিনী করিয়া এখন স্ফূর্ত্তি পাইতেছেন, অতএব হে বন্ধো! নিশ্চয় জানিলাম ঐ ললিতা তোমার নব-সঙ্গমার্থ সজ্জা করিয়া স্তম্ভিতভাবে অবস্থিত আছেন॥

উদ্দীপ্তভাব সকলের ভেদ কোন কোন স্থানে সুস্পষ্টরূপে প্রকাশ পায়, কিন্তু সাত্ত্বিকভাব সকল এই উদ্দীপ্ত ভাবেতেই পরমোৎকর্ষের পরাকাষ্ঠা ধারণ করিয়াছে। ২৯।

যথ—

পূর্ব্বাহ্নে গৃহ হইতে নিঃসরণ পূর্ব্বক শ্রীরাধা বনপথে যাইতে-ছিলেন, এমত সময়ে অকস্মাৎ শ্রীকৃষ্ণের মুরলীরব কর্ণগোচর হওয়াতে অঙ্গে সুদ্দীপ্ত সাত্ত্বিকভাব সকল প্রকাশ পাইতে লাগিলে, কোন সখী দূর হইতে অবলোকন করিয়া বেগে শ্রীকৃষ্ণের নিকট গমন পূর্ব্বক

শ্রুত্বা তে মুরলীং তথাভবদিয়ং রাধা যথারাধ্যতে
মুগ্ধৈর্মাধব ভারতীপ্রতিকৃতির্ভ্রান্ত্যাদ্য বিদ্যার্থিভিঃ। ৩০ ॥
। * ইতি সাত্ত্বিকবিবৃতিঃ । *।

লোচনরোচনী টীকা।

*। ইতি সাত্ত্বিকাঃ *

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রুত্বেতি যথা তদ নীমেবাকস্মাদাগতৈর্বিদ্যার্থিভিরহো সরস্বতীপ্রতিমেয়মিতি মুগ্ধৈ স্তম্ভশিতিমভ্যাং ভ্রান্তৈরারাধ্যতে পাদ্যার্ঘ্যধূপাদিভিঃ পূজ্যত ইতি অত্র জাড্যোত্থস্তম্ভোদয়ঃ প্রথমক্ষং এব প্রস্বেদাশ্রুরোমাঞ্চস্তম্ভবৈবর্ণানাং পঞ্চানাং সাত্ত্বিকানামাধিক্যেন যুগপৎ উদ্ভূতত্বাৎ সুদীপ্তত্বং দ্বিতীয়তৃতীয়াদিক্ষণে তু স্তম্ভপ্রলয়য়োরত্যাধিক্যেন স্বেদাশ্রুরোমাঞ্চানাং লোপাদ্ভারতীপ্রতিমায়িতত্বং তত্রৈব বিদ্যার্থিনামাগমনং তৈঃ পূজনঞ্চ, অশ্রুপুলকয়োঃ সদ্ভাবে প্রকৃতিত্বানুপপত্তেরিতি চ জ্ঞেয়ং ২৯ ৩০

* ইতি সাত্ত্বিকবিবৃতিঃ সমাপ্তা *।

কহিল, মাধব! তোমার মুরলীনাদ শ্রবণ করিয়া শ্রীরাধার যে স্বেদবারি উদ্গত হইতেছে, তাহাতেই তিনি দুর্দ্দিন প্রদর্শন করাইয়া অশ্রুজলে বৎস সকলের তৃষ্ণা নিবারণ করিতেছেন, পাদমূল হইতে মস্তক পর্য্যন্ত লোমাবলীর উদ্গম হওয়াতে তনু এরূপ মুকুলিনী হইয়াছে যে, যদবলোকনে মুগ্ধ-বিদ্যার্থিগণ ভারতীর (সরস্বতীর) প্রতিকৃতিভ্রমে যত্ন পূর্ব্বক আরাধনা করিতেছে, অতএব হে গোবিন্দ! শ্রীরাধার আর পূর্ব্ববৎ সৌন্দর্য্য নাই, নিরন্তর স্বেদ-বারি ও অশ্রুপাত করিতে২ পাণ্ডুবর্ণ হইয়া অবস্থিতি করিতেছেন ॥ ৩০ ॥

॥ *। ইতি উজ্জ্বলনীলমণিতে শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় সাত্ত্বিকবিবৃতি। *॥

অথ ব্যভিচারিণঃ ॥ ১ ॥

নির্ব্বেদাদ্যাস্ত্রয়স্ত্রিংশদ্ভাব যে পরিকীর্ত্তিতাঃ।
ঔগ্র্যালস্যে বিনা তেঽত্র বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ ॥ ২ ।
সখ্যাদিষু নিজপ্রেমাপ্যত্র সঞ্চারিতাং ব্রজেৎ ॥ ৩ ॥
সাক্ষাদঙ্গতয়া নেষ্টাঃ কিন্ত্বত্র মরণাদয়ঃ।
বর্দ্ধমানাস্তু যুক্ত্যাসৌ গুণতামুপচিন্বতে। ৪ ॥

লোচনরোচনী টীকা।

অথ ব্যভিচারিণঃ ১

ঔগ্রস্য হিংসাকরচণ্ডতারূপত্বাদালস্যস্য শক্তাবপি ক্রিয়ানুন্মুখতারূপত্বাৎ তেন সম্ভবত ইতি কিন্তু মিথুনস্য পরস্পরমিতি জ্ঞেয়ং ২ ॥

সঞ্চারিতাং ব্যভিচারিতাং ৩ ॥

উপচিন্বতে আধিক্যেন গৃহ্ণন্তি যুক্ত্যেতি ব্যক্তীকরিষ্যতে ৪ ।

আনন্দচন্দ্রিকা টীকা

অথ ব্যভিচারিবিবৃতিঃ ১ ।

পরিকীর্ত্তিতা ইতি নির্ব্বেদোঽথ বিষাদো দৈন্যং গ্লানিশ্চাসৌ চ মদগর্ব্বাবিত্যাদিভিঃ পূর্ব্বগ্রন্থ এবোদ্দেশলক্ষণোদাহরণৈঃ সম্যগুক্তা অত্র তুজ্জ্বলে রসে তে ঔগ্র্যালস্যে দ্বে বিনেতি ঔগ্রস্য বিষয়ালম্বনসুখপতীপাচরণচণ্ডিমরূপত্বাৎ আলস্যস্য তু শক্তাবপি ক্রিয়ানুন্মুখতারূপত্বাত্তে ন সম্ভবতঃ কিন্তু নায়কয়োঃ পরস্পরমেবেতি জ্ঞেয়ং। পরস্পরসঙ্গিবিঘাতিষু জনেষু তু তে ভবত এবেত্যগ্রেতন গ্রন্থে জ্ঞেয়ং ২

সখ্যাদিষিতি সখীপ্রভৃতিষু কৃষ্ণবল্লভানাং যঃ প্রেমা সঃ আদিশব্দাৎ দূতীষপি পরস্পরযোগেষু অন্যেষ্বপি চ ৩ ৪

অথ ব্যভিচারিভাব। ১ ॥

পূর্ব্বে যে নির্ব্বেদাদি ত্রয়স্ত্রিংশদ্ভাব কীর্ত্তন করিয়াছি, তন্মধ্যে ঔগ্রতা ও আলস্য ব্যতিরেকে ঐ সকলকে ব্যভিচারিভাব বলে। ২।

এই ব্যভিচারিভাবে সখীপ্রভৃতিতে স্বীয় প্রেমেরও সঞ্চার হয়॥ ৩।

কিন্তু উক্ত ব্যভিচারিভাবে মরণাদি সাক্ষাৎ অঙ্গ বলিয়া ইচ্ছা করা যায় না, পরন্তু ঐ সকল বুদ্ধিশালী মরণাদিভাব যুক্তি দ্বারা গুণতাকে প্রাপ্ত হয়॥ ৪।

তত্র নির্ব্বেদঃ

স মহার্ত্ত্যা যথা—বিদগ্ধমাধবে।

যস্যোৎসঙ্গসুখাশয়া শিথিলতা গুর্ব্বী গুরুভ্যস্ত্রপা
প্রাণেভ্যোঽপি সুহৃত্তমাঃ সখি তয়া যূয়ং পরিক্লেশিতাঃ।
ধর্ম্মঃ সোঽপি মহান্ ময়া ন গণিতঃ সাধ্বীভিরধ্যাসিতো
ধিক্ ধৈর্য্যং তদুপেক্ষিতাপি যদহং জীবামি পাপীয়সী

লোচনরোচনী টীকা।

পূর্ব্বগ্রন্থানুসারেণ নির্ব্বেদঃ স্বাবগাননং ৫॥

আনন্দচন্দ্রিকা টীকা

নির্ব্বেদ আত্মধিক্কারঃ নির্ব্বেদবতী শ্রীরাধা শ্রীকৃষ্ণসমীপাদাগতায়াঃ সখ্যা মুখম্লান্যাঃ স্বস্মিংস্তস্যোপেক্ষাং অনুমিমানা প্রাহ। যস্য উৎসঙ্গ এব সুখং তস্য সুখমূর্ত্তিত্বাৎ তদাশয়া উৎসঙ্গপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ যদ্যপ্যত্রাধরসীধুনাপ্যায়য় ন ইতি কৃণু কুচেষু নঃ কৃন্ধি হৃচ্ছয় ইত্যাদৌ স্পষ্টোক্ত্যা স্বসুখস্পৃহা প্রতীয়তে তথাপি স্বসৌন্দর্য্যবৈদগ্ধ্যাদিভিঃ শ্রীকৃষ্ণমহং বিশেষতঃ সুখয়ামীতি সূক্ষ্মো মানসো ব্যাপারঃ সমর্থবতিমতীনাং সর্ব্বাসামেব ব্রজসুন্দরীণাং সদৈবাস্ত্যেব কিমুত তস্যাঃ সর্ব্বব্রজবামামুকুটমণিভূতায়াঃ। কিন্তু স তাভিঃ স্ববাগ্বিষয়ীভূতঃ প্রায়েণ ন ক্রিয়তে শ্রীকৃষ্ণস্ত্বভিজ্ঞচূড়ামণিস্তং জানাত্যেবেতি ন পারয়েঽহং নিরবদ্যসংযুজামিত্যাদিভিঃ তদ্বীকারান্যথানুপপত্ত্যা এব ব্যাখ্যায়তে। অতএবোক্তং যদস্যাং কৃষ্ণসৌখ্যার্থমেব কেবলমুদ্যম ইতি তথা অস্মাকমপি তস্যেমা বয়ং বৈ গৃহদাসিকা ইতি। সাহং তদ্গৃহমার্জ্জনীত্যাদিভিঃ স্পষ্টোক্ত্যা সমঞ্জসারতিমতীনাং পুরসুন্দরীণাং স্বসুখস্পৃহায়া অভাবেঽপি স্বাঙ্গস্পর্শাদিভিঃ শ্রীকৃষ্ণো মাং সুখয়ত্বিতি সূক্ষ্মো মানসো ব্যাপারঃ কেষাঞ্চিদ্যোনাস্ত্যেব তত্র শ্রীকৃষ্ণো জানাত্যেব যন্তেন্দ্রিয়ং নিমথিতুং কুহকৈর্নশেকুরিতি শ্রীশুকবাক্যান্যথানুপপত্ত্যৈব ব্যাখ্যায়ত ইতি অধ্যাসিতঃ অনুশীলিতঃ

অথ নির্ব্বেদ (আত্মধিক্কার)

সুগহৎ আর্ত্তিহেতু নির্ব্বেদ যথা—বিদগ্ধমাধবে।

নির্ব্বেদবতী শ্রীরাধা শ্রীকৃষ্ণ সমীপ হইতে আগতা সখীর বদন মলিন দেখিয়া শ্রীকৃষ্ণ শ্যামাকে উপেক্ষা করিয়া থাকিবেন মনে করত কহিলেন, সখি! যাঁহার ক্রোড়ে অবস্থান-সুখ প্রত্যাশা করিয়া গুরুজন-হইতে গুরুতর লজ্জা শিথিল করিয়াছি, প্রাণ অপেক্ষাও প্রিয়তম যে তোমরা সখীজন, তোমাদিগকেও বহু ক্লেশ ভোগ করাইলাম, তথা

বিপ্রয়োগেণ যথোদ্ধবসন্দেশে॥

ন ক্ষোদীয়ানপি সখি মম প্রেমগন্ধো মুকুন্দে
ক্রন্দন্তীং মাং নিজসুভগতাখ্যাপনায় প্রতীহি।
খেলদ্বংশীবলয়িনমনালোক্য তং বক্ত্রবিম্বং
ধ্বস্তালম্ব যদহমহহ প্রাণকীটং বিভর্ম্মি। ৫॥

ঈর্ষয়া যথা—

নাত্মানমাক্ষিপ ত্বং ম্লায়দ্বদনা গভীরগরিমাণং।

আনন্দচন্দ্রিকা টীকা

প্রে ষিতভর্ত্তৃকা শ্রীরাধা ললিতামাহ ন ক্ষোদীয়ানিতি নিজসুভগতাখ্যাপনায় তস্যাহং সর্ব্বতোঽপ্যাধিক্যেন প্রেমপাত্রী পূর্ব্বম সং ইতি লোকে জ্ঞাপনায় খেলন্তী রাগ-স্বর-তাল-মূর্চ্ছনাদিবৈচিত্র্যা বিলসন্তী যা বংশী তদ্ধ্বনি মাদমণ্ডলী সৈব বলয়স্তদযুক্তং প্রাণ এব কীটস্তং নিরন্তরং মাং দশন্তমপি বিভর্ম্মি ধারয়ামি পালয়ামি চ ৫

শ্রীরাধায়াঃ সৌভাগ্যসম্পত্তিং সর্ব্বত্র বিখ্যাতাং বিলোক্য তামসহমানা ধিঙ্মামিত্যাত্মানমধিক্ষিপন্তীং চন্দ্রাবলীং সান্ত্বয়ন্তী পদ্মা প্রাহ নেতি গভীরো গরিমা অর্থাৎ শ্রীকৃষ্ণ-

---

সাধ্বীগণ কর্ত্তৃক অনুশীলিত যে সকল মহৎ ধর্ম্ম তাহাও গণ্য করিলাম না, অতএব হে সহচরি! আমার ধৈর্য্যের প্রতি ধিক্, ঐ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক উপেক্ষিত হইয়া এই পাপীয়সী এযাবৎ জীবিত রহিয়াছে।

বিপ্রিয়হেতু নির্ব্বেদ যথা—উদ্ধবসন্দেশে।

প্রোষিতভর্ত্তৃকা শ্রীরাধা ললিতাকে কহিলেন, সখি! মুকুন্দের প্রতি আমার প্রেমগন্ধ কিঞ্চিন্মাত্রও নাই, তবে যে আমি তাঁহার নিমিত্ত রোদন করি, এ কেবল আমার সুভগতাখ্যাপনমাত্র, যেহেতু খেলদ্বংশীযুক্ত মুকুন্দমুখমণ্ডল অবলোকন না করিয়াই এই প্রাণকীট ধারণ করিতেছি? ॥ ৫।

ঈর্ষাহেতু যথা—

শ্রীরাধার সৌভাগ্যসম্পত্তি সর্ব্বত্র বিখ্যাত দেখিয়া তাহাতে অসহিষ্ণুতা প্রকাশ পূর্ব্বক চন্দ্রাবলী আপনাতে আক্ষেপ করিতেছিলেন; পদ্মা অবলোকন করিয়া সান্ত্বনা পূর্ব্বক কহিলেন, সখি! তুমি গ্লানি-

সখি নান্তরং ক্ষিতৌ কশ্চন্দ্রাবলিতারয়োর্বেত্তি ৬ ॥

অথ বিষাদঃ।

স ইষ্টানবাপ্তিতো যথা—বিদগ্ধমাধবে ॥

গীতং ন বাগমৃতমদ্য হরেরশঙ্কং
ন্যস্তং মায়াস্য বদনে ন দৃগঞ্চলঞ্চ
রম্যে চিরাদবসরে সখি লব্ধমাত্রে
হা দুর্ব্বিধির্বিরুরুধে জরতীচ্ছলেন ৭।

লোচনরোচনী টীকা।

তারাশব্দেনাত্র শ্রীরাধা দ্যোতিতা ॥ ৬ ॥

বিষাদোঽনুতাপঃ ॥ ৭।

আনন্দচন্দ্রিকা টীকা।

দত্তো যস্য তং নন্থ মত্তঃ সকাশাদপি তস্যাঃ খ্যাতিরধিকা শ্রূয়ত ইতি চেৎ সত্যং খ্যাতি-রিয়মলিটৈব ত্বৎপ্রতিপক্ষজনখ্যাপিতেতি প্রতীহি যতঃ সখীত্যাদি ত্বং চন্দ্রাবলিঃ রাধা তারৈব রাধাবিশাখেত্যভিধানাৎ ৬।

বিষাদঃ পশ্চাত্তাপঃ পূর্ব্বরাগবতী শ্রীরাধা জটিলায়া অন্তি নিশাখাং প্রতি নীচৈরাহ গীতমিতি। জরতী জটিলাভিধা শ্বশ্রূঃ ৭।

বদনা হইয়া গভীর-গরিমাশালী আপনাকে তিরস্কার করিও না, চন্দ্রাবলী ও তারকার যে অন্তর পৃথ্বীতলে কে না তাহা বিদিত অছে?। উক্ত উদাহরণে চন্দ্রাবলী শব্দে চন্দ্রশ্রেণী এবং তন্নাম্নী যূথেশ্বরী, তারকা শব্দে নক্ষত্র এবং শ্রীরাধা। ৬ ॥

অথ বিষাদ (পশ্চাত্তাপ)।

ইষ্ট বস্তুর অপ্রাপ্তিহেতু বিষাদ যথা—বিদগ্ধমাধবে ॥

পূর্ব্বরাগবতী শ্রীরাধা জটিলা-সন্নিধানে অবস্থিতি করত ধীরে ধীরে বিশাখাকে কহিলেন, সখি! অদ্য নিঃশঙ্কে শ্রীহরির বচনামৃত পান অথবা তদীয় বদনকমলে দৃগঞ্চল নিক্ষেপ ইত্যাদি কিছুই যে করিতে পারিলাম না, হা কষ্ট! চিরদিনের পর এই মনোহর অবসরমাত্র লাভ হইলেও, এই হতবিধি জরতী-চ্ছলে আমাকে রোধ করিল! ৭ ॥

যথাবা শ্রীদশমে ॥

অক্ষণ্বতাং ফলমিদং ন পরং বিদামঃ
সখ্যঃ পশূননুবিবেশয়তোর্ব্বয়স্যৈঃ।
বক্ত্রং ব্রজেশসুতয়োরনুবেণুজুষ্টং
যৈর্ব্বা নিপীতমনুরক্তকটাক্ষমোক্ষং ।

লোচনরোচনী টীকা।

বয়স্যৈঃ সহ পশূননুবিবেশয়তোর্বনাদ্বনং প্রবেশয়তোর্ব্রজেশসুতয়োঃ শ্রীরামকৃষ্ণয়োর্বিষয়য়োরনুপশ্চাদ্বেণুজুষ্টং যদ্বক্ত্রং তৎ যৈর্নিপীতং, তেষাং তদ্রূপং যৎ ফলং তদিদমেব অক্ষণ্বতাং চক্ষুষ্মতাং ফলং পরন্তু ন বিদামঃ ন বিদ্মঃ তস্মাত্তদপশ্যন্তীনামস্মাকং ব্যর্থমেব চক্ষুষ্মত্বমিতি ভাবঃ ॥ ৮

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধায়াং কাদাচিৎকং বিষাদমুদাহৃত্য সর্ব্বাসু প্রতিদিনমপি পৌর্ব্বাহ্নিকং বিষাদমুদাহর্ত্তুমাহ যথাবেতি ব্রজসুন্দর্য্যঃ পরস্পরমাহুঃ অক্ষণ্বতাং চক্ষুষ্মতাং জনানামিদমেব ফলং ইতঃ পরমন্যৎ ফলং ন বিদ মঃ কিন্তু তে ফলমিত্যত আহুঃ বয়স্যৈঃ সহ পশূননুবিবেশয়তোর্বনাদ্বনং প্রবেশয়তোর্ব্রজেশসুতয়োর্মধ্যে যদনুকূলেন বেণুনা জুষ্টং বক্ত্রং শ্রীকৃষ্ণমুখমিত্যর্থঃ তৎ যৈর্নিপীতঞ্চক্ষুষা আস্বাদিতং অনুরক্তেষু জনেষু কটাক্ষমোক্ষো যস্য তৎ অনুরক্তানাং বা অপাঙ্গপ্রেরণং যস্মিন্ তৎ তেন কুলধর্ম্মলজ্জাভয়াদিভ্যো জলাঞ্জলিং দত্ত্বা বয়মেতাবন্তং কালমপি কথং তত্র নাগচ্ছাম ইতি পশ্চাত্তাপধ্বনিঃ হে সখ্যো মিথোঽনুজানীত সম্প্রত্যপি তত্রানুসৃত্য তন্মাধুর্য্যস্য কমপ্যংশং লব্ধং যতেমহীত্যনুধ্বনিঃ

যথাবা শ্রীদশমে ২১ অধ্যায়ে ৭ শ্লোকে।

শ্রীরাধার বিষাদ উদাহরণ করিয়া সমস্ত ব্রজদেবীর পৌর্ব্বাহ্নিক-বিষাদ উদাহরণ করিবার নিমিত্ত কহিলেন ॥

ব্রজসুন্দরী সকল পরস্পর কহিলেন, হে সখীগণ! চক্ষুষ্মান্ ব্যক্তিদিগের প্রিয় দর্শনই চক্ষুর ফল, তদ্ব্যতীত যে অন্য ফল আছে, আমাদের বুদ্ধিতে এমত উদয়ই হয় না, পরন্তু যে সকল ব্যক্তি বয়স্যগণ সমভিব্যাহারে পশুসহ বন-প্রবেশকারি ব্রজেশতনয় রামকৃষ্ণেরই বদনারবিন্দ পান করিতেছে, যাহাতে নিরন্তর বেণু সংলগ্ন রহিয়াছে

প্রারব্ধকার্য্যাসিদ্ধের্যথা—শ্রীগীতগোবিন্দে।

গণয়তি গুণগ্রামং ভামং ভ্রমাদপি নেহতে
বহতি চ পরিতোষং দোষং বিমুঞ্চতি দূরতঃ।
যুবতিষু বলাতৃষ্ণে কৃষ্ণে বিহারিণি মাং বিনা,
পুনরপি মনোবামং কামং করোতি করোমি কিং।

আনন্দচন্দ্রিকা টীকা

কলহান্তরিত শ্রীরাধ ললিতামাহ গণয়তীতি মম মনঃ কর্তৃ শ্রীকৃষ্ণে কামমভিলাষং কুর্ব্বদপি মনো মম নিকঙ্কমেবাসীদিতি ভাবঃ করোমি কিমিত্যধুনাতু ময়া নিরোদ্ধুমশক্য-মেবেতি ভাবঃ যতো বামং মৎপ্রাতিকূল্যে এব তিষ্ঠতীতি ভাবঃ প্রাতিকূল্যস্থিতি-মেবাহ মাং বিনা বিহারিণ্যপি সতি শ্রীকৃষ্ণে গুণানাং গ্রামং গণয়তি ন চৈকত্বাদ্বচনগুণান্। ভামং কোপং একমপি ভ্রমাদপি ন ঈহতে সাক্ষাৎপ্রত্যক্ষেঽপি দোষাণাং গ্রামে সত্যপি প্রত্যুত পরিতোষং বহতি কিঞ্চ যদি তেষু দোষেষু কোঽপ্যনপলপনীয়ো মহান্ দোষোঽভিস্পষ্টতয়া প্রত্যক্ষী ভবতি তমপি দূরত এব মুঞ্চতি যথা নিকটমায়াতুং ন শকোতীতি ভাবঃ তমেব দোষমাহ যুবতিষু বলাতৃষ্ণ ইতি তেন মানসহং শ্রীকৃষ্ণে কস্মাদ করবমিতি পশ্চাত্তাপধ্বনিঃ ত্বয়াপি মানশাস্ত্রং অতঃপরং নাহমধ্যাপনীয়েতামুধ্বনিঃ।

এবং যাহা হইতে স্নিগ্ধকটাক্ষ নিক্ষিপ্ত হয়, তাহাদেরই সেই ফল অনুভূত হয়, তদ্ভিন্ন অন্য কোন জন তাহার আস্বাদ প্রাপ্ত হয় ন

প্রারব্ধকার্য্যের অসিদ্ধিহেতু বিষাদ যথা—শ্রীগীতগোবিন্দে।

কলহান্তরিতা শ্রীরাধা ললিতাকে কহিলেন, সখি! আমার মন শ্রীকৃষ্ণের গুণকেই গণনা করিতেছে, ভ্রমেও কোপ প্রকাশ করিতে ইচ্ছা করে না, শ্রীকৃষ্ণের দোষ সকল দূরে ত্যাগ করিয়া কেবল পরি-তোষই বহন করিতেছে অপর আমাকে পরিত্যাগ করিয়া শ্রীকৃষ্ণ অতিশয় তৃষ্ণাকুল হইয়া যুবতি সকলের সহিত বিহার করিতেছেন, জানিয়াও ঐ কুটিল মন নিরন্তরই তাঁহার প্রতি অভিলাষ করিতেছে, অতএব হে সখি! অতঃপর তুমি আমাকে আর কামশাস্ত্র অধ্যয়ন করাইও না॥

বিপত্তিতো যথা—ললিতমাধবে॥

নিপীতা ন স্বৈরং শ্রুতিপুটিকয়া নর্ম্মভণিতি-
র্ন দৃষ্টা নিঃশঙ্কং সুমুখি মুখপঙ্কেরুহরুচঃ।
হরের্বক্ষঃপীঠং ন কিল ঘনগাঢ়ঙ্গিতভূ-
দিতি ধ্যায়ং ধ্যায়ং স্ফুটতি লুঠদন্তর্মম মনঃ ৮।

অপরাধাদ্বথা—

হরের্বচঃ সূনৃতে ন নিহিত শ্রুতির্ব্বা ময়া
তথা দৃগপি নার্পিতা প্রণতিভাঞ্জি তস্মিন্ পুরঃ।
হিতোক্তিরপি ধিক্কৃতা প্রিয়সখী মুহুস্তেন মে
জ্বলত্যহহ মুর্ম্মুরজ্বলনজালরুদ্ধং মনঃ ৯।

লোচনরোচনী টীকা

মুর্ম্মুরজ্বলনস্তম্বাগ্নিঃ　দাবাগ্ন্যাদিবদেষাং শব্দানাং পৃথক্ পৃথগপি প্রযোগঃ ৯

আনন্দচন্দ্রিকা টীকা

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা বিলপতি নিপীতেতি　অত্রানুরাগেণ স্থায়িনা নর্ম্মভণিতাদীনি মুহুরনুভূতান্যপ্যনুভূতান্যেব ক্রিয়ন্ত ইতি তথোক্তিঃ　অন্তর্মর্ম্মান্তঃকরণে লুঠৎ সৎ মনঃ স্ফুটতি ৮।

কলহান্তরিতা শ্রীরাধা বিলপতি হরেরিতি　সূনৃতে সত্যপ্রিয়ে বাগয়া ক্রূরয়া হিতোক্তি-র্হিতোপদেশবাক্যং মুর্ম্মুরজ্বলনস্তম্বাগ্নিঃ ৯॥

বিপত্তিহেতু বিষাদ যথা—ললিতমাধবে।

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা বিলাপ করিতে করিতে কহিলেন, হে সুমুখি! আমি শ্রীকৃষ্ণের নর্ম্মবাক্য শ্রুতিপুটে পান করি নাই, নিঃশঙ্কে তদীয় মুখকমলের প্রতি দৃষ্টিপাত করি নাই এবং তাঁহার বিশাল-বক্ষে গাঢ়রূপে আলিঙ্গিতা হইতে পারি নাই, অতএব এই সকল চিন্তা করিয়া আমার মন লুঠিত হইয়া স্ফুটিত হইতেছে॥ ৮॥

অপরাধহেতু বিষাদ যথা—

কলহান্তরিতা শ্রীরাধা বিলাপ পূর্ব্বক কহিলেন, সখি! আমি কুটিলবুদ্ধি হইয়া হরির সুমধুর বচনে কর্ণপাত করি নাই, তিনি আমার অগ্রে প্রণত হইয়াছিলেন, তাহাতেও তাঁহার প্রতি একবারও দৃক্-পাত করিলাম না এবং হিতবাক্যরূপা প্রিয়সখীকে মুহুর্মুহুঃ ধিকার

অথ দৈন্যং। ১০ ॥[1]

তদ্দুঃখেন যথা—বিল্বমঙ্গলে।

অয়ি মুরলি মুকুন্দস্মেরবক্ত্রারবিন্দ-
শ্বসনরসরসজ্ঞে ত্বাং নমস্কৃত্য যাচে।
মধুনমধরবিম্বং প্রাপ্তবত্যাং ভবত্যাং
কথয় রহসি কর্ণে মদ্দশাং নন্দসূনোঃ।

যথাবা শ্রীদশমে।

তন্নঃ প্রসীদ বৃজিনার্দ্দন তেঽঙ্ঘ্রিমূলং
প্রাপ্তা বিসৃজ্য বসতীস্ত্বদুপাসনাশাঃ।

লোচনরোচনী টীকা

দৈন্যং চাত্মনিকৃষ্টতামননেন চাটুঃ ১০

পূর্ব্বেণ রসশব্দেন মাধুর্য্যমুচ্যতে দ্বিতীয়েনত্বাস্বাদঃ ১১

আনন্দচন্দ্রিক টীকা।

দৈন্যমাত্মনিকৃষ্টতামননং ১০

বিল্বমঙ্গলাভিধো ভক্তো ব্রজবালাভাবভাবিতান্তঃকরণঃ প্রার্থয়তে অয়ীতি শ্বসনরসঃ ফুৎকারানিলমাধুর্য্যং তস্য রসজ্ঞে আস্বাদবিদ্ভবি মম দশাং তৎপ্রাপ্ত্যুৎকণ্ঠানলদহ্যমানত্বং।

সাধকভক্তস্য দৈন্যমুদাহৃত্য সিদ্ধানামপি তমুদাহর্ত্তুমাহ যথাবেতি রাসারম্ভে শ্রীকৃষ্ণস্য

করিয়াছি এ কারণ, হে সখি! এই সকল কারণেই আমার মন তুষানলে অবরুদ্ধ হইয়া দগ্ধ হইতেছে ৯।

অথ দৈন্য। ১০।

দুঃখনিমিত্ত দৈন্য যথা—বিল্বমঙ্গলে।

বিল্বমঙ্গল নামক কোন এক ভক্ত ব্রজবালাভাবে ভাবিতান্তকরণ হইয়া কহিলেন, অয়ি মুরলি! তুমি মুকুন্দমুখারবিন্দের ফুৎকার-রসের রসজ্ঞা, একারণ প্রণাম পূর্ব্বক প্রার্থনা করি, তুমি যখন নন্দ-তনয়ের মধুর অধরবিম্ব প্রাপ্ত হইবা, তখন যেন আমার এই দশা তাঁহার কর্ণগোচর করিও

সাধকভক্তের উদাহরণ করণানন্তর সিদ্ধজনেরও ঐ প্রকার উদাহরণ জন্য কহিলেন যথা।

রাসারম্ভে শ্রীকৃষ্ণের ঔদাসিন্য-ব্যঞ্জক-বাক্যে ব্যাকুল ব্রজাঙ্গনাগণ

ত্বৎসুন্দরস্মিতনিরীক্ষণতীব্রকাম-
তপ্তাত্মনাং পুরুষভূষণ দেহি দাস্যং ॥

ত্রাসেন যথা—

অপি করধৃতিভির্ময়াপনুন্নো মুখময়মঞ্চতি চঞ্চলোদ্বিরেফঃ।
অঘদমন ময়ি প্রসীদ বন্দে কুরু করুণামবরুন্ধি দুষ্টমেনং ॥১১

অপরাধেন যথা—

আলি তথ্যমপরাদ্ধমেব তে দুষ্টমানফণিদষ্টয়া ময়া।

লোচনরোচনী টীকা।

তে তব সম্বন্ধে ত্বয়ীত্যর্থঃ অপরাদ্ধমিতি তব বচনানবধানেনেতি গম্যতে। তত্র হেতু-র্দুষ্টেতি ১২

আনন্দচন্দ্রিকা টীকা

ঔদাসীন্যব্যঞ্জকবাক্যেন ব্যাকুলাঃ সচাটু গোপ্য আহুঃ তব ইতি।

বনবিহারে শ্রীরাধা কৃষ্ণাংহ অপীতি করধৃতিভিঃ করচালনৈঃ অপনুন্নঃ নিরস্তোঽপি ১১

শ্রীকৃষ্ণপ্রণামসময়ে মথি বাধে ত্বৎপ্রাংকোটেরধিকস্য কান্তস্যাস্য সকৃদপ্যপরাধং

চাটুবচন প্রয়োগ পূর্ব্বক শ্রীকৃষ্ণকে কহিলেন, হে দুঃখনাশন! আমাদের প্রতি প্রসন্ন হও, আমরা তোমার উপাসনা করিব, এই আশা করিয়া গৃহ পরিত্যাগ করত যোগিদিগের ন্যায় তোমার পাদমূল প্রাপ্ত হইয়াছি, হে পুরুষরত্ন! তোমার সুন্দর-হাস্য-নিরীক্ষণ দ্বারা যে তীব্রকাম জন্মিয়াছে, তাহাতে আমাদের চিত্ত দগ্ধ হইতেছে, অতএব আমাদিগকে দাস্য প্রদান কর ॥

ত্রাসহেতু দৈন্য যথা—

বনবিহারকালীন শ্রীরাধা কহিলেন, হে অঘনাশন! আমি করকম্পন দ্বারা এই চঞ্চল মধুকরকে নিরস্ত করিলেও, এ আমার মুখে আসিয়া পড়িতেছে, কোন ক্রমে নিবারণ মানিতেছে ন, অতএব তুমি আমার প্রতি প্রসন্ন হও, আমি তোমার চরণে প্রণাম করি, করুণা প্রকাশপুরঃসর এই দুষ্ট মধুকরকে অবরোধ কর? ১১ ॥

অপরাধহেতু দৈন্য যথা—

এক দিবস শ্রীরাধা মানিনী হইলে শ্রীকৃষ্ণ গিয়া তদীয় চরণে প্রণাম

পিঞ্ছমৌলিরধুনানুনীয়তাং মামকীনমনবেক্ষ্য দূষণং ॥ ১২ ॥

অথ গ্লানিঃ ॥ ১৩ ।

সা শ্রমেণ যথা—

ব্যাত্যক্ষীমঘমথনেন পঙ্কজাক্ষী
কুর্ব্বাণা কিমপি সখীষু সস্মিতাসু ।

লোচনরোচনী টীকা।

গ্লানির্নির্ব্বলতা ১৩
ব্যাত্যক্ষীমন্যোন্যসেচনং ১৪

আনন্দচন্দ্রিকা টীকা।

ক্ষমস্বেত্যুক্তবত্যহং দুর্বুদ্ধে বিশাখে মদন্তিকাদিতো দূরীভবেত্যাক্ষিপ্য তদানীং ত্বয়াহং দূরীকৃতা অভূবং সম্প্রতি স্বয়মেব মন্নিকটং কথমায়াসীতি বদন্তীং বিশাখাং শ্রীরাধা প্রাহ আলীতি। তে তুভ্যং মানফণীতি নহি সর্পদষ্টো জনস্তদ্বিষোন্মাদিতঃ প্রলপন্ বন্ধুজনেনোপলোভ্যত ইতি ভাবঃ নন্থ শ্রীকৃষ্ণস্ত্বয়ি বিমুখো বর্ত্ততে ইত্যত আহ পিঞ্ছেতি ১২
গ্লানির্নির্ব্বলতা ১৩
বৃন্দা পৌর্ণমাসীমাহ ব্যাত্যক্ষীং পরস্পরজলসেকং সস্মিতাস্বিতি সখীরাক্ষিপ্য স্বয়মেব

করিতেছিলেন, এমত সময়ে বিশাখা শ্রীরাধাকে কহিলেন, সখি! এই কান্ত তোমার কোটি-প্রাণ অপেক্ষাও অধিক, ইনি একবারমাত্র অপরাধ করিয়াছেন, অতএব ক্ষমা কর, এই কথা কহিলে, তুমি আমাকে কহিয়াছিলে "অয়ি দুর্ব্বুদ্ধি বিশাখে। তুমি আমার নিকট হইতে দূরীভূত হইয়া যাও" এই প্রকার তিরস্কার পূর্ব্বক আমাকে দূরীকৃতা করিয়াছিলে, এখন কেন আবার স্বয়ং আমার নিকট আসিতেছ, ইত্যাদি উক্তিকারিণী বিশাখাকে শ্রীরাধা কহিলেন, সখি! যদিচ আমার অপরাধ যথার্থই হইল, তথাপি এ বিষয়ে আমার কোন দোষ নাই, তৎকালীন দুষ্ট মানফণী আমাকে দংশন করিয়াছিল, সে যাহা হউক, হে সুন্দরি! তুমি আমার দোষের প্রতি দৃষ্টিপাত না করিয়া শিখিপিঞ্ছমৌলিকে এরূপ অনুনয় কর যে, তিনি যেন আমার প্রতি বিমুখ না হন। ১২ ॥

অথ গ্লানি (নির্ব্বলতা)। ১৩ ॥

শ্রমহেতু-গ্লানি যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! শ্রীকৃষ্ণ যমুনাজলে সখীগণ-

ক্ষামাঙ্গী মণিবলয়ং স্খলৎকরান্তাৎ
কালিন্দীপয়সি রুরোধ নাদ্য রাধা । ১৪ ।

আধিনা যথা—হংসদূতে ।

প্রতীকারারম্ভশ্লথমতিভিরুদ্যৎপরিণতে-
র্বিমুক্তায়া ব্যক্তস্মরকদনভাজঃ পরিজনৈঃ ।

লোচনরোচনী টীকা

কুবলয়দৃশঃ শ্রীরাধায়াঃ প্রাণান্ কেবলমসৌ ভবদাশ সহচরী বলাদদ্যাহরতি কীদৃশ্যাঃ ব্যক্তস্মরকদনভাজঃ স্মরোহত্র প্রেমবিশেষঃ তৎস্মরণং পুনঃ কীদৃশ্যাঃ পরিজনৈ-র্বিমুক্তায়াঃ । কীদৃশৈস্তৈঃ প্রতীকারারম্ভশ্লথমতিভিঃ কুতস্তাদৃশতা তেষাং ইত্যাশঙ্ক্য তাদৃ-

আনন্দচন্দ্রিকা টীকা

দ্বন্দ্বযুদ্ধে প্রবৃত্তা অথচ তদপারয়ন্তীমহঙ্কারমত্রাবশিষ্টাং তাং বিলোক্য ইত্যর্থঃ । করান্তাৎ হস্তাগ্রতঃ স্খলজ্জলপতদপি ন রুরোধ রোদ্ধুং নাশকদিত্যর্থঃ তত্র হেতুঃ ক্ষামাঙ্গীতি ১৪।

ললিতাহং সম্প্রতি বদন্তী শ্রীকৃষ্ণং সন্দিশতি প্রতীতি । কুবলয়দৃশঃ শ্রীরাধায়াঃ প্রাণান্ ভবদাশৈব সহচরী কেবলং বলাদেব অবতি দেহান্নিঃসর্ত্তুং ন দদাতীতি প্রাণেভ্যোঽপি তস্যাঃ প্রাবল্যমুক্তং কীদৃশ্যা ব্যক্তঃ সর্ব্বগোচরীভূতঃ স্মরস্তদ্বিষয়কঃ প্রেমা প্রেমৈব গোপ-রামাণাং কাম ইত্যগমৎ প্রথা ইত্যুক্তেঃ তেনৈব যৎকদনং পরিণামতুং শক্যমিতি পুন-র্বিশিনষ্টি উদ্যন্তী পরিণতিরন্তিমাবস্থা যস্যাস্তাদৃশ্যাঃ । অতএব পরিজনৈরেবম্বিধৈরিয়ং ন জীবিষ্যতীতি নিশ্চয়েন তৎকদনস্য প্রতীকারারম্ভে শ্লথমতিভিঃ সদ্ভির্বিমুক্তায়াঃ ভূমি-

---

গৃহ জলকেলি করিতেছিলেন, তাহাতে কোন সখীই শ্রীকৃষ্ণের সহিত জলসেচনে সমর্থ হইলেন না, তাহা দেখিয়া শ্রীরাধা সখীবৃন্দকে তিরস্কার করত স্বয়ংই শ্রীকৃষ্ণের সহিত জলসেচনে প্রবৃত্ত হইলেন, কিন্তু তাহাতে শ্রীরাধার এরূপ গ্লানি উপস্থিত হইল যে, শরীরের বৈবশ্য-নিবন্ধন করকমল হইতে মণিবলয় সকল স্খলিত হইয়া যমুনাজলে পড়িতে লাগিল, অবরোধ করিতে সমর্থ হইলেন না । ১৪ ॥

মনঃপীড়াহেতু গ্লানি যথা—হংসদূতে ॥

ললিতা হংসকে দূতকল্পনা করিয়া কহিলেন, অহে খগশ্রেষ্ঠ ! তুমি মথুরাস্থ শ্রীকৃষ্ণকে এই একটী কথা বলিও যে, কুবলয়াক্ষী রাধা অতিশয় মদনপীড়ায় দশমদশা লাভ করিয়াছেন, তিনি আর জীবিতা

অমুঞ্চন্তী সঙ্গং কুবলয়দৃশঃ কেবলমসৌ
বলাদদ্য প্রাণানবতি ভবদাশা সহচরী ॥

রতেন যথা—শ্রীগীতগোবিন্দে।

মারাঙ্কে রতিকেলিসঙ্কুলরণারম্ভে তয়া সাহস-
প্রায়ং কান্তজয়ায় কিঞ্চিদুপরি প্রারম্ভি যৎ সম্ভ্রমাৎ।

লোচনরোচনী টীকা।

গরস্থাবিশেষমেব তত্র হেতুমাহ উদ্যতী উদয়মানা পরিণতিরন্তিমাবস্থা যস্যাস্তাদৃশ্যাঃ। অহো আশাসহচরী কীদৃশী তত্রাহ সঙ্গমমুঞ্চন্তীতি। তদেবং ললিতা স্বালীনিন্দিত্বা তামাশামেব স্তবতী তস্যাস্তবাধিরাঢ়ং পালনং ন ভবতা ত্যাজ্যমিতি ব্যঞ্জয়তি। অত্র চ বলাদদ্যাহ্বতীতি বলন্তু তস্যাঃ স্বঃস্থাতা ন বেতি বিতর্ক্য তৎ পর্য্যন্তমপি বিলম্বং মাকার্ষীরিতি ভাবঃ॥ ১৫

আনন্দচন্দ্রিকা টীকা

শয্যায়াং শয়িতায়া ইত্যর্থঃ কিঞ্চ আশৈব অসাধ্যেঽপি গরে স্বসামর্থ্যেন চিকিৎসিতুং প্রবৃত্তেত্যাহ অমুঞ্চন্তী সঙ্গমিতি তেন ত্বৎপ্রেয়সী সা আশা সহচর্য্যেব জীবয়ন্তী সম্প্রতি বর্ত্ততে সাচাবধিদিবসাৎ পরদিনে ন স্থাস্যতীতি ভবতা ন জ্ঞায়ত এব ইতি এতন্মধ্যে শীঘ্রমাগন্তব্যমিতি ধ্বনিঃ

সখ্যঃ পরস্পরং শ্রীরাধাকৃষ্ণয়ো রহস্যলীলামাস্বাদয়ন্তি মারঃ কন্দর্পঃ শ্লেষেণ প্রহারঃ মারাঙ্কশ্চিহ্নং যত্র তস্মিন্ রতিকেলিভিঃ সঙ্কুলে ব্যাপ্তো যো রণস্তস্যারম্ভে তয়া শ্রীরাধয়া যদ্যস্মাৎ কিঞ্চিদুপরীতি রহস্যং ১৫ ১৬

থাকিবেন না বলিয়া সখীগণ তৎপ্রতিকারের চেষ্টা একেবারেই পরিত্যাগ করিয়াছে, কিন্তু হে কৃষ্ণ! তোমার আশারূপা সহচরী ঐ শ্রীরাধাকে কোন ক্রমেই ত্যাগ করিতেছে না, অধিকন্তু নিঃসৃতপ্রায় প্রাণ সকলকে বলপূর্ব্বক রক্ষা করিতেছে, অতএব তুমি বিলম্ব না করিয়া শীঘ্র বৃন্দাবনে গমন কর॥

রতিহেতু গ্লানি যথা—গীতগোবিন্দে॥

সখী-সকল পরস্পর শ্রীরাধাকৃষ্ণের রহস্য-লীলা আস্বাদন পূর্ব্বক কহিলেন, সখি! কন্দর্পচিহ্নিত রতিকেলি-সঙ্কুল-সমরারম্ভে শ্রীরাধা-প্রায় সাহস পূর্ব্বক কান্তকে জয় করিতে ইচ্ছা করিয়া সম্ভ্রমবশতঃ যাহা

নিষ্পন্দা জঘনস্থলী-শিথিলিতা দোর্ব্বল্লিরুৎকম্পিতং
বক্ষোমীলিতমক্ষিপৌরুষরসঃ স্ত্রীণাং কুতঃ সিদ্ধ্যতি ১৫ ।

অথ শ্রমঃ ১৬

সোঽধ্বনো যথা—পদ্যাবল্যাং.

দ্বিত্রৈঃ কেলিসরোরুহং ত্রিচতুরৈর্ধম্মিল্লমল্লীস্রজং
কণ্ঠান্মৌক্তিকমালিকাং তদনু চ ত্যক্ত্বা পদৈঃ পঞ্চভিঃ ।
কৃষ্ণ প্রেমবিঘূর্ণিতান্তরতয়া দূরাভিসারাতুরা
তন্বঙ্গী নিরুপায়মধ্বনি পরং শ্রোণীভরং নিন্দতি

লোচনরোচনী টীকা ।

শ্রমঃ ক্লেশঃ ১৬

দ্বিত্রৈরিতি কস্যাশ্চিদ্দূত্যাঃ শ্রীকৃষ্ণং প্রতি বচনং অত্র কৃষ্ণেতি সম্বোধনমেব । নিরুপায়ং প্রতীকারান্নিষ্ক্রান্তং দূরাভিসারে আতুরা সামর্থ্যরহিতা ১৭ ।

আনন্দচন্দ্রিকা টীকা

সখ্যঃ পরস্পরং শ্রীরাধাভিসারলীলামাস দয়ন্তি দ্বিত্রৈরিতি। দ্বৌ বা ত্রয়ো বেতি দ্বিত্রাণ্যৈঃ পদৈঃ পাদবিন্যাসৈঃ এবং তদন্বিতি সর্ব্বত্র যোজ্যং। অহো কেলিকলাদয়ো ভাবাঃ সর্ব্ব এব ত্যক্তাস্তদপ্যহং কথং শীঘ্রং চলিতুং ন শক্নোমীতি বিমৃশন্তী স্বশ্রোণীং দৃষ্ট্বা অহো অস্যা এব মহাভারেণ ইতি তং নিরুপায়ং দুস্ত্যজং নিন্দতি ধিক্ ত্বাং ত্বন্নির্ম্মাতারং বিধাতারঞ্চ নিগিতি যদি শ্রোণ্যা ভারো মে নাভবিষ্যত্তদা শীঘ্রমভ্যসবিষ্যমিতি মে নাস্তি দোষ ইতি ভাবঃ

কিছু আরম্ভ করিলেন, তাহাতে তাঁহার জঘনস্থল নিষ্পন্দ, বাহুলতার শিথিলতা, বক্ষের উৎকম্প ও নেত্রযুগের মুদ্রা উপস্থিত হইল, হায় ! স্ত্রীগণের পৌরুষ কেন সিদ্ধ হইবে ? ১৫

পথশ্রমনিমিত্ত গ্লানি যথা—পদ্যাবলীতে ॥ ১৬ ।

দূতী শ্রীকৃষ্ণের নিকট গিয়া কহিলেন, মাধব ! অদ্য শ্রীরাধা অভিসারার্থ যাত্রা করিয়া দুই তিন পদ গমন করিতে করিতেই কর-কমলের ক্রীড়াকমল দূরে নিক্ষেপ করিলেন, তিন চারি পদ আসিয়াই কেশবন্ধনের মল্লীদাম ফেলাইয়া দিলেন, তৎপরে পাঁচ ছয় পদ আগমন করত কণ্ঠ হইতে মৌক্তিকমালা অবতরণ করিলেন, অতএব বোধ হয়

নৃত্যাদ্যথা—

শিথিলগতিবিলাসাস্তত্র হল্লীশরঙ্গে
হরিভুজপরিঘাগ্র ন্যস্তহস্তারবিন্দাঃ।
শ্রমলুলিতললাটশ্লিষ্টলীলালকান্তাঃ
প্রতিপদগমনবদ্যাঃ সিষ্বিদু র্বেদিমধ্যাঃ॥ ১৭।

রতাদ্যথা—

অহহ ভুজয়োর্দ্বন্দ্বং মন্দং বভূব বিশাখিকে
সমজনি ঘনস্বেদশ্চেদং যুগং তব গণ্ডয়োঃ।

লোচনরোচনী টীকা

মন্দমপটুতা। প্রণয়তি করোতি ১৮

আনন্দচন্দ্রিকা টীকা

বৃন্দা পৌর্ণমাসীমাহ শিথিলেতি হল্লীশং রাসনৃত্যং শ্রমেণ লুলিতাঃ ন্যস্তাঃ ললাটে শ্লিষ্টাঃ প্রস্বেদবিন্দুশ্লিষ্টা লীলালকানাং কেলিসূচকচূর্ণকুন্তলানামন্তা অগ্রভাগা যাসাং তাঃ। বেদ্যা মধ্যমিব ক্ষীণং মধ্যং যাসাং তাঃ ১৭

শ্রীকৃষ্ণঃ সন্তুষ্টাং বিশাখামাহ অহহেতি মন্দমপটু মূঢাল্পাপটুর্নির্ভাগ্যা মন্দা ইতি

শরীরের কৃশতাহেতু শ্রীরাধা পথিমধ্যে নিষ্কম্পা হইয়া কেবল নিতম্বকেই নিন্দা করিতে লাগিলেন

নৃত্যহেতু শ্রম যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! অদ্য হল্লীশরঙ্গে (রাসবিষয়ক নৃত্যাতিশয়ে) অনিন্দিতা ক্ষীণাঙ্গীগণের গতিবিলাস স্খলিত হওয়াতে, তাঁহারা ক্লান্তা হইয়া হরির ভুজপরিঘে (স্কন্ধদেশে) হস্তপদ্ম বিন্যস্ত করিয়া রহিলেন এবং শ্রম বশতঃ প্রতিপদে স্বেদোদ্গমহেতু তাঁহাদের লীলালক অর্থাৎ কেলিসূচক চূর্ণকুন্তল সকলের অগ্রভাগ ললাটদেশে সংশ্লিষ্ট হইয়া রহিল। ১৭।

রতিহেতু শ্রম যথা—

রতিশ্রান্তা বিশাখাকে শ্রীকৃষ্ণ কহিলেন, হে বিশাখিকে! রতিশ্রমে স্বদীয় ভুজদ্বন্দ্ব শিথিল ও গণ্ডযুগে ঘর্ম্মবারি উদ্গমহেতু তোমার

ধৃতমধুরিমস্ফূর্ত্তির্মূর্ত্তিস্তথাপি বরাননে
প্রমদসুধয়াক্রান্তং স্বান্তং মম প্রণয়ত্যসৌ ১৮।

অথ মদঃ। ১৯॥

মধুপানজো যথা—

য ব্রিয়া হবিপুরো মুখমুদ্রাং ভঙ্ক্তুমধ্যবসসৌ ন কদাপি।
সা পপাঠ চটুলং মধু পীত্ব শারিকেব পশুপালকিশোরী ২০

অথ গর্ব্বঃ। স সৌভাগ্যেন যথা—

লোচনরোচনী টীকা।

মদো বিবেকহরোল্লাসঃ ১৯।

নাধ্যবসসৌ নাধ্যবসিতবতী নেষ্টবতীত্যর্থঃ ২০

গর্ব্বোঽন্যহেলনং ২১॥

আনন্দচন্দ্রিকা টীকা।

নানার্থবর্গাৎ মম স্বান্তং প্রমদসুধয়া আক্রান্তং প্রণয়তি করোতি। অত্রানুবাদবিধেয়য়োঃ পৌর্ব্বাপর্য্যাভাবোঽনুপ্রাসানুরোধাৎ সোঢ়ব্যঃ ১৮॥

মদো মধুপানোত্থ মত্ততা বিবেকশূন্যতা ১৯

কুন্দবল্লী নান্দীমুখীমাহ যেতি নাধ্যবসসৌ নেষ্টবতী অনঙ্গবিক্রিয়াভরজো মদস্তু প্রায়ঃ স্বাভিযোগ্য এব পর্য্যবস্যতীত্যত্র নোদ্দিষ্টঃ ২০॥

গর্ব্বোঽন্যহেলনং॥

এই মূর্ত্তি মাধুর্য্যের স্ফূর্ত্তি ধারণ করিয়া প্রমদাক্রান্ত মদীয় অন্তঃকরণকে সাতিশয় প্রীত করিতেছে ১৮

অথ মদ অর্থাৎ ভাবিজ্ঞাননাশক॥ ১৯।

মধুপানোত্থমত্ততা যথা—

কুন্দবল্লী নান্দীমুখীকে কহিলেন, দেবি! আশ্চর্য্য দেখ! লজ্জাবশতঃ যে রাধা কখন হরি-সমক্ষে মুখমুদ্রা ভঙ্গ করিতে, অর্থাৎ স্পষ্টাক্ষরে কথা কহিতে অধ্যবসায়ান্বিতা হইতেন, না, সেই পশুপালকিশোরী আজি মধুপান করিয়া শারিকার ন্যায় পাঠ করিতে প্রবৃত্তা হইলেন॥ ২০।

অথ গর্ব্ব অর্থাৎ অন্যের হেলন। সৌভাগ্যহেতু গর্ব্ব যথা—

মুঞ্চন্মিত্রকদম্বসঙ্গমভজন্মপ্যুৎসুকাঃ প্রেয়সী-
বেষ দ্বারি হরিস্ত্বদাননতটীন্যস্তেক্ষণস্তিষ্ঠতি।
যূথীভির্মকরাকৃতিঃ স্মিতমুখী ত্বং কুর্ব্বতী কুণ্ডলং
গণ্ডোদ্যৎপুলকা দৃশোঽপি ন কিমু ক্ষীবে ক্ষিপস্যঞ্চলং।

রূপেণ যথা—

চন্দ্রাবলীবদনচন্দ্রমরীচিপুঞ্জং
কঃ স্তোতুমপ্যতিপটুঃ ক্ষমতে ক্ষমায়াং।

আনন্দচন্দ্রিকা টীকা

বিশাখ কুঞ্জমন্দিরস্থাং শ্রীরাধাং প্রত্যাহ মুঞ্চন্নিতি অভজন্ নৈবেচ্ছন্নিত্যর্থঃ মকরাকৃতীতি কুণ্ডলমপি শ্রীকৃষ্ণার্থমেব করোষি তদপি দৃশোঽঞ্চলং ন ক্ষিপসি স্মিতমুখীতি হর্ষোত্থং স্মিতমপি বোদ্ধুং ন শক্নোষি তদপীতি পূর্ব্ববৎ উৎপুলকেতি পুলকা এব তবৌৎসুক্যং কথয়ন্তি তদপীতি পূর্ব্ববৎ। বিব্বোকোঽয়ং

কদাচিৎ সংসদি চন্দ্রাবলীসৌন্দর্য্যকৃতকটাক্ষায়াং ললিতায়াং পদ্মা সসংরম্ভমাহ চন্দ্রাবলীতি যেন মরীচিপুঞ্জেন

কুঞ্জগৃহস্থা শ্রীরাধাকে বিশাখা কহিলেন, সখি! মিত্র সকলের সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক এই হরি উৎসুক প্রেয়সীবর্গকে ত ভজনা করিতেছেন ন, কেবল ত্বদীয় আননতটে অক্ষি নিক্ষেপ করত তোমারই দ্বারে অবস্থিত রহিয়াছেন, কি আশ্চর্য্য! তুমি কি না এখন হাস্যবদনে ফুল্লগণ্ড হইয় যূথিকাপুষ্প দ্বারা মকরাকৃতি কুণ্ডলই নির্ম্মাণ করিতেছ, অতএব হে ক্ষীবে! এই হরির প্রতি তুমি একবারও নয়নাঞ্চল নিক্ষেপ করিতেঁছ না?

রূপহেতু গর্ব্ব যথা—

কদাচিৎ গোপী-সভায় চন্দ্রাবলীর রূপের প্রতি ললিতা কটাক্ষ করিতে লাগিলে, চন্দ্রাবলীর সখী পদ্মা অসহিষ্ণুতা প্রকাশ পূর্ব্বক কহিলেন, ললিতে! এই পৃথ্বীতলে এমত কোন্ ব্যক্তি পটু আছে যে, চন্দ্রাবলীর বদন চন্দ্রের চন্দ্রিকা সকলের স্তব করিতে সক্ষম হয়, যেহেতু

যেনাদ্য পিঞ্ছমুকুটোঽপি নিকেতবাট-
প্রান্তস্থকাননকুটীচরঃ কৃতোঽয়ং।
যথা বা বিদগ্ধমাধবে।
সহচরি বৃষভানুজয়া প্রাদুর্ভবে বরস্ত্রিমে পগতে।
চন্দ্রাবলীশতান্যপি ভবন্তি নির্ধূতকান্তীনি। ২১।
গুণেন যথ —
রময়ন্ত তাবদমলৈর্ধ্বনিভির্গোপীকপোতিকাঃ কৃষ্ণং।

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধিকায়ামুদাহর্ত্তুমাহ যথাবেতি

তাং পদ্মোক্তিমাকর্ণ্য ললিতা সাটোপমাহ সহেতি　বৃষভানুজয়া জ্যৈষ্ঠমাসীয়-সূর্য্যো-
ত্থয়া বরস্ত্রিয়া শ্রেষ্ঠকান্ত্যা কর্ত্র্যা প্রাদুর্ভাবে উপগতে প্রাপ্তে সতি চন্দ্রশ্রেণী শতান্যপীত্যাদি।
পক্ষে বৃষভানুজয়া শ্রীরাধয়া　কীদৃশ্যা বরস্ত্রিয়া　২১

বিপক্ষসুন্দরীসংসদি গানপ্রস্তাবে ললিতায়াঃ সখী প্রাহ ললিতৈষা কলকণ্ঠী

ঐ চন্দ্রিকা পিঞ্ছমুকুটকেও চন্দ্রাবলীর গৃহ-সমীপবর্ত্তি-কাননের কুটীরচর করিয়াছে অর্থাৎ চন্দ্রাবলীর মুখকান্তি দ্বারা শ্রীকৃষ্ণ কুঞ্জে কুঞ্জে ভ্রমণ করিয়া বেড়াইতেছেন॥

শ্রীরাধার রূপহেতু গর্ব্ব উদাহরণ করিবার নিমিত্ত
কহিলেন, যথা বা বিদগ্ধমাধবে।

উপরি উক্ত শ্লোকে পদ্মার ঐ রূপ বাক্য শ্রবণ করিয়া, ললিতা সাটোপে কহিলেন, পদ্মে! এত গর্ব্ব কেন? বৃষভানুজার প্রাদুর্ভাব হইলে শত শত চন্দ্রাবলীর কান্তি নির্ধূত হইয়া যায়॥

উল্লিখিত উদাহরণে বৃষভানুজা শব্দের অর্থান্তর বৃষরাশিস্থ ভানুর প্রভা　চন্দ্রাবলী শব্দে চন্দ্রশ্রেণী অর্থাৎ ললিতা কহিলেন, পদ্মে! জ্যৈষ্ঠমাসীয় খরতর রবিকরের প্রাদুর্ভাব হইলে শত শত চন্দ্রশ্রেণীরও কান্তি নির্ধূত হয়। ২১।

গুণহেতু গর্ব্ব যথ।—

সুন্দরীগণের সভায় গানের প্রস্তাব হওয়াতে ললিতার কোন সখী কহিল, হে সুন্দরীবৃন্দ। এই ব্রজমধ্যে গোপী-কপোতিকারা তাবৎ

ইহ ললিত কলকণ্ঠী কলং ন যাবৎ প্রপঞ্চয়তি ২২।

সর্ব্বোত্তমাশ্রয়ে যথা—শ্রীবিষ্ণুপুরাণে।

জানামি তে পতিং শক্রং জানামি ত্রিদশেশ্বরং।
পারিজাতং তথাপ্যেনং মানুষী হারয়ামি তে। ২৩।

ইষ্টলাভেন যথা—

নম্রা ন ভবতু বংশী মুকুন্দবক্ত্রেন্দুমাধুরীরসিকা।
ত্বং দুর্ল্লভতদ্গন্ধা লণ্ডড়ি বৃথা স্তব্ধতাং বহসি ॥ ২৪।

লোচনরোচনী টীকা।

ললিতৈব কলকণ্ঠী কোকিলা ২২

জানামীতি শ্রীসত্যভামাবাক্যং। ২৩।

নম্রেত্যত্রোৎপ্রেক্ষিতমাত্রোঽপি গর্ব্বঃ শ্রোতৃণাং চেতসি সত্যবদ্ভাতীত্যুদাহৃতং ২৪

আনন্দচন্দ্রিকা টীকা।

কোকিলা ২২

সত্যভামা শচীং সন্দিশতি জানামীতি ২৩

চৌরিতাং শ্রীকৃষ্ণলণ্ডড়ীং রহসি স্বসখীসদসি শ্রীরাধা সাক্ষেপমাহ নম্রেতি অত্র বংশ্যা গর্ব্বং ব্যঞ্জিতং তুষ্টাব লণ্ডড্যা নিনিন্দ। ২৪।

আপনাদিগের ধ্বনি দ্বারা শ্রীকৃষ্ণকে রমিত করাউক, যাবৎ ললিতা-কোকিলা আপনার কলধ্বনি বিস্তার না করে। ২২।

সর্ব্বোত্তম আশ্রয়হেতু গর্ব্ব যথা—বিষ্ণুপুরাণে।

সত্যভামা দূত দ্বারা শচীকে বলিয়া পাঠাইলেন, অহে মহেন্দ্র-পত্নি! তোমার পতি যে ইন্দ্র, তাহা আমি অবগত আছি এবং তিনি যে ত্রিদশাধিপতি তাহাও আমার বিদিত আছে, কিন্তু আমি মানুষী হইয়াও তোমার এই পারিজাত হরণ করাইব। ২৩

ইষ্টলাভহেতু গর্ব্ব যথা—

এক দিবস শ্রীরাধা শ্রীকৃষ্ণের লণ্ডড়ী চুরি করিয়া স্বীয়-সখী-সভায় ঐ লণ্ডড়ীকে (পাচুনিকে) তিরস্কার পূর্ব্বক কহিলেন, অহে লণ্ডড়ি! বংশী যদি নম্র না হয় না হউক, সে মুকুন্দমুখচন্দ্রের মাধুর্য্যরসিকা, কিন্তু তোমার সম্বন্ধে ঐ বদনচন্দ্রের গন্ধও দুর্ল্লভ, অতএব তুমি কেন আর বৃথা গর্ব্ব করিতেছ? ॥ ২৪ ॥

যথাবা শ্রীদশমে।

উন্নীযবক্ত্রমুরুকুন্তলকুণ্ডলত্বিড়্-
গণ্ডস্থলং শিশিরহ সকটাক্ষমোক্ষৈঃ।
রাজ্ঞো নিরীক্ষ্য পরিতঃ শনকৈর্মুরারে-
রংসেঽমুরক্তহৃদয় নিদধে স্বমালাং ২৫

লোচনরোচনী টীকা

উন্নীযেতি লক্ষণায়াঃ স্বয়ম্বরণায়াগতায়াশ্চবিতং স্বয়মেব ত্বয়া কথিতং উরুকুন্তলেত্যাদি লক্ষণং বক্ত মুন্নীয় স্বয়ম্বরণীয়স্য মুরারেদর্শনস্যান্যথানুপপত্তেরুরসয্য মুরারেবংশে স্কন্ধে স্বাং স্বযম্বরণায় স্বেন রচিতাং মালাং নিদধে নিহিতবত্যস্মি কিং কৃত্বা শনকৈরবজ্ঞয়া মন্দং মন্দং রাজ্ঞে নিরীক্ষ্য নিরীক্ষণপূর্ব্বকং পরিত্যাজ্যেত্যর্থঃ কৈরুপলক্ষিতাং মালাং নিহিতবত্যস্মি তত্রাহ শিশিরঃ শিশিরকরাংশুবিব হর্ষস্বাভাবিকোঽসঃ স্মিতং যেষু তাদৃশৈঃ কটাক্ষমোক্ষৈ-রপাঙ্গদৃষ্টিবিসৃষ্টিভিঃ তত্র কারণমাহ অনুরক্তহৃদয়েতি ২৫।

আনন্দচন্দ্রিকা টীক।

পুরসুন্দরীষপি ব্যভিচারিভাবা এবং সর্ব্ব এবোদাহর্ত্তব্যা ইতি জ্ঞাপয়িতুমাহ যথা-বেতি লক্ষণ কুরুক্ষেত্রে যুবতিসংসদি স্বীয়স্বয়ম্বরণচরিত্রং দ্রৌপদীমাহ উন্নীয়েতি পরিত-শ্চতুর্দ্দিক্ষু স্থিতান্ রাজ্ঞে নিরীক্ষ্যেতি মদ্বরণীয়ঃ শ্রুতচরূপগুণঃ শ্রীকৃষ্ণঃ ক্ব খলূপবিষ্ট ইতি তমন্বেষ্টুমিতি ভাবঃ ততশ্চোরুকুন্তলেত্যাদিলক্ষণং বক্ত্রং উন্নীয় শিশিরহাসকটাক্ষমোক্ষৈঃ সহ মুরারেরংসে স্কন্ধে মালাং স্বয়ম্বরণদ্যোতিনীং পুষ্পস্রজং নিদধে নিহিতবত্যস্মীতি স্বগর্ব্বো ব্যঞ্জিতঃ ২৫

মহিষী সকলেতেও ঐ সমস্ত ব্যভিচারীভাব উদাহরণ করা কর্ত্তব্য, ইহা প্রদর্শনার্থ কহিলেন যথাবা দশমে ৮৩ অধ্যায়ে ২৭ শ্লোকে

কুরুক্ষেত্রে মিলিত যুবতি সভায় দ্রৌপদীকে স্বয়ম্বরচরিত্র জ্ঞাপন করাইয়া লক্ষণ কহিলেন, রাজ্ঞি! আমি বিম্বদহাস্য ও উরুকুন্তল এবং কুণ্ডলকান্তিযুক্ত গণ্ড-সহকৃত বক্ত্র উন্নত করিয়া অল্পে অল্পে গমন করত চতুর্দ্দিকস্থ রাজগণকে নিরীক্ষণ করিতে লাগিলাম এবং ঐ সকল রাজগণ সমক্ষে অনুরক্তহৃদয়ে শ্রীকৃষ্ণের গলদেশে স্বীয় মালা প্রদান করিলাম ২৫॥

অথ শঙ্কা ॥ ২৬

যথা চৌর্য্যে যথা—

হরন্তী নিদ্রাণে মধুভিদি করাৎ কেলিমুরলীং
লতোৎসঙ্গে লীনা ঘনতমসি রাধা চকিতধীঃ।
নিশি ধ্বান্তে শান্তে শরদমলচন্দ্রদ্যুতিমুষা-
মসৌ নির্ম্মাতারং স্বমুখরুচাং নিন্দতি বিধিং ॥ ২৭ ॥

লোচনরোচনী টীকা।

অথ শঙ্কেতি তল্লক্ষণমুক্তং স্বানিষ্টোৎপেক্ষণং শঙ্কেতি ভয়স্বস্তাঃ কার্য্যং তচ্চ লক্ষিতং ভয়ং চিত্তাতিচাঞ্চল্যং গর্ব্ব ঘোবেক্ষণাদিভিঃ ২৬।

হরন্তীত্যাদৌ। লতোৎসঙ্গে লীনা বৃষবিস্মৃতা যত্র তমসি ঘনে তস্মিন্ শান্তে নিজবদনকান্তের্বিততিভির্বিধাতারং ধাসাং জিতবিধুরুচাং নিন্দতি বিধিমিতি চান্তিমচরণত্রয়মস্তি ২৭

আনন্দচন্দ্রিকা টীকা

শঙ্কা স্বানিষ্টোৎপ্রেক্ষণং শ্রীরাধিকামুরলীচৌর্য্যলীলাং সখ্যঃ পরস্পরমাস্বাদয়ন্তি হরন্তীতি। নিদ্রাণে লব্ধনিদ্রে সতি কেলিমুরলীং হরন্তী হর্ত্তুমিত্যর্থঃ। ততশ্চ ধ্বান্তে শান্তে বিরতে সতি চকিতধীঃ অহো কথমকস্মাদন্ধকারপুঞ্জো নষ্ট ইতি স্বপ্রকাশভয়াৎ ত্রস্তচিত্তা। ততশ্চ বিমৃশ্য ধ্বান্তস্য সকারণং স্বমুখকিরণজালমেব তাঞ্চ স্বমুখরুচাং নির্ম্মাতারং বিধিং বিধাতারমেব নিন্দতি যদি বিধাতা স্বমুখকান্তীরীদৃগীর্ন্মাস্রক্ষৎ তদাহমধুনৈব মুরলীমচোরয়িষ্যামিতি মদভিলষিতে স এব বিঘ্নকরোদিতি ধিক্ তং বিধাতারমিতি ভাবঃ ২৬।২৭।

অথ শঙ্কা ২৬।

চৌর্য্যহেতু শঙ্কা যথা—

সখীগণ পরস্পর শ্রীরাধার মুরলী চৌর্য্যলীলা আস্বাদন করত কহিলেন, হে সখীগণ! অদ্য শ্রীকৃষ্ণ কুঞ্জগৃহে নিদ্রা যাইতেছিলেন, শ্রীরাধা তদীয় হস্ত হইতে কেলিমুরলী হরণ-করিয়া গাঢ়ান্ধকারময় লতাজালে গিয়া নিলীন হইয়া রহিলেন, কিন্তু অকস্মাৎ ঐ রাত্র্যন্ধকার বিনষ্ট হইয়া যাওয়াতে, ঐ রাধা চকিতচিত্তে কারণান্বেষণ করিতে২ পরিশেষে এই নিশ্চয় করিলেন, 'অহো! শারদীয় অমলচন্দ্র সদৃশ আমার বদনচন্দ্রের চন্দ্রিকাতেই নৈশিক তমঃ বিনষ্ট হইল, এই বলিয়া আপনার বদনচন্দ্রনির্ম্মিতা বিধাতাকে নিন্দ করিতে লাগিলেন ২৭ ॥

অপরাধাদ্যথ -ললিতমাধবে ।

উত্তাম্যন্তী বিরমতি তমস্তোমসম্পাৎপাত থেঃ
স্যন্দন্মূর্দ্ধ সরভসমসৌ স্রস্তবেণীবৃতাংস ।
মন্দস্পন্দং দিশি দিশি দৃশোর্দ্বন্দ্বমস্রং ক্ষিপন্তী
কুঞ্জাদ্গোষ্ঠং বিশতি চকিতা বক্তুমাবৃত্য পালী । ২৮

শঙ্কাতুস্ত্রীপ্রবরবস্ত্রীণাং ভীরুত্বাদ্ভয়কৃদ্ভবেৎ

লোচনরোচনী টীকা

চকিতা ভীতা ২৮

তর্হি কথং পরায়া এবোদাহরণমত্র কৃতং তত্রাহ শঙ্কাত্বিতি শঙ্কাতু ভয়ং ন ব্যভিচরত্যেব প্রবরস্ত্রীণাং তু বিশেষতঃ তৎ কথং তন্নিদোদাহর্ত্তব্যমিতি ভাবঃ ২৯

আনন্দচন্দ্রিকা টীকা

বৃন্দাহ উত্তাম্যন্তীতি হন্ত প্রাতর্ভূতং কথমদ্য গোষ্ঠং প্রবিশামীতি বিহ্বলেত্যর্থঃ স্যন্দন্মূর্দ্ধেতি দূরস্থঃ কোঽপি মাং পশ্যন্নপি ন পরিচিনোত্বিত্যভিপ্রায়েণ সরভসং সত্বরং মন্দস্পন্দমিতি রজন্যুজ্জাগরেণ বক্তুমাবৃত্যেতি সমীপাগতোঽপি জনো মাং ন পরিচিনোত্বিতি বুদ্ধ্যা ২৮

অত্র শঙ্কায়াঃ কারণমপরাধঃ সচ স্বকুলধর্ম্মোল্লঙ্ঘনরূপঃ তথা ভয়ানকরসস্য স্থায়ী যত্তয়ং তস্যাপি কারণমপরাধঃ যদুক্তং ভয়ং চিত্তাতিচাঞ্চল্যং সত্ত্বঘোরেক্ষণাদিভিরিতি।

অপরাধহেতু শঙ্কা যথা —ললিতমাধবে

বৃন্দা কহিলেন, সখি নিশাযোগে যে সকল বিস্তৃত অন্ধকার সম্পাৎ-স্বরূপ হইয়াছিল, নিশা বসানে তৎসমুদয় সহসা বিলয় প্রাপ্ত হওয়াতে "হয়! প্রভাত হইল, কি প্রকারে গোষ্ঠে যাইব" এই আশঙ্কায় পালী বিহ্বলা হইলেন এবং পাছে দূরবর্ত্তী লোকে আমাকে দেখিতে পায়, এই ভয়ে বদন অবনত করিয়া দ্রুতগমনে যাইতে লাগিলেন, অপর সমীপাগত কোন ব্যক্তিই যেন আমাকে চিনিতে না পারে, এই বুদ্ধিতে বেণী সকল মুক্ত করিয়া স্কন্ধপর্য্যন্ত আচ্ছন্ন করত রজনী-জাগরণে অলসাঙ্গী হইয়া, ঐ দেখ কুঞ্জ হইতে গোষ্ঠে প্রবেশ করিতেছেন ইতি ॥

উত্তমা স্ত্রীগণের ভীরু স্বভাবহেতু শঙ্কাই ভয়োৎপাদিকা হয় ।

পরক্রৌর্য্যাদ্যথা—বিদগ্ধমাধবে ॥

ব্যক্তিং গতে মম রহস্য বিনোদবৃত্তে
রুষ্টো লঘিষ্টহৃদয়স্তরসাভিমন্যুঃ।
রাধাং নিরুধ্য সদনে বিনিগূহতে বা
হ হন্ত লঙ্ঘয়তি বা যদুরাজধানীং। ২৯।

অথ ত্রাসঃ। স তড়িতা যথা—

লোচনরোচনী টীকা।

অথ ত্রাস ইতি তল্লক্ষণং ত্রাসঃ ক্ষোভে হৃদি তড়িদ্বেরসম্বোঽনিষ্ঠৈর্নিমিত্তি গাত্রোৎকম্পী মনঃকম্পঃ সংজ্ঞা ত্রাস উচ্যতে পূর্ব্বাপরবিচারোত্থং ভয়ং ত্রাসাদ্বিভিদ্যতে ইতি ৩০

আনন্দচন্দ্রিকা টীকা।

তস্মাত্তয়স্য সান্দ্রত্বে স্থায়িত্বমসান্দ্রত্বে শঙ্কাভিধানতয়া ব্যভিচারিত্বমিতি ভেদঃ কল্পঃ কিঞ্চাত্র শঙ্কেতি প্রবরস্ত্রীণাং ভীরুত্বাদ্ধেতোঃ শঙ্কাতু ভয়স্য কর্ত্রী স্যাৎ প্রথমসান্দ্রং স্তোকমেব ভয়ং শঙ্কাখ্যং স্যাৎ তদেব লক্ষ্যমাত্রত এব সান্দ্রং বহুলং সৎ ভয়ানকরসস্য স্থায়িভাবো ভয়ং স্যাদিত্যর্থঃ

শ্রীরাধাবেশধারিণং সুবলং স্ববধূং জ্ঞাত্বা জটিলয়া শ্রীকৃষ্ণসমীপাৎ কোপেন গোপীনাং সভাং প্রতি নীতমালোক্য স শ্রীকৃষ্ণোঽপি তৎ সন্দর্ভমজানন্ সানুতাপমাহ ব্যক্তিমিতি ২৯

ত্রাসোঽকস্মাদ্বিদ্যুদাদিভির্মনসঃ কম্পঃ পূর্ব্বাপরবিচারোত্থা শঙ্কা সৈবাতিসান্দ্রা বহুলা ভয়মিতি ত্রাসশঙ্কাভয়ানাং ভেদঃ।

অন্যের ক্রূরতাহেতু শঙ্কা যথা—বিদগ্ধমাধবে ॥

রাধাবেশধারি সুবলকে স্বীয় বধূজ্ঞানে কোপ বশতঃ জটিলা কৃষ্ণসমীপ হইতে বলপূর্ব্বক গোপী সভায় লইয়া গেল দেখিয়া, শ্রীকৃষ্ণ তদ্বিষয়ক কোন বৃত্তান্ত অবগত না হইতে পারিয়া, সানুতাপ পূর্ব্বক কহিলেন, অহো। যদি আমার রহস্য বিনোদবৃত্তান্ত প্রকাশ পায়, তাহা হইলে হয় ত লঘুহৃদয় অভিমন্যু অবিলম্বে শ্রীরাধাকে গৃহে অবরোধ করিবে, না হয় নির্জ্জনে লুকাইয়া রাখিবে অথবা যদুরাজধানী মথুরাতেই বা লইয়া যাইবে, হায়! এক্ষণকার উপায় কি? ॥ ২৯ ॥

অথ ত্রাস। বিদ্যুৎনিমিত্ত ত্রাস যথা—

স্ফূর্জ্জিতে নভসি ভীরুরুদ্যতাং
বিদ্যুতাং দ্যুতিমবেক্ষ্য কম্পিতা।
সা হরেরুরসি চঞ্চলেক্ষণা
চঞ্চলেব জলদে ন্যলীয়ত ৩০ ॥

ঘোরসত্ত্বেন যথা—বিদগ্ধমাধবে ॥

কর্ণোত্তংসিতরক্তপঙ্কজজুষো ভৃঙ্গীপতের্ঝঙ্কৃতৈ-
র্ভ্রান্ত্যেদ্য দৃগঞ্চলেন দধতী ভৃঙ্গাবলীবিভ্রমং।
ত্রাসান্দোলিতদোর্লতাস্তবিচলচ্চূড়া ঝণৎকারিণী
রাধে ব্যাকুলতাং গতাপি ভবতী মোদং সমাধ্যস্যতি। ৩১।

লোচনরোচনী টীকা

কর্ণোত্তংসিতেতি শ্রীকৃষ্ণবচনং　চূড়াঃ কঙ্কণাঃ অধ্যস্যতি অর্পয়তি। মমেতি সপ্তম্যর্থে সম্বন্ধসামান্যান্তিত্ববিবক্ষয়া ষষ্ঠী ৩১।

আনন্দচন্দ্রিকা টীকা

রূপমঞ্জরী কুন্দবল্লীং প্রত্যাহ স্ফূর্জ্জিতে ইতি　নভসি আকাশে স্ফূর্জ্জিতে মেঘগর্জ্জনেন শব্দিতে সতি উদ্যতাং উদ্গতানাং স　রাধা চঞ্চলেব বিদ্যুদিব ৩০

শ্রীকৃষ্ণ অ হ কর্ণেতি　দৃগঞ্চলেনেতি জাত্যা একবচনং।　মুহুর্মুহুস্তির্য্যগ্গতৈর্দৃগঞ্চলৈরিত্যর্থঃ। ত্রাসেনান্দোলিতয়োরিতস্ততো বিক্ষিপ্তয়োর্দোর্লতয়োরন্তর্বর্ত্তিনীনাং বিচলন্তীনাং চূড়ানাং বলয়ানাং ঝণৎকারবতী। চূড় শিখায়াং বড়ভৌ চূড়া বাহুবিভূষণ ইতি বিশ্বঃ। বাহুশব্দেন করপর্য্যন্তোঽপ্যসাবুচ্যতে আজানুবাহ্বাদিশব্দপ্রয়োগাৎ অধ্যস্যতি অর্পয়তি অত্র তব কষ্টং মম মোদ ইত্যস্য বিবক্ষিতত্বাৎ সম্বন্ধস্য প্রাধান্যাৎ ষষ্ঠী ৩১

রূপমঞ্জরী কুন্দবল্লীকে কহিলেন, সখি। ভীরু স্বভাবা শ্রীরাধা গর্জ্জিত-গগনে বিদ্যুতের দ্যুতি দেখিয়া কম্পিত হইতে হইতে চপলা যেমন জলদে বিলীনা হয়, তাহার ন্যায় ঐ চপলেক্ষণা হরির বক্ষঃস্থলে লিলীনা হইলেন ৩০

ভয়ানক জন্তুহেতু ত্রাস যথ —বিদগ্ধমাধবে।

শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে কহিলেন, প্রিয়ে! ত্বদীয় কর্ণে উত্তংসিত (কর্ণভূষণ) রূপে ধৃতরক্ত-পঙ্কজের সেবনে ভৃঙ্গীপতি (ভ্রমর) ঝঙ্কার

উগ্রনিস্বনেন যথা —

ত্বমসি মম সখেতি কিম্বদন্তী
মুদিরচিরাদ্ভবতা ব্যধায়ি তথ্যা।
মদুরসি রসি তৈর্নিবস্ত্যমানং
যদুদিতবেপথুরর্পিতাদ্য বাধা ৩২।
অথাবেগঃ ৩৩

লোচনরোচনী টীকা

ত্বমসীতি শ্রীকৃষ্ণবাক্যং। কিম্বদন্তী চ সখ্যুর্ব্যধাৎ স্ববপুষাম্বুদ আতপত্রমিত্যাদি রূপা। ৩২

আবেগঃ চিত্তস্য সম্ভ্রমঃ ৩৩

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণ আহ ত্বমিতি। কিম্বদন্তী সখ্যুর্ব্যধাৎ স্ববপুষাম্বুদ আতপত্রমিত্যাদিরূপা। কিম্বদন্তী জনশ্রুতিরিত্যমরঃ। মুদির হে মেঘ তথ্যা সত্যা বসিতৈর্গর্জ্জনশব্দৈঃ ৩২

আবেগশ্চিত্তসম্ভ্রমঃ ইতিকর্ত্তব্যতামূঢ় ইতি যাবৎ ৩৩।

করিতেছে, এই ভ্রমে তুমি আপনার দৃগঞ্চল দ্বারা শত শত ভৃঙ্গশ্রেণীর বিভ্রম বিস্তার করিতেছ, অতএব হে রাধে! তুমি ব্যাকুল অবস্থা প্রাপ্ত হইয়াও আমার আমোদ বিস্তার করিতে লাগিলে। ৩১।

উগ্রনিস্বন অর্থাৎ ভয়জনক শব্দহেতু ত্রাস যথা—

শ্রীকৃষ্ণ উদিত মেঘকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে মুদির! তুমি আমার সখা, এই যে এইটী কিম্বদন্তী আছে, চিরকালের পর আজ্ তাহা সত্য করিলে, কারণ তুমি আপনার গর্জ্জন দ্বারা শ্রীরাধার মান নিরাস করত তাঁহাকে আমার হৃদয়লগ্না করিয়া দিলে, অতএব হে সখে! ইহারই নাম বন্ধুকৃত্য॥ ৩২॥

অথ আবেগ অর্থাৎ চিত্তের সম্ভ্রমহেতু ইতিকর্ত্তব্যবিমূঢ়॥ ৩৩॥

স প্রিয়দর্শনজো যথা—ললিতমাধবে।

সহচরি নিরাতঙ্কঃ কোঽয়ং যুবা মুদিরদ্যুতি-
র্ব্রজভুবি কুতঃ প্রাপ্তো মাদ্যন্মতঙ্গজবিভ্রমঃ
অহহ চটুলৈরুৎসর্পদ্ভির্দৃগঞ্চলতস্করৈ-
র্মম ধৃতিধনং চেতঃ কোষাদ্বিলুণ্ঠয়তীহ যঃ। ৩৪।

যথাবা তত্রৈব

উপতরু ললিতাং তাং প্রত্যভিজ্ঞায় সদ্যঃ
প্রকৃতিমধুররূপাং প্রেক্ষ্য রাধাস্মৃতিঞ্চ।

লোচনরোচনী টীকা

প্রতিক্ষণং নবনবায়মানং তং দৃষ্ট্বা শ্রীরাধাবচনং ৩৪

উপতরু ললিতামিত্যত্র কথা পূর্ব্ববল্ললিতমাধবাজ্জ্ঞেয়া ৩৫

আনন্দচন্দ্রিকা টীকা।

অনুরাগাখ্য স্থায়িভাববতী শ্রীরাধা বিতর্করতি সহচরীতি ৩৪

অত্রেতিকর্ত্তব্যতামূঢ়ত্বং ন স্পষ্টমিত্যপরিতুষ্যন্নাহ যথাবেতি অত্র ললিতমাধবীয়-কথায়াং মাথুরবিরহোন্মাদেন খেলাতীর্থমবগাহমানা সবিশাখা শ্রীরাধা সূর্য্যমণ্ডলং প্রাপ্তা স্বকণ্ঠাৎ শঙ্খচূড়াখ্যমণিং সূর্য্যায়োপজহার ললিতা চ শ্রীরাধাবিশ্লেষজরোন্মত্তা গে বর্দ্ধনে

প্রিয়দর্শননিমিত্ত চিত্তবিভ্রম যথা—ললিতমাধবে।

অনুরাগ নামক স্থায়িভাববতী শ্রীরাধা বিতর্ক করিয়া কহিলেন, সহচরি! নিরাতঙ্ক-জলদরুচি এই যুব পুরুষটী কে? ইনি কোথা হইতে এই বৃন্দাবনে আসিলেন, মত্ত-গজেন্দ্রের ন্যায় ইহাঁর বিভ্রম দেখিতেছি, কি আশ্চর্য্য,. ইনি যে আপনার উৎসর্পিত নেত্রাঞ্চল, তস্কর দ্বারা আমার অন্তঃকরণ-কোষ হইতে ধৈর্য্য ধন লুণ্ঠিত করিয়া লইলেন॥ ৩৪॥

পূর্ব্বোদাহরণে ইতিকর্ত্তব্যতামূঢ়ত্ব স্পষ্ট না হওয়াতে অপরিতোষ-চিত্তে পুনর্ব্বার কহিলেন যথাবা ললিতমাধবে।

ললিতমাধবীয় কথায় মাথুরবিরহোন্মাদে শ্রীরাধা বিশাখার সহিত খেলাতীর্থে জলমগ্ন হইয়া সূর্য্যমণ্ডলে উপস্থিত হওত স্বীয় কণ্ঠ হইতে

মণিমপি পরিচিন্বন্ শঙ্খচূড়াবতংসং
মুহুরহমুদঘূর্ণং ভূরিণা সম্ভ্রমেণ ৩৫

আনন্দচন্দ্রিকা টীকা

ভৃগুপতনং কুর্ব্বতী জাম্ববতা স্বহস্তেন গৃহীত্বা স্বপুরমানীতা স্বকন্যাত্বেন খ্যাপিতা জাম্ববতী বভূব। সাচেন্দ্রনীলমণিজাম্বূনদাভ্যাং শ্রীকৃষ্ণরাধয়োঃ প্রতিমে নির্ম্মায় তদ্দর্শনাদিনৈব কালং যাপয়ামাস' সূর্য্যশ্চ শ্রীরাধাং সত্যভামাখ্যতয়া মণিঞ্চ স্যমন্তকাভিধানতয়া খ্যাপয়ন্ স্বভক্তায় সত্রাজিতে দদৌ সত্রাজিতা চ দত্তকলঙ্কঃ শ্রীকৃষ্ণো জাম্ববতঃ পুরীং জগাম জাম্ববাংশ্চ যুদ্ধান্তে স্বপ্রভুংপরিচিত্য তং রত্নপর্য্যঙ্কে উপবেশ্য মণ্যানয়নার্থং স্বান্তঃপুরমবিশৎ অথ ক্ষণতঃ কয়াচিজ্জরত্যা প্রোক্তসর্ব্ববৃত্তান্তা ললিতা জরতীহস্তে শ্রীরাধাপ্রতিমাং স্যমন্তকমণিকণ্ঠীং সমর্প্য শ্রীকৃষ্ণংদ্রষ্টুং তৎসমন্তর তস্থৌ তত্তস্যাং ললিতাং দৃষ্টবতঃ স্বস্য যা দশা অজনি তামেব দ্বারকামাগত্য শ্রীকৃষ্ণো মধুমঙ্গলং প্রত্যাহ উপতবোঃ সমীপে প্রত্যভিজ্ঞায় সৈবেয়ং ললিতেতি পরিচিত্য রাধাকৃতিং শ্রীরাধাপ্রতিমাং ৩৫

শঙ্খচূর নামক মণি সূর্য্যদেবকে উপহার প্রদান করিলেন, এ দিকে ললিতা শ্রীরাধার বিরহজ্বরে উন্মত্ত হইয়া গোবর্দ্ধনে ভৃগুপতন (পর্ব্বত হইতে অধঃপতিত হইয়া প্রাণত্যাগ) করিতেছিলেন, এমন সময়ে জাম্ববান্ স্বহস্তে ধারণ পূর্ব্বক আপনার পুরে লইয়া গিয়া, জাম্ববতী নামকরণ করত স্বীয় কন্যাত্বরূপে খ্যাপিত করিলেন। অনন্তর ঐ জাম্ববতী নামধারিণী-ললিতা ইন্দ্রনীলমণি ও জাম্বুনদ (স্বর্ণ) দ্বারা শ্রীকৃষ্ণ ও রাধার দুইটী প্রতিমা নির্ম্মাণ করিয়া, তদুভয়ের দর্শনাদি করত কালযাপন করিতে লাগিলেন। অপর সূর্য্যদেব শ্রীরাধার নাম সত্যভামা ও শঙ্খচূড়মণির নাম স্যমন্তক রাখিয়া, ভক্ত শত্রাজিৎকে ঐ কন্যা ও রত্ন দুইটীই প্রদান করিলেন। অনন্তর শত্রাজিৎ শ্রীকৃষ্ণের প্রতি মণিহরণ কলঙ্ক দেওয়ায়, শ্রীকৃষ্ণ জাম্ববানের পুরী গমন করিলেন, জাম্ববান্ও যুদ্ধের অন্তে স্বীয় প্রভুরূপে পরিচয় প্রাপ্ত হইয়া রত্নপর্য্যঙ্কোপরি স্থাপন পূর্ব্বক মণি আনিয়নার্থ অন্তঃপুরে প্রবেশ করিলেন, এই অবকাশে কোন বৃদ্ধা-জাম্ববতী-নামধারিণী ললিতার পূর্ব্ব বৃত্তান্ত সকল কহিলে, ললিতা জরতীর হস্তে শ্রীরাধার প্রতিমা যাঁহার

প্রিয়শ্রবণজো যথা—ললিতমাধবে ॥

ধন্যে কজ্জলমুক্তবামনয়না পদ্মে পদোচ্চাঙ্গদা
সারঙ্গি ধ্বনদেকনূপুরধরা পালি স্খলন্মেখল ।
গণ্ডোদ্যত্তিলকা লবঙ্গি কমলে নেত্রার্পিতালক্তকা
মা ধাবোত্তরলং ত্বমত্র মুরলী দূরে কলং কূজতি ॥

লোচনরোচনী টীকা।

মা ধাবেতি প্রত্যেকমন্বিতং ৩৬।

আনন্দচন্দ্রিকা টীকা।

কুন্দবল্লী প্রাহ। মা ধাবেতি প্রত্যেকমন্বিতং।

গলদেশে স্যমন্তকমণি প্রদান করিয়াছিলেন, তাহা অর্পণ করত শ্রীকৃষ্ণ-দর্শনার্থে তরুর অন্তরালে গিয়া অবস্থিতা হইলেন। অনন্তর, ললিতাকে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণের যে দশা উপস্থিত হইয়াছিল, দ্বারকা গমন পূর্ব্বক মধুমঙ্গলকে তাহাই কহিলেন, সখে। তরু সমীপবর্ত্তিনী ললিতাকে চিনিতে পারিয়া, তথা প্রকৃতিমধুরা রাধাপ্রতিকৃতিকে অবলোকন করিয়া এবং শঙ্খচূড়মণির পরিচয় পাইয়া এরূপ সম্ভ্রম উপস্থিত হইল যে, তাহাতেই আমার মুহুর্মুহুঃ ঘূর্ণা হইতে লাগিল ॥ ৩৫ ॥

প্রিয়শ্রবণজনিত আবেগ যথা—ললিতমাধবে

কুন্দবল্লী কহিলেন, ধন্যে! তোমার বামনেত্রে কজ্জল নাই, পদ্মে! তোমার পদে যে অঙ্গদ দেখিতেছি, হে সারঙ্গি! তুমি শব্দায়মান একটী নূপুর ধারণ করিয়াছ, হে পালি! তোমার যে মেখলা স্খলিত হইতেছে, হে লবঙ্গি! তোমার কেন গণ্ডদেশে তিলক দেখিতেছি এবং হে কমলে! তুমিও যে নেত্রে অলক্তক পরিয়াছ? তোমরা সকল এত উত্তরলা হইয়া ধাবমানা হইতেছ, কেন? অদ্য মুরলী অতিদূরে কূজিত হইতেছে।

অপ্রিয়দর্শনজো যথা—তত্রৈব ॥

ক্ষণং বিক্রোশন্তী বিলুঠতি শতাঙ্গস্য পুরতঃ
ক্ষণং বাষ্পাগ্রস্তাং কিরতি কিল দৃষ্টিং হরিমুখে।
ক্ষণং রামস্যাগ্রে পততি দশনোদ্ভিন্নতৃণা
ন রাধেয়ং কৃত্বা ক্ষিপতি করুণাম্ভোঽধিকুহরে।

অপ্রিয়শ্রবণজো যথা—

ব্রজনরপতেরেষ ক্ষত্তা করোতি শিবা প্রগে
নগরগতয়ে ঘোরং ঘোষে ঘনাং সখি ঘোষণাং।

আনন্দচন্দ্রিকা টীকা

মথুরাপ্রস্থানে রথারূঢং শ্রীকৃষ্ণমালোকযন্ত্যাঃ শ্রীরাধায়াশ্চেষ্টিতং বৃন্দা বর্ণয়তি॥ শতাঙ্গস্য রথস্য

কুন্দবল্লী নান্দীমুখীং প্রত্যাহ ব্রজনরপতের্ঘিবং এষ ক্ষত্তা ব্রজনগরদ্বারপালঃ প্রগে শ্বঃ প্রাতঃকালে নগরগতয়ে মথুরাং গন্তুং ঘোরং যথা স্যাত্তথা ঘনা ঘোষণা। ৩৬।

প্রিয়দর্শননিমিত্ত আবেগ যথা—ললিতমাধবে ॥

মথুরাপ্রস্থানে রথারূঢ় শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া শ্রীরাধা যে যে চেষ্টা করিতেছেন, বৃন্দা তৎসমুদায় বর্ণন করিয়া কহিলেন, সখি! অবলোকন কর, শ্রীকৃষ্ণ রথারোহণে মথুরা যাইতেছেন দেখিয়া শ্রীরাধা ক্ষণকাল চিৎকার করিয়া রথাগ্রে পতন পূর্ব্বক লুণ্ঠিত হইতেছেন, ক্ষণকাল আপনার বাষ্পাকুল দৃষ্টি হরিমুখকমলে নিক্ষেপ করিতেছেন, ক্ষণকাল ব দন্তাগ্রে তৃণধারণ করিয়া রামের অগ্রে পতিতা হইতেছেন, হায়. ইনি করুণাসাগরের কুক্ষিমধ্যে কি না নিক্ষেপ করিতেছেন? ॥

অথ অপ্রিয়শ্রবণজনিত আবেগ যথা—

কুন্দবল্লী নান্দীমুখীকে কহিলেন, দেবি! ব্রজনরপতির আজ্ঞানুসারে কল্য মধুপুরী গমননিমিত্ত এই ব্রজনগর-দ্বারপাল ঘোরতর ঘন ঘোষণা প্রচার করিতেছে, কিন্তু হে সখি! এই ঘোষণা সামান্য নয়,

শ্রবণপদবীমাযোহস্ত্যা যস্য কুলিশোহগ্রয়া
রচিতমচিরাদ ভীরীণাং কুলং মুহুরাকুলং ॥
এবমন্যেঽপ্যূহ্যাঃ ॥ ৩৬

অথোন্মাদঃ

স চেষ্টানন্দ যথা—

প্রসীদ মদিরাক্ষি মাং সখি মিলস্তমালিঙ্গিতুং
নিরুদ্ধি মুদিবদ্দ্যুতিং নবঘনানমেনং পুরঃ।
ইতি ভ্রমরিকামপি প্রিয়সখী ভ্রমাদযাচতে
সমীক্ষ্য হরিমুন্মদপ্রমদবিক্লব বল্লবী ৩৭।

লোচনরোচনী টীকা।

উন্মাদো হৃদ্ভ্রমঃ ৩৭

আনন্দচন্দ্রিক টীকা

উন্মাদশ্চিত্তবিভ্রমঃ　বৃন্দা প্রাহ ভ্রমরিকাং ভৃঙ্গীং ৩৭

কুলিশ অপেক্ষাও উগ্রা, ইহা কর্ণপদবীগত হইয়া অচিরাৎ আভীরী-কুলকে আকুল করিতে লাগিল

উক্ত প্রকার অন্যান্য উদাহরণ সকলও করিবে ৩৬ ॥

অথ উন্মাদ অর্থাৎ চিত্তের বিভ্রম

অত্যন্ত আনন্দহেতু যথা—

বৃন্দা কহিলেন, সখি! ঐ দেখ শ্রীরাধা অগ্রে হরিকে অবলোকন করিয়া উন্মাদহেতু প্রমদভরে বিহ্বলা হইলেন এবং ভ্রমবশতঃ প্রিয়সখী জ্ঞানে ভ্রমরিকাকেও প্রার্থনা করিতে লাগিলেন, অর্থাৎ হে প্রিয়সখি ভৃঙ্গি! তুমি আমার প্রতি প্রসন্ন হও, আমাকে আলিঙ্গন করিবার নিমিত্ত আমার অগ্রদিকে এই যে, নবঘনদ্যুতি নবযুবা আসিতেছে, ইহাকে রোধ কর ॥ ৩৭।

বিরহাদযথ —

ক্বাপ্যান্দোলিতকুন্তলং বিলুঠতি ক্বাপ্যাঙ্গুলীভঙ্গত-
স্ফুরদ্ভ্রূদর্শনৈর্বিদশ্য দশনান্ কংসং শপত্যুদ্ধুরা।
ক্বচ্চাপ্যুদ্য তমালমুত্তরলধীরালোক্য ধাবত্যলং
রাধা ত্বদ্বিরহজ্বরেণ পৃথুনা দূনা যদূনাং পতে ৩৮।

অথাপস্মারঃ ৩৯

লোচনরোচনী টীকা।

ত্বদ্ভ্রূঃ চলদ্ভ্রূযুগলা ৩৮

অপস্মারো দুঃখোত্থধাতুবৈষম্যাদ্ভ্যুত্থচিত্তবিপ্লবঃ ৩৯

আনন্দচন্দ্রিকা টীকা

উদ্ধবো ব্রজাদাগত্য শ্রীকৃষ্ণং প্রতি বর্ণয়তি অঙ্গুলীনাং ভঙ্গতঃ স্ফোটনাৎ। ত্বদ্ভ্রূঃ চলদ্ভ্রূযুগলা ত্বগি চলনে ধাতুঃ। কংসং শপতীতি বে কংস পরলোকগতস্যাপি তবাশা তুষায়মানা ভবতু যদ্বাহমেতাবদ্দুঃখং প্রাপিতেতি দূনা উপতপ্তা সতী যদূনাং পতে ইতি সম্প্রতি ত্বং যদূন্ পালয় তয়া প্রেমবত্যা তব কিং প্রয়োজনমিতি ভাবঃ ৩৮

অপস্মারো দুঃখোত্থধাতুবৈষম্যোদ্ভূতচিত্তবিপ্লবঃ ৩৯

বিরহহেতু উন্মাদ যথা—

উদ্ধব ব্রজ হইতে মথুরায় আগমনপূর্ব্বক শ্রীরাধার বিরহাবস্থা বর্ণন করিয়া শ্রীকৃষ্ণকে কহিলেন, হে যদুপতে। তোমার বিস্তৃত বিরহজ্বরে শ্রীরাধা অতিশয় উত্তপ্তা হইয়া কোন স্থানে লুলিতকেশে বিলুঠিতা হইতেছেন, কোন স্থানে ব ভ্রূকুটী করিয়া ক্রোধভরে অঙ্গুলীস্ফোটন পূর্ব্বক দন্ত দ্বাব অধরদংশন করিয়া কংসকে শাপ দিতেছেন অর্থাৎ কহিতেছেন, অরে দুরাত্মন্ কংস। তোর পরলোকের আশাও তুষ-তুল্য হউক, তো হইতেই আমাব এই দুঃখদশা উপস্থিত হইল। এবং কোন কোন স্থানে বা তমালতরু দেখিয়া ঐ রাধা উত্তরলিতচিত্তে বেগে ধাবমান হইতেছেন। ৩৮।

অথ অপস্মার অর্থাৎ দুঃখনিমিত্ত ধাতুবৈষম্যজনিত চিত্তবিপ্লব ৩৯॥

যথা—

অঙ্গক্ষেপবিধায়িভির্নিবিড়তোত্তুঙ্গপ্রলাপৈরহং
গাঢ়োদ্বর্ত্তিততারলোচনপুটৈঃ ফেনচ্ছটোদ্গারিভিঃ।
কৃষ্ণ ত্বদ্বিরহোত্থিতৈস্তমিমং সখ্যাস্তবির্বিকারোর্ম্মিভি-
র্গ্রস্তাং প্রেক্ষ্য বিতর্কয়ন্তি গুরবঃ সংপ্রত্যপস্মারিণীং ৪০।

অথ ব্যাধিঃ ৪১।

স যথা—রসসুধাকরে

শয্যা পুষ্পময়ী পরাগময়তামঙ্গার্পিণাদশ্নুতে
তাম্যন্ত্যন্তিকতালবৃন্তনলিনীপত্রাণি গাত্রোষ্মণা।

লোচনরোচনী টীকা

অপস্মৃতিং লোকপ্রসিদ্ধেনাপস্মারেণ যুক্তাং নতু স্বকীয়মহারাগজাতেন ৪০
ব্যাধির্জ্বরাদিপ্রতিরূপো বিকারঃ ৪১
পরাগোঽত্র চূর্ণং ৪২

আনন্দচন্দ্রিকা টীকা

মথুরাস্থং শ্রীকৃষ্ণং কেনাপি দ্বারা ললিতা সন্দিশতি অঙ্গেতি ত্বদ্বিরহাদুদ্ভূতৈরন্তর্বিকার
তরঙ্গৈর্গ্রস্তাং মম সখীং লোকপ্রসিদ্ধাপস্মাররোগবতীং গুরবঃ শ্বশ্রূশ্বশ্রূাদয়ঃ নিবিড়িতা
উত্তুঙ্গাঃ প্রলাপা যেষু তৈঃ ৪০
ব্যাধির্জ্বরাদিপ্রতিরূপো বিকারঃ ৪১
শ্রীরাধায়াঃ সখী শ্রীকৃষ্ণং প্রতি তস্যা বিরহমাহ পরাগময়তামিত্যনেনাঙ্গানাং সন্তাপো

মথুরাস্থ শ্রীকৃষ্ণের নিকট কোন ব্যক্তিকে দূতকল্পনা করিয়া ললিতা সন্দেশ প্রেরণ পূর্ব্বক কহিলেন, কৃষ্ণ! তোমার বিরহে আমার প্রিয়-সখী কখন অঙ্গ বিক্ষেপ, কখন অতিশয় উচ্চ প্রলাপ, কখন লোচন-পুটের তারকা গাঢ়রূপে উদ্বর্ত্তিত, কখন বা ফেনরাশি উদ্গার করিতেছেন, কিন্তু গুরুজন তাঁহাকে অন্তর্ব্বিকারতরঙ্গে গ্রস্তা দেখিয়া অপস্মার রোগাক্রান্তা বলিয়া বিতর্ক করিতেছেন ॥ ৪০ ॥

অথ ব্যাধি আর্থাৎ জ্বরাদি প্রতিরূপ বিকার ॥ ৪১ ।

যথা—রসসুধাকরে।

শ্রীরাধার সখী শ্রীকৃষ্ণের প্রতি শ্রীরাধার বিরহ বর্ণন পূর্ব্বক কহি-

স্রস্তঞ্চ স্তনমণ্ডলে মলয়জং শীর্ণান্তবং লক্ষ্যতে
ক্বাথাদাশু ভবন্তি ফেনিলমুখা ভূষামৃণালাঙ্কুরাঃ। ৪২

অথ মোহঃ।

স হর্ষাদ্যথা—বিদগ্ধমাধবে

দরোন্মীলন্নীলোৎপলদলরুচস্তস্য নিবিড়া-
দ্বিরূঢ়ানাং সদ্যঃ করসরসিজস্পর্শকুতুকাৎ

লোচনরোচনী টীকা

মোহো হৃদ্মূঢ়তা লীনচিত্ততেতি যাবৎ। ৪৩.

আনন্দচন্দ্রিকা টীকা।

বিবর্ত্তনোদ্বর্ত্তনপরিবর্ত্তনাদি পৌনঃপুন্যঞ্চ লক্ষ্যতে তব সন্তাপেন পুষ্পদলানাং শোষো বিবর্ত্তনাদিভিশ্চূর্ণীভাবঃ পুষ্পাণামঙ্গানাঞ্চ সৌরভ্যং পরাগত্বং তালবৃন্তং ব্যজনং মলয়জং চন্দনপঙ্কং স্রস্তমেব শীর্ণান্তবং বিদীর্ণমধ্যভাগং লক্ষ্যতে ক্ষণান্তরং তু চূর্ণমেব ভবতীতি ভাবঃ চকার এবার্থে বিন্যাসতুল্যকাল এবতার্থঃ। ভূষা বলয়াদ্যলঙ্কারকপাস্তাপশান্ত্যর্থং মৃণালাঙ্কুরাস্তেঽঙ্গসঙ্গতাপেন যঃ ক্বাথঃ পাকস্তস্মাৎ ফেনিলমুখাঃ ফেনযুক্তাগ্র ভবন্তি ৪২

মোহো মূর্চ্ছা। শ্রীরাধা পৃচ্ছন্তৌ ললিতাবিশাখে প্রত্যাহ। দরোন্মীলদিতি। তস্য শ্যামলকিশোরস্য করসরসিজস্পর্শকুতুকাৎ সদ্যস্তৎক্ষণ এব বিকূঢ়ানামুৎপন্নানাং ক্ষোভাণাং

লেন, কৃষ্ণ! তোমার বিরহে শ্রীরাধার এরূপ সন্তাপ জ্বর উপস্থিত হইয়াছে যে, তিনি যদি পুষ্পময়ী শয্যায় শয়ন করিতেছেন, অমনি তাঁহার অঙ্গ স্পর্শমাত্রে তাহা ধূলিময় হইতেছে, ব্যজনের পদ্মপত্র সকল গাত্রোষ্মণায় ম্লান হইয় যাইতেছে, স্তনমণ্ডলে চন্দনপঙ্ক লেপন করিলে ক্ষণকাল পরেই শুষ্ক হইয়া বিদীর্ণ হইতেছে, অধিক কি শীতল হইবার অভিপ্রায়ে যদি মৃণাল সকলের আভরণ অঙ্গে ধারণ করিতেছেন, গাত্রোষ্মণায় মধ্যদেশ উষ্ণ হইয়া তৎসমুদায়ের অগ্রভাগে ফেন নির্গত হইতেছে ৪২॥

অথ মোহ।

হর্ষহেতু মোহ যথা—বিদগ্ধমাধবে

জিজ্ঞাসাকারিণী ললিতা ও বিশাখার প্রতি শ্রীরাধা কহিলেন, অহে সখীদ্বয়! ঈষৎ উন্মীলিত নীলোৎপলদলকান্তি শ্রীকৃষ্ণের কর-

সহন্তী ক্ষোভাণং নিবহমিহ নাজ্ঞাসিষমিদং
ক্ব বাহং ক ব হং চকল্প কিমহং ব সখি তদা॥

যথাবা শ্রীদশমে।

কৃষ্ণং নিরীক্ষ্য বনিতোৎসবরূপশীলং
শ্রুত্বা চ তৎ ক্বণিতবেণুবিচিত্রগীতং।
দেব্যো বিমানগতয়ঃ স্মরনুন্নসার
ভ্রশ্যৎ প্রসূনকবরা মুমুহুর্বিনীব্যঃ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

নিবহং বহন্তী ইদং ক বাহমিত্যাদিকং নাজ্ঞাসিষং সলির্দ্ধাবং নজ্ঞাতাত্যাসীত্যন্বয়ঃ ক নাহমিতি প্রাঙ্গনে বর্ত্মনি পুষ্পশয্যায়াং বেত্যর্থঃ। ক বেত্যহং জটিলায়া বধূস্তস্যৈব বা সূর্য্যকালভোগ্যা কান্তেত্যর্থঃ কিং চকবেতি সম্প্রয়োগে বাম্যং বা দাক্ষিণ্যং ব পুরুষ মিতত্বং ব কিমহমকার্যমিত্যর্থঃ মত্তোঽহং কিং বিললাপ সুপ্তে ঽহং কিং চকারেতি বং লিট্

সমর্থায়াং রতৌ মোহমুদাহৃত্য কৈমুত্য র্থং সাধারণ্যাভ সকল্প ব মুদ হর্ত্তুমাহ যথা বেতি. গোপ্যঃ পরস্পরম হুঃ কৃষ্ণমিতি। অবেং মুমন্তাসামন্তঃকবং নিক্ষাপ্ত দূরতঃ ক্ষিপ্তঃ স রে ধৈর্য্যং যাসাং তাঃ

সরোরুহ-স্পর্শজনিত কৌতুকহেতু যখন আমার ক্ষোভনিবহ উৎপন্ন হইয়াছিল, তখন আমি কে থায়, আমিই ব কে, কি করিতেছি, এ সকল কিছুই জানিতে পারি নাই

যথান শ্রীদশমে ২১ অধ্যায়ে ১২ শ্লে কে

সমর্থার রতিবিষয়ে মোহ উদাহরং করিয়া সাধারণীর আভাস স্বরূপারও উদাহরণ করিতেছেন যথাবা

ব্রজাঙ্গনা সকল পরস্পার কহিলেন, হে সখীগং! যাহা হইতে বনিতাদিগের উৎসব হয়, তাঁদৃশ রূপশালি শ্রীকৃষ্ণকে দর্শন এবং তাঁহার বাদিত অসঙ্কীর্ণ বেণুগীত শ্রবং করিয়া বিমানযোগে গমনকারিণী দেবাঙ্গনারা দেবতাদের অঙ্কে থাকিয় ও কামে বিক্ষিপ্ত-ধৈর্য্য হইয় মুগ্ধ হন। মোহের প্রমাণ এই, তৎকালে সেই সকল দেবীর কুসুম-কবরী বিভ্রষ্ট ও নীবি শ্লথিত হইয়া পড়ে

বিশ্লেষ ঘথোদ্ধবসন্দেশে।

স পপ্যঙ্কে কিশলয়কুলৈঃ কল্পিতে তত্র সুপ্তা
শুপ্ত নীরস্তবকিতদৃশাং চক্রবৈ লৈঃ সখীনাং।
দ্রষ্টব্যা তে ক্রশিম কলিতাকণ্ঠনালোপকণ্ঠে
স্পান্দোনাস্তর্ব্বপুরনুসিতপ্রে সঙ্গা বর স্ত্রী॥ ৪৩।

বিষাদাদযথ শ্রীদশমে।

নিজপদাব্জদলৈর্ধ্বজবজ্রনীরজ ক্ষুশবিচিত্রললামৈঃ।
ব্রজভুবঃ শময়ন্ খুরতোদং বর্ত্মধূর্য্যগতিরীরিতবেণুঃ।

লোচনরোচনী টীকা

ললামং চিহ্নং ব্রজভুবস্তদীয়তৃণাদেঃ খুরতোদ গবাং খুরৈঃ কৃতচ্ছেদং নিজপদাব্জদলৈ-

---

আনন্দচন্দ্রিকা টীকা।

তাসু ব্রজসুন্দরীষু মধ্যে শ্রীরাধা মম কথং পরিচেতব্যেতি পৃচ্ছন্তমুদ্ধবং প্রতি শ্রীবৃষঃ আহ সেতি। নীরস্তবকা অশ্রুজলগুচ্ছাঃ সংজাতাঃ যাসু তথাভূতা দৃশো নেত্রাণি যাসাং তাসাং তারল্যাদিত্বাদিতচ্ সখীনাং চক্রবালৈর্মণ্ডলৈর্গুপ্ত রক্ষিতা ক্রশিমা কলিতা ব্যাপ্তা কণ্ঠনালস্তোপকণ্ঠে যঃ স্পন্দঃ কিঞ্চিচ্চলনং তেনান্তর্বপুরপ্যনুমিতঃ প্রাণসঙ্গঃ প্রাণস্য স্তিমিতং যস্তঃ সা ৪৩

শ্রীকৃষ্ণস্য গো গো পসহিতস্যাপরাহ্ণিক ব্রজাগমনলীলা মস্মাদন্তাঃ বালেন গোপো লজ্জা ধৈর্য কুলধর্ম্মাদিভো জলাঞ্জলীন্দত্বা সুবলাদয় ইব বয়মপি কৃষ্ণ তৎসঙ্গিন্যো নাভূম ইত্যনুতাপেন মুহুস্ত্যক্ত তদন্তরাস্তনাঃ পরস্পরমাহুঃ নিজেতি ললামং চিহ্নং ব্রজভুবস্তদীয়

বিশ্লেষহেতু মোহ যথা —উদ্ধবসন্দেশে

ব্রজসুন্দরীগণ মধ্যে আমি শ্রীরাধার পরিচয় কিরূপে পাইব, এরূপ জিজ্ঞাসা করায় উদ্ধবের প্রতি শ্রীকৃষ্ণ কহিলেন, সখে! সুন্দরীগণ-মধ্যে যাঁহাকে কিশলয় নির্ম্মিত শীতল শয্যায় শয়ন করিতে দেখিবে, সাশ্রুনেত্রা সখীগণ যাঁহাকে রক্ষ করিতেছে দেখিতে পাইবে, যাঁহার অঙ্গ অতিশয় কৃশ এবং কণ্ঠনালের স্পন্দনহেতু যাঁহার প্রাণ আছে বলিয়া অনুমিত হইবে, সেই নরাধীকে রাধা বলিয়া জানিও ৪৩।

বিষাদহেতু মোহ যথ —দশমে ৩৫ অধ্যায়ে ৯ শ্লোকে

গো গোপ সহিত শ্রীকৃষ্ণের অপরাহ্ণিক ব্রজাগমন লীলা স্মরণ করিয়া

ব্রজতি তেন বয়ং সবিলাসবীক্ষণার্পিতমনোভবরেগাঃ
কুজগতিং গমিত ন বিদ্মঃ কশ্মলেন বসনং কবরম্বা ॥ ৪৪ ॥

অথ মৃতিঃ

লোচনরোচনী টীকা

স্তৎস্পর্শৈঃ সদ্য এবাম্বুবোৎপাদিকৈঃ শমযন্ স্বধৈর্য্যাতিগর্ত্তং তুল্যগতিঃ　ঈষিতরেণুর্বিতি বেণুদলনেন তত্র পি বৈশিষ্ট্যং দর্শিতং　কুজো বৃক্ষস্তুল্য মোহঃ ৪৪

মৃতিঃ প্রাণত্যাগঃ

আনন্দচন্দ্রিকা টীকা

তৃণাদেঃ খুরতোদং গোখুরচ্ছেদজন্যং দুঃখং নিজদাক্ষিণ্যাৎ পশ্চাৎ পশ্চাদিত্যস্তৈস্তবৈব শমযন্ সদা এব তদঙ্কুরপবাহ্যাদগৈরিতি ভাবঃ　বর্ম্মধৈর্য্যগতিঃ গজতুল্যগতিঃ সন্ ন ঈষিতরেণুর্বর্জতি তেন কুব্জগতিং বৃক্ষস্তুল্যাং গমিতঃ　কশ্মলেন মোহেন সর্ব্বনাত্র মোহে স্থায়িভাবলোকে　ন শঙ্কনীয়ঃ মোহস্য সঞ্চারিত্বাৎ সঞ্চারিণস্তু স্থায়িভাব-সাহায্যরূপত্বাৎ তথবে ক্তং বসামৃত এব　অস্যাশ্চ আদিপদ্যান্তে স্যুৎ সর্ব্বদৈব মূঢ়তা কৃষ্ণস্মৃতিবিশেষস্তু ন কদাপ্যন্যথাবত ইতি ৪৪

পূর্ব্বক কতিপয় গোপী লজ্জা ধৈর্য্য-কুলধর্ম্মাদিতে জলাঞ্জলি দিয, সুবলাদির ন্যায আমরা সকল তৎসঙ্গী ন হইলাম কেন? এইরূপ অনুতাপে মুগ্ধ হইযা পরস্পর কহিলেন, সখি　আমাদের মোহের কথ আর কি বলিব? গজগামী শ্রীকৃষ্ণ যে আপনার পাদপদ্মে ধ্বজ, বজ্র, অঙ্কুশ ও কমলের বিচিত্র চিহ্ন দেদীপ্যমান, সেই পাদপদ্ম দ্বারা ব্রজভূমির গোখুরাক্রমণ জন্য ব্যথ শান্তি করত বেণু বাজাইয়া যে গমন করেন, তজ্জন্য তাঁহার সবিলাস অবলোকনে আমাদের মনে মনোভব বেগ অর্পিত হয, তাহাতে আমর ত্রুটির অবস্থা প্রাপিত হই,-সুতরাং আপনাদের বসন ও কেশবন্ধন যে স্খলিত হইয়া পড়ে, মোহ বশতঃ তাহা কিছুই জানিতে পারি না ৪৪।

অথ মৃতি অর্থাৎ প্রাণত্যাগ।

মৃতেবধ্যবসার্যোঽত্র বর্ণ্যঃ সাক্ষাদয়ং ন হি ৪৫ ॥

যথোদ্ধবসন্দেশে

যাবদ্যক্তিং ন কিল ভজতে গাঙ্গিনেয়োঽনুবন্ধ-

স্তাবন্নত্ব সুমুখি ভবতীং কিঞ্চিদভ্যর্থয়িষ্যে।

পুষ্পৈর্যস্যা মুহুরকরবং কর্ণপূরং মুরারেঃ

সেয়ং ফুল্লা গৃহপরিসরে মালতী পালনীয়া ৪৬।

লোচনরোচনী টীকা

মৃতেবধ্যবসার্য ইতি অন্তর্গৃহগতাঃ কাশ্চিদিত্যাদের্গতিস্তু শ্রীবৈষ্ণবতোষণ্যাং ব্যাখ্যাতা-স্তীতি ভাবঃ ৪৫ ৪৬

আনন্দচন্দ্রিকা টীকা।

অধ্যবসায় উদ্যমঃ ইয়ং মৃতিঃ প্রাণত্যাগঃ ন বর্ণ্যতি সমর্থসমঞ্জসসাধারণস্থায়িভাব-বতীনাং শ্রীকৃষ্ণপরমীনাং নিত্যসিদ্ধত্বেন তদসম্ভবাৎ। অন্তর্গৃহগতাঃ কাশ্চিদিত্যাদেঃ তথ কৃষ্ণপত্ন্যো হরিণারিমিত্যাদের্ব্যাখ্যা বৈষ্ণবতোষণী সন্দর্ভাদৌ দ্রষ্টব্যা। ক্বচিৎ সাধক-প্রায়াণাং কাসঞ্চিন্মৃত্যেঃ সম্ভবেঽপ্যমঙ্গলত্বান্নুবর্ণ্যতি। ৪৫।

শ্রীরাধ ললিতং প্রত্যাহ যাবদিতি গাঙ্গিনেয়োঽক্রূরঃ তাবদিতি শ্রীকৃষ্ণস্য মথুরা-প্রস্থাননিশ্চয়ে ত্রুটে তু মরিষ্যন্ত্যা মম বাক্যং নৈব নিঃসরিষ্যতীতি ভাবঃ। ৪৬ ॥

এ স্থানে মরণের উদ্যমমাত্র বর্ণনীয় কিন্তু সাক্ষাৎ মৃত্যু বর্ণয়িতব্য নয় ॥

কারণ, সমর্থ সমঞ্জস ও সাধারণ স্থায়িভাবতী কৃষ্ণপ্রিয়াবর্গের নিত্যসিদ্ধত্বহেতু মরণের অসম্ভব ক্বচিৎ সাধকপ্রায় কোন কৃষ্ণপ্রিয়ার মৃত্যু সম্ভব হইলেও অমঙ্গল প্রযুক্ত তাহা উপেক্ষিত হইল ॥ ৪৫ ॥

যথ —উদ্ধবসন্দেশে

শ্রীরাধ ললিতাকে কহিলেন, সুমুখি ! যাবৎ গাঙ্গিনীতনয় অক্রূরের অনুবন্ধ (আগ্রহ) নিশ্চয়রূপে ব্যক্ত ন হয়, নমস্কার পূর্ব্বক তাবৎ তোমাকে এই একটী প্রার্থনা করিতেছি, আমি যাহার পুষ্পে শ্রীকৃষ্ণের কর্ণাভরণ সকল নির্ম্মাণ করিতাম, তুমি সেই, এই ফুল্লা মালতীকে, যত্নে পালন করিও, আমার এই জীবন রক্ষা পাইবে না। ৪৬

অথালস্যং

সাক্ষাদঙ্গং ন চালস্যং ভঙ্ক্যা তেন নিবধ্যতে ॥

যথা —

নিরবধি দধিপূর্ণাং গর্গরীং রোড়য়িত্বা
সখি কৃততনুভঙ্গং কুর্বতী ভূরিজৃম্ভাং
ভুবমনুপতিতা তে পত্যুরাস্তে সবিত্রী-
বিবচয় তদশঙ্কং ত্বং হরের্মূর্দ্ধ্নি চূড়াং ॥ ৪৭ ।

লোচনরোচনী টীকা

সাক্ষাদঙ্গং ন চেতি আলস্যং খলু শক্তৌ সত্যামপ্যশক্তির্ব্যঞ্জন সাতু তাসাং কৃষ্ণ সেবাদৌ ন সম্ভবত্যেব ন পারয়েঽহং চলিতুমিতি কৃত্রিমালস্যং জ্ঞেয়ং তস্মাদ্বিরোনি গত তদ্বর্ণনাৎ স্থায়িপোষণপরিপাট্যেব তন্নিবন্ধতা যুক্ত ৪৭

আনন্দচন্দ্রিকা টীকা

আলস্যং সামর্থ্যসদ্ভাবেঽপি কর্ত্তব্যবস্তুনি ন চিকীর্ষা তদালস্যং অ সম্ভোর্বিষয়ভূতে বস্তুনি চেদ্ভবেত্তদা আসক্তেরেব লোপঃ স্যাদিতি প্রেমবতীনাং কৃষ্ণে কৃষ্ণসম্বন্ধি বস্তুনি চ তস্যাসম্ভবঃ কিন্তু জরত্যাদিষু বিদ্যমানং তদাসাং স্থায়িভাবং পুষ্যতীত্যাহ সাক্ষাদঙ্গ-মিতি ।

কুঞ্জে শ্রীকৃষ্ণেন সহ বিলসন্তীং শ্রীরাধাং পদ্মা শিক্ষিতায়াঃ কস্যাশ্চিৎ শারিকায়া মুখতো জটিলায়া আগমনং শ্রুত্বা বিভ্যতীং শ্রীরাধাং তদানীমেব দৈবাদেষ্ঠাদাগত রূপমঞ্জরী আশ্বাসয়তি নিরবধীতি ৪৭

অথ আলস্য অর্থাৎ সামর্থ্যসত্ত্বেও কর্ত্তব্য বস্তুর প্রতি অকরণেচ্ছা ।

যদিচ আলস্য সাক্ষাৎ অঙ্গ নয়, তথ পি ভঙ্গিক্রমে বর্ণন করিতেছি অর্থাৎ কৃষ্ণপ্রিয়াবর্গের কৃষ্ণবিষয়ক বস্তুর প্রতি আলস্য সম্ভব হয় ন, কিন্তু জরন্তী প্রভৃতিতে সম্ভব হইতে পারে, এ কারণ ভঙ্গিক্রমে প্রদর্শিত হইতেছে ॥

যথ —

কুঞ্জমধ্যে শ্রীকৃষ্ণ সহ বিলাসবতী শ্রীরাধ , দ্বার শিক্ষিতা কোন শারিকার মুখে জটিলার আগমন শ্রুত হইয়া ভীতা হইতেছিলেন, এমন সময়ে ষ্ঠাৎ হইতে আগতা রূপমঞ্জরী ঐ শ্রীরাধাকে আশ্বাস

অথ জ্ঞাড্যং।

তদিষ্টশ্রুত্যা যথা।—

গোপুরে রুধতি কৃষ্ণস্য পূরে নিষ্ক্রম্য ধৃতসম্ভ্রমাপ্যসৌ
কীলিতেব পরিলীলিতেক্ষণা সীদতিস্ম সদনে মনোরমা ৪৮॥

অনিষ্টশ্রুত্যা যথা—ললিতমাধবে।

আঃ ব্যালিকবচনেন মুহুর্বিহস্তা-
হস্তাবিন্দবিগলদ্দধ্যাদিত ভঙ্গমাল্যা

লোচনরোচনী টীকা।

জাড্যমপ্রতিপত্তিঃ ৪৮।

আঃ ব্যালীকবচনেনেত্যস্য প্রসঙ্গে ললিতমাধবাজ্জ্ঞেয়ঃ ব্যালীকমপ্রিয়ং ৪৯॥

আনন্দচন্দ্রিকা টীকা।

জাড্যমপত্তিঃ কুন্দবল্লী নান্দীমুখীমাহ গোপুরে পুরদ্বারে ৪৮

শ্রীকৃষ্ণস্য মথুরাপ্রস্থানে পৌর্ণমাসী সখেদমাহ আঃ আঃ পদ্মায়া ব্যালীকবচনেন বিহস্তা ব্যাকুলা কুণ্ঠবিহস্তব্যাকুলো সমাধিত্যয়বঃ ব্যালীকবচনঞ্চ তথৈব যথা। অজ্জাকূরোবহনিহ-

---

প্রদান পূর্ব্বক কহিলেন, সখি! তোমার পতি-জননী (জটিলা) নিরন্তর দধিপূর্ণা গর্গরী (ভাণ্ড) আলোড়ন করিয়া তনুভঙ্গ (গাত্রমোড়) ও জৃম্ভা করিতে করিতে ভূতলে পড়িয়া রহিয়াছে, অতএব তুমি আর শঙ্কা করিও না, স্বচ্ছন্দে হরিমস্তকে চূড়াবন্ধন কর ৪৭॥

অথ জাড্য

ইষ্ট শ্রবণনিমিত্ত জাড্য যথা—

কুন্দবল্লী নান্দীমুখীকে কহিলেন, দেবি, পুরদ্বারে শ্রীকৃষ্ণের নূপুর শব্দায়মান হইতেছিল, মনোরমা রাধা নির্গমনার্থ সম্ভ্রমবতী হইয়াও সুদনমধ্যে কীলিতের ন্যায় হইয়া লীলিতনেত্রে অবসন্ন হইতে লাগিলেন॥ ৪৮॥

অনিষ্ট শ্রবণহেতু জাড্য যথা—ললিতমাধবে॥

শ্রীকৃষ্ণের মথুরাপ্রস্থানে খেদ পূর্ব্বক পৌর্ণমাসী কহিলেন, অহো! সখীর ব্যালিকবাক্যে অর্থাৎ হে সখি চন্দ্রাবলি! অদ্য প্রথারোহণে

হা হন্ত হন্ত কিমপি প্রতিপদ্মতন্ত্রং
চন্দ্রাবলী কিল দশা মরমারুরোহ ৪৯
ইষ্টেক্ষণেন যথা বিদগ্ধমাধবে।
অহো ধন্যা গোপ্যঃ কলিতললনর্ম্মোক্তিভরতঃ
বিলাসৈরানন্দং দধতি মধুরৈর্যা মধুভিদঃ
ধিগস্তু স্বং ভাগ্যং যদিহ মম রাধা প্রিয়সখী
পুরস্তস্মিন্ প্রাপ্তে জড়িম-নিবিড়াঙ্গী বিলুঠতি ৫০

লোচনরোচনী টীকা

অহো ধন্যা ইত্যাদ্যবগাঢ়ে তথা ঈদৃগ্ স্বভাবেঽপি যন্মাঢকেষত্রাপি চ কুত্রচিন্মর্ম্মাদিকং বর্ণ্যতে তৎ খলু বিবরমেব জ্ঞেয়ং স্বং মদীয়ং ৫০

আনন্দচন্দ্রিকা টীকা

পুরা সঙ্গন্তী রহঙ্গী হা পুপ্ফাণং তহবি চড়ুলে ণ্ণুক্কণ্ঠিদাসি অ হীরীং বহিবি গহি-মক্কোসদীহা বিলাবা কিং তে চন্দ অনিল পরিদো বঞ্চকুতং বিসন্তি ইতি দশান্তরং দশগীং দশাং ॥ ৪৯

বিশ থা শ্রীকৃষ্ণেন মিলিত য়াঃ শ্রীরাধায়াঃ প্রেমোৎকর্ষং ব্য জস্তত্যা বর্ণয়তি অহো ইতি। আনোদমানন্দং ৫০

শ্রীকৃষ্ণ মধুপুরী যাইতেছেন, এখনও তুমি পুষ্পমাল গ্রন্থন করিতে উৎকণ্ঠিতা হইতেছ। পদ্মার এই কথা শুনিবামাত্রই চন্দ্রাবলীর হস্ত-পদ্ম হইতে অর্দ্ধ গ্রথিত পুষ্পমালা স্খলিত হইয়া পড়িল এবং তদ্দণ্ডেই তিনি তন্ত্র লাভ করিয়া যথার্থরূপেই দশান্তর (দশগী দশা) প্রাপ্ত হইলেন ৪৯

ইষ্টদর্শনহেতু জাড্য যথা—বিদগ্ধমাধবে

বিশাখা শ্রীকৃষ্ণের সহিত মিলিত শ্রীরাধার প্রেমোৎকর্ষ ব্যাজ-স্তুতি দ্বারা বর্ণন করিতে করিতে কহিলেন, অহো! যে সকল গোপিকা, সুমধুর বিলাসান্বিত-অভিনব নর্ম্মবাক্য দ্বারা মধুমথনের আনন্দ বিস্তার করেন তাঁহারাই ধন্য, কিন্তু আমার ভাগ্যের প্রতি ধিক্ থাকুক, যে হেতু আমার প্রিয়সখী রাধা হরিকে অগ্রবর্ত্তী দেখিলেই, অমনি জড়তায় নিস্পন্দাঙ্গী হইয়া ভূতলে লুণ্ঠিতা হইতে থাকেন ৫০।

অনিষ্টেক্ষণেন যথা—

রাধা বনান্তে হরিণা বিহারিণী
প্রেক্ষ্যাভিমন্যুং স্তিমিতাভবত্তথা।
ক্রুধাস্য তূর্ণং ভজতোঽপি সন্নিধিং
যথা ভবানীপ্রতিমা ভ্রমং দধে ৫১।

বিরহে যথা পদ্যাবল্যাং।

গৃহীতং তাম্বূলং পরিজনবচোভির্ন সুমুখী
স্মরত্যন্তঃশূন্য মুবহরং গতা য়মপি নিশি

লোচনরোচনী টীকা

নাসূয়ন্ খলু কৃষ্ণায়েত্যাদিনা শ্রীভাগবতে তদ্বৈতিক্ষ্যাদীনাং অসূয়ায়া নিমিত্তানাং গায়ন তত্তদাচ্ছাদনং প্রতীত্যন্তরঞ্চ দর্শিতং তস্মাদ্রাধা বনান্ত ইত্যাদাবত্র যদ্ভবানীপ্রতিমাকারত্বং তস্যা জাতং তচ্চ মায়ায়া এব কার্য্যং সাক্ষাত্তদ্রূপপ্রতিময়োর্বৈলক্ষণ্যাৎ এব মন্যত্রাপি ও কারভেদেন তত্তৎপ্রতাবণমুক্তমনুক্তমপি জ্ঞেয়ং তস্মান্নাসূয়নিত্যনেন বিরোধঃ কুত্রাপি ন মন্তব্যঃ ৫১।

আনন্দচন্দ্রিকা টীকা।

বৃন্দ পৌর্ণমাসীমাহ রাধেতি স্তিমিতা স্তব্ধ জাড্যেন জাতস্তম্ভভাবা তথা অভবৎ যথা অভিমন্যো র্ভবানীপতিমেবেয়ং কামকী নতু রাধেতি এয়ং ততশ্চ ভোঃ কৃষ্ণ অস্যা ভবানীপ্রতিমায় নিকটে কিমর্থং বসসীতি কৃষ্ণে পৃষ্টে ইমং গন্ধপুষ্পচন্দনাদিভিঃ শৃঙ্গাররিতুমিতি তেন চ প্রত্যুক্তে ভবানৈ নমঃ ইতি রাধাং প্রণম্য স গৃহং গত ইতি জ্ঞেয়ং ৫১

বিপ্রলব্ধায়া রাধায়া বিরহপীড়াং ব্যঞ্জয়ন্তী বৃন্দা শ্রীকৃষ্ণং প্রত্যাহ গৃহীতমপি তাম্বূলং ন

অনিষ্টদর্শনহেতু জাড্য যথ —

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! অদ্য বনমধ্যে শ্রীরাধা হরির সহিত বিহার করিতেছিলেন, ইতিমধ্যে দূর হইতে সক্রোধ অভিমন্যুকে আসিতে দেখিয়া ঐ রাধা এমত স্তম্ভিতা হইয়াছিলেন যে, তাদৃশেই নিকটাগত অভিমন্যুর ভবানীপ্রতিমা বলিয়া ভ্রম জন্মিয়াছিল ॥ ৫১।

বিরহহেতু জাড্য যথা—পদ্যাবলীতে।

বিপ্রলব্ধা শ্রীরাধার বিরহ-পীড়া শ্রীকৃষ্ণের অগ্রে প্রকাশ পূর্ব্বক

তথৈবাস্তে হস্তঃ কলিতফণিবল্লীকিশলয়-
স্তথৈবাস্যং তস্যাঃ ক্রমুকফলফালীপরিচিতং। ৫২ ॥

অথ ব্রীড়।

সা নবীনসঙ্গমেন যথা—

বিধুমুখি ভজ শয্যাং বর্ত্ততে কিং ন তস্যা
মুহুরয়মনুবর্ত্তী যাচতে ত্বাং প্রসীদ।
ইতি চটুভিরনন্যৈঃ সা ময়াভ্যর্থ্যমানা
ব্যরুচদিহ নিকুঞ্জশ্রীরিব দ্বারি নাথ। ৫৩ ॥

লোচনরোচনী টীকা।

ফণিবল্ল্যাঃ পক্বদলস্যৈব স্বাদুত্বেঽপি সখীভিঃ কিশলয়সমর্পণং বিরহে শীতলপ্রয়োগাপেক্ষয়েতি জ্ঞেয়ং ফালী খণ্ডং ৫২

ব্যরুচদিহেত্যত্র লসতি বতেতি বা পাঠঃ ৫৩

আনন্দচন্দ্রিকা টীকা।

স্মরতি হস্তে অস্তি বা নাস্তি বেতি নানুসন্ধত্তে পরিজনানাং বচোভিরিত্যনেন তত্র স্বতঃ স্পৃহাভাবঃ সূচিতঃ তত্রাপি বহুবচনেন সপ্তপথ্যদানয়নাদ্যাশ্বাসাঃ সূচিতাঃ কলিতং গৃহীতং ফণিবল্ল্যাস্তাম্বূলবল্ল্যাঃ কিশলয়ং পত্রাণি যত্র সঃ। ক্রমুকফলস্য গুবাকস্য ফালী খণ্ডং তয়া পরিচিতমাস্যঞ্চ তথৈবাস্ত ইতি প্রথমং তাম্বূলবেষ্টিতা গুবাকফাল্যো মুখে যাঃ পরিজনৈরর্পিতাস্তা ন চর্ব্বয়তি স্ম ততশ্চ খদিরচূর্ণৈলালবঙ্গাদিযুক্তা পর্ণবীটিকা হস্তে অর্পিতা যা তা মুখেনার্পয়তি স্মেতি। নিশাপ্রায়ং গতাপ্যসীতি প্রহরত্রয়ব্যাপিনী জড়তা ৫২

ব্রীড়া লজ্জা শ্রীকৃষ্ণঃ সুবলমাহ বিধুমুখীতি অনুবর্ত্তীমল্পক্ষণো জনঃ যাচত ইতি তবাঙ্গসম্বাহনার্থং সোৎকণ্ঠ ইতি ভাবঃ দ্বারীতি তদপি ময্যায়াং লজ্জৈব ন গতেত্যর্থঃ ৫৩।

বৃন্দা কহিলেন, হে মুরহর! যদিচ পরিজনবর্গের বাক্যে শ্রীরাধা তাম্বূল গ্রহণ করিয়াছিলেন, কিন্তু অন্তর-শূন্যহেতু নিশা গতা হইলেও, তথাপি ঐ সুমুখীর তাহা ভক্ষণ করিতে স্মরণ হয় নাই, নাগবল্লী কিশলয় তেমনিই হস্তে ধৃত ছিল, তথা মুখমধ্যে গুবাকখণ্ডও তদ্রূপ অর্পিত ছিল, চর্ব্বণ করিতে সমর্থা হন নাই। ৫২।

অথ ব্রীড় (লজ্জা)

নবসঙ্গমহেতু লজ্জা যথা—

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, বয়স্য! আমি শ্রীরাধাকে সম্বোধন

অকার্য্যে যথা—

"টুঃ কিমপি ভাগ্যতস্ত্বমসি পুত্রি বিত্তার্জনে
যদেতমতুলং বলাদপ জহর্থ হারং হরেঃ।
"ভীরমিতি শৃণ্বতী গুরুজনাদুপ স্তম্ভনং
মণিস্রগবরোঽন্মুখমবাঞ্চয়ন্মালতী" ৫৪

লোচনরোচনী টীকা

"টুঃ কিমপীতি প্রতিপক্ষনায়িকয়া কেবিতায়া মালতীমাতামহীবেশধারিণ্যা মালতীং প্রত্যুপহাসবচনং কিমপীতি অসীত্যস্য বিশেষণং গুরুজনাদিতি চ গৌণ্যা বৃত্ত্যা তৎ সদৃশাদিত্যেব জ্ঞেয়ং ৫৪

আনন্দচন্দ্রিকা টীকা

মালত্যাঃ সখী কাঞ্চিদাহ গুরুজনাৎ স্বমাতামহ্যাঃ ৫৪॥

করিয়া কহিলাম, অয়ি বিধুমুখি! "য্যা ভজন কর, নতাননী হইয়া দণ্ডায়মানা রহিয়াছ কেন। মদ্বিধ এই অনুগত জন বারম্বার প্রার্থনা করিতেছে, ইহার প্রতি প্রসন্না হও সখে! এইরূপ অনন্য স্তুতি-বাক্য দ্বারা আমাকর্ত্তৃক অভ্যর্থমানা হইলেও, সেই পরাঙ্গী নিধুঞ্জ-লক্ষ্মীর ন্যায় দ্বারদেশেই দণ্ডায়মানা রহিলেন ৫৩

অন্যায়াচরণহেতু লজ্জা যথা—

'মালতী নাম্নী গৌরী কাচিৎ সখী কোন সখীকে কহিলেন, নয়স্তে মালতীর মাতামহী মালতীকে দেখিয়া কহিলেন, পুত্রি! আমাদের আজ্ বড়ই সৌভাগ্য! বিত্তার্জ্জনবিষয়ে তোমাকে অতিশয় পটীয়সী দেখিতেছি; কারণ হরির অমূল্য হার বলপ্রকাশ পূরঃসর হরণ করিলে, হে সখি! গুরুজনের এই প্রকার গভীর তিরস্কার শুনিয়া ঐ মালতী আপনার গলদেশের প্রতি দৃষ্টিপাত করিয়া সহসা পরাঙ্মুখী হইয়া রহিলেন। ৫৪

স্তবেন যথা—

সঙ্কুচ ন তথ্যবচসা জগন্তি তব কীর্ত্তিকৌমুদী ময়ি ।
ঊরসি হরেরসি রাধে যদক্ষয়া কৌমুদীচর্চ্চা ৫৫ ॥

অবজ্ঞয়া যথা—শ্রীগীতগোবিন্দে ।

তবেদং পশ্যন্ত্যাঃ প্রসরদনুরাগং বহিরিব
প্রিয়াপাদালক্তচ্ছুরিতমরুণদ্যোতিহৃদয়ং ।

লোচনরোচনী টীকা

সঙ্কুচ নেতি ললিতমাধবাদিরীত্যা দাম্পত্যে জাতে সোঽয়ং কয়াচিৎ স্তবঃ কৃত ইতি গম্যতে তত্র এষ স্তব বুদ্ধিস্তস্যা জায়তে অদাম্পত্যেতু কলঙ্কবুদ্ধিরেবেতি ৫৫

হে কিতব তবেদং পশ্যন্ত্যা মম ত্বদালোকঃ কর্ত্তা প্রণয়ভরভঙ্গজাতং শোকমতিক্রম্যাপি

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধিকায়াসাহাত্ম্যং গার্গীং প্রতি বর্ণয়ন্ত্যাং পৌর্ণমাস্যাং দৈবাত্তত্রায়াতায়াং শ্রীরাধায়াং স্বোৎকর্ষশ্রবণেন সঙ্কুচিতায়াং তস্যাং বৃন্দা সপ্রৌঢ়ি প্রাহ সঙ্কুচেতি। মাষ্টি উজ্জ্বলী ফবোতি । ৫৫

খণ্ডিত শ্রীরাধ শ্রীকৃষ্ণং স ক্ষেপমাহ তবেতি হে কিতব তবেদং হৃদয়ং পশ্যন্ত্যা মম ত্বদালোকঃ ত্বৎকর্ম্মকে হবলোকঃ কর্ত্তা প্রখ্যাতস্য প্রণয়ভরস্য ভঙ্গেন হেতুনা যঃ শোকস্তস্মাৎ

স্তবহেতু লজ্জা যথা—

গার্গীর নিকট পৌর্ণমাসী শ্রীরাধার মাহাত্ম্য বর্ণন করিতেছিলেন, এমন সময়ে হঠাৎ শ্রীরাধা সেই স্থানে আগমন করিয়া স্বীয় উৎকর্ষ শ্রবণে সঙ্কুচিতা হইতেছিলেন, তদবলোকনে বৃন্দ প্রৌঢ়ির সহিত কহিলেন, রাধে ! যথার্থবাক্যে সঙ্কোচ করিতেছ কেন, তোমার কীর্ত্তি-কৌমুদীতেই জগৎ মার্জ্জিত হইতেছে, হে সখি ! এই কারণেই হরির বিশালবক্ষে অক্ষয়-কৌঙ্কুমীচর্চ্চারূপে বিরাজ করিতেছ ৫৫

অবজ্ঞাহেতু লজ্জা যথ —শ্রীগীতগোবিন্দে ।

খণ্ডিতা শ্রীরাধা আক্ষেপ পূর্ব্বক শ্রীকৃষ্ণকে কহিলেন, অহে শঠ ! তোমার এই যে হৃদয় দেখিতেছি, যাহাতে আপনার প্রিয়তমার পদা-লক্তক-চ্ছুরিত-অরুণদ্যুতি স্বদীয় আন্তরিক অনুরাগ যেন প্রকাশ করি-

মমাদ্য প্রখ্যাতপ্রণয়ভরভঙ্গেন কিতব
স্বদালোকঃ শোকাদপি কিমপি লজ্জাং জনয়তি। ৫৬॥
অথাবহিত্থা ৫৭
সা জৈহ্ম্যেন যথা।
শ্রীজগন্নাথবল্লভে।
অমুষ্যাঃ প্রোন্মীলৎকমলমধুধারা ইব গিরো
নিপীয় শ্রীবন্ধং গত ইব চলন্মৌলিরধিকং।

লোচনরোচনী টীকা

কিমপ্যনির্ব্বচনীয়ং যথা স্যাত্তথা লজ্জাং জনয়তি ইদং কিং হৃদয়ং কীদৃশং অরুণদ্যোতিঃ তাদৃশত্বে লজ্জা জনকত্বে চ হেতুঃ প্রিয়যি ছুরিতং যুক্তং কিমিব বহিঃপ্রসরন্ননুরাগ-স্তদ্বিষয়োঽনুরাগো যত্র তদিব ৫৬
অবহিত্থা আকারগুপ্তিঃ ৫৭
শ্রীবন্ধং মস্তকং। ইবেতি বাক্যালঙ্কারে কলা কলনা ভাষনেত্যর্থঃ। স্থৈরং স্থৈরং

আনন্দচন্দ্রিকা টীকা।

সকাশাদপি কিমপ্যনির্ব্বচনীয়ং যথা স্যাত্তথা অধিকদুঃখদাং লজ্জাং জনয়তি অধিকদুঃখদা-মিতি পঞ্চম্যন্তপদেনাক্ষেপঃ যথা ত্বাং দ্রষ্টুমহং স্বভাবাদেব সদা লজ্জে অধুনাতু প্রণয়-ভরভঙ্গেন শোকাদপি বিশেষতো লজ্জে ইত্যর্থঃ হৃদয়ং কীদৃগং প্রিয়ায়াঃ পাদালক্তেন চ্ছুরিতং ভ্রক্ষিতং অতএবারুণ ইব দ্যোততে ভবিষ্যমাণ মৎসন্তাপ সূর্য্যোদয়সূচকং কিমিব। বহিঃপ্রসরন্নুরাগো যত্র তদিব এতাবদ্দিনপর্য্যন্তং মৎপ্রতিনিধিত্বং বিষয়স্তবানুরাগ স্ত্বয়া হৃদয়মধ্য এব সংগোপিত আসীৎ অধুনা মদ্বধার্থং সোঽয়ং নিঃসৃতবানিত্যর্থঃ ৫৬
অবহিত্থা আকারগুপ্তিঃ ৫৭
মদনিকানাম্নী বনদেবী বিতর্কয়তি অমুষ্যাঃ শ্রীরাধাকামলেখোপহারিণ্যাঃ শশিমুখ্যাঃ

তেছে, কিন্তু আশ্চর্য্য এই যে, অদ্য আমার প্রণয়ভবের ভঙ্গনিমিত্ত ঐ অনলোক আমার শোকাপেক্ষা লজ্জাজনক হইল ৫৬

অথ অবহিত্থ (আকারগোপন) ৫৭ ॥

জৈহ্ম্য (কাপট্য) হেতু অবহিত্থা যথা—

জগন্নাথবল্লভনাটকে ২ অঙ্কে ৩৩ শ্লোকে।

মদনিকা নাম্নী বনদেবী নিরূপণানন্তর হাস্যবদনে কহিলেন, অহো! শশিমুখীর বিকশিত-কমলমধুধারার ন্যায় বাক্য সকল সাদরে

ব্রীড়া-ভয়াভ্যাং যথা—

হৃদয়ে ত্বদীয় রাগং মাধব দধতী শমীব সা দহনং।
অন্তর্জ্বলিতাপি বহিঃ সরসা স্ফুরতি ক্ষমাগুণতঃ ৬০ ॥

ভয়েন যথা—

চন্দ্রাবলী মন্দিরমণ্ডনানি পত্যুঃ পুরস্তাচ্চিরমাচরন্তী
বংশীনিনাদেন বিরূঢ়কম্পা নিনিন্দ ধূর্ত্তা ঘনগর্জ্জিতানি।

লোচনরোচনী টীকা।

ক্ষমা ক্ষান্তিঃ পক্ষে ভূঃ ৬০

চন্দ্রাবলীতি প্রতিপক্ষনায়িকায়াঃ সখ্য বচনং নিনিন্দেতি বংশীনিনাদ-ঘনগর্জ্জিতয়োঃ সমকালত্বং বোধয়তি ৬১

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরা যথা অমিতার্থা দূতী শ্রীকৃষ্ণং প্রত্যাহ হৃদয় ইতি শমী ছেকর ইতি প্রসিদ্ধো বৃক্ষঃ স যথা অন্তঃকোটরগতেন স্বাভাবিকেন দহনেন প্রতিক্ষণং দহ্যমানোঽপি বহিঃ পুষ্প-পল্লবাদিভিঃ সারত্বং প্রকাশয়তি তথেত্যর্থঃ ক্ষমাগুণতঃ ক্ষমা পৃথ্বী পক্ষে লোকো মম শ্রীকৃষ্ণানুরাগং ন জানাত্বিতি তেভ্যো লজ্জা তথা ত্যামনুরাগ জ্বালায়াঃ সহিষ্ণুতা ৬০।

ললিতায়াঃ সখী কাচিৎ চন্দ্রাবলীচরিত্রং কুতোঽপি শ্রুত্বা আগত্য সখীসংসদি কথা-প্রস্তাবেনাহ নিনিন্দেতি বংশীনিনাদকালে দৈবাদ্যেষু নাং গর্জ্জিতেষু সৎসু শিক্ষুমেঘানাং গর্জ্জিতানি যানি মাং ত্রাসেন কম্পয়ন্তীত্যুক্ত্বা তেষামেব মূর্দ্ধ্নি দোষং দদৌ

নিমিত্ত গর্জ্জ করিতেছেন, তথাচ ইহাঁর তনুবনী (দেহ রূপ ক্ষুদ্রবন) হৃদয়কুঞ্জে ঐ কুঞ্জর-রাজের বিজয় সাক্ষাৎ বলিয়া দিতেছে ॥ ৫৯ ।

লজ্জা ও ভয়হেতু অবহিত্থা যথা—

শ্রীরাধার অমিতার্থা দূতী শ্রীকৃষ্ণের নিকট আসিয়া কহিল, মাধব ! শ্রীরাধা হৃদয়মধ্যে তোমার অনুরাগ বহন করত শমীবৃক্ষ যেমন অন্তর্জ্বলিতা হইয়াও বাহ্যে পল্লবাঙ্কুর ধারণ করে, তাহার ন্যায় ইনি ক্ষমাগুণ-নিবন্ধন সরসা হইয়া স্ফূর্ত্তি পাইতেছেন ॥ ৬০ ।

ভয়হেতু অবহিত্থা যথা—

ললিতার কাচিৎ সখি কোন স্থানে চন্দ্রাবলীর চরিত্র শ্রবণ করিয়া প্রস্তাবাধীন সখীগণ সমক্ষে কহিল, অহে সুন্দরীবৃন্দ ! চন্দ্রাবলী পতির অগ্রে গৃহসজ্জা করিতেছিল, এমন সময়ে বংশীনাদ শ্রবণ করিয়া

গৌরবদাক্ষিণ্যাভ্যাং যথা—

স্বকরগ্রথিতামবেক্ষ্য মালাং
বিলুঠন্তীং প্রতিপক্ষকেশপক্ষে।
মলিনাপ্যহ্নমর্দ্দনাদবোর্ব্বি
স্থগিতা চন্দ্রমুখী বভূব তূষ্ণীং ॥ ৬১ ॥

অথ স্মৃতিঃ

সা সদৃশেক্ষয় যথা—হংসদূতে

তমালস্যালোকাদ্গিরিপরিসরে সন্তি চপলাঃ
পুলিন্দ্যো গোবিন্দস্মরণবশসোদ্গুরুপুলকঃ।

লোচনরোচনী টীকা

পূর্ব্বানুভূতার্থপ্রতীতিঃ স্মৃতিঃ ৬২

আনন্দচন্দ্রিকা টীকা

চন্দ্রমুখ্যাঃ সখীং বৃন্দা প্রাহ স্বেতি কেশপক্ষে কবর্য্যাং পাশঃ পক্ষশ্চ হস্তশ্চ কলাপার্থাঃ কচাৎ পর ইত্যমরঃ স্থগিতা সম্বৃতক্ষোভেত্যর্থঃ ৬১

স্মৃতিঃ পূর্ব্বানুভূতার্থস্মৃতিঃ ললিতা সন্দেশহারকং মথুরাং যাস্তন্তং হংসং পন্থানমুপদিশন্তী প্রার্থয়তে তমালস্যেতি ৬২

তাহার অঙ্গ-সকল কম্পিত হইয়া উঠিল, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, তৎকালীন অকস্মাৎ মেঘগর্জ্জন হওয়াতে অবহিত্থা পূর্ব্বক ঐ ধূর্ত্তা মেঘকে নিন্দা করিতে লাগিল

গৌরব এবং দাক্ষিণ্যহেতু অবহিত্থা যথা—

চন্দ্রমুখীর সখীকে বৃন্দা কহিলেন, সুন্দরি! তোমার প্রিয়সখী চন্দ্রমুখী স্বহস্ত-গ্রথিত পুষ্পমাল প্রতিপক্ষ রমণীর কবরীতে বিলুঠিতা দেখিয়া, যদিচ মলিন হইয়াছিলেন সত্য, তথাপি অঘমর্দ্দনের প্রতি আদরহেতু ক্ষোভ সম্বরণার্থ তূষ্ণীম্ভূত হইয় রহিলেন ৬১

অথ স্মৃতি (পূর্ব্বানুভূত অর্থের স্ফূর্ত্তি)।

সদৃশ দর্শননিমিত্ত স্মৃতি যথা—হংসদূতে ॥

মথুরা-গমনোদ্যত সন্দেশহারি হংসকে উপদেশ পূর্ব্বক ললিতা কহিলেন, অহে খগশ্রেষ্ঠ! তমালের অবলোকন নিমিত্ত মুকুন্দের স্মরণ

উদঞ্চৎ কামোঽপি স্বহৃদয়কলাগোপনপরো
হ্রিয়ঃ স্থৈরং স্থৈরং স্মিতসুভগমূচে কথময়ং ৫৮ ॥
জৈহ্ম্যানেজ্ঞাভ্যাং যথোদ্ধবসন্দেশে
মা ভূযস্ত্বং বদ রবিসুতাতীরধূর্ত্তস্য বার্ত্তাং
গন্তব্যা মে ন খলু তরলে দূতি সীমাপি তস্য
বিখ্যাতাহং জগতি কঠিনা যৎপিধত্তে মদঙ্গং
রোমাঞ্চোঽয়ং সপদি পবনো হৈমনস্তত্র হেতুঃ ।

লোচনরোচনী টীকা

মন্দং মন্দং মন্দস্বচ্ছন্দয়োঃ স্থৈরমিতি নানার্থবর্গাৎ কথং মূঢে তথা কথয়েতি শেষঃ ।৫৮।
যৎ পিধত্তে মদঙ্গমিতি তর্হি কুতোঽয়ং রোমাঞ্চ ইতি তদাক্ষেপমাক্ষিপতি যৎ
পিধত্ত ইতি হৈমনে;হেমন্তভবঃ ৫৯

আনন্দচন্দ্রিকা টীকা।

গিরো নিগীর্য্য প্রেমপরীক্ষার্থং স্বহৃদয়কলান্তরিষয়ক রমণোৎসুক্যবৈদগ্ধ্যঃ তাগাং গোপনপরোঽয়ং শ্রীকৃষ্ণঃ স্থৈরং স্থৈরং মন্দং মন্দং মন্দস্বচ্ছন্দয়োঃ স্থৈরমিতি নানার্থবর্গঃ স্মিতসুভগং যথা স্যাত্তথা কথমূচে উচ্যমানবাক্যজাতস্তৌদাসীন্যব্যঞ্জকস্য সত্যত্বে স্মিতাদেব সম্ভবাদিতি ভাবঃ ৫৮

কৃষ্ণপ্রেষিতাং দূতীং প্রতি কলহান্তরিতা শ্যামা ওহে মাভূয় ইতি। তর্হি কুতোঽয়ং রোমাঞ্চ ইতি চেত্তত্রাহ যৎ পিধত্তে ইতি হৈমনো হিমসম্ভবঃ

শ্রবণ করত শ্রীকৃষ্ণ মত্ততুল্য হইয়া শিরঃকম্পন করিতেছেন এবং মদনাবেশে বিবশ হইয়া হৃদ্বিকার সকল গোপন পুরঃসর হাস্যবদনে কহিলেন, এ কি প্রকার ? ৫৮

জৈহ্ম্য ও লজ্জাহেতু অবহিত্থা যথা—উদ্ধবসম্বাদে ॥

কৃষ্ণপ্রেরিতা দূতীকে অবলোকন করিয়া কলহান্তরিতা শ্যামলা কহিলেন, তরলে। যমুনাতীরস্থ ধূর্ত্তের কথা আর বলিও না, এই জগতীতলে কঠিনা বলিয়া আমার প্রবাদ প্রসিদ্ধ আছে, অতএব আমি কখন উহাঁর দূতীপদবীতেও গমন করি নাই, তবে যে আমার অঙ্গে পুলকোদ্গম দেখিতেছ, ইহা কৃষ্ণকথা শ্রবণজনিত নয়, সম্প্রতি শীতল বায়ুর প্রবাহহেতু আমার অঙ্গে লোমাবলী সকলের উদ্গম হইয়াছে ॥

দাক্ষিণ্যেন যথা—ললিতমাধবে ॥

উদ্ধৃত স্মিতকৌমুদী ন মধুধা বক্ত্রেন্দুবিম্বাত্তয়া
মুদ্বীনাং ন নিরাকৃতা নিগদিতাং মাধুর্য্যলক্ষ্মীরপি।
কোপেনাদ্য দুরাশয়ৈর্নিজমনো গূঢ়ব্যথাশংসিভিঃ
শ্বাসৈরেব দরোদ্ধুতস্তনপটৈস্তস্যা রুষঃ কীর্ত্তিতাঃ ॥

হ্রিয়া যথ —বিদগ্ধমাধবে

ভজন্ত্যাঃ সব্রীড়ং কথমপি তদাড়ম্বরঘটা-
মপাকর্ত্তুং বক্ত্রানপি নবমদামোদমধুরা।
অধীরা কালিন্দীপুলিনকলভেন্দ্রস্য বিজয়ং
সরোজাক্ষ্যাঃ সাক্ষাদ্বদতি হৃদি কুঞ্জে তনুবনী ৫৯

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণে মধুমঙ্গলং প্রত্যাহ উদ্ধৃতেতি তয়া চন্দ্রাবল্যা দুরাশয়ৈঃ আবরীতুমশক্যৈঃ। পৌর্ণমাসী স্বগতমাহ সরোজাক্ষ্যাঃ শ্রীরাধায়াস্তনুবনী তনুরেব বনী ক্ষুদ্রং বনং কালিন্দী-পুলিনসম্বন্ধিনঃ কলভেন্দ্রস্য অতিশয়োক্ত্যা পক্ষে শ্রীকৃষ্ণস্য বিজয়ং আগমনং বদতি। ক্ব হৃদি হৃদয়রূপে কুঞ্জে তস্যাসাধারণং লক্ষণং বক্তুং বিশিনষ্টি নবেন মদামোদেন নূতনগন্ধেন পক্ষে মত্ততাধিক্যেন মধুরা মাধুর্য্যবতী অধীরা চঞ্চলা সরোজাক্ষ্যাঃ কীদৃশ্যাঃ তস্য কলভেন্দ্রস্য আড়ম্বরঘটাং গর্জ্জনশ্রেণীং অপাকর্ত্তুং সঙ্গোপয়িতুং যত্নান্ ভজন্ত্যাঃ কুর্ব্বত্যাঃ আড়ম্বরস্তূর্য্য-রবে গজেন্দ্রাণাঞ্চ গর্জ্জিত ইতি নানার্থবর্গঃ গর্জ্জিতমত্র বিক্রমব্যঞ্জিকা খ্যাতিঃ ৫৯।

দাক্ষিণ্যহেতু অবহিত্থ যথা—ললিতমাধবে।

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে কহিলেন, সখে! চন্দ্রাবলী ক্রুদ্ধা হইলেও তাঁহার বদনচন্দ্র হইতে মধুরচন্দ্রিকা নিরাকৃত হয় নাই, যে হেতু ঐ বদনচন্দ্র কখন আপনার মাধুর্য্য-বাক্য পরিত্যাগ করে না, কিন্তু হে বন্ধো। না করিলেও তাঁহার দুর্নিবার গূঢ় মনোব্যথা প্রকাশক ঈষদুষ্ণ-নিশ্বাস ও ঈষৎ-কম্পিত স্তনপট্টিকা দ্বারাই রোষাবেশ প্রকাশ হয়।

লজ্জাহেতু অবহিত্থ যথা—বিদগ্ধমাধবে।

পৌর্ণমাসী মনে মনে কহিলেন, অহো! এই অধীরা রাধা নব নব আমোদ বশতঃ অতিশয় মধুরা, যদিচ ইনি লজ্জিতা হইয়া কালিন্দী-কূলবর্ত্তি কুলভেন্দ্রের (শ্রীকৃষ্ণের) গর্জ্জন সকল কষ্ট সৃষ্টে গোপন

শনৈঃ স্বেদং তাসাং ক্ষণমপনয়ন্ যাস্যতি ভবা-
নবশ্যং কালিন্দীসলিল শিশি রৈঃ পক্ষপবনৈঃ　৬২ ॥

দৃঢ়াভ্যাসেন যথা—

তে পীযূষকিরাং গিরাং পরিমলাঃ স পিঞ্ছচূড়োজ্জ্বলা
তাস্তা পিঞ্ছমনোহরাস্তনুরুচস্তে কেলয়ঃ পেশলাঃ।
তদ্বক্ত্রং শরদিন্দুনিন্দিনয়নে তে পুণ্ডরীকশ্রিণী
তস্যেতি ক্ষণমপ্যবিস্মরদিদং চেতো মমাঘূর্ণতে। ৬৩।

অথ বিতর্কঃ॥ ৬৪।

লোচনরোচনী টীকা।

পীযূষকিরামিতি ক্বিবন্তস্য ষষ্ঠ্যন্তং পদং। ৬৩।

বিতর্কো বিমর্শানন্তরং বিচারঃ বিমর্শে হেতুপরামর্শঃ বিশেষস্তু পূর্ব্বগ্রন্থাজ্জ্ঞেয়ঃ　৬৪।

আনন্দচন্দ্রিকা টীকা।

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা বিলপ্যাদ্ধবং প্রত্যাহ ত ইতি　পীযূষকিরামিতি ক্বিবন্ত ষষ্ঠ্যন্তং। পরিমলা ইত্যনেন গিরাং পুষ্পমঞ্জরীদ্বারোপিতং তেন চাতিস্পৃহণীয়ত্বং ব্যঞ্জিতং। পুণ্ডরীকস্য শ্রীঃ শ্বেতিমশোভা যয়োস্তে　৬৩

বিতর্কো হেতুপরামর্শাদিজন্যোঽত্যুহঃ। ৬৪

হওয়ায়, চপলা পুলিন্দী সকল উত্তপ্ত শরীরে পর্ব্বতপ্রস্থে অবস্থিতি করিতেছে, অতএব তুমি ধীরে ধীরে কালিন্দী-সলিল-শীতলিত-পক্ষ-পবন-দ্বারা ক্ষণকাল ঐ সকল পুলিন্দীর স্বেদ (ঘর্ম্ম) অপনয়ন করিয়া গমন করিও ॥ ৬২।

অতিশয় অভ্যাসহেতু স্মৃতি যথা—

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা বিলাপ করিয়া কহিলেন, উদ্ধব! শ্রীকৃষ্ণের সেই অমৃতস্রাবি-বাক্য-পরিমল, সেই ময়ূরপুচ্ছের উজ্জ্বল চূড়া, সেই তমাল সদৃশ তনুরুচি, সেই কেলি-কৌশল সকল, তাঁহার শরদিন্দুনিন্দি বদন ও শ্বেতপদ্ম সদৃশ সেই নয়নদ্বয়, ক্ষণকালের নিমিত্তও আমার চিত্ত বিস্মৃত না হইয়া, কেবল অনবরত ঘূর্ণিত হইতেছে ॥ ৬৩॥

অথ বিতর্ক ॥ ৬৪।

স বিমর্শাদ্যথা—বিদগ্ধমাধবে ॥

বিঘূর্ণন্তঃ পৌষ্পং ন মধুলিহতেঽমী মধুলিহঃ
শুকোঽয়ং নাদত্তে কলিতজড়িমা দাড়িমফলং।
বিবর্ণা পর্ণাগ্রং চরতি হরিণীয়ং ন হরিতং
পথানেন স্বামী তদিভবরগামী ধ্রুবমগাৎ ৬৫।

সংশয়াদ্যথা—ললিতমাধবে ॥ ৬৬ ॥

বিদূরে কংসারি মুকুটিতশিখণ্ডাবলিরসৌ
পুরা গৌরাঙ্গীভিঃ কলিতপরিবর্ত্তো বিলসতি

লোচনরোচনী টীকা।

বিঘূর্ণন্ত ইত্যত্র ব্যাপ্তিগ্রহণরূপো বিচারঃ পূর্ব্বপূর্ব্বানুভবাৎ ৬৫

সংশয়াদ্যথেতি সংশয়ালস্তরং যো বিপর্য্যাসস্তস্য দিত্যর্থঃ ৬৬

ন কান্তোঽয়মিত্যত্র ন কংসারিরিতি বা পাঠঃ ৬৭

আনন্দচন্দ্রিকা টীকা।

বিমর্শাৎ হেতুপরামর্শাৎ বনে নিষ্কোতুং শ্রীকৃষ্ণমন্বিষ্যন্তী শ্রীরাধা বিতর্কয়তি বিঘূর্ণন্ত ইতি ব্যাপ্তিগ্রহণরূপো বিচারঃ পূর্ব্বপূর্ব্বানুভবাৎ ন চরতি ন ভক্ষয়তি ৬৫

সংশয়ঃ কোটিদ্বয়ং স্পৃশ নির্ণেতুমশক্যং জ্ঞানং তস্মাৎ ৬৬

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা দিব্যোন্মাদেন ভ্রমন্তী গোবর্দ্ধনে মেঘমালোক্যাহ বিদূর ইতি।

বিমর্শহেতু অর্থাৎ কারণান্বেষণনিমিত্ত যথা—বিদগ্ধমাধবে ॥

বনে লুকায়িত-শ্রীকৃষ্ণের অন্বেষণ করিতে করিতে শ্রীরাধা বিতর্ক করিয়া কহিলেন, অহো! যখন এই সকল মধুকর ঘূর্ণিতান্তঃকরণ হইয়া পুষ্পমধু লেহন করিতে ইচ্ছা করিতেছে না, যখন শুকপক্ষী জড়তাপন্ন হইয়া দাড়িম্বফল ভক্ষণার্থ উৎসুক হইতেছে না, যখন এই হরিণীগণ বিবর্ণ হইয়া হরিৎ-পত্রাগ্র চরণ করিতেছে না, তখন নিশ্চয় বোধ হইল, গজেন্দ্র-মন্দগামী স্বামী, এই পথেই গমন করিয়াছেন ॥৬৫॥

সংশয়হেতু অর্থাৎ পক্ষদ্বয় উদ্ঘাটনপূর্ব্বক নির্ণয় করিতে না পারায় বিতর্ক যথা—ললিতমাধবে ৬৬

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা দিব্যোন্মাদবশতঃ ভ্রমণ করিতে করিতে গোবর্দ্ধনোপরি মেঘমালা অবলোকন করিয়া বিতর্ক-পূর্ব্বক কহিলেন,

ন কান্তে হয়ং শঙ্কে সুরপতিধনুর্ধামমধুর-
স্তড়িল্লেখাহ রী গিরিমবলম্বে জলধরঃ ॥

অথ চিন্তা ৬৭ ।

সা ইষ্টানবাপ্ত্যা যথা—পদ্যাবল্যাং

আহারে বিরতিঃ সমস্তবিষয়গ্রামে নিবৃত্তিঃ পরা
নাসাগ্রে নয়নং যদেতদপরং যচ্চৈকতানং মনঃ।
মৌনঞ্চেদগিরঞ্চ শূন্যমখিলং যদ্বিশ্বমাভাতি তে
তত্ত্বাঃ সখি যোগিনী কিমসি ভোঃ কিম্বা বিয়োগিন্যসি।

লোচনরোচনী টীকা

নাসাগ্র ইত্যত্র নাভিসন্তুষ্য কাব্যান্তরমুদাহরতি যথাবেতি ৬৮

আনন্দচন্দ্রিকা টীকা

গাঢ়ং নিভাল্য নিশ্চিনোতি ন কান্তোঽয়মিতি

চিন্তা ইষ্টাল ভার্থমনিষ্টপরিহারার্থঞ্চ ভাবনা ৬৭

জ্ঞাতত্বাপি বিশাখা পূর্ব্বরাগবতীং কেনাপি প্রকারেণাহং শ্রীকৃষ্ণসঙ্গং লপ্স্য ইতি ধ্যায়ন্তীং শ্রীরাধাং পৃচ্ছতি নাসাগ্রে নয়নমিত্যাদিধ্যানমাত্রস্যানুভাবঃ একতানমনন্য-বৃত্তিঃ

অহে ! শিখিপিঞ্ছমৌলি কংসারি পুরোবর্ত্তি গৌরাঙ্গী সকলে আলিঙ্গিত হইয় নিশ্চয় দূরে বিলাস করিতেছেন, অথব এ কান্ত না হইবে, ইন্দ্রধনু ও বিদ্যুল্লেখাভূসিত-জলধরই গিরিশিখর অবলম্বন করিয়া রহিয়াছে

অথ চিন্তা অর্থাৎ ইষ্টের অলাভ ও অনিষ্টের প্রাপ্তিনিমিত্ত ভাবনা ৬৭।

ইষ্টের অলাভহেতু চিন্ত যথা—পদ্যাবলীতে।

কি প্রকারে শ্রীকৃষ্ণের সঙ্গলাভ করিব বলিয়া পূর্ব্বরাগবতী শ্রীরাধা চিন্ত করিতেছিলেন, এমন সময়ে বিশাখা বৃত্তান্ত অবগত হইয়া শ্রীরাধাকে জিজ্ঞাসা করিলেন, রাধে তোমার আহারে বিরতি হইল কেন? সমস্ত বিষয়েতেই যে তোমাকে নিবৃত্ত দেখিতেছি। অপর তোমার নাসাগ্রে নয়ন, মনের একতান ও মৌনাবলম্বন ইত্যাদি সকলে

যথাবা বিদগ্ধমাধবে।

অক্ষোর্ঘূর্ণং প্রসয়তি তরোদ্ঘূর্ণতারং মুরারেঃ
শ্বাসাঃ কুপ্তাং কিল বিচকিলৈর্মালিকাং মাপয়ন্তি।
কেয়ং ধন্যা বসতি রমণী গোকুলে ক্ষিপ্রমেতাং
নীতস্তীব্রাময়মপি যয়া কামপি ধ্যাননিষ্ঠং ৬৮।

অনিষ্টাপ্ত্যা যথা—

বাল্যস্যোচ্ছিত্তয়ে যথা যথাঙ্গে
ন ধাত্রা মধুরিপুকৌমুদী দিদীপে।

লোচনরোচনী টীকা।

ছিত্তয়ে ইতি কর্ত্তরি প্রয়োগঃ তত্তা স্বয়ং ছিদ্যমানতয়া ইত্যর্থঃ বিস্তীর্ণত্বং

আনন্দচন্দ্রিকা টীকা

নায়িকানামিব নায়কেঽপি সঞ্চারিভাবা উদাহর্ত্তব্যা ইতি প্রদর্শয়িতুমাহ যথাবেতি। পূর্ব্বরাগবন্তং কথমহং রাধাসঙ্গং লপ্স্য ইতি ধ্যায়ন্তং শ্রীকৃষ্ণং দূরাদালোক্য পৌর্ণমাসী বিতর্কয়তি বিচকিলৈঃ মল্লিকাপুষ্পৈঃ ৬৮।

নান্দীমুখী পৌর্ণমাসীং প্রত্যাহ বাল্যস্যেতি ' উচ্ছিত্তয়ে স্বয়মুচ্ছিদ্যমানতয়া

তোমার সম্বন্ধে এই বিশ্ব শূন্যরূপে প্রকাশ পাইতেছে, অতএব হে সখি! তুমি কি যোগিনী অথবা বিয়োগিনী, কি বট সত্য করিয়া বল? ॥

নায়িকার ন্যায় নায়কেও সঞ্চারিভাব উদাহরণ করা কর্ত্তব্য, এই নিমিত্ত কহিলেন, যথাবা বিদগ্ধমাধবে ॥

পূর্ব্বরাগান্বিত শ্রীকৃষ্ণ কি প্রকারে শ্রীরাধার সঙ্গলাভ করিব মনে করিয়া ধ্যানপরায়ণ হইতেছিলেন, দূর হইতে অবলোকন করিয়া পৌর্ণমাসী বিতর্ক পূর্ব্বক কহিলেন, আহা! মুরারির নেত্র দ্বয়ের তারক দুইটী ঈষৎ ঘূর্ণিত হইতেছে কেন? দীর্ঘশ্বাস বহির্গত হইয়া মল্লিকামালা ম্লান করিতেছে, হায়! গোকুলমধ্যে এই রমণী কে? যাহাকে যে অতিশয় ধন্যা দেখিতেছি, যে হেতু এই মুররিপুকে অবিলম্বে তীব্র-ধ্যাননিষ্ঠ করাইল ॥ ৬৮ ॥

অনিষ্টপ্রাপ্তিহেতু চিন্তা যথা—

নান্দীমুখী পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! বাল্যের উচ্ছেদহেতু

পদ্মায়া মুখকমলং বিশীর্ণমন্তঃ
সন্তাম্যদ্ভ্রমরমিদং তথ তথাসীৎ। ৬৯॥

যথাবা।

মা চন্দ্রাবলি মলিনা ভব রাধায়াঃ সমীক্ষ্য সৌভাগ্যং।
জ্যোতির্ব্বিদোঽপি বিদ্যুঃ কৃষ্ণে কিল বলবতী তারা ৭০॥

লোচনরোচনী টীকা

স্খলিতপ্রকাশত্বেনানবস্থিত যথাবদবয়বত্বং। মুখপক্ষে অন্তঃ অন্তঃকরণং তদেব সংতাম্যন্ ভ্রমরো যত্র তাদৃশং ৬৯

মা চন্দ্রাবলীতি শ্রীরাধাসখ্যা শিক্ষিতায়াঃ স বিকায়া বচনং। যূথেশাগ্রে বিপক্ষসখীনাং তাদৃশধার্ষ্ট্যাসংপত্তিপত্তেঃ সৌভাগ্যং তাদৃশবিষয়ককান্তপ্রেয়া তাদৃখ্যালালিত্যং। তচ্চ নায়ুক্তমিত্যাহ জ্যোতির্বিদ ইতি কৃষ্ণে কৃষ্ণস্বরূপে পক্ষে তারা তদ্বিশেষরূপা শেষেতু তারা তদ্বিশেষনাম্নী শ্রীরাধে কৃষ্ণে কৃষ্ণাখ্যে নিজকান্তে ৭০

আনন্দচন্দ্রিকা টীকা।

কর্ম্মকর্ত্তরি ক্বচ্। মুখপক্ষে অন্তরন্তঃকরণং তদেব সন্তাম্যন্ ভ্রমরো যত্র তৎ আসীৎ অভূৎ ৬৯

শ্রীরাধায়াঃ সৌন্দর্য্যেণ পদ্মায়াশ্চিন্তামুদাহৃত্য তস্যাঃ সৌভাগ্যেন চন্দ্রাবল্যা অপি চিন্তামুদাহর্ত্তুমাহ যথাবেতি

অলিক্তয়া পাঠিতা কাচিৎ সারী চন্দ্রাবলীনিকটে পঠতি সেতি কৃষ্ণে কৃষ্ণপক্ষে শ্রীনন্দপুত্রে চ তারা অশ্বিন্যাদিঃ শ্রীরাধা চ। ৭০

যেমন যেমন শ্রীরাধার অঙ্গে মধুর-কৌমুদী দীপ্তিশীলা হইতে লাগিল, তেমনি তেমনি পদ্মার মুখপদ্ম মধুকরের অন্তরে খেদ প্রাপ্ত করাইয়া বিশীর্ণ হইতে লাগিল। ৬৯।

শ্রীরাধার সৌন্দর্য্যে পদ্মার চিন্ত উদাহরণানন্তর চন্দ্রাবলীর চিন্তার উদাহরণ করিতেছেন যথাবা।

ললিতার শিক্ষিতা কাচিৎ সারী চন্দ্রাবলীর নিকটে গিয়া পড়িতে পড়িতে কহিল, অহে চন্দ্রাবলি! শ্রীরাধার সৌন্দর্য্য-দর্শনে মলিনা হইও না, জ্যোতির্বিদ্ পণ্ডিতেরাও বিদিত আছেন, কৃষ্ণপক্ষে তারাই বলবতী হয়, অতএব তুমি কেন বৃথা দুঃখিতা হইতেছ॥ ৭০॥

অথ মতিঃ ৭১

সা যথা -পদ্যাবল্যাং

আশ্লিষ্য বা পাদরতাং পিনষ্টু মা-

মদর্শনান্মর্ম্মহতাং করোতু বা।

যথ তথা ব বিদধাতু ন গরো

মৎপ্রাণনাথস্তু স এব নাপরঃ। ৭২

লোচনরোচনী টীকা

মতির্বিচারোত্থমর্থনির্দ্ধারণং ৭১

কাপি সখী কস্যাশ্চিৎ শ্রীকৃষ্ণপ্রেয়স্যাঃ সত্বপরীক্ষার্থমেবমুক্তবতী স খলু তরুণবয়াস্তব নববয়সায়া জাতু সুখদায়ী দৃশ্যতে তথাপি তদেকান্তরক্তাং ত্বামুপদিশামি তদস্মদ্বাগং ত্যজেতি তত্রাহ আশ্লিষ্যেতি পাদরতামা ত্ব ত্যাগভয়াদৈন্যোক্তিঃ ৭২

আনন্দচন্দ্রিকা টীকা

মতির্বিচারোত্থমর্থনির্দ্ধারণং ৭১

কদাচিন্মাথুরবিরহব্যথাবিশীর্ণাঙ্গীং শ্রীরাধামালোক্য পৌর্ণমাসী স্নেহেনোপদিদেশ বৎসে শ্রীভগবতো নারায়ণস্য পূজ পরিচর্য্যাজপস্তুত্যাদিকং ত্বং মহমুপাদিশামি তত্রৈব স্বমনো-নিমজ্য হুস্তবং সময়মিমং যাপয় যাবচ্ছ্রীকৃষ্ণাগমনং উপায়োঽয়ং লোকদ্বয়সুখদ এবেতি ত্বং নারায়ণভক্তা ভবেতি ততস্তাং প্রতি শ্রীরাধাহ হে ভগবতি এবঞ্চেৎ সর্ব্বজ্ঞস্য গর্গস্যোক্তি-প্রামাণ্যেনঃনারায়ণসমস্য শ্রীকৃষ্ণস্যৈব পূজাজপস্তুত্যাদিকং কথং মাং নোপদিশসি ততশ্চ ময়া তেনৈব প্রকারেণারাধিতোঽসৌ প্রাদুর্ভূয় স্বদর্শনং মে দাস্যতীতি নন্থ স স্বীয়-স্বভাবং ত্যক্তুমসমর্থ পুনরপি তে বিরহদুঃখং দাস্যতীতি চেত্তত্রাহ আশ্লিষ্যেতি পাদরতাং

অথ মতি অর্থাৎ বিচারোত্থ অর্থনির্দ্ধারণ ॥ ৭১ ।

যথা পদ্যাবলীতে ॥

একদা মাথুরবিরহ ব্যথায় বিশীর্ণাঙ্গী শ্রীরাধাকে অবলোকন করিয়া
পৌর্ণমাসী স্নেহ প্রকাশ পুরঃসর উপদেশ করত কহিলেন, বৎসে !
নারায়ণের পূজ পরিচর্য্যা জপ ও স্তবনাদি তোমাকে উপদেশ
করিব স্বীয় মন নিমগ্ন করিয়া যাবৎ শ্রীকৃষ্ণের আগমন না হয়,
তাবৎ সময় যাপন কর, এই উপায় সমীচীন, ইহাতে ঐহিক
পারলৌকেই সুখ হইবার সম্ভব, অতএব তুমি নারায়ণের

অ নন্দচন্দ্রিকা টীকা।

চরণয়োঃ পতিতাং মামাশ্লিষ্য স্বহস্তাভ্যাং ধৃত্ব উত্থাপয়ন্ স্ববক্ষসি নিধায় স্ববাহুভ্যাং পিনষ্টু অতিগাঢ়তরাশ্লিঙ্গনেনানন্দসমুদ্রে নিমজ্জয়তু কিং বা তদৈবাদর্শনং প্রদায় স্বরূপে পঞ্চমী মর্ম্মহতাং করোতু ইতোঽপ্যতিদুঃখসমুদ্রে নিমজ্জয়তু যদা তদাবেত্যনেন মৎসমকক্ষমেব মৎপ্রতিনায়িকাং রময়তু বা ইতি ব্যঞ্জিতং যতো লম্পটঃ তস্য লাম্পট্যমেব বিচার্য্যতাং ব্যঞ্জকমিতি ভাবঃ কিন্তু ব্যবহারে ব পরমার্থে বা মম প্রাণানাং নাথঃ স এব নত্বন্যঃ তেন শ্রীনারায়ণমহং পরলোকার্থমপি সেবিতুং ন শক্নোমি মম শ্রীকৃষ্ণৈকতানত্বাদিতি ভাবঃ। প্রকারান্তরেণ ব্যাখ্যায়াং স এব নাপর ইত্যন্যযোগব্যবচ্ছেদকৈবকারেণ ব্যঞ্জিতো রসাভাসো দুর্নিবার এব স্যাৎ স এব না পুরুষঃ কীদৃশঃ পর ইতি ব্যাখ্যায়ামপি স এব দোষঃ। যদা সতু মৎপ্রাণনাথ এব নাপর ইত্যেবকারতুকারয়োঃ স্থানবিনিময়েন যোজনায়ামন্যযোগব্যবচ্ছেদঃ কিঞ্চিদসামঞ্জস্যং ন স্যাৎ কিন্ত্বস্থানত্ব পতিতানামদোষঃ স্যাদিতি পূর্ব্বোক্তপ্রকার এবোপাদেয়ঃ কিন্তু শ্লোকোঽয়ং ভগবতঃ শ্রীমহাপ্রভোর্মুখাম্বুজসূত ইতি নানবধানীয়ো ভবিতুমর্হতি সচ শ্রীমহাপ্রভুঃ শ্রীরাধিকাং বিনান্যত্র কস্যামপ্যুদ্দিহীর্ষতি কিঞ্চাত্র পূর্ব্বমহাজনপ্রসিদ্ধো লম্পট ইত্যেব ৎ ঔচিত্যীয় ইত্যশ্রৌষ্ম ৭২

ভক্তা হও, তদনন্তর শ্রীরাধা কহিলেন, হে ভগবতি! যদি ইহাই কর্ত্তব্য হইল, তবে সর্ব্বজ্ঞ গর্গাচার্য্যের উক্তি প্রামাণ্যহেতু নারায়ণ সমতুল শ্রীকৃষ্ণেরই পূজা জপ স্তুতি প্রভৃতি আমাকে উপদেশ না করিতেছ কেন? আমি সেই প্রকারে শ্রীকৃষ্ণের আরাধনা করি, যাহাতে আবির্ভূত হইয়া আমাকে স্বীয় দর্শন দান করেন, অনন্তর দেবী কহিলেন, পুত্রি! জান না, তাঁহার স্বভাব দুর্নিবার, কখনই ত্যাগ হইবে না, পুনরায় তোমাকে বিরহবেদনা প্রদ ন করিবেন, অনন্তর শ্রীরাধা কহিলেন, দেবি! আমি শ্রীকৃষ্ণের পাদরতা, তিনি আমাকে আলিঙ্গন করিয়া পৈষণ করুন বা অদর্শননিমিত্ত মর্ম্মহতই করুন, তাঁহার যাহা অভিরুচি তাহাই বিধান করিতে পারেন, কিন্তু হে সখি! ঐ নাগর আমার প্রাণনাথ, কখনই তিনি আমার পর নহেন।

উক্ত পদ্যটী শ্রীমন্মহাপ্রভুর মুখপদ্ম হইতে নির্গত ॥ ৭২।

যথাবা

ভবাম্বুজভবাদয়স্তব পদাম্বুজোপাসনা-
মুশন্তি সুরবন্দিতাঃ কিমুত অল্পপুণ্যা নৃপাঃ।
অতস্তব জগৎপতে মধুরিমাম্বুধের্মদ্বিধো
ন দাস্যমিহ বষ্টি কঃ পুরুষরত্ন কন্যাজনঃ ৭৩

অথ ধৃতিঃ ॥ ৭৪ ।

সা দুঃখাভাবেন যথা—

লোচনরোচনী টীকা

ভবাম্বুজেতি শ্রীকর্ম্মিণ্যাঃ শ্রীকৃষ্ণকৃতপরীহাসাদনন্তরং বচনং কিমুতেত্যত্র ক ইহেতি বা পাঠঃ ৭৩

ধৃতিঃ পূর্ণতা মনসোঽচাঞ্চল্যমিতি যাবৎ ৭৪

আনন্দচন্দ্রিকা টীকা

সমর্থায়ামুদাহৃত্য সমঞ্জসায়ামুদাহর্ত্তুমাহ ভবেতি সুনন্দনামানং বিপ্রং শ্রীকৃষ্ণসন্নিধৌ প্রস্থাপয়ন্তী শ্রীরুক্মিণী সন্দেশপত্রীং লিখতি অম্বুজভবো ব্রহ্মা উপস্থি কাময়ন্তে মধুরিমাম্বুধেরিতি শেষেণ মধুরস্য শৃঙ্গাররসস্য ভাবো মধুরিমা তস্যাম্বুধেস্তব দাস্যং দাসীত্বং ৭৩

ধৃতিঃ পূর্ণতা মনসঃ স্থৈর্য্যসম্পাদিনী। ৭৪

সমর্থার উদাহরণকরণানন্তর সমঞ্জসার উদাহরণ করিবারনিমিত্ত কহিলেন যথাব

সুনন্দ নামক বিপ্র দ্বারা শ্রীকৃষ্ণের নিকট সন্দেশ প্রেরণ করিয়া রুক্মিণীদেবী কহিলেন, হে পুরুষরত্ন . দেববন্দিত ভব পদ্মজাদি (শিব ব্রহ্মাদি) যখন তোমার চরণাম্বুজের উপাসনা করেন, তখন অল্পপুণ্য নৃপতিগণের কথা কি . . অতএব হে জগৎপতে। তুমি মাধুর্য্য-সমুদ্র, মদ্বিধ কোন্ কন্যাজন তোমার দাস্য কামনা না করে ॥ ৭৩ ॥

অথ ধৃতি অর্থাৎ মনের স্থৈর্য্যতাসম্পাদন ॥ ৭৪

দুঃখের অভাবহেতু ধৃতি যথা—

শ্রীদশমে।

তদ্দর্শনাহ্লাদবিধূতহৃদ্রুজো মনোরথান্তং শ্রুতয়ো যথা যযুঃ।
স্বৈরুত্তরীয়ৈঃ কুচকুঙ্কুমাঞ্চিতৈরচীকল্পন্নাসনমাত্মবন্ধবে ৭৫

লোচনরোচনী টীকা

ন কেবলং তা মনে বথান্তং তৎপ্রকাষ্ঠাং যযুঃ　শ্রুতয়োঽপি যথা যেন তাসাং তৎসৌভাগ্যবর্ণনপ্রকারেণ তং যযুরিত্যর্থঃ　ততশ্চ তাঃ স্বৈরুত্তরীয়ৈরিত্যাদি ৭৫

আনন্দচন্দ্রিকা টীকা

রাসলীলায়াং তিরোধায় পুনরাবির্ভূতং শ্রীকৃষ্ণমালোক্য ব্রজসুন্দরীণাং সর্ব্বদুঃখপ্রশমকং পূর্ণম নন্দং তদুথচেষ্টাঞ্চ শ্রীশুকদেবো বর্ণয়তি তদিতি　তস্য শ্রীকৃষ্ণস্য দর্শনানন্দেন খণ্ডিত-সর্ব্বমনোদুঃখা ব্রজসুন্দর্য্যঃ স্বীয়ৈকত্তরীয়ৈরাত্মবন্ধবে শ্রীকৃষ্ণায় আসনং তথা অচীকল্পন্ উপজহুর্যথ শ্রুতয়ো মহোপনিষদোঽপি মনোরথানামন্তং পরমকাষ্ঠাং যযুঃ। যতোঽবিকোঽন্যো মনোরথো নাস্তি তং প্রাপুঃ। বয়মপি ব্রজে গোপ্যো ভূত্বা শ্রীকৃষ্ণেন সহৈবং কুচকুঙ্কুমাঙ্কিত-বস্ত্রার্পণাদিনা কদা বিলসাম ইত্যুৎকণ্ঠিত বভূবুরিত্যর্থঃ　অতএব শ্রুতয়ো গোপীনাং পদবীং প্রাপ্তুমনুগতিময়ং তীব্রং তপশ্চক্রুরিতি বৃহদ্বামনীয়ে কথা প্রসিদ্ধা। শ্রীদশমে চ স্ত্রিয উরগেন্দ্রভোগভুজদণ্ডবিষক্তধিয়ো বয়মপি তে সমাঃ সমদৃশোঽঙ্ঘ্রিসরোজসুধা ইতি তাসামুক্তিঃ　অত্র পূর্ব্বকল্পগত শ্রীকৃষ্ণাবতারদর্শিন্যঃ শ্রুতয়ো লব্ধচর-মনোরথা এতস্মিন্ কল্পে গোপ্যো বভূবুঃ এতস্মিন্ কল্পেতু লব্ধমনোরথা অন্যাঃ শ্রুতয়োঽগ্রেতনে কল্পে গোপ্যো ভবিষ্যন্তি শ্রুতীনামানন্ত্যাদিতি জ্ঞেয়ং। ৭৫

শ্রীদশমে ৩২ অধ্যায়ে ১২ শ্লোকে

রাসলীলায় অন্তর্দ্ধান হইয়া পুনরায় আবির্ভূত শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া ব্রজসুন্দরীগণের সর্ব্বদুঃখ প্রশমন পূর্ব্বক পূর্ণানন্দজনিত চেষ্টা বর্ণন করিয়া, শ্রীশুকদেব রাজা পরীক্ষিতকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, রাজন্! শ্রীকৃষ্ণের দর্শনজনিত আনন্দে খণ্ডিত-মনোদুঃখা ব্রজসুন্দরী সকলের হৃদ্রোগ দূরীভূত হইয়া গেল, অতএব যেমন শ্রুতিগণ কর্ম্মকাণ্ডে পরমেশ্বরকে দেখিতে না পাইয়া তত্তৎকামনানুবন্ধ দ্বারা অপূর্ণের ন্যায় থাকিয়া, জ্ঞানকাণ্ডে পরমেশ্বরের সাক্ষাৎকার দ্বারা আহ্লাদে পূর্ণ হওত কামানুবন্ধ পরিত্যাগ করে, তদ্রূপ সেই সকল গোপী শ্রীকৃষ্ণের সাক্ষাৎ লাভ করিয়া পূর্ণকামা হইলেন। পরন্তু আপ্তকামা হইয়াও তাঁহারা প্রেমবশতঃ কুচকুঙ্কুমাঞ্চিত স্ব স্ব উত্তরীয় দিয়া অন্তর্যামি সেই ভগবানের নিমিত্ত আসন রচনা করিলেন ॥ ৭৫ ॥

উত্তমাপ্ত্যা যথা—

নব্যা যৌবনমঞ্জরী স্থিরতরা রূপঞ্চ বিস্মাপনং
সর্ব্বাভীরমৃগীদৃশামিহ গুণশ্রেণী চ লোকোত্তরা।
স্বাধীনঃ পুরুষোত্তমশ্চ নিতরাং ত্যক্তান্যকান্তাস্পৃহো
রাধায়াঃ কিমপেক্ষণীয়মপরং পদ্মে ক্ষিতৌ বর্ত্ততে ॥ ৭৬ ।

লোচনরোচনী টীকা

সর্ব্বাসামেবাভীরমৃগীদৃশাং যা যৌবনমঞ্জরী নব্যং যৌবনং কিমুতান্যাসাং পুনরিহ শ্রীরাধায়াং নব্যা স্তব্যা সর্ব্বশ্রেয়সীত্যর্থঃ তথা তাসাং যদ্রূপং সৌন্দর্য্যং তদিহ বিস্মাপনং সর্ব্বশ্রেষ্ঠমিত্যর্থঃ তথা তাসাং যা গুণশ্রেণী সাচেহ লোকোত্তরা সর্ব্বতোঽপি লোকানাং চমৎকারকারিণীত্যর্থঃ তথা তাসাং স্বাধীনো যঃ পুরুষোত্তমঃ সচেহ ত্যক্তান্যকান্তাস্পৃহঃ। অন্যকান্তাস্তত্র তা এব লভ্যন্তে ৭৬

আনন্দচন্দ্রিকা টীকা

কিং কামনয়া প্রত্যহমেব রাধা দেবপূজার্থং প্রযততে ইতি পথি পদ্ময়া পৃষ্টা বিশাখা তাং প্রত্যাহ নব্যেতি সর্ব্বাসামেব যৌবনং বর্ত্ততে এব শ্রীরাধায়াস্তু যৌবনমঞ্জরী শ্রীকৃষ্ণভ্রমর-চিত্তাকর্ষণীত্যর্থঃ তত্রাপি নব্যা ভবন্তী স্থিরতরা নিত্যনবীনেত্যর্থঃ যদ্বা স্তব্যা যুষ্মাকং সর্ব্বাভীরমৃগীদৃশাং রূপঞ্চ মহারূপবতীনাং সর্ব্বাসামপ্যাভীরমৃগীদৃশাং বিস্মাপনমিত্যনেন তব সখীং চন্দ্রাবলীমপি চমৎকারয়তি কিং পুনরন্য ইতি ভাবঃ এবং সর্ব্বত্রৈব ধ্বনয়োঽস্য স্পষ্টা এব তেন দেবপূজাদিকং গুরুজনত্রাণমাত্রার্থকমেবেতি ধ্বনিতং ৭৬ ৭৭।

উত্তমপ্রাপ্তিহেতু ধৃতি যথা—

কি কামনায় প্রত্যহ শ্রীরাধা দেবপূজার্থ যত্ন করেন, সখীমধ্যে পদ্মা এরূপ জিজ্ঞাসা করিলে বিশাখা কহিলেন, পদ্মে! পৃথ্বীতলে শ্রীরাধার আর কি অপেক্ষণীয় আছে, দেখ, তাঁহার নব্যা যৌবনমঞ্জরী নিত্য স্থিরতারূপে বিরাজ করিতেছে, রূপ এরূপ অদ্ভুত যে সমস্ত আভীর-মৃগাক্ষীকেও বিস্মাপিত করিয়াছে, গুণরাশি ঈদৃশ অত্যাশ্চর্য্য যে, লোকত্রয়ে তত্তুল্য আর কাহারও সে রূপ নাই, অধিক কি পুরুষোত্তম স্বাধীন হইলেও, তিনি শ্রীরাধায় আসক্তচিত্ত হইয়া অন্যকান্তা স্পৃহা একেবারেই পরিত্যাগ করিয়াছেন, অতএব শ্রীরাধা আর কি কামনা করিবেন। ৭৬।

অথ হর্ষঃ ॥ ৭৭ ॥

সোঽভীষ্টেক্ষণেন যথা—শ্রীদশমে ॥

তং বিলক্ষ্যাগতং শ্রেষ্ঠং শ্রীত্যুৎফুল্লদৃশোঽবলাঃ ।
উত্তস্থুর্যুগপৎ সর্ব্বাস্তন্বঃ প্রাণমিবাগতং । ৭৮ ।

যথাবা ললিতমাধবে ।

স এষ কিমু গোপিকাকুমুদিনীসুধাদীধিতিঃ
স এষ কিমু গোকুলস্ফুরিতযৌবরাজ্যোৎসবঃ ।

লোচনরোচনী টীকা ।

হর্ষশ্চেতঃ প্রসন্নতা ৭৭
তন্বস্তদবয়বাঃ আগতমিত্যনেন পূর্ব্বং গতমিত্যুহতে ৭৮
স এষ কিমুগোকুলস্ফুরিতেতি চরণস্য প্রথমতঃ পাঠস্তু বৈশিষ্ট্যোদ্গমকঃ । ৭৯ ।

আনন্দচন্দ্রিকা টীকা ।

শ্রীশুকদেবো বর্ণয়তি তং বিলোক্য ইতি তন্বস্তন্ববয়বাঃ । ৭৮ ।
অভীষ্টস্য সামান্যাকারেণেক্ষণেন হর্ষমুক্ত্বা বিশেষাকারেণাপ্যুদাহর্ত্তুমাহ যথাবেতি ।
শ্রীরাধিকা বর্ণয়তি স এষ ইতি । সুধাদীধিতিশ্চন্দ্র ইতি গোপিকাভ্যো মদ্বিধাভ্যঃ সর্ব্বাভ্য
এবোল্লাসদায়িত্বং যূনাং রাজা যুবরাজস্তস্য ভাবঃ কর্ম্ম বা যৌবরাজ্যং তদ্রূপ উৎসব ইতি

অথ হর্ষ । ৭৭ ।

অভীষ্টদর্শননিমিত্তক হর্ষ যথা—
দশমে ৩২ অধ্যায়ে ৩ শ্লোকে ॥

শুকদেব কহিলেন, রাজন্ ! সেই প্রিয়তম শ্রীকৃষ্ণকে আগত দেখিয়া অবলা সকলের লোচন প্রীতিহেতু উৎফুল্ল হইল এবং প্রাণকে আগত দেখিয়া হস্ত পদাদি অবয়ব সকল যদ্রূপ হর্ষে উত্থিত হয় তাহার ন্যায় ব্যস্ত সমস্ত হইয়া সকলে একেবারে উত্থান করিলেন । ৭৮ ॥

অভীষ্টের সামান্যাকার দর্শন উদাহরণ করিয়া বিশেষরূপে উদাহরণ করিবার নিমিত্ত কহিলেন ॥

যথাবা ললিতমাধবে ।

শ্রীরাধা ললিতাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, সখি ! ইনি কি সেই গোপিকা-কুমুদিনী-বিকাশক-সুধাংশু, না ইনি গোকুলযৌবত-

স এষ কিমু মন্মনঃপিকবিনোদপুষ্পাকরঃ
স্বয়ং দবি দৃশোর্দ্বয়ীমমৃতবীচিভিঃ সিঞ্চতি ৭৯।

অভীষ্টলাভেন যথা —তত্রৈব

আলোকে কমলেক্ষণস্য সজলাসারে দৃশৌ ন ক্ষমে
নাশ্লেষে কিল শক্তিভাগতিপৃথুস্তম্ভা ভুজালিঃ ক্ষমী।
বাণী গদ্গদকুণ্ঠিতোত্তববিধৌ নেশে চিরোপস্থিতে
বৃত্তিঃ কাপি বভূব সঙ্গম নয়ে বিঘ্নঃ কুরঙ্গীদৃশঃ ৮০।

লোচনরোচনী টীকা

গদ্গদকুণ্ঠিতা সতী উত্তববিধৌ নালং ন সমর্থাসীৎ তদেবং কাপি বৃত্তিশ্চিরোপস্থিতে সঙ্গমস্য নয়ে বিঘ্নো বভূব ৮০

আনন্দচন্দ্রিকা টীকা।

কামবিলাসসুখদাবিত্বং চোক্ত্বাঽপি মন্মন এব পিকস্তস্য বিনোদে ক্রীড়ালম্পট্যে পুষ্পাকরো বসন্ত ইতি স্বস্য বিশেষত আসক্ত্যাধিক্যদাবিত্বং শ্রীকৃষ্ণস্য ব্যঞ্জিতং। উৎসবপক্ষে পুষ্পাকরপক্ষে চামৃতবীচিভিরানন্দতরবৈঃ ৭৯

সমৃদ্ধিমতি সম্ভোগারম্ভে শ্রীরাধায়া আনন্দবৈবশ্যং নববৃন্দা বর্ণয়তি আলোকে বিষয়ে দৃশৌ ন সমর্থে যতঃ সজলাসারে অশ্রুধারাসম্পাতবত্যৌ। তথা গদ্গদকুণ্ঠিতা চ বাণী উত্তরবিধৌ নালং ন সমর্থা তদেবং চিরাদুপস্থিতে সঙ্গমস্য নয়ে প্রাপ্তৌ কাপি প্রেম এব বৃত্তির্বিঘ্নো বভূব ৮০

রাজ্যের উৎসব, অথবা ইনি কি সেই আমার মানসকোকিলের বিনোদকারী বসন্ত, যে হেতু হে কৃশোদরি! ইনি আমার নেত্র-দ্বন্দ্বকে অমৃততরঙ্গ দ্বারা সেচন করিতেছেন। ৭৯

অভীষ্টলাভহেতু হর্ষ যথা—ললিতমাধবে।

সমৃদ্ধিমান্ সম্ভোগের আরম্ভে শ্রীরাধার আনন্দবৈবশ্য নববৃন্দা বর্ণন করিয়া কহিলেন, সখি! কমললোচন কংসদমনকে অবলোকন করিয়া শ্রীরাধার নেত্রযুগল অশ্রুজলে পরিপূর্ণ হইয়া উঠিল, সুতরাং আর দেখিতে সমর্থা হইলেন না, বিশাল-বাহুবল্লী এমত স্তম্ভিতা হইল যে, তদ্দ্বারা আর আলিঙ্গন করিতে পারিলেন না, বাণী গদ্গদ হইয়া কুণ্ঠিতা হওয়ায়, উত্তর দানেও সমর্থা হইলেন না। অতএব হে

অথৌৎসুক্যং ॥

তদিষ্টেক্ষাস্পৃহয়া যথা—হংসদূতে ॥

অসব্যং বিভ্রাণা পদমধৃতনাক্ষারসমদৌ
প্রযাতাহং মুগ্ধে বিরম মম বেশৈঃ কিমধুনা।
অমন্দাদাশঙ্কে সখি পুরপুরন্ধ্রী কলকলা
অলিন্দাগ্রে বৃন্দাবন কুসুমধন্বা বিজয়তে

লোচনরোচনা টীক

ঔৎসুক্যং স্পৃহয় কালযাপনাক্ষমত্বং ৮১

আনন্দচন্দ্রিকা টীকা

ঔৎসুক্যং স্পৃহয়া কালযাপনাযামক্ষমত্বং মথুরাং প্রবিষ্টে শ্রীকৃষ্ণে কাচিৎ পুরস্ত্রী-প্রসাধয়িত্রীং স্বসখীং প্রত্যাহ অসব্যং দক্ষিণং মুগ্ধে ইত্যলক্তারপাবধানং মে নিত্যং বর্ত্তত এব শ্রীকৃষ্ণদর্শনস্য পরমদুর্লভমিতি ত্বং ন জানাসীতি ভাবঃ। নন্বধুনাপি কৃষ্ণো দূরে আয়াতি কিং তবল ভবসীতি অত আহ অমন্দাদীতি অলিন্দাগ্র ইতি ক্ষণমাত্র বিলম্বে সতি অয়ং ইতো যাস্যতি দ্রষ্টুমহং ন প্রাপ্স্যামীতি ভাবঃ বৃন্দাবনস্য কুসুমধন্বেতি মূর্ত্তিধারী কন্দর্পো মাং শরৈস্তত্রত্যা গোপীরিব মাং শরৈর্বিধ্যতু গাঢ়মিতি মে মহানেবাভিলাষো বর্ত্ততে পাতিব্রত্যায় মদাদ্যঞ্জলাঞ্জলির্দাতব্য ইতি ধ্বনিঃ অনেষ্টেক্ষাস্পৃহয়ৈব প্রথমমৌৎসুক্যং স্পষ্টমিতি তদেবোদাহৃতং কুসুমধন্বেতি পদব্যঞ্জিতয়া ইষ্টাপ্তিস্পৃহয়া দ্বিতীয়মৌৎসুক্যং তু নাস্যাঃ প্রায়ঃ সফলমিতি ন তদুদাহৃতং।

সুন্দরি! ঐ কুলসাক্ষীর চিরকালের পর সঙ্গম উপস্থিত হইলে কোন এক প্রেমের বৃত্তিই বিঘ্ন স্বরূপা হইয়াছিল ॥ ৮০ ।

অথ ঔৎসুক্য।

ইষ্টদর্শনের স্পৃহাহেতু ঔৎসুক্য যথা—হংসদূতে।

শ্রীকৃষ্ণ মথুরা প্রবেশ করিতেছেন, এমন সময়ে কোন পুরস্ত্রী আপনার বেশরচনাকারিণী সখীর প্রতি কহিলেন, মুগ্ধে! আর কেন আমার বেশ রচনা করিতেছ, ক্ষান্তা হও, দক্ষিণপদে অলক্তক না দেওয়া হইলেও আমি যাইতেছি, হে সখি! ঐ শ্রবণ কর পুরপুরন্ধ্রী সকলের কল কল রব উদ্গত হইতেছে, বোধ হয় অলিন্দের (ছাইচের) অগ্রে বৃন্দাবনীয় কন্দর্প বিরাজ করিতেছেন, আর বিলম্ব করিতে পারি না ॥

ইষ্টাপ্তিস্পৃহয়া যথ —শ্রীগীতগোবিন্দে

অঙ্গেষ্বাভরণং করোতি বহুশঃ পত্রেঽপি সঞ্চারিণি-
প্রাপ্তং ত্বং পরিশঙ্কতে বিতনুতে শয্যাং চিরং ধ্যায়তি।
ইত্যাকল্পবিকল্পতল্পরচনাসংকল্পলীলাশত-
ব্যাসক্তাপি বিনা ময়া বরতনুর্নৈষ্যতি নিশাং নেষ্যতি ৮১॥

অথৌগ্র্যং।

আনন্দচন্দ্রিকা টীকা

বাসকসজ্জায়াঃ শ্রীরাধায়াঃ সখী শ্রীকৃষ্ণমাহ অঙ্গ ইতি ইতি অনেন প্রকারেণ ৎকল্পো বেষঃ বিকল্পে বিতর্কঃ তল্পরচনা শয্যানির্মাণেকৌশলং সঙ্কল্পেন লীলাশতমিতি চিরং ায়তীত্যস্য বিবরণং সঙ্কল্পশ্চাদ্য স আগত্য যদা মে কঞ্চুকীং ধাস্যতি তদা তৎকরং করেণ রুদ্ধ অপসার্য্য বিবর্ত্তিষ্যে যদা মে পাদৌ ধৃত্ব কিমপি প্রার্থয়িষ্যতে তদা স্মিতমুখী হি নহীতি বক্ষ্যামীত্যাদিপ্রকারঃ তথাভূতাপি ত্বয়া বিনা ত্বঞ্চেত্তত্র ন যাস্যসীত্যর্থঃ এষা নীবীং নিশাং ন নেষ্যতি ন যাপয়িষ্যতি যথা যথা বিরহসন্তাপঃ প্রবলী ভবিষ্যতি তথা তথা অশ্রু দুর্ব্বলী ভূয় নষ্যন্তী তাং দর্শনীদৃশং প্রাপয়িষ্যতীতি ভাবঃ ৮১॥

ইষ্টপ্রাপ্তির স্পৃহাহেতু ঔৎসুক্য যথা—শ্রীগীতগোবিন্দে।

বাসকসজ্জা শ্রীরাধার সখী আসিয়া শ্রীকৃষ্ণের নিকট কহিল, হে মুরান্তক। অদ্য শ্রীরাধা তোমার আগমন প্রত্যাশায়, অঙ্গে বহু বহু প্রকারের আভরণ সকল ধারণ করিতেছেন, বৃক্ষপত্রের সঞ্চারে তোমারই আগমন হইল মনে করিয়া শঙ্কিতা হইতেছেন, ক্ষণকাল বা শয্যা রচন করিতেছেন, ক্ষণকাল বা দীর্ঘ চিন্তায় সময় যাপন করিতেছেন, হে মুরান্তক। এইরূপে ঐ বরতনু বেশরচনা, বিতর্ক, শয্যানির্ম্মাণ ও সঙ্কল্প রূপ শত শত লীলায় আসক্তা হইলেও, তোমা ব্যতিরেকে ক্ষণ ক্ষণে নিশা যাপন করিতে সমর্থ হইবেন না ৮১

অথ ঔগ্র্য অর্থাৎ উগ্রতা।

ঔগ্র্যং নৃসাক্ষাদঙ্গং স্যাত্তেন বৃদ্ধাদিষূচ্যতে ৮২॥

যথা—বিদগ্ধমাধবে

নবীনাগ্রে নপ্ত্রী চটুল নহি ধর্ম্মাত্তব ভয়ং
ন মে দৃষ্টির্মধ্যে দিনমপি জরত্যাঃ পটুরিয়ং।

লোচনরোচনী টীকা।

ঔগ্র্যং ৮৩৩। ৮২

নবীনেতি তত্র নপ্ত্রী দৌহিত্রী নপ্ত্রী পৌত্রী সুতাত্মজেত্যত্র ক্বচিত্তথা ব্যাখ্যানাৎ। ততঃ পুত্রৈশ্চ পৌত্রৈশ্চ নপ্তৃভিঃ সহ গোত্রজৈরিতি তৃতীয়স্কন্ধে ভেদেনোপাদানাচ্চ। যদ্যপি যদ্ধামার্থসুহৃৎপিত্র্যাত্মতনয়প্রাণাশয়াস্তৎকৃতে। নাস্থয়ন্ খলু কৃষ্ণায় ইত্যাদিরীত্যা শ্রীকৃষ্ণং

আনন্দচন্দ্রিকা টীকা।

ঔগ্র্যং অপরাধ ভুরুক্ত্যাদিভবং বিষয়ালম্বনসুখপ্রতীপাচরণরূপং চণ্ডত্বং তচ্চ নসাক্ষাদঙ্গং স্যাদিতি নায়কয়োঃ পরস্পরপেশলত্বাদিত্যর্থঃ বৃদ্ধাদিষু মুখরা জটিলাদিষু যদ্যপি ব্রজবাসিজনমাত্রস্যৈব প্রেমবত্ত্বসিদ্ধান্তান্মুখরা জটিলাদয়োঽপি শ্রীকৃষ্ণসুখপ্রতীপাচরণবত্যো ন সম্ভবন্তি তদপি নপ্তুঃ শ্রীকৃষ্ণস্য নপ্ত্র্যাঃ শ্রীরাধায়াশ্চ ধর্ম্মোল্লঙ্ঘনং সুখমপি দুঃখোদর্কমহিতমমঙ্গলময়ঞ্চ ইতি মনসি বিচার্য্য তত্র মুখরাদ্যাঃ প্রতীপায়ন্তে অতস্তাসাং তদৌগ্র্যং নায়কয়োঃ পরস্পরদুর্ভর্ত্তৃকাদিকমিতি স্থায়িভাবপুষ্টিঃ। ৮২।

মানভঙ্গার্থং শ্রীরাধাসন্নিধৌ যতমানং শ্রীকৃষ্ণমকস্মাদায়াতা মুখরা বীক্ষ্য হে কৃষ্ণ ইহ স্ত্রীজনানাং মধ্যে তব স্থিতিরনুচিতা অতস্ত্বমিতে যাহীত্যুক্তেঽপি ধৃষ্টতয়া তস্মিন্ যাতে সা সামর্ষমাহ নবীনেতি। নপ্ত্রী মম দৌহিত্রী নপ্ত্রী পৌত্রী সুতাত্মজা ইত্যত্র সুতায়া আত্মজে-

---

ঔগ্র্য সাক্ষাৎ অঙ্গ বলিয়া গৃহীত হয় না, এ কারণ উহা বৃদ্ধাদিতে প্রদর্শিত হইতেছে॥ ৮২

বিদগ্ধমাধবে যথা—

এক দিবস শ্রীকৃষ্ণ মানভঙ্গার্থ শ্রীরাধার নিকট যত্ন করিতেছিলেন, দৈবাৎ আগতা মুখরা শ্রীকৃষ্ণকে দেখিয়া কহিল, কৃষ্ণ! ইহারা সকল স্ত্রীজন, ইহাদের মধ্যে তোমার অবস্থান অনুচিত, অতএব তুমি এখান হইতে চলিয়া যাও, জরতীর এই বাক্যে ধৃষ্টতা প্রযুক্ত শ্রীকৃষ্ণ কোন ক্রমেই যাইতেছিলেন না, তাহাতে ঐ মুখরা ক্রোধ প্রকাশ পূর্ব্বক কহিল, অরে চঞ্চল! অগ্রে নপ্ত্রী অতিনবীনা, তোর ধর্ম্মভয় নাই

অনিন্দ্যাঙ্গং নন্দ ব্রজ ন যদি রে যাসি ভবসা
ততোঽহং নির্দ্দোষা পথি কিয়তি হংহো মধুপুরী ৮৩

অথামর্ষঃ ৮৪

সোঽধিক্ষেপাদ্যথা—শ্রীদশমে।

তস্যাঃ স্মরচ্যুত নৃপা ভবতোপদিষ্টাঃ
স্ত্রীণাং গৃহেষু খরগো শ্ব-বিড়ালভৃত্যাঃ।

লোচনরোচনী টীকা

প্রতি ব্রজমাত্রস্য তাসূয়াদিকং নসম্ভবত্যেব তথাপি স্বনপ্রীপক্ষপাতেন নবীন এ ইত্যাদিনা তস্মিন্নাক্ষেপঃ পরদারসন্নিকর্ষময়মমঙ্গলং স্য মাভূদিত্যন্তর্বিচিন্ত্য তএ তত্রৌগ্র্যাভাসো দর্শিতঃ ৮৩।

অথামর্ষ ইতি অধিক্ষেপাপমানাদে স্যাদমর্ষোঽসহিষ্ণুতা ৮৪

কর্কশপরিহাসং বিধায় শ্রীকৃষ্ণেনোদ্বেজিতায়াঃ রুক্মিণ্যা বচনং তস্যাঃ স্মরচ্যুতেতি ৮৫

আনন্দচন্দ্রিকা টীকা

ত্যপি ব্যাখ্যানাৎ ততঃ পুত্রৈশ্চ পৌত্রৈশ্চ নপ্তৃভিঃ সহ গোত্রজৈরিতি তৃতীয়স্কন্ধে ভেদেনোক্তত্বাচ্চ নন্বএ শ্যন্ত্যাস্তবাগ্রে তিষ্ঠতো মম কো দোষস্তত্রাহ ন মে দৃষ্টিরিতি দিনস্য মধ্যে মধ্যে দিনং তদপি হ্রস্বমেব তং পুনর্ভীষয়মাণাহ ততোঽহমিতি কিয়তি পথি অদূরে ইত্যর্থঃ তুভ্যমেতৎ ফলং দাতুং কংসাদশ্ববারানানেষ্য ইতি ভাবঃ। ৮৩

অমর্ষোঽধিক্ষেপাপমানাদেরসহিষ্ণুতা ৮৪

শ্রীকৃষ্ণপরিহাসেনাধিক্ষিপ্তা শ্রীরুক্মিণী সাক্ষেপমাহ। নৃপাশ্চৈদ্যশাল্বাদয়ঃ নৃপা অপি অন্যত্র শূরা অপি স্ত্রীণাং গৃহেষু অন্তঃপুরেষু খরাদ্য ইব তত্তদ্ধর্ম্মিণো বীভৎসা ইত্যর্থঃ।

এবং আমিও জবতী, দ্বিতীয় প্রহর বেলাতেও অ মার দৃষ্টি হয় না, তুই যদি আমার প্রাঙ্গন হইতে না যাইতেছিস্, তবে আমার কোন দোষ নাই, মধুপুরী অতি অদূরে, মহারাজ কংসের নিকট হইতে অশ্ববার (অশ্বারোহী) আনয়ন করিয়া, তোর সমুচিত শাস্তি প্রদান করিব ॥ ৮৩

অমর্ষ অর্থাৎ অধিক্ষেপ ও অপমানহেতু অসহিষ্ণুতা ॥ ৮৪ ॥

অধিক্ষেপহেতু অহিষ্ণুতা যথা—শ্রীদশমে ৬০ অধ্যায়ে ৪২ শ্লোকে।

শ্রীকৃষ্ণের পরিহাস বাক্যে অধিক্ষিপ্তা রুক্মিণী আক্ষেপের সহিত কহিলেন, হে অচ্যুত! হে শত্রুদমন! হর বিরিঞ্চি-সভায় গীয়মান,

ঘৎ কর্ণমূলমরিকর্ষণনোপযায়া-
দস্মৎকথা মৃড়বিরিঞ্চিসভাসু গীতা ॥ ৮৫

অপমান হেতু—বিদগ্ধমাধবে

বালে বল্লবযৌবতস্তনতটীদত্তার্দ্ধনেত্রাদিতঃ
কামং শ্যামশিলাবিলাসিহৃদয়াচ্চেতঃ পরাবর্ত্তয়।
বিদ্মঃ কিন্নহি যদ্বিকৃষ্য কুলজাঃ কেলীভিরেষ স্ত্রিয়ো
ধূর্ত্তঃ সঙ্কুলয়ন্ কলঙ্কততিভির্নিঃশঙ্কমুন্মুঞ্চতি ॥ ৮৬ ।

লোচনরোচনী টীকা।

যদ্যপি বালে ইতি সখ্যা এবামর্ষো নতু নায়িকায়াস্তথাপি তস্য ভাবঃ তস্যা বতিঃ পুর্য্যত ইতি যুক্তমেবোদাহরণং। এবং পূর্ব্বত্র চ জ্ঞেয়ং কলঙ্কততিভিঃ সঙ্কুলয়-ন্নিত্যন্বয়ঃ মিলিতী কুর্ব্বন্নিত্যর্থঃ ॥ ৮৬ ।

আনন্দচন্দ্রিকা টীকা।

বস্যাকর্ণয়োর্মূলমপি ঈষদপি হে অরিকর্ষং ॥ ৮৫

মানং প্রবর্ত্তয়ন্তী ললিতা শ্রীরাধামাহ বল্লবযৌবতেতি বহুবল্লভত্বেন কামমাত্র তাৎ-পর্য্যকত্বেন প্রেমশূন্যাদিতি ভাবঃ তত্রাপি শ্যামশিলেব বিলাসিবর্ণতো দ্রঢ়িম্না চ শোভমানং হৃদয়ং যস্য তস্মাদিতি প্রাণরিজনকষ্টদর্শনেঽপ্যক্রতহৃদয়াদিতি ভাবঃ পরাবর্ত্তয়েত্যপবাদেন পূর্ব্বং প্রবেশিতমপি চিত্তং সংপ্রত্যপি পরিণামদর্শিনী ভূত্বা নিবর্ত্তয়েতি ভাবঃ। কিঞ্চাত্র ময়াচি সন্দেহো নৈব কর্ত্তব্য ইত্যাহ বিদ্ম ইত্যাদি। সঙ্কুলয়ন্ ব্যাপ্তী কুর্ব্বন্ নিঃশঙ্কমিতি হন্ত হন্ত আসাং লোকধর্ম্মাবুভাবপি ময়া বিধ্বস্তৌ তথাপি পুনঃ স্ববিরহসন্তাপেন জ্বালেন পরলোকে কা গতির্মে ভবিষ্যতীতি ভয়মপ্যস্য নাস্তীতি ভাবঃ। ৮৬

তোমার কথা যে কামিনীর কর্ণমূলে আগমন করে নাই, তোমা কর্ত্তৃক উপদিষ্ট এবং স্ত্রীদিগের গৃহে গর্দ্দভ গো, কুক্কুর, বিড়াল ও ভৃত্য তুল্য, সেই রাজারা ঐ অভাগিনীর পতি হইবার যোগ্য। ৮৫ ।

অপমানহেতু অমর্ষ যথা—বিদগ্ধমাধবে

মান প্রবর্ত্তনকারিণী ললিতা শ্রীরাধাকে কহিলেন, রাধে! শ্রীকৃষ্ণের রূপ হইতে আপনার চিত্তকে পরাবৃত্ত কর, উনি বল্লবযুবতিবৃন্দের স্তনতটে নিরন্তর অর্দ্ধদৃষ্টি নিক্ষেপ করিয়া থাকেন, হে বালে! তুমি কি জান না, ঐ ধূর্ত্ত কুলকামিনীগণকে বলপূর্ব্বক কেলি দ্বারা আকর্ষণ

অথাসূয়া।

সা সৌভাগ্যেন যথা—শ্রীদশমে॥

ইত্যন্যধিকমগ্নানি পদানি বহতো বধূং।

গোপ্যঃ পশ্যত কৃষ্ণস্য ভারাক্রান্তস্য কামিনঃ ৮৭॥

যথাবা তত্রৈব।

গোপ্যঃ কিমাচরদয়ং কুশলং স্ম বেণু-

র্দামোদরাধরসুধামপি গোপিকানাং।

লোচনবাচনী টীকা।

অসূয়া ত্বপরঃ শ্রীদ্বেষঃ ৮৭।

হে গোপ্যঃ। বনং কিং কুশলং পুণ্যমাচরৎ যদস্মাদেগোপিকানাং স্বমপি ধনত্বং।

আনন্দচন্দ্রিকা টীকা।

অসূয়া পরোদয়ে দ্বেষঃ। রাসান্তর্দ্ধানে শ্রীকৃষ্ণমন্বিষ্যন্তীনাং গোপীনাং মধ্যে পদ্মাদ্যা আহুঃ। বধূং শ্রীরাধাং হে গোপ্য ইতি যুষ্মদ্বিধাঃ প্রেমবতীমপি ত্যক্ত্বা বধূং বহতঃ। কামিন ইতি সংপযোগমাত্র তাৎপর্য্যেণেত্যর্থঃ ৮৭

অসূয়াযাঃ স্বস্বামি-জনবিষয়ত্বেনৈব প্রসিদ্ধত্বাদত্র তু কামিন ইতি পদেন তস্যাঃ

করিয়া কলঙ্কর শিতে পরিব্যাপ্ত করত নিঃশঙ্কে পরিত্যাগ করিয়া থাকেন। ৮৬।

অথ অসূয়া অর্থাৎ পরসৌভাগ্যে বিদ্বেষ।

সৌভাগ্যহেতু অসূয়া যথা—

শ্রীদশমে ৩০ অধ্যায়ে ২৮ শ্লোকে।

রাসান্তর্দ্ধানে শ্রীরাধাকে দেখিতে না পাইয়া গোপীগণমধ্যে চন্দ্রাবলীর সখী পদ্মা প্রভৃতি কহিলেন, অহে গোপী সকল। দেখ দেখ বধূ বহন করিতে করিতে কামী কৃষ্ণ ভারাক্রান্ত হইয়াছিলেন, তজ্জন্য এ স্থানে তাঁহার এই সকল পদচিহ্ন অধিক গর্ত্ত হইয়াছে॥ ৮৭।

উক্ত উদাহরণে স্বীয় স্বামিজনবিষয়ত্ব প্রযুক্ত অসূয়া স্পষ্ট না হওয়াতে অপরিতোষচিত্তে পুনর্ব্বার কহিলেন।

যথাবা শ্রীদশমে ২১ অধ্যায়ে ৯ শ্লোকে॥

পূর্ব্বাহ্নে গোচারণ রত শ্রীকৃষ্ণের বেণুনাদ শ্রবণ করিয়া ব্রজাঙ্গনা-

ভুঙ্‌ক্তে স্বয়ং যদবশিষ্টরসং হৃদিন্যো
হৃষ্যত্বচোঽশ্রুমুমুচুস্তরবো যথার্য্যাঃ। ৮৮।

লোচনশোচনী টীকা

মপি দামোদরাধরসুধাং ভুঙ্‌ক্তে স্ত্রীজাতিশ্চেদত্যনুরাগেণ পরাসাং পত্যুরধরসুধাং ভুঙ্‌ক্তাং নাম সোঽয়ং বেণুঃ পুরুষজাতীয়ঃ তত্রাপি কথং তাং ভুঙ্‌ক্তে ইতি তু বেণুপক্ষাভিপ্রায়েণ তত্রোপহাসঃ তত্র চ স্বয়মাত্মনৈব ভুঙ্‌ক্তে কস্যাশ্চিদপি গোপিকায়াস্তল্লেশপ্রাপ্ত্যভাবা-ত্তত্রাপি আশ্চর্য্যমিতি ভাবঃ অহো আস্তাং তদপি যস্তাবশিষ্টো ভুক্তত্যক্তো যো রসঃ তং পরমপবিত্রা হৃদিন্যোঽপি ভুঞ্জতে সমাস্বাদ্য ফুল্ল ভবন্তি অহো তদপি আস্তাং তস্য বেণোস্তাদৃশমহিমদর্শনাত্তদ্ভোগপাত্রান্তরোঽপ্যঙ্কুরাদিনিষেধেন হৃষ্যত্বচো রোমহর্ষযুক্তা মধু-মিষেণাশ্রু মুমুচুর্মুঞ্চন্তীত্যর্থঃ তদেতং তস্যাস্থায়মপি ন গণয়ন্তীতি ভাবঃ তত্র চ যথা আর্য্যাঃ কেচিদাত্মগোত্রজমহিমদর্শনেন তত্তদ্ভাবান্ দধতি তথেতি তেষামনার্য্যত্বং ব্যঞ্জিতং ৮৮

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীকৃষ্ণনিষয়ত্বেনৈব স্পষ্টত্বাদপি বিভূষ্যমাহ যথাবেতি। পূর্ব্বাহ্ণে গাশ্চারয়তঃ শ্রীকৃষ্ণস্য বেণু-মাকর্ণ্য গোপ্যঃ পরস্পরমাহুঃ হে গোপ্যঃ বেণুঃ কিং স্বিৎ কুশলং পুণ্যমাচরৎ যদ্বা। কিং মহাপুণ্যমাচরৎ অপি তু ন কিমপি স্থাবরজাতিত্বেনৈব লক্ষ্যত ইতি ভাবঃ তদপি দামো-দরস্যাধরসুধাং ভুঙ্‌ক্তে ইতি কথমিদং বয়ং সোঢ়ুং প্রভবাম ইতি ভাবঃ তত্র হেতুর্গোপিকা-নামিতি অধরসুধাং গোপিকানামস্মাকমেব স্বং শ্রীকৃষ্ণস্য গোপত্বাৎ পুরুষত্বাচ্চ অস্মাকং গোপীত্বং স্ত্রীত্বাচ্চ ইতি ন্যাযপাপ্তেঃ নিত্যং বাত্রাবস্মাভিঃ সংভুজ্যমানত্বাচ্চ বেণুস্তু বিজা-তীয়স্তত্রাপি পুরুষজাতিস্তত্রাপি শ্রীকৃষ্ণবদিতরত্বেনাত্মানমস্য শ্রীকৃষ্ণোপরাগীত্বাভিমানং ধত্তে তত্রাপি ধার্ষ্টেন পুনঃ পৌনঃপুন্যেন বিস্রম্ভাদিনা সংভুঙ্‌ক্তে তত্রাপি পরমং ধনং তত্রাপি ন চৌর্য্যেণ কিন্তু ধনস্বামিনীবন্মান্ ফুৎকারেণ জ্ঞাপয়িত্বৈব কিঞ্চ নায়ং ফুৎকারঃ কিন্তু স্বসম্ভোগো-থং মণিতমেব তচ্চাস্মান্ শ্রাবয়িত্বৈব তথাপি ন বশিষ্টঃ নাবশিষ্টো রসঃ কিঞ্চিন্মাত্রোঽপি যত্র তদ্যথা ভাণ্ডীরবটোপমিত্যাদিনা অকারলোপঃ ধনস্বামিনী-নামস্মাকং কৃতে স্বভুক্তাবশিষ্টমপি ন কিঞ্চিদক্ষতীত্যহো ধার্ষ্ট্যমিতি ভাবঃ কিঞ্চ। তদ্দেশবর্ত্তিনঃ সর্ব্ব এব জনাস্তাদৃশা এবেত্যাহুঃ যদ্বয়ন্তাবদধরসুধাভোগাৎ তং বীক্ষ্য ইত্যর্থঃ হৃদিন্যো নদ্যো হৃষ্যত্বচঃ উৎফুল্লকমলাদিমিষেণ পুলকবত্যো বভূবুঃ তরবো মকরন্দমিষেণাশ্রু মুমুচুঃ যথা আর্য্যাঃ সাধবোঽপি পুলকাদিগন্তো ভগবদ্গুণানুবাদাদ্ভবন্তি তথৈব তে বেণো-র্মণিতাদিভিঃ। হৃদিন্যোঽস্য সখ্যস্তরবোঽস্য সখায়ঃ দুঃ এবেতি বেণু হৃদিনী তরবঃ সর্ব্ব এবাস্মাকং বৈরিণঃ এবেতি ভাবঃ ৮৮

অর্থ। পরস্পর কহিলেন, হে গোপী সকল! এই বেণু কি অনির্ব্বচনীয়

যথাবা।

কৃষ্ণাধরমধুমুগ্ধে পিবসি মদেতি ত্বমুন্মদ মাভূঃ।
মুরলীভুক্তবিমুক্তে রজ্যতি ভবতীব ক তত্রে

লোচনরোচনী টীকা।

কৃষ্ণাধরেতি বচনমপ্যনুরাগবৈচিত্ত্যেন পূর্ব্ববন্মুরল্যাস্তদধরপানং নিশ্চিত্য ৮৯।

আনন্দচন্দ্রিকা টীকা।

অচেতনে বেণাবসূয়া হি ন ফলবতী ভবতীতি পুনরপ্যপরিতুষ্যন্নাহ যথ বেতি কাচিন্মধুপানোন্মত্তা গোপী পথি স্বপিপক্ষাং ব্রজদেবীং কাঞ্চিদ্বীক্ষ্য, উন্মাদেনৈব তস্যাঃ শ্রীকৃষ্ণসম্ভোগমনুমায় সাসূয়মাহ হে মুগ্ধে ত্বং শ্রীকৃষ্ণাধরমধু সদা পিবসি ইত্যুন্মদা উৎকৃষ্টার্ব্বা মাভূঃ অস্মাভিস্তু তদপবিত্রং জ্ঞাত্বা পবিত্যক্তমেবেত্যাহ মুরল্যা আদৌ ভুক্তং পশ্চাদ্বিমুক্তং ত্যক্তং যত্তস্মিন্ অধরমধুনি হে মুগ্ধে ইত্যুচ্ছিষ্টপানাতোঽপি গর্ব্বোদ্রেকাদিতি ভাবঃ।

পুণ্য করিয়াছিল বলিতে পারি না, যেহেতু শ্রীকৃষ্ণের যে অধর সুধা কেবল গোপীদিগের ভোগ্যা, এই বেণু তাহা স্বাতন্ত্র্যরূপে যথেষ্ট পান করিতেছে, তাহাতে কেবল রসমাত্র অবশিষ্ট আছে এই বংশীর আরও সৌভাগ্য দেখ, যাহাদের জলে উহা পরিপুষ্ট হইয়াছিল, সেই সকল হ্রদিনীরাও বিকশিত কমলচ্ছলে সেই প্রকারে রোমাঞ্চিত লক্ষিত হইতেছে, আর যাহাদের বংশে উহা উৎপন্ন হইয়াছিল, সেই সকল তরুও মধুধারাচ্ছলে সেই প্রকারে আনন্দাশ্রু মোচন করিতেছে, যেমন কুলবৃদ্ধ পুরুষেরা আপনাদের বংশে ভগবৎসেবক দেখিতে পাইলে রোমাঞ্চিত হয়েন এবং আনন্দাশ্রু মোচন করেন। ৮৮॥

অচেতন বেণুতে অসূয়া ফলবতী হইতে পারে না, একারণ অপরিতোষ চিত্তে পুনর্ব্বার কহিলেন। যথাব

কাচিৎ মধুপানোন্মত্ত গোপী পথি মধ্যে আপনার কোন বিপক্ষা ব্রজদেবীকে দেখিয়া উন্মাদহেতু তাহার শ্রীকৃষ্ণসম্ভোগ অনুমান করত অসূয়া পূর্ব্বক কহিলেন, হে কৃষ্ণাধরমধুমুগ্ধে! তুমি নিরন্তর পান করিতেছ বলিয়া উন্মদা হইও না, উহা মুরলীর ভুক্তাবশিষ্ট, তোমার তুল্য কে আছে যে, উহাতে অনুরক্তা হইবে।

গুণেন যথা।—

স্বত্তোঽপি মুগ্ধে মধুরং সখী মে
বন্যস্রজঃ স্রষ্টুমসৌ প্রবীণা।
ন স্যাঃ কবৌ সিঞ্চতি চেদ্দুদীর্ণা
নিরুদ্ধ্য দৃষ্টিং প্রণয়াশ্রুধারা। ৮৯।

অথ চাপলং ৯০।

তদ্রাগেণ যথা—

ফুল্লাসু গোকুলতড়াগভবাসু কেলিং
নিঃশঙ্কমাচর চিরং বরপদ্মিনীষু।

লোচনরোচনী টীকা।

চাপলং চিত্তলাঘবং ৯০

ফুল্লাস্বিত্যত্র অলব্ধকুসুমাদিত্যেতৎপদং নিষ্কৃষ্য এব চাপলায় কল্পতে স্ম তত্র হেতোঃ

আনন্দচন্দ্রিকা টীকা

স্বনির্ম্মিত বনমালা শ্লাঘনপরাং পদ্মাং বিশাখায়াঃ সখী কাচিদাহ বন্যস্রজঃ কর্ম্মভূতাঃ। প্রণয়াশ্রুধারেতি বনমালা নামমাত্রেণৈব কল্পালিনঃ স্মৃত্বা সদ্যঃ প্রেমোদয়াৎ তেন স্বং প্রেমশূন্যেতি ধ্বনিতং ৮৯॥

চাপলং চিত্তলাঘবমগাম্ভীর্য্যমিতি যাবৎ ৯০

মহারাসাঙ্গভূতায়াং বনবিহারলীলায়াং কন্দর্পবিলাসোৎসুকং শ্রীকৃষ্ণং বারয়ন্তী ললিতা প্রাহ ফুল্লাস্বিতি নলিনীপক্ষে অলব্ধকুসুমাদিতি কুসুমং বিনা কেবল পদ্মময়া নলিন্যা তত্ত্ব

গুণহেতু অসূয় যথা—

স্বনির্ম্মিত বনমালায় প্রাঘংশ-কারিণী পদ্মাকে বিশাখার কোন সখী কহিলেন, মুগ্ধে! তোমা অপেক্ষা আমার প্রিয়সখী উৎকৃষ্ট বনমালা নির্ম্মাণ করিতে প্রবীণা বটেন কিন্তু যদ্যপি দৃষ্টিনিরোধ করিয়া প্রণয়াশ্রুধারা তাঁহার হস্তদ্বয় সিক্ত না করিত, তবে কি তাঁহার তুল্য বনমালা গ্রন্থন করিতে কাহারও সাধ্য হইত? ৮৯॥

অথ চাপল অর্থাৎ চিত্তের লঘুতাহেতু অগাম্ভীর্য্য ৯০॥

রাগহেতু যথা—

মহারাসের অঙ্গস্বরূপ বনবিহার লীলার কন্দর্পবিলাসোৎসুক

মুগ্ধীমলব্ধকুসুমাং নলিনীং ভৃঙ্গেনাং
ন কৃষ্ণকুঞ্জর করেণ পরিস্পৃশাদ্য ৯১

যথা বা শ্রীগীতগোবিন্দে

রাসে হরিমিহ বিহিতবিলাসমতীব রসালং
স্মরতি মনো মম কৃতপরিরম্ভণমুরুপুলকাভং ।

লোচনরোচনী টীকা।

স্বমেবোপিষ্টং যদা নায়কচাপলমেবমুদাহৃতং ৯১

বিশেষে গমভৃতাং বিক্ষিপ্যানুসন্ধানসমর্থানাং ততশ্চ বহুসাধ পরিরম্ভাদিকং নাযুক্তং

আনন্দচন্দ্রিকা টীকা।

কতরত্বা প্রয়োজনং শ্রীরাধায়াং কুসুমপদেনাতিশয়োক্ত্যা স্পষ্টযৌবনমেব ব্যজ্যতে তেন বিনা মহাতরুণোপগতস্য তব বাধয়া কিং প্রয়োজনমিতি ভাবঃ স্পষ্টযৌবনায়া অপি শ্রীরাধায়াস্তথাত্বেনোক্তিঃ স্ত্রীণাং স্বভাব এবায়মবহিত্থামিব ইতি জ্ঞাপয়তি কিঞ্চাত্র কুসুমপদেন শ্লেষেণান্যো বীভৎসিতোঽর্থো ন ব্যঞ্জয়িতব্যঃ সর্ব্বাসামেব ব্রজবালানাং শ্রীকৃষ্ণনিত্যসঙ্গার্থং যোগমায়য়ৈব স্ত্রীধর্ম্মবিনাশস্য ব্রজসঃ সর্ব্বথৈবানুৎপাদিতত্বাৎ প্রাকৃতেঽর্থে চ ব্রজস্থলা কিং পুনঃ সম্ভোগানুযুক্ত ভবতীতি তন্নিষেধোঽপি নোপপদ্যতে ত্বিতি চ বিচার্য্যং ৯১

নায়িকাবিষয়ং নায়কচাপলমুদাহৃত্য নায়কবিষয়ঞ্চ তদ্যুথ্যমুদাহরতি। যথাবেতি মহানুভাব কবিচূড়ামণিঃ শ্রীজয়দেবো বর্ণয়তি রাসেতি প্রবর্ত্তমানেন মহারাসোল্লাসাতিশয়েন তুমুলনৃত্যগীতবাদ্যসানন্দনিমগ্নানামাভীরবামভ্রুবাং বিভ্রমভৃতাং স্বস্ববিলাস-

শ্রীকৃষ্ণকে নিষেধ পূর্ব্বক ললিতা কহিলেন, অহে কৃষ্ণকুঞ্জর! গোকুলতড়াগোদ্ভব ফুল্লবরপদ্মিনী সকলে নিঃশঙ্কচিত্তে চিরকাল কেলি অচিরং কর, কিন্তু আজি এই অলব্ধ কুসুম (ঋতুশূন্য) মুগ্ধী নলিনীকে কর (শুণ্ড) দ্বারা স্পর্শ করিও না ।৯১

নায়িকাবিষয়ে নায়কের চাপল্য উদাহরণ করিয়া নায়কবিষয়ে নায়িকার চাপল্য উদাহরণ করিতেছেন।

যথা গীতগোবিন্দে ॥

রাসোল্লাসভরে বিভ্রমবতী আভীর সুভ্রুগণের সমীপে শ্রীরাধা প্রেমে অন্ধ হইয়া মুরহরের উরঃস্থলে গাঢ় আলিঙ্গন করত কহিলেন,

সাধু তদ্বদনং সুধাময়মিতি ব্যাহৃত্য গীতস্তুতি-
ব্যাজাদুদ্ভটচুম্বিতঃ স্মিতমনোহারী হরিঃ পাতু বঃ ৯২।

দ্বেষে যথা —

যাতু বক্ষসি হরেরুদঞ্চদ্রোজ্ঝিতা লয়মিয়ং বনমালা।
যা কদপ্যখিললৌখ্যপদং নঃ কণ্ঠমস্য কুটিলা জহতি ৯৩॥

লোচনরোচনী টীকা।

চাপল্যস্য ব্যক্তমেবেতি ভাবঃ ৯২

লয়ং যাতু ইত্যন্বয়ঃ ৯৩।

আনন্দচন্দ্রিকা টীকা।

সেব গুণচাতুর্য্যাবিষ্কারেণ দধতীনাং পুষ্যন্তীনাঞ্চ তেন চাত্যানুসন্ধানরহিতানাং তাসাং অভ্যর্ণে নিকট এব শ্রীরাধয়া গীতস্তুতি ব্যাজাদিহো ত্বমতিসৌহৃদেন যদপ্রতিচমাধুর্য্য-মেবং গায়সি তত্তুভ্যমহং কিং পারিতোষিকং দাস্তামীতি স্বস্য সভাত্বেন গানাস্বাদমভিনীয় তৎসন্তোষেণৈব উরো বক্ষঃস্থলং নির্ভরং গাঢ়ং পরিরভ্য উদ্ভটং যথা স্যাত্তথা চুম্বিতঃ নন্থ তদপি পরমলজ্জাবত্যাস্তস্যাঃ কথমেবং যুজ্যতেত্যত আহ প্রেমান্ধয়েতি প্রেমোত্থং চাপল্য-মেবাত্র হেতুরিতি ভাবঃ। ৯২

শ্রীকৃষ্ণং দূরাদ্বিলোক্য মাদনাখ্য মহাভাবধতী শ্রীরাধা বনমালাং দ্বিষতী ললিতাং প্রত্যাহ যাদ্বিতি লয়ং ন শং মোক্ষঞ্চ যাতু প্রাপ্নোতু গুণঃ সূত্রং সত্ত্বাদিশ্চ অত্র বনমালাং প্রতি দ্বেষেণাভিশাপ এব গাঙ্গীর্য্যভাবরূপং চাপলং ব্যনক্তি ৯৩

কৃষ্ণ তোমার বদন অত্যুৎকৃষ্ট সুধাময়, এই বলিয়া গীতস্তুতিচ্ছলে তদীয় গণ্ডে দৃঢ়তর চুম্বন করিলেন, শ্রীরাধার এ প্রকার প্রেমশৃঙ্খলায় যাঁহার বদন হাস্যে উদ্গত হইতেছিল, সেই মনোহারী হরি তোমাকে রক্ষা করুন ॥ ৯২ ॥

দ্বেষহেতু চাপল্য যথা—

শ্রীকৃষ্ণকে দূর হইতে অবলোকন করিয়া মাদনাখ্য মহাভাববতী শ্রীরাধা বনমালার প্রতি দ্বেষভাব পুরঃসর ললিতাকে কহিলেন, সখি! এই বনমালা গুণসঙ্গরহিতা হইয়া হরির বক্ষঃস্থলে লয় প্রাপ্ত হউক, কারণ শ্রীকৃষ্ণের কণ্ঠ আমাদিগের নিখিল সৌভাগ্যের আস্পদ, এই

অথ নিদ্রা। সা শ্লমেন যথা—

শ্বাসস্পন্দনবন্ধুরোদরতলং পুষ্পাবলীস্রস্তর-
ব্যগ্রস্মৌক্তিকহারযষ্টিকলয়ন্ নীবীং মনাগাকুলাং।
শ্লান্তঃ কেলিভরাদুরোজ-কলসীমাভীরবামভ্রুবঃ
কল্যাণীমুপধায় সান্দ্রপুলকামদ্রৌ নিদদ্রৌ হরিঃ।

লোচনরোচনী টীকা।

বন্ধুরস্তু নতোন্নতং স্রস্তরঃ শয্যাভেদঃ। স্ত্রীকটী বস্ত্রবন্ধেঽপি নীবী পরিধেঽপিচেতি নানার্থবর্গাদেষাভীরবামভ্রুক এবেতি গম্যতে তাং কলয়ন্ স্পৃশন্নেবেত্যাসক্তিবিশেষো ব্যঞ্জিতঃ। উপধায় উপধানং কৃত্ব ৯৪

আনন্দচন্দ্রিকা টীকা।

নিদ্রা চিত্তনিমীলনং। বৃন্দা নান্দীমুখীং প্রত্যাহ শ্বাসেতি। বন্ধুরস্তু নতোন্নতং। স্রস্তরঃ শয্যা নীবীং শ্রীরাধায় এব স্ত্রীকটীবস্ত্রবন্ধেঽপি নীবী পরিধেঽপি চেতি নানার্থবর্গাৎ। তাং কলয়ন্ গৃহ্নন্ জঘনদেশান্নিষ্কাস্য স্বহস্তেনৈবেতি জ্ঞেয়ং। উরোজ কলসীমুপধায় উপধানং কৃত্বা সান্দ্রপুলকামিতি শ্রীরাধায়া জাগরো নিদ্রায়াম্ত্যানন্দোত্থঃ পুলকো বা জ্ঞেয়ঃ

কুটিল বনমালা ক্ষণকালের নিমিত্ত শ্রীকৃষ্ণের কণ্ঠ পরিত্যাগ করিতেছে না, অতএব উহার নাশ হওয়াই ভাল ॥ ৯৩ ॥

অথ নিদ্রা (চিত্তের নিমীলন) ॥

শ্লমহেতু নিদ্রা যথ —

বৃন্দা নান্দীমুখিকে কহিলেন, দেবি! দেখ দেখ শ্রীকৃষ্ণ রতিবিলাসে শ্লান্ত হইয়া পর্ব্বতপ্রস্থে আশ্চর্য্যরূপে নিদ্রা যাইতেছেন, আহা! ঘন নিশ্বাস নির্গত হওয়াতে উদরটী কেমন বন্ধুর (নতোন্নত) দেখাইতেছে, মৌক্তিকমালা পুষ্পশয্যায় পতিত হইয়া রহিয়াছে, নীবী হস্তমধ্যে ঈষৎ ধৃত আছে এবং অতিশয় অলসাঙ্গহেতু আভীর স্ত্রীর নিবিড় পুলকাকুল স্তনকলসকে কল্যাণ স্বরূপ উপধান করিয়া তদুপরি মস্তক বিন্যস্ত করিয়া রাখিয়াছেন ॥

যথাবা হংসদূতে ॥

অলিন্দে ক লিন্দীকমলসুরভৌ কুঞ্জবসতে-
র্বসন্তীং বাসন্তি নবপরিমলোদ্গারিচিকুরাং।
স্বতুৎসঙ্গে নিদ্রাসুখমুকুলিতাক্ষীং পুনরিমাং
কদাহং সেবিষ্যে কিসলয়কলাপব্যজনিনী ॥ ৯৪ ।

অথ সুপ্তিঃ।

যথা—

পুরঃ পন্থানং মে ত্যজ যদমুনাংযামি যমুনা-
মিতি ব্যাচক্ষাণা চুচুকবিচরৎকৌস্তভরুচিঃ।

লোচনরোচনী টীকা।

সুপ্তিঃ স্বপ্নঃ ৯৫

আনন্দচন্দ্রিকা টীকা

নায়িকায়াং নিদ্রামুদাহর্ত্তুমাহ যথাবেতি শীঘ্রমেব শ্রীবৃন্দাবনমাগত্যাস্মান্ জীবয়েতি মথুরাঞ্জয়ন্তী ললিতাদেবী মথুরাস্থং শ্রীকৃষ্ণং প্রতি স্বাভিলাষমাবিষ্কুর্ব্বতী প্রাহ কুঞ্জবসতেরলিন্দে বসন্তী অহং কিশলয়ানাং কলাপঃ সমূহ এব ব্যজনং তদ্বতী সতী ইমাং শ্রীরাধাং কদা সেবিষ্যে কীদৃশীং স্বতুৎসঙ্গ ইত্যাদি ব সন্তী মাধবীলতা ৯৪

সুপ্তিঃ স্বপ্নঃ রূপমঞ্জরী পুষ্পাবচিত্যায়াতাং রতিমঞ্জরীং প্রত্যাহ পুর ইতি শ্রীরাধায়াঃ

নায়িকার নিদ্রা উদাহরণ করিবার নিমিত্ত কহিলেন।

যথাবা হংসদূতে।

বৃন্দাবনে আগমন করিয়া আমাকে জীবিত কর, ইত্যাদি অভিলাষ প্রকাশ পূর্ব্বক ললিতাদেবী মথুরাস্থ শ্রীকৃষ্ণের প্রতি স্বাভিলাষ প্রকাশ পূর্ব্বক কহিলেন, কৃষ্ণ! কালিন্দীকুসুমের সুরভিশালি কুঞ্জগৃহে শ্রীরাধা নবসৌরভোদ্গারি মাধবীপুষ্প দ্বারা চিকুরে সজ্জা করিয়া তোমার ক্রোড়ে মুদ্রিতনেত্রে নিদ্রা যাইবেন কবে, আমি নবকিসলয় দ্বারা ব্যজন নির্ম্মাণ করিয়া ঐ শ্রীরাধার সেবন করিব ॥ ৯৪ ।

অথ সুপ্তি (স্বপ্ন)। যথা—

রতিমঞ্জরী পুষ্পচয়ন করিয়া আসিতেছিলেন, এমত সময়ে রূপ-

হরেঃ সব্যং রাধা ভুজমুপ দধত্যম্বুজমুখী
দরীক্রোড়ে ক্লান্তা নিবিড়মিহ নিদ্রাভরমগাৎ॥

যথা ৮

গে ষ্ঠাধীশসুতস্য গণ্ডমুকুরে স্বাপ্নীভিরুল্লাসিতং
লীলাভিঃ পুলকং বিলোক্য চকিত নিশ্চিন্বতী জাগরং।
সা বেণোর্হরণোৎসবে ধৃতনবোৎকণ্ঠাপি তল্পাঞ্চলে
বিস্রস্তং করতোঽপি নাধ্যবসসৌ তং হর্ত্তুমেণেক্ষণা॥ ৯৫।

আনন্দচন্দ্রিকা টীকা।

স্বপ্নায়িতং ব্যাচক্ষাণা কথয়ন্তী চুচুকং কুচাগ্রং চুচুকন্তু কুচাগ্রং স্য দিত্যত্র চুচুক শব্দো হ্রস্বাদিরপি টীকাকৃদ্ভির্ব্যাখ্যাতঃ।

শ্রীকৃষ্ণস্য স্বপ্নমুদাহর্ত্তুমাহ যথাবেতি বৃন্দা নান্দীমুখীং প্রত্যাহ আভীরবন্ধ্রে ইতি। স্বাপ্নীভির্লীলাভিরিতি শ্রীরাধামুখচুম্বনরূপাভিরিত্যর্থঃ। জাগরং নিশ্চিন্বতীতি পুলকান্যথানুপপত্তিরেব তত্র লিঙ্গমিত্যর্থঃ। করতোঽপি সকাশাৎ নিদ্রাবৈবশ্যেন তল্পাঞ্চলে ন্যস্তমপি বেণুং হর্ত্তুং নাধ্যবসসৌ ন নিশ্চিতবতীত্যর্থঃ। ৯৫।

মঞ্জরী তাঁহাকে দেখিয়া কহিলেন, সখি! শ্রীরাধার স্বপ্ন বৃত্তান্ত শ্রবণ কর, শ্রীরাধা স্বপ্নাবেশে কহিলেন, কৃষ্ণ! আমার সম্মুখের পথ পরিত্যাগ কর, আমি এই পথে যমুনাতীরে গমন করিব এই বলিয়া ক্লান্তি হেতু শ্রীকৃষ্ণের বামবাহু উপধান করত দরীকুঞ্জে নিবিড় নিদ্রাভর প্রাপ্ত হইলেন, তৎকালীন ঐ শ্রীরাধার স্তনাগ্রে কৌস্তুভমণি শোভা বিস্তার করিতে লাগিল॥

শ্রীকৃষ্ণের স্বপ্ন উদাহরণ করিবার নিমিত্ত কহিলেন, যথা —

নান্দীমুখীকে সম্বোধন করিয়া বৃন্দা কহিলেন, দেবি! শ্রীরাধা মুরলীহরণ উৎসবে নবোৎকণ্ঠা ধারণ করিয়াও যদিচ নিদ্রাবেশে শ্রীকৃষ্ণের হস্ত হইতে মুরলী স্রস্ত হইয়া শয্যায় পড়িয়াছিল, তথাচ স্বপ্নাবেশে শ্রীকৃষ্ণের মুকুরসদৃশ গণ্ডে পুলক দেখিয়া শ্রীরাধা মনে করিলেন, ইনিত নিদ্রা যান নাই জাগরিতই রহিয়াছেন অতএব কি প্রকারে

অথ বোধঃ

যথা—

"নদ্রাপ্তবোধহরমপ্যরুকণ্ঠনাদং
কণ্ঠীরবস্য কুহরে ব্রজরাজসূনুঃ।
তুষ্টাব সত্বরবিবুদ্ধপরিপ্লবাক্ষ
বাধাপয়োধরগিরীন্দ্রনিপীড়িতাঙ্গঃ।

লোচনরোচনী টীকা।

বষ্টীমবঃ সিংহঃ　　সতু বিদূরপর্ব্বতগতত্বয়া নলাদেতি তদ্বিরোহপি শ্রীকৃষ্ণসান্নিধ্য গুণেন কিঞ্চিদপি ন হিনস্তীতি চ নাত্র ভয়ানকেন মধুরোহয়মাভাস্যতে। ৯৬।

আনন্দচন্দ্রিকা টীকা

প্রবোধো নিদ্র নিবৃত্তিঃ　　বৃন্দা পৌর্ণমাসীপ্রত্যাহ নিদ্রেতি　　কণ্ঠীরবস্য সিংহস্য নাদং শিতিকণ্ঠঃ তত্রগৌরিঃ পিঞ্ছমুকুটঃ তুষ্টাব তত্র হেতুঃ সত্বরেত্যাদি বিপ্লবাক্ষী চঞ্চলনেত্রা

সখ্যাং স্বমেহ ইতি সখীবিষয়কোহপি নায়িকায়াঃ স্নেহ একো ব্যভিচারী ভবতীত্যর্থঃ। মধুরং ভক্তিরসামৃতসিন্ধাবেব　　সঞ্চারী স্যাৎ সমোনা বা কৃষ্ণরত্যাঃ সুহৃদ্রতিঃ　　অধিক পুষ্যমাণা চেদ্ভাবে হ্লাস ইতীর্য্যতে ইতি　　অস্যার্থঃ। সুহৃদ্রতিঃ সুহৃদ্বিষয়া রতিঃ কৃষ্ণরত্যাঃ সকাশাৎ সমা বা উনা বা যদি বা স্যাত্তদা সঞ্চারী স্যাৎ সুহৃদ্রতেঃ শ্রীকৃষ্ণরতিমূলকত্বাৎ তৎপোষণাচ্চেতি ভাবঃ　　যদি কচিৎ শ্রীকৃষ্ণরতেঃ সকাশাদপ্যধিকা স্যাত্তয়া পুষ্যমাণ চ স্যাত্তদা ভাবোল্লাস ইতীর্য্যতে ন তস্যাঃ সঞ্চারিত্বং নাপি স্থায়িত্বমিতি ভাবঃ

মুরলী হরণ করিব। এরূপ ভয়ে হরিণাক্ষী চকিতা হইয়া কোন ক্রমেই মুরলী হরণে অধ্যবসায় করিতে পারিলেন না　৯৫।

অথ বোধ অর্থাৎ নিদ্রানিবৃত্তি　যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! অদ্য পর্ব্বত কন্দরে সিংহের উচ্চনাদ উদ্গত হওয়াতে যদিচ শ্রীকৃষ্ণের নিদ্রা ভঙ্গ হইয়াছিল সত্য, তথাচ তিনি চেতন হইয়া ঐ সিংহগর্জ্জনকেই স্তব করিতে লাগিলেন, কারণ ঐ ভীষণ সিংহগর্জ্জনে শ্রীরাধা চঞ্চলনেত্রা হইয়া স্বীয় গিরীন্দ্র-সদৃশ পয়োধর যুগলে শ্রীকৃষ্ণকে গাঢ়রূপে নিপীড়িত করিয়া ধরিয়াছিলেন॥

সখ্যং স্বস্নেহে যথা —

শৈলমূর্দ্ধ্নি হরিণা বিহরন্তী
গোষ্ঠকুট্টিমকবন্ধিতমূর্ত্তিঃ।
রাধিকা মুললিতং ললিতায়াঃ
পশ্য মার্ষ্টি লুলিতালকমাস্যং ৯৬॥

অথোৎপত্ত্যাদি দশা চতুষ্টয়ং
তত্রোৎপত্তির্যথা।—

মৃদুরিয়মিতি ন দীর্ঘং ভ্রমস্য ঃ কুড়ঙ্গে
শশিমুখি তব সখ্যাঃ কৌরুষং দৃষ্টমস্তি।

লোচনরোচনী টীকা

মৃদুরিয়মিতি ললিতায়াং মথুরাতঃ শ্রীকৃষ্ণস্য পত্রিকা রাধিকায়া ইতি কর্ম্মণি পাক্ষিকী সম্বন্ধষষ্ঠী ৯৭

আনন্দচন্দ্রিকা টীকা

রূপমঞ্জরী ললিতায়াঃ সখীং কাঞ্চিদাহ কৌরুষেতি ললিতায় আস্যং মার্ষ্টি বিহারজং প্রস্বেদমপনয়তীতি ললিতাবিষয়া ঈদৃগাদরভক্তিরেব গন্ধারী ত্বং বো ভবন্ শ্রীকৃষ্ণভক্তিং পুষ্ণাতি ৯৬

উৎপত্ত্যাদিবিধিঃ যদুক্তং ভাবানাং ক্বচিদুৎপত্তিসন্ধিশাবল্যশান্তয়ঃ দশাশ্চতস্র এতাসামুৎপত্তির্ভাবসম্ভব ইতি

আস্বাদিতচরং শ্রীরাধায়া মুখমাধুর্য্যং পুনরপ্যাস্বাদয়ন্ শ্রীকৃষ্ণস্তস্যাঃ সখীং শশিমুখীং ৩৭

অথ সখীর প্রতি স্বীয়স্নেহ যথা —

"রূপমঞ্জরী ললিতাকে সখীকে কহিলেন, সুন্দরি! অবলোকন কর, অদ্য শ্রীরাধা পর্ব্বতোপরি হরির সহিত বিহার করিতে করিতে পুলকাকুল কলেবর হইয়াও ললিতার সুললিত লুলিতালক বদনমণ্ডল মার্জ্জন করিতেছেন ৯৬

অথ উৎপত্ত্যাদি চারি প্রকার দশা অর্থাৎ উৎপত্তি, সন্ধি, শাবল্য ও শান্তি।

তন্মধ্যে উৎপত্তি অর্থাৎ ভাবসম্ভব যথা—

শ্রীরাধার মুখমাধুর্য্য আস্বাদন করিয়াও পুনর্ব্বার আস্বাদন করত

ইতি ভবদুপকণ্ঠে মদিগরা ভূয়দৃষ্টেঃ
স্থপুটিতবদনায়া রাধিকায়াঃ স্মরামি। ৯৭ ॥
অত্রাসূয়োৎপত্তিঃ।
অথ সন্ধিঃ
তত্র সরূপয়ে র্যথা— ৯৮
চিরাভীষ্টে প্রেক্ষে দনুজদমনে বিন্দতি দৃশোঃ
পদং পত্যৌ চ র্দ্ধস্ফুটবচসি রক্তস্ত্বিষি রুষা।

লোচনরোচনী টীকা

অত্রাসূয়োৎপত্তিরিতি উৎপত্তেরিতি উৎপত্তেরস্যা ভূতপূর্ব্বত্বং জ্ঞেয়ং ৯৮ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

মাক্ষিপ্তয়া প্রাহ। যদা। যথুন স্তস্য শ্রীকৃষ্ণস্য মণিতায়াং সন্দেশস্থিমুদ্ধদোক্তিঃ মাবাদীর্মাবদ কুড়ঙ্গে কুঞ্জে পৌরুষং পুরুষাকারং বিপরীতমগমিতি যাবৎ স্থপুটিতং কুটিলীভূতং অধিগর্থদনেশাং কর্ম্মণীতি ষষ্ঠী বাধিত্বা স্মরামীত্যর্থঃ ৯৭

অসূয়োৎপত্তিরিতি দৃষ্টেরুপলক্ষণমেব কস্যাদুৎপন্নামসূয়াং বক্তীত্যর্থঃ

সন্ধিরিতি সরূপয়োর্ভিন্নয়োর্বা সন্ধিঃ তাদাত্ম্যমেবমুক্তিরিতি তল্লক্ষণং ৯৮

বৃন্দা পৌর্ণমাসীমাহ চিরাদভীষ্ট অভিলাষিতা প্রেক্ষা যস্য তস্মিন্ দৈবাদ্দৃষ্যান্বয়ার্থং মনং পর্য্যটনে পত্যাবভিমন্যৌ চ দৃশোঃ পদং গোচরং বিন্দতি সতি নিমেষকলনং নিমেষ-

শ্রীরাধার সখী শশিমুখীকে শ্রীকৃষ্ণ কহিলেন, হে শশিমুখি! শ্রীরাধা যে অতিশয় মুগ্ধা এ কথা তুমি আর বলিও না কুঞ্জমধ্যে তাঁহার পুরুষ-ভাব অবলোকন করিয়া তোমার নিকট বলিয়াছিলাম, এ নিমিত্ত ঐ রাধা কুটিল বদনে ভুগ্নদৃষ্টি হইয়াছিলেন, অতএব আমি তাঁহাকেই স্মরণ করি ॥ ৯৭ ।

উক্ত উদাহরণে অসূয়া উৎপন্ন হইল।

অথ সন্ধি অর্থাৎ দুই ভাবের একত্রী করণ।

সমানরূপদ্বয়ের সন্ধি যথা—॥ ৯৮

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! চিরাভিলষিত দনুজদমন যখন শ্রীরাধার নেত্রপথবর্ত্তী হইলেন, তৎকালীন দৈবাৎ পতি অভি-মন্যু রোষ বশত আরক্তনেত্রে অর্দ্ধস্ফুট বচন প্রয়োগ করিতে করিতে

ইয়ং নিষ্পন্দাঙ্গী নিমিষকলনোন্মুক্তনয়ন
বভূবাবষ্টম্ভপ্রতিকৃতিরিবাম্ভোজবদনা। ৯৯।
অথৈক্যানিষ্টেক্ষণকৃতয়োর্জাত্যয়োঃ সন্ধিঃ
অথ ভিন্নয়োঃ
তত্রৈকহেতুজয়োর্যথা—ললিতমাধবে॥
শিখরিভরবিতর্কতঃ প্রতপ্তং সমহমহর্নিশমীক্ষয়া প্রিয়স্য।
হৃদয়মিহ সমস্তবল্লবীনাং যুগপদপূর্ব্ববিধং দ্বিধা বভূব

লোচনরোচনী টীকা

অবষ্টম্ভপ্রতিকৃতিঃ স্বর্ণপ্রতিমা। ৯৯

প্রিয়স্যেতি শিখরীত্যাদ্যহর্নিশমিত্যাদৌ চাধিক্যং অতঃ প্রিয় এবোভয়োর্হেতুর্জাতঃ। সমহং সোৎসবং অপূর্ব্ববিধং আশ্চর্য্যপ্রকারং ১০০।

আনন্দচন্দ্রিকা টীকা

ক্রিয়া অবষ্টম্ভপ্রতিকৃতিঃ স্বর্ণপ্রতিমা তত্তশ্চ শ্রীকৃষ্ণে শ্রীরাধায়া অদর্শনমভিনীয় দূনং যাতে, ললিতায়া বচনসন্দর্ভসৃষ্ট্যা প্রতারিতোঽভিমন্যুঃ ক্রোধং পরিত্যজ্য গৃহং জগামেতি জ্ঞেয়ং ৯৯

গোবর্দ্ধণধারণকালে পৌর্ণমাসী স্বগতোক্তমুপশ্লোকয়ন্ বিশ্বকর্ম্মা লিখতি। শিখরীতি। হন্ত হন্ত এতাবান্ ভারঃ প্রিয়তমস্য শিরীষকুসুমসুকুমারেণ ভুজেন মহাকষ্টেনৈব সহ্যত ইতি ও তপ্তং তথা সমহং সোৎসবমিতি উৎসবং শ্রমরুচাপি দৃশীনামিতিবৎ প্রিয়াবলোকনস্য সুখদত্বং হি স্বাভাবিকো ধর্ম্মঃ অস্য সন্তাপস্য উৎসবস্য চ কারণং প্রিয়ত্বমেব অতস্তদ্বয়ঃ প্রিয়স্যৈক্যত্যেবৈক এব হেতুর্বিষাদহর্ষয়োঃ। ১০০।

আসিয়া মিলিত হইল, হা কষ্ট! পতির অবলোকন মাত্র ঐ অম্ভোজবদনার চক্ষু স্থির ও অঙ্গ সকল নিষ্পন্দ হওয়াতে তিনি স্বর্ণ প্রতিমার ন্যায়, স্তব্ধ হইয়া রহিলেন

উক্ত উদাহরণে ইষ্ট ও অনিষ্ট দর্শন হেতু পরস্পর জাত্যের সন্ধি ৯৯।

অথ ভিন্নদ্বয়ের সন্ধি যথা—ললিতমাধবে॥

গোবর্দ্ধনধারণকালে পৌর্ণমাসী মনে মনে কহিলেন, অহে! শ্রীকৃষ্ণের গোবর্দ্ধনধারণ দেখিয়া গুরুতর ভার বিবেচনায়, হৃদয়ের

অত্র বিষাদহর্ষয়োঃ। ১০০।

ভিন্নহেতুজয়োর্যথ—

স্থবয়তি তব রাগং মাধবে রাধিকায়াং
গিরমথ ললিতায়াঃ সাবহেলাং প্রতীত্য॥
চলতরচরণাগ্রেণালিখন্তী ধরিত্রীং
বিধুতবদনপদ্মা তত্র সিষ্বেদ পদ্মা।

লোচনরোচনী টীকা।

স্থবয়তি স্থূলং কুর্ব্বতি ১০১

আনন্দচন্দ্রিকা টীকা

সৌভাগ্যপূর্ণিমাদিনে গৌরীতীর্থাচ্ছ্রীকৃষ্ণমন্বেষ্টুমায়াতায়াং ললিতায়াং সঙ্কর্ষণকুণ্ডতটে চন্দ্রাবলীপদ্মাশৈব্যাদিভিঃ সহিতং তমালোক্য তৎসভাং প্রবিশ্য গোষ্ঠীং কুর্ব্বত্যাং যদ্বৃত্তমাসীৎ তদেব বৃন্দা কুন্দলতাং প্রত্যাহ স্থবয়তি স্থূলং কুর্ব্বতি হবিণাভিলষ্যমাণা সাবহেলনবাণি সদা ত্বমএাসি তদমুং তবশহৃদয়ং হৃদয়ঙ্গমলোচনে বিদ্ধীতি বিদগ্ধমাধবীয়শ্লোকোক্ত্যা ইত্যর্থঃ তথা সহচরি বৃষভানুজয়া প্রাদুর্ভাবে ববন্ধিষোপগতে চন্দ্রাবলীশতান্যপি ভবন্তি নির্ব্বৃতকান্তীনীতি ললিতায়াঃ সাবহেলাং গিরং অস্য চরণাগ্রখিলনগম্যা চিন্তা শ্রীকৃষ্ণহেতুকা তথা স্বেদকম্পাদ্যোহমর্ষো ললিতাহেতুকঃ ১০১

সন্তাপ এবং দিবা নিশি প্রিয়তমের দর্শন নিমিত্ত মহোৎসবে এই ব্রজপুরস্থ সমস্ত বল্লবীগণের এক কালীন হৃদয় দ্বিধা হইতে লাগিল॥

উক্ত উদাহরণে বিষাদ ও হর্ষ এতদুভয়ের সন্ধি। ১০০।

ভিন্নহেতু নিমিত্ত যথা—

সৌভাগ্য পূর্ণিমার দিবস শ্রীকৃষ্ণের অন্বেষণ নিমিত্ত গৌরীতীর্থ হইতে ললিতা আসিয়া সঙ্কর্ষণকুণ্ডতটে চন্দ্রাবলী, পদ্মা ও শৈব্যাদির সহিত মিলিত শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া গোষ্ঠীকারিণী ললিতার যে বৃত্তান্ত হইয়াছিল, তাহাই বৃন্দা কুন্দলতার প্রতি কহিলেন, সখি! শ্রীরাধার প্রতি মাধবের অনুরাগ অতিশয় স্থূল হইলে তাহা ললিতার সাবহেলন বাক্যে প্রতীতি করিয়া চন্দ্রাবলীর সখী পদ্মা চলিত-চরণাগ্র দ্বারা ভূলেখন করিতে লাগিলেন এবং তাঁহার বদনপদ্ম হইতে স্বেদবিন্দু সকল ক্ষরিত হইতে আরম্ভ হইল।

অত্র চিন্তাগর্ব্বয়োঃ। ১০১॥

অথ শাবল্যং।

যথ কিদক্ষ্যাধবে।

ধন্যাস্তে হরিণীদৃশঃ স রমতে যাভির্নবীনে যুবা
স্বৈরং চাপলমাকলয্য ললিতা সং হন্ত নিন্দিষ্যতি।
গোবিন্দং পরিরব্ধুমিন্দুবদনং হা চিত্তমুৎকণ্ঠতে
ধিঙ্মামং বিধিমস্তু যেন গরলং মানাভিধং নির্ম্মমে
অত্র চাপলশঙ্কৌৎসুক্যামর্ষাণাং শাবল্যং।

লোচনরোচনী টীকা

ধন্যাস্তা ইত্যাদিত্রয়কং পদ্যং প্রায়িকং কিন্তু গোবিন্দমিত্যাদিকশ্চরণঃ প্রথমো ধন্যাস্তা ইত্যাদিকস্তু তৃতীয় ইত্যেব ক্রম এব শ্লোকবিভুবন্বিষ্টঃ তস্যৈব স ইতি পদস্য গোবিন্দ-

---

আনন্দচন্দ্রিকা টীকা

শাবল্যং ভাবানামুত্তরোত্তরসম্মর্দ্দিঃ কলহান্তরিতা শ্রীরাধা প্রাহ ধন্যাস্ত ইতি প্রথমে পাদে চপলমৌৎসুক্যাথং দ্বিতীয়ে ললিতাস্মৃত্যাখ্য শঙ্কা তস্যোপমর্দ্দিনী তৃতীয়ে স্বচিত্ত নিরোধোত্থগৌৎসুক্যং শঙ্কয়া উপমর্দকং চতুর্থে পুনঃ শ্রীকৃষ্ণাবলোকেন স্বয়ং জনিষ্যমানো মানঃ স্বাভীষ্টপতিবর্ত্মীতি তন্নির্ম্মাতরি বিধাবমর্ষ ঔৎসুক্যসম্মর্দ্দকঃ

উক্ত উদাহরণে চিন্তা ও অমর্ষের সন্ধি। ১০১।

অথ শাবল্য অর্থাৎ উত্তরোত্তর সম্মর্দ্দ

কলহান্তরিতা শ্রীরাধা কহিলেন, অহো! যাহাদের সহিত এই নবীন যুবা রমণ করিতেছেন, সেই সকল হরিণীদৃশীরাই ধন্যা, হায়! আমার স্বেচ্ছাচারিতা চাপল্য দেখিয়া ললিতা আমাকে নিন্দ করিবে। কি কষ্ট! আমার চিত্ত চন্দ্রবদন গোবিন্দকেই আলিঙ্গন করিবার নিমিত্ত উৎকণ্ঠিত হইতেছে, অতএব যে কুটিল বিধাতা এই মান গরল নির্ম্মাণ করিয়াছে তাহাকেই ধিক্।

উক্ত উদাহরণে চপলতা শঙ্কা ঔৎসুক্য ও অমর্ষ ইত্যাদির শাবল্য।

অথ শান্তিঃ।

যথ —

আলীযুক্তিকুঠারিকাপটিমভির্যে ন প্রপেদে চ্ছিদাং
দূতীজল্পিতনির্ঝরেণ চ চিরং যঃ ক্বাপি নোচ্চালিতঃ॥
বংশীনাদমরুল্লবেন কমলা চেতস্তটীবেষ্টনো
মানাখ্যঃ প্রবলোন্নতিস্তরুরয়ং স ক্ষিপ্রমুন্মূল্যতে। ১০২।
ঈর্য্যাখ্যভাবস্য শান্তিঃ॥
। *। ইতি ব্যভিচারিণাং বিবৃতিঃ । *

লোচনরোচনী টীকা।

মিত্যাকর্ষণায়ঃ যথাস্থানবিন্যাসঃ স্যাৎ ১০২॥
* ইতি ব্যভিচারিণঃ *॥

আনন্দচন্দ্রিকা টীকা।

শান্তির্ভাবস্য লয়ঃ নান্দীমুখ্যাহ আলীতি মকল্লবেণেতি বংশীনাদাবস্তমাত্রস্যাপি সর্ব্বো-
পায়েভ্যঃ আধিক্যং ব্যঞ্জিতং ১০২।
। * ইতি ব্যভিচাবিভবানাং বিবৃতিঃ *

অথ শান্তি অর্থাৎ ভাবের লয়॥

যথ—

নান্দীমুখী কহিলেন, সখি! কমলার চিত্ততটীবেষ্টিত মান নামক উন্নত তরু যাহা আলীদিগের (সখীগণের) যুক্তিরূপা পটীয়সী কুঠারিকা দ্বারা ছিন্ন হয় নাই, যাহা দূতীদিগের জল্পনা বাক্যরূপ নির্ঝরে বিচালিত হয় নাই, তাহাই কি না আজি মুরলীর ঈষৎ ফুৎকারে দ্রুত উন্মূলিত হইল। ১০২॥

। *। ইতি উজ্জ্বলনীলমণিতে শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদে ব্যভিচারিভাব বিবৃতি। *।

অথ স্থায়িভাবপ্রকরণং।

স্থায়ীভাবোঽত্র শৃঙ্গারে কথ্যতে মধুরা রতিঃ।
সা যথা—গোবিন্দবিলাসে।

কালাহিবক্ত্রবিলসদ্রসনাগ্রজাগ্র-
দ্গোপীদৃগঞ্চলচমৎকৃতিবিদ্ধসর্ম্মা।
শর্ম্মাদিশত্বরুণঘূর্ণিতলোচনান্ত-
সঞ্চারচূর্ণিতসতী হৃদয়ো মুকুন্দঃ।

আনন্দচন্দ্রিকা টীকা

নমশ্চৈতন্যরূপায় মাধুর্য্যস্থায়িনে সদা। স্বসামর্থ্যেঽপ্যহো সাম্য সামঞ্জস্যানুবর্ত্তিনে॥০॥

তদগ্রন্থকৃদেব গ্রন্থারম্ভে মঙ্গলমাচরতি কালাহেঃ কালসর্পস্য বক্ত্রে বিলসন্তী যা রসনা তস্যা অগ্রমিব জাগ্রৎ স্বশৌর্য্যমাবিষ্কুর্ব্বৎ যদ্গোপীদৃগঞ্চলং তস্য চমৎকৃত্যা চমৎকৃতিমাত্রেণৈব বিদ্ধং মর্ম্ম যস্য স ইতি গোপীবিষয়া শ্রীকৃষ্ণরতিঃ স্থায়িভাবো বিদ্ধেতি পদেনাস্বাদব্যঞ্জকেন রসতাং প্রাপ্তঃ তত্র গোপীবিষয়ালম্বনস্তৎকটাক্ষ উদ্দীপনবিভাবো জৃম্ভারোমাঞ্চাদয় আক্ষেপলব্ধ অনুভাবাঃ ঔৎসুক্যচাপল্যাদয়ো ব্যভিচারিণঃ তথা অরুণো ঘূর্ণিতো জাতঘূর্ণো যো লোচনান্তস্তস্য সঞ্চারেণ চূর্ণিতং সতীনাং হৃদয়ং যেন স ইতি শ্রীকৃষ্ণবিষয়া গোপীরতিঃ স্থায়িভাবশ্চূর্ণিতেতি পদেনাস্বাদব্যঞ্জকেন রসতাং প্রাপ্তঃ শ্রীকৃষ্ণতদীয়কটাক্ষাদয়ঃ পূর্ব্ববদ্বিভাবাদ্যাঃ এবঞ্চ মধুরা রতিঃ পরস্পরবিষয়াশ্রয়োক্তা যদুক্তং মিথো হরের্মৃগাক্ষ্যাশ্চ সম্ভোগস্যাদিকারণং মধুরা পরপর্য্যায়া প্রিয়তাখ্যোদিতা রতিরিতি।

অথ স্থায়িভাব

শৃঙ্গার রসে মধুর রতিকে স্থায়িভাব বলে

মধুরা রতি যথা—গোবিন্দবিলাসে॥

কালসর্পের বদন বিলাসিত সৌম্য প্রকাশক রসনার অগ্রভাগের ন্যায় গোপী দৃগঞ্চলের চমৎকৃতি মাত্রে যাঁহার মর্ম্ম বিদ্ধ হইয়াছে এবং যিনি আপনার অরুণবর্ণ নয়নদ্বয়ের সঞ্চারে সতী-সকলের হৃদয় চূর্ণিত করিতেছেন, সেই মুকুন্দ তোমাদের আনন্দ বিস্তার করুন॥

যথাবা দানকেলিকৌমুদ্যাং ॥

গোবর্দ্ধনং গিরিমুপেত্য কটাক্ষবাণান্
কর্ণস্ফুরন্মণিশিলোপরি সংক্ষুবাণা।
ক্ষ ভ্রূধনুর্ধ্বনসূচিতলুঞ্চনেয়ং
ব্যগ্রীকরোত্যহহ মামতিসম্ভ্রমেণ।
অভিযোগাদ্বিষয়তঃ সম্বন্ধাদভিমানতঃ।
সা তদীয়বিশেষেভ্য উপমাতঃ স্বভাবতঃ।
রতিরাবির্ভবেদেষামুত্তমত্বং যথোত্তরং ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

গোপীমাত্রাণাং স্থায়িভাবমুক্ত্বা তন্মুকুটমণেঃ শ্রীরাধায়াঃ সর্ব্বাধিক্যেন তমুদাহর্ত্তুমাহ যথাবেতি। গোবর্দ্ধনে ঘট্টশুক্লমিষে· ঘুতৈর্নির্বোঽস্যন্ শ্রীকৃষ্ণঃ শ্রীরাধামালোক্যাহ সখি শিলাকুণ্ডলত্বং পদ্মরাগখণ্ডং তদুপরি সংক্ষুবানা তেজয়ন্তীতি নেত্রান্তস্য কুণ্ডলপর্য্যন্তং পুনঃ পুনর্যাতা যাতেন শ্রীকৃষ্ণদর্শনস্পৃহা তয়া চ তদ্বিষয়া রতিঃ সূচিতা কেতি মধুমঙ্গলং প্রতি প্রশ্নঃ ভ্রূধনুঃ কম্পনেন সূচিতং লুঞ্চনং চৌর্য্যং যয়েতি শরৈর্বিদ্ধা মামচেতনীকৃত্য ধৈর্য্যমতিম্মুত্যাদি ধনং মে হরিষ্যতীতি ভাবঃ ব্যগ্রীকরোতীতি শরতেজন্ ধনুর্ধ্বনদর্শনে-নৈব তাবদহং ব্যগ্রো বিকলচিত্তোঽভূবং ন জানে শরৈর্বিদ্ধঃ কীদৃশো ভবিষ্যামীতি ভাবঃ। মামপি শূরাণাং শিরোমণিমপীতি ভাবঃ তেন চ শ্রীরাধাবিষয়া রতিঃ সূচিতা ॥

তস্যা রতেঃ প্রাদুর্ভাবে লোকরীত্যা কারণান্যাহ অভিযোগাদিতি। সিদ্ধান্তরীত্যা তু পোক্তা অগ্রাভিযোগাদ্যা ইত্যগ্রে সমাধাস্যতে সা রতিঃ।

যথাবা দানকেলিকৌমুদীতে

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে জিজ্ঞাসা করিলেন, সখে! যিনি গোবর্দ্ধন-শৈলোপরি আরোহণ পূর্ব্বক আপনার কর্ণাগ্রে স্ফূর্ত্তিশীল মণিশিলার উপরে কটাক্ষবাণ সকল শাণিত-ভ্রূধনু কম্পনে চৌর্য্য প্রকাশ করি-তেছেন উনি কে? উহাঁর ঐ প্রকার সম্ভ্রম যে আমাকে ব্যতিব্যস্ত করিল।

রতি আবির্ভাবের কারণ যথা—

অভিযোগ, বিষয়, সম্বন্ধ, অভিমান, তদীয় বিশেষ, উপমা ও স্বভাব

তত্রাভিযোগঃ

অভিযোগে ভবেদ্ভাবব্যক্তিঃ স্বেন পরেণ চ।

তত্র স্বেনাভিযোগাদ্যথা—

মদধববিলুঠদ্বিলোচনান্তং
মৃদুললতা নবপল্লবং দধন্তং।
সখি হরিমবলোক্য ভানুজায়া-
স্তটবিপিনে স্ফুটদন্তরাস্মি জাতা।

---

* আনন্দচন্দ্রিক টীকা

অভিযোগো ভাবস্য ব্যক্তির্ব্যঞ্জনং স চ স্বেন পরেণ অমিতার্থদি দূতীজনেন অত্র নায়কস্য স্বাভিযোগে নায়িকায়া রতিপ্রাদুর্ভাবে কারণং তথা নায়িকায়াঃ স নায়কস্য তদিতি জ্ঞেয়ং

বৃত্তান্তং পৃচ্ছন্তীং বিশাখাং প্রতি শ্রীরাধাহ মদধবেতি। বিলুঠদিত্যনেন ন কেবলং তয়োশ্চনান্তস্য মদধবে স্পর্শ এব কিন্তু মদধবসীধুনা তথা তল্লোচনান্তো মত্তোঽভূদ্যথা বিবর্ত্তনোদ্বর্ত্তনাদিনা পতিত্বৈব স্থিতো নাস্মাদুত্থাতুমশকদিতি ধ্বনিতং এবঞ্চ স্বলোচনান্তং কৃতার্থীকৃত্য স্বদর্শনবসনাভ্যামিমমাস্বাদয়িতুমপ্যাপ্য মদধবোপং পল্লবং দধন্তং বিলোক্য স্ফুটদন্তরাস্মীতি রতিপ্রাদুর্ভাবো দর্শিতঃ অত্র তং প্রতিদমোদ্রেকেণ তৎকালোদিতকন্দর্পজ্বালগা চেতি ধ্বনিদ্বয়ং তত্রাদ্যং সখীং প্রতি জ্ঞাপয়িতুমিষ্টং দ্বিতীয়ং তু রহস্যং। তেন চ স্বাধরং যাবত্তং ন দংশয়ামি তাবদহং স্ফুটদন্তৈরেব স্থাস্যামীত্যনুধ্বনিঃ তেন চ মাং শীঘ্রমভিসারয়েতি, প্রত্যনুধ্বনিঃ।

ইত্যাদি কারণ সকলে রতির আবির্ভাব হয়, উক্ত কারণ সকলের উত্তরোত্তর শ্রৈষ্ঠ্য॥

তন্মধ্যে অভিযোগ যথা—

আপনা দ্বারা অথবা পর দ্বার যে স্বীয় ভাবের প্রকাশ তাহার নাম অভিযোগ॥

তন্মধ্যে স্বাভিযোগ যথা—

বৃত্তান্ত জিজ্ঞাসাকারিণী বিশাখার প্রতি শ্রীরাধা কহিলেন, সখি! আজি আমি ভানুজার তটবিপিনে হরিকে অবলোকন করিয়াছিলাম,

যথাবা

ক্বুবলয়বিপিনান্যসৌ সৃজন্তী
দিশি দিশি লোচনচাপলাচ্চলাক্ষী।
হ্বতি-তরণিজাতটে পুরঃ
কা স্থবল বলান্মম চিত্তচঞ্চরীকং ॥ ১ ॥

পরেণাহ্ভিযোগাদ্যথা—

আনন্দচন্দ্রিকা টীকা।

নায়কস্বাভিযোগান্নায়িকায়ারত্যুদ্ভবমুদাহৃত্য নায়িকাস্বাভিযোগান্নায়কস্য রত্যুদ্ভবমুদাহর্ত্তুমাহ যথেতি শ্রীকৃষ্ণঃ স্থবলং পৃচ্ছতি কুবলয়েতি লোচনচাপলাদিতি চক্ষুষোঽভিযোগঃ ১, ২

তিনি আমাকে দেখিয়া স্বদীয় অধরের প্রতি লোচনাঞ্চল নিক্ষেপ পূর্ব্বক সব নবীনা লতার নবপল্লব দংশন করিতে লাগিলেন, হে সখি! তাহাতেই আমি স্ফুটিত হৃদয়া হইয়াছি।

উক্ত উদাহরণে স্বাভিযোগ এই যে, হে সখি। যাবৎ স্বীয় অধর শ্রীকৃষ্ণকে দংশন করাইতে না পারিব তাবৎ আমাকে স্ফুটিত হৃদয়েই থাকিতে হইবে অতএব আমাকে শীঘ্র অভিসার করাইয়া লইয়া চল॥

নায়কের প্রতি স্বাভিযোগ হেতু নায়িকার রত্যুদ্ভব উদাহরণ করিয়া নায়িকার প্রতি স্বাভিযোগ উদাহরণ নিমিত্ত কহিলেন, যথাবা।

শ্রীকৃষ্ণ স্থবলকে জিজ্ঞাসা করিলেন, সখে! দিকে দিকে অবলোকনহেতু যাঁহার লোচন চঞ্চল, যিনি রবিজাতটে কুবলয় বন সকল সৃজন করিয়া বলপূর্ব্বক আমার চিত্ত ভ্রমর হরণ করিতেছেন, ঐ চঞ্চলোচনা কে?।

উল্লিখিত উদাহরণে লোচনের চাঞ্চল্য হেতু চক্ষুর অভিযোগ॥ ১ ॥

পর কর্ত্তৃক অভিযোগ যথা—

ত্বদীয়গ পীয গতাবলম্ব সম্বাদমাধ্বীকমতীব সাধ্বী।
আঘূর্ণমানা ব্রজরাজসূনো নীবীং স্খলন্তীং ন বিদাঞ্চকাব।

অথ বিষয়াঃ।

শব্দস্পার্শাদয়ঃ পঞ্চ বিষয়াঃ কিল বিশ্রুতাঃ। ২।

তত্র শব্দাদয়ঃ।—বিদগ্ধম ধবে ॥

নাদঃ কদম্ববিটপান্তরতো বিসর্পন্
কো নাম কর্ণপদবীমবিশন্নজানে।

লোচনরোচনী টীকা।

অতীব সাধ্বী সমর্য্যাদাপি ত্বদীযং সম্বাদং মযা সহ ত্বদনুরাগময়ং সংকথনং তথৈব সাধ্বীকং মত্তো নিপীয় আস্বাদ্য গতাবলম্বা সর্ব্বত্রোদাসীনা সতী ঘূর্ণমানা ধৈর্য্যবিনাভূতা নীবীং স্খলন্তীমপি ন বিদাঞ্চকাব ১ ২

নাদোঽত্র বেণুনাদঃ প্রকরণাদ্ভাতে ৩ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

কাচিৎ পত্রহাবী দূতী শ্রীরাধানুরাগং শ্রীকৃষ্ণং প্রতি বক্তি নীবীং স্খলন্তীমিতি বক্ষ্যমাণত্বাৎ ॥ কথং বিবশাসীতি ললিতয়া পৃষ্টা শ্রীরাধা প্রাহ নাদো বেণুধ্বনিঃ কুলীনেত্যাদিনা।

কাচিৎ পত্রহারী দূতী শ্রীকৃষ্ণের অগ্রে শ্রীরাধার অনুরাগ প্রকাশ পূর্ব্বক কহিলেন, হে ব্রজরাজনন্দন! পরমা সাধ্বী শ্রীরাধা তোমার প্রতি এরূপ অনুরাগিণী যে তদীয় সম্বাদরূপ মধুপান করিয়া ঔদাসীন্য অবলম্বন করিলেন এবং এরূপ ঘূর্ণিতা হইয়াছিলেন, যে স্বীয় নীবী স্খলিত হইয়া পড়িতেছিল, তাহাও কোন মতে জানিতে পারেন নাই ॥

অথ বিষয়

শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচটীকে বিষয় বলে ॥ ২ ॥

তন্মধ্যে শব্দ নিমিত্ত যথা—বিদগ্ধমাধবে।

কেন বিবশা হইতেছ, ললিতা জিজ্ঞাসা করায় শ্রীরাধা কহিলেন, সখি! কদম্ব বিটপের অন্তর হইতে কোন্ যে এক অপূর্ব্ব নাদ (শব্দ) বিসর্পিত (উদ্গত) হইয়া আমার কর্ণ পদবী প্রবেশ করিল, জানিতে পারি নাই, হা কষ্ট। ঐ নাদ আজি আমাকে কুলীনগৃহিণী-

হা হা কুলীনগৃহিণীগণগর্হণীয়াং
যেনাদ্য কামপি দশাং সখি লম্ভিতাস্মি। ৩।

যথাবা তত্রৈব॥

একুষ্য শ্রুতমেব লুম্পতি মতিং কৃষ্ণেতি নামাক্ষরং
সান্দ্রোন্মাদপরম্পরামুপনয়ত্যন্যস্য বংশীকলঃ।

লোচনরোচনী টীকা।

একস্যেতি অত্রাসং তত্রত্যপবন্ধঃ। রাধেয়ং প্রথমং কৃষ্ণনামমাত্রং শ্রুত্বা পরমমধুরত্বেনানুভূয় তন্নামনি রতিমুবাহ। ততশ্চ বংশীনাদং পরমমধুরত্বেনাস্বাদ্য তদ্বাদিনি রতিমুবাহ ততশ্চ কৃষ্ণাকারং চিত্রং নেত্রাভ্যাং তথা সকৃদেবাস্বাদ্য তদ্ভেদেন তস্মিন্ রতিমুবাহ। তত্র যদ্যপি ত্রীণ্যপি তানি স্বাশ্রয়ং শ্রীকৃষ্ণমেব স্ফোরয়িত্বা রতিমুদ্ভাসয়ামাসুঃ তৎস্ফূর্ত্ত্যসম্ভবে সা ন সম্ভবেৎ বক্ষ্যতে চান্তিক এব লোকোত্তরপদার্থানামিতি তথাপি তদেক স্ফূর্ত্তাবপি

আনন্দচন্দ্রিকা টীকা

স্বপাতিব্রত্য ধ্বংসো ব্যঞ্জিতঃ কামপি দশামিতি বৈণবিক পুরুষবিষয়রত্যুদ্ভবঃ ৩

ন কেবলং তৎকর্ত্তৃক এব শব্দঃ কারণং কিন্তু তৎসম্বন্ধ্যন্যকর্ত্তৃকোঽপীতি জ্ঞাপয়িতুমাহ যথাবেতি পৃচ্ছন্তীঃ সখীঃ প্রতি শ্রীরাধাহ একস্য পুরুষস্য শ্রীকৃষ্ণেতি নামাক্ষরমিতি কস্তেদং বৃন্দাবনমিতি মৎপৃষ্টয়া ললিতয়া কৃষ্ণস্তেতি যদুক্তং তদা কৃষ্ণস্তেতি নাম্নঃ অক্ষরং একমপি কিমুত তৎ সম্পূর্ণং নামশ্রুতমেব কর্ণবন্ধ্রে প্রবিষ্টমেব কিং পুনর্হৃদয়ে ধৃতং মে মতিং লুম্পতীতি তৎপুরুষবিষয়া রতির্মে জাতেতি ভাবঃ লুম্পতীতি বর্ত্তমাননির্দ্দেশেন তৎসংস্কারোঽধুনাপি তৎপ্রতিযোগিবস্ত্বন্তরাভিনিবেশেঽপি ন যাতীতি দ্যোতিতং তথান্যস্য পুরুষস্য বংশীকলঃ সান্দ্রোন্মাদপরম্পরামিতি বুদ্ধিলোপঃ পূর্ব্বত্রে নাম্না কৃতঃ যদবশিষ্টং মে মনস্তস্যাপি উন্মাদবাহুল্যমভূদিতি ভাবঃ বর্ত্তমানো নির্দ্দেশোঽত্রাপি পূর্ব্ববদ্ব্যাখ্যেয়ঃ এবঞ্চ তস্মিন্নপি

গণের গর্হণীয়া (নিন্দনীয়া) কোন এক অনির্ব্বচনীয় দশা প্রাপ্ত করাইল ৩।

কেবল তৎ কর্ত্তৃক (কৃষ্ণ কর্ত্তৃক) শব্দ মাত্র কারণ বটে এমত নয় কিন্তু তৎ সম্বন্ধি অন্য কর্ত্তৃকও বিষয়ের প্রতি কারণ হয় যথাবা।

জিজ্ঞাসাকারিণী সখী প্রতি শ্রীরাধা কহিলেন, প্রণয়িনি! এক পুরুষের কৃষ্ণ এই নামের একাক্ষরমাত্র শ্রবণ করাতে ঐ নামাক্ষর আমার বুদ্ধিকে বিলোপ করিতেছে, আর এক পুরুষের বংশীনাদ কর্ণপদবী গত হইয়া আমাকে নিবিড় উন্মাদ পরম্পরা প্রাপ্ত করাইতেছে।

এষ স্নিগ্ধঘনদ্যুতির্মনসি মে লগ্না সকৃদ্বীক্ষণাৎ
কষ্টং ধিক্ পুরুষত্রয়ে রতিরভূন্মান্যে স্মৃতিঃ শ্রেয়সী ৪।

স্পর্শাদয়ং যথা—

ব্রজং মুষ্টিগ্রাহ্যে তমসি নিগরত্যঙ্গমিহ মে
সখি স্পর্শং দৈবাদযদবধি পরং কঞ্চুচিদগাৎ।

লোচনরোচনী টীকা

তর্হি তয়ত্তো মননস্যৈকরূপ্যেঽপি পৃথক্ পৃথক্ অনুভবাদেকবস্তুত্বং ন প্রতীতমিত্যত এব জ্ঞেয়ং কচ্চিদেকজাতী ত্বং স্যাদিতি বিতর্কাৎ অত আহ পুরুষত্রয়ে রতিরভূদিতি প্রথমং ভাবং পরপুরুষে রতিরেবাযোগ্যা কিমুত তত্রয়ে তস্মাৎ মৃতিরেব শ্রেয়সীতি মৃতিং বিনা দুষ্পরিহরেয়ং রতির্মিক্কারিণ্যেবেতি ভাবঃ ৪।

সখ্য এব দূরাদাগতা যা নবনব্যাঃ স্বেন সহাগতাং সখীং প্রতি বচনং ব্রজমিতি। অস্তং

আনন্দচন্দ্রিকা টীকা

পুরুষে রতিরভূদিত্যভিব্যজ্য পুনরাহ এষ ইতি বিশাখাদর্শিতচিত্রপটমধ্যবর্ত্তীত্যর্থঃ অতএব তস্মিন্নপি রতিরভূদিতি বিগিতি কুলাঙ্গনায়া মম পরপুরুষে রতিরনুচিতা কিমুত তত্রিতয় ইতি অত্র নিত্যসিদ্ধা স্বাভাবিকী তস্য রতিরেব স্ববিষয়ং শ্রীকৃষ্ণং স্বয়ং পরিচিনোতি সা তু তমেকমপি শ্রীকৃষ্ণ ইতি বৈণবিক ইতি শ্যামলকিশোর ইতি পুরুষত্রয়ং ত্বত্ত খিদ্যতি স্মেতি সখীভ্যাং তত্ত্বং জ্ঞাত্বা সমাশ্বস্তা বভূবেতি তত্র তস্যা কথা ৪

স্ববৈগ্র্যকারণং পৃচ্ছন্তীং স্বসখীং কাচিদেণাক্ষী হস্তনং স্ববৃত্তমাহ ব্রজমিতি তমসি মুষ্ট্যাগ্রাহ্যে ইতি কবিনিবদ্ধবক্তৃ প্রৌঢ়োক্ত্যা অতিবীড়েত্যর্থঃ এজং এজনগরং নিগিরতি গ্রসতি সতীতি স্পর্শকর্ত্তুরজ্ঞানে হেতুঃ সূচিতঃ। মে মম রথ্যায়াং গচ্ছন্ত্যা ইত্যর্থাৎ অঙ্গং

অপূর্ব্ব চিত্রপটে অবলোকন হেতু এই স্নিগ্ধ ঘনদ্যুতি (মেঘকান্তি) পুরুষ আমার মনে লগ্ন হইয়া রহিয়াছেন, হা কষ্ট! যখন এক পুরুষের রতিতেই ব্যাকুলিত হইয়াছি, তখন পুরুষত্রয়ের রতি কি প্রকারে বহন করিব, এমত স্থলে মরণই শ্রেয়ঃ ৪।

স্পর্শহেতু অভিযোগ যথা—

স্বীয় ব্যগ্রতার কারণ জিজ্ঞাসাকারিণী আপনার সখীর প্রতি গত দিবসীয় বৃত্তান্ত বিজ্ঞাপন পূর্ব্বক কহিলেন, সখি! ব্রজপুর নিবিড়ান্ধকারে আচ্ছন্ন হওয়ায় আমি অভ্যন্তর মার্গ (ভিতরের পথ) দিয়া

গৃহীতা জাগর্য্যা তদবধি মদীয়াঙ্গজগণৈঃ
সশঙ্কৈর্ধা পশ্য ক্ষণমপি ন সাদ্যাপ্যুপরতা। ৫ ॥

রূপাদয়থ —হংসদূতে

কৃতাকৃষ্টিক্রীড়ং কিমপি তব রূপং সখি সখী
সকৃদ্দৃষ্ট্বা দূরাদহিত-হিতাবাধোজ্ঝিতমতিঃ।

লোচনরোচনী টীকা।

তাবদঙ্গবার্ত্তা। অঙ্গজগণৈরঙ্গাজ্জাতৈস্তনূরুহসমূহৈরপি জাগর্য্যা গৃহীতা জাগর্য্যা উদ্গমঃ। শ্লেষেণ নিদ্রাচ্ছেদঃ। অঙ্গজগণপদেন কামস্য গণাঃ শ্লিষ্যন্তে। সশঙ্কৈঃ অহো কোঽয়ং সুখস্পর্শ ইতি বিতর্কসহিতৈরিত্যর্থঃ। এবং মনো ধর্ম্মোঽপি চমৎকারবিশেষেণ হৃৎস্থা-রোপ্যতে। ৫।

কৃতাকৃষ্টিক্রীড়ং প্রেমানন্দস্বরূপং তব রূপং দৃষ্ট্বা অনুবিশন্তীত্যন্বয়ঃ। ততো হতাশেষ-

---

আনন্দচন্দ্রিকা টীকা।

গাত্রং কর্ত্তৃ অঙ্গজগণৈরঙ্গাজ্জাতৈর্লোমভিরিত্যর্থ জাগর্য্য গৃহীতেতি নিরন্তরমেব রোমাঞ্চো মে জায়তে ইতি ভাবঃ। সশঙ্কৈরিতি তত্র মে শঙ্কৈব কারণমিত্যবহিত্থা। অত্র মনোধর্ম্মঃ শঙ্কা অঙ্গজেষ্বারোপিতা শঙ্কাধিক্যজ্ঞাপনার্থং। ৫।

মথুরাস্থং শ্রীকৃষ্ণং ললিতা হংসদ্বারা শ্রীরাধাবিরহদশাং সন্দিশতি কৃতাকৃষ্টিরাকর্ষণং যৈব ক্রীড়া যস্যেতি তব রূপস্যৈব দোষো মম সখী কিং করিষ্যতীতি ভাবঃ অহিত-হিংস্যেতি অত্যার্জবাদিতি ভাবঃ ইত্যাদিমমিতি অস্যা অদৃষ্টমেবৈতাদৃশং তব কো দোষ

যাইতেছিলাম, দৈবাৎ কোন পুরুষের অঙ্গমাত্র আমার অঙ্গে সংস্পর্শ হইল, হে বয়স্যে! যদবধি সেই অঙ্গ স্পর্শ হইল, তাবৎ এই মদীয়াঙ্গ শঙ্কিত অঙ্গজ (লোম) সকলের সহিত জাগর্য্যা (উদ্গম) গ্রহণ করিল, হে সখি! নেত্রপাত করিয়া দেখ, অদ্যাপি তাহা ক্ষণকালের নিমিত্তও উপরত হইল না ॥ ৫ ॥

রূপাহেতু অভিযোগ যথা—হংসদূতে।

ললিতা মথুরাস্থ শ্রীকৃষ্ণের নিকট হংস দ্বারা শ্রীরাধার বিরহ দশা নিবেদন পূর্ব্বক কহিলেন, হে সুরহর! আকর্ষণই যাহার ক্রীড়া এমত

২৩ ক্ষেয়ং প্রেমানলমনুবিশন্তী সরভসং
পতঙ্গীবাত্মানং মুরহর মুহুর্দাহিতবতী ॥ ৬ ॥

রসাদ্যথা—

পুলকয়তি যদঙ্গং সেবতে গাত্রভঙ্গং
বহতি হৃদি তরঙ্গং সদ্য এবাদ্য মুগ্ধ ।

লোচনরোচনী টীকা

মিত্যেব কিং বক্তব্যং আত্মানঞ্চ দাহিতবতী। মুহুরিতি তজ্জ্বালদেশাদপগত্যাপগত্যেত্যর্থঃ ॥৬

কাপি সখী সখ্যা মুখে সদ্যস্তনং তাম্বুলচিহ্নং দৃষ্ট্বা কাঞ্চিদেকাকিতয়া তন্নিকটস্থাং দত্ত

আনন্দচন্দ্রিকা টীকা।

ইতি ভাবঃ সরভসং সানন্দং মুহুরিতি পতঙ্গী পক্ষে দ্বিত্রিবারমনল নিঃসৃত্যাপি পুনরননং প্রবিষ্টা শ্রীরাধা পক্ষে ব্রজস্থে ত্বয়ি তদানীং মনসময়ে কতিবারমেব প্রেমত্যাগং সঙ্কল্প্যাপি পুনঃ প্রেমাণমেবাবিশদিত্যর্থঃ। ৬ ॥

কাচিৎ সখী স্বযূথেশ্বর্য্যাঃ শ্রীকৃষ্ণে রতিমাপ্সা তৎসুখসাধনঞ্চ তদীয়তাম্বূলচর্ব্বিতমনুভূয় তদেব বীটিকামধ্যগতং কৃত্বা তাংলক্ষিতং ভোজয়ামাস ততশ্চ তাং সদ্য এবোৎপন্ন-

---

প্রেমানন্দস্বরূপা স্বদীয় রূপ আমার প্রিয়সখী দূর হইতে একবারমাত্র অবলোকন করিয়া হিত হিত বোধ ত্যাগ করিয়াছেন এবং পতঙ্গী (শলভ রমণী) যেমন অগ্নির অভিরামরূপ সন্দর্শন করিয়া তন্মধ্যে দুই তিনবার প্রবেশ ও দুই তিনবার নির্গমন পূর্ব্বক পুনর্ব্বার তাহাতে প্রবেশ করিয়া স্বীয় শরীর দগ্ধ করে, তাহার ন্যায় শ্রীরাধা কতবার তোমার প্রেমানল পরিত্যাগ করিতে সংকল্প করিয়াও পুনশ্চ সেই প্রেমাগ্নিতে প্রবেশ করিতেছেন, তাহাতেই তাঁহার অঙ্গ সমুদায় বারম্বার দগ্ধ হইতেছে ৬।

রসহেতু যথা—

কাচিৎ সখী স্বীয় যুথেশ্বরীর শ্রীকৃষ্ণের প্রতি রতি কামনা করিয়া তদ্বিষয়ের সুখসাধ্য তদীয় চর্ব্বিত তাম্বূল অনুভব করিলেন, অতএব ঐ চর্ব্বিত তাম্বূল বীটিকা মধ্যগত করিয়া অলক্ষিতে তাঁহাকে ভোজন

তদঘদমনবক্ত্রোদ্গীর্ণতাম্বূলমল্পং
স্ফুটমবিদিতমাস্যে ন্যস্তমস্যাস্ত্বয়ালি। ৭॥

গন্ধাদ্যথা—

বিভ্র জন্তে ক্ব সখি সুখিনঃ শাখিনো মোহনাস্তে
যেষাং পুষ্পৈরিয়মনুপমা বৈজয়ন্তী কৃতাস্তি।

লোচনরোচনী টীকা।

তাম্বূলং বিতর্ক্য তাঞ্চাঘদমনানুগতাং জ্ঞাত্বা তদুদ্গীর্ণতাম্বূলস্য তাদৃশং প্রভাবং পূর্ব্বমনুভূয় সখ্যাশ্চ সদ্যস্তনং বিকারং দৃষ্ট্বা তাম্বূলদাত্রীং প্রত্যাহ পুলকয়তীতি পুলকবৎ করোতীত্যর্থঃ। বিম্নতোলুক্ চেতি শাব্দিকাঃ। ৭

আনন্দচন্দ্রিকা টীকা

বিকারাং বিনশ্যাং জাতরতিং বিতর্ক্য কাচিদন্যা সখী তাম্বূলদাত্রীং প্রত্যাহ পুলকয়তি অঙ্গং পুলকবৎ করোতি বিম্নতোলুকিতি মতুপোলুক্ হৃদি তরঙ্গং সদ্য এবানুরাগসমুদ্রস্য লহরীং তত্তস্মাদন্যা আস্যে ন্যস্তং ৭॥

স্বসখ্যা দর্শিতামজ্ঞাপিততত্ত্বাং শ্রীকৃষ্ণনির্ম্মাল্যমাল্যাং বৈজয়ন্তীমাঘ্রায় সংমুহ্য পুনঃ প্রবুদ্ধা চ সবিস্ময়মাহ বিভ্র জন্ত ইতি সুখিনো মোহনা ইতি যেষাং পুষ্পাণ্যপি সুখয়ন্তি সুখেনৈব মূর্চ্ছাং প্রাপয়ন্তি চ তে পুনর্বং বিধিত সুখয়ন্তো ভবন্তীত্যনুমিমে ইতি ভাবঃ

করাইলেন, অনন্তর অকস্মৎ ঐ যূথেশ্বরীকে উৎপন্নবিকার, বিবশা ও জাতরতি বিতর্ক করিয়া কোন অন্যা সখী তাম্বূলপ্রদ যিনী সখীকে কহিলেন, হে আলি! আজি অকস্মাৎ যখন তোমার এই মুগ্ধা সখীর অঙ্গে পুলকোদ্গম, গাত্রভঙ্গ (অলস) এবং হৃদয়মধ্যে অনুরাগসমুদ্রের তরঙ্গ উদ্গত হইতে দেখিতেছি, তখন নিশ্চয় বোধ হইল তুমি অঘদমনের কিঞ্চিৎ চর্ব্বিত তাম্বূল বীটিকা মধ্যে পূরিত করিয়া অলক্ষিতে ইহাঁর মুখমধ্যে অর্পণ করিয়াছ, নতুবা হঠাৎ এরূপ বিকারাপন্ন হইবেন কেন? ৭

কোন সখী আপনার সখীকর্ত্তৃক প্রদর্শিতা অপরিচিতা শ্রীকৃষ্ণের বৈজয়ন্তীমালা আঘ্রাণ করিয়া প্রথমতঃ মোহপ্রাপ্ত হয়েন, কিয়ৎক্ষণানন্তর পুনর্ব্বার চেতনা লাভ করত বিস্ময় প্রকাশ পূর্ব্বক কহিলেন,

পশ্যাকৃষ্টভ্রমরপটলা যাতযামাপি কামং
যা ভূয়োভির্মম পরিমলৈঃ স্তম্ভযত্যদ্য চেতঃ ৮ ॥
লোকোত্তরপদার্থানাং ৫ ভাবঃ কোঽপ্যনর্গলঃ
রক্তিং তদ্বিষযং চাসৌ ভাসযেত্তূর্ণমেকদা ৯ ॥

লোচনরোচনী টীকা

জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বযমিতি নানার্থবর্গঃ ॥ ৮ ॥

তত্র তত্রাসম্ভাবনার্থমাহ লোকেতি। লোকোত্তরপদার্থানাং মণিমন্ত্রমহৌষধাদীনামপি কিমুত শ্রীকৃষ্ণসম্বন্ধিনামিত্যর্থঃ ৯ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

যাতযামেতি জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বযমিত্যমরঃ ৮।

নন্বু রূপাত্তাবদালম্বনস্বরূপনিশ্চয়েন তদ্বিষয়কত্বুৎপত্তিযুক্তৈব অবিজ্ঞাততত্ত্বেভ্যঃ শব্দাদিভ্যস্তু বিষয়ালম্বনরূপাজ্ঞানাৎ কিমাকারা রতিরাবির্ভবেদিতিসংশযে সমাদধাতি লোকোত্তরপদার্থানাং মহাচমৎকারবতামপাকৃতবস্তূনাং শ্রীকৃষ্ণসম্বন্ধিনাং তদ্বিষযং তস্যা রত্তেরালম্বনং ভাসযেৎ প্রকাশযেৎ একদা সহৈব তত্রাপি তূর্ণমেব ৯

সখি। যাহাদের পুষ্পসমূহ দ্বারা এই অনুপম বৈজয়ন্তীমালা নির্ম্মিত হইয়াছে, সেই সকল মোহনরূপ সুখময় তরু কোথায় বিরাজ করিতেছে? কি আশ্চর্য্য! তুমি নেত্রে নিক্ষেপ করিয়া দেখ এই বৈজয়ন্তী যাতযাম (পরিভুক্ত) হইলেও ইহার গন্ধে মধুকর সকল আকৃষ্ট হইয়া আসিতেছে এবং স্বীয় পরিমল দ্বারা যথেষ্টরূপে পুনঃ পুনঃ আমার চিত্ত স্তম্ভিত করিতেছে ৮।

যদি বল রূপ হইতে আলম্বন স্বরূপের নিশ্চয়হেতু তদ্বিষয়ক রত্যুৎপত্তি উপযুক্ত কিন্তু যাহার তত্ত্ব পরিজ্ঞাত হয় নাই, এমত শব্দ রূপাদি হইতে বিষয়ালম্বন স্বরূপের অজ্ঞান প্রযুক্ত কিরূপা রতি আবির্ভূত হইবে, এই আশঙ্কার সমাধানপূর্ব্বক কহিলেন, যখন লোকোত্তর পদার্থের অর্থাৎ মণি মন্ত্র মহৌষধাদির প্রভাব অনর্গল (প্রতিবন্ধরহিত) তখন শ্রীকৃষ্ণ সম্বন্ধি শব্দাদির কথা কি, সে সকল এক কালীন রতি ও রতিবিষয়ক আলম্বন শীঘ্র প্রকটিত করিয়া দেয় ৯।

অথ সম্বন্ধঃ

সম্বন্ধঃ কুলরূপাদিসামগ্রীগৌরবং ভবেৎ। ১০

ততো যথা—

বীর্য্যং কন্দুকিতাদ্রি রূপমখিলক্ষ্মা মণ্ডলীমণ্ডনং
জন্মাভীরপুরন্দরস্য ভবনে পারে পরার্দ্ধং গুণাঃ

লোচনরোচনী টীকা।

সম্বন্ধশব্দেনাত্র সম্বন্ধহেতুর্লক্ষ্যতে　গৌরবমাধিক্যং　১০

বীর্য্যমিতি কস্যাশ্চিদ্ব্রজকুমার্য্যা বচনং　১১

আনন্দচন্দ্রিকা টীকা

কুলরূপশৌর্য্যসৌশীল্যাদীনাং সামগ্রী সমগ্রত্বং তস্যা গৌরবং কুলাদীনাং সম্পূর্ণত্বাধিক্য-মিত্যর্থঃ　১০।

কুলাঙ্গনায়াস্তব পরপুরুষে রতির্নোচিতেতি তৎপ্রেমপরীক্ষার্থং বদন্তীং সখীং প্রতি কাচিদাহ বীর্য্যমিতি　হে দুর্মুখীতি যদেব মুখে আয়াতি তদেব ত্বং ব্রূষে বুদ্ধিস্তব নাস্ত্যেবেতি ভাবঃ　বৃত্তিশ্চবিত্রং　কন্দুকিতঃ কন্দুকসদৃশঃ কৃতোঽদ্রির্যস্মাত্তদ্বীর্য্যং পরাক্রমঃ

অথ সম্বন্ধ

কুল, রূপ, শৌর্য্য ও সৌশীল্য প্রভৃতি সামগ্রীর অর্থাৎ সমগ্রত্বের গৌরবকে (আধিক্যকে) সম্বন্ধ বলে ॥ ১০

কুলাদির গৌরবহেতু যথা।—

তুমি কুলাঙ্গনা, পরপুরুষে রতি বহন করা উচিত হয় না, তদীয় প্রেম পরীক্ষাকারিণী সখী উক্তি করিলে কোন ব্রজসুন্দরী কহিবে না, অরে দুর্মুখি! যাহা মুখে আইসে তাহাই বলিস্, তোর কিছুমাত্র বোধ নাই, দেখ দেখি যাঁহার বীর্য্যে (বলে) পর্ব্বত কন্দুক সদৃশ হইয়াছে, যাঁহার রূপ নিখিল অবনীমণ্ডলের ভূষণস্বরূপ, যিনি আভীর-পুরন্দর নন্দভবনে জন্ম গ্রহণ করিয়াছেন, যাঁহার গুণ পরার্দ্ধের পর-পারে অবস্থিত এবং যাঁহার অনির্ব্বচনীয় লীলা জগৎকে বিস্মিত করি-তেছে, সেই বংশীধরের এই সকল লোকাতীত চরিত্র ক্ষণকালের জন্য কাহার ধৈর্য্য রক্ষা করিয়াছে? ।

লীলা কাপি জগৎচমৎকৃতিকরীত্যেতস্য লোকোত্তরা
বৃত্তির্বেণুধরস্য দুর্মুখি ধৃতিং কস্যাঃ ক্ষণং রক্ষতি ১১।

অথাভিমানঃ

সন্তু বন্যানি ভূরীণি প্রার্থ্যং স্যাদিদমেব মে
ইতি যো নির্ণয়ো ধীরৈরভিমানঃ স উচ্যতে ১২॥

লোচনরোচনী টীকা

অভিমানস্তু গাঢ়পাচীনমমতাভ্যাস এব স্বরূপং স চ সৌন্দর্য্যাদিকমনপেক্ষ্যৈব রতিমুৎপাদয়তি তমেব কার্য্যাভেদেনাহ সন্তু বন্যানীতি। ১২।

আনন্দচন্দ্রিকা টীকা

পর ক্ষিপ্তাপি পানে গুণা গণিতুমশক্যা ইত্যর্থঃ বেণুধরস্যেতি যদ্যপি পূর্ব্বোক্তেষু বীর্য্যরূপাদিষু মনঃ প্রণিধায় মুগ্ধেতি ... কথঞ্চিৎ ধৃতিঃ ... তথাপি বেণুরেব স্বরূপাদেব স্মারিতানি তস্য সাম্পুণ্যাদীনি মে রতিমুৎপাদয়ন্তীতি ভাবঃ ১১

সন্তু বন্যা ণীত্যভিমানোহয়ং মমত্বাস্পদে কোঽপ্যনন্যতাময়ঃ সঙ্কল্পবিশেষঃ সচ রূপাদিকমনপেক্ষ্যাপি রতিমুৎপাদয়তি যদ্যপি বক্ষ্যমাণে স্বভাবে দেব ভিদ্যতে তদপি বহির্হেতুসাপেক্ষত্ব নিরপেক্ষত্বাভ্যাং তয়োর্ভেদঃ করণীয়ঃ। দৃশ্যতে চ যথা সাধকভক্তানাং কস্যচিদ্ভগবত্যনন্যত্বং তদ্দর্শনশিক্ষাদিজনিতং কস্যচিৎ সাহজিকঞ্চ ভবতি তথেতি জ্ঞেয়ং ১২

উক্ত উদাহরণে বংশীধর শব্দের তাৎপর্য্য এই যে, হে সখি! যদি কথঞ্চিৎরূপে শ্রীকৃষ্ণের বীর্য্যরূপাদিতে মনঃ প্রণিধান না করিয়া ধৈর্য্য ধারণ করিয়া থাকি, তাহ হইলে বেণুধরের বেণুরব তৎসম্বন্ধরূপ গুণাদির স্মরণ করাইয়া পুনর্ব্বার তাঁহাতে রতি উৎপন্ন করিয়া দেয়॥ ১১।

অথ অভিমান।

ভূরি ভূরি রমণীয় বস্তু আছে থাকুক কিন্তু আমার এইটীই প্রার্থনীয়, এইরূপ নিশ্চয়করণকে পণ্ডিতগণ অভিমান বলেন

তাৎপর্য্য। মমতার আস্পদে যে কোন অনন্যতাময় সঙ্কল্প বিশেষ, তাহার নাম অভিমান এই অভিমান রূপাদিকে অপেক্ষা না করিয়া রতি উৎপাদন করিয়া দেয়। ১২॥

তত্রো যথা—

স্ফুরন্তু বহবঃ ক্ষিতৌ মধুরিমোর্ম্মিধৌরেয়কা
বিদগ্ধমণয়ো গুণাবলিপতিম্বরাভির্বৃতাঃ।
ন যস্য শিখিচন্দ্রকঃ শিরসি নৈব বেণুর্মুখে
ন ধাতুরচনা তনৌ সখি তৃণায় মন্যে ন তং ১৩

লোচনরোচনী টীকা

তথৈবোদাহরতি স্ফুরন্ত্বিতি তচ্চাভিগতং ব্যতিরেকেণোপলক্ষণদ্বারা দর্শয়তি ন যস্যেতি এতৈরুপলক্ষণৈঃ শ্রীমন্নন্দনন্দন এবোপলক্ষ্যতে নান্যঃ তৈরপ্যুপলক্ষ্যতে এব নতু বিশিষ্যতে ভোজনশয়নাদৌ তৈর্বিনাপি বস্ত্যবিচ্ছেদাৎ অন্যস্য তৎপরিচ্ছেদত্বেঽপি রতিবিষয়ত্বাযোগ্যত্বাৎ কিন্ত্বত্র সখি তৃণায় মন্যে ন তমিতি বৈশিষ্ট্যোক্ত্যা রতিজন্ম ব্যজ্যতে। তদিদঞ্চ বচনং স্বমনঃ প্রেয়সিকাং কাঞ্চিন্নিজসখীং প্রতীতি জ্ঞেয়ং ১৩

আনন্দচন্দ্রিকা টীকা

সখি বহুবল্লভং প্রেমশূন্যমতিরুক্ষচেষ্টং কামিনং শ্রীকৃষ্ণং পরিত্যজ্য কস্মিংশ্চিদন্যস্মিন্ মহাগুণবতি পুরুষে রতিঃ কার্য্যেতি প্রেমপরীক্ষমাণাং প্রবিহসন্তীং নান্দীমুখীং শ্রীরাধা প্রাহ স্ফুরন্ত্বিতি ধৌরেয়কাঃ মাধুর্য্যতরঙ্গভারং বহন্ত ইত্যর্থঃ বিদগ্ধমণয়ো বিদগ্ধশ্রেষ্ঠা গুণাবলয় এব পতিম্বরাঃ স্বয়মেব পতিং বৃণুত্যস্তাভির্বৃতা ইতি মহতোঽপি গুণান্ যে নাপেক্ষন্তে কিন্তু গুণা এব সর্ব্বে স্বয়মত্যাগ্রহেণ যানাশ্রয়ন্তে ইত্যর্থঃ এবম্ভূতাশ্চ বৈকুণ্ঠাথ রঘুনাথাদয়ো যে তেষাং মধ্যে কস্মিংশ্চিদপি মে রুচির্নোৎপদ্যতে ইতি ভাবঃ রুচেঃ পুনঃ কা বার্ত্তা মন্যানোঽতস্তৃণায়িত্যাহ ন যস্যেতি দি ১৩ ১৪

যথা—

সখি! বহুবল্লভ, প্রেমশূন্য, অতিরুক্ষচেষ্ট, কামি, শ্রীকৃষ্ণকে পরিত্যাগ করিয়া অন্য কোন মহাগুণশালি পুরুষে রতি বিধান করা কর্ত্তব্য, এই বলিয়া প্রেমপরীক্ষার্থ নান্দীমুখী পরিহাস করিলে শ্রীরাধা কহিলেন, দেবি! এই মহীমণ্ডলে মাধুর্য্যতরঙ্গ ভারবহনকারি বিদগ্ধচূড়ামণি বহু বহু পুরুষ স্ফূর্ত্তি পাইতেছে, গুণশালিনী পতিম্বরা নারীরা তাহাদিগকে বরণ করে করুক কিন্তু যাহার মস্তকে শিখিচন্দ্রক (ময়ূর পুচ্ছ) বদনে মুরলী ও তনুতে ধাতুরচনা অর্থাৎ গৈরিকাদির তিলক নাই, হে সখি! আমি তাহাকে তৃণতুল্যও গণ্য করি না ১৩।

অথ তদীয়বিশেষাঃ

তদীয়ানাং বিশেষাঃ স্যুঃ পদগোষ্ঠপ্রিয়াদয়ঃ ॥

তত্র পদানি

পদাঙ্কযুক্ত পদ ক্ষাঃ স্যুঃ ১৪

তত্রো যথা—

স্ফুরতি সখি রথাঙ্গাম্ভোজদম্ভোলিভাজাং
তটভুবি বিশদেয়ং কস্য পঙ্‌ক্তিঃ পদানাং।
হৃদয়মযং ঘূর্ণাঘাতমুদ্ঘাটয়ন্তী
মম তনুলতিকায়াং কুট্মলং যা তনোতি।

লোচনরোচনী টীকা।

তদীয়ানাং বিশেষা ইতি পূর্ব্ববদেষামপি পক্ষাবিশেষে মন্তব্যঃ। ১৪

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধা বিশাখাং প্রত্যাহ। অযুগা কৃপাবহিতা যা ঘূর্ণা অতিকষ্টদাত্রীত্যর্থঃ তয়া আঘ্রাতমানিষ্টং হৃদয়মুদ্ঘাটয়ন্তী আবিষ্কৃত্য লোকানপি দর্শযন্তীত্যর্থঃ তথাভূতাপি কুট্মলং হর্ষোথং পুলকং বিস্তারযতীত্যতো মহদাশ্চর্য্যমিদং ত্বামহং পৃচ্ছামীতি স্বরস্যুৎপ্তিং সখীং জ্ঞাপয়ামাস

অথ তদীয়বিশেষ।

পদ, গোষ্ঠ এবং প্রিয়া প্রভৃতিকে তদীয় সকলের অর্থাৎ কৃষ্ণসম্বন্ধি বিষয়সমূহের বিশেষ বলা যায়॥

তন্মধ্যে পদ যথা—

এ স্থলে পদ শব্দে পদাঙ্ক কথিত হয়। ১৪॥

পদাঙ্ক যথা—

কাচিৎ গোপকুমারী দূরদেশ হইতে পরিণীতা হইয়া প্রথম ব্রজপুর আগমনার্থ বৃন্দাবনে প্রবেশ লাভ করত আশ্চর্য্যের ন্যায় কহিল, সখি! কালিন্দীতট ভূমিতে এ কোন্ পুরুষের চক্র, পদ্ম ও বজ্রচিহ্নশালি চরণ সকলের নির্ম্মল পঙ্‌ক্তি? এ যে দর্শনমাত্রে আমার হৃদয়কে পীড়াপ্রদ ব্যাকুলতায় অভিনিবিষ্টরূপে উদ্ঘাটন এবং তনুলতিকায় রোমোদ্গম বিস্তার করিতে লাগিল।

অথ গোষ্ঠং

গোষ্ঠং বৃন্দাবনাশ্রিতং

তত্রো যথা—

মদয়তি হৃদয়ং সখি ব্রজোঽয়ং

মধুরিমভিঃ ক্বচিদপ্যদৃষ্টপূর্ব্বৈঃ।

লোচনরোচনী টীকা।

স্ফুরতীতি কস্যাশ্চিদ্দূরতো নবপরিণীতায়াঃ প্রথমমেব ব্রজেঽস্মিন্নাগতং লব্ধবৃন্দাবন-প্রবেশায়াঃ সাশ্চর্য্যং বচনং তত্রাপি সাশ্চর্য্যং হৃদয়মিতি অন্যথা কৃপারহিতা পীড়াকর্ত্রীতি যাবৎ। তাদৃশী যা ঘূর্ণা ব্যাকুলত্বং তয়া ঘ্রাতমাবিষ্টং হৃদয়মুদ্ঘাটয়ন্তী ব্যক্তী কুর্ব্বতী। গম

আনন্দচন্দ্রিকা টীকা

কেনচিদোপেন দেশান্তরাৎ পরিণীয় শ্রীমন্নন্দব্রজং স্বনিবাসস্থলমানীতা ব চিরবধূর্ব্রজ-ভূমিস্পর্শমাত্রেণৈব জাতভাবা স্বসখীং প্রত্যাহ মদয়তি হর্ষয়তি মত্তং করোতি তদৈবাদৃষ্টা

অথ গোষ্ঠ

বৃন্দাবনাশ্রিত স্থানের নাম গোষ্ঠ॥

যথা—

কোন গোপ দেশান্তর হইতে পরিণয় করিয়া নববধূকে স্বীয় নিবাসস্থল নন্দপুরে আনয়ন করিলে, ব্রজভূমি স্পর্শমাত্র সেই নববধূ জাতভাবা হইয়া স্বীয় সখীর প্রতি কহিল, সখি! অদৃষ্টপূর্ব্ব মাধুর্য্য-সমূহে এই ব্রজপুর আমার হৃদয় হর্ষিত করিতে লাগিল, অতএব তুমি নিশ্চয় জানিও, এই পুরে ত্রিভুবনভূষণ মধুরমূর্ত্তি কোন নাগরেন্দ্র বিহার করিতেছেন।

উল্লিখিত উদাহরণের তাৎপর্য্য পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে; কৃষ্ণসম্বন্ধীয় বস্তু রতি ও রতিবিষয়ক আলম্বন এই দুই অতিশীঘ্র এক-কালীন প্রকটিত করিয়া দেয়, এস্থলে শ্রীকৃষ্ণসম্বন্ধীয় ব্রজপুর নববধূর

ইহ বিহরতি কোঽপি নাগরেন্দ্র-
স্ত্রিভুবনমণ্ডনমূর্ত্তিরিত্যবেহি।

অথ প্রিয়জনঃ॥

যোঢ়ভাবানুবিদ্ধো যস্তস্য প্রিয়জনোঽত্র সঃ। ১৫॥

তত্রো যথা—

গুরুভিরপি নিষিদ্ধা তামহং যাবদক্ষ্ণোঃ
পদনয়মনন্তঃ শ্রেয়সাং সদ্ম রাধে।

লোচনরোচনী টীকা

শ্রুতচয়মপি তনুমতিকাগাং কুট্টনং তদ্রূপং রোমাঞ্চমাতনোতি নহি পীড়াজনকাল্পতিকাযাং কুট্টনং জায়ত ইতি ভাবঃ ১৫।

তত্রৈব দর্শয়তি মদয়তীতি পূর্ব্ববদেব কস্যাশ্চিন্নবাগতায়াঃ শ্বশুরগৃহং শ্রীবৃষভানু-গৃহানুগতমেব শ্রীব্রজরাজগৃহং ততিদূরং গোষ্ঠস্যাষ্টক্রোশীপরিমিতত্বাৎ ততস্তস্যা গুরুভিঃ শ্রীকৃষ্ণপ্রস্তাবস্তস্যাশ্চিত্তক্ষোভ ইত্যালক্ষ্যাগৌ ততো নিবারিতঃ। ততশ্চ পিতৃগেহমা-

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণং হৃদি স্ফুরিতমনুভূয় সর্ব্বাজ্ঞা সখীমবধাং গন্তাহং ইহেত্যাদি অত্র কারণং গোষ্ঠ-স্যৈব শক্তিবিশেষাৎ। যতো। রতিং প্রিয়ত্বাপি ভাগয়োর্ণমেবদেতি। ১৫।

হে মদীয়সূনো মহাকুলপ্রসূতাপি রাধা সংপ্রত্যুন্মত্তাতুলিতি তস্যাঃ সঙ্গং ত্বং মাকার্ষীরিতি শ্রীকৃষ্ণাদাশঙ্কমানাভিঃ শ্বশ্রূাদিভির্নিবারিতাপি কাচিৎ সকৃদেব তামবলোক্য জাতভাবা

হৃদয়ে এককালীন শ্রীকৃষ্ণবিষয়া রতি ও তাহার আলম্বনস্বরূপ শ্রীকৃষ্ণকে প্রকটন করিল॥

অথ প্রিয়জন

যে ব্যক্তি প্রবৃদ্ধভাবে অনুবিদ্ধ অর্থাৎ আবৃত্ত এস্থলে তাহাকেই তাঁহার প্রিয়জন বলে॥ ১৫।

হে মদীয় সূনো। (পুত্রবধূ।) শ্রীরাধা মহাকুল প্রসূতা হইয়াও সম্প্রতি উন্মত্তা হইয়াছেন, তুমি যেন তাঁহার সঙ্গ করিও না, ইত্যাদি বাক্যে শ্রীকৃষ্ণ হইতে আশঙ্কমানা শ্বশ্রূাদি কর্ত্তৃক নিবারিতা হইয়াও

তৃষিতমিব মনো মে প্রেক্ষতে তন্বি তাব-
দ্দিশি দিশি বিহরন্তীং শ্যামলাং শালভঞ্জীং।

অথোপমা।

যথ কথঞ্চিদপ্যস্য সাদৃশ্যমুপমোদিতা। ১৬।

তত্রো যথা—

নবাম্বুধরমাধুরী স্ফুরতি মূর্ত্তিরুর্ব্বীতলে
কুশে দরি দৃশোরিযাৎ প থি কিমীদৃশো বা যুবা।

লোচনরোচনী টীকা।

গতায়াং শ্রীরাধিকায়াং তস্যাস্তৎসঙ্গিনীনাঞ্চ জাড্যাদিময়ীমবস্থামাশঙ্ক্য তদ্দর্শনমপি নিবা-রিতং। তথ পি কথঞ্চিদ্দর্শনং প্রাপ্তযাস্তস্যা নিজসঙ্গাগতাং সখীং প্রতি বচনং গুরুভির-পীতি তত্রানন্তশ্রেযসামিতি তস্যাং স্বরুচিং ব্যজ্যাপি কিমাশ্চর্য্যমাহ তৃষিতমিতি শালভঞ্জী প্রতিমা ১৬

তত্র যথেতি সেহয়ং প্রাচীন-তদীয়সাধনাতিশয়ভাবিতা রতিস্তদুপমানং সোপানং

আনন্দচন্দ্রিকা টীকা

কাপি স্বসুহৃদং ;বৈবশ্যকারণং পৃচ্ছন্তীমাহ গুরুভিরিতি। তজ্জাতীয়প্রেমসুখমনুভূয়াং অনন্তেতি তস্যাপি স্বাভিক্তিং দ্যোতয়ামাস তৃষিতমিত্যনুরাগঞ্চ শ্রীকৃষ্ণে শালভঞ্জীং প্রতিমাং ১৬

অন্যদেশীয় গোষ্ঠাধ্যক্ষস্য কস্যচিদ্গোপস্য কুমারী সভায়াং নৃত্যন্তং কমপি [illegible] ভাব-

---

শ্বশুরগৃহে আগত, কোন নববধূ একবারমাত্র শ্রীরাধাকে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণে জাতভাবা হইল, তদ্দর্শনে কোন আপনার সুহৃজ্জন বৈবশ্যের (বিবশতার) কারণ জিজ্ঞাসা করায় কহিলেন, হে কৃশাঙ্গি! আমাকে গুরুজনের নিষেধ করিলেও আমি যদবধি নিখিল মঙ্গলের আস্পদ শ্রীরাধাকে নেত্রদ্বয়ের পদবীতে আনয়ন করিয়াছি, সেই হইতে আমার মন তৃষিতের ন্যায় হইয়া দিকে দিকে বিহারশালিনী শ্যামধাম শালভঞ্জী (প্রতিমা) দর্শন করিতেছে॥ ১৬।

অথ উপম

যে বস্তু কোন বস্তুর যথাকথঞ্চিৎ সাদৃশ্য ধারণ করিলে তাহাকে তাহার উপমা বলে॥

যথা—

অন্যদেশীয় গোষ্ঠাধ্যক্ষ কোন গোপের কুমারী সভামধ্যে কোন

পুরঃ সুমুখি গোপতেঃ সদসি সন্নিবিষ্টস্য মে
পিতুর্বিজনুতে নটো যমনুকৃত্য নৃত্যক্রমং ॥ ১৭ ॥

গদ্য।বা ॥

স্ফুরত্যেষ প্রেয়ানিব নবঘনস্তস্য সুভগে
শিখণ্ডীনাং শ্রেণীং তুলয়তি সুরেন্দ্রায়ুধমিদং।

লোচনরোচনী টীকা।

বিধায়োপমেয়ে এব চিত্তং প্রাপয়ন্তী বঞ্চয়ন্তীতি ভাবঃ ১৭

তাদৃশনায়কত্বা তাদৃশরঞ্জনাযোগ্যাপীপি তস্য তদনুকর্ত্তুঃ সোপানতামাত্রং কিমুত জড়-পদার্থতয়া তদযোগাত্তেত্যাহ স্ফুরত্যেষ ইতি ১৮

আনন্দচন্দ্রিকা টীকা

রঙ্গাদ্বীক্ষ্য স্বসখীং সবিস্ময়মাহ নয়ান্বনবেতি কিং শব্দঃ প্রশ্নে হে কৃশোদরি তব দৃশোঃ পথি ঈদৃশো যুবা কিং ইণাৎ প্রাপ্নুয়াৎ তেন ত্বং যদি তং পরিচিনোষি তদা তদ্দেশমেব ত্বং মামপি নয় যথা তমেব দৃষ্ট্বা জীবেয়মিতি স্বরত্যুদ্ভবো ব্যঞ্জিতঃ যমনুকৃত্য যদীয়স্বভাব-চেষ্টাদিকং অভিনয়েন প্রদর্শ্যেত্যর্থঃ ১৭

স্ফূর্জিমং সাদৃশ্যমুদাহর্ত্তুমাহ যথাবেতি। স্বকাময়িতং কস্যাশ্চিদ্ব্রজবালায়া স্বয়ং প্রেয়াংসং শ্রীকৃষ্ণং নিজ্ঞাপয়ন্তী বৃন্দা প্রাহ স্ফুরদিতি সা এবং ত্বয়ি নিশ্চিত-

নটরূপে জনৈরঙ্গ (গবাক্ষ) হইতে অবলোকন করিয়া বিস্ময় প্রকাশ পূর্ব্বক আপনার সখীকে জিজ্ঞাসা করিলেন, হে সুমুখি! আমার পিতা গোপরাজের সভায় এই নট যাহার অনুকরণ করিয়া নৃত্যক্রম বিস্তার করিতেছে, অবনীতলে ইহার সদৃশ নবাম্বুধরমাধুরীস্ফূর্ত্তিশালী কোন যুবা কি তোমার নেত্রপথবর্ত্তী প্রাপ্ত হইয়াছে?

উক্ত-উদাহরণে, হে সখি! তুমি যদি ঐ প্রকার পুরুষের পরিচয় পাইয়া থাক, তাহা হইলে সেই দেশে আমাকেও লইয়া চল, তাহাকে দেখিয়া জীবন ধারণ করিব, এতদ্দ্বারা স্বীয় রতোদ্ভব প্রকাশ পাইল ॥১৭

সাদৃশ্য উদাহরণার্থ কহিলেন, যথাবা।

বৃন্দা স্বয়ং কোন ব্রজবালার রতি উৎপাদন করিয়া তাহা বিজ্ঞাপন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে কহিলেন, হে ব্রজরাজতনয়! কোন ব্রজবালা গগনে নবঘন (নূতন মেঘ) অবলোকন করিয়া বলিতে লাগিল, ইহাকে যে

তসৌ বাসো লক্ষ্মীরিব বিহরতে বিদ্যুদিতি সা।
নিশম্যোদস্রাক্ষীত্তয়ি নিহিতবুদ্ধির্নিবসতি ॥ ১৮ ॥

অথ স্বভাবঃ।

বহির্হেত্বনপেক্ষীতু স্বভাবোঽর্থঃ প্রকীর্ত্তিতঃ।
নিসর্গশ্চ স্বরূপশ্চেত্যেষোঽপি ভবতি দ্বিধা ॥ ১৯ ॥

লোচনরোচনী টীকা।

বহির্হেত্বনপেক্ষীতি স্বতএব ক্রমাদাবির্ভূতীর্থঃ ১৯।

আনন্দচন্দ্রিকা টীকা।

বুদ্ধিরর্পিতচিত্তা নিবসতি। নন্বু তত্তদ্গুণক্ষণঃ স প্রেয়ান্ কীদৃশ ইত্যপেক্ষায়ামাহ এষ দৃশ্যমানো নবঘনঃ প্রেয়ানিব শ্রীকৃষ্ণ ইবেত্যাদি ১৮

অত্র রতেঃ কারণেষু ভক্তিযোগাদিষু মধ্যে অং স্বভাবস্যাপি কারণত্বমনয়োঽপৈ রোচতে রতের্নিহেতুত্বজ্ঞাপন থমেব নহি স্বাভাবিকী রতির্বিনাপি ভক্ত্যাদিকং রতের্হেতুজন্যত্বং প্রতীয়তে। কিঞ্চ প্রেষ্ঠতা অত্রাভিযোগাদ্যা ইতি বক্ষ্যমাণবাক্যেনাভিযোগাদিনাপি কারণত্বং নিরস্যতে ইতি সর্ব্বত্র অপি রতের্বস্তুতো নিহেতুত্বমেবেতি সিদ্ধান্তে ব্যঞ্জিতে শোকোক্তিরীত্যৈবতে হেতব উক্ত ইতি নন্বু বহির্হেতবঃ পরসম্বন্ধিনা উপমা তদীয়জনাদয়ঃ অন্তর্হেতবশ্চানুসঙ্গিক-তৎশ্রবণাদয়ঃ ত এব নিরপেক্ষীত্যুক্তে অন্তর্হেতুমপেক্ষাত ইতি ভক্তে সত্যমপ নিসর্গাপেক্ষংশে অন্তর্হেত্বভাবাৎ স্বরূপেঽপি ক্বচিৎ স্যাদেব ইত্যত আহ তদুদ্বোধ-

---

প্রিয়তমের ন্যায় স্ফূর্ত্তিশীলা দেখিতেছি পুনশ্চ ঐ মেঘের স্নিগ্ধ কান্তিতে ইন্দ্রধনু অবলোকন করিয়া ময়ূর সকলের চন্দ্রকশ্রেণী সহ তুলনা করিতেছে এবং বিদ্যুৎ সন্দর্শনে বলিতেছে, এ কি পীতবাস বিহার করিতে লাগিল। হে গোকুলেন্দ্র! এই বলিয়া সেই ব্রজবালা তোমাতে চিত্ত অভিনিবেশ পূর্ব্বক অবস্থিতি করিতেছে। ১৮।

অথ স্বভাব

যে বাহ্যহেতুকে অপেক্ষা করে না অর্থাৎ স্বতই আবির্ভূত হয়, তাহার নাম স্বভাব। ঐ স্বভাব নিসর্গ এবং স্বরূপ ভেদে দুই প্রকার ১৯

তত্র নিসর্গঃ।

নিসর্গঃ সুদৃঢ়াভ্যাসজন্যঃ সংস্কার উচ্যতে।
তদুদ্বোধস্য হেতুঃ স্যাদপ্যুণশ্রবণাদিতিঃ মনাক্ ॥ ২০ ॥

তত্রো যথা—

স তর্জতু বতাগ্রজস্ত্যজতু মাং সুহৃন্মণ্ডলঃ
পিতা কিল বিলজ্জতাং ঘনদৃগম্বুবস্বাস্তু মে।

লোচনরোচনী টীকা

নিসর্গ ইতি সাধারণ তল্লক্ষণং অত্র তু মধুর-রতিসম্বন্ধে জ্ঞেয়ঃ। তথাচ সতি বহুভি-র্জন্মভিঃ সুচিরসিদ্ধস্য সুদৃঢ়ো যো মধুররত্যা আভাসঃ পুনঃ পুনরাধিক্যেনোদয়ঃ। তস্য জন্মান্তরবাল্যাদিনা চিরাধানেঽপি তজ্জন্যস্তদীয়ো যঃ সংস্কারঃ সুপ্ততয়া স্থিতঃ স নিসর্গ ইত্যর্থঃ যথা সুষুপ্তৌ শুভাশুভ তৎকর্ম্মং ইতি ভাবঃ। ততশ্চ তস্য সংস্কারকপেণ স্থিতস্য মধুরত্যাখ্যস্য ভাবস্যোদ্বোধে বর্দ্ধমানাবস্থত্বে শ্রীকৃষ্ণগুণরূপশ্রুতির্নিদ্ধেতুঃ স্যাত্তমনাগেব স্যাদনাবশ্যকতয়েব স্যাদিত্যেবার্থঃ বহির্হেত্বনপেক্ষীতি সামান্যলক্ষণস্যাব্যাপ্তেরিতি ভাবঃ ২০

অতঃ শ্রুতগুণশ্রিয়মিত্যুদ্দীপনমেব ন তূৎপাদকং। উৎপাদকস্তু তমেবেত্যুক্ত যদুপুঙ্গব-

---

আনন্দচন্দ্রিকা টীকা

স্যেতি তদীয়োদ্বোধস্য হেতুরপি তস্যাপি হেতুরিত্যর্থঃ সুদৃঢ়াভ্যাস জন্য ইতি। সুদৃঢ়াভ্যা-সোঽপি নিত্যসিদ্ধ এব জ্ঞেয়ঃ তজ্জন্যসংস্কারোঽপি প্রবাহপরম্পরয়ৈব তথা সচ লীলা-শক্তিবশাদৈব শ্রীকৃষ্ণরূপগুণশ্রবণমুপস্থাপয়তীতি নামমাত্রেণৈব হেতোর্হেতুতা ইত্যর্থঃ। অত এব মনাগিতি পদপ্রয়োগঃ ১৯ ২০

কুলকন্যায়াঃ পরমলজ্জাবত্যাস্তব বন্ধুজনানভিমতে পুরুষে স্বাশক্তিব্যঞ্জককামলেখ-

---

তন্মধ্যে নিসর্গ যথা—

সুদৃঢ় অভ্যাস জন্য যে সংস্কার তাহার নাম নিসর্গ। ঐ নিসর্গ শ্রীকৃষ্ণবিষয়ক গুণরূপ শ্রবণ উদ্বোধকের (উদ্দীপকের) হেতু হইলেও তাহা অতি অকিঞ্চিৎকর, জন্মান্তরীয় সংস্কার বশতঃ স্বয়ং প্রকাশ পাইয়া থাকে ॥ ২০

গুণশ্রবণ নিমিত্ত স্বভাব যথা—

তুমি কুলকন্যা পরম লজ্জাবতী, তোমার বন্ধুজনের অনভিমত পুরু-

